জ্ঞানেশ্বরী

[শ্রীমদ্‌ভগবদ্‌গীতা মূল ও মহারাষ্ট্রসন্তশিরোমণি জ্ঞানদেবকৃত
ভাষ্যের বঙ্গানুবাদ।]

অবতরণিকা :

মহারাষ্ট্র মুখ্যমন্ত্রী শ্রী ওয়াই, বি, চ্যবন।
বর্ত্তমান ভারতের প্রতিরক্ষা মন্ত্রী।

প্রাক্‌কথন :

মহামহোপাধ্যায় ডক্টর শ্রীগোপীনাথ কবিরাজ।
(বারানসী)

ভূমিকা :

ডক্টর শ্রীশশিভূষণ দাশগুপ্ত।
রামতনু লাহিড়ী অধ্যাপক, কলিকাতা বিশ্ববিদ্যালয়।

অভিমত :

মহামহোপাধ্যায় শ্রীকালীপদ তর্কাচার্য্য।

মন্তব্য, মুখবন্ধ ও অনুবাদ :

প্রভুপাদ শ্রীপ্রাণকিশোর গোস্বামী এম্‌, এ, বিদ্যাভূষণ,
সাহিত্যরত্ন।

প্রকাশনায়-পরিবেশনে

শ্রীবিনোদ কিশোর গোস্বামী সাহিত্যতীর্থ, পুরাণরত্ন।

৩ বৈষ্ণব সম্মিলনী লেন, পোঃ সাঁতরাগাছী (হাওড়া)।
ফোন ৬৭-৩৮১৪.

প্রচ্ছদপটে : শ্রীশ্যাম গুহ।

গ্রন্থনে : সেঞ্চুরী বাইণ্ডিং কোং
৪৫ বৈঠকখানা রোড্, কলিকাতা-৯

মুদ্রক : শ্রীমণীন্দ্রকুমার সরকার
ব্রাহ্মমিশন প্রেস
২১১ কর্ণওয়ালিস স্ট্রীট কলিকাতা-৬
জানুয়ারী, ১৩৬৩

প্রাপ্তিস্থান : **শ্রীগুরু কুঞ্জ**, ৩, বৈষ্ণব সম্মিলনী লেন, হাওড়া।
মহেশ লাইব্রেরী, ২/১ শ্যামাচরণ দে স্ট্রীট
(কলেজ স্কোয়ার) কলিকাতা-১২
সংস্কৃত পুস্তক ভাণ্ডার, ৩৮ কর্ণওয়ালিস স্ট্রীট

DNYANESHWARI

[*Shrimad Bhagavad Gita and the Bengali Translation of Dnyanadeva's Exposition in Marathi.*]

Introduction :

Shri Y. B. Chavan. (*Chief Minister. Maharashtra. The Defence Minister India at present*)

Prakkathan :

Mm. Dr. Gopinath Kaviraj, *Varanasi*.

Bhumika :

Dr. Sashi Bhushan Das Gupta, *Calcutta University*.

Abhimata :

Mm. Kalipada Tarkacharya.

Edited and Translated by

Prabhupad Prankishor Goswami

M.A. Vidyabhushan. Sahitya-ratna.

3, Vaishnab Sammilani Lane.
P. O. Santragachi.
Howrah.

সূচী

বিষয়	পৃষ্ঠাঙ্ক
অর্জ্জুন বিষাদ	১
সাংখ্য যোগ	৩২
কর্ম্মযোগ	৭৬
জ্ঞানকর্ম্ম সন্ন্যাস যোগ	১০৭
সন্ন্যাসযোগ	১৩৫
ধ্যান যোগ	১৫৬
জ্ঞানবিজ্ঞান যোগ	২১৩
তারক ব্রহ্ম যোগ	২৩৮
রাজবিদ্যা রাজগুহ্যযোগ	২৭৩
বিভূতি যোগ	৩৩১
বিশ্বরূপ দর্শনযোগ	৩৬৬
ভক্তিযোগ	৪৩৮
ক্ষেত্র ক্ষেত্রজ্ঞ বিভাগযোগ	৪৫৯
গুণত্রয় বিভাগযোগ	৫৩৯
পুরুষোত্তমযোগ	৫৬৯
দৈবাসুর সম্পদ বিভাগযোগ	৬১৩
শ্রদ্ধাত্রয় বিভাগযোগ	৬৪৯
মোক্ষ সন্ন্যাসযোগ	৬৮৩
গীতাপাঠক্রম, মঙ্গলাচরণ ও মাহাত্ম্য	৮১৬

শাস্ত্রসদাচারমূর্তি শ্রীমৎ সীতারামদাস
ওঁকারনাথ মহারাজের
করকমলেষু।

CHIEF MINISTER

Sachivalaya, Bombay
November 12, 1962

MAHARASHTRA

INTRODUCTION

Shri Y. B. Chavan

I am happy to write these few introductory words for this Bengali translation of Dnyaneshwari which is being published in its second edition. That it should have been necessary to put it into reprint is an unmistakable evidence of a certain amount of popular appeal the work found with the Bengali reading public. Dnyaneshwari has been recognised as a masterly and revealing exposition of Bhagavat Gita in Marathi and has been translated into many Indian languages and also some foreign languages. Its literary excellence and poetic charm have capitivated the hearts of many who would not hesitate to reckon it among the world classics. This great work has been looked upon with wonder being an achievement of the author at the tender age of 19 and is rightly regarded as a miracle of genius.

Times were significant when Dnyaneshwar wrote this unique commentary on Bhagavat Gita. A religious resurgence had been taking place in India and a liberalist movement upholding the right of the common man to religion and spiritual knowledge was afoot. The undying spirit of democracy, which is a common man's awareness to his individual rights, was making itself felt in the

realm of religion, if not in politics. For, in those days religion was a supreme fact in man's life ; it was more real and intimate than politics or economics. People wanted religion, but priests and pundits created barriers. They had kept spiritual knowledge shut behind the iron curtain of Sanskrit. These barriers had to be smashed. The saints and mystics who spearheaded the aforesaid movement did this job and did it well. They talked religion to common man and in his own parlance, and soon spiritual knowledge which was a preserve of the few became the property of all.

Dnyaneshwar was the first to start this process of democratization in Maharashtra. It was democratization not merely in language, but also in the spirit of teaching Dnyaneshwar discovered the true context of religion for the common people by lifting it up from the morass of sham rites and fruitless polemics. He took away blind superstition and gave people what was intelligent faith. He invested their vision with a purpose and a perspective. And he did this in a compelling spirit of compassion and fellow-feeling. He was himself a self-realized Yogi initiated in the famous Nath cult and a philosopher of the rank of the great Acharyas. But he abstained himself from preaching Yoga, nor did he found a separate school of philosophy. Yoga or Jnan, he knew, were out of reach for the common man. He was convinced that it was Bhakti or devotion to God alone which could deliver the goods. He therefore, preached Bhakti and joining with the non-descript humanity consolidated Bhagavat Sampradaya which came to be known as Varkari Pantha in Maharashtra. His work in this respect can very well be compared to that of Mahaprabhu Chaitanya in Bengal. Both of them preached that for deliverence there is no need to discard wordly life, but that even being in it one can be without it by real devotion to duty and God. Dnyaneshwar is indeed the originator of Bhakti cult in Maharashtra. In his teaching we find a happy blending of Advaita with Bhakti.

Why did Dnyaneshwar select Bhagavat Gita for his commentary ? Firstly because it was an epitome of all scriptural and Upanishadic knowledge ; and secondly and more truly, because it streamlined Bhakti as the easiest and safest path for self-realisation. Bhagavat Gita is perhaps the greatest effort at synthesis of different doctrines and modes of realisation. It is a source of wisdom great, simple and universal. It is a guidance for the simplest of men, as well as for the most advanced mystic. For the young and the old, for man and for woman, for the high-born and for the lowly, for the sage and the sinner, there is light, there is solace, there is a path of hope, of bliss.

The place of Dnyaneswari is unequalled in Marathi literature. It is at once the first and the best effort in literary writing in Marathi language. It has created loftiest poetry and the sublimest art the language ever knew, and a literature unique in its power and a dignity. Philosophy and poetry are herein blended in a complete unison. Any problem howsoever profound and recondite is here brought within the comprehension of ordinary reader and made fascinating by use of a perspicuous and lucid style. Great thoughts which would have otherwise eluded the common man are rendered familiar with the help of apt metaphors and comparisons and telling analogies and parallels. The lofty flights of imagination, the melody of word music and the cadence of rhythm and harmonies all combine here in a poetic beauty that is a joy for ever. It is no wonder that this great work has been a source of inspiration and an ideal for the later writers in Marathi through centuries down.

Dnyaneshwar is a house hold name in Maharashtra. His is an imprint that has remained indelible on the cultural life of Maharashtra. Something that is abiding in his immortal work, Dnyaneshwari, has, perceptibly, or imperceptibly, gone into the making of Marathi mind. The book has been woven into the life of all that is noblest and best in the history of Maharashtra. Devotion to

duty and God, faith in human destiny and the will to toil for it, a catholicity of temperament and rationality of outlook, love for the common man and for everything associated with him—these, I feel, are a bequeathment left to Maharashtra by Dnyaneshwar and the saints who had borne the torch after him. For the past six and half centuries, Dnyaneshwari has been the fountainhead from which flows the sap of life giving vitality to the inner self of Maharashtra. Reading of Dnyneshwari, apart from the benefit derived from it as a commentary on Bhagavat Gita, would in a way create a proper understanding of Maharashtra and its contribution to the cultural life of India.

The emotional bonds of Maharashtra with Bengal are abiding. It is borne out by past as well as recent history, It is said Mahaprabhu Gauranga had visited the shrine of Pandharpur, the great meeting place of the Vaishnavas and in the days not too old Gurudeo Tagore had stayed in Poona. Gurudeo has also translated Abhangas of the Marathi Saint Tukaram. The publication of the present work coming as it does in the hours of national integration would, I hope. strengthen the already existing ties between Maharashtra and Bengal. Let these two lands remind the country which waits to be redeemed that national integration is possible only through spiritual resuscitation, an awakening to the moral values—that is the message of Dnyaneshwari. I would close with the following immortal benediction of Dnyaneshwar"......... Let Universal friendship reign among all beings. Let the darkness of evil disappear. Let the Sun of true Religion rise in the world. Let all beings obtain what they desire ....May all beings be endowed with all happiness and have incessant devotion to the Primeval Being."

মন্তব্য

শ্রীমদ্ভগবদ্গীতা চিরন্তন সত্যের বাণী। এই বাণী নানা সুরে, ছন্দে ও ভঙ্গীতে জগতের সর্ব্ব জাতি ও ধর্ম্মের দ্বারে উপনীত। প্রাচীন ও আধুনিক অগণিত ব্যাখ্যাতা গীতার ব্যাখ্যা দ্বারা জগতের কল্যাণ সাধনার সহায়ক। প্রাচ্য ও প্রতীচ্যের প্রধান প্রধান সমস্ত ভাষাতেই ইহার অনুবাদ ও ব্যাখ্যা বর্ত্তমান। শুধু বঙ্গভাষায় প্রকাশিত সংস্করণই শতাধিক। এতগুলি ব্যাখ্যা ও অনুবাদ থাকিতে এই গ্রন্থের প্রকাশ কেন?

যখনই ধর্ম্মের গ্লানি ও অধর্ম্মের প্রাদুর্ভাব সাধুর নির্য্যাতন ও অসাধুর অভ্যুত্থান তখনই শ্রীভগবান্ জগতের মঙ্গলের নিমিত্ত তৎকালোচিত ভাব ও ভাষার মধ্য দিয়া গীতার নিত্য বাণী শ্রবণ করাইয়া থাকেন। গীতার বিবিধ ব্যাখ্যা এই মহাসত্যেরই পরিচয় প্রদান করে। অতি সুপ্রাচীন কাল হইতে সত্যানুসন্ধান-চতুর ব্যাখ্যাতৃগণের যত্নে গীতারত্নের কিছুমাত্র অমর্য্যাদা হয় নাই বরং এই মহামণি বহু হস্তান্তর হইয়া ক্রমশঃ আরও বিশেষ করিয়া উজ্জ্বল হইয়াছে। সত্যরত্নের এই রীতি। দেশ, কাল, পরিস্থিতির সহিত ঐক্য রাখিয়াই আচার্য্য শঙ্কর, রামানুজাচার্য্য, মধুসূদন, মধ্বাচার্য্য, বল্লভাচার্য্য, নিম্বার্কাচার্য্য, শ্রীধরস্বামী, আনন্দগিরি, বলদেববিদ্যাভূষণ, শ্রীপাদ বিশ্বনাথ প্রভৃতি প্রাচীন ও মধ্যযুগের আচার্য্যগণ গীতার ব্যাখ্যা করিয়াছেন। পরবর্ত্তীকালেও বিভিন্ন সম্প্রদায়, আশ্রম ও পণ্ডিত নানাভাবে গীতার অমৃত বিতরণ করিয়াছেন, কিন্তু ক্ষুধা মিটিয়াছে কি? যে হাহাকার দৈন্য ও অশান্তি, লাঞ্ছনা বিচ্ছেদ ও বিশৃঙ্খলা, অসংযত

জীবন, স্বেচ্ছাচার, অপরিতোষ ও প্রবৃত্তির উন্মত্ততা সমাজ, ধর্ম্ম, রাষ্ট্র ও নীতিকে কলঙ্কিত করিতেছে তাহার সমাধান কোথায়? প্রগতির নামে নির্ব্বাধ লাম্পট্য ও স্বদেশ-প্রেমের নামে সংক্রামক সন্ত্রাস প্রচারের প্রতীকার ইন্দ্রিয়-সংযম, আত্মবোধ ও বিশ্বপ্রীতি ভিন্ন সম্ভব হয় না।

জ্ঞানেশ্বরী সংযমের সিদ্ধমন্ত্র, আত্মবোধের রহস্যবিদ্যা এবং বিশ্বপ্রীতির গোপন স্পর্শ। জ্ঞানেশ্বরের আবির্ভাব কালে মারাঠী জাতির সমাজ, ধর্ম্ম ও রাষ্ট্রে একটা তুমুল বিসংবাদের সন্ধান পাওয়া যায়। সেই সন্ধিক্ষণে এই মহামূল্য গ্রন্থের প্রভাবে মহারাষ্ট্র জাতীয় জীবন মঙ্গলের সন্ধান পাইয়া ধন্য হইয়াছিল। আমাদের দৃঢ় বিশ্বাস বাঙ্গলাদেশে এই গ্রন্থ প্রচারের বিশেষ প্রয়োজন আছে বলিয়াই ইনি প্রকাশিত হইলেন।

মহারাষ্ট্র সাহিত্যে এই গ্রন্থ এক অপূর্ব্ব অবদান। ভাষার নৈপুণ্য, ভাবের গাম্ভীর্য্য, দিব্য অলঙ্কার বিন্যাস, দৃষ্টান্ত কুশলতা, বর্ণনা চাতুর্য্য, দার্শনিক অন্তর্দ্দৃষ্টি, মনস্তত্ত্ববিদের সূক্ষ্ম বিশ্লেষণ, বৈজ্ঞানিকের সত্যসন্ধান ও ভাবুক রসিকের রসাস্বাদন প্রাচুর্য্যে জ্ঞানেশ্বরীর তুলনা জ্ঞানেশ্বরীই। এই মহাগ্রন্থ কর্ম্মযোগীর স্বর্গদ্বার, রাজযোগীর সমাধিমন্দির, জ্ঞানীর তত্ত্বালোক-দর্শন ও রসিক ভক্তের ভাগবত-রসাস্বাদন। অনুবাদ করিতে যাইয়া ভাষার মাধুর্য্য ও কোমলতা সম্যক্ রক্ষা করিতে পারিয়াছি ইহা সাহস করিয়া বলিতে পারিনা, তবে মূলে ব্যবহৃত পদগুলির দ্বারাই তাৎপর্য্য প্রকাশ করিতে যথাসাধ্য চেষ্টা করিয়াছি। ইহাতে যে ভ্রম প্রমাদ লক্ষিত হইবে উহার জন্য দায়ী আমরাই। অনুসন্ধিৎসু পাঠক মূলের সহিত ইহাকে মিলাইয়া পাঠ করিতে পারেন। শ্রীমদ্ভগবদ্গীতা নানা মূর্ত্তি ধরিয়া গৃহে গৃহে বিরাজিত—কাজেই পৃথক্ অন্বয় ও বঙ্গানুবাদ সংযোজন করিয়া গ্রন্থের কলেবর বৃদ্ধি করিলাম না।

বিশেষ যত্ন সত্ত্বেও গ্রন্থে নানাপ্রকার ত্রুটি থাকা অসম্ভব নয়, সহৃদয় গীতা রসামোদী পাঠক পাঠিকা সেই ক্ষুদ্র ত্রুটির অনুসন্ধান না রাখিয়া জ্ঞানেশ্বরীর অতুলনীয় রস আস্বাদন করিলে আমাদের শ্রম সফল জ্ঞান করিব।

জ্ঞানদেবজী সম্বৎ ১৩৩২ সালে (১২৭৫ খৃষ্টাব্দ) দক্ষিণ দেশে পুণার 'আলন্দী নামক গ্রামে জন্মগ্রহণ করেন। ইঁহার পিতার নাম বিট্‌ঠলপন্ত ও মাতার নাম রুক্মাবাঈ। বিট্‌ঠলপন্ত ভগবদ্ভক্ত ও বৈরাগ্যবান্ পুরুষ ছিলেন। কোনও সময়ে সন্ন্যাস গ্রহণ করিতে ইচ্ছা করিয়া তিনি পত্নীর অনুমোদন প্রার্থনা করিলেন। তখনও ইঁহার কোনও সন্তান জন্মগ্রহণ করে নাই বলিয়া বুদ্ধিমতী রুক্মা স্বামীর অভিলাষে সম্মতি দিলেন না। বিট্‌ঠল যে কোন ছলে পত্নীর সম্মতি লইবার চেষ্টায় রহিলেন। একদা পত্নী বিষয়ান্তরে নিবিষ্টমনা হইয়া আছেন এমন সময় তিনি গঙ্গাস্নানে যাইবার অনুমতি চাহিলে আনমনাভাবে রুক্মা বলিলেন আপনার ইচ্ছা হইলে যাইবেন। পন্তমহাশয় এই কথাকেই সন্ন্যাসের অনুমতি বলিয়া অনতিবিলম্বে কাশী চলিয়া গেলেন। সেখানে রামানন্দের (কবীরের গুরু) নিকট দীক্ষাগ্রহণ করিয়া তিনি সন্ন্যাসাশ্রমে প্রবেশ করিলেন। স্বামিজীর প্রশ্নের উত্তরে পন্তজী পত্নীর অনুমতি লইয়া আসিয়াছেন এই কথাই বলিলেন।

কিছুদিন পর রামানন্দ স্বামী তীর্থ যাত্রায় বাহির হইয়া নানাস্থান ভ্রমণ করিতে করিতে আলন্দী গ্রামে আসিয়া এক অশ্বত্থ বৃক্ষের তলায় আসন করিয়া বসিলেন। দৈবাৎ রুক্মাবাঈ বৃক্ষের নীচে পূজা দিতে সেই স্থানে আসিলেন ও সাধুকে দর্শন করিয়া তাঁহাকে প্রণাম করিলেন। স্বামিজী পুত্রবতী হও, বলিয়া আশীর্ব্বাদ করিতেই রুক্মা হাসিয়া ফেলিলেন। হাস্যের কারণ জিজ্ঞাসা করিলে রুক্মা পতির গৃহত্যাগ ও

সন্ন্যাস গ্রহণের কথা স্বামিজীর সমীপে বলিলেন। কথাগুলি শুনিয়া স্বামিজী নিশ্চয় করিলেন তাঁহার নবীন শিষ্য বিট্ঠল পন্তই এই রমণীর পতি। রুক্মাকে সান্ত্বনা দিয়া গৃহে পাঠাইয়া তিনি শিষ্যের প্রতি একটু অসন্তোষ প্রকাশ করিলেন এবং কাশীতে আসিয়া শিষ্যকে পুনরায় গৃহাশ্রমে প্রবেশ করিতে আজ্ঞা করিলেন। গুরুর এই আজ্ঞা পন্তজীর নিকট খুব কঠোর এবং অসহ্য বোধ হইলেও 'আজ্ঞাই বলবান' মানিয়া লইয়া পন্তজী গৃহে ফিরিয়া আসিলেন।

গৃহাশ্রমে পুনরায় প্রবেশের পর একে একে পন্তজীর তিনটী পুত্র ও একটী কন্যা জন্মগ্রহণ করেন। ইহাদের নাম যথাক্রমে নিবৃত্তিনাথ, জ্ঞানদেব, সোপানদেব ও মুক্তাবাঈ। মহারাষ্ট্রদেশে এই চারিজনই সাধুগণের গণনায় প্রধান বলিয়া স্বীকৃত হইয়াছেন। নিবৃত্তিনাথের সাত বৎসর বয়স হইলে উপনয়নের আয়োজন করিয়া পন্তজী ব্রাহ্মণগণের আজ্ঞা লইতে গেলেন। তৎকালীন ব্রাহ্মণগণ যাহাদের পিতা সন্ন্যাস ভঙ্গ করিয়া পুনরায় গৃহস্থ হইয়াছে এরূপ কুমারগণের উপনয়ন সংস্কার করাইতে সম্মতি দিলেন না। তাহারা বলিলেন শাস্ত্রানুসারে ইহাদের উপনয়ন হইতে পারে না। পন্তজী প্রায়শ্চিত্ত করিতে স্বীকার করিলেন। তখন ব্রাহ্মণগণ প্রাণত্যাগই এই কার্য্যের প্রায়শ্চিত্ত এই আদেশ দিলেন। ব্রাহ্মণের বাক্য শিরোধার্য্য। বিট্ঠলপন্ত প্রয়াগে নশ্বর শরীর ত্যাগ করিলেন। রুক্মাবাঈ সতীর রীতি অনুসারে পতির পদানুসরণ করিলেন।

এসময় নিবৃত্তিনাথ প্রভৃতি অতি অল্প বয়স্ক ছিলেন। প্রয়াগ হইতে ফিরিবার পথে আত্মীয়গণ তাহাদের ধনসম্পত্তি সকলই ঠকাইয়া লইয়া গেল। তাহাদের ভিক্ষা ভিন্ন জীবন ধারণের উপায়ান্তর রহিল না। একদিন নিবৃত্তিনাথ পথ ভুল করিয়া ঘুরিতে ঘুরিতে অঞ্জনী নামক পাহাড়ের এক গুহায় আসিয়া গৈনীনাথ নামক এক মহাপুরুষের

পদপ্রান্তে শরণ গ্রহণ করিলেন। সাধু নিবৃত্তিনাথকে উত্তম অধিকারী বিবেচনা করিয়া তাহাকে 'রাম কৃষ্ণ হরি' এই মন্ত্রোপদেশ করিয়া বিদায় দিলেন এবং জগতে কৃষ্ণোপাসনা প্রচারের আজ্ঞা করিলেন। বাড়ী আসিয়া নিবৃত্তিনাথ সেই উপদেশ নিজের দুই ভ্রাতা ও ভগ্নীকে প্রদান করিয়া কৃতার্থ করিলেন। ইহারা সমাজের বাহিরেই ছিলেন। কিছুদিন পর ইহারা চারিজনে ব্রাহ্মণগণের নিকট স্বজাতি ও সমাজে গৃহীত হইবার জন্য আবেদন জানাইলেন। ব্রাহ্মণগণ তখন বলিলেন, "তোমরা পৈঠনে গিয়া সেখান হইতে শুদ্ধিপত্র লইয়া আসিলে সমাজে উঠিতে পার। সমাজপতিগণের আদেশে তাহারা পৈঠনে গিয়া এক ব্রাহ্মণগৃহে আশ্রয় লইলেন। সেখানে সভা আহ্বান করিয়া নানারূপ আলোচনার পর অধ্যক্ষ বলিলেন, "ইহাদের কোন প্রায়শ্চিত্ত বিধি দেখা যায় না। যদি ইঁহারা একান্তভাবে ভগবানে ভক্তিমান হয় এবং সর্বভূতে সমভাব রাখে তবে ইহাদিগকে জাতিতে তুলিয়া লওয়া যাইতে পারে।" এই সিদ্ধান্তে ভাই ভগ্নী চারিজনেই পরম সন্তোষ লাভ করিলেন। জ্ঞানদেব সেখানে কিছু আশ্চর্য্য প্রভাবও প্রদর্শন করিলেন, কিন্তু সভায় অন্য এক ব্রাহ্মণ ইহাতে কিছুমাত্র সন্তুষ্ট না হইয়া তীব্রভাবে ইহার প্রতিবাদ করিয়া বলিলেন "সন্ন্যাসীর পুত্রের প্রায়শ্চিত্ত হইতেই পারে না। যে ব্রাহ্মণ ইহাদিগকে গৃহে আশ্রয় দিয়াছে তাহাকে সমাজচ্যুত করা হউক এবং আগামী কল্য তাহার পিতৃশ্রাদ্ধে কোনও ব্রাহ্মণ তাহার গৃহে ভোজন করিতে যেন না যায়।"

কাজেও তাহাই হইল। কোন ব্রাহ্মণ শ্রাদ্ধবাড়ীতে আসিলেন না। আশ্রয়দাতা ব্রাহ্মণের এই বিপদ দেখিয়া শ্রাদ্ধকালে জ্ঞানেশ্বর সেই ব্রাহ্মণের পূর্ব্বপুরুষের শরীর ধারণ করিয়া উপস্থিত হইলেন এবং শ্রাদ্ধান্ন গ্রহণ করিলেন। এই আশ্চর্য্য ঘটনা দেখিয়া ব্রাহ্মণ জ্ঞানেশ্বরের

স্তবস্তুতি করিতে লাগিলেন। উত্তরে তিনি যে উপদেশ করিয়াছিলেন তাহার মর্ম্ম এই—"অনন্ত জন্মের পুণ্যফলে রসনায় রাম নাম উচ্চারিত হয়। যে কুলে রাম নাম কীর্ত্তিত হয় সেই কুল ধন্য হইয়া যায়। রাম নাম বলিতেই অনেক জন্মের দোষ নষ্ট হইয়া যায়।" রাম নামে কোটি কুলের উদ্ধার হইয়াছে। শ্রীরাম ও শ্রীকৃষ্ণের নাম স্মরণকারী ধন্য। অর্দ্ধমুহূর্ত্তের জন্যও রামনাম বিস্মৃত হওয়া অনুচিত। প্রথম কিছু তপস্যা করা থাকিলে তবেই রামনাম মুখে আসিবে। এই নাম অমৃত হইতেও মধুর, কল্পতরু হইতেও উদার। নামের প্রতাপে ভগবান্ প্রহ্লাদকে আপন ক্রোড়ে লইয়াছেন। ধ্রুব ও উপমন্যু ঐ নামই গান করিয়াছে। অজামিল নামের গুণে পবিত্র হইয়া গিয়াছে। লুব্ধক, দস্যু, বাল্মীকি মুনি হইয়া গিয়াছে। অতএব নামরূপ অশ্বারোহণ কর, ভজনরূপ তরবারি ধারণ কর, উহাদ্বারা কাম-ক্রোধের শিরচ্ছেদন করিয়া সর্ব্বপ্রাণীর প্রতি সমভাব রক্ষা কর এবং অবিবেকরূপ দুষ্ট নৃপতিকে বিনাশ করিয়া ক্ষমা ও দয়া নগরীর উদ্ধার কর।"

মারাঠী ভক্তগণের মধ্যে নামদেব, তুকারাম, একনাথ, ও বামন-পণ্ডিতের নাম সুবিখ্যাত। জ্ঞানদেব ইঁহাদের মধ্যমণি সদৃশ। কেহ কেহ ইঁহাকে শ্রীবিষ্ণুর অবতার বলিয়া থাকেন। কথিত আছে পঞ্চদশ বর্ষ বয়ঃক্রমে ইনি জ্ঞানেশ্বরী রচনা করেন। এতদ্ভিন্ন 'অমৃতানুভব' নামক দার্শনিক গ্রন্থও ইঁহার রচিত। 'ওবী' ছন্দে রচনায় ইনি অদ্বিতীয়। সুপ্রসিদ্ধ কবিগণের গণনায় মহারাষ্ট্রে ইঁহার উল্লেখ রহিয়াছে যথা :—

সুশ্লোক বামনাচা। অভঙ্গবাণী তুকযাচী॥
ওবী জ্ঞানেশাচী। কিংবা আর্য্যা ময়ূর পন্তাচী॥

কয়েকটী অলৌকিক ঘটনা জ্ঞানদেবের স্মৃতির সহিত জড়িত আছে, তন্মধ্যে প্রাচীরে চড়িয়া ব্যাঘ্রবাহন সাধু চাঙ্গদেবের সহিত সাক্ষাৎ

করিতে যাওয়ার ঘটনাটি খুবই প্রচলিত। জ্ঞানদেবের গুরুভক্তির পরিচয় তাঁহার রচিত গ্রন্থের প্রতি পদেই বিশেষ লক্ষ্য করিবার বিষয়। অহিংসা, সমদৃষ্টি ও নির্ম্মলপ্রেম তাঁহার জীবনকে উদ্ভাসিত করিয়া অনির্ব্বচনীয় মাধুর্য্য মণ্ডিত করিয়া রাখিয়াছে। তিনি একুশ বর্ষ বয়ঃক্রমে জীবিত সমাধিস্থ হন।

বঙ্গাব্দ—১৩৪১
ঢাকা

বিনীত
অনুবাদক

প্রাক্‌কথন

মহামহোপাধ্যায় ডক্টর শ্রীগোপীনাথ কবিরাজ
এম, এ, ডি, লিট (বারাণসী)

ভারতীয় আধ্যাত্মিক সাহিত্যের ইতিহাসে শ্রীমদ্‌ভগবদ্‌-গীতার স্থান অতি উচ্চ। ইহাতে একাধারে কর্ম্ম, জ্ঞান ও ভক্তির উপদেশ আছে; আবার পরমস্থিতি প্রাপ্ত হইবার পথে সোপান পরম্পরারূপ ক্রমপ্রদর্শনের ইঙ্গিতও আছে। তাই মনে হয়—"গীতা সুগীতা কর্ত্তব্যা কিমন্যৈঃ শাস্ত্রবিস্তরৈঃ"। শ্রীভগবানের মুখনিঃসৃত এই মহাবাণী হৃদয়ঙ্গম করিতে পারিলে সকল সংশয়ের নিবৃত্তি ঘটে এবং জানিবার যোগ্য আর কোন বিষয় অবশিষ্ট থাকে না। কিন্তু এই বাণীর তাৎপর্য্য গ্রহণ করা অতি কঠিন ব্যাপার, কারণ অধিকার ভেদে প্রত্যেকেই ইহার তাৎপর্য্য আপন ব্যক্তিগত সংস্কার অনুসারে গ্রহণ করিয়া থাকেন। সেইজন্য প্রতি সম্প্রদায়েরই নিজ সিদ্ধান্ত ও দৃষ্টিভঙ্গীর অনুরূপ গীতার ব্যাখ্যা প্রচলিত আছে। ইহা থাকাই স্বাভাবিক। এইজন্যই শুধু দ্বৈতাদ্বৈতাদি বিচারের দিক হইতে অথবা বিভিন্ন বৈষ্ণবাদি সিদ্ধান্তের দৃষ্টির দিক হইতেই নহে, অন্যান্য দিক হইতেও গীতা আলোচিত হইয়াছে এবং সে আলোচনারও (যদি পূর্ব্বাপর সঙ্গতি সংরক্ষিত হয়) সার্থকতা অস্বীকার করা যায় না।

বর্ত্তমান সময়ে যোগিবর লাহিড়ী মহাশয়ের গীতা ব্যাখ্যা, তৎশিষ্য প্রণবানন্দের ব্যাখ্যা, বিজয়কৃষ্ণ চট্টোপাধ্যায়ের যৌগিক ব্যাখ্যা, শশধর তর্ক চূড়ামণি ও শ্রীকৃষ্ণানন্দ স্বামীর ব্যাখ্যা, গীতানন্দজী'র স্বয়ংপ্রকাশ ভাষ্য, তিলক মহারাজের গীতা ব্যাখ্যা, শ্রীঅরবিন্দের গীতালোচনা,

থিয়সফিস্ট সম্প্রদায়ের গীতা নিবন্ধ এবং আরও বহু গ্রন্থ দেখিতে পাওয়া যায়। এই সকল ব্যাখ্যার দ্বারা বঙ্গ সাহিত্যের ভাণ্ডার যথা-সম্ভব পুষ্ট হইয়াছে। কিন্তু মহারাষ্ট্র দেশে যে মহাপুরুষ গীতা ব্যাখ্যা দ্বারা জগতের বিপুল কল্যাণ সাধন করিয়া গিয়াছেন, তাঁহার সন্ধান বঙ্গভাষার পাঠক সম্যক অবগত নহেন। কারণ এই ব্যাখ্যা অপ্রচলিত মহারাষ্ট্র ভাষায় লিখিত। এই মহাপুরুষের নাম সন্ত জ্ঞানেশ্বর এবং তাঁহার ব্যাখ্যার নাম 'ভাবার্থ দীপিকা' যাহা রচয়িতার নামানুসারে জ্ঞানেশ্বরী নামে প্রসিদ্ধ।

সন্তগণ মধ্যে জ্ঞানেশ্বরের স্থান যে কত উচ্চ তাহা ঐতিহাসিক মণ্ডলে অবিদিত নহে। সকল দিক হইতেই তাঁহার জীবন অলৌকিক ছিল। অনেকের বিশ্বাস তিনি অবতার পুরুষ ছিলেন,—মারাঠী ভক্তগণ বিশ্বাস করেন, তিনি বিষ্ণুর অংশে জন্মগ্রহণ করিয়াছিলেন। তাঁহার জন্মকাল ১২৭৫ খৃষ্টাব্দ। তিনি শুকদেবের ন্যায় জন্মসিদ্ধ জ্ঞানী ছিলেন। জীবোদ্ধারের জন্যই তাঁহার জন্ম হইয়াছিল। শুধু তাহাই নহে, তাঁহার বড় ভাই নিবৃত্তি নাথের (জন্মকাল১২৭৩ খৃষ্টাব্দ), ছোট ভাই সোপানের (জন্মকাল ১২৭৭ খৃষ্টাব্দ), এবং সর্ব্ব কনিষ্ঠ ভগিনী 'মুক্তাবাঈ'য়েরও জন্ম তদ্রূপ। নিবৃত্তিনাথের জন্ম হয়—শিবাংশে, সোপানের ব্রহ্মাংশে এবং মুক্তাবাঈয়ের আদিশক্তির অংশে। ইঁহারা তিনজনেও স্বতঃসিদ্ধ জ্ঞানী ছিলেন।

ইঁহাদিগের জীবনে আরও বৈশিষ্ট্য ছিল। (জ্ঞানদেবের পিতা বিট্ঠল পন্থ সহজাত বিবেক ও বৈরাগ্যের আদর্শ ছিলেন। মাতা রুক্মিনীবাঈ অসাধারণ তপস্বিনী ছিলেন। তা' ছাড়া পিতামহ ও পিতামহী নাথসম্প্রদায়ের সিদ্ধাচার্য গহনীনাথের শিষ্য ছিলেন। ঐ সময়ে তিনি সিদ্ধপীঠ ত্র্যম্বকেশ্বরে গুহা মধ্যে সমাধিনিষ্ঠ হইয়া অবস্থান

করিতেছিলেন। নিবৃত্তিনাথ আট বৎসর বয়সে বালব্রহ্মচারীরূপে এই মহাপুরুষের আশ্রয় লাভ করেন। জ্ঞানদেবের পূর্ব্ব বংশানুক্রম আলোচনা করিলে মনে হয়, যে এরূপ কুলে জন্মগ্রহণ সাধারণ মানুষের ভাগ্যে ঘটে না। জ্ঞানদেবের ব্যক্তিগত জীবনধারাও অদ্ভুত ছিল। দুঃখ, দৈন্য, সামাজিক গ্লানি প্রভৃতি অনেক লাঞ্ছনা তাঁহাকে ভোগ করিতে হইয়াছিল। নিবৃত্তিনাথ নাথসম্প্রদায়ে প্রবিষ্ট হওয়ার দরুন তাঁহাকে ও তাঁহার পিতামাতা ও ভ্রাতা ভগিনী সকলকেই সমাজ হইতে বহিষ্কৃত হইতে হইয়াছিল। পিতা বিট্‌ঠল পন্থ গুরু রামানন্দের আদেশে পুনশ্চ গৃহস্থাশ্রমী হইয়াছিলেন তাহাও এক কারণ। সমাজনেতা পণ্ডিতবর্গের বিধান অনুসারে জ্ঞানেশ্বরের পিতা ও মাতা উভয়ে প্রয়াগে গমন করিয়া প্রায়শ্চিত্ত রূপে স্বেচ্ছাক্রমে ত্রিবেণীতে দেহ বিসর্জ্জন করেন। এই ভাবে এই সকল বালক বালিকা অল্প বয়সেই পিতৃমাতৃহীন হইয়া পড়ে।

এই অনাথ বালক বালিকার উপরে তৎকালীন সমাজের পীড়ন কম হয় নি। কিন্তু অসাধারণ ধৈর্য্যের সহিত ইঁহারা সব কিছু সহ্য করিতে সমর্থ হইয়াছিলেন। প্রসিদ্ধি আছে যে, জ্ঞানদেব আট বৎসর বয়সেই নিজের ভ্রাতা নিবৃত্তিনাথের নিকট হইতে উপদেশ গ্রহণ করেন ও পূর্ণত্ব লাভ করেন। সোপান ও মুক্তাবাঈও নিবৃত্তিনাথ হইতেই উপদেশ প্রাপ্ত হয়।

জ্ঞানদেব বর্ণাশ্রম ধর্মের বিরুদ্ধে যাইতে ইচ্ছা করেন নাই। তাই তাঁহার উদ্দেশ্য ছিল যে, ধর্ম্মব্যবস্থাপক ব্রাহ্মণবর্গ হইতে একখানা শুদ্ধিপত্র লইয়া তদনুসারে আত্মশোধন পূর্বক যজ্ঞোপবীত গ্রহণ করেন। তখন ইঁহারা ঐ সময়ে ঐ অঞ্চলের সর্বপ্রধান বিদ্যাপীঠ পৈঠানে (প্রতিষ্ঠান) গমন করেন ও সেখানে নিজেদের দৈন্যভাব প্রকাশ করিয়া

ব্রাহ্মণ পণ্ডিতদিগের সভাতে প্রার্থনা জ্ঞাপন করেন। প্রার্থনার বিষয় ছিল—শাস্ত্রীয় বিধি অনুসারে প্রায়শ্চিত্ত বা শুদ্ধির ব্যবস্থা। পণ্ডিতগণ শাস্ত্রের মধ্যে ঐ বিষয়ে প্রায়শ্চিত্তের কোন ব্যবস্থা না দেখিয়া উপদেশ দেন—তাহাদিগের তৎকালীন স্থিতিতে অনন্যভক্তির আশ্রয়ই একমাত্র পথ। পণ্ডিতবর্গের মতে অনন্যভক্ত হইয়া যাবজ্জীবন ভগবৎ ভজন করাই তাঁহাদিগের কর্ত্তব্য। তখন ঐ বালক বালিকা সকলেই এই নির্ণয় সানন্দে গ্রহণ করে।

ইহার পর একজন জিজ্ঞাসু সভ্য উঁহাদিগকে নিজ নিজ নামের রহস্য ব্যাখ্যা করিতে অনুরোধ করেন। ইহার প্রত্যুত্তরে প্রত্যেকেই নিজের নিজের নামের তাৎপর্য্য তাঁহাকে বুঝাইয়া দেন! এই ব্যাখ্যাতে উপস্থিত সকলেই বালক বালিকাদের উপর অত্যন্ত প্রসন্নতা লাভ করেন। কিন্তু সভাস্থ একজন লোক পরীক্ষা করিবার জন্য জ্ঞানদেবকে জিজ্ঞাসা করেন, 'শুধু নামের রহস্য ব্যাখ্যা করিলে কি হইবে—সব সময়ে নাম কি জ্ঞানের পরিচায়ক হয়?' অর্থাৎ কাহারও জ্ঞানদেব নাম হইলেই যে সে জ্ঞানসম্পন্ন হইবে এমন কোন কথা নাই। একটি পশুকে জ্ঞানদেব বলিয়া ডাকিলে তাহার পশুত্ব নিবৃত্ত হয় না এবং সে জ্ঞানী হয় না। সম্মুখস্থিত কোন পশুকে লক্ষ্য করিয়াই ঐ কথা বলা হইয়াছিল। তখন জ্ঞানদেব উত্তরে বলেন, 'ঐ পশুও ত আমার আত্মাই। কারণ আত্মা এক ও অভিন্ন।' ইহা শুনিয়া ঐ লোকটি পরিহাস ছলে ঐ পশুর পৃষ্ঠদেশে বেত্রাঘাত করে, তখন দেখা গেল ঐ বেত্রাঘাতের চিহ্ন জ্ঞানদেবের পৃষ্ঠে লাগিয়াছে এবং ঐ স্থান হইতে রক্ত নির্গত হইতেছে। জ্ঞানদেবের প্রভাব সম্বন্ধে এইপ্রকার অনেক কিংবদন্তী আছে। জ্ঞানের জ্যোতি বিকীর্ণ হইবার ফলে ঐ স্থানের সকলেই বালক বালিকাসহ জ্ঞানদেবের উপর অত্যন্ত শ্রদ্ধাসম্পন্ন হন। সমস্ত পণ্ডিতবর্গও

তখন প্রসন্ন হইয়া তাঁহাদিগকে আদরের সহিত প্রার্থিত শুদ্ধিপত্র প্রদান করেন ও তাহাতে উল্লেখ করেন যে, এই বালক (জ্ঞানদেব) জীবন্মুক্ত ও জগদ্‌গুরু।

পৈঠানের কার্য্য সম্পন্ন হইলে ঐখান হইতে উঁহারা সকলে 'নেবাসেঁ' নামক গ্রামে গমন করেন। এই স্থানটী মহালয়া দেবীর ক্ষেত্র ছিল। এই গ্রামের নিকটে একটি শিলাস্তম্ভে উপবেশন পূর্ব্বক জ্ঞানদেব ভগবদ্ গীতার টীকা রচনা করেন। এই টীকা পরে জ্ঞানেশ্বরী নামে প্রসিদ্ধ হয় এবং তদনুসারে ঐ শিলাস্তম্ভ-জ্ঞানেশ্বরী নামে পরিচিত হয়। ইহার পর নিবৃত্তিনাথের অনুরোধে জ্ঞানদেব 'অমৃতানুভব' নামে একটি স্বতন্ত্র গ্রন্থ রচনা করেন, উহা অদ্বৈত ভক্তি সম্বন্ধে একখানা উৎকৃষ্ট নিবন্ধ। ইহার পর সকলে পাণ্ডরপুর গমন করেন এবং সেখানে তৎকালীন সন্তগণের মধ্যে অগ্রগণ্য নামদেবের সহিত পরিচিত হন। তখন নামদেব ও জ্ঞানেশ্বর নিবৃত্তি প্রভৃতি সকলকে এবং অন্য সন্তজনকে সঙ্গে লইয়া তীর্থ যাত্রা করিতে বাহির হন এবং যাত্রার শেষে পান্দরপুর ফিরিয়া আসেন। ইহার পর একটি বিরাট উৎসব হয়। চাঙ্গদেব—নামে একজন অতিবৃদ্ধ তপস্বী সিদ্ধ পুরুষ নিজের অলৌকিক যোগ বিভূতি প্রদর্শন করিবার জন্য জ্ঞানদেবের সঙ্গে সাক্ষাৎকারের প্রার্থী হইয়া আগমন করেন। জ্ঞানদেব ঐ যোগীর শক্তি হইতেও অধিকতর প্রবলশক্তি ও প্রভাব দেখাইয়া তাঁহার অহংকার চূর্ণ করেন ও তাঁহাকে আত্মজ্ঞানের মার্গ প্রদর্শন করেন। এই সব বিবরণ মহারাষ্ট্র ভাষায় কাব্যাকারে নিবদ্ধ আছে। চাঙ্গদেব তপস্যার প্রভাবে যোগসিদ্ধি লাভ করিয়াছিলেন। কিন্তু জ্ঞানদেব ছিলেন তদপেক্ষা উচ্চতর সিদ্ধি সম্পন্ন যোগী এবং সঙ্গে সঙ্গে মহাজ্ঞানী ও পরম ভক্ত।

এই সব বালক বালিকা সকলেই আত্মসাক্ষাৎকার লাভ করিয়া

এবং ব্রহ্মজ্ঞান লাভ করিয়া থাকিলেও অনন্যভক্ত ছিলেন। নামস্মরণ ও ভজন কীর্ত্তন বিষয়েই তাঁহারা সকলকে উপদেশ দিতেন।

জ্ঞানেশ্বরের জীবনে সবই ছিল অদ্ভুত। তিনি পনের বৎসরে 'জ্ঞানেশ্বরী' রচনা করেন ও ২১ বা ২২ বৎসর বয়সে স্বেচ্ছায় এবং সানন্দে জীবিত সমাধি গ্রহণ করেন। আলন্দী গ্রামে ইন্দ্রায়নী নদীর তীরস্থিত প্রাচীন সিদ্ধেশ্বর মন্দিরের নিকটে একটি বৃক্ষের ছায়ায় গুহা খনন করা হয়। তাহাতে তুলসীপত্র ও বিল্বদল বিছাইয়া আসন রচনা করা হয়। ললাটে কেশর ও চন্দন লিপ্ত করিয়া ও কণ্ঠে পুষ্পের মালা ধারণ করিয়া তিনি গুহা পরিক্রমণ সম্পন্ন করেন ও গুহা মধ্যে প্রবিষ্ট হইয়া আসনে উপবেশন করেন। উপবেশন কালে তাঁহার এক হস্ত ছিল বিট্‌ঠল ভগবানের হস্তে এবং অপর হস্ত ছিল স্বীয় গুরু নিবৃত্তি নাথের হস্তে। তিনবার শিরনত করিয়া ও করদ্বয় যুক্ত করিয়া তিনি ভগবানকে প্রণাম করেন এবং অন্তে চক্ষু মুদ্রিত করেন।

এই হইল 'জ্ঞানেশ্বর' ও 'জ্ঞানেশ্বরীর' বাহ্য ইতিহাসাত্মক বিবরণ। জ্ঞানেশ্বরের ন্যায় ভক্ত, জ্ঞানী ও যোগী অথচ কবি, প্রতিভাশালী লিপিকুশল ব্যাখ্যা কর্ত্তা ভগবৎ বাক্যের যে সারার্থ সংকলন করিযাছেন তাহা সত্যই অতুলনীয়। জ্ঞানদেবের তত্ত্ব দৃষ্টি কি প্রকার ছিল তাঁহার গীতার টীকা হইতেই তাহার অনেকটা অনুমান করা যায়। ইহা আরও স্পষ্ট ভাবে বোধগম্য হয় তাঁহার 'অমৃতানুভব' গ্রন্থ হইতে। ঐ সময়ে বৌদ্ধগণের নৈরাত্মবাদ পূর্ব্বপক্ষ রূপে হইলেও প্রচলিত ছিল। জ্ঞানদেব নিজগ্রন্থে উহা খণ্ডন করিয়া আত্মসিদ্ধির প্রকার প্রদর্শন করিয়াছেন। কিন্তু এই আত্মা যে প্রকৃতি পুরুষবাদী সাংখ্যের পুরুষবৎ নহে, তাহা তিনি দেখাইয়াছেন। আর প্রচলিত বেদান্ত সম্মত অজ্ঞানবাদও তিনি খণ্ডন করিয়াছেন। তাঁহার অভিমত সিদ্ধান্ত

চিদ্‌বিলাস—এই মতে (সংসার মিথ্যা নহে, অজ্ঞানময় বা মায়া কল্পিত নহে। ইহা অখণ্ড চৈতন্য স্বরূপ শ্রীভগবানের বিলাস মাত্র। তাই ইহা আনন্দময়। জগৎ নাম রূপাত্মক হইলেও ব্রহ্মেরই প্রকাশ। দ্রষ্টা ও দৃশ্য একই, কারণ সংসারের প্রকৃত রূপ চিন্ময়। এখানে ভগবান নিজেই নিজেকে দেখিতেছেন। ইহা তাঁহারই আত্মপ্রতীতি। শুষ্ক জ্ঞান ভাল নহে, সঙ্গে সঙ্গে ভক্তিও চাই। জ্ঞান ও ভক্তির সমন্বয়ই যথার্থ সমন্বয়। অদ্বৈতেও ভক্তি হইতে পারে, ইহা তিনি স্পষ্টভাবে দেখাইয়াছেন। তাঁহার মতে সাধারণের পক্ষে ভক্তিই মুক্তির দ্বার। বস্তুতঃ জ্ঞান ও ভক্তিতে কোন বিরোধ নাই।

যাঁহারা কাশ্মীরের 'ত্রিক' দর্শন এবং বসুগুপ্ত, সোমানন্দ, উৎপলাচার্য্য ও অভিনব গুপ্তের গ্রন্থাদি আলোচনা করিয়াছেন, তাঁহারা স্পষ্ট বুঝিতে পারিবেন যে, এই চিদ্‌বিলাস বাদের মূল কাশ্মীরীয় শৈব ও শাক্ত আগম। কারণ ইহারই প্রভাব জ্ঞানেশ্বরের উপর পরিস্ফুট ভাবে লক্ষিত হয়। তবে জ্ঞানেশ্বরের দৃষ্টি ভঙ্গী বৈষ্ণব ভাবাপন্ন ইহাই মাত্র ভেদ।

জ্ঞানেশ্বরী টীকাগ্রন্থ বলিয়া যদিও ইহাতে গ্রন্থকার স্বাধীন ভাবে নিজের দৃষ্টি ফুটাইতে পারেন নাই, তথাপি তাঁহার নিপুনলিপি কৌশলে প্রকৃত সত্য গুপ্ত থাকিতে পারে নাই।

ইহার পর যোগের কথা। জ্ঞানদেব যে কতবড় যোগী ছিলেন তাহা তাঁহার জীবন বৃত্তান্ত হইতে জানা গেলেও তদ্‌রচিত গ্রন্থ হইতে উহার আভাস প্রাপ্ত হওয়া যায়। দৃষ্টান্ত স্বরূপ তাঁহার বর্ণিত যোগজ কায় শোধন প্রক্রিয়ার কথা মনে হয়, যাহা ষষ্ঠ অধ্যায়ে তিনি বর্ণনা করিয়াছেন। এই কায়শুদ্ধির ফল দেহের বিকৃতি নাশ, কামক্রোধাদি সংস্কার বীজের ধ্বংশ, জরামৃত্যুর অপসারণ, মৃত্যুঞ্জয় ও চিন্ময়তা সিদ্ধি।

'গোবিন্দ ভগবৎ পাদর সহৃদয়ে,' গোরক্ষনাথ বা নিত্যনাথ সিদ্ধ সিদ্ধান্ত পদ্ধতিতে নেত্রতন্ত্র অনুসারে কৌলগণ কৌল প্রক্রিয়া দ্বারা ও তান্ত্রিকগণ তান্ত্রিক প্রক্রিয়া দ্বারা, বজ্রযাণী বৌদ্ধগণ বোধিচিত্তের উন্মেষ উদ্‌গম ও প্রতিষ্ঠা দ্বারা, সহজিয়াগণ ভাব সাধনার উৎকর্ষ সম্পাদন পূর্ব্বক রসময়ী তনুলাভের প্রযত্ন দ্বারা এই দিকেই ইঙ্গিত করিতেছেন। জ্ঞানেশ্বরীতে উপলব্ধ এতদ্ বিষয়ক বিবরণ যে অপূর্ব্ব তাহাতে কোন সন্দেহ নাই। ইহা যোগ সাধনার একটি অতি গুহ্য অঙ্গ।

বঙ্গভাষায় এইপ্রকার অপূর্ব্ব গ্রন্থের অনুবাদ করিয়া পরম শ্রদ্ধেয় পণ্ডিতপ্রবর শ্রীযুক্ত প্রাণকিশোর গোস্বামী মহাশয়—বঙ্গভাষাভাষী ধর্ম্মপ্রাণ পাঠক সমাজের প্রভূত কল্যাণ করিলেন। আশা করি বহু গীতা প্রেমী সাধক, মাতৃভাষায় জ্ঞানেশ্বরীর জ্ঞান গরিমার প্রভাব অনুভব করিয়া ধন্য হইবেন ও অনুবাদকের নিকট পুনঃ পুনঃ মানসিক কৃতজ্ঞতা অর্পণ করিবেন। এই গ্রন্থখানা বঙ্গীয় ধার্ম্মিক সাহিত্যের শ্রীবৃদ্ধি করিবে ইহা আমার দৃঢ় বিশ্বাস।

ভূমিকা

ডক্টর শ্রীশশিভূষণ দাসগুপ্ত

(রামতনু লাহিড়ী অধ্যাপক, কলিকাতা বিশ্ববিদ্যালয়)

গীতার ধ্যানে অমৃতবর্ষিণী গীতাকে মা বলিয়া সম্বোধন করা হইয়াছে। মায়ের স্নেহ বিভিন্ন সন্তান বিভিন্নভাবে গ্রহণ করে, যে যেমন করিয়া গ্রহণ করে সে আবার মায়ের স্বরূপ তেমন করিয়াই প্রকাশ করে। গীতাকেও তাই ভারতবর্ষের বিভিন্ন যুগের সাধক বিভিন্নভাবে গ্রহণ করিয়াছেন, গীতামৃতকে তাঁহার জীবনে তিনি যেমন করিয়া আস্বাদন করিয়াছেন তেমন করিয়াই আবার লোকসমাজে প্রকাশ করিয়াছেন। মহারাষ্ট্রের ত্রয়োদশ চতুর্দশ শতকের প্রসিদ্ধ সাধক জ্ঞানেশ্বর গীতা-সাধকগণের মধ্যে প্রধান ছিলেন। তাঁহাকে গীতা-সাধক বলিতেছি এইজন্য, গীতাকে তিনি শুধু পাণ্ডিত্য এবং দার্শনিক বুদ্ধির দ্বারা গ্রহণ করিতে যান নাই, গীতার সব বাণীকে তিনি তাঁহার সাধনা ও উপলব্ধির সহিত মিলাইয়া স্বীয় দিব্যানন্দের উচ্ছলতা-কেই যেন তাঁহার গীতা-ব্যাখ্যা জ্ঞানেশ্বরীর ভিতর দিয়া প্রকাশ করিয়াছেন।

অপর অনেকেই গীতা ব্যাখ্যা করিয়াছেন সংস্কৃত ভাষায়; কিন্তু জ্ঞানেশ্বর তাঁহার 'জ্ঞানেশ্বরী' লিখিয়াছেন মারাঠী ভাষায়। তিনি দেখিয়াছেন গীতা একটি পরমতীর্থ। কিন্তু সংস্কৃতের কঠিন তীরে অবস্থিত এই তীর্থ; তীর্থগামী সকলেও সেখানে সহজে গিয়া পৌছাইতে পারিতেছেন না,—অথচ অসীম আগ্রহ ত কত লোকের! তখন জ্ঞানেশ্বর অগ্রবর্তী হইয়া নিজে একটি কাজের ভার লইয়াছেন, "সংস্কৃতের

কঠিন তীরপ্রদেশ ভাঙ্গিয়া সেই স্থানে দেশীয় ভাষার সোপানশ্রেণী নির্মাণ করিয়াছেন, প্রত্যেক সোপানই ধর্মনিধান তীর্থ (একাদশ অধ্যায়ের প্রথম শ্লোকের অনুবাদ দ্রষ্টব্য)।” জ্ঞানেশ্বরী গীতাকে অবলম্বন করিয়া জ্ঞানেশ্বরের সকল দিব্যানুভূতির স্বতঃপ্রকাশ, এ প্রকাশ গিয়া যাহাতে শ্রদ্ধাশীল আর্ত পিপাসু সকলেরই কাছে পৌঁছায় ইহাই ছিল জ্ঞানেশ্বরের কামনা, সেইজন্যই মারাঠীতে অতি সহজ সরল ভাষায় এই “জ্ঞানেশ্বরী” রচনা।

জ্ঞানেশ্বরের সাধক-জীবনের ইতিহাস জানিলে প্রথমে মনের মধ্যে একটা সংশয় দেখা দিতে পারে। মহারাষ্ট্রে প্রাপ্ত কিংবদন্তীমতে জ্ঞানেশ্বর ছিলেন নাথসম্প্রদাভুক্ত সাধক। গুরুপরম্পরার ইতিহাস সাধারণেরও এইরূপে গ্রহণ করা হয়; আদিনাথের (শিবের) শিষ্য মৎস্যেন্দ্রনাথ, মৎস্যেন্দ্রের শিষ্য গোরক্ষনাথ, তাঁহার শিষ্য গৈনী বা গহিনীনাথ; গহিনীর শিষ্য ছিলেন নিবৃত্তিনাথ, তিনিই ছিলেন জ্ঞানেশ্বরের জ্যেষ্ঠ ভ্রাতা; জ্ঞানেশ্বর জ্যেষ্ঠ ভ্রাতার নিকট হইতেই দীক্ষা গ্রহণ করেন এবং তৎপ্রদর্শিত পথেই সাধন ভজন করেন। সম্প্রদায়ের সাধকগণ সাধারণতঃ শৈবযোগী; তাঁহাদের প্রধান নাথ-সাধনপন্থা হইল হঠযোগ; সেই হঠযোগের ভিতরকার অমৃতপানের সাধনার উপরে জোর দিয়া তাঁহারা পাঞ্চভৌতিক দেহকে প্রথমে সিদ্ধদেহে, সিদ্ধদেহকে দিব্যদেহে এবং দিব্যদেহকে পরিশেষে বৈন্দবতনু বা প্রণবতনুতে পরিবর্তিত করিবার কথা বলিযাছেন। নিরন্তর যোগের দ্বারা মায়াকে শুদ্ধ করিয়া লইতে হয়; সেই বিশুদ্ধ মায়াদ্বারাই লাভ করিতে হয় কায়সিদ্ধি বা কায়স্থৈর্য; এই কায়স্থৈর্য চরমে পৌঁছাইয়া দিবে অবিনাশী প্রণবতনুতে, তাহাই হইল মৃত্যুঞ্জয়ত্ব-প্রাপ্তি। কিন্তু জ্ঞানেশ্বরীতে দেখিতেছি সাধনার তত্ত্ব এবং সাধনার উপলব্ধিকে প্রকাশ

করিতে গ্রহণ করা হইল গীতাকে এবং সেই গীতাকে গ্রহণ করা হইল ভক্তসাধকরূপে। ইহার মধ্যে সমন্বয়টা কিভাবে সাধিত হইল ?

জ্ঞানেশ্বরী এই সমন্বয় সাধনের একটি অপূর্ব নিদর্শন। যথার্থ সাধকের পরম কাম্যবস্তু হইল দিব্যানুভূতি ; জ্ঞানেশ্বর দেখিলেন, দিব্যানুভূতি সর্বক্ষেত্রে একই ; ভাবদৃষ্টি, সঙ্কল্প ও পন্থানুসরণের পার্থক্যের ভিতর দিয়া একই পরমানুভূতির ভিতরে স্বাদনীয়তার কিছু বৈশিষ্ট্য-এবং বৈচিত্র্য দেখা দেয় মাত্র। জ্ঞানেশ্বর এই উচ্চ অধ্যাত্মানুভূতিতে প্রতিষ্ঠিত হইয়া যোগপন্থ এবং ভক্তিপন্থকে আশ্চর্যভাবে সমন্বয় করিয়া লইলেন।

ভগবানের যে দিব্যতনু তাহাকে জ্ঞানেশ্বর কল্পনামাত্র বলিয়া মনে করেন নাই ; ভগবানের শ্রীবিগ্রহ অতিসত্য ; কিন্তু সে বিগ্রহ নির্মিত হইয়াছে ভগবানেরই বিশুদ্ধ মায়া দ্বারা ; এই বিশুদ্ধমায়ায় গঠিত তনুই হইল জ্যোতির্ময় প্রণবতনু ; নাথযোগিগণ যাহাকে বলিলেন বিশুদ্ধমায়া বৈষ্ণবগণ তাহাকেই বলিয়াছেন স্বরূপশক্তিভূত বিশুদ্ধসত্ত্ব ; সেই বিশুদ্ধমায়া বা বিশুদ্ধসত্ত্বের দ্বারা গঠিত যে শ্রীবিগ্রহ তাহাই ত দিব্যতনু এবং পরমে প্রণবতনু। জ্ঞানেশ্বরীতে জ্ঞানেশ্বরদেব তাই গ্রন্থারম্ভেই বলিয়াছেন, 'হে প্রণবস্বরূপ পরব্রহ্ম তোমাকে নমস্কার !'

সাধকের যে পাঞ্চভৌতিক দেহ তাহার মূলধাতুকে পর্যন্ত সাধনার দ্বারা সম্পূর্ণরূপে পরিবর্তিত করিয়া দেওয়া যায় ; বিনাশী ধাতুসমূহকে অবিনাশীতে পরিবর্তিত বা পরিণত করিয়া দেওয়া যাইতে পারে। নাথসম্প্রদায়ের এই সব তত্ত্বে জ্ঞানেশ্বরও দৃঢ় বিশ্বাসী ছিলেন। কিন্তু মোটের উপরে জ্ঞানেশ্বরী আলোচনা করিয়া বেশ বুঝা যায় যে যোগসাধনা এবং ভক্তিসাধনাকে জ্ঞানেশ্বর পরস্পর বিরোধী পন্থ বলিয়া আদৌ স্বীকার করেন নাই ; বরঞ্চ তাঁহার মতে উভয় সাধনাই পরস্পর

পরস্পরের অনুপূরক; যোগের দ্বারা কায়স্থৈর্য লাভ হইয়া প্রথমে সাধকের অধিকারী সিদ্ধদেহ লাভ হয়, আবার সেই সিদ্ধদেহকে অবলম্বন করিয়াই চলিতে থাকে অনাবিল ভক্তিরস আস্বাদনের সাধনা। সাধকজীবনে জ্ঞানেশ্বর ইহাকে যখন পরমসত্য বলিয়া নিজে অনুভব করিলেন তখন আর ধর্মীয় সিদ্ধান্তরূপে ইহাকে প্রকাশ করিতে জ্ঞানেশ্বরের কোন বাধাই রহিল না।

জ্ঞানেশ্বরীকে একটু বিশ্লেষণ করিয়া পাঠ করিলেই আমরা অতি সহজে লক্ষ্য করিতে পারিব যে নাথগণের যোগসিদ্ধান্তকে তিনি গীতার জ্ঞান-কর্ম ভক্তির সমন্বয়তত্ত্বের ফাঁকে ফাঁকে এমনভাবে মিশাইয়া দিয়াছেন যে তাহাকে আর পৃথক্ বলিয়া গ্রহণ করিবার কোন উপায় নাই। কিভাবে জ্ঞানেশ্বর তাঁহার জ্ঞানেশ্বরীর মধ্যে এই মিলন সাধন করিয়াছেন তাহার নমুনা হিসাবে জ্ঞানেশ্বরীতে গীতার ষষ্ঠ অধ্যায়ের দশম হইতে আরম্ভ করিয়া কয়েকটি শ্লোকের ব্যাখ্যা অনুসরণ করা যাইতে পারে। লক্ষ্য করিতে পারিব এই শ্লোকগুলিতে উল্লিখিত যোগের উপাদানকে অবলম্বন করিয়া জ্ঞানেশ্বরনাথ যোগিগণের সিদ্ধান্তও যোগপন্থাকে কিভাবে গীতা-সাধনার ভিতরেই একেবারে অঙ্গাঙ্গিভাবে মিলাইয়া দিয়াছেন।

জ্ঞানেশ্বরের মারাঠী ভাষায় লিখিত এই গীত-ব্যাখ্যা আমাদের বাঙ্গালী পাঠকের নিকটে সুলভ ছিল না; প্রাঞ্জল বঙ্গানুবাদের ভিতর দিয়া শ্রীমন্ নিত্যানন্দ-বংশজাত শ্রীপ্রাণকিশোর গোস্বামী মহাশয় এই মহামূল্য গ্রন্থখানিকে আমাদের নিকটে পৌছাইয়া দিয়াছেন। পূজ্যপাদ গোস্বামী মহাশয় নিজে যেরূপ বিদ্বান্ সেইরূপই সাধন-পরায়ণ, এই উভয় গুণ তাঁহাকে জ্ঞানেশ্বরীর ভিতরে সম্যক্‌রূপে প্রবেশের বিরল অধিকার দান করিয়াছে। মর্মে প্রবেশ করিবার অধিকার লাভ না

করিয়া কেহ এইরূপ মূলানুগ—অথচ প্রাঞ্জল এবং স্বাদ্য অনুবাদ করিতে পারিতেন না। মূলে অধ্যাত্ম-অনুভূতিপূর্ণ ভক্তহৃদয়ের যে একটী আবেগ এবং উচ্ছলতা রহিয়াছে পূজ্যপাদ গোস্বামী মহাশয় তাঁহার ভাষান্তরের ভিতরেও তাহাকে অতি সহজভাবেই রক্ষা করিতে পারিয়াছেন। জ্ঞানেশ্বরী যোগী জ্ঞানী ভক্ত—সকলের নিকটেই সমাদরের গ্রন্থ; এইরূপ একখানি গ্রন্থকে বাঙ্গালী-পাঠকসাধারণের নিকটে সহজলভ্য করিয়া দিয়া গোস্বামী মহাশয় সকলেরই অশেষ কৃতজ্ঞতা-ভাজন হইয়াছেন। সুধী ভক্তগণ গ্রন্থখানিকে সাগ্রহে গ্রহণ করিবেন বলিয়া আশা করি। ইতি, ৬ই আশ্বিন, ১৩৬৯

মহামহোপাধ্যায় শ্রীকালীপদ তর্কাচার্য্য মহোদয়ের অভিমত

মহারাষ্ট্র প্রদেশীয় ভক্তকুলের মুকুটমণি অবতারকল্প মহাপুরুষ তত্ত্বদর্শী জ্ঞানদেবের অমৃতময় লেখনীপ্রসূত 'জ্ঞানেশ্বরী' নামক শ্রীমদ্‌ভগবদ্‌গীতার ভাবার্থদীপিকা বিবৃতির কথা গীতাতত্ত্বজিজ্ঞাসু সুধীমাত্রের নিকটই সুপরিচিত। কিন্তু জ্ঞানদেব যে ভাষায় ঐ বিবৃতি রচনা করিয়া গিয়াছেন, তাহাতে সাধারণ বাঙালীর অনভিজ্ঞতা হেতু তদ্‌গত অপূর্ব মাধুর্য্যের আস্বাদন, ও গীতাতত্ত্বে সবিশেষ জ্ঞানার্জন উঁহাদের পক্ষে সম্পূর্ণ অসম্ভব ছিল। সেই বঙ্গীয় জনসমাজের উপকারার্থ পণ্ডিতকুলতিলক শ্রীমন্নিত্যানন্দ বংশাবতংস পরমশ্রদ্ধেয় ভাগবতশ্রেষ্ঠ প্রভুপাদ শ্রীযুক্ত প্রাণকিশোর গোস্বামী এম. এ, বিদ্যাভূষণ সাহিত্যরত্ন মহাশয় ঐ জ্ঞানেশ্বরীর বঙ্গভাষাময় অপূর্ব অনুবাদ রচনা করিয়া ঐ জনসমাজকে কৃতজ্ঞতা পাশে আবদ্ধ করিয়াছেন।

বিদ্যাভূষণ মহাশয়ের ঐ অনুবাদগ্রন্থ ভাষার সৌন্দর্য্যে মূলোচিত তত্ত্বের গাম্ভীর্য্যে বাক্যাবলীর বিন্যাসের চাতুর্য্যে এবং বিবক্ষিত তত্ত্বের বোধসৌকর্য্যাদি গুণপর্য্যায়ে অতি সমুন্নত স্থান অধিকার করিয়াছে। উহা অনুবাদগ্রন্থ হইলেও অনুবাদকের বচনবিন্যাসনৈপুণ্যে উহা একটি স্বতন্ত্র মৌলিকগ্রন্থ বলিযাই প্রতিভাত হয়।

ঐ অনুবাদগ্রন্থে ভাবানুকূল ভাষার স্বচ্ছন্দ সঞ্চার ব্যাহত হয় নাই, কোথাও প্রতিপাদ্য বস্তুর অস্পষ্টতা দেখা দেয় নাই, গাম্ভীর্য্যাদি গুণগণের স্বল্পমাত্রও অপচয় ঘটে নাই।

এক কথায় বলিতে গেলে ইহাই বলিতে হয় যে, এই অনুবাদ

অনন্যসাধারণ। ইহা বঙ্গভারতী-রত্নকোষের অপূর্ব সমুজ্জ্বল রত্ন। ইহার সাহায্যে বঙ্গীয় জনসমাজ জ্ঞানদেব কৃত গ্রন্থের রহস্যাবলী অনায়াসে হৃদয়ঙ্গম করিয়া অপূর্ব জ্ঞান ও পরম আনন্দের অধিকারী হইবেন ইহা নিঃসন্দেহ।

আমরা শ্রীভগবানের পদপ্রান্তে বিদ্বদ্‌বরেণ্য বিদ্যাভূষণ মহাশয়ের নিরাময় সুদীর্ঘ জীবন ও অকুণ্ঠ কর্মশক্তির উত্তরোত্তর কল্যাণময় বিচিত্র স্ফূরণ কামনা করি।

মুখবন্ধ

অধ্যাত্মবিদ্যা ও জ্ঞানদেব—বেদ উপনিষদ ভারতের অধ্যাত্ম শাস্ত্র। পুরাণ পঞ্চরাত্র তন্ত্রে রহস্যবিদ্যার বিশ্লেষণ ও বিবরণ। যোগী, জ্ঞানী, তত্ত্ববাদীর চর্য্যায় সেই গোপন সাধনার পরিচয়। পরোক্ষ ও অপরোক্ষ ভেদে অধ্যাত্মবিজ্ঞান দুই শাখা। শাস্ত্রপ্রমাণ যুক্তিবলে আত্মার নির্ণয় প্রচেষ্টা পরোক্ষজ্ঞানের বিষয়। আর মরমিয়ার মর্মকথা, রহস্যবিদ্যা বা গুরুশিষ্য সংবাদ, সাধনার উপলব্ধি, অপরোক্ষ অনুভূতির সাম্রাজ্য। অনুভবের মুক্তপ্রান্তরে ধরা বাধা বিধিনিষেধের সীমানা নির্দেশ করা সম্ভব নয়। এখানে মুক্ত আত্মার উৎকণ্ঠা সমুজ্জ্বল অপ্রতিহত হৃদয়াবেগই প্রধান। সাধক জীবনে গোপন গভীরে প্রিয়তমার মিলনমাধুরী নিঃসঙ্গ অখণ্ডানুভব চমৎকৃতি। স্বসংবেদ্য বলিয়া উহা অনির্বচনীয় অথচ পরমোচ্ছ্বাস প্রাবল্যে অভিব্যক্ত করিবার প্রমত্ত ব্যাকুলতা। প্রিয়দর্শনের অনিন্দ্য ইচ্ছাসমুল্লাস বুদ্ধির স্বচ্ছতা সম্পাদনে সার্থক হয়।

কাব্যকলা, বিজ্ঞানসমীক্ষা, সাহিত্যরচনা বা চিত্রাঙ্কণবিদ্যা স্ব স্ব পরিধির মধ্যেও উৎকর্ষ সংসিদ্ধির নিমিত্ত অকুণ্ঠ প্রাণপ্রেরণা ও সমুৎকণ্ঠার অপেক্ষা করে। লৌকিক বিদ্যা বিষয়ে এই বিচার অধ্যাত্ম-বিচারে সহস্রগুণে অধিক পরিমাণে পরিচিন্তনীয়।

বিভিন্ন গোষ্ঠী এই আন্তর অনুভূতির চমৎকৃতিকে অবলম্বন করিয়া ইহাকে বিভিন্ন নামে অভিহিত করিয়াছে। দর্শনশাস্ত্র (Philosophy) হইতে সর্বাংশে ভিন্ন না হইলেও ইহা নিছক দর্শনশাস্ত্রের অন্তর্ভুক্ত বলা যায় না। মনস্তত্ত্ব (Psychology) হইতে কোনো কোনো অংশে অভিন্ন হইলেও ইহা মনস্তত্ত্ব নয়। স্বতঃসিদ্ধ সংস্কারসম্ভূত জ্ঞান

(Intuition) না হইলেও ইহার কিছু অংশ ইহার অন্তর্ভুক্ত না বলিয়া উপায় নাই। ধর্মবিজ্ঞান (Religious Consciousness) বলিলে কিছু অন্যায় হয় বলিয়া মনে হয় না। ইহাকে সাধারণতঃ রহস্যবাদ বা মরমিয়াবাদ (Mysticism) বলিয়া পরিচিত করা হইয়াছে।

'রহস্যবাদ' 'মরমবাদ' এই অধ্যাত্মবাদেরই ভিন্ন ভিন্ন নাম। পৃথিবীর বিভিন্ন প্রান্তে এই মরমিয়াগণের আবির্ভাব হইয়াছে। ভিন্ন জাতি, গোষ্ঠী ও কালের ব্যবধান হইলেও তাহাদের প্রাণের কথায়—তাহাদের আচরণে ও অনুভূতি ভূমিতে বেশী পার্থক্য নাই বলিলে দোষ হয় না। ইহারা যেন একই রাজ্যের লোক তাহাদের গানে কথায় এইরূপ ভাবিবার অবসর আছে। ভাবনার মৌলিকতায় মনস্তত্ত্ববিদের চিত্ত-বিশ্লেষণে দার্শনিক বিচার পদ্ধতিতে প্রাচ্য ও পাশ্চাত্য যেন অধ্যাত্ম-বিদের কাছে এক হইয়া যায়। তাহাতেই কেহ কেহ জ্ঞানেশ্বরকে প্লোটিনাস, একহার্ট, আগষ্টাইনের সঙ্গে তুলনা করেন। দান্তেকবির সৌন্দর্য্যদর্শন, দার্শনিক ভাবনা প্রাখর্য্য ও কাব্যের লালিত্যকেও জ্ঞানেশ্বরের সঙ্গে তুলনা করা অনুচিত হইবে না। পাশ্চাত্য মরমিয়া-বাদের মধ্যে 'সেণ্ট জন অফ্ দি ক্রস্'এর অনুভূতির প্রাচুর্য্য ও উহা প্রকাশের নৈপুণ্য অনবদ্য এবং জ্ঞানেশ্বরের সঙ্গে তুলনীয়।

সর্ব্বদেশে ব্যাপ্তি—প্রাচ্য ও পাশ্চাত্যে সকলদেশেই আন্তর অনুভূতি চমৎকৃতি সম্পন্ন সাধু মহাপুরুষ জন্মগ্রহণ করিয়াছেন। এই সকল মহামানব কালের ব্যবধানে আবির্ভূত হইলেও অনুভব রাজ্যে ব্যবধান বিহীন। বিভিন্ন জাতি গোষ্ঠীতে জন্মগ্রহণ করিয়াও ভাবনার ভূমিতে তাঁহারা যেন সহযোগী পদচারী। প্রতিটি অধ্যাত্মসাধকের অনুভব বৈচিত্র্য ও মৌলিকতা স্বীকার করিতে হয় অথচ তাহাদের স্বজাতীয়তার পরিচয় পাওয়া যায়। ইঁহারা যেন কোন্ এক অমৃত-

লোকের দিব্য আলোকে উদ্‌ভাসিত অন্তর হইয়া ধরণীতলে আবির্ভূত হন সমাজ ও ধর্মের সংশয় সন্দেহ জড়তা ধ্বংস করিতে। তাহাদের কথায় গানে চর্চায় আচরণে অমৃত নির্ঝর। ইঁহাদের ভাবপ্রবণতার প্রাচুর্য্য তো সবদিকেই লক্ষ্যের বিষয় তাহা ছাড়া ইহাদের সন্ধানীমনের বিজ্ঞানধারাতেও একটি নির্বাধবেগের পরিচয় পাওয়া যায়। এই সকল মহাপ্রাণ মরমিয়া শুধু নিজেকে লাইয়াই থাকিতে চান্না। তাহাদের অমৃতানুভবে সমাজের সকলকে সাধারণ মানুষকেও অংশীদার করিবার নিমিত্ত আকুল আহ্বান জানান।* অতীন্দ্রিয় জ্ঞানে প্রতিষ্ঠিত থাকিয়াও তাহারা মহদনুভব বুদ্ধির দর্পনে প্রতিফলিত করিতে সচেষ্ট হন। নৈতিক জীবনে যে আদর্শ ইহারা অনুসরণ করেন উহা যেন অসহযোগীর অবস্থা, বিশ্বের কোনো কিছুতে তাহাদের আসক্তির লেশমাত্রও বুঝা যায় না, তাহারা যেন সর্বাতিশায়ি অনুরাগে কোন্ এক ভাবরাজ্যে বিচরণ করেন এবং শুদ্ধ ত্যাগময় কারুণ্য উচ্ছল হয় তাহাদের ব্যবহার। দৈন্য স্নেহ কারুণ্য বিষাদ হতাশা শূন্যতাবোধ যেমন একদিক্ দিয়া প্রধান হইয়া উঠে অপরদিকে বিশ্বাস নির্ভরতা পরমাত্মপ্রীতি মানবসত্ত্বাকে চিন্ময়সত্ত্বায় সমুন্নত করে। মানুষ অতিমানুষ মহামানবে পরিণতি লাভ করে।

সর্ব্বকালে—উপনিষদের রহস্যবিদ্যা দার্শনিক বিচারের ভিত্তিতে সুপ্রতিষ্ঠিত হইয়াছিল প্রাচীনকাল হইতেই। মধ্যযুগের মরমিয়াবাদ কিন্তু বিশেষ করিয়া ভক্তি ভাবের মাধ্যমেই বিস্তার লাভ করিয়াছে। তাহাতেই ভক্তির সহিত ভাবপ্রবণতার সংযোগে অপূর্ব সাহিত্য গড়িয়া উঠিয়াছে এই যুগেও।

* দেশ, ভাষা, ভাব ও সমাজ সংহতি, সহাবস্থান ও সমপ্রাণতার অজস্র বীজ ইহাদের বাক্যামৃতে সঞ্জীবতা লাভ করিয়াছে।

সাধারণের সম্পদ—মরমিয়ার গোপন সত্যানুভূতি সাধারণের সম্পদ হইল শ্রীমদ্‌ভগবদ্ গীতার আবির্ভাবে। একপ্রান্তে কর্মতন্ত্রের সূক্ষ্মাতিসূক্ষ্ম বিচার বিশ্লেষণ আর অপর প্রান্তে জ্ঞান ভক্তি বিশ্বাস নির্ভরতার অমৃত প্রস্রবণ যুগল এই ত্রিধারার মহাসম্মেলনে তীর্থরাজ শ্রীমদ্‌ভগবদ্ গীতা শুধু অর্জুনের নয় সর্বমানবের। শুধু দার্শনিক বা কর্মযোগীর নয় রহস্যবিদ্ ভাবুক রসিক ভক্তের পরম সম্পদ চরম আশ্রয়।

পঞ্চরাত্র—পাঞ্চরাত্রিক সাধনায় দুইটি পৃথক্ ধারায় শিবভক্তি ও বিষ্ণুভক্তির প্রবল বন্যা আসিয়াছিল। এই প্রবাহে অগণিত সাধু, মহাত্মা, ভক্ত ও যোগীর মগ্নতা সম্বন্ধে বিরাট সাহিত্য বর্ত্তমান। অত্যুচ্চ গিরিশৃঙ্গ হইতে কুমারিকা পর্য্যন্ত ভারতের প্রতিটি তীর্থ এই সকল সাধুবার্ত্তায় মুখরিত। বিষ্ণুভক্তগণের প্রাণের বীণায় দ্বৈত ভাবের ঝঙ্কার উঠিয়া প্রিয়তমের নামরূপ গুণের ভাষা দিয়াছে। শিবভক্ত গণের ডমরুর ধ্বনিতে অদ্বৈত সিদ্ধান্তের নিরবচ্ছিন্ন নির্ঘোষ শুনা গিয়াছে। সাধন প্রক্রিয়াও ভিন্নমুখী। একগোষ্ঠী শ্রবণকীর্ত্তনে প্রাধান্য দিয়াছে অপর শ্রেণী অন্তর্যাগ ধ্যান জ্ঞান কুলকুণ্ডলিনীর জাগরণের উপরই অধিকতর আগ্রহ দেখাইয়াছেন। ভক্তির ছোঁয়ায় কোনো সম্প্রদায়েরই আকুলতার অন্ত নাই—বিশ্বাসের শেষ নাই নির্ভরতার পার নাই।

শাণ্ডিল্য ও নারদ ভক্তিসূত্র—দার্শনিক দৃষ্টিতে নারদ ভক্তিসূত্র হইতে ও শাণ্ডিল্য সূত্রে অধিকতর যুক্তির পরিচয় পাওয়া যায়। স্বপ্নেশ্বর ভাষ্যে পরানুরক্তি প্রভৃতি সূত্রোক্ত অংশের ব্যাখ্যায় উহার অবতারণা করা হইয়াছে। এই সূত্রগুলি কোন সময়ে বিরচিত হয় নির্দ্দেশ করিতে না পারিলেও উপনিষদের শাণ্ডিল্য বিদ্যার উপরেই যে এই সূত্রের নির্ভরতা তাহা বেশ বুঝা যায়। নারদভক্তি সূত্রে কিন্তু

শাণ্ডিল্যসূত্রের মত জীব, ব্রহ্ম ও তাহাদের সম্বন্ধ তত্ত্ব সম্বন্ধে বেশী বিচার না করিয়াই সহজসরল ভক্তি কথা প্রেমের কথাই বিশেষ করিয়া বলা হইয়াছে। এই দিক্ দিয়া বিচার করিলে মরমিয়া সাহিত্যে এই দুই সূত্রগ্রন্থের মূল্য অত্যন্ত অধিক বলিতে হইবে।

শ্রীমদ্ভাগবত—পুরাণে ভক্ত, ভক্তি ও ভগবানের অবতার প্রসঙ্গ বিস্তৃত ভাবেই আছে। অষ্টাদশ মহাপুরাণ ও বিভিন্ন উপপুরাণে নানাদেশের নানাপ্রকার সাধক ভক্ত ও তাহাদের পরমেশ্বর দর্শন প্রেম-প্রীতি ব্যবহার সুখ দুঃখ দৈন্য আত্মনিবেদন ও তৃপ্তির আদর্শ আছে। বিশেষতঃ শ্রীমদ্ভাগবতে প্রহ্লাদ, ধ্রুব, উদ্ধব, অক্রুর, অম্বরীষ প্রভৃতির কথা যে ভাবে বর্ণিত হইয়াছে উহাতে অভিনব মর্ম্মবাণী অনুরণিত হইয়াছে। গোপীগণের অসমোর্দ্ধ প্রেম সম্বেদন, তাঁহাদের পরম সুন্দর প্রিয়তম নাগরেন্দ্র নন্দনন্দনের সহিত মিলনানন্দ, অধ্যাত্ম সংবাদে অবিসংবাদী পরমোৎকর্ষ।

এই প্রেমা নৃলোকে না হয়।
যদি হয় তার যোগ   না হয় তার বিয়োগ
বিয়োগ হৈলে কেহ না জীয়য়॥

তামিল মরমিয়া—শ্রীরামানুজাচার্য্যের পূর্ব্ব হইতেই আলোয়ার গণ গান গাহিয়াছেন। প্রিয়তমের সম্বন্ধ অনুভব করিয়াছেন। রূপে গুণে মুগ্ধ হইয়াছেন। একান্ত ভাবে সমগ্র ইন্দ্রিয় জগৎকে ফাঁকি দিয়া অতীন্দ্রিয় লোকে ভাবজগতে প্রেমরাজ্যে তাঁহারা পরম পুরুষোত্তমের সেবালগ্ন জীবন যাপন করিয়াছেন। ৬ষ্ঠ ৭ম শতাব্দিতে শৈব ও বৈষ্ণব তামিল সাধুগণের বহুল পরিচয় পাওয়া যায়। পেরি আলোয়ার, আণ্ডাল, তিরুপ্পন, পোয়গৈ, তিরুমড়িসৈ, তিরুমঙ্গৈ, নম্ম আলোয়ার প্রভৃতি শ্রীকৃষ্ণ, শ্রীবিষ্ণু নারায়ণ গোবিন্দ নামে গুণে মুগ্ধ শুধু নয় প্রমত্ত।

নম্ম আলোয়ারের লেখা সঙ্গীত তামিল সাহিত্যে বেদের মর্য্যাদা লাভ করিয়াছে। শিবভক্তগণের মধ্যে কন্নপ্প, অপ্পর, মাণিক্ক বাচগর, তিরুজ্ঞানসম্বন্ধর প্রভৃতি প্রসিদ্ধ। ইঁহাদের সাধনা, অন্তর্দৃষ্টি, ঐকান্তিক নিষ্ঠা ও ভক্তি রহস্যবিদ্যার পথে অভ্রান্ত দিশারী।

দার্শনিক ব্রহ্মবিদ্যা—আচার্য্য শঙ্কর ব্রহ্মসূত্র ভাষ্যে যে একটি পরম্পরার সূচনা করিয়াছেন উহাতে সুপ্রসিদ্ধ দার্শনিকেরই নয়, রহস্য-বিদ্যার্থীরও পরিচয় পাওয়া যায়। অদ্বৈতবাদী সম্প্রদায়ের শিব ভক্ত অপ্পয় দীক্ষিতের আদর্শজীবন স্মরণীয়। সিদ্ধান্ত কৌমুদীকার ভট্টজি দীক্ষিত ইহার শিষ্যছিলেন এবং তিনি ছিলেন বিষ্ণুভক্ত।

শিবভক্ত অপ্পয় এবং বিষ্ণুভক্ত ভট্টজি গুরুশিষ্য উভয়েই দীর্ঘকাল কাশীধামে অবস্থান করেন। মৃত্যুকাল সমীপবর্ত্তী জানিয়া অপ্পয়দীক্ষিত দক্ষিণে চিদম্বরম্ ক্ষেত্রে চলিয়া আসিলেন। কথিত আছে, সাধু অপ্পয়ের এ সময় শিবভক্তি পূর্ণরূপে প্রকাশ হয়। তিনি প্রাণের আকাঙ্ক্ষা চিদম্বরের সমীপে নিবেদন করিতে করিতে দেহ ত্যাগ করেন।

চিদম্বরমিদং পুরং প্রথিতমেব পুণ্যস্থলং
সুতাশ্চবিনয়োজ্জ্বলাঃ সুকৃতয়শ্চ কাশ্চিৎ কৃতাঃ।
বয়াংসি মম সপ্ততেরুপরি নৈবভোগে স্পৃহা
ন কিঞ্চিদহমর্থয়ে শিবপদং দিদৃক্ষে পরম্ ॥১॥
আভাতি হাটকসভা নটপাদপদ্মে।
জ্যোতির্ম্ময়ো মনসি মে তরুণারুণোদয়ম্।

এই পর্য্যন্ত বলিতে বলিতে তিনি নাকি দেহত্যাগ করেন।

দ্বিতীয় শ্লোক অর্দ্ধাংশ পূর্ণ করেন তাঁহার পুত্র।

নূনং জরামরণ ঘোর পিশাচ কীর্ণা
সংসারমোহরজনী বিরতিং প্রয়াতা ॥২॥

এই পুণ্য ক্ষেত্র চিদম্বরপুর, পুত্রগণ বিনয়ী, পুণ্যকার্য্যও কিছু করা হইয়াছে, আমার বয়সও সত্তরের উপরে হইল, ভোগের স্পৃহাও আর নাই। এখন শিবপদ দর্শনের ইচ্ছা ভিন্ন আমার আর প্রার্থনীয় নাই। স্বর্ণোজ্বল সভায় জ্যোতির্ময় নবতারুণ্যমণ্ডিত ও অরুণবর্ণ নটরাজ-পাদপদ্ম আমার মনে প্রকাশিত হইতেছে। পুত্রের ঘ্বচিত অর্দ্ধাংশের তাৎপর্য্য—জরামরণাদি ঘোর পিশাচ সমাকীর্ণ সংসারমোহ রজনী ভাগ্যক্রমে অতীত হইয়া গিয়াছে।

জ্ঞানেশ্বর—মহারাষ্ট্র মরমীয়াগণের মুকুটমণি জ্ঞানেশ্বরের ভাব-ধারার সহিত পরিচয় করিতে হইলে তাহার প্রধান উৎসের সন্ধান প্রয়োজন। কথিত আছে,(জ্ঞানেশ্বরের পিতা বিট্‌ঠলপন্ত কাশীধামের রামানন্দ স্বামীর শিষ্য। যদি এই উক্তি সত্য হয় তবে স্বীকার করিতে হয় যে, এই রামানন্দ স্বামী, কবীর, তুলসী দাস ও জ্ঞানেশ্বর এই ত্রিধারার সঙ্গম-পুণ্যতীর্থ।

রামানন্দের যে মরমবাদ কবীরকে প্রভাবিত করিয়াছে জাতি পাঁতির ভেদ রেখা মুছিয়া দিয়াছে—যে প্রভাব তুলসীদাসের অন্তরের গোপন প্রেমের দ্বার মুক্ত করিয়া দিয়াছে, সেই মধুর চেতন স্পর্শে বুঝি জ্ঞানেশ্বরও বহুলাংশে প্রভাবান্বিত হইয়াছেন। একথা নিশ্চয় যে নিবৃত্তি নাথ ও জ্ঞানেশ্বরের জীবনে সাধু গৈনীনাথের মরমবাদের প্রভাব প্রচুর পরিমাণেই লক্ষ্যের বিষয় হয়, জ্ঞানেশ্বরও মুক্তকণ্ঠে উহা স্বীকার করিয়াছেন।)

জ্ঞানেশ্বরের গুরু নিবৃত্তি। নিবৃত্তিদেব গৈনীনাথের শিষ্য। গৈনী-নাথের গুরু গোরক্ষনাথ। এই গোরক্ষের গুরু প্রসিদ্ধ মচ্ছেন্দ্রনাথ। জ্ঞানেশ্বর যে নাথ সম্প্রদায়ের ছিলেন, তাহা তাহার ভাষ্যেই উল্লেখ করিয়াছেন।

দাক্ষিণাত্যে আলোয়ার সম্প্রদায় এবং লিঙ্গায়ত সম্প্রদায়ের সিদ্ধগণ যে ভাবে মরমবাদের ভাবধারা প্রবাহিত করেন সেরূপ জ্ঞানেশ্বর নাথ-সম্প্রদায়ের মরমবাদ মহারাষ্ট্রে রূপায়িত করেন—তাহার গীতাভাষ্য এবং পদাবলীর মধ্যে। পরবর্ত্তী মরমী নামদেব তুকারাম প্রভৃতি যে এই জ্ঞানেশ্বর প্রবর্ত্তিত ভাবধারার আশ্রয়েই পরিপুষ্ট হইয়াছেন, তাহা অস্বীকার করিবার কারণ থাকিতে পারে না। জ্ঞানেশ্বর নামদেব, একনাথ ও তুকারাম ইহারা একই ভাবসূত্রে গ্রথিত। রামদাস সমর্থ-স্বামী অবশ্য একটি স্বতন্ত্র ধারা প্রবর্ত্তন করেন। "বার্করী ও ধার্করী" করতাল সম্প্রদায় ও তরবারি সম্প্রদায়ের মধ্যে নীতিগত পার্থক্য থাকিবেই। তথাপি ইঁহাদের ভাবধারার অনুসন্ধান করিলে দেখা যায় অন্তরের গোপন অতলে একই রসের প্রস্রবণ প্রবাহিত।

দেবগিরির রাজা রামদেবরাও এবং জৈত্রপাল—জ্ঞানদেবের আবির্ভাব কালে দেবগিরির রাজা রামদেবরাও একজন বিঠোবার ভক্ত ছিলেন। পণ্ডরপুরে বিঠোবামন্দিরে এক শিলালিপি হইতে জানা যায়, রাজা রামদেবরাও ১২৭৬ খৃঃ (১১৯৮ শক) অগ্রহায়ণ মাসে পূর্ণিমা তিথিতে এই মন্দিরে আগমন করেন। শুধু তাহাই নহে, পণ্ডরপুরে এক ধর্মসঙ্ঘের নায়ক রূপেও সেই শিলালিপি তাহার গুণকীর্ত্তন করিয়াছে। জ্ঞানদেবের সমাধির দুই বৎসর পূর্ব্বে অর্থাৎ ১২৯৪ খৃঃ (শক ১২১৬) আলাউদ্দিন খিলজি দেবগিরি আক্রমণের নিমিত্ত ইলিশপুর পর্য্যন্ত অগ্রসর হইয়া পড়েন। তাহার সহায়ক অপরিমেয় সৈন্য এমন কি স্বয়ং দিল্লীশ্বর! কাজেই রামদেবরাও তাহাকে ধনরত্ন উপহার দিয়া সেইবার দেবগিরি রক্ষা করেন। দীর্ঘ দ্বাদশ বৎসর পর পুনরায় ১৩০৬ খৃঃ আলাউদ্দিন মালিক কাফুরকে দেবগিরির আক্রমণের জন্য প্রেরণ করেন। এবার রামদেবরাও যুদ্ধ

করেন। দেবগিরির পতন হইলে রামদেব বন্দীরূপে দিল্লীতে নীত হইলেন। ছয় মাস বন্দী থাকার পর রামদেব দেশে ফিরিয়া ১৩০৯ খৃষ্টাব্দে মৃত্যুমুখে পতিত হন। তাহার পরে দেবগিরি রাজ্যটি চিরতরে দিল্লীশ্বর আত্মসাৎ করিয়া লন। জ্ঞানদেব দেবগিরির এই দুরবস্থার সময়ও জীবিত ছিলেন। তাঁহার জীবন-কালে এই রাজ্যের সর্ব্বপ্রকার সমৃদ্ধিই ছিল। তখনও মুসলমান আক্রমণ হয় নাই। দেবগিরি অন্যান্য নৃপতির মধ্যে জৈত্রপাল ছিলেন বিশেষ প্রসিদ্ধ। তাহার রাজ্য কাল ১১৯১ হইতে ১২১০ খৃষ্টাব্দ পর্য্যন্ত। ইঁহার গুরু মুকুন্দরাজ পরমামৃত ও বিবেকসিন্ধু নামে দুই গ্রন্থ রচনা করেন। এই গ্রন্থ মহারাষ্ট্র সাহিত্যে প্রসিদ্ধ। অনেকে মনে করেন, পরমামৃত নামটি হইতে জ্ঞানেশ্বর তাহার গ্রন্থের অমৃতানুভব নাম রাখিবার প্রেরণা পাইয়াছেন। মুকুন্দরাজ যে কেবল একজন দার্শনিক পণ্ডিত ছিলেন তাহাই নহে, তিনি ছিলেন একজন সত্যকার মরমী। তাহার বিবেকসিন্ধু গ্রন্থে তিনি যে নাথ-সম্প্রদায়ের সঙ্গে ঘনিষ্ঠ ভাবে যুক্ত সে কথা স্বীকার করিয়াছেন। তাহার গুরু ছিলেন হরিনাথ। এই হরিনাথ বহুপ্রকার অনুষ্ঠানদ্বারা শঙ্করের প্রসন্নতা বিধান করেন এবং শঙ্করের সাক্ষাৎ কৃপা লাভ করিতে সমর্থ হন।

ধার্ম্মিক পটভূমিকা—যে কালে জ্ঞানেশ্বর তাহার গ্রন্থ রচনা করেন তখন সমাজে যে সকল ধর্ম্মভাব ছিল উহাদ্বারা তাহার মুক্ত-মতবাদ কোনো রকমে সঙ্কুচিত হয় নাই। উপনিষদ জ্ঞান, কর্ম্মকাণ্ডের যজ্ঞবিধি, যোগশাস্ত্রের কঠোর সাধনা, মহানুভব সম্প্রদায়ের বিট্ঠল বিরোধ বা নাথ-সম্প্রাদায়ের হঠযোগবিদ্যা কোনোটি একান্তভাবে জ্ঞানেশ্বরের স্বতন্ত্র ভাবধারাকে বিচ্ছিন্ন করিতে সমর্থ হয় নাই। জ্ঞানেশ্বর বেদোক্ত পরমেশ্বর বাদকে স্বীকার করিয়াছেন, যাগযজ্ঞাদির

সমর্থন করিয়াছেন, উপনিষদ ও ভাগবতের মতবাদ ব্যাখ্যা করিয়াছেন, সঙ্গে সঙ্গে দ্বৈতাদ্বৈত সিদ্ধান্তের সহিত ভক্তিবাদের এক অভিনব সমন্বয় ও সমাধানের সন্ধান দিয়াছেন।

সুপ্রসিদ্ধ নাথ সম্প্রদায়ের যোগ-সাধন-প্রধান মতবাদের প্রভাব যে তাহার উপর প্রভূত পরিমাণেই ছিল তাহা অস্বীকার করিবার উপায় নাই। গোরক্ষনাথ আপেগাঁও গ্রামে জ্ঞানদেবের প্রপিতামহ ত্র্যম্বক পন্থকে দীক্ষা দান করেন। এই গোরক্ষনাথ মৎস্যেন্দ্র নাথের শিষ্য। নাথসম্প্রদায়ের আদি অভ্যুত্থান কোথায় হইয়াছিল এবং ইহাদের প্রভাব পূর্ব্ববঙ্গের এক প্রান্ত হইতে মধ্যপ্রদেশ ব্যাপিয়া কিভাবে সুদূর মহারাষ্ট্র প্রদেশ পর্য্যন্ত বিস্তৃত হইল, তাহার সঠিক বিবরণ এখনও অনুসন্ধেয়। কাহারও মতে বঙ্গদেশে প্রথম নাথ সম্প্রদায়ের সাধনার রহস্য আবিষ্কৃত হয় এবং এই দেশেই নাথ-গুরু মীননাথ, মৎস্যেন্দ্র নাথ, গোরক্ষ নাথ প্রভৃতির জন্ম। জালন্ধর ও ময়নাবতীর উপাখ্যান বোধহয় বঙ্গদেশের নিজস্ব সম্পত্তি। এখনো বঙ্গের পল্লীতে তিন নাথের মেলার অনুষ্ঠান হইতে দেখা যায়। এতদ্ভিন্ন হিন্দু সমাজের এক বিশেষ অংশ এখনও নিজেদের পরিচয় যোগীনাথ বলিয়াই উল্লেখ করিয়া থাকেন। এমত অবস্থায় বঙ্গের দাবী এক কথায় উড়াইয়া দেওয়া কঠিন। অপর দিকে হিন্দী-ভাষাভাষীরাও নাথগুরুগণের ধর্ম্ম ও সাধনার দ্বারা বহু পরিমাণে প্রভাবিত হইয়াছেন তাহা অস্বীকার করিবার উপায় নাই। মহারাষ্ট্রে সাতারা জেলায় একটি গুহা আছে। উহা এখনও মৎস্যেন্দ্রনাথের নামে প্রসিদ্ধ। গোরক্ষনাথের স্মৃতিরূপে এখনও একটি সুবৃহৎ বৃক্ষ দেখানো হয়। জ্ঞানদেবের জ্যেষ্ঠভ্রাতা ও গুরু নিবৃত্তিকে গৈনীনাথ যে স্থানে দীক্ষিত করিয়াছিলেন, সেই স্থানটি নাসিকের নিকটবর্ত্তী

ব্রহ্মগিরি বলিয়াই উক্ত হয়। এই সকল বিবরণ হইতে দেখা যায়, বঙ্গদেশের ন্যায় মহারাষ্ট্রও সমভাবে মৎস্যেন্দ্র নাথের ও নাথ-সম্প্রদায়ের মূলভূমি বলিয়া দাবি করিতেছে। মৎস্যেন্দ্র নাথ গোরক্ষ নাথ প্রভৃতির ঐতিহাসিক ব্যক্তিত্ব সম্বন্ধে কেহ কেহ আপত্তি করেন বটে, আমাদের কিন্তু মনে হয়, একটি বিশিষ্ট ব্যক্তির সাধনা ও আদর্শ মূলে না থাকিলে কেবল কাল্পনিক কোন ব্যক্তিত্বের উপর একটি বৃহৎ সম্প্রদায় ও সাধনার প্রসার হইতে পারে না। বিশেষতঃ গোরক্ষ-সংহিতা নামে এক যোগ-সাধনার গ্রন্থ বর্ত্তমান রহিয়াছে। গৈনীনাথ স্বয়ং নিবৃত্তি-দেবকে দীক্ষিত করিয়াছেন। এই নাথ সম্প্রদায় প্রথমে কোন্ দেশে কি ভাবে কাহার নেতৃত্বে প্রবর্ত্তিত হইয়াছিল, তাহার সঠিক বিবরণ পাওয়া না গেলেও এই ধর্ম্মপ্রবর্ত্তক গুরুগণ যে বঙ্গদেশ হইতে মধ্যপ্রদেশ এবং ভারতের অপর প্রান্ত মহারাষ্ট্র পর্য্যন্ত সাধনার বীজ ছড়াইয়াছিলেন, তাহার প্রমাণ আজও বিলুপ্ত হয় নাই। নাথ সম্প্রদায়ের সাধন-বৃক্ষের আধ্যাত্মিক রসপুষ্ট ফলস্বরূপ মহারাষ্ট্রের জ্ঞানদেব।

বংশ পরিচয় ও জন্ম—অধ্যাপক ভিঙ্গরকর প্রদর্শিত প্রমাণ অনুসারে ১২০৭ খৃঃ (১১২৯ শক) দেবগিরির রাজা ত্র্যম্বকপন্ত বলিয়া এক ব্যক্তিকে বীড়া নামক স্থানের শাসনকর্ত্তা নিযুক্ত করেন। আর একটি প্রামাণিক দলিলের প্রমাণে তিনি বলেন ত্র্যম্বকপন্তের পুত্র হরি পন্ত ১২১৩ খৃঃ (শক ১১৩৫) একটি সেনাবাহিনীর অধিনায়ক নিযুক্ত হন। পূর্ব্বোক্ত ত্র্যম্বকপন্তের দুই পুত্র—হরিপন্ত ও গোবিন্দ পন্ত। গোবিন্দপন্তের পুত্র বিট্ঠল পন্ত। এই বিট্ঠল পন্তের পুত্র জ্ঞানদেব।

বিট্ঠল পন্ত আপেগাও পল্লীর কুলকর্ণী ছিলেন। এই গ্রাম গোদাবরীর উত্তরতীরে অবস্থিত ছিল। বিট্ঠল রামানন্দ বা তাহার

স্থলাভিষিক্তের নিকট সন্ন্যাস গ্রহণ করেন। নাভাজী এবং মহীপতির মতে তিনি আনন্দ উপাধি গ্রহণ করেন। নামদেব ও নিলোবার মতে তিনি আশ্রম উপাধি গ্রহণ করেন। নামদেব বলেন—বিট্ঠল প্রথমে চৈতন্য আশ্রম বাসী তৎপর তিনি হইলেন গৃহবাসী।)

চৈতন্যাশ্রমবাসী। জাহিলে গৃহবাসী॥

কাল নির্ণয় জ্ঞানদেব ও ভ্রাতৃবর্গের আবির্ভাব সম্বন্ধে প্রচলিত দুইটি মত আছে। উহাদের প্রধান মত আমরা নিম্নে প্রদর্শন করিতেছি।

নিবৃত্তি নাথ—জন্ম ১২৭৩ খৃঃ (১১৯৫ শক): মৃত্যু ১২৮৭ খৃঃ (১২১৯ শক) জ্ঞানদেব জন্ম ১২৭৫ খৃঃ (১১৯৭ শক): মৃত্যু ১২৯৬ খৃঃ (১২১৮ শক) সোপানদেব জন্ম ১২৭৭ খৃঃ (১১৯৯ শক): মৃত্যু ১২৯৬ খৃঃ (১২১৮ শক) মুক্তাবাই জন্ম ১২৭৯ খৃঃ (১২০১ শক): মৃত্যু ১২৯৭ খৃঃ (১২১৯ শক)।

অপর একটি মত অনুসারে—

নিবৃত্তি ১২৬৮ খৃঃ, জ্ঞানদেব ১২৭১ খৃঃ, সোপান ১২৭৪ খৃঃ, এবং মুক্তাবাই ১২৭৭ খৃঃ জন্ম গ্রহণ করেন।

জ্ঞানদেব ১২৭৫ খৃঃ জন্ম গ্রহণ করিয়াছেন স্বীকার করিলে বলিতে হয় তিনি মাত্র ১৫ বৎসর বয়সে জ্ঞানেশ্বরী রচনা করেন। অনেকে ইহা স্বীকার করেন না। (১২৯০ খৃষ্টাব্দে তিনি জ্ঞানেশ্বরী রচনা করেন ইহার প্রমাণ সুস্পষ্ট ভাষায় রহিয়াছে। জনাবাই বলেন, জ্ঞানদেব ১২৭১ খৃষ্টাব্দে জন্ম গ্রহণ করেন। তাহা হইলে ১৯ বৎসর বয়সে জ্ঞানেশ্বরী রচিত হইয়াছে বলা যায় এবং ইহা অযৌক্তিক হয় না।) এ সম্বন্ধে অভঙ্গ—

শালিবাহন শকে অকরাশে নব্দদ।
নিবৃত্তি আনন্দ প্রগটলে॥

ত্র্যাণ্ণবাচে সালীঁ জ্ঞানদেব প্রগটলে।
সোপান দেখিলে শান্নবাঁত ॥
নব্যাণ্ণবাচে সালীঁ মুক্তাঈ দেখিলী
জণী হম্ণে কেলী মাত তঁ্যানীঁ

জ্ঞানদেব কত বৎসর জীবিত ছিলেন ইহা নির্দ্ধারণ করা কঠিন। কেহ বলে ২৫ বৎসর কেহ বলেন ২২ বৎসর। জ্ঞানেশ্বরী লেখা যে ১২৯০ খৃঃ (১২১২ শকাব্দে) হইয়াছিল এ সম্বন্ধে কিন্তু সকলেই একমত।

(কথিত আছে নেবাসী নামক স্থানে এই জ্ঞানেশ্বরী লেখা হয়। শচীনন্দন বাবা নামে এক ভক্ত যিনি জ্ঞানদেবের অনুগ্রহে কঠিন রোগ মুক্ত হন তিনি এই গ্রন্থ লেখকরূপে জ্ঞানদেবের সহায়তা করেন। নেবাসীতে একটি স্তম্ভ জ্ঞানেশ্বরীর আবির্ভাব স্থানটির সাক্ষ্য স্বরূপে অদ্যাপি বর্ত্তমান আছে। এ সম্বন্ধে জ্ঞানদেব গ্রন্থের শেষে এক বিবৃতি প্রদান করিয়াছেন।)

জ্ঞানদেব ও নামদেব— পণ্ডরপুর প্রসিদ্ধ তীর্থ। এই সুপবিত্র তীর্থে জ্ঞানদেব ও নামদেবের মিলন হয়। দুইজন সমপ্রাণ মরমী সাধু একত্র উত্তর ভারতের বহু তীর্থ পর্য্যটন করিয়া বহু ধর্ম্মপিপাসুর প্রাণে ধর্ম্মামৃতের ধারা প্রবাহিত করিয়া দিয়াছেন।

দক্ষিণদেশে বিট্‌ঠল্ সম্প্রদায় প্রাচীনকাল হইতে প্রসিদ্ধ বিঠোবার সঙ্গে ভক্ত পুণ্ডরীকের নাম অঙ্গাঙ্গিভাবে জড়িত। পণ্ডরপুরের পাণ্ডুরঙ্গ বিঠোবা বিট্‌ঠল্ মহিমা কীর্ত্তনে সমগ্র মহারাষ্ট্র মুখরিত। জ্ঞানদেবের অন্তর্ধানের পর অর্ধ শতাব্দি পর্যন্ত নামদেবই এই সম্প্রদায়ের মূলস্তম্ভরূপে সমাদৃত হইয়াছেন। জ্ঞানদেবের অভ্যুদয়ের পূর্ব হইতেই পণ্ডর পুরে পাণ্ডুরঙ্গের মন্দির প্রতিষ্ঠিত আর এই মন্দিরের সর্বশ্রেষ্ঠ

পূজারী পুণ্ডরীক। তাহার গৃহ কোথায় ছিল তাহা বলা কঠিন তবে তিনি যে কর্ণাট প্রদেশের লোক তাহাতে সন্দেহ নাই। ভীম নদীর তীরে তাহার সমাধি মন্দির আছে। বিট্‌ঠলের ভক্ত হইলেও পুণ্ডরীকের স্মৃতিমন্দিরে শিবলিঙ্গ প্রতিষ্ঠিত আছে। পাণ্ডুরঙ্গের ভক্ত গণের মধ্যে বিষ্ণুভক্তি ও শিবভক্তির যেন মধুর মিলন ঘটিয়াছিল Dr. P. R. Bhandarkar পাণ্ডুরঙ্গ কথার অর্থ করেন white limbed শুভ্রকান্তি দেবতা অর্থাৎ শঙ্করমহাদেব। সেই নামই বিট্‌ঠলের নাম- রূপে পরিণতি লাভ করিয়াছে। শুভ্রকান্তি শিব ও শ্যামকান্তি বিট্‌ঠল এক অভিন্ন হইয়াছেন। বিট্‌ঠলরুক্মিণী সম্বন্ধে প্রাচীনতম শিলালিপি যাহা আলন্দীতে আছে উহা ১২০৯ খৃঃ। পণ্ডরপুর বিঠোবার মন্দিরের শিলালিপি ১২৩৭ খৃঃ উহাতে আছে সোমেশ্বর নামে রাজা চারিদিকে রাজ্যজয় করিয়া ভীমরথার তীরে পাণ্ডারিক্ত গ্রামে ফিরিয়া আসিলেন সেখানে পুণ্ডরীক নামে সর্বজনপূজ্য সাধু বাস করিতেন। মন্দিরস্থ আরও একটি (১২৭৩ খৃঃ) শিলালিপি হইতে জানা যায়, ঐ সময় দেবতার জন্য উপযুক্ত মন্দির নির্মাণকল্পে অর্থ সংগ্রহ করা হয়। উহাতে দাতৃগণের নামও আছে। তন্মধ্যে রাজা রামদেবরাও যাদব ও তাঁহার মন্ত্রী হেমাদ পণ্ডের নাম আছে। রাজা বহু অর্থ দান করেন। এই সকল বিষয় বিচার করিলে বুঝা যায় জ্ঞানদেবের ও নামদেবের আবির্ভাবের পূর্ব হইতেই বিট্‌ঠল সম্প্রদায় পণ্ডরপুরে প্রচারিত ছিল পুণ্ডরীকের পর জ্ঞানদেব ও নামদেবই এই সম্প্রদায়ের প্রধান স্থান অধিকার করেন। পণ্ডর পুরে কর্ণাট, গুজরাট, তেলেগু, তামিল ও মারাঠী বহু তীর্থযাত্রীর সমাগম হইত। তাহাদের মাধ্যমে সমপ্রদেশে ধর্মভাব জাগ্রত করিবার প্রধান অবলম্বন ছিল পাণ্ডুরঙ্গের মহিমা কীর্তন। জ্ঞানদেব নামদেব এই কীর্তনের প্রবর্তক হইয়াছিলেন।

তাহাদের বিরচিত বহু অভঙ্গ এই পুণ্ডরীকপ্রিয় পাণ্ডুরঙ্গের মহিমা ও ভক্তিরসে ভরপূর।

ভগবানের নাম কীর্ত্তনে তাহাদের অনুরাগ ছিল। জ্ঞানদেব ও নামদেব উভয়েই বহু প্রার্থনা সূচক পদ (অভঙ্গ) রচনা করেন। নামদেব জ্ঞানদেবের সঙ্গসুখ অধিক দিন ভোগ করিতে পারেন নাই। ১২৯৬ শকাব্দায় জ্ঞানদেব পণ্ডরপুর হইতে আলন্দী গ্রামে যাইবার ইচ্ছা প্রকাশ করিলেন। মরমী নামদেব বুঝিলেন—জ্ঞানদেব দেহত্যাগ করিবার সঙ্কল্প করিযাছেন। নামদেব অনুগত-ভক্ত-সাধক-সঙ্গে জ্ঞানেশ্বরের অনুগমন করিয়া আলন্দীতে পৌঁছিলেন। সেখানে ভক্তগণ অখণ্ড নামকীর্ত্তন আরম্ভ করিলেন। আলন্দী গ্রামে বহুলোকের সমাগম হইতে লাগিল। কার্ত্তিক কৃষ্ণা ত্রয়োদশী দিনে জ্ঞানদেব নিবৃত্তিকে বলিলেন—তিনি সেই দিনেই দেহত্যাগ করিবেন। এই বিষয়ে জ্ঞানদেবের এক অভঙ্গ প্রসিদ্ধ আছে। যথা—

জ্ঞানদেব ঘেতলেদান। হৃদযী ধরোনিয়াঁ ধ্যান।
সমাধি বৈসলা নির্বাণ। কথা কীর্ত্তন করীত সে॥

বহুকালের প্রাচীন সিদ্ধেশ্বর মহাদেবের মন্দিরের প্রাঙ্গনে কীর্ত্তন মণ্ডলীর উচ্চ কলরোলের মধ্য দিয়া জ্ঞানদেব সমাধির আনন্দ-রাজ্যে প্রবেশ করিলেন। তাহার বাহ্য দেহ নিস্পন্দ। তিনি সম্মুখস্থ শঙ্করের সঙ্গেই যেন চিরতরে মিলিত হইলেন। সাধক মরমী এই ভাবে চির নিদ্রিত হইলেন।

তাহার সাধনা শত সহস্র ভক্তহৃদয়ে জাগ্রত হইয়া রহিল। আলন্দী পুণ্যতীর্থে পরিণত হইল।

১২৯৪ খৃষ্টাব্দে আলাউদ্দীন খিল্‌জি দাক্ষিণাত্য আক্রমণ করেন। জ্ঞানদেব ইহার দুইবৎসরের মধ্যে দেহ ত্যাগ করেন। দাক্ষিণাত্যে

মুসলমান প্রভাবের কোনো কথা জ্ঞানেশ্বরের লেখায় পাওয়া যায় না। সমসাময়িক হইলেও নামদেব দেহত্যাগ করেন ১৩৫০ খ্রীষ্টাব্দে অর্থাৎ জ্ঞানদেবের অর্দ্ধশতাব্দি পর। এই দীর্ঘ কালের ব্যবধানে মহারাষ্ট্র জাতির জীবনে যে পরিবর্ত্তন ঘটিয়াছে, তাহা জ্ঞানদেব ও নামদেবের অভঙ্গের মধ্যে বিশেষ করিয়া ছাপ রাখিয়া দিয়াছে। নামদেব মুসলমান আক্রমণের কথা উল্লেখ করিয়াছেন। অনেকে ইহা দেখিয়া ইহাদের সমসাময়িক বলিতে চান না। নামদেব তাহার তীর্থাবলী নামক গ্রন্থে জ্ঞানেশ্বরের সহিত মিলিত ভাবে যে বৃত্তান্ত লিপিবদ্ধ করিয়াছেন উহা কিন্তু কোনো মতেই নামদেবের লিখিত নয়, ইহা বলা যায় না।

নামদেব ১২৭০ খ্রীষ্টাব্দে জন্ম গ্রহণ করেন। তাহার পিতা দামাসেট ছিলেন সীবন ব্যবসায়ী। তিনি নরসিংপুরে থাকিতেন। পুত্র নামদেব যৌবনের প্রারম্ভে অত্যন্ত দুরন্ত প্রকৃতির লোক ছিলেন। নরহত্যা করিতে তাহার কিছু মাত্র ভয় হইত না। কথিত আছে চৌরাশী জন অশ্বারোহী তাহার হস্তে নিহত হয়। এক মন্দিরে তিনি প্রত্যহ দেবতার প্রণাম করিতে যাইতেন। এক দিবস সেখানে তিনি দেখিলেন একটি স্ত্রীলোক তাহার ক্রন্দন পরায়ণ শিশুটিকে গালি দিতেছে আর আক্ষেপ করিতেছে। নামদেব কাছে আসিয়া শিশুটিকে অনর্থক গালি দিবার কারণ জিজ্ঞাসা করিয়া জানিলেন, তাহাদের ভরণ পোষণের আর কেহ নাই। সেই স্ত্রীলোকটির স্বামী একজন অশ্বারোহী সে কোনো অজ্ঞানা দস্যুর হস্তে নিহত হইয়াছে। এখন তাহাদের সবদিক্ দিয়া অসহায় হইতে হইয়াছে। নামদেব তাহার কথা শুনিয়া বুঝিলেন—তাহার কর্ম্ম অপরের কিরূপ দুঃখের কারণ হইয়াছে। তাহার হৃদয় দ্রবীভূত হইল। তিনি মন্দিরে প্রবেশ করিয়া প্রায়শ্চিত্তের জন্য

ছুরি দিয়া নিজের শরীরে ক্ষত করিলেন এবং সেই রক্তের ধারায় দেবতার পদতল সিক্ত করিলেন। মন্দিরের পূজারী এই ব্যাপার দেখিয়া লোকটিকে উন্মত্ত জ্ঞানে মন্দিরের বাহির করিয়া দিলেন। নামদেব অনুতাপ-দগ্ধ-হৃদয় লইয়া পণ্ডরপুরে আসিলেন। এখানে তাঁহার সাধু জীবন আরম্ভ হইল। এক ব্যথিতা নারীর অশ্রুধারা তাহার জীবনের আমূল পরিবর্ত্তন করিয়া দিল।

সম্প্রদায়ের পাত্রগণের কাহার ঘট পাকা কাহারও ঘট কাঁচা গোরা কুমার তাহার থাপি দিয়া তাহা পরীক্ষা করিতেছিলেন। সাধুগণ বসিয়াছেন— কথা উঠিয়াছে—সাধনারপথে কে কতদূর অগ্রসর হইলেন। গোরা ছিলেন কুমার। তাহার মাটীর পাত্র নির্ম্মাণের যন্ত্র পাঁতি পাশেই রহিয়াছে। একজন একটি হাতার মত যন্ত্র দেখাইয়া জিজ্ঞাসা করিলেন— এটির নাম কি? সাধু গোরা কুমার বলিলেন—ইহার নাম থাপি। ইহা দ্বারা আঘাত করিয়া কোন্ পাত্র পাকা আর কোন্ পাত্র কাঁচা তাহা পরীক্ষা করা হয়। প্রশ্নকর্ত্তা বলেন—ইহা দ্বারা সাধক কে পাকা কে কাঁচা তাহা পরীক্ষা করা যায় না? গোরা বলিলেন—অবশ্য, এই দেখ দেখাইতেছি। বলিতে বলিতে গোরা কুমার থাপিটি হাতে লইয়া সম্প্রদায়ের সাধুদের মাথায় একে একে আঘাত করিতে লাগিলেন। ইহাতে নামদেব বড় ক্রুদ্ধ হইতেছিলেন। গোরা বলিলেন—এই ঘটটি (নামদেবকে লক্ষ্য করিয়া) কাঁচা আছে। কথা শুনিয়া নামদেবের অত্যন্ত দুঃখ হইল। তিনি বিসোবা খেচর নামক এক সাধুর সমীপে গমন করিলেন এবং উপযুক্ত সাধনার নিমিত্ত দীক্ষা গ্রহণ করিয়া অধিকতর আগ্রহের সহিত সাধনায় প্রবৃত্ত হইলেন।

তাঁহার জীবনে সর্ব্বজীবে ভগদ্দর্শনের ভাব যে ভাবে ফুটিয়া উঠিয়াছিল তাহার একটি দৃষ্টান্ত উল্লিখিত আছে। তিনি একটি রুটি

খাইবেন বলিয়া লইয়া বসিলেন। একটি কুকুর আসিয়া উহা লইয়া পলাইল। সাধু দেখিলেন, শুধু রুটি খাইতে কুকুরের কষ্ট হইবে। তিনি সম্মুখস্থ দধির ভাণ্ডটি লইয়া কুকুরের পশ্চাদ্ধাবন করিয়া বলিতে লাগিলেন—ভাই তুমি দধিটুকুও গ্রহণ কর।

জ্ঞানদেব ও চাঙ্গদেব—প্রসিদ্ধি আছে—মহাযোগী চাঙ্গদেব দীর্ঘ চারিশত বৎসর জীবিত ছিলেন। তাহার হঠযোগ-প্রক্রিয়া ছিল সেকালে সর্ব্বজন-বিদিত। তিনি বটেশচাঙ্গা এবং চক্রপাণি চাঙ্গা নামে খ্যাত ছিলেন। বহুকাল হঠযোগের সাধনা করিয়া যখন তিনি দেখিলেন উক্ত সাধনা তাহার পরমপুরুষার্থ প্রাপ্তির নিমিত্ত প্রচুর নয়, তখন তিনি জ্ঞানেশ্বরের শরণ গ্রহণ করিলেন। জ্ঞানদেব তাহারই "উদ্দেশ্যে চাঙ্গদেব পাসষ্টী" নামে গ্রন্থ রচনা করিয়াছেন। এই গ্রন্থে অদ্বৈতজ্ঞান উপদেশের মধ্য দিয়া সাধকের উপযোগী বহু মূল্য শিক্ষা লিপিবদ্ধ রহিয়াছে। জ্ঞানদেবের নির্দ্দেশ ক্রমে মুক্তাবাই চাঙ্গদেবকে যে সকল উপদেশ দিয়াছেন, তাহাতে সত্যদর্শনের যে প্রমাণ পাওয়া যায় উহা অন্যত্র দুর্লভ। তিনি চাঙ্গদেবকে হঠযোগ সাধনা হইতে প্রতিনিবৃত্ত করিবার জন্যই বলিতেছেন—জীবন প্রবাহ হইতে ফিরিয়া এস। বলপূর্ব্বক সাঁতার দিয়া পার হইবে এই অভিমানে অগ্রসর হইওনা, তোমাকে ভাসাইয়া লইয়া যাইবে। জীবন প্রবাহের বেগ এত প্রবল যে শ্রেষ্ঠ সাঁতারুকেও ভাসাইয়া লইয়া যায়। জীবন ক্ষণস্থায়ী এই জীবন বৃথা কাটাইওনা—নিত্যবস্তুর সন্ধান কর। কেবল ঈশ্বরের অনুগ্রহই তোমাকে জীবন প্রবাহ হইতে উত্তীর্ণ করিবে। তুমি মৌন হইয়া মনের কথা বল। সমাধির নিদ্রায় নিদ্রাসুখ ভোগ কর। অনাহতের ধ্বনি শ্রবণ কর। যদিও চাঙ্গদেবের অভঙ্গগুলি জ্ঞানদেবের অভঙ্গের মত সংখ্যায় বহু নয়, অথবা খুব উচ্চশ্রেণীর নয়, তথাপি তাহার

মধ্যে যে সরল ভাব-প্রেরণার পরিচয় পাওয়া যায় তাহা প্রশংসনীয়। মুক্তাবাঈ কর্ত্তৃক শিক্ষিত হইয়া যোগী চাঙ্গদেব মনুষ্য শরীরকে কনে ও আত্মাকে বর বলিয়া আখ্যা দিয়াছেন। বিবাহের পর আত্মা স্বরূপ বরের সঙ্গে দেহরূপ কনেটিকে যাইতে হইবে। একবার বরের হাতে কন্যাকে সমর্পণ করিতে পারিলেই নিশ্চিন্ত হওয়া যায়। একটি যন্ত্র হইতে যেমন সঙ্গীতের মধুর স্বুর উত্থিত হয় কিন্তু বাদককে দেখা যায় না, সেইরূপ এক মধুর বাঁশীর স্বুর দিবানিশি ধ্বনিত হইতেছে উহা বিশ্ব ব্যাপিয়া আছে। এই সর্ব্বব্যাপক ধ্বনির মধ্যে চাঙ্গদেব নিজেকে হারাইয়া ফেলিল সে ভগবানের চিন্তা করিতে করিতে তাহার স্বরূপতা লাভ করিল।

এই মহাযোগীর মধ্যে নিবৃত্তিদেব, জ্ঞানদেব, সোপান ও মুক্তাবাঈ প্রভৃতির সাধনা যেন মূর্ত্তি পরিগ্রহ করিরাছিল। তিনি বলিয়াছেন—

মোতিয়াচেঁ পাণী রাঁজণ ভরিলা।
পোট ভরুণী প্যালা জ্ঞানদেব॥
অভ্রাচী সাউলী ধরোনিয়া হাতীঁ।
গেলাসে একাঁতীঁ নিবৃত্তিদেব॥
পুষ্পাচা পরিমল বেগলা কাঢ়িলা।
হার তো লেইলা সোপানদেব॥
হিঁত্যাচ্যা ধুগত্যা জেবণ জেবলী।
পোট ভরুণী ধালী মুক্তাবাঈ॥
চৌদাচেঁ বর্ম আলেঁ অসে হাতাঁ।
বটেশ্বর চাঁগদেব স্বতাঁ তয়ে ঠায়ী॥

জ্ঞানদেব মুক্তামণিময় অমৃতবারি পান করিয়াছেন। নিবৃত্তিনাথ মেঘের ছায়াকে হাতের মুঠিতে ধরিয়াছেন। সোপান কুসুমের গন্ধ কাড়িয়া

লইয়া উহাদিয়া মালা গাঁথিয়া ধারণ করিয়াছেন। মুক্তাবাঈ হীরকমণি রন্ধন করিয়া ভোজন করিয়াছেন। পূর্ব্বোক্ত চারিজনের রহস্য বিঠ্ঠাই বটেশ্বর চাঙ্গদেবের হাতে আসিয়াছে।

নিবৃত্তি নাথ ও জ্ঞানদেব—নিবৃত্তির সহিত জ্ঞানদেবের কেবল লৌকিক সম্বন্ধ নয়, তাঁহার সম্বন্ধে জীবন, মরণ, ইহকাল ও পরকাল। গুরু ও শিষ্যের যে আদর্শ সম্বন্ধ তাহা জ্ঞানদেব জ্ঞানেশ্বরীতে বহুবার প্রদর্শন করিয়াছেন। ভ্রাতৃবর্গের মধ্যে নিবৃত্তি ছিলেন জ্যেষ্ঠ, জ্ঞানেও তিনি ছিলেন গরীয়ান্। তাহার জ্ঞান-পুষ্ট জ্ঞানদেব তাহার প্রমাণ। নিবৃত্তি যে সকল অভঙ্গ রচনা করিয়াছেন তাহাতেও তাহার আধ্যাত্মিক দৃষ্টির সূক্ষ্মতম পরিচয় পাওয়া যায়। তিনি ভগবদ্গীতার রীতি অবলম্বন করিয়া এই সংসারকে রূঢ় মূল বৃক্ষের সহিত তুলনা করিয়াছেন। তিনি বলেন—এই বৃক্ষের মূল উৎপাটিত করিতে হইলে প্রয়োজন গুরুকৃপা। গুরুকৃপা ভিন্ন সর্ব্বব্যাপী আত্মার দর্শন হয় না। যিনি আমাদিগকে ভগবানের স্বরূপ সাক্ষাৎকার করাইয়া দেন তিনিই গুরু। দেহ, মন, প্রাণ, ধন সকলই আত্মদ্রষ্টা গুরুকে সমর্পণ করিবে। শিষ্যের আকুলতায় গুরুর কৃপা উদ্বুদ্ধ হয়। গুরুর সমীপে আত্মাকে জানিয়া লও। তিনি প্রাণের তীব্র উৎকণ্ঠার মধ্যেই আত্মপ্রকাশ করেন। অপরের নিন্দা শুনিও না, চক্ষু কর্ণ বন্ধ করিয়া মৌনভাবে ধ্যান কর। কাহারও প্রশংসা শুনিতে বসিও না। ভগবানের সত্ত্বায় নিজেকে ডুবাইয়া দাও। গুরু কৃপায় অসম্ভব সম্ভব হয়। রাত্রিতে সূর্য্যোদয় হয়। পরমাত্মা গুরু-কৃপায় দর্শন দেন। ভগবানের গুণগান কুসুমের গন্ধ হইতেও অধিকতর আমোদিত করে। উহা চন্দনের বৃক্ষকে পরাজিত করে। তাঁহারই ধ্বনি আমাদের শ্বাস প্রশ্বাসে বহির্গত হয়। আমরা চকোরের মত। তিনি পূর্ণচন্দ্র। আমরা তাহারই স্নিগ্ধ

কিরণের ন্যায়। আমরা দেহে বাস করি। ভগবান দেহাতীত। নিবৃত্তি বলেন—তৃপ্তিও চাতকের মত সে ভগবানের আশায় অপেক্ষা করে। তিনি কখন দর্শন দিবেন তাহার কোনো নির্দ্দিষ্ট সময় নাই। তাঁহাকে যে কোনো অবস্থায়ই দর্শন করা যায়। সমুদ্রের তরঙ্গ যেরূপ একবার উচ্ছ্বসিত হয় আবার ফিরিয়া যায়, ঠিক সেইরূপ একই সমুদ্রের তরঙ্গ রূপে জীব একবার মায়া তীরের দিকে ছুটিয়া আসে, আবার আনন্দ সমুদ্রের বুকে ছুটিয়া যায়।

(জ্ঞানদেব একটি অভঙ্গে বলিয়াছেন—আমার প্রাকৃত চক্ষুর অভ্যন্তরে জ্ঞানের চক্ষু ফুটিয়াছে। দেহ আমার জড়াতীত হইয়াছে। চারিদিকেই দেখি আধ্যাত্মিক আনন্দ। এখন আমার নিকট সকলই ব্রহ্মরূপে প্রতিভাত হইতেছে। আর নিবৃত্তি আমার অন্ধতা দূর করিয়া দিব্য দৃষ্টি দিয়াছেন। তিনি ভগবৎ দর্শনের কাজল পরাইয়া আমাকে জ্ঞানের গঙ্গায় নিমজ্জিত করিয়াছেন।)

গোরা জন্মগ্রহণ করেন ১২৬৭ খৃঃ। পূর্ব্বেই বলিয়াছি, তিনি ছিলেন জাতিতে কুম্ভকার। তিনি জ্ঞানদেবের প্রায় আট বৎসরের বড়। সমসাময়িক সাধুগণের মধ্যে সকলের চাইতে অধিক বয়স্ক বলিয়া সকলেই তাহাকে "গোরা খুড়ো" বলিয়া ডাকিত। তিনি তেরধোকী নামক গ্রামে বাস করিতেন। তিনি ভগবৎ প্রেমে এমন মাতিয়া থাকিতেন, যে, বহির্জ্জগতের কোন জ্ঞানই থাকিত না। একদিন তিনি হাঁড়ি তৈরী করিবার জন্য মৃত্তিকার উপরে হরিনাম কীর্ত্তন করিয়া নাচিতেছিলেন। কথিত আছে, এই সময় তাহার শিশু সন্তানটী পায়ের কাছে আসিয়া পড়িলেও তিনি সেদিকে দৃষ্টিপাত না করিয়া মৃত্তিকা দলন করিতেছেন ভাবিয়াই শিশুটীকে পায়ের তলায় পিষিয়া ফেলিলেন। যখন গোরার জ্ঞান হইল, তিনি দেখিলেন তাহার শিশুটী

ঐ ভাবে মরিয়া গিয়াছে। গোরা ভগবানের ধ্যানে বসিলেন। ভক্তানুগ্রহকারী ভগবান তাঁহার অমৃত দৃষ্টি দ্বারা শিশুটিকে বাঁচাইয়া দিলেন।

তিনি অনাহত শুনিয়া বলিয়াছিলেন—আমার সাধনার জীবনে জয়ধ্বনি শুনিয়াছি। বেদ নেতি নেতি বলিয়া যে পরম তত্ত্বের নির্দ্দেশ করেন এই অনাহত ধ্বনির মধ্যে তাহার নিত্য প্রকাশ। তিনি নামদেবকে এই নাদামৃত আস্বাদনের জন্য বারবার উপদেশ করিয়াছেন। তিনি স্বয়ং ভগবানের চিন্তায় প্রমত্ত হইয়া গিয়াছিলেন। তাহার মনে হইত যেন তাহাকে ভগবান পাইয়া বসিয়াছেন। তিনি এই অবস্থায় কর্ম বা অকর্ম সকল অবস্থার অতীত হইয়া গিয়াছিলেন। তিনি জীবন্মুক্ত হইয়া অসীম আনন্দের অধিকারী হইয়াছিলেন। তিনি বলেন, মৌনভাবের মধ্য দিয়া অনুভূতির আনন্দ প্রকাশ হয়। বাক্ শক্তি রহিত ব্যক্তি যেরূপ শর্করার মধুরতা বর্ণনা করিতে অসমর্থ সেইরূপ আত্মানন্দ অনুভবের কথাও বলিয়া বুঝানো অসম্ভব। সংসারাসক্ত লোক উহা কিরূপে বুঝিবে। তাহাদের এই আধ্যাত্মিক আনন্দে যে মোটে অধিকার নাই।

জ্ঞানদেব হইতে সমর্থস্বামী রামদাস পর্যন্ত সাধু সন্তগণ মহারাষ্ট্র সাহিত্যে যে ধার্মিক ও সাহিত্যিক সংযোজনা করিয়াছেন উহা শুধু মারাঠী সাহিত্যের নয় সমগ্র ভারতীয় সাহিত্যের এক পরম গৌরবময় অধ্যায়। মারাঠী সাহিত্যে পূর্ব, পশ্চিম, উত্তর ও দক্ষিণ ভারতের বিভিন্ন সাধনার ধারা ও দার্শনিক চিন্তাধারার মধুময় সমন্বয়ের আদর্শ দেখা যায়। মূলতঃ বিভিন্ন ধর্মপ্রাণসাধুগণের ভাবধারার মাধ্যমে যে এক পরম সত্যেরই সন্ধান চলিয়াছে অনাদি কাল হইতে, মারাঠী

সাহিত্য এই রহস্য উদাত্ত কণ্ঠে ঘোষণা করিয়াছে। নিবৃত্তি, জ্ঞানদেব, সোপান, মুক্তাবাঈ, চাঙ্গদেব প্রভৃতি সাধুগণ গ্রন্থ ও অভঙ্গ রচনা দ্বারা যোগ জ্ঞান ও ভক্তিবাদের মহিমা কীর্তন করিয়াছেন। পরবর্তী নামদেব গোরা কুম্ভার, বিসোবা খেচর, সাঁওতা মালী, নরহরি সোনার, চোখা-মেলা, জনাবাঈ, সেনা, কাহ্নোপাত্রা প্রভৃতি বিভিন্ন শ্রেণীর সাধুগণের অভঙ্গে গানে সেই মহা সঙ্গীতের সুর বাজিয়া উঠিয়াছে, যাহা ভারতের উপনিষদসত্যের সঙ্গীত। ইঁহাদের পরবর্তী ভানুদাস, জনার্দনস্বামী, একনাথ। ইঁহাদের দানও মারাঠী সাহিত্যে অনবদ্য। সাধুগণের মুকুটমণি সদৃশ তুকারাম ও সমর্থ-স্বামী রামদাস ইঁহাদের তো আর তুলনাই নাই। কথিত আছে, সন্ত তুকারাম লক্ষ অভঙ্গ রচনা করিয়াছিলেন। এই সকল অভঙ্গ মধ্যে কয়েক হাজার মাত্র প্রকাশিত হইয়াছে। রামদাস স্বামীর 'দাসবোধ' প্রসিদ্ধ গ্রন্থ। ভাগবত একাদশ-স্কন্ধ অবলম্বনে রচিত এই গ্রন্থ মারাঠী জীবনে অভিনব প্রেরণা দান করিয়াছে। দাসবোধ গ্রন্থে কর্মযোগের যে মীমাংসা আছে উহা মহারাষ্ট্রে নবপ্রাণনা জাগ্রত করিয়াছিল। মারাঠী সাহিত্যে জ্ঞান-দেবের মত জ্ঞানী, নামদেব ও তুকারামের মত ভক্তিযোগী, আর রামদাসের ন্যায় কর্মযোগী জন্মগ্রহণ করিয়া এই সাহিত্যকে বিভিন্ন প্রকারে সমৃদ্ধ করিয়াছেন এবং জাতীয় জীবনে এক আদর্শ স্থাপন করিয়াছেন।

জ্ঞানেশ্বরের চারখানি গ্রন্থ বলা যায়—(১) জ্ঞানেশ্বরী (২) অমৃতানুভব (৩) অভঙ্গ (৪) চাঙ্গদেব পাসষ্টী। অন্যান্য কতগুলি প্রকরণ গ্রন্থও তাহার নামে চলে তবে অভিজ্ঞগণের মতানুসারে বলিতে হয় এই চারখানিই তাহার মূল গ্রন্থ।

জ্ঞানেশ্বরীমূল—জ্ঞানদেব বলিয়াছেন তিনি সচ্চিদানন্দবাবাকে

লেখক করিয়া জ্ঞানেশ্বরী লিখিয়া লইয়াছেন। উহার পর একনাথ (১৫৮৪ খৃঃ) সেই মূল ওবীছন্দে লিখিত জ্ঞানেশ্বরীকে পুনরায় সংস্কার করেন।

জ্ঞানেশ্বরের তিনশত বৎসর পর একনাথ জন্মগ্রহণ করেন। একদা তিনি কণ্ঠরোগে আক্রান্ত হন। জ্ঞানদেব একনাথকে স্বপ্নে দর্শন দান করেন।

শ্রীজ্ঞানদেবঁ যেউনী স্বপ্নাপ্ত।
সাংগিতলী মাত মজলাগীঁ ॥

জ্ঞানদেব বলিলেন—আলন্দীতে অজানবৃক্ষের একটি শিকড় তোমার কণ্ঠদেশে লাগিয়া আছে। আলন্দীতে শীঘ্র যাইয়া উহা খুলিয়া এস।" এই স্বপ্ন দেখিয়া অনতিবিলম্বে একনাথ আলন্দীতে গেলেন। জনার্দনস্বামীর যোগ্যতম শিষ্য একনাথ জ্ঞানেশ্বরের সমাধিস্থানে উপস্থিত হইলেন। নদীর মধ্যদিয়া সুরঙ্গপথে সেই সমাধিস্থানে তিনি প্রবেশ করেন।

ঐসেঁ স্বপ্ন হোতা আলো অলংকাপুরী।
তংব নদীমাঝারঁ দেখিলে দ্বার।

বর্ত্তমানে সেই সমাধিস্থানটি আলন্দীতে সিদ্ধেশ্বর লিঙ্গমূর্ত্তির নিকটবর্ত্তী বৃষমূর্ত্তির নীচে একটি স্থান বলিয়া দেখানো হয়। একটি ছোট গর্ত্ত সেখানে আছে। মনে হয় এই শিবমন্দিরের পার্শ্বদেশেই ইন্দ্রায়ণী নদী ছিল হয়তো নদীর বক্ষেই এই মন্দির ছিল এবং নদীর জলে সেই স্থানটি এককালে বিধৌত হইত। সে যাহাই হউক একনাথ সেই গর্ত্ত দ্বারা প্রবেশ করিয়া জ্ঞানেশ্বরের সমাধিস্থানে তাঁহার অনুগ্রহ আশীর্ব্বাদ লাভ করেন ইহাতে সন্দেহ নাই। একনাথস্বামী অতি সন্তর্পনে জ্ঞানেশ্বরীর সংস্কার করেন এবং বলেন এই জ্ঞানেশ্বরীতে যদি

কেহ কোনো নতুন কবিতার সংযোগ করেন তাহা হইলে উহা একান্ত অশোভন হইবে। অমৃতের থালায় নারিকেল পরিবেশনের মতই উহা ব্যর্থ প্রয়াস হইবে। এই সকল উক্তিতে বুঝা যায় অতি সন্তর্পণে কোনো কিছু বিকৃত না করিয়াই জ্ঞানেশ্বরীর স্থানে স্থানে একনাথস্বামী সাধারণের বোধগম্য করিবার জন্য কিছু সংস্কার করিয়াছেন। পরবর্ত্তী তিনশত বৎসর একনাথ সংস্কৃত জ্ঞানেশ্বরীই সর্ব্বজন মান্য হইয়া আলোচনার বিষয় হইয়াছে। অধুনা প্রকাশিত জ্ঞানেশ্বরীতে ৮৮৯৬টি ওবীছন্দে কবিতা আছে আর এক নাথের সংস্করণে ৯০০০ ওবী।

এখন হইতে প্রায় ২০০ বৎসর পূর্বে শ্রীঅচ্যুত মহারাজ নামে এক মহাপুরুষ জন্মগ্রহণ করেন। জ্ঞানেশ্বরী পাঠ ও উপলব্ধির জন্য তাঁহার তীব্র আকাঙ্ক্ষা হয়। জ্ঞানেশ্বরের সাক্ষাৎ অনুগ্রহ লাভের জন্য তিনি আলন্দীস্থিত সমাধি মন্দিরে উপস্থিত হইলেন। এইস্থানে জ্ঞানেশ্বরের দর্শনার্থী হইয়া তিনি ২৭ দিন উপবাস ব্রত করেন। তাহার দৃঢ় সঙ্কল্পে জ্ঞানেশ্বর মহারাজ তাঁহাকে স্বপ্নে দর্শন দান করিলেন। অচ্যুতের মাথায় হাত দিয়া তিনি আশীর্বাদ করিলেন জ্ঞানেশ্বরীর তাৎপর্য্য তোমার উপলব্ধি হউক। সেই হইতে এই গ্রন্থ তাহার পরম শ্রেষ্ঠ অবলম্বন হইল। তিনি ব্যাখ্যায় সহস্র সহস্র লোককে আনন্দ দান করিতে লাগিলেন। বহু ধর্ম্মার্থী তাহার শিষ্যত্ব গ্রহণ করিল।

রামচন্দ্র পন্থ জোশী বড় ধনী। ইনিও তাহার ত্যাগ বৈরাগ্য দান প্রভৃতি সদ্‌গুণে অচ্যুত মহারাজের শিষ্য হইলেন। ইহার প্রসিদ্ধ নাম সাখরে বোবা আর সন্ন্যাস নাম ব্রহ্মানন্দস্বামী। গুরু পরম্পরায় ইঁহার অধস্তন শিষ্য নানামহারাজ সাধনায় ও জ্ঞানেশ্বরী প্রচারে ছিলেন তৎকালে অদ্বিতীয়। ১৯০৩ খৃষ্টাব্দে তিনি সমাধি লাভ করেন।

জ্ঞানেশ্বরের অনুগ্রহে নানামহারাজের কণ্ঠে ছিল সমগ্র জ্ঞানেশ্বরী। তাঁহার ব্যাখ্যা যাহারা শুনিতেন— কথিত আছে তাহারা ভক্তিলাভ করিয়া ধন্য হইতেন সমগ্র আয়ু তিনি জ্ঞানেশ্বরীর আলোচনায় অতিবাহিত করেন। নানামহারাজের আনুগত্যে কৃষ্ণাজী পরশুরাম ভিড়ে ১৯০৫ খৃঃ জ্ঞানেশ্বরী মূল ও ব্যাখ্যা (মারাঠী) পুণা হইতে সংস্করণ প্রকাশ করেন। জ্ঞানেশ্বরী বেদের মত পবিত্র মনে করিয়া এই গ্রন্থ প্রকাশনে বিশেষ সাবধানতা অবলম্বন করা হয়। পুণা হইতে প্রকাশিত গ্রন্থখানি বরোদার শ্রীশঙ্কর গণেশ শার্ঙ্গপানি মহোদয় (Economic Botanist to the Govt. of Bengal) আমাকে অনুবাদ করিতে দিয়াছিলেন। তাঁহার উৎসাহে ১ম অধ্যায় হইতে ১২শ অধ্যায় পর্য্যন্ত মুদ্রিত হয় এবং ১৩৪১ বঙ্গাব্দে ঢাকা হইতে প্রকাশিত হয়। দেশের বিপর্য্যয়ে গ্রন্থগুলি নষ্ট হইয়া যায়। ১৩৫৮ সন হইতে ১৩শ অধ্যায় হইতে ক্রমে ১৮শ অধ্যায় পর্য্যন্ত মৎসম্পাদিত 'সংকর্ষণ' ও 'প্রাণ গৌর' পত্রিকায় ধারাবাহিক ভাবে প্রকাশিত হয়। পরমারাধ্য ওঁ বিষ্ণুপাদ অতুলকৃষ্ণ গোস্বামী শ্রী গুরুদেবের কৃপায় জ্ঞানেশ্বরীর অনুবাদ ১৩৪৩ সন ২৯শে আশ্বিন বৃহস্পতিবার রাত্রি ৯॥ টায় সমাপ্ত হয়। এই অনুবাদকালে জ্ঞানদেবের অনুগ্রহ প্রত্যক্ষ ও পরোক্ষভাবে লাভ হইয়াছে ইহা স্বীকার করিতেই হইবে। তাঁহার কৃপা ভিন্ন মাদৃশ অজ্ঞের এই গ্রন্থ বিষয়ে আর কোনো অবলম্বন ছিল না।

গ্রন্থ প্রকাশে উৎসাহ প্রদান করিয়াছেন আমার পূজনীয় অধ্যাপক বিশ্ববরেণ্য মহামহোপাধ্যায় ৺হরপ্রসাদ শাস্ত্রী এবং মহোপাধ্যায় ৺গুরুপ্রসন্ন বেদান্তশাস্ত্রী। হঠযোগ আসন, মুদ্রা বিষয়ে আমার বন্ধু রামকৃষ্ণভাণ্ডারী মহোদয় সহায়তা করেন। ইঁহাদের স্মৃতি আমাকে পবিত্র করে।

জ্ঞানেশ্বরীর এই প্রকাশনে আমাকে উৎসাহিত করিয়াছেন মহাত্মা শ্রীসীতারামদাস ওঁকারনাথজী মহারাজ, মহা-মহোপাধ্যায় শ্রীকালীপদ তর্কাচার্য, সর্বশ্রী পুষ্পিতারঞ্জন মুখোপাধ্যায়, বারাণসীর সুপ্রসিদ্ধ মনীষী গোপীনাথ কবিরাজ, ডঃ শ্রীকুমার বন্দ্যোপাধ্যায়, ডঃ শশিভূষণ দাশগুপ্ত, প্রাণাচার্য বিমলানন্দ তর্কতীর্থ, কবিরাজ বিভূতি মুখোপাধ্যায় মহোদয় এবং আরও অনেকে। তাঁহাদের সমীপে আমার অন্তরের কৃতজ্ঞতা জানাই।

ভারতের প্রতিরক্ষা মন্ত্রী মাননীয় শ্রী ওয়াই, বি, চ্যবন মহোদয় মহারাষ্ট্রের মুখ্য মন্ত্রীপদে অধিষ্ঠিত থাকাকালে এই গ্রন্থের বিস্তৃত ভূমিকা লিখিয়াছেন। উহাতে জাতীয়-সংহতি, ভারতীয় সংস্কৃতি ও অধ্যাত্ম বিদ্যার সমন্বিত রূপায়ণে তিনি অভূতপূর্ব আলোকপাত করিয়াছেন; ইহার জন্য তাঁহাকে আন্তরিক কৃতজ্ঞতা জ্ঞাপন করি।

গীতার শ্লোক সংখ্যা সম্বন্ধে বহু সমস্যা আছে, আর পাঠ ব্যতিক্রমও অনেক। শ্রীকৃষ্ণচৈতন্য মহাপ্রভুর প্রিয় গদাধর পণ্ডিতের স্বহস্ত লিখিত ভরতপুর পুঁথিতে গীতার শ্লোক সংখ্যা ৭৪৫টি দেওয়া আছে। প্রচলিত গীতায় ৭০০ শ্লোক পাওয়া যায়। আচার্য্য শঙ্কর ১ম অধ্যায় ১ম শ্লোক এবং ১৩শ অধ্যায় ১ম শ্লোক ব্যাখ্যা করেন নাই। জ্ঞানেশ্বর সম্ভবতঃ তাঁহার অনুসরণ করিয়াই ১৩শ অধ্যায়ের প্রথম শ্লোক উল্লেখ করেন নাই।

"অর্জুন উবাচ

প্রকৃতিংপুরুষঞ্চৈব ক্ষেত্রং ক্ষেত্রজ্ঞমেব চ।
এতদ্ বেদিতুমিচ্ছামি জ্ঞানং জ্ঞেয়ং চ কেশব ॥"

এই অংশ জ্ঞানেশ্বরীতে দেওয়া হয় নাই।

রসশালা ঔষধাশ্রম গণ্ডাল কাঁথিওয়ার হইতে ১৬৬৫ সংবতে লিখিত পুঁথি অনুসারে প্রকাশিত ভোজপত্রী গীতায় ৭৪৫ শ্লোক আছে।

৭৪৫ শ্লোকযুক্ত আরও একখানা গীতা মাদ্রাস হইতে প্রকাশিত হইয়াছে। উহাতে প্রচলিত গীতার শ্লোক ছাড়িয়া মহাভারতের বাছাইকরা ৮২টি শ্লোক যোগ করা হইয়াছে। অধ্যায় সংখ্যাও বৃদ্ধি করিয়া ২৬ করা হইয়াছে। আমরা মহারাষ্ট্র সংস্করণের পাঠ ও শ্লোক-সংখ্যা অনুসরণ করিয়াছি।

প্রুফ দেখার ত্রুটি যাহা রহিয়া গেল সামাজিক পাঠক উহা ক্ষমার দৃষ্টিতে সংশোধন করিয়া নিবেন।

বিনয়াবনত

প্রাণকিশোর গোস্বামী

জ্ঞানেশ্বরী

-০:*:০-

অর্জ্জুন বিষাদ

প্রথম অধ্যায়

হে প্রণবস্বরূপ পরব্রহ্ম, তোমাকে নমস্কার। তুমি আদ্য এবং নিখিল বেদপ্রতিপাদ্য। হে পরমাত্মস্বরূপ, তুমি স্বসংবেদ্য, তোমার জয় হউক্। নিবৃত্তিদাস জ্ঞানদেব বলিতেছেন—"তুমিই সকল জ্ঞানের প্রকাশক গণেশস্বরূপ। বুদ্ধি প্রকাশে তুমি একেশ্বর। হে পূর্ণাঙ্গ বেদস্বরূপ, তোমার মূর্ত্তি অপূর্ব্ব সৌন্দর্য্য-মণ্ডিত। তোমার অঙ্গকান্তি নির্দ্দোষ। এই রূপ লইয়া তুমি বিরাজিত আছ। মন্বাদি স্মৃতিশাস্ত্র তোমার সর্ব্বাবয়ব। তোমার আঙ্গিকভাব সকল দর্শনীয়। স্মৃতিশাস্ত্রের অর্থশোভা তোমার অঙ্গের লাবণ্যখনি। অষ্টাদশ মহাপুরাণ তোমার অঙ্গের মণিভূষণ। পুরাণের শব্দসমূহ তাৎপর্য্যার্থ বা প্রমেয়-রূপ রত্ন খচিত করিবার গর্ভ। উত্তম পদলালিত্য তোমার রঙ্গীন বসন। শব্দ-অলঙ্কার উজ্জ্বল বিবিধ প্রকার বর্ণ। কৌতুকের সহিত নির্দ্ধারিত হইলে কাব্য এবং নাটককে তোমার

কটিবন্ধভূষণ বলিয়াই দেখা যায়। সেই কাব্য এবং নাটকের অর্থধ্বনি মধুর শব্দময় ক্ষুদ্র ঘণ্টিকা বা ঘুগুরা। বিবিধ তাৎপর্য্যবোধক বর্ণনার নৈপুণ্য ও কুশলতা ঘুগুরার মধ্যে মধ্যে মহামূল্য মণির মত দেখায়। বেদব্যাস প্রভৃতির বুদ্ধি তোমার মেখলারূপে শোভা পাইতেছে। বুদ্ধির তীক্ষ্ণতা মেখলার অগ্রভাগ রূপে ঝলমল করিতেছে। ষড়্ দর্শন তোমার ভুজের আকৃতি এবং বিভিন্ন মতবাদগুলি করস্থিত অস্ত্র; তর্কশাস্ত্র পরশু, নীতিশাস্ত্র অঙ্কুশ এবং বেদান্ত রসময় লড্ডুক তোমার হস্তে শোভা পাইতেছে। এক হস্তে খণ্ডিত দন্ত বার্ত্তিককারকর্ত্তৃক খণ্ডিত অসংবাদ বৌদ্ধমতের প্রতিনিধি, বরদায়ক কর-কমল ব্রহ্মবিষয়ক সদ্বাদসূচক। ধর্ম্মের প্রতিষ্ঠা যাহাতে হয় উহা তোমার অভয় হস্ত। সরল ব্রহ্মানন্দের, পরমানন্দরূপ তোমার সুবিমল বিবেকময় সরল শুণ্ডদণ্ড দেখা যাইতেছে। সিদ্ধান্ত-সংবাদ সরল ও অখণ্ডিত শুভ্র দন্ত। দন্তের শুভ্রবর্ণ সমতার প্রতীক, সমভাবরূপ জ্ঞানদৃষ্টি তোমার সূক্ষ্ম নেত্র। উত্তর ও পূর্ব্ব—এই দুই মীমাংসা-শাস্ত্র তোমার কর্ণযুগল, বোধামৃত বিগলিতমদধারা, উহা মুনিগণরূপী অলিকুলনিষেবিত। শাস্ত্র-তাৎপর্য্য বা প্রমেয়-সমূহ গণ্ডস্থলে প্রবালের শোভা বিস্তার করিতেছে। দ্বৈতাদ্বৈত-সিদ্ধান্ত দুই গণ্ড। উদার জ্ঞানমকরন্দে পরিপূর্ণ দশ উপনিষদ্-রূপ সুগন্ধি কুসুমমুকুট শিরোদেশে সুন্দর শোভা পাইতেছে। প্রণবের অন্তর্গত **অ**কার তোমার চরণযুগল, **উ**কার তোমার

বিশাল উদর, মকার মহামণ্ডল তোমার শিরোদেশ। এই তিনটী বর্ণকে একত্র করিয়া তুমি শব্দব্রহ্ম ওঁকাররূপী হইয়াছ। হে * আদিবীজ! শ্রীগুরুকৃপায় তোমাকে নমস্কার করিতেছি।

এখন অভিনব বাগ্‌বিলাসিনী, চাতুর্য্য-কলাবিদ্যার অধি-স্বামিনী, বিশ্ববিমোহিনী শ্রীসরস্বতি! তোমাকে নমস্কার করি। আমার হৃদয়াভ্যন্তরে যে সদ্‌গুরু বাস করিতেছেন তাঁহার কৃপায় বিশাল সংসারবন্যা পার হইয়াছি; তাঁহার প্রেরণায় আমার বিবেকবিচারে অতিশয় আদর বাড়িয়াছে। নয়নে অঞ্জন ব্যবহারে যেরূপ দৃষ্টিশক্তির দোষ দূর হইয়া যায় এবং ভূমিগত দ্রব্যের দর্শন হয় অথবা চিন্তামণি হস্তগত হইলে যেরূপ সর্ব্বপ্রকার মনোবাসনা পূর্ণ হয়, জ্ঞানদেব বলিতেছেন আমার গুরু শ্রীনিবৃত্তিনাথের কৃপায় আমি সেইরূপ পূর্ণকাম হইয়াছি। যেরূপ মূলসেচনে শাখাপল্লবের সন্তোষ হয় সেইরূপ যিনি শ্রীগুরুর সেবা করিবেন তিনিই কৃতকার্য্য হইবেন; কিংবা ত্রিভুবনের সকল তীর্থে স্নান করিয়া যে পুণ্যসঞ্চয় হয়, সকলের শ্রেষ্ঠ সমুদ্রে স্নান করিলে সেই পুণ্যই হয়। অথবা অমৃতরস আস্বাদন করিলে যেরূপ সকল

---

* নিবৃত্তিদাস জ্ঞানদেব শ্রীগীতার মুখবন্ধে বেদপ্রতিপাদ্য মহাবাক্য প্রণবকে আদিবীজ এবং শ্রীগণেশের স্বরূপ বলিয়া বর্ণনা করিতেছেন। উপনিষদ্, পুরাণ, স্মৃতি ও দর্শন শাস্ত্র প্রভৃতি এই প্রণবময় শ্রীগণেশের মধ্যেই ভাবনাদ্বারা বিঘ্নদূরপূর্ব্বক স্বাভীষ্ট শ্রীগীতাভাষ্যের মঙ্গলাচরণ করিতেছেন।

রস সেবনকরা হয় ও মনোবাসনা পূর্ণ হয়, সেরূপ সর্ব্ব ঈপ্সিত কামনাপূরণকারী শ্রীগুরুকে আমি বারংবার বন্দনা করি।

অনন্তর সকল কৌতুককাহিনীর জন্মস্থান গূঢ় রহস্যময় কথা শ্রবণ করুন। ইহা বিবেক-তরুর অভিনব উদ্যান, অথবা সর্ব্বসুখদায়ক প্রেমের মহানিধি অথবা নব রসের পরিপূর্ণ অমৃতসাগর অথবা ইহা মোক্ষের পরমধাম। সকল বিদ্যার মূলপীঠ, নিখিল শাস্ত্রের আশ্রয়, আরও কি না সকল ধর্ম্মের পিতৃগৃহ * সজ্জনের জীবনদেবী সরস্বতীর লাবণ্যের রত্নভাণ্ডার। বিবিধ আখ্যানরূপা এই বাণী মহামতি ব্যাসদেবের মধ্য দিয়া ত্রিজগতে প্রকাশিতা হইয়াছেন। অতএব এই গ্রন্থ কাব্যের নৃপতি, গৌরবের নিলয়, শৃঙ্গারাদি সকল রসের রসালতা ইহা হইতেই হইয়া থাকে। ইহা হইতেই সর্ব্বশাস্ত্রসম্বন্ধি জ্ঞান এবং আত্মবোধের দ্বিগুণিত কোমলতা লাভ হয়। আরও শুনুন, তত্ত্বার্থজ্ঞান এবং সৌভাগ্যের বৃদ্ধিও ইহা হইতেই হইয়া থাকে। মাধুর্য্যময় বস্তুর মাধুরী—শৃঙ্গারের সৌন্দর্য্য—যোগ্য বস্তুর শ্রেষ্ঠত্ব এই মহাভারত কথা হইতে ভাল করিয়া বোধ হইয়া থাকে। ইহাই কলাবিদ্‌গণের কলাকৌশল পুণ্যবানের প্রবল প্রতাপ, আরও কি ইহাই অবলীলাক্রমে জনমেজয়ের ব্রহ্মহত্যাজনিত দোষহরণকারী। ইহার অতি অল্প

* মূলে আছে "মাহের" অর্থাৎ "মায়ের বাড়ী"। বাংলা রীতিসিদ্ধ প্রতিরূপ "বাপের বাড়ী"।

পরিমাণে আলোচনা করিলেও শৃঙ্গারাদি রসের সৌন্দর্য্য উপলব্ধি হয় এবং কোন্ গুণের কতখানি সামর্থ্য তাহার পরিচয় পাওয়া যায়।

উজ্জ্বল সূর্য্যকিরণে যেরূপ ত্রিলোক উদ্ভাসিত হয়, সেইরূপ ব্যাসদেবের বুদ্ধিকবলিত বিশ্ব শোভা পাইতেছে। অথবা সুক্ষেত্রে বীজ বপন করিলে যেরূপ উহা আপনিই সমগ্রভাবে বিস্তারিত হয়, সেইরূপ মহাভারত-কথা সর্ব্ব বিষয়েই প্রসার লাভ করিয়াছে; অথবা নগরে বাস করিলে যেরূপ লোক বিলাসপ্রিয় নাগরিক হয়, সেইরূপ ব্যাসদেবের উক্তিতে সকল বিষয়কেই জ্ঞানোজ্জ্বল করিয়া তুলিয়াছে। অথবা প্রথম যৌবনোদ্গমে অঙ্গনাগণ যেরূপ নব নব অঙ্গলাবণ্য ধারণ করে, অথবা মধুমাস সমাগমে উদ্যানবাটিকা যেরূপ বনের সৌন্দর্য্যখনি আবিষ্কার করিয়া সমধিক শোভা ধারণ করে, অথবা পুঞ্জীভূত স্বর্ণ যেরূপ অলঙ্কাররূপে পরিণত হইয়া সমধিক শোভা বিস্তার করে, সেইরূপ ব্যাসের উক্তি মহাভারতের আশ্রয়ে ইতিহাস-কথা অধিকতর সৌন্দর্য্যমণ্ডিত হইয়াছে। অথবা সর্ব্ব পুরাণ-কথা মহাভারতের অন্তর্গত হইয়া জগতে প্রসিদ্ধি লাভ করিবে বলিয়া উহার শরণ লইয়াছে—অতএব যে কথা মহাভারতে নাই তাহা ত্রিলোকেও নাই। এইজন্যই বলা হয় ত্রিজগৎ ব্যাসের উচ্ছিষ্ট। জগতের সুরস-কথা, যাহা পরমার্থের জন্মভূমি, এই মহাভারত জনমেজয়ের নিকট বৈশম্পায়ন বর্ণন করিয়াছিলেন; সেই কথা অদ্বিতীয়, উত্তম, একমাত্র পবিত্র

বস্তু, উপমারহিত এবং পরমমঙ্গলনিধান বলিয়া অবধারণ করিবে। মহাভারত একটী কমলসদৃশ, শ্রীভগবান্ কর্ত্তৃক অর্জ্জুনের প্রতি উপদিষ্ট শ্রীগীতা নামক প্রসঙ্গ সেই কমলের পরাগ। অথবা ব্যাসদেব আপন বুদ্ধিদ্বারা শব্দব্রহ্ম-সমুদ্র মন্থন করিয়া যে নবনীত তুলিয়াছেন গীতা সেই নবনীত। সেই নবনীতকে জ্ঞানরূপ অগ্নির বিচাররূপ মন্দ জ্বাল দিয়া অতিশয় রুচিজনক ঘৃত পাক করা হইয়াছে,—যাহা বৈরাগ্যবান্ জন-মাত্রেই পাইবার অভিলাষ করিয়া থাকে, সুধীমাত্রেই সেবন করে এবং ব্রহ্মনিষ্ঠ যাহাতে পরমানন্দ লাভ করিয়া থাকে। ইহাই সেই ভক্তগণের পরম শ্রোতব্য, ত্রিজগতে আদি বন্দনীয় ভীষ্মপর্ব্বের অন্তর্গত শ্রীমদ্ভবদ্গীতা—ব্রহ্মা ও শঙ্করকর্ত্তৃক প্রশংসিত এবং আদরের সহিত সনকাদি মুনিগণসেবিত। শরৎকালের পূর্ণচন্দ্রের সুশীতল অমৃত আস্বাদন করিবার জন্য চকোর যেরূপ আকুলতা প্রদর্শন করে, তদ্রূপ শ্রোতৃবৃন্দ চিত্তকে একাগ্র করিয়া গীতার অনুভব করুন। আরও এই গীতাকথা আস্বাদন করিবার সময়ে ইন্দ্রিয়ের সমস্ত বৃত্তি ভুলিয়া যাইবেন, উহাদিগকে জানিতে দিবেন না। ভ্রমর কমলের মধু আস্বাদন করিবার সময় যেরূপ উহার দলগুলিকে জানিতেও দেয় না, অর্থাৎ অতি সন্তর্পণে মধুপান করে, সেইরূপ অতি সন্তর্পণে ইন্দ্রিয়গণকে জানিতে না দিয়া এই গ্রন্থ আস্বাদন করিবেন। অথবা চন্দ্রোদয়ে কুমুদিনী যেরূপ আপনার স্থান পরিত্যাগ না করিয়াও কুমুদবন্ধুকে প্রীতিময় আলিঙ্গন করিবার

রীতি জানে, সেইপ্রকার গাম্ভীর্য্য ও অন্তঃকরণের স্থৈর্য্য লাভ করিলে এই গ্রন্থের রহস্য লাভ হইতে পারে। এই গীতা-শ্রবণে অর্জ্জুনের যে যোগ্যতা সেইদিকে সাধুগণ একবার লক্ষ্য করিবেন। আপনাদের হৃদয় গাম্ভীর্য্য-পূর্ণ ও অতি প্রশস্ত: আমি বালকের মত আপনাদের চরণে প্রার্থনা করিতেছি। মাতাপিতার নিকটে শিশুর অস্ফুট প্রলাপ যেরূপ অতিশয় সন্তোষেরই হেতু হইয়া থাকে, সেইরূপ সহজেই ক্ষমাশীল আপনারা আমাকে অঙ্গীকার করুন—এই প্রার্থনা। আমার অপরাধ ত প্রচুরই আছে যেহেতু আমি গীতার্থকে স্পষ্ট করিবার স্পর্দ্ধা করিয়াছি। গীতার্থপ্রকটন কার্য্য অতিশয় কঠিন হইলেও আমার চিত্তে ব্যর্থ ধৈর্য্যের উৎপত্তি করিয়া দিয়াছে—খদ্যোত সূর্য্যকে প্রকাশ করিতে চেষ্টা করিলে উহা যেরূপ হাস্যাস্পদ হয়, গীতার্থপ্রকাশে আমার চেষ্টাও তদ্রূপ। অথবা টিট্টিভ-পক্ষী* ক্ষুদ্র চঞ্চুদ্বারা সাগরের জল শূন্য করিতে যেরূপ চেষ্টিত হইয়াছিল সেইরূপ আমিও গীতার্থপ্রকাশে প্রবৃত্ত হইয়াছি।

* একদা এক ক্ষুদ্র টিট্টিভ সমুদ্র তীরে বাস করিত। সমুদ্রের তটপ্রদেশে সে যথাকালে ডিম্ব প্রসব করিয়া গর্ত্তের মধ্যে সযত্নে রক্ষা করিতেছিল। হঠাৎ সমুদ্রের প্লাবনে তাহার ডিম্বগুলিকে সমুদ্র জল ভাসাইয়া লইয়া গেল। ক্ষুদ্র পক্ষী ডিম্বহারা হইয়া ক্রোধে সমুদ্রের জল তাহার ক্ষুদ্র চঞ্চুদ্বারা একটু একটু করিয়া সেচন করিবার চেষ্টা করিতে লাগিল। দয়ার্দ্রচিত্ত দেবর্ষি নারদ তাহার চেষ্টা দেখিয়া ও

আকাশ হইতে বৃহদাকার না হইলে আকাশকে করতলগত করা যেরূপ অসম্ভব, আমার পক্ষেও গীতার তাৎপর্য্য নির্দ্ধারণ করা সেইরূপই অসম্ভব। ভগবান্ শঙ্কর এই নিখিল গীতার্থ বর্ণন করিলে উহা শুনিয়া দেবী ভবানী চমৎকৃতা হইয়া শঙ্করকে প্রশ্ন করিয়াছিলেন। তাঁহাকে শঙ্কর উত্তর দিয়াছিলেন,—"হে মায়াদেবি! তোমার স্বরূপের যেরূপ অন্ত পাওয়া যায় না সেরূপ গীতাতত্ত্ব ও নিত্য নূতন রূপে দৃষ্ট ও আস্বাদিত হয়—উহারও অন্ত পাওয়া যায় না। বেদার্থসাগর ভগবানের যোগ-নিদ্রায় আবির্ভূত, গীতা সর্ব্বেশ্বরের জাগ্রদবস্থায়ই প্রকাশিত।" এই প্রকার যে অগাধ গীতাশাস্ত্র, যাঁহাকে দেখিয়া বেদ-পর্য্যন্ত স্তব্ধ হইয়া থাকে, সেই বিষয় বর্ণনায় মন্দমতি আমি কোথায় লাগি। হে অপার গীতাতত্ত্ব, তোমাকে কেমন করিয়া অধিগত করি—মহাতেজকে কেমন করিয়া উজ্জ্বল করি—মশকের মত ক্ষুদ্র হইয়া আকাশকে কেমন করিয়া মুষ্টিমধ্যে ধারণ করি।

দুঃখের কথা জানিয়া তাহার দুঃখ নিবারণের জন্য আশ্বাস দিলেন এবং গরুড়কে আহ্বান করিলেন। গরুড় শ্রীমহাবিষ্ণুর সহিত ঋষির আহ্বানে আগমন করিয়া অসহায় ক্ষুদ্র টিট্টিভেরও দুঃখ দূর করিয়া সমুদ্রকে তাহার ডিম্বগুলি ফিরাইয়া দিতে আদেশ করিলেন। দেবর্ষির কৃপায় টিট্টিভের দুঃখ দূর হইল—সমুদ্রজল সেচনের প্রয়োজন সিদ্ধ হইল। সেইরূপ জ্ঞানদেবও সদ্গুরু শ্রীনিবৃত্তিনাথের কৃপার ভরসায় সমুদ্র জল-সেচনের ন্যায় দুরূহ গীতার্থ বিচার করিতে প্রবৃত্ত হইয়াছেন।

জ্ঞানদেব বলিতেছেন, তবে এবিষয়ে আমার একটা ভরসা আছে যাহাতে ধৈর্য্য ধরিয়া আমি এই কার্য্যে প্রবৃত্ত হইতেছি, উহা এই যে, শ্রীগুরুদেব আমার প্রতি অনুকূল আছেন। আমার মত মূর্খ—যে অবিবেকীর সঙ্গেই ছিল—তাহার প্রতিও যে সাধুগণের কৃপালোক পড়িয়া অন্তর উজ্জ্বল করিয়া দিয়াছে ইহাই আমার পরম সৌভাগ্য। (পরশ পাথরের গুণে লৌহ স্বর্ণরূপে পরিণত হয়, অথবা অমৃতপান করিয়া মৃতও জীবিত হইয়া উঠে; সরস্বতীর কৃপা হইলে মূকও কথা বলিতে সমর্থ হয়; এ সকল বস্তুশক্তি। যে কামধেনুর শরণাগত হয়, তাহার কিছু অপ্রাপ্য থাকে কি? সেইরূপ আপনারা শ্রবণ করুন—আমিও এই গ্রন্থে প্রবৃত্ত হইলাম। আমি আপনাদের নিকট প্রার্থনা করি, ইহার মধ্যে ন্যূনতা পূরণ করিয়া লইবেন এবং যাহা অধিক তাহা সরাইয়া রাখিবেন—পরিত্যাগ করিবেন। অতএব অবধান করুন, আপনারাই আমাকে বলাইবেন। কাঠের পুতুল যেরূপ সূত্রাধীন হইয়া নৃত্য করে, আমার চেষ্টাও তদ্রূপ। আমি আপনাদের কৃপাদেশ পালন করিবার জন্য প্রস্তুত রহিয়াছি—অতএব আপনারা আপনাদের ইচ্ছামত নৃত্য করাইবেন। শ্রীগুরু বলিয়াছেন, অতএব গ্রন্থে অনতিবিলম্বে মন দাও। গুরু নিবৃত্তিদাসের আজ্ঞায় পরম উল্লাসে এই গ্রন্থে মন দিয়াছি।)

ধৃতরাষ্ট্র উবাচ

ধর্ম্মক্ষেত্রে কুরুক্ষেত্রে সমবেতা যুযুৎসবঃ।
মামকাঃ পাণ্ডবাশ্চৈব কিমকুর্ব্বত সঞ্জয় ॥ ১ ॥

তখন পুত্রস্নেহে মোহিত ধৃতরাষ্ট্র সঞ্জয়কে জিজ্ঞাসা করিলেন—কুরুক্ষেত্রের সংবাদ কি? যাহা ধর্ম্মক্ষেত্র বলিয়া কথিত সেই স্থানে যুদ্ধের জন্য পাণ্ডবগণ ও আমার পুত্রগণ গমন করিয়াছে। তবে তাহারা সেখানে এই পর্য্যন্ত কি করিতেছে তাহা অবিলম্বে আমাকে বল। ১।

সঞ্জয় উবাচ।

দৃষ্ট্বা তু পাণ্ডবানীকং ব্যূঢ়ং দুর্য্যোধনস্তদা।
আচার্য্যমুপসঙ্গম্য রাজা বচনমব্রবীৎ ॥ ২ ॥

সেই সময় সঞ্জয় বলিলেন—প্রলয়কালের সর্ব্বগ্রাসী মহাকালের মুখের মত পাণ্ডবসৈন্য অগ্রসর। এই প্রকারে পাণ্ডবসৈন্য একেবারে প্রস্তুত হইয়া—যেরূপ সমুদ্রমন্থনে কালকূট বিষ উঠে এবং বাড়বানল প্রলয়পবনকে আশ্রয় করিয়া সমুদ্র জল শোষণ করিয়া শূন্যে আকর্ষণ করে—সেইরূপ দুর্দ্ধর্ষ বিবিধ প্রকার ব্যূহ রচনা করিয়া পাণ্ডবগণ রহিয়াছে, যাহা দেখিয়া মনে ভয়ের সঞ্চার হয়। তবে হস্তিব্যূহ দেখিয়া যেরূপ সিংহের কিছুমাত্র ভয় হয় না, সেইরূপ পাণ্ডবসৈন্য-ব্যূহ দেখিয়াও দুর্য্যোধনের কিছুমাত্র ভয় নাই। দুর্য্যোধন দ্রোণাচার্য্যের নিকট গিয়া তাঁহাকে বলিল। ২।

পশ্যৈতাং পাণ্ডুপুত্রাণামাচার্য্য মহতীং চমূম্ ।
ব্যূঢ়াং দ্রুপদপুত্রেণ তব শিষ্যেণ ধীমতা ॥ ৩ ॥

হে আচার্য্য! পাণ্ডুপুত্রগণের সৈন্যবল দেখুন। অতি বুদ্ধিমান্ দ্রুপদকুমার ধৃষ্টদ্যুম্ন বিবিধ সৈন্যব্যূহ রচনা করিয়াছে—যাহা গতিমান্ গিরি-দুর্গের মত শোভা পাইতেছে। দেখুন, দেখুন, যাহাকে অস্ত্রশিক্ষা প্রদান করিয়া অস্ত্রবিদ্যায় পারদর্শী করিয়াছেন সেই ধৃষ্টদ্যুম্ন সৈন্যসমুদ্র মন্থন করিতেছে। ৩।

অত্র শূরা মহেষ্বাসা ভীমার্জ্জুনসমা যুধি ।
যুযুধানো বিরাটশ্চ দ্রুপদশ্চ মহারথঃ ॥ ৪ ॥
ধৃষ্টকেতুশ্চেকিতানঃ কাশীরাজশ্চ বীর্য্যবান্ ।
পুরুজিৎ কুন্তিভোজশ্চ শৈব্যশ্চ নরপুঙ্গবঃ ॥ ৫ ।
যুধামন্যুশ্চ বিক্রান্ত উত্তমৌজাশ্চ বীর্য্যবান্ । ।
সৌভদ্রো দ্রৌপদেয়াশ্চ সর্ব্ব এব মহারথাঃ ॥ ৬ ॥

এই যুদ্ধে অসংখ্য অস্ত্রশস্ত্রশিক্ষায় প্রবীণ ও ক্ষত্রিয়ধর্ম্ম-নিপুণ বীর আছেন। ইহারা ভীম এবং অর্জ্জুনের সদৃশ বীর্য্যবান্। ইহাঁদের মধ্যে মহাযোদ্ধা যুযুধান, বিরাটরাজ এবং মহারথী বীর দ্রুপদও আছেন। চেকিতান, ধৃষ্টকেতু, পরাক্রমী বীর কাশীরাজ, নৃপশ্রেষ্ঠ উত্তমৌজা এবং শৈব্য নৃপতিকেও দেখুন। কুন্তিভোজ এবং যুধামন্যুও আসিয়াছেন। আরও পুরুজিৎ আদি করিয়া সর্ব্ব নৃপতিগণই আসিয়াছেন। সুভদ্রা-

হৃদয়ানন্দ অভিমন্যু, যিনি দ্বিতীয় নবীন অর্জ্জুন এবং দ্রৌপদী-পুত্রগণ যাঁহারা সকলেই মহারথী আরও যাঁহাদের সংখ্যা করা যায় না এরূপ অগণিত বীর এখানে আসিয়াছেন। ৪।৫।৬।

অস্মাকংতু বিশিষ্টা যে তান্নিবোধ দ্বিজোত্তম।
নায়ক মম সৈন্যস্য সংজ্ঞার্থং তান্ ব্রবীমি তে ॥ ৭ ॥
ভবান্ ভীষ্মশ্চ কর্ণশ্চ কৃপশ্চ সমিতিঞ্জয়ঃ।
অশ্বত্থামা বিকর্ণশ্চ সৌমদত্তির্জয়দ্রথঃ ॥ ৮ ॥

অনন্তর আমাদের সৈন্যগণের মধ্যে আপনাকে আদি করিয়া মুখ্য যে সকল বীর আছেন প্রসঙ্গক্রমে তাঁহাদেরও নির্দ্দেশ করিতেছি। গঙ্গানন্দন প্রতাপে ভানুতুল্য তেজস্বী ভীষ্ম, বীর কর্ণ—যিনি শত্রুরূপ হস্তিকুলের নিকট সিংহের মত, যাঁহারা প্রত্যেকে মনে করিলে একাই এই বিশ্বের সংহার করিতে পারেন, কৃপাচার্য্যও সেইরূপ, আরও বীর বিকর্ণ, অশ্বত্থামা—সাক্ষাৎ যিনি শত্রুর মনে কৃতান্তের ন্যায় প্রতীয়মান হন, এবং যুদ্ধমধ্যে সদা বিজয়ী সৌমদত্তিও আছেন। ৭।

অন্যে চ বহবঃ শূরা মদর্থে ত্যক্তজীবিতাঃ।
নানাশস্ত্রপ্রহরণাঃ সর্ব্বে যুদ্ধবিশারদাঃ ॥ ৯ ॥

এইরূপ আরও অনেক বীর আছেন যাঁহাদের পরাক্রম ব্রহ্মাও পরিমাণ করিতে পারেন না। যাঁহারা শস্ত্রবিদ্যায় পারদর্শী এবং সাক্ষাৎ মন্ত্রের অবতার। যাঁহাদের মহিমায়

অস্ত্রসকলও জগতে প্রসিদ্ধি লাভ করিয়াছে। জগতে অপ্রতি-দ্বন্দ্বী অশেষ প্রতাপশালী বীরবর্গ প্রাণপণ করিয়া যুদ্ধে আমার পক্ষ অনুসরণ করিয়াছেন। পতিব্রতার হৃদয়ে যেরূপ পতিচিন্তা ভিন্ন অন্য চিন্তা স্পর্শও করে না সেইরূপ এই বীরগণের আমিই সর্ব্বস্ব। ইহারা এরূপ নিঃসীম উত্তম স্বামিভক্ত যে, ইহাঁরা আমার কার্য্যের জন্য আপন জীবনও অল্পমূল্য বলিয়া মনে করিতেছেন। ইহাঁরা যুদ্ধকলা কৌশলে অতিশয় নিপুণতার সহিত যুদ্ধ করিয়া জয়লাভ করিয়াছেন এবং ক্ষাত্রনীতিও ইহাঁদের বেশ ভাল জানা আছে। আমাদের সৈন্যমধ্যে যে যে পরিমাণে পরাক্রমী বীর আছেন তাহাদের সকলের গণনা করা অসম্ভব—তাহারা অগণিত। ৯।

অপর্য্যাপ্তং তদস্মাকং বলং ভীষ্মাভিরক্ষিতম্।
পর্য্যাপ্তং ত্বিদমেতেষাং বলং ভীমাভিরক্ষিতম্॥ ১০॥

ক্ষত্রিয়গণের মধ্যে শ্রেষ্ঠ—জগতের মধ্যে সুযোদ্ধা ভীষ্মাচার্য্য আমাদের সর্ব্ব সৈন্যের সেনাপতির অধিকার গ্রহণ করিয়াছেন। আমাদের সৈন্যগণ দুর্গের মত সুদৃঢ় ব্যূহাকারে সজ্জিত হইয়াছে, যাহা দেখিয়া ত্রিভুবনের পরাক্রমও অল্প বলিয়া মনে হয়। সমুদ্র একাই দুস্তর, তাহাতে আবার বাড়বানলের সাহায্যে আরও দুস্তর হয়। কিন্তু প্রলয়কালের অগ্নির সহিত প্রবল বায়ুর সংঘাত বা মিলন হইলে উহা যেরূপ আরও ভীষণ আকার ধারণ করে, গঙ্গানন্দন ভীষ্মদেব আমাদের সৈন্যবলের সেনাপতির

অধিকার গ্রহণ করায় সেইরূপ হইয়াছে। অতএব আমাদের সৈন্যের বিপক্ষে কে যুদ্ধ করিতে সমর্থ? আমাদের সৈন্যবলের নিকট পাণ্ডবসৈন্যবল, যাহার সেনাপতি জড়বুদ্ধি ভীমসেন, অতি তুচ্ছ বলিয়া দৃষ্ট হইতেছে। এই বলিয়া রাজা চুপ করিলেন। ১০।

অয়নেষু চ সর্ব্বেষু যথাভাগমবস্থিতাঃ।
ভীষ্মমেবাভিরক্ষন্তু ভবন্তঃ সর্ব্ব এব হি ॥ ১১ ॥

আবার ফিরিয়া সর্ব্ব সেনাপতিকে সম্বোধন করিয়া বলিলেন,—আপন আপন সৈন্যদল সজ্জিত করুন; যাঁহাদের অক্ষৌহিণী সৈন্যের অধিকার তাঁহারা আপন সৈন্য লইয়া অগ্রে থাকুন। যাঁহারা মহারথী আছেন তাঁহারা আপন সৈন্য বিভাগ করিয়া যথাস্থানে থাকুন এবং সকলেই ভীষ্মাচার্য্যের আজ্ঞা অনুসারে রহিবেন এবং তাঁহাকে আবরণ করিয়া থাকিবেন।

অনন্তর দ্রোণাচার্য্যকে রাজা বলিলেন,—"আপনি সর্ব্ব সৈন্যের উপর দৃষ্টি রাখিবেন এবং আমার নিজের মত ভাবিয়া ভীষ্মদেবের রক্ষণ করিবেন, কারণ তিনি আমাদের সর্ব্ব সৈন্যের একমাত্র আশ্রয়"। ১১ ॥

তস্য সংজনয়ন্ হর্ষং কুরুবৃদ্ধঃ পিতামহঃ।
সিংহনাদং বিনদ্যোচ্চৈঃ শঙ্খং দধ্মৌ প্রতাপবান্ ॥১২॥

রাজা দুর্য্যোধনের বাক্য শ্রবণ করিয়া সেনাপতি ভীষ্মদেব সন্তোষ লাভ করিলেন এবং সিংহনাদ করিলেন। সেই অদ্ভুত

নাদ দুই সৈন্যদলের মধ্যে প্রতিধ্বনিত হইয়া আকাশে উঠিল। যখন সেই সিংহনাদের প্রতিধ্বনি হইতেছিল বীরবৃত্তির পূর্ণপরাক্রমে তিনি তখন দিব্য শঙ্খ বাজাইলেন। সেই দুই ধ্বনি মিলিত হইয়া ত্রৈলোক্য বধির করিবার উপক্রম করিল। আকাশ যেন কড়্মড়্ করিয়া ভাঙ্গিয়া পড়িল। গগন গম্ভীর গুরু গুরু ধ্বনি করিয়া উঠিল—সাগর উচ্ছলিত হইয়া উঠিল—চরাচর ক্ষোভিত হইয়া কাঁপিতে লাগিল, সেই মহাগম্ভীর নাদ গিরি-কন্দরে প্রতিধ্বনিত হইতে লাগিল। তখন সৈন্যগণের মধ্যে রণবাদ্য বাজিয়া উঠিল। ১১।

ততঃ শঙ্খাশ্চ ভের্য্যশ্চ পণবানকগোমুখাঃ।
সহসৈবাভ্যহন্যন্ত স শব্দস্তুমুলোঽভবৎ ॥১৩॥

বিবিধ প্রকার রণবাদ্য একত্র বাজিয়া উঠায় এরূপ ভয়ানক কর্কশ ধ্বনির উদ্ভব হইল যে, মহাবীরগণের নিকটও উহা মহাপ্রলয়ের মত মনে হইল। ভেরী, মাদল, শঙ্খ, ঝাঁজ, তুতারী ইত্যাদি অনেক রকমের বাদ্যধ্বনি ও বীরবর্গের তুমুল রণ-কোলাহল হইল। কেহ যুদ্ধ আবেশে বাহু আস্ফোট করিতে লাগিল—কেহ বীরদর্পে হুঙ্কার করিল—হাতীগুলিও বেসামাল হইয়া উঠিল। ভীরুগণের কথা আর কি বলিব? তাহারা তৃণের মত উড়িয়া গেল। যাহাতে কৃতান্তও ভয় পায় সেই যুদ্ধে কাহারও দাঁড়াইয়াই প্রাণ গেল; সাধারণ ধৈর্য্যবানের দাঁতকপাটী লাগিয়া গেল,—যাঁহারা প্রসিদ্ধ যোদ্ধা তাহাদেরও

অঙ্গ কাঁপিতে লাগিল। এই প্রকার সেই ভয়ঙ্কর বাদ্যধ্বনি যাহাতে ব্রহ্মা পর্য্যন্ত ব্যাকুল হইলেন ও ইন্দ্রাদি দেবতাগণও বলিতে লাগিলেন—অদ্য বুঝি প্রলয়কাল উপস্থিত হইল। ১৩॥

ততঃ শ্বেতৈর্হয়ৈর্যুক্তে মহতি স্যন্দনে স্থিতৌ।
মাধবঃ পাণ্ডবশ্চৈব দিব্যৌ শঙ্খৌ প্রদধ্মতুঃ ॥১৪॥
পাঞ্চজন্যং হৃষীকেশো দেবদত্তং ধনঞ্জয়ঃ।
পৌণ্ড্রং দধ্মৌ মহাশঙ্খং ভীমকর্ম্মা বৃকোদরঃ ॥ ১৫ ॥
অনন্তবিজয়ং রাজা কুন্তীপুত্রো যুধিষ্ঠিরঃ।
নকুলঃ সহদেবশ্চ সুঘোষমণিপুষ্পকৌ ॥১৬॥

এইপ্রকার স্বর্গলোকে ধ্বনি প্রতিধ্বনিত হইলে পাণ্ডব-সৈন্যগণের মধ্যে কি হইল? যাহা বিজয়ের পিতৃগৃহ, তেজের ভাণ্ডার—গরুড়ের মত বেগবান্ এবং চারিটি অশ্বযুক্ত—যাহাকে দেখিলে পক্ষযুক্ত মেরু পর্ব্বতের মত প্রতীয়মান হয় সেই রথ চতুর্দ্দিক্ উজ্জ্বল তেজোদ্বারা পরিপূর্ণ করিয়া সেখানে শোভা পাইতে লাগিল। যে রথের অশ্বচালক স্বয়ং বৈকুণ্ঠাধিপতি, সে রথের গুণ কেমন করিয়া বর্ণন করিব! ধ্বজস্তম্ভের উপর শঙ্করের অবতার মারুতি আর অর্জ্জুনের সারথি শার্ঙ্গধর স্বয়ং। ভক্তের প্রতি প্রভুর অদ্ভুত প্রেমের নূতন পরিচয় পাওয়া গেল, যেহেতু তিনি সেবককে পশ্চাতে রাখিয়া স্বয়ং সম্মুখে রহিলেন। তিনি অবলীলাক্রমে পাঞ্চজন্য নামক আপন শঙ্খ বাজাইলেন। শঙ্খের মহাঘোষ আরম্ভ হইল। যেরূপ সূর্য্যের উদয়ে নক্ষত্র

গগনে মিলিয়া যায়, সেইরূপ পাঞ্চজন্যের মহানাদে কৌরবসৈন্যের রণবাদ্য কোলাহল কোথায় ডুবিয়া গেল। অর্জ্জুনও দেবদত্ত নামক মহাগম্ভীরনাদযুক্ত আপন শঙ্খ বাজাইলেন। সেই দুই শব্দ একত্র মিলিত হইয়া অদ্ভুত গম্ভীরধ্বনি উঠিল এবং উহা ব্রহ্মাণ্ড-কটাহ শতধা বিদীর্ণ করিবার উপক্রম করিল। তখন ভীমসেন আবেশে মহাকালের মত উত্তেজিত আপন পৌণ্ড্র নামক মহাশঙ্খ বাজাইলেন; উহাতে মহাপ্রলয়ের মেঘ যেরূপ গভীর গুরু গুরু ধ্বনি করে সেইরূপ ধ্বনি হইল। যুধিষ্ঠির অনন্ত-বিজয় শঙ্খ বাজাইলেন। নকুল সুঘোষ ও সহদেব মণি-পুষ্পক শঙ্খ বাজাইলেন। উহাদের ধ্বনি সাক্ষাৎ যমেরও ভয়-সঞ্চার করিল। ১৪-১৬॥

কাশ্যশ্চ পরমেষ্বাসঃ শিখণ্ডী চ মহারথঃ।
ধৃষ্টদ্যুম্নো বিরাটশ্চ সাত্যকিশ্চাপরাজিতঃ ॥১৭॥
দ্রুপদো দ্রৌপদেয়াশ্চ সর্ব্বশঃ পৃথিবীপতে।
সৌভদ্রশ্চ মহাবাহুঃ শঙ্খান্ দধ্মুঃ পৃথক্ পৃথক্ ॥১৮॥
স ঘোষো ধার্ত্তরাষ্ট্রাণাং হৃদয়ানি ব্যদারয়ৎ।
নভশ্চ পৃথিবীঞ্চৈব তুমুলোঽভ্যনুনাদয়ন্ ॥১৯॥

সেখানে বহু নৃপতি ছিলেন। দ্রুপদ, দ্রৌপদেয়, মহাবাহু কাশিপতি, অর্জ্জুনের পুত্র, অপরাজিত সাত্যকি, নৃপশ্রেষ্ঠ ধৃষ্টদ্যুম্ন, শিখণ্ডী, বিরাটরাজ এবং যে সকল মুখ্যবীর তাহারাও বিবিধ শঙ্খধ্বনি করিলেন। সেই মহা শঙ্খধ্বনিতে শেষনাগ

ও কূর্ম্ম চমকিত হইলেন এবং পৃথ্বীর ভার ছাড়িয়া দিবার জন্য প্রবৃত্ত হইলেন। তাহাতে ত্রিলোক টলমল করিতে লাগিল, মেরু ও মন্দর আন্দোলিত হইল, সমুদ্রের জল কৈলাস পর্ব্বত পর্য্যন্ত উচ্ছলিত হইয়া উঠিল। পৃথ্বী যেন উল্টাইয়া যায়, আকাশ যেন ভাঙ্গিয়া পড়ে, নক্ষত্রগণও কক্ষচ্যুত হইয়া পড়িতে লাগিল। সত্যলোকে "সৃষ্টি গেল রে গেল—দেবতারা নিরাশ্রয় হইল," বলিয়া সকল দেবতা মিলিয়া চীৎকার করিয়া উঠিলেন। দিনেই সূর্য্যগতি বন্ধ হইয়া গেল, এবং প্রলয় কালের মত ত্রিলোকে হাহাকার ধ্বনি উঠিল। ইহা দেখিয়া আদি পুরুষ শ্রীকৃষ্ণ বিস্মিত হইয়া বলিলেন, "আমি শঙ্খ বাজাইবার আবেশে সৃষ্টি লোপ করিতে বসিয়াছিলাম।" এই বলিয়া শঙ্খনাদ বন্ধ করিলেন। কথিত আছে—শ্রীকৃষ্ণ প্রভৃতির শঙ্খ নিনাদে যুগান্ত হইবার উপক্রম হইয়াছিল। এখন ধ্বনি বন্ধ হওয়াতে পৃথ্বী রক্ষা পাইল। সেই গম্ভীর ধ্বনির উপসংহার হইলেও উহার প্রতিধ্বনি কৌরব সৈন্যের পরাক্রম বিনাশ করিল। যেরূপ গজশ্রেণীর মধ্যে পড়িয়া সিংহ অবলীলাক্রমে উহাদের বিদারণ করে সেইরূপ শঙ্খধ্বনি কৌরবগণের হৃদয় ভাঙ্গিয়া দিল। সেই ধ্বনি যেন বলিতে লাগিল, "সাবধান রে সাবধান।" ১৭-১৯ ॥

অথ ব্যবস্থিতান্ দৃষ্ট্বা ধার্ত্তরাষ্ট্রান্ কপিধ্বজঃ।
প্রবৃত্তে শস্ত্রসম্পাতে ধনুরুদ্যম্য পাণ্ডবঃ।
হৃষীকেশং তদা বাক্যমিদমাহ মহীপতে ॥২০॥

প্রৌঢ়বল মহারথিগণ পুনরায় সৈন্যগণকে আশ্বস্ত করিয়া লইলেন। সৈন্যগণ তখন পূর্ব্বাপেক্ষা দ্বিগুণ উৎসাহে অগ্রসর হইল; তাহাতে লোকত্রয় ক্ষুব্ধ হইল। তখন ধনুর্ধারী বীরগণের এরূপ বাণ বর্ষণ হইল যেন প্রলয় কালের মেঘ বর্ষণ হইতে লাগিল। ইহা দেখিয়া অর্জ্জুনের মনে অত্যন্ত সন্তোষ হইল; তিনি গম্ভীর ভাবে সৈন্যগণের উপর দৃষ্টিপাত করিলেন। তখন সংগ্রামের জন্য সুসজ্জিত কৌরব সৈন্য দেখিয়া পাণ্ডুকুমার অর্জ্জুন সহজভাবে ধনুক হাতে তুলিয়া লইলেন। ২০ ॥

অর্জ্জুন উবাচ

সেনায়োরুভয়োর্মধ্যে রথং স্থাপয় মেঽচ্যুত ॥২১॥
যাবদেতান্নিরীক্ষেঽহং যোদ্ধুকামানবস্থিতান্।
কৈর্ময়া সহ যোদ্ধব্যমস্মিন্ রণসমুদ্যমে ॥২২ ॥
যোৎস্যমানানবেক্ষেঽহং য এতেঽত্র সমাগতাঃ।
ধার্ত্তরাষ্ট্রস্য দুর্ব্বুদ্ধের্যুদ্ধে প্রিয়চিকীর্ষবঃ ॥২৩॥

সেই সময় অর্জ্জুন শ্রীকৃষ্ণকে বলিলেন,—শীঘ্র দুই দলের মধ্যস্থলে আমার রথ লইয়া চল, যে সকল বীর যুদ্ধ করিবার জন্য আসিয়াছে যাহাতে তাহাদিগকে একবার আমি দেখিতে পারিব। যে সকল বীর এই সমরাঙ্গনে মিলিত হইয়াছে তাহাদের মধ্যে কাহাদের সহিত আমার প্রথম যুদ্ধ করিতে হইবে তাহাও একবার ঠিক করিয়া লইব। উপযুক্ত শৌর্য্যহীন

হইলেও দুষ্টবুদ্ধি কৌরব লোভে যুদ্ধে প্রবৃত্ত হইয়াছে—যুদ্ধের ইচ্ছা থাকিলেও সামর্থ্য নাই। অর্জ্জুনের এইরূপ কথা সঞ্জয় ধৃতরাষ্ট্র রাজার নিকট বলিলেন। ২১-২৩।

সঞ্জয় উবাচ

এবমুক্তো হৃষীকেশো গুড়াকেশেন ভারত।
সেনয়োরুভয়োর্মধ্যে স্থাপয়িত্বা রথোত্তমম্ ॥২৪॥
ভীষ্মদ্রোণপ্রমুখতঃ সর্ব্বেষাঞ্চ মহীক্ষিতাম্।
উবাচ পার্থ পশ্যৈতান্ সমবেতান্ কুরূনিতি ॥২৫॥
তত্রাপশ্যৎ স্থিতান্ পার্থঃ পিতৄনথ পিতামহান্।
আচার্য্যান্মাতুলান্ ভ্রাতৄন্ পুত্রান্ পৌত্রান্ সখীংস্তথা।
শ্বশুরান্ সুহৃদশ্চৈব সেনয়োরুভয়োরপি ॥২৬॥
তান্ সমীক্ষ্য স কৌন্তেয়ঃ সর্ব্বান্ বন্ধূনবস্থিতান্।
কৃপয়া পরয়াবিষ্টো বিষাদন্নিদমব্রবীৎ ॥২৭॥

অর্জ্জুন পূর্ব্বোক্ত প্রকারে শ্রীকৃষ্ণকে বলিলে তিনি উভয় দলের মধ্যস্থলে রথ স্থাপন করিলেন। যেখানে ভীষ্ম, দ্রোণ প্রভৃতি ও অনেক নৃপতি মিলিত হইয়াছেন, সেই স্থলে রথ রাখিলেন। রথের গতি স্থির হইলে অর্জ্জুন সম্ভ্রমের সহিত সমগ্র সৈন্যবল দর্শন করিলেন এবং বলিতে লাগিলেন,—দেখুন, দেখুন, আমাদের আত্মীয় গুরুবর্গ রহিয়াছেন। শ্রীকৃষ্ণ অল্পক্ষণ আশ্চর্য্যান্বিত হইয়া রহিলেন। অনন্তর স্বগত বলিলেন,—কে জানে অর্জ্জুনের মনে এ কি অভিনব ভাব দেখা দিল! কিছু

না কিছু বিপরীত ভাব নিশ্চয়ই উপস্থিত হইয়াছে। এই ভাবে ভবিষ্যৎ চিন্তা করিয়া সর্ব্বান্তর্যামী ভগবান্ অর্জ্জুনের ভাব সহজেই বুঝিয়া লইলেন—তবুও তিনি চুপ করিয়া রহিলেন।

অর্জ্জুন পিতা, পিতামহ, গুরু, বন্ধু, মাতুল প্রভৃতিকে দেখিলেন; ইষ্ট, মিত্র, পুত্র, সকল সুহৃদ, সখা, পৌত্র, শ্বশুর, শ্যালক ও অন্যান্য সকলকেই সৈন্য মধ্যে ধনুর্দ্ধর অর্জ্জুন দেখিলেন। যাহাদের উপকার করিয়াছেন, যাহাদের সঙ্কট সময়ে রক্ষা করিয়াছেন, আরও ছোট বড় এইরূপ আপন গোত্রজ দুই সৈন্যদলের অন্তর্গত বান্ধবগণ যুদ্ধ করিতে আসিয়াছেন; অর্জ্জুন তাহাদিগকে দেখিলেন। তখন মনোমধ্যে তুমুল আন্দোলন, আপনা আপনি দীনতা আসিয়া উপস্থিত হইল। তাহা দেখিয়া বীর-বৃত্তি অপমানিত হইয়া অর্জ্জুনকে ত্যাগ করিয়া গেল। উত্তম কুল প্রসূতা গুণসম্পন্না ও রূপবতী স্ত্রীলোক আপন গৌরবে পতির সহিত অপর স্ত্রীলোকের সহবাস সহ্য করিতে পারে না—যেরূপ কামুক পুরুষ নূতন স্ত্রীর মোহে আপন ধর্ম্ম পত্নীকে ভুলিয়া যায় ও মোহবশে লক্ষ্য ভ্রষ্ট হয়—অথবা তপস্যার ঐশ্বর্য্যে সিদ্ধি পাইয়া বুদ্ধি ভ্রংশ হইলে তপস্বীর বৈরাগ্যে মন থাকে না—সেইরূপ অর্জ্জুনের অন্তঃকরণে কারুণ্য ভাবের উদয়ে তাহার শৌর্য্য রহিল না, কেননা তিনি অন্তঃকরণ কারুণ্যকে দান করিয়াছেন। (ক) মান্ত্রিক মন্ত্র উচ্চারণ করিতে

(ক) ওঝা

মন্ত্র ভুল করিলে যেরূপ তাহাকেই ভূত পাইয়া বসে, সেইরূপ অর্জ্জুনকেও মহা মোহে 'আক্রমণ করিল। বলিব কি তাহার ধৈর্য্য গেল, হৃদয় দ্রবীভূত হইল। চন্দ্রকিরণের স্পর্শে চন্দ্রকান্তমণি বিগলিত হইল। তদনন্তর অতি স্নেহে মোহিত পার্থ খেদ করিয়া বলিতে লাগিলেন। ১৪।২৫।২৬।২৭ ॥

অর্জ্জুন উবাচ

দৃষ্ট্বেমান্ স্বজনান্ কৃষ্ণ যুযুৎসূন্ সমবস্থিতান্।
সীদন্তি মম গাত্রাণি মুখঞ্চ পরিশুষ্যতি ॥২৮॥
বেপথুশ্চ শরীরে মে রোমহর্ষশ্চ জায়তে।
গাণ্ডীবং স্রংসতে হস্তাৎ ত্বক্ চৈব পরিদহ্যতে ॥ ২৯ ॥
ন চ শক্নোম্যবস্থাতুং ভ্রমতীব চ মে মনঃ।
নিমিত্তানি চ পশ্যামি বিপরীতানি কেশব ॥ ৩০ ।

অর্জ্জুন কহিলেন, হে ভগবন্! আমি সৈন্যগণ সকলকেই দেখিলাম। এখানে আত্মীয়বর্গ সকলেই যুদ্ধ করিবার জন্য প্রস্তুত হইয়া আসিয়াছে। কিন্তু তাহাদের বিরুদ্ধে আমার কিরূপে যুদ্ধ করা উচিত? তাহাদের সহিত যুদ্ধ করিতে হইবে এই বিচার মনে উঠিয়াই আমি যেন কেমন হইয়া গেলাম। আমার বুদ্ধি স্থির হইতেছে না। দেখুন, দেখুন, আমার দেহ কাঁপিতেছে—কণ্ঠ শুকাইয়াছে এবং সর্ব্বাঙ্গে বিকলতা উপস্থিত হইয়াছে। শরীরে রোমহর্ষ এবং অতি সন্তাপ; হাত

হইতেও গাণ্ডীব শ্লথ হইয়া পড়িয়া যাইতেছে। আমার হাত হইতে গাণ্ডীব পড়িয়া গেলেও আমি বুঝিতে পারিতেছি না। এইরূপ আত্মীয়বর্গের মোহ আমার হৃদয় ব্যাপ্ত করিয়াছে। বজ্রের মত কঠিন, দুর্দ্ধর এবং অতি দারুণ আমার হৃদয় হইতেও এই নবীন মোহ বিশেষ কঠিন। যিনি শঙ্করের সহিত যুদ্ধে জয়ী হইয়াছেন, নিবাতকবচ রাক্ষসের বিনাশ করিয়াছেন, মোহ মুহূর্ত্তের মধ্যে সেই অর্জ্জুনকে কবলিত করিয়াছে। যেরূপ ভ্রমর কঠিন শুষ্ক কাষ্ঠকে অতি সহজে ভেদ করে, কিন্তু কোমল কমল দলের মধ্যে বদ্ধ হইয়া সেখানে মরিলেও কমল কোরক ছিন্ন করিয়া প্রাণ লইয়া বাহিরে আসিবার বুদ্ধি পায় না, সেই প্রকার আত্মীয়বর্গের স্নেহ অতি কোমল হইলেও কঠিন রূপেই প্রতিভাত হয়। সঞ্জয় বলিলেন, হে রাজন্, এই মোহ ভগবানের মায়া, ব্রহ্মাদি দেবতাগণও এই মায়ার অধীন। তাহাতেই অর্জ্জুনকে ব্যাকুল করিল। অর্জ্জুন সকলকে দেখিয়া সংগ্রামের অভিমান ভুলিয়া গেলেন। কি প্রকারে চিত্তে এই কারুণ্যের উদয় হইল তাহা বুঝা যায় না। অর্জ্জুন বলিলেন, এখানে আর থাকা যায় না, ইহাদিগকে বধের কথা ভাবিতেই আমার মন অতিশয় ব্যাকুল এবং বাক্‌রোধ হইবার উপক্রম হইয়াছে। ১৮।১৯।৩০ ॥

ন চ শ্রেয়োঽনুপশ্যামি হত্বা স্বজনমাহবে।
ন কাঙ্ক্ষে বিজয়ং কৃষ্ণ ন চ রাজ্যং সুখানি চ ॥ ৩১ ॥

যদি কৌরবগণকে বধ করিতে হয় তবে যুধিষ্ঠিরাদিকে বধ করিব না কেন? আমাদের সকলেরই যে এক গোত্র। ধিক্, এই যুদ্ধ আমার অভিপ্রেত নয়। এই মহাপাপে লিপ্ত হইয়া কি হইবে? হে ভগবন্, অনেক প্রকারে বিচার করিয়া দেখিলাম এই যুদ্ধের পরিণাম অতিশয় মন্দ, বরং যুদ্ধ কোনওমতে এড়াইতে পারিলেই লাভ। ইহাতে কিছুমাত্র কল্যাণ নাই। ৩১ ॥

কিং নো রাজ্যেন গোবিন্দ কিং ভোগৈর্জীবিতেন বা।
যেষামর্থে কাঙ্ক্ষিতং নো রাজ্যং ভোগাঃ সুখানি চ ॥ ৩২ ॥
(ত ইমেঽবস্থিতা যুদ্ধে প্রাণাংস্ত্যক্ত্বা ধনানি চ।
আচার্য্যাঃ পিতরঃ পুত্রাস্তথৈব চ পিতামহাঃ ॥ ৩৩ ॥
মাতুলাঃ শ্বশুরাঃ পৌত্রাঃ শ্যালাঃ সম্বন্ধিনস্তথা।
এতান্ন হন্তুমিচ্ছামি ঘ্নতোঽপি মধুসূদন ॥ ৩৪ ॥)

এই প্রকার যুদ্ধ করিয়া জয়লাভ করিবার আমার কিছুমাত্র প্রয়োজন নাই; রাজ্য পাইবার আশা কোথায় লাগে? পার্থ বলিলেন ইহাদিগকে বধ করিয়া আমার যে ভোগসুখ হইবে উহাকে ধিক। এই সুখ ছাড়া আমার ভাগ্যে যাহাই হউক আমি সকলই সহ্য করিতে প্রস্তুত আছি, এমন কি, প্রাণত্যাগ করিতেও প্রস্তুত। ইহাদিগকে বধ করিয়া আপনি রাজ্য সুখ ভোগ করিব ইহা আমি মনে স্বপ্নেও কল্পনা করিতে

পারি না। যদি গুরুজনের মৃত্যু চিন্তা করিতে হয়, তবে আমার বাঁচিয়া কি লাভ বা জন্মগ্রহণেরই বা কি সার্থকতা? বংশে সন্তান লাভের ইচ্ছা করে কি সন্তান জন্মগ্রহণ করিয়া আপন গোত্রই সংহার করিবে এই জন্য? কিরূপে আপন হৃদয় বজ্রের মত কঠোর করিব এবং এই গোত্রনাশ চিন্তা মনে স্থান দিব? আমি যাহা যাহা পাইব উহাদের ভোগের নিমিত্ত দিব, ইহাতেও না হইলে উহাদের উপকারে আমার প্রাণও দিব। যে বান্ধবগণের সন্তোষের জন্য আমি দেশ দেশান্তরের নৃপতিগণকে জয় করিয়াছি, তাহারাই সকলে যুদ্ধাঙ্গনে উপস্থিত। কিন্তু কি বিপরীত দেখিতেছি—দেখিতেছি যে তাহারাই আমার সহিত যুদ্ধ করিবার জন্য উদ্যত হইয়াছে! স্ত্রী, পুত্র, ধন পরিত্যাগ করিয়া যুদ্ধে প্রাণ দিতে আসিয়াছে। কেমন করিয়া ইহাদিগকে বধ করি, কাহার উপর অস্ত্র ধারণ করি, আপন বান্ধবগণের কিরূপে বিনাশ করি? যাহারা যুদ্ধে আসিয়াছে তাহাদের সহিত কি পরিচয় নাই? (গুরুবর্গ ভীষ্ম ও দ্রোণ, যাঁহারা আমাদের বহু অসাধারণ উপকার সাধন করিয়াছেন, তাঁহারা এই যুদ্ধ স্থলে আছেন। এখানে শ্যালক, শ্বশুর, মাতুল এবং বন্ধু, আরও পুত্র, পৌত্র ও আত্মীয়গণ রহিয়াছেন। হে কৃষ্ণ! ইহারা এরূপ নিকট সম্বন্ধযুক্ত যে, ইহাদের সহিত যুদ্ধ করার কথাই আমার নিকট অত্যন্ত গর্হিত বলিয়া মনে হইতেছে।)

৩২।৩৩।৩৪ ॥

অপি ত্রৈলোক্যরাজ্যস্য হেতোঃ কিংনু মহীকৃতে।
নিহত্য ধার্ত্তরাষ্ট্রান্ নঃ কা প্রীতিঃ স্যাজ্জনার্দ্দন ॥ ৩৫ ॥

অপর পক্ষে ইহারা যদি আমাকে বধ করিয়া ফেলে তবু ইহাদিগকে বধ করিবার কথা আমি মনেও স্থান দিই না। সাহজিক নিষ্কণ্টক ত্রিলোকের রাজ্য পাইলেও এই অনুচিত কর্ম্ম আমি করিব না। আমি যদি অদ্য এই কাজ করি কে আমার নাম করিবে? হে কৃষ্ণ, যুদ্ধ শেষেই বা তোমার মুখের দিকে কেমন করিয়া দৃষ্টিপাত করিব? ৩৫ ॥

পাপমেবাশ্রয়েদস্মান্ হত্বৈতানাততায়িনঃ।
তস্মান্নার্হা বয়ং হন্তুং ধার্ত্তরাষ্ট্রান্ স্ববান্ধবান্।
স্বজনং হি কথং হত্বা সুখিনঃ স্যাম মাধব ॥ ৩৬ ॥

যদ্যপ্যেতে ন পশ্যন্তি লোভোপহতচেতসঃ।
কুলক্ষয়কৃতং দোষং মিত্রদ্রোহে চ পাতকম্ ॥ ৩৭ ॥

কথং ন জ্ঞেয়মস্মাভিঃ পাপাদস্মান্নিবর্ত্তিতুম্।
কুলক্ষয়কৃতং দোষং প্রপশ্যদ্ভির্জনার্দ্দন ॥ ৩৮ ॥

কুলক্ষয়ে প্রণশ্যন্তি কুলধর্ম্মাঃ সনাতনাঃ।
ধর্ম্মে নষ্টে কুলং কৃৎস্নমধর্ম্মোঽভিভবত্যুত ॥৩৯

অধর্ম্মাভিভবাৎ কৃষ্ণ প্রদুষ্যন্তি কুলস্ত্রিয়ঃ।
স্ত্রীষু দুষ্টাসু বার্ষ্ণেয় জায়তে বর্ণসঙ্করঃ ॥৪০॥

(আত্মীয়গণের বধ করিলে আমিই সকল দোষের ঘর বলিয়া বিবেচিত হইব।) (যে তুমি আমার অতি নিকটে সেই তুমিই আমার দূর হইয়া যাইবে।) কুলক্ষয় কৃত অশেষ পাতক আমাকে স্পর্শ করিবে তখন তোমাকে কোথায় দেখিতে পাইব? যেরূপ বনমধ্যে অগ্নি লাগিয়া উহা বিস্তারিত হইলে বনস্থ কোকিল আর ক্ষণেকের জন্যও স্থির থাকিতে পারে না, যেরূপ সরোবরের জল কর্দ্দমময় হইলে চকোর সেই সরোবর ত্যাগ করিয়া যায়, সেইরূপ, হে ভগবন্, আমার পুণ্য ক্ষীণ হইয়া গেলে তুমি মায়া বিস্তার করিয়া আমাকে ত্যাগ করিবে। আমি এই যুদ্ধ করিতে পারি না, এই সমরে অস্ত্রও ধারণ করিতে পারি না, কারণ উহা অতিশয় নিন্দ্য কর্ম্ম। হে কৃষ্ণ! তোমার সহিত বিয়োগ হইলে আমার বলিয়া আর কি রহিল? তোমার বিরহ হইবে এই দুঃখে আমার হৃদয় ফাটিয়া যাইতেছে। অতএব এই কৌরব-গণের বধ করিয়া রাজ্য উপভোগের কথা ভাবিয়াও কাজ নাই।

অভিমান মদে মত্ত হইয়া কৌরবগণ যুদ্ধ করিতে আসিয়াছে। প্রথমে আপন হিত দেখিতে হয়, কিন্তু যে যুদ্ধে নিজেরাই নিজেদের বধ করে এরূপ কর্ম্মে কি প্রকারে প্রবৃত্ত হইব। কালকূট বিষের জ্বালা জানিয়াও উহা কিরূপে সেবন করি। অহো, পথ চলিতে পথে অকস্মাৎ সিংহ আসিয়া উপস্থিত হইলে উহার দৃষ্টি এড়াইয়া যাওয়াই শ্রেয়স্কর। আলোকময় স্থান পরিত্যাগ করিয়া অন্ধকূপের আশ্রয় লইলে হে ভগবন্, কি লাভ হইবে? এই প্রজ্জ্বলিত অগ্নি দেখিয়া এড়াইয়া না গেলে উহা

মুহূর্ত্তমধ্যে গ্রাস করিবে। দোষ মূর্ত্তিমান্ হইয়া এই সমর রূপে উপস্থিত হইয়াছে দেখিতে পাইতেছি, জানিয়া শুনিয়া কিরূপে এই যুদ্ধে প্রবৃত্ত হই? সেই অবসরে পার্থ ভগবানকে আরও বলিলেন,—হে ভগবন্, এই যুদ্ধের পাতকের গুরুত্ব তোমাকে বলিতেছি। যেরূপ কাষ্ঠের সহিত কাষ্ঠের মন্থন করিলে অগ্নি উৎপন্ন হয়, উহাতেই আবার কাষ্ঠজাত সকলই দগ্ধ করিয়া ফেলে—সেইরূপ এককুলের বান্ধবগণ পরস্পর দুষ্টবুদ্ধি প্রণোদিত হইয়া বধ করিলে যে মহাদোষের উৎপত্তি হয় তাহাতে সমগ্র কুলেরই বিনাশ উপস্থিত হইবে। অতএব এইরূপ পাপ-দ্বারা কুলপরম্পরা প্রাপ্ত সনাতন ধর্ম্মের লোপ এবং কুল মধ্যে অধর্ম্ম প্রবেশ করে। ৩৭।৩৮।৩৯।৪০॥

সঙ্করো নরকায়ৈব কুলঘ্নানাং কুলস্য চ।
পতন্তি পিতরো হ্যেষাং লুপ্তপিণ্ডোদকক্রিয়াঃ ॥৪১
দোষৈরেতৈঃ কুলঘ্নানাং বর্ণসঙ্করকারকৈঃ।
উৎসাদ্যন্তে জাতিধর্ম্মাঃ কুলধর্ম্মাশ্চ শাশ্বতাঃ ॥৪২
উৎসন্নকুলধর্ম্মাণাং মনুষ্যাণাং জনার্দ্দন।
নরকে নিয়তং বাসো ভবতীত্যনুশুশ্রুম ॥৪৩॥

তখন সারাসার বিচার, যোগ্যাযোগ্য আচরণ, এবং কর্ত্তব্যা-কর্ত্তব্য বুদ্ধি দূরে চলিয়া যায়। প্রদীপ বিনা অন্ধকার পথে চলিলে সরল পথেও যেরূপ পথভ্রষ্ট হইতে হয়, সেরূপ কুলক্ষয়

হেতু কুলধর্ম্ম নষ্ট হইলে সেখানে পাপ ভিন্ন আর কি লাভ হইতে পারে? যাহারা যম নিয়মের পথ পরিত্যাগ করিয়া ইন্দ্রিয়ের স্বৈর আচারে প্রবৃত্ত হয়, সেই কুলস্ত্রীগণের ব্যভিচার দোষ ঘটিয়া থাকে। উত্তম অধমের সহিত মিলিত হইয়া বর্ণাবর্ণ মিশ্রিত হয় এবং সেই হেতু জাতিধর্ম্মও সমূলে বিনষ্ট হয়। চতুষ্পথে বৈশ্ববলি দিলে কাকগুলি যেরূপ চতুর্দ্দিক হইতে উহার উপর পড়ে, সেইরূপ এই যুদ্ধে জ্ঞাতিবধ করিলে চতুর্দ্দিক্ হইতে কুলে নির্ব্বাধ পাপ প্রবেশ করিবে। তখন কুল ও কুলাঘাতক উভয়েরই নরকে যাইতে হইবে। বংশবৃদ্ধি দূষিত হইয়া শুদ্ধ বংশের লোপ হইবে তাহাতে স্বর্গস্থ পূর্ব্বপুরুষগণেরও পতন হইবে। যে কুলে নিত্য এবং নৈমিত্তিক ক্রিয়া অনুষ্ঠান বন্ধ হইয়া যায়, সেখানে কে আর কাহাকে তিলোদক অর্পণ করিবে? তখন পিতৃপুরুষগণ কি করিবেন? কেমন করিয়া স্বর্গলোকে বাস করিবেন? কাজেই কুলের নিকট তাহাদের শরণ লইতে হয়। যেরূপ নখাগ্রে সর্প দংশন হইলেও সেই বিষ বেগে শিরোদেশ পর্য্যন্ত ব্যাপ্ত হয়, সেইরূপ কুলক্ষয় হেতু দোষ আব্রহ্ম মহাপাপে আপ্লাবিত করে। ৪১।৪২।৪৩॥

অহো বত মহৎ পাপং কর্ত্তুং ব্যবসিতা বয়ম্।
যদ্রাজ্যসুখলোভেন হন্তুং স্বজনমুদ্যতাঃ ॥৪৪

যদি মামপ্রতীকারমশস্ত্রং শস্ত্রপাণয়ঃ।
ধার্ত্তরাষ্ট্রা রণে হন্যুস্তন্মে ক্ষেমতরং ভবেৎ ॥৪৫ ॥

হে ভগবন্! আরও একটী কথা অবধারণ করুন। ইহাতে মহাপাতক হইবে। সঙ্গদোষে লৌকিক সদাচারও বিনষ্ট হইবে। যেরূপ এক গৃহে অগ্নি জ্বালাইয়া দিলে শুধু উহাকেই জ্বালাইয়া অগ্নির নিবৃত্তি হয় না, উক্ত অগ্নি অপর গৃহও ভস্মীভূত করে; সেইরূপ এই দোষযুক্ত কুলের সহিত যাহাদের সংসর্গ হইবে, তাহাদেরও নানাপ্রকার দোষ স্পর্শ হইয়া নরক বাস হইবে। এই নরকে পতন হইলে পর কল্পান্তেও উহা হইতে নিস্তার পাওয়া যাইবে না। কুলক্ষয় পাপে এইরূপ অধঃপতন হয়। হে ভগবন্, তোমার এই কথা শুনিয়াও চিত্তে ত্রাস হয় নাই? কিরূপে তোমার চিত্ত এরূপ বজ্রের মত কঠোর করিয়াছ? যে রাজ্য সুখের অপেক্ষা করিব উহা ক্ষণিক, ইহা জানিয়াও মহাপাপ এড়ান কর্ত্তব্য নয় কি? আমা হইতে শ্রেষ্ঠ যে সকল গুরুবর্গ যুদ্ধে একত্র হইয়াছেন তাঁহাদের প্রতি বধ করিবার জন্য ইচ্ছা লইয়া দৃষ্টিপাত করিয়াছি, ইহাতেই না জানি আমি কি পাতক করিয়াছি? এই মহাপাপে লিপ্ত হইয়া বাঁচিয়া থাকা অপেক্ষা আমি অস্ত্র ত্যাগ করিয়া কৌরবগণের বাণ বর্ষণ সহ্য করি। এইরূপে মৃত্যু হইলেও ভাল তবু ইহাদিগকে বধ করিয়া পাপ-লিপ্ত হইবার প্রয়োজন নাই ।৪৪।৪৫॥

সঞ্জয় উবাচ

এবমুক্ত্বার্জ্জুনঃ সংখ্যে রথোপস্থ উপাবিশৎ।
বিসৃজ্য সশরং চাপং শোকসংবিগ্নমানসঃ ॥৪৬॥

সঞ্জয় ধৃতরাষ্ট্র রাজার নিকট বলিলেন, সমরক্ষেত্রে সেই সময় কৃষ্ণকে ইহা বলিতে বলিতে অত্যন্ত উদ্বিগ্ন চিত্ত হইয়া অর্জ্জুন গদ্‌গদ ভাব ধারণ করিলেন, এবং উহা সংবরণ করিতে অসমর্থ হইয়া রথ হইতে ভূমিতে লাফাইয়া পড়িলেন। যেরূপ রাজকুমার পদচ্যুত হইলে উপহত হয়, অথবা সূর্য্য রাহুগ্রস্ত হইলে প্রভাহীন হয়, কিম্বা অণিমাদি সিদ্ধিলাভ করিয়াও তাপস ভ্রমে কাম সেবাদ্বারা সিদ্ধিভ্রষ্ট হইয়া দৈন্যদশা লাভ করে,—সেইরূপ ধনুর্ধারী অর্জ্জুন অত্যন্ত দুঃখে জর্জ্জরিত অবস্থায় রথ ত্যাগ করিলেন। সঞ্জয় বলিলেন, মহারাজ! আরও দেখুন, অর্জ্জুন গাণ্ডীবধনু হস্ত হইতে পরিত্যাগ করিলেন, এবং তাহার নয়নধারা বিগলিত হইতে লাগিল।

অনন্তর অর্জ্জুনের দুঃখ দূর করিবার নিমিত্ত বৈকুণ্ঠনাথ শ্রীকৃষ্ণ তাহাকে যেরূপ পরমার্থ নির্দ্দেশ নিরূপণ করিয়া উপদেশ দিয়াছেন উহা অতিশয় কৌতুকময় কথা; উহা নিবৃত্তিদাস জ্ঞানদেব বলিতেছেন ॥৪৬

ইতি শ্রীজ্ঞানদেব বিরচিতায়াং ভাবার্থ দীপিকায়াং
প্রথমোঽধ্যায়ঃ

সাংখ্য যোগ

——:]০[:——

দ্বিতীয় অধ্যায়

সঞ্জয় উবাচ

তং তথা কৃপয়াবিষ্টমশ্রুপূর্ণাকুলেক্ষণম্ ।
বিষীদন্তমিদং বাক্যমুবাচ মধুসূদনঃ ॥ ১॥

পুনরায় সঞ্জয় ধৃতরাষ্ট্রকে বলিলেন,—মহারাজ, এই প্রকারে পার্থ তথায় শোকাকুল হইয়া রোদন করিতে লাগিলেন। আপন আত্মীয় বান্ধব দেখিয়া তাহার অদ্ভুত স্নেহের উদয় হইয়াছিল; তাহাতে তাহার চিত্ত গলিয়া গিয়াছিল। লবণ জলে মিশাইয়া দিলে যেরূপ গলিয়া যায়, অথবা বায়ুর সংসর্গে মেঘ যেরূপ গলিয়া যায়, সেইরূপ ধৈর্য্যযুক্ত হইলেও তাহার হৃদয় দ্রবীভূত হইয়া গিয়াছিল। মমতায় তাহার চিত্ত আকুলিত হওয়াতে তিনি ম্লানবদন হইলেন। যেমন রাজহংস কর্দ্দমে পড়িয়া মলিনরূপ ধারণ করে, সেইরূপ পাণ্ডুনন্দন মহামোহে অতিশয় জর্জ্জরিত হইয়াছিলেন। শার্ঙ্গধর শ্রীকৃষ্ণ তাহার এই অবস্থা দেখিয়া কি বলিলেন শ্রবণ করুন—

শ্রীভগবানুবাচ

কুতস্ত্বা কশ্মলমিদং বিষমে সমুপস্থিতম্।
অনার্য্যজুষ্টমস্বর্গ্যমকীর্ত্তিকরমর্জ্জুন ॥২॥

অর্জ্জুন, দেখ তোমার এই প্রকার শোক শোভা পায় কি? এখানে কি করিতেছ? বল তোমার কি হইয়াছে? কি অভাবের অপূর্ণতায় তোমার এইরূপ খেদ হইয়াছে? তুমি অনুচিত বিষয়ে চিত্ত লাগাও না। তুমি ধৈর্য্যহারা হওনা। তোমার নাম স্মরণে অপযশঃ দিগন্তে পলাইয়া যায়। তুমি শূরবৃত্তির আশ্রয়, ক্ষত্রিয় কুলের মুকুটমণি। ত্রিলোকেই তোমার বীরত্বের প্রতিষ্ঠা আছে। তুমি শঙ্করকে সংগ্রামে জিতিয়াছ। নিবাত-কবচের সমূলে উচ্ছেদ করিয়াছ, এবং তোমার যশঃ গন্ধর্ব্বগণেরও গানের বিষয় করিয়াছ। হে অর্জ্জুন, তোমার পরাক্রম এরূপ পবিত্র যে, ত্রিভুবনে তাহার তুলনা অতি বিরল। সেই তুমি আজ সকল বীরবৃত্তি জলাঞ্জলি দিয়া অধোমুখে রোদন করিতেছ? অর্জ্জুন, তুমি বিচারবান্, সেই তোমাকে কারুণ্যে এতই কাঙ্গাল করিয়াছে! ইহাও কি সম্ভব হয় যে, অন্ধকার সূর্য্যকে গিলিয়া ফেলে? অথবা পবন মেঘকে দেখিয়া ভয় পায়? কিম্বা অমৃতের কখনও মরণ হয়? অথবা কাষ্ঠ খণ্ড কখনও অগ্নিকে গ্রাস করে? অথবা লবণ কখনও জলকে শুকাইয়া ফেলে? অথবা কালকূট বিষ অন্য কোন বিষের জ্বালায় মরিয়া যায়? অথবা ভেক্ মহাফণীকে গিলিয়া ফেলে? অথবা

শৃগাল সিংহের সমীপে বীরত্ব প্রকাশ করে? আজ দেখি এই যুদ্ধে সকল অসম্ভবই তুমি সম্ভব করিতে চলিলে? হে অর্জ্জুন, হীন কারুণ্য বৃত্তিকে মনে স্থান দিও না। তাড়াতাড়ি ধৈর্য্য ধারণ করিয়া তুমি স্থির হও। মূর্খতা পরিত্যাগ করিয়া উঠ। ধনুর্ব্বাণ হাতে লও। রণভূমিতে কারুণ্য কোথা হইতে আসিল? তুমি অজ্ঞানী নও; তবে কেন বিচার করিয়া দেখনা—যুদ্ধক্ষেত্রে সদয়তা যোগ্য কি? হে অর্জ্জুন, ইহাতে তোমার সুকীর্ত্তির ধ্বংস এবং পরলোকের হানি হইবে ॥২॥

ক্লৈব্যং মা স্ম গমঃ পার্থ নৈতৎত্বয্যুপপদ্যতে।
ক্ষুদ্রং হৃদয়দৌর্ব্বল্যং ত্যক্ত্বোত্তিষ্ঠ পরন্তপ ॥৩॥

অতএব অর্জ্জুন, তুমি শোক করিওনা, পূর্ণ ধৈর্য্য ধারণ করিয়া এই খেদ পরিহার কর। তোমার এরূপ শোকাকুল হওয়া কর্ত্তব্য নয়। ইহাতে তোমার অর্জ্জিত অতুল যশঃ লোপ হইবে অতএব বিচার করিয়া কর্ত্তব্য নির্দ্ধারণ কর। সংগ্রাম কালে এরূপ করুণার ভাব যোগ্য নয়। এই সকল লোক কি আজই তোমার আত্মীয় হইলেন? তুমি কি পূর্ব্বে এই আত্মীয়তার কথা জানিতে না? অথবা ইহাদিগকে আত্মীয় বলিয়া ইতিপূর্ব্বে কি চিনিতে না? তুচ্ছ বিষয়কে অনর্থক এত প্রাধান্য দিতেছ কেন? আজিকার এই যুদ্ধ কি তোমার জীবনে প্রথম যুদ্ধ? তোমাদের পরস্পর কলহ ত আজীবন লাগিয়াই আছে। আবার এখন তোমার এ কি হইল? কেন এই কারুণ্য-

ভাব তোমার হৃদয়ে উৎপন্ন হইল ইহা আমি বুঝিতে পারিনা ; হে অর্জ্জুন, তুমি বড়ই অন্যায় করিতেছ। তোমার মোহ থাকিলে ফল হইবে কি—তুমি যে প্রতিষ্ঠা লাভ করিয়াছ, উহা নষ্ট হইবে ; সঙ্গে সঙ্গে ঐহিক ও পারত্রিক মঙ্গলেও তোমার বিঘ্ন উপস্থিত হইবে। হৃদয়ের দুর্ব্বলতা কখনও মঙ্গলজনক হয় না। সংগ্রামের সময় এই দুর্ব্বলতা ক্ষত্রিয়ের অধঃপতনের হেতু হইয়া থাকে। এইরূপে দয়াময় শ্রীকৃষ্ণ অর্জ্জুনকে নানাপ্রকারে বুঝাইতে লাগিলেন। তাঁহার কথা শুনিয়া অর্জ্জুন বলিতে লাগিলেন—

অর্জ্জুন উবাচ

কথং ভীষ্মমহং সংখ্যে দ্রোণঞ্চ মধুসূদন।
ইষুভিঃ প্রতিযোৎস্যামি পূজার্হাবরিসূদন ॥৪॥

গুরূনহত্বা হি মহানুভাবান্
শ্রেয়ো ভোক্তুং ভৈক্ষমপীহ লোকে।
হত্বার্থকামাংস্তু গুরূনিহৈব
ভুঞ্জীয় ভোগান্ রুধিরপ্রদিগ্ধান্ ॥৫॥

হে দেব, দয়া করিয়া শুনুন, এত বলিবার প্রয়োজন নাই। প্রথমতঃ আপনিই এই যুদ্ধ সম্বন্ধে বিচার করিয়া দেখুন। ইহা যুদ্ধ নয়—বিষম প্রমাদ। এই যুদ্ধে প্রবৃত্ত হওয়াতে স্পষ্ট অমঙ্গল দেখা যাইতেছে। ইহাতে গুরুজনের উচ্ছেদ দোষ

আমাদের উপর পড়িয়াছে। দেখুন, পিতামাতার পূজা করা কর্ত্তব্য, সর্ব্বপ্রকারে তাঁহাদের সন্তোষ বিধান করাই পুত্রের ব্রত। আপন হস্তে তাঁহাদের নিধন কেমন করিয়া করা যায়? হে দেব, সাধুগণকে অভিবাদন এবং সামর্থ্য থাকিলে তাঁহাদেরও পূজা করা কর্ত্তব্য। এই কর্ত্তব্য পরিত্যাগ করিয়া কেমন করিয়া বাক্যদ্বারাইবা তাঁহাদের নিন্দা করা যায়? এখানে দেখিতেছি আমাদের কুলগুরু রহিয়াছেন। ইহারা আমার নিত্য নিয়মিত পূজা পাইবার যোগ্য। ভীষ্ম এবং দ্রোণ আমার বহু প্রকার উপকার করিয়াছেন। হে দেব, যাঁহাদের প্রতি আমি স্বপ্নেও বৈরভাব পোষণ করিতে পারিনা তাঁহাদিগকে প্রত্যক্ষে কেমন করিয়া বধ করি? ইহা হইতে এই জীবন গেলেও কিছুমাত্র ক্ষতি বলিয়া মনে করি না। যুদ্ধ ক্ষেত্রে উপস্থিত জনগণের কি হইল? যে শস্ত্রবিদ্যা ইহাদের সমীপেই আমি লাভ করিয়াছি, এই গুরুগণের বধ করিয়া উহার প্রতিষ্ঠা করিতে হইবে? আমি অর্জ্জুন, দ্রোণাচার্য্যের স্বহস্তে গড়া। তিনিই আমাকে ধনুর্ব্বেদ শিক্ষা দিয়াছেন। তাঁহার উপকারে অনুগৃহীত হইয়া কি তাঁহাকেই বধ করিব? যাঁহার কৃপায় বর লাভ হইল, তাঁহার প্রতি বিদ্বেষ পোষণ করিব,—আমি কি ভস্মাসুর?*

* ভাগবতে বর্ণিত বৃকাসুরে ও এই ভস্মাসুরে খুব প্রভেদ নাই। শঙ্কর শুদ্ধ ভস্ম সংগ্রহ করিয়া আনিয়া দিবার জন্য আপন অঙ্গের ভস্ম হইতে এই অসুরকে সৃষ্টি করেন। এই অসুর শঙ্করের জন্য

হে দেব, সমুদ্র গম্ভীর বলিয়া শ্রুত হয়; কিন্তু উহার গাম্ভীর্য্য শুধু উপরেই; আর দ্রোণাচার্য্যের সম্বন্ধে জিজ্ঞাসা করিলে বলিতে হয়, তাঁহার অন্তরেও ক্ষোভ নাই। মাথার উপর আকাশেরও পরিমাপ করা সম্ভব হইতে পারে কিন্তু দ্রোণাচার্য্যের হৃদয় অগাধ ও গম্ভীর। অমৃতও নষ্ট হইয়া যাওয়া সম্ভব, বজ্রও কালবশে ভাঙ্গিয়া যাইতে পারে, কিন্তু ক্ষুব্ধ করিবার চেষ্টা করিলেও গম্ভীর হৃদয় দ্রোণের মনোবৃত্তি কখনও চঞ্চল হয় না। স্নেহ সম্বন্ধে মাতাই একমাত্র আদর্শ; দ্রোণাচার্য্য কিন্তু কৃপাব পূর্ণ অবতার। ইনি কারুণ্যের মূলভূমি, সকল গুণের আকর এবং বিদ্যার অপার বারিধি—ইনি এই প্রকার শ্রেষ্ঠ। তাহাতে আবার আমাদের প্রতি একান্ত সদয়। তবে বলুন দেখি, কেমন করিয়া ইঁহাকে হত্যা করিবার কথা চিন্তা করি? এই প্রকার শ্রেষ্ঠ ব্যক্তিকে যুদ্ধে হত্যা করিয়া আমি পরমসুখে রাজ্য ভোগ করিব এরূপ ভাব জীবনেও আমার কখন হইবে না। এই বাক্য এরূপ

ভস্ম আনিত। একদিন দুষ্টমতি প্রণোদিত হইয়া সে বলে "শুদ্ধ ভস্ম পাওয়া যায় না, অতএব বর দিন, আমি যাহার মাথায় হাত দিব সে-ই ভস্ম হইয়া যাইবে।" শঙ্কর বলিলেন "তথাস্তু।" অসুর এই সুযোগ পাইয়া অবসর বুঝিয়া একদিন শঙ্করের মস্তকে হাত দিয়া তাঁহাকেই ভস্মীভূত করিবার চেষ্টা করিল। অবশেষে কথিত আছে শ্রীভগবান্ মোহিনী মূর্ত্তি দ্বারা প্রলুব্ধ করিয়া ভস্মাসুরকে নিজের মাথায়ই নিজের হাত দেওয়াইয়া ভস্মীভূত করেন। শঙ্করের কৃপায় বর লাভ করিয়া শঙ্করেরই বিরোধ করা ভস্মাসুরের চরিত্রের বৈশিষ্ট্য।

অসহ্য যে, এই বর্ত্তমান রাজ্য-ভোগ হইতেও অতিশয় সুখপূর্ণ রাজ্য-ভোগ পাইবার কথা থাকিলেও উহাতে প্রয়োজন নাই। প্রয়োজন হইলে ভিক্ষা করা, দেশ ত্যাগ করা, অথবা পর্ব্বত গুহায় বাস করাও ভাল বলিয়া মনে করি তথাপি এই গুরুগণের প্রতি অস্ত্র বর্ষণ অনুচিত।

ভগবন্-নব-শাণিত তীক্ষ্ণ বাণ দ্বারা ইঁহাদের হৃদয়ে প্রহার করিয়া ইঁহাদের বুকের রক্তে অভিষিক্ত রাজ্য ভোগে প্রয়োজন নাই। উহা পাইয়া কি লাভ হইবে? শোণিত-লিপ্ত রাজ্যসুখ কিরূপে উপভোগের বিষয় হইবে? অতএব যুদ্ধ করার যুক্তি আমার ভাল লাগিতেছে না। এই প্রকার বলিলেও অর্জ্জুনের কথা শ্রীকৃষ্ণের ভাল লাগে নাই বুঝিতে পারিয়া, অর্জ্জুন ভয় পাইয়া পুনরায় বলিতে লাগিলেন। আপনি কি আমার কথায় মন দিতেছেন না? ॥৪।৫॥

> ন চৈতদ্বিদ্মঃ কতরন্নো গরীয়ো
> যদ্বা জয়েম যদি বা নো জয়েয়ুঃ।
> যানেব হত্বা ন জিজীবিষাম—
> স্তেঽবস্থিতাঃ প্রমুখে ধার্ত্তরাষ্ট্রাঃ ॥ ৬ ॥

আমার মনে যাহা ছিল, আমি স্পষ্ট করিয়া বলিয়াছি ইহার পরে কোনটা ভাল তাহা আপনিই জানেন। দেখুন, যাহাদের সহিত বৈর আচরণ করিতে হইবে শুনিলেই আমি প্রাণত্যাগ করিতে চাই, সেই সকল আত্মীয় এই সংগ্রামে

উপস্থিত। এখন ইহাদিগকে বধ করি অথবা চলিয়া যাই, এই দুই পন্থার মধ্যে কোন্‌টা ভাল তাহা আমি জানি না। ৬ ॥

কার্পণ্যদোষোপহতস্বভাবঃ
পৃচ্ছামি ত্বাং ধর্ম্মসংমূঢ়চেতাঃ।
যচ্ছ্রেয়ঃ স্যান্নিশ্চিতং ব্রূহি তন্মে
শিষ্যস্তেঽহং শাধি মাং ত্বাং প্রপন্নম্‌ ॥ ৭ ॥

কোন্‌টা ভাল উহা বিচার করিয়াও আমি বুঝিতে পারিতেছিনা, যেহেতু আমার চিত্ত মোহে আকুল হইয়া গিয়াছে। অন্ধকারে যেরূপ চক্ষুর দৃষ্টিশক্তি চলিয়া যায়, সমীপস্থ বস্তুকেও দেখা যায় না, হে ভগবন্‌, আমার অবস্থাও তদ্রূপ। আমার মন ভ্রমযুক্ত হইয়াছে, আমার পক্ষে এখন কোন্‌ পন্থা মঙ্গলজনক তাহা বুঝিতে পারিতেছিনা এজন্য, হে কৃষ্ণ, আপনি বিচার করিয়া আমাকে যথার্থ পথ বলিয়া দিন, কারণ আপনিই আমার বন্ধু ও যথা সর্ব্বস্ব। আপনিই আমার গুরু, আপনিই ভ্রাতা, আপনিই পিতা। আপনি আমার ইষ্ট দেবতা এবং বিপদের সময় সর্ব্বদা রক্ষাকর্ত্তা। গুরু কখনও শিষ্যকে দূর করিয়া দেন না। সমুদ্র কি নদীকে পরিত্যাগ করিতে পারে? অথবা, হে কৃষ্ণ, শুনুন—মাতা সন্তানকে পরিত্যাগ করিয়া চলিয়া গেলে সন্তান কিরূপে জীবন ধারণ করিতে পারে? সেই প্রকার, হে ভগবন্‌, আমার জন্য সব দিক্‌ দিয়া আপনিই একমাত্র সহায়। আমি আপনাকে যাহা বলিয়াছি উহা যদি আপনার অনুমোদিত

না হয়, তবে হে পুরুষোত্তম, আমার পক্ষে যাহা কর্ত্তব্য এবং ধর্ম্মবিরুদ্ধ নয় এরূপ পন্থা আমাকে উপদেশ করুন। ৭ ॥

ন হি প্রপশ্যামি মমাপনুদ্যাদ্
যচ্ছোকমুচ্ছোষণমিন্দ্রিয়াণাম্।
অবাপ্য ভূমাবসপত্নমৃদ্ধং
রাজ্যং সুরাণামপি চাধিপত্যম্ ॥ ৮ ॥

এই সকল আত্মীয়গণকে দেখিয়া আমার মনে যে শোক উৎপন্ন হইয়াছে উহা আপনার উপদেশ ভিন্ন কিছুতেই দূর হইবে না। সমগ্র পৃথিবীর রাজ্য অথবা ইন্দ্রের শ্রেষ্ঠপদ লাভ করিলেও মনের মোহ কিছুতেই দূর হইবার নয়। অগ্নিতে ভাজিয়া লইয়া বীজ খুব উর্ব্বর ক্ষেত্রে বপন করিয়া যত জলই সেচন করা হউক না কেন উহাতে অঙ্কুর উদ্গম হয় না; অথবা আয়ু শেষ হইয়া গেলে কোন ঔষধই কাজে লাগে না—একমাত্র ভগবানের নামামৃতই তখন উপযোগী হয়, সেরূপ রাজ্য-ভোগ সমৃদ্ধির চিন্তায় আমার বুদ্ধি প্রলুব্ধ হইতেছেনা—হে কৃপানিধি, একমাত্র আপনার করুণাই আমার জীবনের জীবন। অর্জ্জুন যে সময় এইরূপ বলিতেছেন তখন পলকের নিমিত্ত মোহ তাহাকে ছাড়িয়া গিয়াছিল, কিন্তু পুনরায় মোহ-তরঙ্গ তাহাকে ক্ষণেকের পরই ঘিরিয়া ফেলিল। আমার মনে হয় উহা কেবল মোহের তরঙ্গ নয়, উহা আরও কিছু। মহা মোহরূপী কাল সর্পই অর্জ্জুনকে গ্রাস করিয়াছিল। অর্জ্জুন করুণাপূর্ণ হৃদয়

হইলে মোহ-কালসর্প, অবসর পাইয়া, তাহার মর্ম্মস্থানে দংশন করিল,—এই জন্যই মোহ তরঙ্গ ভঙ্গ হইল না।

এই দুঃসময় দেখিয়া শ্রীহরিরূপ গারুড়ী, যিনি দৃষ্টি মাত্র বিষ নষ্ট করিতে সমর্থ, তিনি ছুটিয়া আসিলেন, এবং ব্যাকুলিত অন্তরে অর্জ্জুনের সমীপে দাঁড়াইলেন। তিনি সহজ কৃপা দ্বারাই অর্জ্জুনের রক্ষা করিবেন ইহা জানিয়াই আমি তাহাকে মোহরূপ সর্পগ্রস্ত বলিয়া বর্ণনা করিয়াছি। সেই সময় মেঘের আবরণে যেরূপ সূর্য্য ঢাকিয়া যায় অর্জ্জুন ভ্রমে সেইরূপ মোহিত হইয়াছিলেন। গ্রীষ্মকালে কোনও পর্ব্বতে দাবানল জ্বলিয়া উঠিলে যেরূপ হয় দুঃখেও অর্জ্জুন সেইরূপ জর্জ্জরিত হইয়াছিলেন। সেইজন্য যিনি স্বাভাবিক সুনীলবর্ণ এবং কৃপা-মৃত পরিপূর্ণ হেতু সজল সেই শ্রীগোপালরূপ মহামেঘ আসিয়া উপস্থিত হইলেন তাঁহার সুন্দর দন্তপংক্তির উজ্জ্বলতা বিদ্যুতের ঝিকিমিকি এবং গম্ভীর বাণী মেঘগর্জ্জনের তুল্য। এখন এই মেঘ কিরূপ বর্ষণ করিবেন এবং উহাতে অর্জ্জুনরূপ দাবানল পীড়িত পর্ব্বত কিরূপ জুড়াইবে পুনরায় কিরূপ জ্ঞানরূপ নবীন অঙ্কুর হইবে—নিবৃত্তিদাস জ্ঞানদেব বলিলেন—সেই কথা মনের সমাধানের জন্য শ্রবণ করুন। ৮॥

সঞ্জয় উবাচ

এবমুক্ত্বা হৃষীকেশং গুড়াকেশঃ পরন্তপঃ।
ন যোৎস্য ইতি গোবিন্দমুক্ত্বা তূষ্ণীং বভূব হ॥ ৯॥

তদনন্তর সঞ্জয় বলিতে লাগিলেন—হে রাজন্, অর্জ্জুন পুনরায় শোকাকুল হইয়া কি বলিলেন শ্রবণ করুন। তিনি খেদযুক্ত হইয়া শ্রীকৃষ্ণের প্রতি বলিলেন—আমাকে বার বার অনুরোধ করিবেন না, আমি ইহাদের সহিত কিছুতেই যুদ্ধ করিব না ইহা সুনিশ্চিত। এইরূপে একবার বলিয়াই অর্জ্জুন স্তব্ধ হইয়া রহিলেন; ইহা দেখিয়া শ্রীকৃষ্ণ বিস্মিত হইলেন। ৯ ॥

তমুবাচ হৃষীকেশঃ প্রহসন্নিব ভারত।
সেনয়োরুভয়োর্মধ্যে বিষীদন্তমিদং বচঃ ॥ ১০ ॥

তখন তিনি মনে মনে বলিতে লাগিলেন, অর্জ্জুন এসময় একি আরম্ভ করিল—উহার কি হইল—এখন কি করা যায়? হায়, ইহাকে কিরূপে বুঝান যায়, কেমনেই বা সে ধৈর্য্য ধারণ করে। মান্ত্রিক যেরূপ গ্রহ সম্বন্ধে পরীক্ষা করে, অথবা রোগ অসাধ্য দেখিয়া বৈদ্য যেরূপ অমৃতের সমান দিব্য মহৌষধ খুঁজিয়া থাকেন, সেইরূপ যাহাতে পার্থ মোহ ত্যাগ করিতে পারেন দুই সৈন্যদলের মধ্যস্থলে শ্রীঅনন্ত তাহাই বিচার করিতে লাগিলেন। মোহ নিবারণের উপায় মনে মনে নির্দ্ধারণ করিয়া, সরোষ বচন দ্বারা শ্রীভগবান্ অর্জ্জুনকে বলিতে আরম্ভ করিলেন। মাতার ক্রোধের অন্তরে যেরূপ স্নেহ পূর্ণ থাকে, অথবা ঔষধের কটু আস্বাদের মধ্যে যেরূপ অমৃত ব্যাপ্ত হইয়া থাকে—উপর হইতে উহা দৃষ্টিগোচর না হইলেও গুণে উহার প্রকাশ হয়,—সেইরূপ হৃষীকেশ বাহিরে উদাস ভাব প্রদর্শন করিলেও অন্তর

হইতে অতি সুরসপূর্ণ বাক্যদ্বারা অর্জ্জুনকে সম্ভাষণ আরম্ভ করিলেন ॥ ১০ ॥

শ্রীভগবানুবাচ

অশোচ্যানন্বশোচস্ত্বং প্রজ্ঞাবাদাংশ্চ ভাষসে।
গতাসূনগতাসূংশ্চ নানুশোচন্তি পণ্ডিতাঃ ॥ ১১ ॥

শ্রীভগবান্ তখন অর্জ্জুনকে বলিতে লাগিলেন,—আজ এখানে তুমি যেরূপ আরম্ভ করিয়াছ, উহা তোমার মধ্যে আমি নূতন দেখিলাম। তুমি আপনাকে জ্ঞানী বলিয়া বলাও কিন্তু অজ্ঞানকে ছাড়িয়া দেও না। শিক্ষা দেবার সময় তুমি ত বহু নীতি কথা বলিয়া থাক। জন্মান্ধ ব্যক্তি পাগল হইয়া গেলে সে যেরূপ এদিক্ ওদিক—দিশাহারা হইয়া দৌড়াইতে থাকে, তুমিও সে তদ্রূপ চাতুর্য্যই প্রকাশ করিতেছ। তুমি নিজেকেই জান না তাহাতে আবার কৌরবগণের জন্য শোক কর। ইহাতেই আমার বার বার বিস্ময় হইতেছে। অর্জ্জুন, বল দেখি তুমিই কি এই ত্রিভুবনের পালন করিতেছ, না এই কথা মিথ্যা যে, এই বিশ্বরচনা অনাদি। জগতে সমর্থ একজনই আছেন—যাঁহা হইতেই ভূত সকলের উৎপত্তি। এই কথা কি বৃথা বলা হয়? সম্প্রতি কি এইরূপ বুঝিতে হইবে যে, জন্মমৃত্যু তুমিই সৃষ্টি করিয়াছ? আর তোমার ইচ্ছাতেই সকল নাশ পাইবে? তুমি যদি ভ্রমমূলক অহঙ্কারে মোহিত হইয়া এই কৌরবগণের মৃত্যু

মনেও স্থান না দেও, তবেই কি ইহারা চিরঞ্জীব হইয়া যাইবে? তুমিই কি একমাত্র হন্তা আর সকলেই বধ্য? এরূপ ভ্রান্তিকে তোমার চিত্তে স্থান দিও না। এই জগৎ অনাদি কাল হইতেই আছে। উৎপন্ন হওয়া ও নষ্ট হওয়া ইহার স্বভাব। অতএব, বল দেখি কেন শোক করিবে? তুমি মূর্খতা হেতু ইহা বুঝিতে পারিতেছ না। যে চিন্তা তোমার করা উচিত নয়, তাহাই তুমি করিতেছ—আবার আমাকে তুমি নীতি উপদেশও দিতেছ। দেখ বিবেকী জন উৎপত্তি ও বিনাশ এ দুই এর কোনটার জন্যই শোক করে না, কারণ এই দুইটিই ভ্রান্তির ফল॥ ১১॥

ন ত্বেবাহং জাতু নাসং ন ত্বং নেমে জনাধিপাঃ।
ন চৈব ন ভবিষ্যামঃ সর্ব্বে বয়মতঃ পরম্॥ ১২॥

হে অর্জ্জুন, শোন, এই সংসারে আমি, তুমি এবং এই সকল ভূপতিগণ আদি করিয়া সকলেই নিত্য এইরূপ বর্ত্তমান থাকিব, অথবা নিশ্চয়ই ক্ষয় প্রাপ্ত হইব, এ সকলই ভ্রান্তি। এই দুই কথার কোনটাই ঠিক্ নয়। উৎপত্তি এবং বিনাশ যাহা দেখা যায়, উহা মায়ার বশে। বাস্তবিক যাহা তত্ত্ব বস্তু উহা অবিনাশী। বায়ুদ্বারা জল আন্দোলিত হইয়া তরঙ্গাকার ধারণ করে, তখন তরঙ্গের কি জন্ম হয়? আবার যখন সেই বায়ুর আন্দোলন বন্ধ হইয়া জল সহজ স্থির অবস্থা প্রাপ্ত হয়, তখন কি কাহারও বিনাশ হইয়া যায়? ইহা বিচার করিয়া দেখ। ১১॥

দেহিনোঽস্মিন্ যথা দেহে কৌমারং যৌবনং জরা।
তথা দেহান্তরপ্রাপ্তির্ধীরস্তত্র ন মুহ্যতি ॥ ১৩ ॥

শোন, শরীর এক হইলেও বয়সভেদে অনেক বলিয়া মনে হয়, ইহা প্রত্যক্ষই দেখা যায়। যেরূপ প্রথমে কৌমার অবস্থা দেখা যায়, তৎপর তারুণ্যে উহার নাশ হইয়া যায়, কিন্তু ভিন্ন অবস্থার সহিত দেহের নাশ হইয়া যায় না, সেরূপ চৈতন্যের আশ্রয়ে এই শরীরের অদল বদল হইয়া থাকে, এইরূপ বুঝিতে পারিলে ভ্রমজনিত দুঃখ আর থাকে না। ১৩।

মাত্রাস্পর্শাস্তু কৌন্তেয় শীতোষ্ণসুখদুঃখদাঃ।
আগমাপায়িনোঽনিত্যাস্তাংস্তিতিক্ষস্ব ভারত ॥ ১৪ ॥

এই বিষয়ে অজ্ঞানতার কারণ মানবের ইন্দ্রিয়ের অধীনতা। ইন্দ্রিয় অন্তঃকরণকে আকর্ষণ করিয়া থাকে, এই হেতুই জীবের ঐরূপ ভ্রম উপস্থিত হয়। ইন্দ্রিয় বিষয় ভোগ করে ইহাতে হর্ষ এবং শোক উৎপন্ন হয়। বিষয় সঙ্গে অন্তর মোহে ডুবিয়া যায়। (বিষয়ের আশ্রয়ে কোথাও স্থিরতা নাই বলিয়াই কোথাও দুঃখ, কোথাও সুখ অনুভূত হইয়া থাকে।) দেখ, নিন্দা ও স্তুতির মধ্যে শব্দের ব্যাপ্তি, যাহার শ্রবণদ্বারা দ্বেষ ও প্রীতি জন্মিয়া থাকে। মৃদু এবং কঠিন এ দুইটী স্পর্শের গুণ, যাহা ত্বগিন্দ্রিয়ের সঙ্গে অনুভূত হয় এবং সন্তোষ অথবা খেদের কারণ হয়। ভয়ঙ্কর অথবা সুন্দর রূপের স্বরূপ; ইহারা নেত্রদ্বারা সুখ ও দুঃখ জন্মাইয়া দেয়। সুগন্ধ এবং দুর্গন্ধ পরিমলের

প্রকার ভেদ ; যাহা ঘ্রাণ ইন্দ্রিয় সঙ্গে বিষাদ এবং পরিতোষ প্রদান করে। এই প্রকার দ্বিবিধ রস প্রীতি ও ত্রাস জন্মায় অতএব বিষয় সঙ্গই ভ্রষ্ট করিবার হেতু। দেখ, ইন্দ্রিয়ের অধীন হইলেই শীত উষ্ণাদি অনুভব হয়, এবং সুখ দুঃখকে ডাকিয়া আনে। ইন্দ্রিয়গণের স্বভাবই এত যে, তাহারা বিষয় ভিন্ন অন্যত্র সর্ব্ব প্রকারে রমা কিছুই পায় না। সেই বিষয় আবার কিরূপ? মৃগতৃষ্ণিকার জল অথবা স্বপ্নে দৃষ্ট হস্তীর মতই সেই বিষয় অনিত্য ; এইজন্য হে ধনুর্দ্ধর, তুমি উহা ত্যাগ কর, উহার সঙ্গ কখনও করিও না ॥ ১৪ ॥

যং হি ন ব্যথয়ন্ত্যেতে পুরুষং পুরুষর্ষভ।
সমদুঃখসুখং ধীরং সোঽমৃতত্বায় কল্পতে ॥ ১৫ ॥

এই বিষয় যাহাকে বশীভূত করে না তাহার সুখ দুঃখ দুইটার কোনটাই ভোগ করিতে হয় না আর গর্ভবাস যন্ত্রণাও তাহার থাকে না। হে পার্থ, যে বস্তু এই ইন্দ্রিয়গণের অধীন নয়, উহাকে সর্ব্বথা নিত্যরূপ বলিয়া জানিও। ১৫।

নাসতো বিদ্যতে ভাবো নাভাবো বিদ্যতে সতঃ।
উভয়োরপি দৃষ্টোঽন্তস্ত্বনয়োস্তত্ত্বদর্শিভিঃ ॥ ১৬ ॥

অনন্তর, হে অর্জুন, আর এক কথা শুনাইতেছি যাহা বিচারবান্ লোক জানেন। যে সর্ব্বগত চৈতন্য উপাধিমধ্যে গুপ্ত রহিয়াছেন, তাহাকে তত্ত্বজ্ঞানী সাধুগণ স্বীকার করেন। জল ও দুগ্ধ যেরূপ একত্র মিশিয়া থাকিলে রাজহংস উহাকে

পৃথক করিয়া লয়, অথবা বুদ্ধিমান লোক অগ্নিতাপে দগ্ধ করিয়া অশুদ্ধ স্বর্ণকে শুদ্ধ করিয়া লয়, অথবা চাতুর্য্যের সহিত দধি মন্থন করিয়া যেরূপ পরিশেষে নবনীত পাওয়া যায়, অথবা ধান্য ও তুষ একত্র মিশ্রিত থাকিলে উহা উড়াইয়া লইলে যেরূপ ধান্য থাকে, তুষ উড়িয়া যায়, সেইরূপ বিচার করিয়া দেখিলে (জ্ঞানীর দৃষ্টিতে সহজেই অসৎ প্রপঞ্চ পরিত্যক্ত হয়, আর শুদ্ধ তত্ত্ব থাকিয়া যায়। অতএব, অনিত্য বস্তুর আশ্রয়ে তাঁহারা আস্থিকা বুদ্ধি করেন না। তাঁহারা সৎ ও অসৎ দুই বস্তুরই পরিণাম জানেন। ১৬।)

অবিনাশি তু তদ্বিদ্ধি যেন সর্ব্বমিদং ততম্।
বিনাশমব্যয়স্যাস্য ন কশ্চিৎ কর্ত্তুমর্হতি ॥ ১৭ ॥

সারাসার বিচার করিয়া দেখ, অসারতা ভ্রান্তি, সারবস্তু স্বভাবতই নিত্য বলিয়া বুঝিবে। যাহার বিস্তার এই লোকত্রয় এবং বিভিন্ন আকার, তাহার নাম, বর্ণ, আকার বা চিহ্ন নাই। যিনি সর্ব্বদা সর্ব্বব্যাপক, যিনি জন্ম ক্ষয়ের অতীত—কখনও তাহার বিনাশ করা যায় না।)১৭ ॥

অন্তবন্ত ইমে দেহা নিত্যস্যোক্তাঃ শরীরিণঃ।
অনাশিনোঽপ্রমেয়স্য তস্মাদ্ যুধ্যস্ব ভারত ॥ ১৮ ॥

শরীরধারী সকলেই বিনাশশীল। অতএব, পাণ্ডুকুমার, যুদ্ধ কর। ১৮ ॥

য এনং বেত্তি হন্তারং যৈশ্চনং মন্যতে হতম্।
উভৌ তৌ ন বিজানীতো নায়ং হন্তি ন হন্যতে ॥১৯॥

তুমি দেহাভিমান করিয়া এবং শরীরের প্রতি দৃষ্টি রাখিয়া আমি হন্তা এবং ইহারা হন্তব্য এইরূপ বলিতেছ। হে অর্জ্জুন, তুমি জান না যদি তত্ত্বত বিচার কর, দেখিবে তুমি বধকর্ত্তা নও, ইহারাও তোমার বধ্য নয়। ১৯ ॥

ন জায়তে ম্রিয়তে বা কদাচি
ন্নায়ং ভূত্বা ভবিতা বা ন ভূয়ঃ।
অজো নিত্যঃ শাশ্বতোঽয়ং পুরাণো
ন হন্যতে হন্যমানে শরীরে ॥ ২০ ॥

বেদাবিনাশিনং নিত্যং য এনমজমব্যয়ম্।
কথং স পুরুষঃ পার্থ কং ঘাতয়তি হন্তি কম্ ॥ ২১ ॥

যেরূপ স্বপ্ন মধ্যে যাহা দেখা যায় উহা স্বপ্নকালেই সত্য, জাগ্রত হইলে কিছুই নয়, সেইরূপ এই মায়াকে জানিবে। তুমি বৃথা ভ্রমে রহিয়াছ। যেরূপ ছায়ার উপর অস্ত্রের আঘাত করিলে উহা অঙ্গে লাগেনা, যেরূপ পূর্ণ কুম্ভ উলটাইয়া জল ফেলিয়া দিলে উহাতে যে সূর্য্যের প্রতিবিম্ব দেখা যাইতেছিল উহা নষ্ট হয় বলিয়া উহার সহিত সূর্য্যেরও বিনাশ হয় না; অথবা ঘটের অভ্যন্তরস্থ আকাশ, ঘটের আকার ধারণ করিলেও ঘট ভঙ্গের সহিত আপন স্বরূপ মহাকাশ প্রাপ্ত হয়;

সেইরূপ শরীরের লোপে স্বরূপের সর্ব্বথা নাশ হয় না। অতএব তুমি নিজের উপর ভ্রান্তি আরোপ করিও না ॥ ২০।২১ ॥

বাসাংসি জীর্ণানি যথা বিহায়
নবানি গৃহ্ণাতি নরোঽপরাণি।
তথা শরীরাণি বিহায় জীর্ণা
ন্যন্যানি সংযাতি নবানি দেহী ॥ ২২

যেরূপ কেহ জীর্ণ বস্ত্র পরিত্যাগ করে, অনন্তর নূতন বস্ত্র পরিধান করে, সেইরূপ চৈতন্য স্বরূপ আত্মা এক দেহ পরিত্যাগ করিয়া দেহান্তর স্বীকার করে। ২২ ॥

নৈনং ছিন্দন্তি শস্ত্রাণি নৈনং দহতি পাবকঃ।
ন চৈনং ক্লেদয়ন্ত্যাপো ন শোষয়তি মারুতঃ ॥ ২৩ ॥

অচ্ছেদ্যোঽয়মদাহ্যোঽয়মক্লেদ্যোঽশোষ্য এব চ
নিত্যঃ সর্ব্বগতঃ স্থাণুরচলোঽয়ং সনাতনঃ ॥ ২৪ ॥

এই আত্মা অনাদি, নিত্যসিদ্ধ, নিরুপাধি ও বিশুদ্ধ। এইজন্য শস্ত্রাদি দ্বারা উহার ছেদন সম্ভব হয় না। ইহাকে প্রলয় জলে আপ্লাবিত করে না বা অগ্নিদ্বারা দগ্ধ করা সম্ভব হয় না। পবনের মহা শোষণ শক্তিও ইহার প্রতি কার্য্যকরী হয় না। হে অর্জ্জুন, ইহা নিত্য, অচল ও শাশ্বত; সর্ব্বত্র সদা বর্ত্তমান এবং পরিপূর্ণ স্বরূপ ॥ ২৩।২৪ ॥

অবক্তোঽয়মচিন্ত্যোঽয়মবিকার্য্যোঽয়মুচ্যতে ।
তস্মাদেবং বিদিত্বৈনং নানুশোচিতুমর্হসি ॥ ২৫ ॥

হে কিরীটী, এই আত্মা তর্কশাস্ত্রের দৃষ্টি দ্বারা গোচরীভূত হয় না। ধ্যান ইহার দর্শনের নিমিত্ত উৎকণ্ঠা ধারণ করে; ইহা মনেরও সদা দুর্ল্লভ এবং সাধনা দ্বারাও অপ্রাপ্য; হে অর্জ্জুন এই পুরুষোত্তমতত্ত্ব অসীম। ইহা গুণত্রয়রহিত, অনাদি এবং বিকাররহিত, ব্যক্তজগতের অতীত সর্ব্বরূপ। হে অর্জ্জুন, আত্মাকে এইরূপ জানিবে ও সর্ব্বত্র এই আত্মাকে দর্শন করিবে; তাহা হইলে সহজেই তোমার সকল শোক দূর হইয়া যাইবে। ২৫ ॥

অথ চৈনং নিত্যজাতং নিত্যং বা মন্যসে মৃতম্ ।
তথাপি ত্বং মহাবাহো নৈনং শোচিতুমর্হসি ॥ ২৬ ॥

অথবা এইরূপে না বুঝিলেও জগৎকে যদি তুমি বিনাশশীল বলিয়াই মনে কর তাহা হইলেও পাণ্ডুকুমার, তুমি শোক করিতে পার না। যেরূপ গঙ্গাজলের প্রবাহ অখণ্ড সেইরূপ উৎপত্তি, স্থিতি ও লয়প্রবাহ নিরন্তর নিত্যই আছে। যেরূপ গঙ্গাপ্রবাহের আদিতে উহা অখণ্ড, সমুদ্রমিলনেও উহা তদ্রূপতা এবং প্রবাহ মধ্যেও উহা একরূপ। সেইভাবে উৎপত্তি, স্থিতি ও লয় এই তিনটী প্রাণিগণের সম্বন্ধে একটীর পর আর একটী আসিতেছে, কখনও উহার বাধা হইতেছে না। অতএব জগতের জন্য তোমার শোক করা উচিত নয়, যেহেতু সৃষ্টিক্রম এইভাবে

স্বভাবত অনাদি। অথবা, হে অর্জ্জুন, এই জন্ম ও ক্ষয়-রীতির অধীন জগৎকে দেখিয়াও যদি তোমার মনে না মানে তবুও তোমার শোকের কারণ নাই। দেখ, জন্ম ও মৃত্যু অপরিহার্য্য। ২৬॥

জাতস্য হি ধ্রুবো মৃত্যুর্ধ্রুবং জন্ম মৃতস্য চ।
তস্মাদপরিহার্য্যেঽর্থে ন ত্বং শোচিতুমর্হসি ॥ ২৭ ॥

যে জন্মগ্রহণ করে তাহার বিনাশ হয়, যাহার বিনাশ হয় তাহার পুনরায় জন্ম হয়; জল তুলিবার (ক) ঘটিকা যন্ত্রের মত সংসার চক্র ঘূর্ণায়মান। অথবা সূর্য্যের উদয় অস্ত যেরূপ নিরন্তর আপনিই হইতেছে সেইরূপ জন্ম মরণও জগতে অনিবার্য্য। মহাপ্রলয়কালে এই ত্রিলোকেরই সংহার হয়, কিন্তু উহাতে আদি অন্তের বিনাশ হয় না। তুমি যদি এই কথা মান, তবে কেন খেদ করিতেছ? ধনুর্দ্ধর, তুমি কি বুঝিয়াও বুঝিতেছ না? হে পার্থ, আরও একটা কথা আছে, বিচার করিয়া দেখিলে বুঝিবে সর্ব্বথা দুঃখ করিবার বিষয় নাই। ২৭॥

অব্যক্তাদীনি ভূতানি ব্যক্তমধ্যানি ভারত।
অব্যক্তনিধনান্যেব তত্র কা পরিদেবনা ॥ ২৮ ॥

(ক) কূপ হইতে জল তুলিবার জন্য দক্ষিণ পশ্চিম দেশে একরূপ চক্রাকার যন্ত্র ব্যবহৃত হয়। উহার সহিত কয়েকটী ঘট বাঁধা থাকে চাকা ঘুরাইলে একটীর পর আর একটী জল ভরিয়া উপরে উঠিয়া আসে।

এই সমস্ত প্রাণিগণ জন্মগ্রহণের পূর্ব্বে অমূর্ত্ত থাকে, পরে জন্ম লইয়া আকার প্রাপ্ত হয়। উহার ক্ষয় হইয়া গেলে উহা নিশ্চয়ই অন্য কিছু হইয়া যায় না বরং আপন পূর্ব্বাবস্থাই—অমূর্ত্ত দশাই প্রাপ্ত হয়। দ্বিতীয়তঃ মধ্যাবস্থায় যাহা প্রতিভাত হয়, উহা নিদ্রিতের স্বপ্নদর্শনের মত। সংস্বরূপে মায়াবশেই ঐরূপ আকার প্রতীতি হয়। অথবা, বায়ুর স্পর্শে জল যেরূপ তরঙ্গাকার দেখায়, কিম্বা স্বর্ণ যেরূপ অপরের ইচ্ছায় অলঙ্কারের আকার ধারণ করে, সেইরূপ সকল মূর্ত্ত বস্তুকেই মায়ারচিত বলিয়া জানিবে গগনে যেরূপ অভ্র-পটল দেখা যায়, সেইরূপ যাহার মূল নাই তাহার জন্য তুমি রোদন করিতেছ কেন? অক্ষয় অদ্বিতীয় চৈতন্য বস্তুতে তুমি দৃষ্টি কর; —যাহার জন্য আর্ত্তি করিয়া সাধুগণ বিষয় পরিত্যাগ করেন, যাহার জন্য বৈরাগ্যবান্ বনবাসী হন,—যাহাকে লক্ষ্য করিয়া মুনীশ্বরগণ ব্রহ্মচর্য্যাদি ব্রত ও তপস্যা করিয়া থাকেন। ১৮॥

আশ্চর্য্যবৎ পশ্যতি কশ্চিদেন—
নাশ্চর্য্যবদ্ বদতি তথৈব চান্যঃ।
আশ্চর্য্যবচ্চৈনমন্যঃ শৃণোতি
শ্রুত্বাপ্যেনং বেদ ন চৈব কশ্চিৎ ॥ ২৯ ॥

কেহ কেহ নিশ্চল অন্তঃকরণে পরমাত্মার দর্শন করিয়া সংসারের সকলই ভুলিয়া গিয়াছেন। কেহ কেহ তাঁহার গুণানুবাদ গান করিতে করিতে চিত্তের উপরতি উৎপন্ন হওয়াতে নিরবধি

তল্লীনতা প্রাপ্ত হইয়াছেন, কেহ উহা শ্রবণে চিত্তের শান্তিলাভ করিয়া দেহাভিমান ত্যাগ করিয়াছেন; কেহ অনুভবে তদ্রূপতা লাভ করিয়াছেন। যেরূপ সমস্ত নদীর প্রবাহ সমুদ্রে গিয়া মিলিত হয়, কখনও সমুদ্র হইতে ফিরিয়া আসে না সেইরূপ যোগীশ্বরগণের বুদ্ধি তাঁহার সহিত মিলিত হইয়া তদ্রূপতা প্রাপ্ত হয়, পুনরায় বিচার করিলেও পুনরাবৃত্তি হয়না। ২৯॥

দেহী নিত্যমবধ্যোঽয়ং দেহে সর্ব্বস্য ভারত।
তস্মাৎ সর্ব্বাণি ভূতানি ন ত্বং শোচিতুমর্হসি॥ ৩০॥

যিনি সর্ব্বত্র সকলদেহের দেহী, যাহাকে আঘাত করিতে ইচ্ছা করিলেও আহত করা যায়না, সেই বিশ্বাত্মক কেবল চৈতন্য বস্তু এক বলিয়া দর্শন কর। যাহার স্বভাবগুণে অখিল বিশ্বের সৃষ্টি ও লয় হইতেছে, তুমিই বল দেখি, তাহার জন্য তোমার শোক করা উচিত হয় কি? হে পার্থ, জানি না কেন তোমার মনে আমার কথা ধারণা করিতে পারিতেছনা। আমার বিচারে সকল দিক্ দিয়াই তোমার শোক নিন্দনীয়। ৩০॥

স্বধর্ম্মমপি চাবেক্ষ্য ন বিকম্পিতুমর্হসি।
ধর্ম্ম্যাদ্ধি যুদ্ধাচ্ছ্রেয়োঽন্যৎ ক্ষত্রিয়স্য ন বিদ্যতে॥ ৩১॥

হে অর্জ্জুন, তুমি কেন এখনও বিচার করনা? ইহা কি তুমি চিন্তা করিয়াছ যে, স্বধর্ম্ম মানুষের তারক, উহা কি তুমি ভুলিয়া গেলে? যদি এই কৌরবগণ মরিয়া যায়, যদি

তোমারই কিছু হয়, যদি এই যুগেরই বা শেষ হইয়া যায় তথাপি স্বধর্ম্ম বলিয়া যে একটী বস্তু আছে, উহা কখনও ত্যাজ্য হয় না। উহা ত্যাগ করিয়া তোমার যে কাতরতা আসিয়াছে তাহাতে কি তুমি উদ্ধার পাইবার উপায় দেখিতেছ? হে অর্জ্জুন, যদিও তোমার চিত্ত দ্রবীভূত হইয়াছে দেখা যাইতেছে তথাপি উহা এই সংগ্রামকালে অনুচিত। দেখ, গোদুগ্ধ পথ্য হইলেও সময় বিশেষে উহাকে পথ্য বলা চলেনা, নবজ্বরে উহা প্রদান করিলে বিষের সমান হয়। সেইরূপ অপরের কর্ম্ম করিলে উহাতে নিজের মঙ্গল বিনষ্ট হয়, অতএব সাবধান হও। বৃথা কেন ব্যাকুল হও, স্বধর্ম্মের দিকে তাকাও, যাহার আচরণে কোন কালেও বাধা হয় না। যেরূপ পথে চলিলে কোন হানি হয় না বা দীপের আলোকে চলিলে যেরূপ পদস্খলন হয় না, সেইরূপ হে পার্থ, স্বধর্ম্ম আচরণে সহজেই মনোরথ সিদ্ধি হয়। অতএব দেখ, তুমি ক্ষত্রিয়, যুদ্ধ ভিন্ন তোমার আর কোন কর্ত্তব্য নাই। নিষ্কপট হও, সম্মুখ যুদ্ধে দণ্ডায়মান হইয়া যুদ্ধ করাই তোমার কর্ত্তব্য। প্রত্যক্ষ বিষয় আর বিস্তার করিবার প্রয়োজন কি? ৩১ ॥

যদৃচ্ছয়া চোপপন্নং স্বর্গদ্বারমপাবৃতম্।
সুখিনঃ ক্ষত্রিয়াঃ পার্থ লভন্তে যুদ্ধমীদৃশম্ ॥ ৩২ ॥

হে অর্জ্জুন, ইহা যুদ্ধ নয়, তোমার দৈব তোমার সম্মুখে, অথবা সকল ধর্ম্মের নিধান যুদ্ধরূপে প্রকাশিত হইয়াছে।

সংগ্রাম কেন বলি, মূর্ত্তিমান স্বর্গই তোমার প্রতাপে এই রূপ ধরিয়া উদয় হইয়াছে। অথবা তোমার গুণের পরিচয় পাইয়া কীর্ত্তি প্রীতিতে আসক্ত হইয়া তোমাকে বরণ করিবার জন্য স্বয়ম্বরা হইয়া আসিয়াছে। বহুপুণ্য করিলেই ক্ষত্রিয়ের এরূপ সংগ্রাম লাভ হয়। যেরূপ পথে চলিতে অকস্মাৎ চিন্তামণি হস্তগত হয়, অথবা হাই তুলিতে দৈববশে মুখে অমৃত পড়িলে হয়, সেইরূপ এই সংগ্রাম অকস্মাৎ তোমার ভাগ্যে ঘটিয়াছে। ৩২ ॥

অথ চেত্ত্বমিমং ধর্ম্ম্যং সংগ্রামং ন করিষ্যসি।
ততঃ স্বধর্ম্মং কীর্ত্তিং চ হিত্বা পাপমবাপ্স্যসি ॥ ৩৩ ॥

এখন যদি এই যুদ্ধ ত্যাগ কর এবং অনর্থক বিষয়ে শোক করিতে বস তাহা হইলে নিজেই নিজের অমঙ্গল-কর্ত্তা হইবে। এই যুদ্ধে অস্ত্র অস্ত্র ত্যাগ করিলে পূর্ব্বার্জ্জিত যশঃ লোপ পাইবে। এইরূপে তোমার কীর্ত্তিনাশ হইবে, জগৎ অভিশাপ করিবে এবং তোমাকে মহৎ দোষ আশ্রয় করিবে। যেরূপ পতিহীনা স্ত্রী সর্ব্বপ্রকারেই অপমানিতা হইয়া থাকে, স্বধর্ম্মহীন মানবের অবস্থাও সেইরূপ। অথবা রণক্ষেত্রে পরিত্যক্ত শবগুলিকে চারিদিক্ হইতে গৃধ্র যেরূপ বিদারণ করিতে থাকে, সেইরূপ স্বধর্ম্মহীন মানবকেও মহাদোষ অভিভূত করিয়া থাকে। ৩৩ ॥

অকীর্ত্তিঞ্চাপি ভূতানি কথয়িষ্যন্তি তেঽব্যয়াম্
সম্ভাবিতস্য চাকীর্ত্তির্মরণাদতিরিচ্যতে ॥ ৩৪ ॥

অতএব স্বধর্ম্মত্যাগ করিলে পাপ হইবে এবং এই অপকীর্ত্তি কল্পান্তেও দূর হইবে না। বুদ্ধিমান লোক যতদিন অপকীর্ত্তি স্পর্শ না করে ততদিনই জীবিত থাকিতে ইচ্ছা করেন। আবার বল, এখান হইতে ফিরিয়া যাইবে কি? তুমি নির্মৎসর, সদয়তা প্রদর্শন করিয়া যুদ্ধে পরাঙ্মুখ হইবে কিন্তু তোমার এই ফিরিয়া যাওয়া সকলের মনে ভাল বোধ হইবে না। ইহারা চারিদিক হইতে তোমাকে ঘিরিয়া ফেলিবে, বাণের উপর বাণ বর্ষণ করিয়া তোমাকে আঘাত করিবে, তোমার কৃপালুতায় নিষ্কৃতি পাইবে না। ইহার পরেও যদি এই প্রাণ-সঙ্কট হইতে নিষ্কৃতি পাও তথাপি এইরূপে বাঁচিয়া থাকা হইতে মরণই ভাল। ৩৪ ॥

ভয়াদ্রণাদুপরতং মংস্যন্তে ত্বাং মহারথাঃ।
যেষাঞ্চ ত্বং বহুমতো ভূত্বা যাস্যসি লাঘবম্ ॥ ৩৫ ॥

আরও একটি বিষয় তুমি বিচার করিতেছ না। তুমি যুদ্ধের নিমিত্ত মহাসমারোহে প্রস্তুত হইয়া আসিয়াছ; আর যদি কারুণ্যপরবশ হইয়া ফিরিয়া যাও তবে, হে অর্জুন, আমাকে বল দেখি এই দুর্জ্জন শত্রুগণ সে কথা প্রত্যয় করিবে কি? ৩৫ ॥

অবাচ্যবাদাংশ্চ বহূন্ বদিষ্যন্তি তবাহিতাঃ।
নিন্দন্তস্তব সামর্থ্যং ততো দুঃখতরং নু কিম্ ॥ ৩৬ ॥

ইহারা বলিবে "গেল রে গেল, অর্জুন আমাদের ভয়ে পলাইয়া গেল"। এই অকীর্ত্তিভাগী হওয়া কি ভাল? হে ধনুর্দ্ধর, লোকে বহু কষ্ট করিয়া আপন জীবনের বিনিময়ে কীর্ত্তি

বাড়াইয়া থাকে সেই কীর্ত্তি তুমি অনায়াসে লাভ করিয়াছ। গগন যেরূপ অদ্বিতীয়, তোমার কীর্ত্তি সেইরূপ অনুপম ও অসীম। তোমার উত্তম গুণের কথা ত্রিভুবনে ব্যাপ্ত। নানা দেশে ভূপতিগণ ভাট হইয়া উহা বর্ণনা করে,—যাহা শুনিয়া কৃতান্ত প্রভৃতিও সচকিত হয়। দেখ, তোমার মহিমা এরূপ গম্ভীর এবং গঙ্গার মত নির্ম্মল যে, উহা দেখিয়া জগতের বীর-পুরুষগণ তটস্থ হইয়া থাকেন। সেই তোমার অদ্ভুত পৌরুষ বার্ত্তা শুনিয়া সমস্ত রাজন্যবর্গ প্রাণের আশা পরিত্যাগ করিয়া আসিয়াছেন। যেরূপ সিংহের গর্জ্জন মদমত্ত হস্তীরও মৃত্যুকাল মনে করাইয়া দেয়, সেইরূপ কৌরবগণ তোমার ভয়ে ভীত হইয়াছে। বজ্রকে পর্ব্বত এবং গরুড়কে সর্প যেরূপ ভয় করে, হে অর্জ্জুন, কৌরবগণ তোমাকে সেইরূপ সর্ব্বদা ভয় করে। যদি যুদ্ধ না করিয়া তুমি পরাঙ্মুখ হও, তাহা হইলে তোমার শ্রেষ্ঠতা নষ্ট হইবে এবং তোমার হীনতাই প্রতিপাদিত হইবে। পলাইতে চাহিলেও ইহারা তোমাকে পলাইতে দিবে না, তোমাকে ধরিয়া ভৎর্সনা করিবে ও তোমার মুখের উপর দুরুক্তি প্রয়োগ করিবে। সে সময় উহা শুনিয়া হৃদয় বিদীর্ণ হওয়া অপেক্ষা এখন শৌর্য্য প্রকাশ করিয়া যুদ্ধই কেন করনা? যদি জয়ী হও তবে ত পৃথিবীর রাজ্য প্রাপ্ত হইবেই। ৩৬॥

হতো বা প্রাপ্স্যসি স্বর্গং জিত্বা বা ভোক্ষ্যসে মহীম্।
তস্মাদুত্তিষ্ঠ কৌন্তেয় যুদ্ধায় কৃতনিশ্চয়ঃ॥ ৩৭॥

অথবা যুদ্ধ করিতে করিতে যদি প্রাণ যায় তবেও অনায়াসে স্বর্গসুখ লাভ করিবে। অতএব, হে কিরীটী এবিষয়ে আর কিছু বিচার করিতে হইবেনা : এখন ধনু লইয়া উঠ এবং শীঘ্র যুদ্ধে প্রবৃত্ত হও। দেখ, স্বধর্ম্মাচরণ করিলে পূর্ব্বপাপ দূর হইয়া যায়। তোমার চিত্তে পাপ সম্বন্ধে কিরূপ ভ্রম হইয়াছে? ভেলার আশ্রয় লইলে কখনও কি মানুষ ডুবিয়া যায়? অথবা সুপথে চলিলে পথ ভ্রষ্ট হয়?—ভাল করিয়া চলিতে না জানিলে তাহাও হইতে পারে। দুগ্ধ পান করিয়াও মৃত্যু সম্ভব হয় যদি উহার সহিত বিষ মিশাইয়া পান করা যায়। সেইরূপ স্বধর্ম্মাচরণেও দোষ প্রাপ্তি হয় যদি উহার সহিত ফলাকাঙ্ক্ষা রাখিয়া উহা অনুষ্ঠিত হয়। অতএব পার্থ, সর্ব্বদা ফলাকাঙ্ক্ষা পরিত্যাগ করিয়া ক্ষাত্রবৃত্তির অনুসারে যুদ্ধ করিলে তোমার কিছুমাত্র পাপ নাই। ৩৭ ॥

সুখদুঃখে সমে কৃত্বা লাভালাভৌ জয়াজয়ৌ।
ততো যুদ্ধায় যুজ্যস্ব নৈবং পাপমবাপ্স্যসি ॥ ৩৮ ॥

সুখের সময় সন্তোষ মানিও না, দুঃখের সময় বিষাদও প্রাপ্ত হইও না; এবং মনে লাভালাভ চিন্তাও আনিও না। এই যুদ্ধে বিজয় লাভ করিব অথবা দেহ যাইবে, আগ্রেই সেই চিন্তা করিও না। আপন কর্ত্তব্য স্বধর্ম্ম আচরণ করিতে যে ফলই হউক উহাই শান্তভাবে সহিয়া লইতে হইবে। মন এইরূপ দৃঢ়

হইয়া গেলে স্বাভাবিক ভাবেই আর পাপ স্পর্শ করিবেনা। অতএব বলি, নিভ্রান্ত হইয়া যুদ্ধ কর ॥ ৩৮ ॥

এষা তেঽভিহিতা সাংখ্যে বুদ্ধির্যোগে ত্বিমাং শৃণু ।
বুদ্ধ্যা যুক্তো যয়া পার্থ কর্ম্মবন্ধং প্রহাস্যসি ॥ ৩৯ ॥

এই পর্য্যন্ত সাংখ্য-যোগ-স্থিতি সংক্ষিপ্তরূপে তোমার সমীপে বর্ণন করিয়াছি, অনন্তর বুদ্ধিযোগ সিদ্ধান্ত বলিতেছি, অবহিত হও। যেরূপ বজ্রকবচ ধারণ করিলে শস্ত্রের বর্ষণ সহ্য করিতে পারা যায়, পরিশেষে যুদ্ধে অবাধ বিজয় লাভ হয় সেরূপ যে বুদ্ধিযুক্ত হয়, হে পার্থ, তাহার কখনও কর্ম্মবন্ধনগ্রস্ত হইতে হয় না। ৩৯ ॥

নেহাভিক্রমনাশোঽস্তি প্রত্যবায়ো ন বিদ্যতে ।
স্বল্পমপ্যস্য ধর্ম্মস্য ত্রায়তে মহতো ভয়াৎ ॥ ৪০ ॥

বুদ্ধিযোগ দ্বারা ঐহিক সুখেরও নাশ হয় না অথচ মোক্ষপ্রাপ্তিও ঘটিয়া থাকে। এই বুদ্ধিযোগ দ্বারা পূর্ব্বকৃত কর্ম্ম নির্ম্মলরূপে দৃষ্টিগোচর হয়। কর্ম্মাশ্রয়ে থাকিয়াই কর্ম্মফলের প্রতি লক্ষ্যশূন্য হইবে। যেরূপ মন্ত্রজ্ঞ ব্রাহ্মণকে ভূত বাধা দিতে পারে না, সেইরূপ যাহার সুবুদ্ধির পূর্ণপ্রাপ্তি হইয়াছে, তাহাকে জন্মমরণ জনিত উপাধি বশীভূত করিতে পারে না। যে বুদ্ধিতে পাপপুণ্যের সঞ্চার হয় না, যাহা সূক্ষ্ম ও নিষ্কম্প, যাহাতে ত্রিগুণের লেশ স্পর্শ করিতে পারে না হে অর্জ্জুন, পুণ্যবশে সেই বুদ্ধি অল্প পরিমাণেও

হৃদয়ে প্রকাশিত হইলে অশেষ সংসার ভয় নষ্ট হইয়া যায়। ৪০ ॥

ব্যবসায়াত্মিকা বুদ্ধিরেকেহ কুরুনন্দন।
বহুশাখা হ্যনন্তাশ্চ বুদ্ধয়োঽব্যবসায়িনাম্ ॥ ৪১ ॥

যেরূপ দীপকলিকা ক্ষুদ্র হইলেও বহু তেজঃ প্রকাশক সেইরূপ সদ্বুদ্ধি—উহাকে অল্প বুঝিও না। হে পার্থ, বিচারবান্ ব্যক্তি সর্ব্বপ্রকারে এই চরাচরে দুর্লভ সদ্বাসনার অপেক্ষা করিয়া থাকে। যেরূপ অন্য বহু প্রস্তর পাওয়া গেলেও, পরশমণি বহু মিলে না, অথবা, অমৃতবিন্দু দৈব-যোগেই লাভ হয়, সেইরূপ পরমাত্মাতে যাহার পর্য্যাবসান এরূপ সদ্বুদ্ধিও অতিশয় দুর্লভ। গঙ্গা যেরূপ নিরন্তর সমুদ্রগামিনী সেইরূপ, হে অর্জুন, ঈশ্বরভিন্ন যাহার প্রাপ্তি নাই এরূপ বুদ্ধি জগতে এক। ইহা ভিন্ন দুর্ম্মতি—যাহার বহুপ্রকারে বিকার হয় উহাতে অবিবেকী নিরন্তর রমণ করে; অতএব পার্থ, স্বর্গ, সংসার ও নরকাবস্থা উহাতেই প্রাপ্তি হয় এবং যথার্থ আত্মসুখ দর্শন হয় না। ৪১ ॥

যামিমাং পুষ্পিতাং বাচং প্রবদন্ত্যবিপশ্চিতঃ।
বেদবাদরতাঃ পার্থ নান্যদস্তীতিবাদিনঃ ॥ ৪২ ॥

ইহারা বেদাশ্রয়ে বলে—কেবল কর্ম্মেরই প্রতিষ্ঠা, অথচ উহারা ফলের আসক্তি রাখে। সংসারে জন্মগ্রহণ করিবে, বেদোক্ত কর্ম্মানুষ্ঠান করিবে, মনোহর স্বর্গাদি সুখভোগ

করিবে। দেবতাদের সুখ হইতে আর অধিক সুখ কোথাও নাই,—হে অর্জ্জুন, দুর্ব্বুদ্ধিগণ এইরূপ অনেক কথাই বলিয়া থাকে। ৪২ ॥

কামাত্মানঃ স্বর্গপরা জন্মকর্ম্মফলপ্রদাম্।
ক্রিয়াবিশেষবহুলাং ভোগৈশ্বর্য্যগতিং প্রতি ॥ ৪৩ ॥

দেখ ইহারা কামনাভিভূত হইয়া কেবল ভোগের প্রতি আসক্ত হইয়া ক্রিয়াবিশেষ বাহুল্যে বিধি লঙ্ঘন না করিয়া নিপুণতার সহিত ধর্ম্ম আচরণ করে। ৪৩ ॥

ভোগৈশ্বর্য্যপ্রসক্তানাং তয়াপহৃতচেতসাম্।
ব্যবসায়াত্মিকা বুদ্ধিঃ সমাধৌ ন বিধীয়তে ॥ ৪৪ ॥

কিন্তু ইহারা একটি নিন্দ্য কার্য্য করে এই যে, স্বর্গকামনা মনে রাখিয়া যজ্ঞের ভোক্তা যজ্ঞপুরুষকে ভুলিয়া যায়। যেরূপ কর্পূর স্তূপীকৃত করিয়া উহাতে অগ্নি লাগাইয়া দিলে, মিষ্টান্নের সহিত কালকূট বিষ মিশাইয়া দিলে, দৈবযোগে অমৃতকুম্ভ পাইয়া উহা লাথি মারিয়া ফেলিয়া দিলে হয়, সেইরূপ ইহারা হস্তে প্রাপ্ত হইয়াও ফলের আকাঙ্ক্ষায় উৎপন্ন ধর্ম্মকেও নষ্ট করিয়া ফেলে। শ্রম করিয়া যদি পুণ্য অর্জ্জন করা হইল, তবে আবার সংসারের ভোগ অপেক্ষা কেন? কিন্তু কি করা যায়, এই কথা ইহাদের বুদ্ধিগোচর হয় না। উত্তম রন্ধননিপুণ রাঁধুনী ব্যক্তি যেরূপ রন্ধন করিয়া উহা অর্থলোভে বিক্রয় করে, সেইরূপ অবিবেকী

জন ভোগের আশায় ধর্ম্ম হারাইয়া ফেলে। অতএব হে পার্থ, যাহারা কেবল বেদবাদরত তাহাদিগের মনে সর্ব্বদা দুর্ব্বুদ্ধিই থাকে। ৪৪ ॥

ত্রৈগুণ্যবিষয়া বেদা নিস্ত্রৈগুণ্যো ভবার্জ্জুন।

নির্দ্বন্দ্বো নিত্যসত্ত্বস্থো নির্যোগক্ষেম আত্মবান্ ॥ ৪৫ ॥

ইহা নিশ্চয় জানিও বেদ তিন গুণদ্বারা বেষ্টিত। উপনিষদাদি সমস্ত সাত্ত্বিক। হে ধনুর্দ্ধর, বেদের দ্বিতীয় ভাগ যাহাতে কর্ম্মাদির বিবরণ আছে এবং যাহা কেবল স্বর্গসূচক উহা রজঃ ও তমোগুণাত্মক। অতএব তুমিও জানিও উহা সুখ—দুঃখের কারণ, উহাতে কখনও অন্তঃকরণ লাগিতে দিওনা। তুমি গুণত্রয়কে ত্যাগ কর। "আমি, আমার" বুদ্ধি করিও না। এক অন্তর্য্যামী আত্মসুখকে কখনও বিস্মৃত হইও না। ৪৫ ॥

যাবানর্থ উদপানে সর্ব্বতঃ সংপ্লুতোদকে।

তাবান্ সর্ব্বেষু বেদেষু ব্রাহ্মণস্য বিজানতঃ ॥ ৪৬ ॥

বেদ বহুপ্রকার বলিয়াছে, বিবিধ ভেদ সূচনা করিয়াছে, উহার মধ্যে নিজের হিতকারী বিষয় চিন্তা করিয়া লইবে। প্রাতে সূর্য্যকিরণ প্রকাশ হইলে সকল রাস্তা ঘাট দৃষ্টিগোচর হয়। কিন্তু বল দেখি, সকল রাস্তায়ই কি চলিয়া যাইতে হয়? সারা মহীতল জলময় হইয়া গেলেও মানুষ নিজের প্রয়োজন মতই জল গ্রহণ করে। সেইরূপ জ্ঞানী

ব্যক্তি বেদার্থ বিচার করিয়া স্বাভীষ্ট শাশ্বত বস্তুরই গ্রহণ করিয়া থাকে। ৪৬ ॥

কর্ম্মণ্যেবাধিকারস্তে মা ফলেষু কদাচন।
মা কর্ম্মফলহেতুর্ভূর্মা তে সঙ্গোঽস্ত্বকর্ম্মণি ॥ ৪৭ ॥

অতএব, হে পার্থ, তোমারও এইরূপ স্বকর্ম্ম অনুষ্ঠান করাই কর্ত্তব্য। সমস্ত বিচার করিয়া দেখিয়া আমার মনে হয়, আপন বিহিত কর্ম্ম ত্যাগ করা তোমার উচিত নয়; কর্ম্মফলের আশা রাখিও না এবং কুকর্ম্মে মতি করিও না—হেতুরহিত সৎকর্ম্মানুষ্ঠানই করিবে। ৪৭ ॥

যোগস্থঃ কুরু কর্ম্মাণি সঙ্গং ত্যক্ত্বা ধনঞ্জয়।
সিদ্ধ্যসিদ্ধ্যোঃ সমো ভূত্বা সমত্বং যোগ উচ্যতে ॥ ৪৮ ॥

তুমি যোগযুক্ত হইয়া ফলের আশা ত্যাগ করিয়া, মন লাগাইয়া হে অর্জ্জুন, কর্ম্ম কর। আরব্ধ কর্ম্ম যদি দৈবযোগে সিদ্ধ হইয়া যায়, তবে উহার সম্বন্ধে বিশেষ সন্তোষও মনে করিও না; কোন কারণে যদি কর্ম্ম সিদ্ধ না হইয়া অপূর্ণ রহিয়া যায়, তবে উহাতেও অসন্তুষ্ট হইয়া ক্ষোভ করিও না। কর্ম্ম করিতে করিতে যদি উহা সিদ্ধ হইয়া যায় তবে ভালই সিদ্ধ না হইলেও উহা সফল বলিয়া মনে করিবে। যত কিছু কর্ম্মানুষ্ঠান সকলই আদি পুরুষে সমর্পণ করা হইলে উহা সহজেই পরিপূর্ণ বলিয়া বুঝা যায়। এইরূপ সৎ ও অসৎ কর্ম্মে মনোধর্ম্মের সাম্যভাব

হইলে সেই যোগস্থিতিকে শ্রেষ্ঠজনগণ প্রশংসা করিয়া থাকেন। ৪৮ ॥

দূরেণ হ্যবরং কর্ম্ম বুদ্ধিযোগাদ্ধনঞ্জয়।
বুদ্ধৌ শরণমন্বিচ্ছ কৃপণাঃ ফলহেতবঃ ॥ ৪৯ ॥
বুদ্ধিযুক্তো জহাতীহ উভে সুকৃতদুষ্কৃতে।
তস্মাদ্ যোগায় যুজ্যস্ব যোগঃ কর্ম্মসু কৌশলম্ ॥ ৫০ ॥

হে অর্জ্জুন, যাহাতে মন ও বুদ্ধির একতা ও সমতা হয় উহাকেই যোগের সার জানিও। হে পার্থ, বুদ্ধিযোগের বিশেষ বিচার করিলে কর্ম্মযোগের যোগ্যতা কম দেখায়। কিন্তু সেই কর্ম্ম আচরণেই যোগ পাওয়া যায়, কারণ কর্ম্ম সিদ্ধি হইলে সহজেই যোগসিদ্ধি হয়। এইজন্য, হে অর্জ্জুন, শ্রেষ্ঠ বুদ্ধিযোগে স্থির থাক এবং ফলের আশা ত্যাগ কর। যে বুদ্ধিযোগে প্রবৃত্ত হইয়াছে সে সংসারের পারে গিয়াছে এবং পাপপুণ্য এই উভয় বন্ধন হইতে মুক্ত হইয়া গিয়াছে ৪৯।৫০ ॥

কর্ম্মজং বুদ্ধিযুক্তা হি ফলং ত্যক্ত্বা মনীষিণঃ।
জন্মবন্ধবিনির্ম্মুক্তাঃ পদং গচ্ছন্ত্যনাময়ম্ ॥ ৫১ ॥

যে কর্ম্মে রত হয়, কিন্তু কর্ম্মফলের আশা তাহাকে স্পর্শও করেনা, হে অর্জ্জুন, তাহার জন্মমরণও বন্ধ হইয়া যায়। আরও, হে ধনুর্দ্ধর, এই বুদ্ধিযোগযুক্ত জন আনন্দপূর্ণ অচ্যুত পদ প্রাপ্ত হয়। ৫১ ॥

যদা তে মোহকলিলং বুদ্ধির্ব্যতিতরিষ্যতি।
তদা গন্তাসি নির্ব্বেদং শ্রোতব্যস্য শ্রুতস্য চ ॥ ৫২ ॥

যখন এই মোহ ছাড়িয়া দিবে এবং তোমার মনে বৈরাগ্যের সঞ্চার হইবে তুমি তখনই এইরূপ হইবে। তখন নির্দ্দোষ অগাধ আত্মজ্ঞানোৎপত্তি হইবে তাহাতে তোমার মন আপনা আপনি তৃপ্ত হইয়া যাইবে। তখন অন্য বস্তুর জ্ঞান অথবা অন্য কিছু স্মরণ করা দূরে পড়িয়া থাকিবে ॥ ৫২ ॥

শ্রুতিবিপ্রতিপন্না তে যদা স্থাস্যতি নিশ্চলা।
সমাধাবচলা বুদ্ধিস্তদা যোগমবাপ্স্যসি ॥ ৫৩ ॥

আরও যে মতি ইন্দ্রিয় সঙ্গে আসক্ত হইয়া চঞ্চল হয়, উহা আত্মস্বরূপে স্থির হইয়া গেলে, বুদ্ধি কেবল সমাধি সুখে নিশ্চল হইয়া যাইবে, তখন তুমি সম্পূর্ণ যোগস্থিতি প্রাপ্ত হইবে।—৫৩॥

অর্জ্জুন উবাচ

স্থিতপ্রজ্ঞস্য কা ভাষা সমাধিস্থস্য কেশব।
স্থিতধীঃ কিং প্রভাষেত কিমাসীত ব্রজেত কিম্ ॥৫৪ ॥

তখন অর্জ্জুন বলিলেন—হে দেব, হে কৃপানিধি, এই বিষয়ে আমি কিছু জিজ্ঞাসা করিতে চাই। অচ্যুত বলিলেন—হে কিরীটী, তোমার যাহা খুসী সন্তোষের সহিত জিজ্ঞাসা কর। শ্রীকৃষ্ণের কথা শেষ হইলে পার্থ বলিলেন—স্থিতপ্রজ্ঞ কাহাকে

বলে? তাহাকে কিরূপে চিনিতে পারা যায় তাহা বলুন। যাহাকে স্থির বুদ্ধি কহা যায়, আর যে অখণ্ড সমাধি সুখের উপভোগ পাইয়া থাকে তাহাকে কোন্ লক্ষণে জানা যায়? হে দেব, হে লক্ষ্মীপতি, উনি কিরূপ অবস্থায় থাকেন এবং কিরূপ শোভা পান তাহা বলুন। তখন পরব্রহ্ম অবতার—ষড়্-গুণাধিকরণ—শ্রীনারায়ণ কি বলিলেন? ৫৪॥

শ্রীভগবানুবাচ

প্রজহাতি যদা কামান্ সর্ব্বান্ পার্থ মনোগতান্।
আত্মন্যেবাত্মনা তুষ্টঃ স্থিতপ্রজ্ঞস্তদোচ্যতে ॥ ৫৫ ॥

শ্রীভগবান্ বলিলেন,—হে অর্জ্জুন, মনে প্রৌঢ় অভিলাষ উৎপন্ন হইয়া আত্ম সুখের বিঘ্ন করে। যে পুরুষ সর্ব্বদা তৃপ্ত, যাহার অন্তঃকরণ জ্ঞান পূর্ণ, কামের সঙ্গ বিষয়ে পতিত করে এরূপ কামনা যাহার সর্ব্বথা দূর হইয়া যায়, যাহার মন আত্ম সন্তোষে মগ্ন থাকে তাহাকে স্থিতপ্রজ্ঞ জানিবে। ৫৫॥

দুঃখেষনুদ্বিগ্নমনাঃ সুখেষু বিগতস্পৃহঃ।
বীতরাগভয়ক্রোধঃ স্থিতধীর্ম্মুনিরুচ্যতে ॥ ৫৬ ॥

নানা দুঃখ পাইলেও যাহার চিত্তে উদ্বেগ নাই, সুখের জন্যও যাহার আর্ত্তি নাই, হে অর্জ্জুন, তাহার কাছে কামক্রোধ সহজেই থাকে না; পূর্ণাবস্থায় যে প্রতিষ্ঠিত হইয়াছে তাহার ভয়ই বা কোথা হইতে হইবে? এরূপ যে ভেদ রহিত হইয়াছে তাহাকে স্থিরবুদ্ধি জানিবে। ৫৬॥

যঃ সর্ব্বত্রানভিস্নেহস্তত্তৎ প্রাপ্য শুভাশুভম্।
নাভিনন্দতি ন দ্বেষ্টি তস্য প্রজ্ঞা প্রতিষ্ঠিতা ॥ ৫৭ ॥

যেরূপ পূর্ণচন্দ্র জ্যোৎস্না প্রকাশে উত্তম অধম ভেদ রাখেনা, সেরূপ সর্ব্বদা একপ্রকার অখণ্ড সমতা, সর্ব্বজীবে সদয়তা এবং কোনও সময়ে চিত্তের অবস্থান্তর হইতে না দেওয়া যাহার স্বভাব, যে লাভের কথায় সন্তোষ এবং হানির কথায় দুঃখ অনুভব করেনা, এই ভাবে যে হর্ষ ও শোক রহিত এবং আত্ম-জ্ঞানপূর্ণ, তাহাকেই হে ধনুর্দ্ধর, প্রজ্ঞাযুক্ত জানিবে। ৫৭ ॥

যদা সংহরতে চায়ং কূর্ম্মোঽঙ্গানীব সর্ব্বশঃ।
ইন্দ্রিয়াণীন্দ্রিয়ার্থেভ্যস্তস্য প্রজ্ঞা প্রতিষ্ঠিতা ॥ ৫৮ ॥

অথবা কূর্ম্ম যেরূপ সুখে আপন অবয়ব প্রসারিত ও ইচ্ছানুসারে সঙ্কুচিত করিতে পারে, সেরূপ ইন্দ্রিয়গণ যাহার অধীন হইয়া আজ্ঞা পালন করে, উহারই প্রজ্ঞা স্থিরতা প্রাপ্ত হইয়াছে। ৫৮ ॥

বিষয়া বিনিবর্ত্তন্তে নিরাহারস্য দেহিনঃ।
রসবর্জ্জং রসোঽপ্যস্য পরং দৃষ্ট্বা নিবর্ত্ততে ॥ ৫৯ ॥

হে অর্জ্জুন, আরও এক কৌতুকময় কথা বলি শোন, যে সাধক নিয়মপূর্ব্বক সাধন করিয়া বিষয় ত্যাগ করে এবং শ্রবণাদি ইন্দ্রিয় সংযম করে কিন্তু রসনার নিয়ম করে না, তাহাকে বিষয় সহস্রধা আসিয়া কবলিত করে। উপর উপর পত্র ছিন্ন

করিয়া মূলে জল সিঞ্চন করিলে বৃক্ষের নাশ কেমন করিয়া হইবে? সেই জলের বলে বৃক্ষ যেরূপ অধিকতররূপে পার্শ্বের দিকে বিস্তারিত হয়, সেইরূপ মনে রসনার দ্বারা ভোগ বিষয়ের পুষ্টতা বিধান করে। অপর ইন্দ্রিয়কে বিষয় ভোগ হইতে হঠ করিয়া ছাড়াইয়া লওয়া যাইতে পারে কিন্তু সেইরূপ নিগ্রহে রসনার বিষয়কে পরিত্যাগ করান যায় না, কারণ ইহা ভিন্ন জীবন ধারণ করাও কঠিন। কিন্তু হে অর্জ্জুন, পরব্রহ্ম অনুভবের পর এই রসনাও নিয়মদ্বারা সংযত করা যাইবে। সেই সময় সোঽহং ভাবের প্রতীতি প্রকট হয়, শরীর-ভাব বিনষ্ট হয়, ইন্দ্রিয়ও বিষয় বিস্মৃত হয়। ৫৯ ॥

যততো হ্যপি কৌন্তেয় পুরুষস্য বিপশ্চিতঃ।
ইন্দ্রিয়াণি প্রমাথীনি হরন্তি প্রসভং মনঃ ॥ ৬০ ॥

হে অর্জ্জুন, যাহারা নিরন্তর যত্নের সহিত সাধনা করিয়া থাকে তাহারাও এই ইন্দ্রিয়গুলিকে সহজে আপনার অধীনে সংযত করিতে পারেনা; যে অভ্যাসের দ্বারপাল নিযুক্ত করিয়া এবং যমনিয়মের প্রাচীরদ্বারা বেষ্টিত করিয়া মনকে মুষ্টিমধ্যে ধারণ করিয়া আছে, সেও এই ইন্দ্রিয় দ্বারা ব্যাকুল হইয়া যায়,—ইন্দ্রিয়গণের এইরূপ প্রতাপ। ব্রহ্ম-পিশাচ যেরূপ মন্ত্রজ্ঞকেও ভুলায়, সেইরূপ ইন্দ্রিয়গণ ঋদ্ধি-সিদ্ধির ছলে সাধককে বিষয় প্রাপ্ত করায় এবং উহাতে ইন্দ্রিয়ের স্পর্শ হইতেই তাহাকে বশীভূত করিয়া লয়। সেই সময় মন সেই বিষয়ে

লাগিয়া যায়, এবং অভ্যাসে দুর্ব্বল হইয়া পড়ে—ইন্দ্রিয়ের শক্তি এত বলবতী। ৬০ ॥

তানি সর্ব্বাণি সংযম্য যুক্ত আসীত মৎপরঃ।
বশে হি যস্যেন্দ্রিয়াণি তস্য প্রজ্ঞা প্রতিষ্ঠিতা ॥ ৬১ ॥

অতএব পার্থ, সর্ব্ব বিষয়ের আস্থা পরিত্যাগ করিয়া ইন্দ্রিয়কে সর্ব্বপ্রকারে দমন করাকেই যোগনিষ্ঠার হেতু বলিয়া জানিবে। এই যোগনিষ্ঠ ব্যক্তির অন্তঃকরণ বিষয় সুখে মোহিত হয় না। সে আত্মবোধযুক্ত হইয়া আপন হৃদয়ে কখনও আমার ধ্যান বিস্মৃত হয় না। বাহ্য বিষয়-ভোগ না থাকিয়াও মনে বিষয়-ভোগ থাকিলে উহাতে আত্মস্থ সকল সংসারই থাকিয়া যায়। যেরূপ অল্পমাত্র বিষ খাইলেও উহা সর্ব্বশরীরে ব্যাপ্ত হয় এবং উহা নির্ভ্রান্ত দেহান্ত করিয়া থাকে, সেইরূপ বিষয়ের শঙ্কা লেশমাত্র মনে থাকিলেও অশেষ জ্ঞান-রাশিকে বিনাশ করে। ৬১ ॥

ধ্যায়তো বিষয়ান্ পুংসঃ সঙ্গস্তেষূপজায়তে।
সঙ্গাৎ সংজায়তে কামঃ কামাৎ ক্রোধোঽভিজায়তে ॥৬২॥
ক্রোধাদ্ভবতি সম্মোহঃ সম্মোহাৎ স্মৃতিবিভ্রমঃ।
স্মৃতিভ্রংশাদ্ বুদ্ধিনাশো বুদ্ধিনাশাৎ প্রণশ্যতি ॥ ৬৩ ॥

হৃদয়ে যদি বিষয়ের স্মরণ থাকে তবে বৈরাগ্যশীল ব্যক্তিরও উহার সঙ্গ হয়। সঙ্গে মূর্তিমান অভিলাষ কাম প্রকাশ হয়। যেখানে কাম উৎপন্ন হইয়াছে সেখানে ক্রোধ প্রথমেই আসিয়া

উপস্থিত হয়। আরও ক্রোধের সহিত মোহ ত অবস্থান করেই। সেই মোহের কার্য্য আরম্ভ হইতেই প্রচণ্ড বায়ুবেগে প্রদীপ যেরূপ নিবিয়া যায় সেইরূপ স্মৃতি বিনষ্ট হয়। সূর্য্যাস্তে রাত্রি যেরূপ সূর্য্যের তেজ গ্রাস করিয়া ফেলে স্মৃতিভ্রমের পর মানুষের সেইরূপ অবস্থা হয়। আবার যে অজ্ঞানান্ধকার অবশিষ্ট থাকে উহাতে সব ডুবিয়া যায়, এই কারণে হৃদয়ে বুদ্ধি ব্যাকুল হয়। হে ধনুর্দ্ধর, জন্মান্ধ ব্যক্তির কখনও দৌড়াইয়া পলাইতে হইলে সে যেরূপ নিরুপায় হইয়া এদিক ওদিক ছুটিয়া মরে, সেইরূপ বুদ্ধিরও ভ্রম উৎপন্ন হইলে হয়। এইরূপ স্মৃতি-ভ্রংশ ঘটিলে বুদ্ধিও সর্ব্বথা নষ্ট হয়, তাহাতে সমূলে সকল জ্ঞান লোপ পায়। চৈতন্যের লোপে মানুষের শরীরের যে অবস্থা হয়, বুদ্ধিনাশেও মানুষের সেইরূপ অবস্থা হয়। এইজন্য হে অর্জ্জুন, যেরূপ ক্ষুদ্র অগ্নিস্ফুলিঙ্গ ইন্ধন সংযোগে ক্রমশঃ বৃদ্ধি পাইলে উহাও ত্রিভুবন বিনাশ করিতে সমর্থ হয়, সেইরূপ মন যদি বিষয়ের চিন্তা মাত্রও করে তাহাতেই উপরোক্ত পতন ঘুরিয়া ফিরিয়া হইয়া থাকে। ৬১।৬৩॥

রাগদ্বেষবিযুক্তৈস্তু বিষয়ানিন্দ্রিয়ৈশ্চরন্।
আত্মবশ্যৈর্বিধেয়াত্মা প্রসাদমধিগচ্ছতি ॥ ৬৪ ॥

অতএব বিষয়সকলকে মন হইতে বাহির করিয়া দিতে হইবে; উহাতে রাগ ও দ্বেষ সহজেই নাশ হইয়া যাইবে। হে পার্থ, আরও একটা কথা শোন, রাগ-দ্বেষ দূর হইয়া গেলে বিষয়

সেবনে ইন্দ্রিয়ের কোন বাধা হইতে পারেনা। গগনস্থ সূর্য্য আপন কিরণরূপ হস্তদ্বারা পৃথিবীকে স্পর্শ করে বলিয়া কি তাহাকে সংসর্গদোষে লিপ্ত বলা যায়? এই প্রকার যে পুরুষ ইন্দ্রিয়ভোগ্য বিষয়ে উদাসীন, যে আত্মসুখে নিমগ্ন, যে কাম ক্রোধ হইতে নির্লিপ্ত থাকে বিষয়ের মধ্যেও তাহার আত্মা ভিন্ন অপর বস্তুর জ্ঞান হয় না। তবে বিষয় আর কি, কাহাকেই বা বাধা দিবে? যদি জলে জল ডুবিয়া যাইতে পারে, অগ্নিতে অগ্নি জ্বলিয়া যাইতে পারে, তবে এই অবস্থায় স্থিত পুরুষ বিষয় সঙ্গে ডুবিতে পারে। অতএব নিশ্চয় জানিও যে, কেবল নিজেই যে পুরুষ সর্ব্বরূপ হইয়া যায় তাহার বুদ্ধি অচলা এবং নির্ভ্রান্ত। ৬৪ ॥

প্রসাদে সর্ব্বদুঃখানাং হানিরস্যোপজায়তে।
প্রসন্নচেতসো হ্যাশু বুদ্ধিঃ পর্য্যবতিষ্ঠতে ॥ ৬৫ ॥

দেখ, যেখানে চিত্তে অখণ্ডিত প্রসন্নতা সেখানে এই সকল সংসার দুঃখ প্রবেশ করিতে পারেনা। যাহার উদর হইতে অমৃতের নির্ঝর-প্রবাহ উৎপন্ন হয় তাহার কখনও ক্ষুধা তৃষ্ণার ভয় থাকেনা, সেইরূপ যদি হৃদয় প্রসন্ন থাকে তবে দুঃখ কেমন করিয়া হইবে অথবা কোথায় রহিবে? সেই সময় বুদ্ধি আপনা আপনি পরমাত্মার স্বরূপে অবস্থান করে। যেরূপ বায়ুরহিত স্থানে প্রদীপ রাখিলে উহার কম্পন হয় না সেইরূপ স্থিরবুদ্ধি আত্মস্বরূপের যোগে যুক্ত হইয়া থাকে। ৬৫ ॥

নাস্তি বুদ্ধিরযুক্তস্য ন চাযুক্তস্য ভাবনা।
ন চাভাবয়তঃ শান্তিরশান্তস্য কুতঃ সুখম্ ॥ ৬৬ ॥

যাহার অন্তঃকরণে এই যোগযুক্তির বিচার নাই তাহাকে বিষয়াদি বন্ধন বশীভূত করিয়াছে বলিয়া জানিবে। হে পার্থ, তাহার বুদ্ধি সর্ব্বথা স্থির নাই আর তাহার স্থিরতার জন্যও ইচ্ছা কখন উৎপন্ন হয় না। হে অর্জ্জুন, নিশ্চলতার ভাবনা যদি মনে না উঠে, তবে শান্তি কেমন করিয়া পাওয়া যায়? যেরূপ পাপীর নিকট মোক্ষ কখনও লাভ হয় না, তদ্রূপ যেখানে শান্তি নাই সেখানে সুখ কখন ভুলিয়াও যায় না। দেখ, যে বীজ অগ্নিতে ভাজা হইয়া গিয়াছে উহার অঙ্কুর উদ্গম যদি সম্ভব হয় তবেই অশান্ত মানুষের সুখ প্রাপ্তি হইতে পারে। অতএব মনের অসংযমই সকল দুঃখের কারণ, এইজন্য ইন্দ্রিয়ের নিগ্রহ করা কর্ত্তব্য। ৬৬ ॥

ইন্দ্রিয়াণাং হি চরতাং যন্মনোঽনুবিধীয়তে।
তদস্য হরতি প্রজ্ঞাং বায়ুর্নাবমিবাম্ভসি ॥ ৬৭ ॥

ইন্দ্রিয় যাহা যাহা বলে তদনুসারেই যে পুরুষ কার্য্য করে, সে ব্যক্তি বিষয় সমুদ্র হইতে উত্তীর্ণ হইয়া গেলেও উত্তীর্ণ হয় নাই বুঝিতে হইবে। নৌকা তীরে লাগিয়া গিয়াও ঝড়ের মুখে পড়িলে, যে বিপদ কাটিয়া গিয়াছে তাহা পুনরায় উপস্থিত হয়। কৃতার্থ পুরুষও যদি কৌতুকের বশবর্ত্তী হইয়াও

ইন্দ্রিয়ের লালন করে, তবে জানিও তাহাকে সংসার-দুঃখ আক্রমণ করিয়াছে। ৬৭ ॥

তস্মাদ্ যস্য মহাবাহো নিগৃহীতানি সর্ব্বশঃ।
ইন্দ্রিয়াণীন্দ্রিয়ার্থেভ্যস্তস্য প্রজ্ঞা প্রতিষ্ঠিতা ॥ ৬৮ ॥

অতএব হে ধনঞ্জয়, ইন্দ্রিয় যদি আপন বশীভূত হইয়া যায় ইহা হইতে আর সফলতা কি আছে? দেখ, কূর্ম্ম যেরূপ ইচ্ছানুসারে আপন অঙ্গ প্রসারিত করে অথবা উহা সঙ্কুচিত করিয়া লয়, সেইরূপ যাহার ইন্দ্রিয় বশ হইয়া আজ্ঞা মানিয়া লয়, তাহারই প্রজ্ঞা স্থিতি লাভ করিয়াছে জানিবে। এখন, হে, অর্জ্জুন, জ্ঞানীর আরও এক গূঢ় লক্ষণ বলিতেছি শোন। ৬৮ ॥

যা নিশা সর্ব্বভূতানাং তস্যাং জাগর্ত্তি সংযমী।
যস্যাং জাগ্রতি ভূতানি সা নিশা পশ্যতো মুনেঃ ॥৬৯॥

দেখ, যে বিষয়ে সকল প্রাণী অজ্ঞানে থাকে সেই বিষয়ে যাহার জ্ঞান থাকে, আর যে বিষয়ে সকলে জাগ্রত থাকে সেই বিষয়ে যে নিদ্রিত আছে, হে অর্জ্জুন, তাহাকেই নিরুপাধি, স্থিরবুদ্ধি এবং গম্ভীর মুনীশ্বর জানিবে। ৬৯ ॥

আপূর্য্যমাণমচলপ্রতিষ্ঠং
সমুদ্রমাপঃ প্রবিশন্তি যদ্বৎ।
তদ্বৎ কামা যং প্রবি[illegible]ন্তি সর্ব্বে
স শান্তিমাপ্নোতি ন কামকামী ॥ ৭০ ॥

হে পার্থ, আরও একপ্রকারে এই বিষয়টীকে দেখা যায়,—যেরূপ সমুদ্রে অখণ্ডিত শান্ততা, যদিও বর্ষাকালে নদীর প্রবাহগুলি পুর্ণ হইয়া সমুদ্রে মিলিত হয়, তথাপি তাহার কিঞ্চিৎ বৃদ্ধি হয় না অথবা মর্য্যাদা—সীমাও লঙ্ঘন করে না অথবা গ্রীষ্মকালে নদী সকল শুষ্ক হইয়া গেলেও তাহাতে তাহার কিছুই ন্যূনতা হয় না, সেইরূপ ঋদ্ধি ও সিদ্ধির প্রাপ্তি হইলেও জ্ঞানী ব্যক্তির বুদ্ধি চঞ্চল হয় না আর প্রাপ্তি না ঘটিলেও তাহার অধৈর্য্য উৎপন্ন হয় না। বল দেখি, সূর্য্যের ঘরে প্রদীপ জ্বালিলেই কি উহা আলোকিত হয়, না উহা না জ্বালিলে অন্ধকারই থাকে? ঐরূপ যে ঋদ্ধি-সিদ্ধির গমনাগমন—লাভালাভ স্মরণও করেনা তাহারই অন্তঃকরণ মহাসুখে নিমগ্ন থাকে। যে আপন গৃহের সৌন্দর্য্যের কাছে ইন্দ্রভবনকে তুচ্ছ ভাবে তাহাকে ভীলদিগের শুক্‌না পাতার ঘর কেমন করিয়া আনন্দ দিতে পারে? যে অমৃতকেও তুচ্ছ মনে করে সে যেরূপ "ক্ষুদের জাউ" খায় না, সেইরূপ আত্মসুখানুভবশীল ব্যক্তি ঋদ্ধিসিদ্ধির ভোগ করে না। হে পার্থ, আরও অভিনব দেখ, যেখানে স্বর্গ সুখেরও গণনা নাই সেখানে ঋদ্ধি-সিদ্ধি কি তুচ্ছ বস্তু নয়? উহাতো কেবল সাধারণ বস্তু মাত্র। ৭০ ॥

বিহায় কামান্ যঃ সর্ব্বান্ পুমাংশ্চরতি নিস্পৃহঃ
নির্ম্মমো নিরহঙ্কারঃ স শান্তিমধিগচ্ছতি ॥ ৭১ ॥

এইরূপে যে আত্মজ্ঞান দ্বারা সন্তুষ্ট, যে পরমানন্দ দ্বারা পুষ্ট তাহাকেই উৎকৃষ্ট স্থিতপ্রজ্ঞ জানিবে। সে অহঙ্কার দমন করিয়া, সকল কামনা ছাড়িয়া বিশ্বমধ্যে বিশ্বরূপ হইয়া বিচরণ করে। ৭১ ॥

এষা ব্রাহ্মী স্থিতিঃ পার্থ নৈনাং প্রাপ্য বিমুহ্যতি।
স্থিত্বাস্যামন্তকালেঽপি ব্রহ্মনির্ব্বাণমৃচ্ছতি ॥ ৭২ ॥

এই নিঃসীম ব্রহ্মস্থিতির অনুভব যে নিষ্কাম ব্যক্তি লাভ করে তাহার অনায়াসে পরমব্রহ্মপদ প্রাপ্তি হয়। যে স্থিতির হেতু জ্ঞানস্বরূপে মিলন সময়ে জ্ঞানীর চিত্ত দেহান্তের ব্যাকুলতারূপ প্রতিবন্ধক প্রাপ্ত হয় না। এই ব্রহ্মস্থিতি শ্রীপতি শ্রীকৃষ্ণ স্বমুখে অর্জ্জুনের প্রতি উপদেশ করিয়াছিলেন। সঞ্জয় ধৃতরাষ্ট্রের নিকট এই প্রকার নিবেদন করিলেন—শ্রীকৃষ্ণের এই কথা শুনিয়া অর্জ্জুন মনে মনে বলিলেন—এই সকল যুক্তি আমার জন্য উপযুক্তই। শ্রীকৃষ্ণ কর্ম্মমাত্রেরই নিষেধ করিয়াছেন, ইহাতে আমার যুদ্ধ করাও অপ্রয়োজনীয় ইহাই সিদ্ধান্ত হইয়া গিয়াছে। এই প্রকারে শ্রীকৃষ্ণের বাক্যে অর্জ্জুনের চিত্ত প্রসন্ন হইয়াছে। এখন তিনি আশঙ্কার সহিত উত্তম প্রশ্ন করিবেন। সেই সুন্দর সংবাদ সকল ধর্ম্মের উৎপত্তি স্থান অথবা বিবেক অমৃতের অসীম সমুদ্র। সর্ব্বজ্ঞনাথ শ্রীঅনন্ত শ্রীকৃষ্ণ সেই সংবাদের নিরূপণ করিবেন আর নিবৃত্তিদাস জ্ঞানদেব উহাকে ভাষায় বর্ণনা করিবে।

ইতি—জ্ঞানদেব বিরচিতায়াং ভাবার্থদীপিকায়াং দ্বিতীয়োঽধ্যায়ঃ।

কর্ম্মযোগ

তৃতীয় অধ্যায়

অর্জ্জুন উবাচ

জ্যায়সী চেৎ কর্ম্মণস্তে মতা বুদ্ধির্জনার্দ্দন।
তৎ কিং কর্ম্মণি ঘোরে মাং নিয়োজয়সি কেশব ॥১॥

অর্জ্জুন বলিলেন—হে দেব, কৃপানিধি, আপনার বাক্য আমি ভাল করিয়াই শুনিয়াছি। আপনি বলিয়াছেন যে, উক্ত আত্মস্বরূপে কর্ম্ম ও কর্ত্তা নাই। হে শ্রীঅনন্ত, ইহা যদি আপনার নিশ্চিত অভিমত হইয়া থাকে তবে, হে শ্রীহরি, আমাকে যুদ্ধের নিমিত্ত কেন প্রোৎসাহিত করিতেছেন। আমাকে এই মহাঘোর কর্ম্মে ফেলিয়া দিতে আপনার কি সঙ্কোচ হইতেছে না? আপনি সকল কর্ম্মের সর্ব্বথা নিষেধ করিয়াছেন, তবে আমাকে কেন এই হিংসাময় কর্ম্ম করাইতেছেন? হে হৃষীকেশ, আপনিই বিচার করিয়া দেখুন যে, আপনি কর্ম্মকে লেশমাত্রও ভাল মনে করেন না, আর আমাকে দিয়া এত বড় হিংসা কর্ম্ম করাইতেছেন। ১ ॥

ব্যামিশ্রেণেব বাক্যেন বুদ্ধিং মোহয়সীব মে।
তদেকং বদ নিশ্চিত্য যেন শ্রেয়োঽহমাপ্নুয়াম্ ॥ ২ ॥

হে দেব, আপনিই যদি এরূপ বলেন তবে আমরা অজ্ঞানী-লোক আর কি করি? সম্পূর্ণ বিবেক বিচারের অন্ত্যেষ্টি হইয়াছে, ইহাই বলিতে হয়। যদি উপদেশ এইরূপ সন্দেহাত্মক হয়, তবে অপভ্রংশ আর কাহাকে বলে? আমার আত্মজ্ঞানের মনস্কাম পূর্ণ হইয়া গিয়াছে। বৈদ্য যদি পথ্য উপদেশ করিয়া স্বয়ং বিষ প্রদান করে, তবে বলুন, রোগী কেমন করিয়া বাঁচিতে পারে? কোনও অন্ধকে বাঁকা পথে লইয়া যাইলে, অথবা বানরকে মাদকদ্রব্য পান করাইলে যেরূপ হয়, আপনার উত্তম উপদেশ লাভ করিয়া আমার অবস্থাও সেইরূপ হইয়াছে। আমি পূর্ব্ব হইতেই অজ্ঞানী, তাহার উপর মোহে বশীভূত; এইজন্য হে শ্রীকৃষ্ণ, আমি আপনার অভিমত জিজ্ঞাসা করিয়াছিলাম। আপনার এক একটী উপদেশ বিলক্ষণ দেখা যাইতেছে, আপনার উপদেশে বিপরীত ভাব অনুভব হইতেছে। শরণাগতের কি এরূপ দশা করিতে হয়? আমি কায়, মন ও প্রাণে আপনার বাক্যে বিশ্বাস করিতেছি, আর আপনি যদি এরূপ করেন, তাহা হইলে সবই হইয়াছে। এই প্রকারে আমাকে বুঝাইলে আমার মঙ্গলই করিলেন! ইহাতে জ্ঞানের আশা আছে কি? জ্ঞানের কথা ত দূরে বরং ফল এই হইয়াছে আমার মন যেটুকু স্থির ছিল তাহাও ক্ষুব্ধ হইয়া উঠিয়াছে। তবে হে শ্রীকৃষ্ণ, যদি এই ছলনায় আমার মনোভাব জানিতে চান—আমরা আপনার চরিত্র বুঝি না—আপনার লীলা অতর্ক্য, বিচার করিয়াও আমি নিশ্চয় বুঝিতে পারিতেছিনা, আপনি আমাকে প্রতারণা

করিতেছেন অথবা গূঢ় ভাষায় পরমার্থ উপদেশ করিতেছেন। এইজন্য, হে দেব, শুনুন, এইরূপ ভাবার্থ গূঢ়ভাবে—বলিবেন না, আমাকে প্রাকৃত ভাষায় জ্ঞান উপদেশ করুন। এরূপ নিশ্চয়াত্মক কথা বলুন যাহাতে অতি মন্দমতি হইলেও, আমি বুঝিতে পারি। দেখুন, ঔষধ রোগ দূর করিবার শক্তিযুক্ত হওয়া ত চাইই, আরও উহা মধুর ও রুচিজনক হওয়া প্রয়োজন। সকলার্থ পরিপূর্ণ সমুচিত তত্ত্ব উপদেশও এরূপ ভঙ্গীতে বলিবেন যাহাতে আমার চিত্তে উহা বোধের বিষয় হয়। হে দেব, আপনার সদৃশ গুরু পাইয়া আমি আপন আকাঙ্ক্ষা কি পূর্ণ করিয়া লইব না? কাহাকে লজ্জা করিব, আপনি ত আমার মাতা। যদি দৈবযোগে কামধেনু পাওয়া গেল তবে মনোরথ অপূর্ণ রাখিব কেন? যদি চিন্তামণি হস্তগত হইল, তবে কামনা করিতে আর মুস্কিল কি আছে? নিজের ইচ্ছামত কেন না আকাঙ্ক্ষা করিব? দেখুন, যদি কেহ অমৃত-সমুদ্রের তটে উপস্থিত হইয়াও তৃষ্ণায় ব্যাকুল থাকিয়া যায়, তবে আর সে সেখানে যাইবার পরিশ্রম করিল কেন? হে কমলাপতি, অনেক জন্মান্তর আপনার উপাসনা করিতে করিতে দৈবযোগে আজ আপনি আমার হস্তগত হইয়াছেন। তবে, হে পরমেশ্বর আমার ইচ্ছামত কেন না প্রার্থনা করিয়া লইব? হে দেব, আজ আমার মনের সুদিন উদয় হইয়াছে। দেখুন, আজ আমার সকল ইচ্ছার প্রাণপ্রতিষ্ঠা ও পুণ্য সফল হইয়াছে এবং সর্ব্ব মনোরথের বিজয় হইয়াছে। আরও কি, হে পরম কল্যাণনিধি,

হে সকলদেবগণশ্রেষ্ঠ, আজ আপনি আমার অধীন হইয়াছেন। যেরূপ মাতার স্তন পান করিবার জন্য বালকের কখনও অবসরের অভাব হয় না, সেইরূপ, হে দেব, হে কৃপানিধি, আমি আমার ইচ্ছানুরূপ প্রশ্ন করিতেছি। অতএব এরূপ একটী নিশ্চয়াত্মক উপদেশ করুন যাহা পরলোকে হিতকারী হয় এবং ইহলোকে আচরণের যোগ্য হয়। ২ ॥

লোকেঽস্মিন্ দ্বিবিধা নিষ্ঠা পুরা প্রোক্তা ময়ানঘ।
জ্ঞানযোগেন সাংখ্যানাং কর্ম্মযোগেন যোগিনাম্ ॥ ৩ ॥

এই কথা শুনিয়া শ্রীঅচ্যুত বিস্মিত হইয়া বলিতে লাগিলেন, হে অর্জ্জুন, আত্মজ্ঞান ও কর্ম্মের অভিপ্রায় আমি সংক্ষেপে বর্ণন করিয়াছি। আরও বুদ্ধিযোগের বর্ণন প্রসঙ্গে সাংখ্যযোগের কথাও আমি বলিয়াছি। একটী কথা তুমি জান না যাহাতে তোমার বুঝিতে বৃথা কষ্ট হইয়াছে; অতএব তুমি আমার প্রতি বৃথা ক্ষোভযুক্ত হইয়াছ। এখন শোন, উক্ত দুই যোগই আমি বলিয়াছি। (হে বীরশ্রেষ্ঠ, এই সংসারে এই দুই পথই অনাদি-সিদ্ধ আমা হইতেই প্রকাশ হইয়াছে। একটীকে জ্ঞানযোগ বলে, যাহার আচরণ জ্ঞানিগণ করিয়া থাকে, এবং যাহাতে জ্ঞান লাভ হইলে ব্রহ্মরূপতা প্রাপ্তি হয়। অন্যটী কর্ম্মযোগ বলিয়া জানিবে, যাহাতে নিপুণ হইয়া সাধকজন যথাকালে নির্ব্বাণ লাভ করিয়া থাকে। এই পথ দুইটী নিদানকালে—পরিশেষে

একই হইয়া যায়। যেরূপ যে ভোজ্য রন্ধন করা হইয়াছে এবং যাহা পাক হয় নাই এরূপ সকল খাদ্যই এক তৃপ্তিকেই সাধন করে, অথবা পূর্ব্ব বাহিনী ও পশ্চিম বাহিনী নদী আপাততঃ ভিন্ন গতি দেখাইলেও সমুদ্র-মিলনে একই হইয়া যায়, সেইরূপ এই দুই মার্গই এক কারণকেই সূচনা করে; তবে উহাদের সাধন সাধকের যোগ্যতার উপর নির্ভর করে। দেখ, পক্ষী উড়িয়া গিয়া একটী ফলের উপর পড়ে, মানুষ তাহার ক্ষিপ্র গতি কিরূপে পাইবে? তাহাকে এই ডাল ঐ ডাল করিয়া ধীরে ধীরে ফলের কাছে পৌঁছিতে হয়। সেইরূপ জ্ঞানী বিহঙ্গম-গতিতে জ্ঞানের আশ্রয় করিয়া সদ্যঃ মোক্ষ সম্পত্তি লাভ করিয়া থাকে। আর অন্য যোগী কর্ম্মাশ্রয়ে বেদবিহিত স্বধর্ম্মাচরণ করিতে করিতে যথাকালে পূর্ণতা লাভ করিয়া থাকে। ৩॥

ন কর্ম্মণামনারম্ভান্নৈষ্কর্ম্ম্যং পুরুষোঽশ্নুতে।
ন চ সংন্যসনাদেব সিদ্ধিং সমধিগচ্ছতি ॥ ৪ ॥

বাস্তবপক্ষে উচিত কর্ম্ম আরম্ভ না করিয়া মানুষ সিদ্ধপুরুষের মত কর্ম্মহীন হইতে পারেনা। হে অর্জ্জুন, বিহিত কর্ম্মের ত্যাগ করিলেই নিষ্কর্ম্মতা প্রাপ্ত হওয়া যায় এরূপ বলা বৃথা ও মূর্খতা। বল দেখি, যেখানে ওপারে যাইবার সঙ্কট উপস্থিত হইয়াছে সেখানে নৌকা ত্যাগ করা কেমনে উচিত হয়? অথবা, তৃপ্তির ইচ্ছা থাকিলে কেমন করিয়া রন্ধন না করিয়া থাকা যায়, অথবা পাক করা খাদ্যই বা না খাওয়া যায়,—বল দেখি? যতক্ষণ পর্য্যন্ত

নিরাকাঙ্ক্ষার আগমনে কর্ম্মের আর্ত্তি দূর না হইতেছে, ততক্ষণ কর্ম্মময় ব্যাপার চলিতে থাকিবেই। যখন সন্তোষ লাভ হইবে, তখন স্বাভাবিক ভাবেই উহা বন্ধ হইয়া যাইবে। অতএব হে পার্থ, যাহার নৈষ্কর্ম্ম্যপদ প্রাপ্তির ইচ্ছা আছে, তাহার কর্ত্তব্য কর্ম্ম ত্যাজ্য হইতে পারে না। "কর্ম্ম এরূপ যে গরজ করিয়া করিলে হয়, আর তাহা না করিলে ছুটিয়া যায়" এইরূপ উক্তি স্বেচ্ছাচারী করিতে পারে, কিন্তু নির্ণয় করিয়া দেখিলে বুঝা যায় কর্ম্ম ত্যাগ করিলেই কর্ম্ম ছাড়িয়া যায় না, এই সিদ্ধান্ত নির্ভ্রান্ত। ৪ ॥

ন হি কশ্চিৎ ক্ষণমপি জাতু তিষ্ঠত্যকর্ম্মকৃৎ।
কার্য্যতে হ্যবশঃ কর্ম্ম সর্ব্বঃ প্রকৃতিজৈর্গুণৈঃ ॥ ৫ ॥

যতদিন মায়ার প্রভাব ততদিন "আমি কর্ম্ম গ্রহণ করি, কর্ম্ম ত্যাগ করি" এইরূপ অজ্ঞান। এই গ্রহণ ও ত্যাগ চেষ্টা গুণাধীন। দেখ, যত বিহিত কর্ম্ম আছে সব যদি কেহ ছাড়িয়াও দেয়, তবুও ইন্দ্রিয়ের স্বভাব কি লয় পায়? শ্রবণ ইন্দ্রিয় কি বন্ধ করা যায়, অথবা নেত্রের তেজ কি চলিয়া যায়, অথবা পরিমলগ্রাহী নাসারন্ধ্র কি গন্ধ লয় না? অথবা প্রাণ আপন বায়ুগতি বন্ধ করিয়া দেয়? বুদ্ধি কি নির্ব্বিকল্প হইয়া যায়? ক্ষুধা তৃষ্ণার আর্ত্তি নাশ করা যায়? স্বপ্ন জাগরণ ঠেলিয়া দেওয়া যায়? পদ বিক্ষেপ করা কি ভুলিয়া যাওয়া যায়? আর বিশেষ কি বলিব, জন্ম মৃত্যু কি বন্ধ করা যায়? এই

সকল যদি বন্ধ করিতে না পারিলে তবে আর কোন্ কর্ম্মের ত্যাগ করিলে? অতএব দেহাভিমানীর কর্ম্ম-ত্যাগ হইতে পারে না। কর্ম্ম পরাধীন, বস্তুতঃ উহা প্রকৃতির গুণানুরোধে হইয়া থাকে, অতএব আমি কর্ম্ম করিলাম অথবা ত্যাগ করিলাম এরূপ বুঝা বৃথা। দেখ, রথে চড়িয়া যদি নিশ্চল হইয়াও বসিয়া থাকা যায় তবুও পরতন্ত্র হইয়া রথের গতির সহিত চলায়মানরূপে ঘুরিতে হয়। অথবা বায়ু কর্ত্তৃক চালিত শুষ্কপত্র যেরূপ চৈতন্যরহিত হইয়াও শূন্যমার্গে ঘুরিয়া থাকে সেইরূপ মায়ার আশ্রয়ে কর্ম্মেন্দ্রিয়ের বিকারে নিষ্কাম পুরুষও নিরন্তর কর্ম্ম করিয়া থাকে। অতএব যতদিন প্রকৃতির সঙ্গ আছে ততদিন কর্ম্মত্যাগ হইতে পারে না। ইহার পরেও যে বলে 'আমি কর্ম্মত্যাগ করিতে পারি' তাহার কেবল আগ্রহই সার ॥ ৫ ॥

কর্ম্মেন্দ্রিয়াণি সংযম্য য আস্তে মনসা স্মরন্।
ইন্দ্রিয়ার্থান্ বিমূঢ়াত্মা মিথ্যাচারঃ স উচ্যতে ॥ ৬ ॥

যে উচিত কর্ম্ম ত্যাগ পূর্ব্বক কর্ম্মেন্দ্রিয়কে দমন করিয়া কর্ম্মবিমুক্ত হইতে চায়, তাহার কর্ম্ম ত্যাগ হইতে পারে না। যেহেতু তাহার মনে কর্ম্ম করিবার অভিলাষ থাকিয়া যায়। উপরে যাহা লোক দেখানো ত্যাগ উহা বিড়ম্বনা মাত্র। হে পার্থ, নিঃসন্দেহে জানিও এরূপ পুরুষ সর্ব্বদা বিষয়াসক্তই থাকিয়া যায়। হে ধনুর্দ্ধর, অবহিত হও, তোমাকে এখন প্রসঙ্গক্রমে নিরাকাঙ্ক্ষ মানবের লক্ষণ বলিতেছি ॥ ৬ ॥

যস্ত্বিন্দ্রিয়াণি মনসা নিয়ম্যারভতেঽর্জ্জুন।
কর্ম্মেন্দ্রিয়ৈঃ কর্ম্মযোগমসক্তঃ স বিশিষ্যতে ॥ ৭ ॥

যাহার অন্তঃকরণ দৃঢ়, যে পরমাত্মার স্বরূপে নিমগ্ন থাকে, আর বাহ্যে লোকাচার অনুসারে চলে, যে ইন্দ্রিয়ের দ্বারা চালিত হয় না, বিষয়ের ভয় রাখে না, আর উচিত কর্ত্তব্যকর্ম্ম হইতে পরাঙ্মুখ হয় না, কর্ম্মেন্দ্রিয় কর্ম্মে লিপ্ত হইলেও যে উহাদিগের নিয়ম অধীন হইয়াও তাহাদের বিকারের অধীন হয় না, কোনও কামনার বশীভূত হয় না, মোহমলে লিপ্ত হয় না, যেরূপ কমলপত্র জলে পড়িয়া থাকিলেও জলে ভিজিয়া যায় না, অথবা জলে সূর্য্যবিম্বের মত যে সংসারে থাকে আর সকলের সহিত সমান ভাবে চলাফিরা করে—সাধারণ দৃষ্টিতে তাহার স্থিতি বুঝিতে পারা যায় না। এইরূপ লক্ষণে যে চিহ্নিত তাহাকেই মুক্ত ও আশাপাশ-রহিত বলিয়া বুঝিবে। হে অর্জ্জুন, জগতে এরূপ যোগীই বিশেষ কীর্ত্তি লাভ করে। এই জন্য আমি তোমাকে বলিতেছি তুমি এইরূপ যোগী হও মনের নিয়মন করিয়া অন্তরে নিশ্চল থাক কর্ম্মেন্দ্রিয় সুখে কর্ম্ম করিতে থাকে থাকুক, তাহাতে ক্ষতি নাই ॥ ৭ ॥

নিয়তং কুরু কর্ম্ম ত্বং কর্ম্ম জ্যায়ো হ্যকর্ম্মণঃ।
শরীরযাত্রাপি চ তে ন প্রসিধ্যেদকর্ম্মণঃ ॥ ৮ ॥

অতএব নিষ্কর্ম্মা হওয়া এজগতে সম্ভব নয়, তবে নিষিদ্ধ কর্ম্ম কেমন করিয়া আচরণ করা যায়? এইজন্য যে যে উচিত

কর্ম্ম সম্মুখে উপস্থিত হয়, যথাবসরে প্রাপ্ত সেই কর্ম্মই ফলের আশা ত্যাগ করিয়া—করিয়া যাও। হে পার্থ, আরও এক রহস্য আছে যাহা তুমি জান না। উহা এই যে, এরূপ কর্ম্মই নিজে নিজের মুক্তির কারণ হয়। দেখ, বর্ণাশ্রম আশ্রয়ে যে স্বধর্ম্মাচরণ করে সে উহা দ্বারাই নিশ্চয় মোক্ষ প্রাপ্ত হয় ॥ ৮ ॥

যজ্ঞার্থাৎ কর্ম্মণোঽন্যত্র লোকোঽয়ং কর্ম্মবন্ধনঃ !
তদর্থং কর্ম্ম কৌন্তেয় মুক্তসঙ্গঃ সমাচার ॥ ৯ ॥

স্বধর্ম্মাচরণকে নিত্যযজ্ঞ বলিয়া জানিবে, অতএব উহার আচরণে পাপের সঞ্চার হইতে পারে না। এই স্বধর্ম্ম যখন ছুটিয়া যায় এবং কুকর্ম্মে প্রবৃত্তি হয় তখনই সংসারের বন্ধন ঘটে। এইজন্য যে স্বধর্ম্মাচরণরূপ অখণ্ড যজ্ঞানুষ্ঠান করে তাহার কর্ম্ম বন্ধন হইতে পারে না। এই সংসার যে কর্ম্ম দ্বারা বদ্ধ হইয়াছে এবং মায়ার অধীন হইয়াছে তাহার মূল কারণ নিত্য যজ্ঞানুষ্ঠানের ভ্রম। এখন হে পার্থ, তোমাকে এই বিষয়ে একটী আখ্যান বলি—ব্রহ্মা বিশ্ব রচনা করিয়াছিলেন ॥ ৯ ॥

সহযজ্ঞাঃ প্রজাঃ সৃষ্ট্বাপুরোবাচ প্রজাপতিঃ।
অনেন প্রসবিষ্যধ্বমেষ বোঽস্ত্বিষ্ট কামধুক্ ॥ ১০ ॥

সেই সময় তিনি সম্পূর্ণ প্রাণিগণের সহিত নিত্যযজ্ঞও উৎপন্ন করিয়াছিলেন—যজ্ঞতত্ত্ব অতি সূক্ষ্ম বলিয়া প্রাণিগণ তাহার পরিচয় পাইল না। অনন্তর প্রজাগণ ব্রহ্মার নিকট বিনয়পূর্ব্বক জিজ্ঞাসা করিল—হে দেব, আমাদের আশ্রয় কি? তখন

কমল-যোনি ব্রহ্মা প্রাণিগণের প্রতি আদেশ করিলেন—তোমাদের বর্ণব্যবস্থা অনুসারে স্বধর্ম্মের রচনা করা হইয়াছে, উহার উপাসনা কর, তোমাদের মনোরথ সহজেই পূর্ণ হইবে। ব্রত নিয়মের কোন প্রয়োজন নাই, শরীরের পীড়াদায়ক তপস্যার প্রয়োজন নাই, তীর্থের জন্য দূরদেশে যাওয়ার প্রয়োজন নাই। যোগাদির সাধন, কোনও সকাম আরাধনা, তান্ত্রিক অনুষ্ঠান করিও না ; দেবতান্তরের ভজনও করিও না—এই সকল কিছুই করিও না, কেবল বিনা ক্লেশে স্বধর্ম্মানুষ্ঠানরূপ যজ্ঞের অনুষ্ঠান কর। নিষ্কামচিত্তে ইহার অনুষ্ঠান কর। যেরূপ পতিব্রতা পতির সেবা করে সেইরূপ স্বধর্ম্ম যজ্ঞই একমাত্র তোমাদের সেব্য। সত্যলোক-নায়ক ব্রহ্মা আরও বলিলেন, হে প্রজাগণ, স্বধর্ম্মভজন করিলে উহাই কামধেনু হইবে এবং তোমাদিগকে কখন ত্যাগ করিবে না ॥ ১০ ॥

দেবান্ ভাবয়তানেন তে দেবা ভাবয়ন্তু বঃ।
পরস্পরং ভাবয়ন্তঃ শ্রেয়ঃ পরমবাপ্স্যথ ॥ ১১ ॥

যখন এই স্বধর্ম্ম সেবাদ্বারা দেবতার সম্পূর্ণ সন্তোষ হইবে তখন দেবতা তোমার অভিলষিত বস্তুর পূর্ণতা বিধান করিবেন। স্বধর্ম্মের আদর করিলে দেবতা নিশ্চয়ই তোমার যোগ-ক্ষেম—অপ্রাপ্ত বস্তুর লাভ এবং প্রাপ্ত বস্তুর রক্ষা করিবেন। আরও যখন পরস্পর এরূপ প্রীতি জন্মিবে যে, তুমি দেবতার ভজন কর আর দেবতা তোমার প্রতি সন্তুষ্ট হন, তখন তুমি

যাহা করিতে চাহিবে তাহা আপনা আপনি সিদ্ধ হইয়া যাইবে, মনের কামনা পূর্ণ হইয়া যাইবে, বাক্-সিদ্ধি লাভ হইবে, তুমি আজ্ঞাকর্ত্তা হইবে এবং মহাঋদ্ধি তোমার আজ্ঞা মানিয়া চলিবে বনশোভা ফলভার এবং লাবণ্য সহিত সর্ব্বদা যেরূপ বসন্ত ঋতুর দ্বারে আশ্রয় গ্রহণ করে—॥ ১১ ॥

ইষ্টান্ ভোগান্ হি বো দেবা দাস্যন্তে যজ্ঞভাবিতাঃ।
তৈর্দত্তানপ্রদায়ৈভ্যো যো ভুঙ্ক্তে স্তেন এব সঃ ॥ ১২ ॥

সেইরূপ মূর্ত্তিমান দৈব সুখের সহিত তোমার খোঁজ করিয়া নিকটে আসিবে। এইভাবে নিরাকাঙ্ক্ষ হইয়া এক স্বধর্ম্মেই লাগিয়া থাক ইহাতে তুমি সম্পূর্ণ উপভোগের দ্বারা সম্পন্ন হইয়া যাইবে। অন্যথা ভোগসম্পত্তি লাভে যে বিষয়ের স্বাদে লুব্ধ হইয়া উন্মত্ত ইন্দ্রিয়ের দ্বারা চালিত হয়, যজ্ঞ দ্বারা সন্তোষ লাভ করেন যে দেবতাগণ তাহাদিগের প্রদত্ত সম্পত্তি দ্বারা যে সর্ব্বেশ্বর স্বধর্ম্মের পূজা না করে, যে অগ্নিতে হবন করে না, দেবতাগণের পূজা করে না, যথাকালে ব্রাহ্মণকে ভোজন করায় না, গুরুভক্তি হইতে বিমুখ হয়, অতিথির সৎকার করে না, আপন জাতির সন্তোষ বিধান করে না, এইরূপ যে স্বধর্ম্মরহিত, সম্পত্তির হেতু অভিমানযুক্ত এবং কেবল ভোগে নিমগ্ন হইয়া থাকে তাহার এরূপ দুরবস্থা হয় যে, গাঁঠের সকল ভোগ সম্পত্তি চলিয়া যায়, আর প্রাপ্ত ভোগের সুখও লাভ হয় না। যেরূপ আয়ুহীন মানবের শরীরে জীবাত্মা থাকে না অথবা দুর্ভাগ্যের ঘরে

লক্ষ্মী বাস করে না, সেইরূপ স্বধর্ম্মের লোপ হইয়া গেলে সকল সুখের আশ্রয়স্থান ভাঙ্গিয়া যায়। প্রদীপ নিবিয়া যাইতেই তাহার দীপ্তি লোপ পায়। ব্রহ্মা কহিলেন,— হে প্রজাগণ, এই সত্য কথা শোন, যখন স্বধর্ম্মবৃত্তি চলিয়া যায় তখন স্বতন্ত্রতারও সেখানে আর স্থান হয় না। অতএব যে স্বধর্ম্ম ত্যাগ করিবে তাহাকে কাল দণ্ড দিবে এবং চোর বুঝিয়া তাহার সর্ব্বস্ব হরণ করিয়া লইবে। রাত্রি হইলে যেরূপ শ্মশানে ভূত আসিয়া চারিদিক্ হইতে ঘিরিয়া ফেলে, সেইরূপ সর্ব্বপ্রকার সঙ্কট আসিয়া স্বধর্ম্মত্যাগী লোককে চারিদিক্ হইতে ঘিরিয়া থাকে। আরও ত্রিভুবনের সমস্ত দুঃখ, বিবিধ পাপ এবং দারিদ্র্য তাহার নিকট আসিয়া বাস করে। হে প্রাণিগণ, যখন সেই উন্মত্ত ব্যক্তির এই দশা হয় তখন কল্পান্ত পর্য্যন্ত রোদন করিলেও সেই দুঃখ ছাড়ে না। চতুর্ম্মুখ প্রজাগণকে বলিলেন, অতএব আত্মবৃত্তি ছাড়িও না ও ইন্দ্রিয়কে আশ্রয় দিও না। জল ত্যাগ করিলে যেরূপ তৎক্ষণাৎ জলচরের মৃত্যু হয় সেইরূপ স্বধর্ম্ম ভুলিলেও জীবের দশা হয়। অতএব স্বধর্ম্ম ভুলিও না। এইজন্য বার বার বলিতেছি আপন আপন উচিত কর্ম্ম ত্যাগ করিও না, উহাতে নিরত থাক ॥ ১২ ॥ 〉

যজ্ঞশিষ্টাশিনঃ সন্তো মুচ্যন্তে সর্ব্বকিল্বিষৈঃ।
ভুঞ্জতে তে ত্বঘং পাপা যে পচন্ত্যাত্মকারণাৎ ॥ ১৩ ॥

দেখ, যে প্রাপ্ত সম্পত্তিকে বিহিত কর্ম্মের নিষ্কাম বুদ্ধিতে

ব্যবহার করে; যে গুরু, আত্মীয় ও অগ্নির পূজা করিয়া থাকে, যথাকালে ব্রাহ্মণের সেবা করে এবং আপন পিতৃপুরুষ-গণের শ্রাদ্ধতিথির পালন করে, বিহিত কর্ম্মানুষ্ঠান ও পঞ্চ-মহাযজ্ঞাদি করিয়া যাহা যজ্ঞশেষ অবশিষ্ট থাকে তাহা সুখে আপন কুটুম্বগণের সহিত ভোজন করে, যজ্ঞশেষ ভোজনের ফলে তাহার সর্ব্বপাতক দূরীভূত হয়। সে যজ্ঞাবশিষ্ট অন্ন ভোজন করে বলিয়া অমৃত সেবন করিলে যেরূপ মানুষের নিকট হইতে মহারোগ দূরে চলিয়া যায়, সেইরূপ পাপ তাহার নিকটেও যায় না? অথবা ব্রহ্মনিষ্ঠ ব্যক্তিকে যেরূপ ভ্রান্তির লেশও স্পর্শ করিতে পারে না সেইরূপ যজ্ঞশেষভোজী মানবকে পাপদোষ বশীভূত করিতে পারে না। এই হেতু স্বধর্ম্মে থাকিয়া যাহা অর্জ্জন করা যায় উহা স্বধর্ম্মাচরণেই বিনিয়োগ করিয়া উহা হইতে যাহা উদ্বৃত্ত থাকে তাহাই সন্তোষের সহিত ভোগ করা কর্ত্তব্য। হে পার্থ, ইহা ছাড়া অন্য কোন ভাবে চলা উচিত নয়! এইরূপে শ্রীমুরারি সেই আদি কথা বলিলেন। যে দেহকেই আত্মা বলিয়া মনে করে এবং বিষয়কেই ভোগ্য বলিয়া বুঝে, আর উহা ভিন্ন অন্য কিছু জানে না; যে সকল জগৎ যজ্ঞসামগ্রী বলিয়া জানে না, ভুলে পড়িয়া 'আমি, আমার' বুদ্ধি করিয়া উহা ভোগ করিতে চায় এবং ইন্দ্রিয়ের রুচি অনুসারে ভাল ভাল ভোজ্য সামগ্রী প্রস্তুত করে সেই পাপী পাপেরই সেবা করিয়া থাকে। এই সকল সম্পত্তি কেবল হবনের সামগ্রী বলিয়া বুঝিবে আর স্বধর্ম্মরূপ

যজ্ঞের দ্বারা পরমেশ্বরে সেই সকল সামগ্রী অর্পণ করিতে হইবে। ইহা না করিয়া মূর্খলোক কেবল আপন উদরের জন্য নানাপ্রকার খাদ্য পাক করিয়া থাকে। যে অন্নদ্বারা যজ্ঞসিদ্ধ হয় এবং পরমেশ্বর সন্তুষ্ট হন, সেই অন্নকে সামান্য বলিয়া মনে করিও না। অতএব ইহাকে সামান্য অন্ন মনে না করিয়া ব্রহ্মরূপ জানিবে, বিশ্বের ইহা জীবনহেতু ॥ ১৩ ॥

অন্নাদ্ ভবন্তি ভূতানি পর্জ্জন্যাদন্নসম্ভবঃ ।
যজ্ঞাদ্ ভবতি পর্জ্জন্যো যজ্ঞঃ কর্ম্মসমুদ্ভবঃ ॥ ১৪ ॥
কর্ম্ম ব্রহ্মোদ্ভবং বিদ্ধি ব্রহ্মাক্ষরসমুদ্ভবম্ ।
তস্মাৎ সর্ব্বগতং ব্রহ্ম নিত্যং যজ্ঞে প্রতিষ্ঠিতম্ ॥ ১৫ ॥

অন্ন হইতে প্রাণিগণের বৃদ্ধি হয়, পর্জ্জন্য অন্ন উৎপাদন করে, যজ্ঞ হইতে পর্জ্জন্যের জন্ম হয় এবং যজ্ঞকে কর্ম্মই প্রকাশ করিয়া থাকে। কর্ম্মের উৎপত্তি স্থান বেদরূপ ব্রহ্ম। পরাৎপর ব্রহ্মই বেদ প্রকাশক। এই প্রকারে সকল চরাচর ব্রহ্মের অধীন। হে সুভদ্রাপতি, কর্ম্মের মূর্ত্তি যে যজ্ঞ উহাই শ্রুতির অখণ্ড নিবাস স্থান ॥ ১৪ । ১৫ ॥

এবং প্রবর্ত্তিতং চক্রং নানুবর্ত্তয়তীহ যঃ ।
অঘায়ুরিন্দ্রিয়ারামো মোঘং পার্থ স জীবতি ॥ ১৬ ॥

হে ধনুর্দ্ধর, এই যজ্ঞ সম্বন্ধি আদি-পরম্পরা তোমাকে সংক্ষেপে বলিয়া শুনাইলাম। যে প্রমত্ত পুরুষ এই সংসারে সর্ব্বথা উচিত স্বধর্ম্মরূপ যজ্ঞানুষ্ঠান না করিয়া কুকর্ম্মদ্বারা

ইন্দ্রিয়ের তৃপ্তি সাধন করে, তাহাকে পাপের রাশি এবং কেবল পৃথিবীর ভারভূত বলিয়া জানিবে। তাহার জন্ম ও সকল কর্ম্ম নিষ্ফল জানিবে। যেরূপ অকালে মেঘ উদয় বৃথা, অথবা অজাগলস্তনের জন্ম বৃথা সেইরূপ স্বধর্ম্মাচরণহীন ব্যক্তির জীবনও বৃথা জানিবে। অতএব, হে পাণ্ডব, শোঁন, স্বধর্ম্ম কাহারও পরিত্যাগ করা উচিত নয়। শরীর ধারণ করার সহিতই ত কর্ত্তব্য নির্দ্দিষ্ট হইয়াছে, তবে আপন কর্ত্তব্য কর্ম্ম কেমন করিয়া ছাড়া যায়? হে সব্যসাচি, মনুষ্যদেহ পাইয়া যে কর্ম্মে আলস্য করে তাহাকে মূঢ় বলিয়া জানিবে ॥১৬॥

যস্ত্বাত্মরতিরেব স্যাদাত্মতৃপ্তশ্চ মানবঃ।
আত্মন্যেব চ সন্তুষ্টস্তস্য কার্য্যং ন বিদ্যতে ॥ ১৭ ॥

দেহ দেহধর্ম্ম করিতে থাকিলেও যে পুরুষ নিরন্তর আত্ম-স্বরূপে রমণ করে সে কর্ম্মদ্বারা লিপ্ত হয় না। সে আত্মবোধ দ্বারা সন্তুষ্ট এইজন্য কৃতার্থ হইয়া সহজেই কর্ম্ম সঙ্গ হইতে মুক্ত হইয়া যায় ॥ ১৭ ॥

নৈব তস্য কৃতেনার্থো নাকৃতেনেহ কশ্চন।
ন চাস্য সর্ব্বভূতেষু কশ্চিদর্থব্যপাশ্রয়ঃ ॥ ১৮ ॥

যেরূপ তৃপ্তি হইলে সকল সাধনই আপনা আপনি বন্ধ হইয়া যায়, সেইরূপ স্বরূপানন্দ প্রাপ্ত হইলে পর কর্ম্মও আর থাকে না। হে অর্জ্জুন, আত্মজ্ঞান হওয়া পর্য্যন্ত মনের সাধনার আচরণের আবশ্যকতা আছে ॥ ১৮ ॥

তস্মাদসক্তঃ সততং কার্য্যং কর্ম্ম সমাচর।
অসক্তো হ্যাচরন্ কর্ম্ম পরমাপ্নোতি পূরুষঃ ॥ ১৯ ॥

এই জন্য তুমি সর্ব্বকামনা রহিত হইয়া উচিত স্বধর্ম্মের আচরণ কর; যে নিষ্কাম বুদ্ধিতে স্বধর্ম্মের আচরণ করিয়াছে, সে সংসারে থাকিয়াই বস্তুতঃ কৈবল্য পদ লাভ করিয়াছে॥ ১৯ ॥

কর্ম্মণৈব হি সংসিদ্ধিমাস্থিতা জনকাদয়ঃ।
লোকসংগ্রহমেবাপি সংপশ্যন্ কর্ত্তুমর্হসি ॥ ২০ ॥

দেখ, জনক প্রভৃতি সৎপুরুষগণ সম্পূর্ণ কর্ম্মত্যাগ না করিয়াই মোক্ষপদ প্রাপ্ত হইয়াছেন। অতএব, হে পার্থ, কর্ম্মে আস্থা রাখিবে, ইহাতে আরও একদিক্ দিয়া উপকার হইবে। উহা এই—তোমাকে কর্ম্ম করিতে দেখিয়া সংসারী-লোক আদর্শ করিবে, তাহাতে তাহাদেরও দুঃখ দূর হইবে। দেখ, যে স্বয়ং কৃতার্থ হইয়াছে এবং নিষ্কামতা লাভ করিয়াছে তাহারও লোকহিতের জন্য কর্ম্ম বাকী থাকিয়া যায়। অন্ধকে হাত ধরিয়া রাস্তায় লইয়া যাইতে নেত্রবান মনুষ্য যেরূপ অন্ধের সমান সমান পা ফেলিয়া চলে সেইরূপ অজ্ঞানীকে ধর্ম্মজ্ঞান দিবার জন্য জ্ঞানী লোকও আপন আচরণ দ্বারা তাহার শিক্ষা দিবে। আর এরূপ যদি নাই হয় তবে অজ্ঞানী কিরূপে শিক্ষা পাইবে? সে এই পথের সন্ধান কেমনে পাইবে? ॥ ২০ ॥

যদ্ যদাচরতি শ্রেষ্ঠ স্তত্তদেবেতরো জনঃ।
স যৎ প্রমাণং কুরুতে লোকস্তদনুবর্ত্ততে ॥ ২১ ॥

সংসারে শ্রেষ্ঠলোক যেরূপ আচরণ করে উহাকেই সাধারণ জনে ধর্ম্ম বলিয়া বুঝে এবং সেইরূপই আচরণ করে, এই কথা স্বাভাবিক। এই জন্য সাধুগণকেও কর্ম্মত্যাগ না করিয়া বিশেষতঃ ঐ কর্ম্ম ভালরূপে অনুষ্ঠান করিতে হয় ॥ ২১ ॥

ন মে পার্থাস্তি কর্ত্তব্যং ত্রিষু লোকেষু কিঞ্চন।
নানবাপ্তমবাপ্তব্যং বর্ত্ত এব চ কর্ম্মণি ॥ ২২ ॥

এখন অপরের কথা বলিব কি? হে কিরীটী দেখ, আমিও এই পথেই চলি। আমার কি কোন দায় পড়িয়াছে? যদি মনে কর কোনও বিশেষ অভিলাষ করিয়া কর্ম্ম আচরণ করিতেছি তুমি ত অবগত আছ আমার ঐরূপ সামর্থ্য আছে যে পূর্ণতা বিষয়ে জগতে আমার সমান আর দ্বিতীয় কেহ নাই। আমি * মৃত গুরুপুত্রকে আনিয়া দিয়াছি, এরূপ মাহাত্ম্য তুমি আমার দেখিয়াছ। তবু নিরাকাঙ্ক্ষ হইয়াও সেই আমি কর্ম্ম আচরণ করি ॥ ২২ ॥

---

* শ্রীমদ্ভাগবত দশমস্কন্ধে বর্ণিত আছে—অবন্তীনগরে সান্দীপণি মুনির সমীপে শ্রীকৃষ্ণ বিদ্যাশিক্ষা করিয়াছিলেন। অতি অল্পদিনের উপদেশেই তিনি চতুঃষষ্ঠী কলাবিদ্যায় অতিশয় নৈপুণ্য এবং সকল বিদ্যায় পারদর্শিতা লাভ করিয়াছিলেন। গুরুগৃহ হইতে বিদায়কালে গুরু ভাবিলেন এরূপ ছাত্র আর কোথায় পাইব? ইনি যে নরাকৃতি

যদি হ্যহং ন বর্ত্তেয়ং জাতু কর্ম্মণ্যতন্দ্রিতঃ।
মম বর্ত্মানুবর্ত্তন্তে মনুষ্যাঃ পার্থ সর্ব্বশঃ ॥ ২৩ ॥

যেরূপ কোনও আকাঙ্ক্ষাবান্ ব্যক্তি করিয়া থাকে, আমি সেইরূপ স্বধর্ম্মের অনুষ্ঠান করি আর তাহা এই উদ্দেশ্যে যে, ভূতগণ কেবল আমার অধীন থাকে তাহাদের ভুল না হয় ॥ ২৩ ॥

উৎসীদেয়ুরিমে লোকা ন কুর্য্যাং কর্ম্ম চেদহম্।
সঙ্করস্য চ কর্ত্তা স্যামুপহন্যামিমাঃ প্রজাঃ ॥ ২৪ ॥

যদি আমি পূর্ণকাম লইয়া ব্রহ্মস্থিতিতেই অবস্থান করি তবে প্রজাগণের কিরূপে নিস্তার হইবে। আমার আচরণ আদর্শ দেখিয়া আপন আচরণ শিক্ষার রীতি যাহা

পরব্রহ্ম! ইহার নিকট যাহা চাওয়া যায় তাহাই পাওয়া যায়। তিনি বলিলেন "বৎস যদি গুরুদক্ষিণা দিবে তবে আমার মৃতপুত্র আনিয়া দাও। প্রভাসতীর্থে সমুদ্রে পড়িয়া সে মরিয়াছে।" শ্রীকৃষ্ণ গুরুপুত্রকে ফিরাইয়া আনিবার জন্য প্রভাসে সমুদ্রের কাছে গেলেন। সমুদ্র বলিল সে ব্রাহ্মণপুত্রকে নেয় নাই পঞ্চজন নামক সমুদ্র নিবাসী অসুর তাহাকে নিয়া থাকিবে। শ্রীকৃষ্ণ পঞ্চজনকে বধ করিয়া পাঞ্চজন্য-শঙ্খ পাইলেন কিন্তু পুত্রকে পাইলেন না। অবশেষে তিনি যমের সংযমনী নামক পুরীর দ্বারে গিয়া পাঞ্চজন্যের নিনাদ করিলেন। যমরাজ ছুটিয়া আসিয়া শ্রীকৃষ্ণের আগমনের কারণ শুনিলেন। তাঁহার আদেশে ব্রাহ্মণের পুত্রকে তৎক্ষণাৎ প্রত্যর্পণ করিলেন। শ্রীকৃষ্ণও ব্রাহ্মণ-কুমারকে পিতার সমীপে আনয়ন করিয়া গুরুদক্ষিণা প্রদান করিলেন।

ইহাদের লোকাচার আছে উহা সব নষ্ট হইয়া যাইবে। অতএব সংসারে যে সমর্থ এবং সর্ব্বজ্ঞতা সম্পন্ন বিশেষতঃ তাহার কখনও কর্ম্মত্যাগ করা উচিত নয় ॥ ২৪ ॥

সক্তাঃ কর্ম্মণ্যবিদ্বাংসো যথা কুর্ব্বন্তি ভারত।
কুর্য্যাদ্বিদ্বাং স্তথাসক্তশ্চিকীর্ষুর্লোক সংগ্রহম্ ॥ ২৫ ॥

কামুক মনুষ্য ফলের আশায় যেরূপ তৎপরতার সহিত কর্ম্ম আচরণ করে, নিরাকাঙ্ক্ষ ব্যক্তিরও কর্ম্মে তদ্রূপ তৎপরতা থাকিবে। হে পার্থ, চারিদিক্ দিয়া লোকস্থিতির বারবার রক্ষা করিবার আবশ্যকতা আছে। কর্ম্মমার্গ আশ্রয় করিয়া চলা উচিত এবং সংসারকেও সংপথে লাগাইয়া রাখিবার প্রয়োজন আছে। কখনও লোকের দৃষ্টিতে অলৌকিক হইও না ॥ ২৫ ॥

ন বুদ্ধিভেদং জনয়েদজ্ঞানাং কর্ম্মসঙ্গিনাম্।
যোষয়েৎ সর্ব্বকর্ম্মাণি বিদ্বান্ যুক্তঃ সমাচরন্ ॥ ২৬ ॥

যে বালকের কাছে স্তন পান করাও কঠিন সে পক্কান্ন কেমন করিয়া ভোজন করিতে পারে? অতএব হে ধনুর্দ্ধর, যেরূপ উহাকে পক্কান্ন দেওয়া উচিত নয়, সেইরূপ কর্ম্মবিষয়েই যাহার অধিকার নাই তাহাকে নৈষ্কর্ম্ম্যের শ্রেষ্ঠতা সম্বন্ধে হেলায় খেলায়ও উপদেশ করা উচিত নয়। তাহাকে সৎকর্ম্মেরই উপদেশ করিতে হয়; তাহারই প্রশংসা করিতে হয়। শুধু ইহাই নয় বরং নিষ্কর্ম্ম লোকও সৎকর্ম্মআচরণ করিয়া তাহাকে উহা শিক্ষা দিবে। বর্ণাশ্রম ধর্ম্মের রক্ষার জন্য কর্ম্মের ব্যবহার করিলে উহাতে

কর্ম্মের বন্ধন লাগে না। রাজা ও রাণীর বেশধারী বহুরূপী পুরুষ অথবা স্ত্রীভাব মনে রাখে না। কেবল লোকের দৃষ্টিতে বেশ পরিবর্ত্তন হয় মাত্র ॥ ২৬ ॥

প্রকৃতেঃ ক্রিয়মাণানি গুণৈঃ কর্ম্মাণি সর্ব্বশঃ।
অহঙ্কারবিমূঢ়াত্মা কর্ত্তাহমিতি মন্যতে ॥ ২৭ ॥

হে ধনুর্দ্ধর, যদি অপরের বোঝা নিজের মাথায় লওয়া যায়, তাহা হইলে কি উহা ভারী লাগিবে না? সেইরূপ প্রকৃতির ধর্ম্ম হইতে যে ভাল মন্দ কর্ম্ম উৎপাদিত হয়, মূর্খ লোক বুদ্ধির ভ্রমে নিজেকেই উহার কর্ত্তা বলিয়া বুঝিয়া লয়। এই অহঙ্কারপূর্ণ দেহকে আত্মা বলিয়া যে বুঝে সে মূর্খ তাহার নিকট এই গূঢ় রহস্য উপদেশ করা উচিত নয়। এখন তোমাকে এক হিতকারী কথা বলিতেছি, মন দিয়া শোন ॥ ২৭ ॥

তত্ত্ববিত্তু মহাবাহো গুণকর্ম্ম বিভাগয়োঃ।
গুণাগুণেষু বর্ত্তন্ত ইতি মত্বা ন সজ্জতে ॥ ২৮ ॥

যেহেতু কর্ম্ম উৎপন্ন হয় সেই দেহ-ভাব যে তত্ত্বজ্ঞানীর নাই; দেহাভিমান ত্যাগ করতঃ সে গুণ এবং কর্ম্মের অতীত সাক্ষীভূত হইয়া দেহে অবস্থান করে। এইজন্য যদিও সে শরীর ধারণ করে তথাপি কর্ম্মদ্বারা বদ্ধ হয় না। প্রাণিগণের কর্ম্ম চেষ্টায় সূর্য্য লিপ্ত হয় না ॥ ২৮ ॥

প্রকৃতে গু´ণ সংমূঢ়াঃ সজ্জন্তে গুণকর্ম্ম´সু ।
তানকৃৎস্নবিদো মন্দান্ কৃৎস্নবিন্ন বিচালয়েৎ ॥২৯॥

যে গুণের ভ্রমে বশীভূত হইয়া যায় এবং প্রকৃতির অধীন হইয়া ব্যবহার করে, যাহার ইন্দ্রিয়গণ গুণাশ্রয়ে আপন আপন কর্ম্মে নিযুক্ত থাকিয়া অপরের কর্ম্মকে বলপূর্ব্বক নিজেই অঙ্গীকার করে, এইরূপ ব্যক্তি সংসারে কর্ম্মদ্বারা লিপ্ত হয় ॥২৯॥

ময়ি সর্ব্বাণি কর্ম্ম´াণি সংন্যস্যাধ্যাত্মচেতসা ।
নিরাশীনির্ম্ম´মো ভূত্বা যুধ্যস্ব বিগতজ্বরঃ ॥৩০॥

অতএব তুমি সকল কর্ত্তব্য কর্ম্মের আচরণ করিয়া উহা আমাতে অর্পণ কর এবং চিত্তের বৃত্তি আত্মার স্বরূপে বিশেষরূপে সংলগ্ন রাখ। আর চিত্তে কখনও এরূপ অভিমান প্রবেশ করিতে দিও না যে, এইটা কর্ম্ম আমি কর্ত্তা অথবা অমুক ফলের জন্য আমি এই কর্ম্ম করিব। শরীরের অধীন হইও না। কামনা সকল ছাড়িয়া দাও। যথা অবসরে যোগ্য বিষয় ভোগ কর। এখন আপন ধনুক হাতে লইয়া রথে আরোহণ কর এবং সমাধান পূর্ব্বক বীরবৃত্তির স্বীকার কর। সংসারে কীর্ত্তি বাড়াও। স্বধর্ম্মের মান বাড়াও। পৃথিবীকেও ভারমুক্ত কর অতএব হে পার্থ, নিঃশঙ্ক চিত্তে সংগ্রামে প্রবৃত্ত হও। ইহা ভিন্ন এই সময় আর কিছুই বলিও না ॥৩০॥

যে মে মতমিদং নিত্যমনুতিষ্ঠন্তি মানবাঃ।
শ্রদ্ধাবন্তোঽনসূয়ন্তো মুচ্যন্তে তেঽপি কর্ম্মভিঃ॥ ৩১

হে ধনুর্দ্ধর, আমার এই নিশ্চিত মত যে অত্যন্ত আদরের সহিত স্বীকার করিবে এবং শ্রদ্ধাপূর্ব্বক আচরণ করিবে, যদিও সে কর্ম্মের ব্যবহার করুক তথাপি তাহাকে কর্ম্মরহিত বুঝিবে। অতএব এই উপদেশ নিশ্চয়তার সহিত অনুসর্ত্তব্য ॥৩১॥

যে ত্বেতদভ্যসূয়ন্তো নানুতিষ্ঠন্তি মে মতম্।
সর্ব্বজ্ঞানবিমূঢ়াংস্তান্ বিদ্ধি নষ্টানচেতসঃ॥ ৩২ ॥

যে প্রকৃতির অধীন হইয়া ইন্দ্রিয়গণের লালসা বাড়াইয়া আমার মত অনাদর পূর্ব্বক ত্যাগ করে, যে উহা সামান্য বলিয়া বুঝে এবং উহার অবজ্ঞা করে অথবা এরূপ বলে যে, উহা অর্থবাদ মাত্র, সে নিশ্চয়ই মোহ মদিরায় মত্ত হইয়াছে, বিষয় বিষে জর্জ্জরিত হইয়াছে অথবা অজ্ঞান পঙ্কে ডুবিয়াছে, ইহা নিশ্চয় জানিও। মৃত মনুষ্যের হস্তে রত্নালঙ্কার যেরূপ বৃথা, অথবা জন্মান্ধের নিকট আলোক প্রকাশ যেরূপ নিরর্থক, অথবা চন্দ্রের উদয় যেরূপ কাকের নিকট উপযোগী হয় না, সেইরূপ এই বিবেক মূর্খলোকের রুচিকর হয় না। হে পার্থ, যে এই পরমার্থ বিবেক মানে না, তাহার সহিত সম্ভাষণও করা উচিত নয়। সে ইহা মানেও না বরং ইহার নিন্দা করিতে থাকে। বল দেখি, পতঙ্গ কি আলোক প্রকাশ সহিতে পারে?—পতঙ্গ

দীপককে আলিঙ্গন করে উহাতেই তাহার মৃত্যু হয়; সেইরূপ বিষয় ভোগে অবশ্য আত্ম-বিনাশ হয় ॥ ৩২ ॥

সদৃশং চেষ্টতে স্বস্যাঃ প্রকৃতের্জ্ঞানবানপি।
প্রকৃতিং যান্তি ভূতানি নিগ্রহঃ কিং করিষ্যতি ॥ ৩৩ ॥

ইন্দ্রিয় এমনই এক বস্তু যাহাকে মহত্ত্ব দিয়া কুতূহলে লালন করা জ্ঞানী ব্যক্তিমাত্রের কখনও উচিত নয়। আচ্ছা, সর্পের সহিত কেহ কি খেলা করিতে পারে? অথবা ব্যাঘ্রের সহিত বসবাস সিদ্ধ হইতে পারে? বল দেখি, হলাহল বিষ পান করিয়া কেহ উহা জীর্ণ করিতে পারে? দেখ, খেলিতে খেলিতেও একবার আগুন লাগিয়া গেলে উহা সাম্‌লাইয়া লইতে চাহিলেও পারা যায় না; সেইরূপ ইন্দ্রিয়গণের লালন করা ভাল নয়। হে অর্জ্জুন, এই পরাধীন শরীরের নিমিত্ত বিবিধ প্রকার বিষয় ভোগ-রচনা কেমন করিয়া করা যায়? অক্লান্ত পরিশ্রম করিয়া উদয়াস্ত সকল সম্পত্তি দ্বারা কি আমরা এই দেহেরই প্রতিপালন করিব? সব দিক্ দিয়া সকল কষ্ট সহ্য করিয়া কি সম্পত্তি সংগ্রহ করা হয় এইজন্য যে, স্বধর্ম্ম ত্যাগ করিয়া এই শরীরের পোষণ হউক? তবে যখন আবার পঞ্চভূতের অংশ পঞ্চভূতে মিলিয়া যাইবে তখন আমার কৃত পরিশ্রমের ফলগুলি খুঁজিলে কোথায় পাওয়া যাইবে? অতএব কেবল শরীর পোষণ যথার্থ ক্ষতি বলিয়া বুঝিবে। ইহার মধ্যে অন্তঃকরণ লাগাইও না ॥ ৩৩ ॥

ইন্দ্রিয়স্যেন্দ্রিয়স্যার্থে রাগদ্বেষৌ ব্যবস্থিতৌ ।
তয়োর্ন বশমাগচ্ছেৎ তৌ হ্যস্য পরিপন্থিনৌ ॥ ৩৪ ॥

ইন্দ্রিয়ের ইচ্ছানুসারে বিষয়ের পোষণ করিলে আপাততঃ চিত্তের সন্তোষ উৎপন্ন হয়। সাধুবেশধারী চোর যতক্ষণ নগরের সীমান্ত পর্য্যন্ত না যাইতেছে ততক্ষণ শান্ত থাকে। হে বৎস, বিষের মধুরতা প্রথমে চিত্তে প্রীতি উৎপন্ন করে, কিন্তু পরিণাম জিজ্ঞাসা করিলে জানিবে উহা প্রাণ হরণ করিয়াছে। দেখ, ইন্দ্রিয়মধ্যে যে কাম আছে উহাই সুখের দুরাকাঙ্ক্ষায় প্রলুব্ধ করে—আমিষ মৎস্যকে ভুলাইয়া আনে। দেখা যায় না বলিয়া মৎস্য জানিতেও পারে না টোপের আমিষের মধ্যে প্রাণ সংহারক কাঁটা আছে। কামনার হেতু মানুষেরও সেইরূপ দশা হয়। বিষয়ের আশাতে মানুষ ক্রোধাগ্নির অধীন হইয়া যায়। ব্যাধ জানিয়া বুঝিয়া মৃগকে বধ করিবার জন্য যেরূপ আপন সীমার মধ্যে লইয়া আসে, তেমনই এই বিষয়কে জানিবে। অতএব, হে পার্থ, ইহার সঙ্গ করা তোমার উচিত নয়। কাম এবং ক্রোধ দুটাকেই ঘাতক বলিয়া জানিবে। অতএব ইহাদের আশ্রয় লওয়া উচিত নয়। মনের মধ্যেও ইহাদের স্মরণ রাখা উচিত নয়। এক আত্মবৃত্তির জাগ্রত অবস্থা কখনও নষ্ট হইতে দিবে না ॥ ৩৪ ॥

শ্রেয়ান্ স্বধর্ম্মো বিগুণঃ পরধর্ম্মাৎ স্বনুষ্ঠিতাৎ ।
স্বধর্ম্মে নিধনং শ্রেয়ঃ পরধর্ম্মো ভয়াবহঃ ॥ ৩৫ ॥

(স্বধর্ম্ম যদিও কঠিন হয়, তথাপি উহাই আচরণ করা ভাল। অপরের আচরণ যতই ভাল হউক তথাপি অনুষ্ঠান-কারী নিজ ধর্ম্মই আচরণ করিবে। শূদ্রের ঘরে ভাল ভাল অনেক রকমের পক্কান্ন থাকিলেও কি দরিদ্র ব্রাহ্মণ তাহা খাইবে? অন্য কথা দূরে থাকুক্, এইরূপ অনুচিত কার্য্য কি কখনও করা যায়? যে বস্তু গ্রহণ করিবার যোগ্য নয় তাহা কি পাইবার ইচ্ছা করা উচিত? ইচ্ছা হইলেই কি তাহা পাইতে হইবে? বিচার করিয়া দেখ, লোকের মনোহর বাড়ী দেখিয়া নিজের পর্ণ কুটীর ভাঙ্গিয়া ফেলিতে হইবে? সে কথা থাকুক্, আপন স্ত্রী যদি কুরূপাও হয় তাহাকে ভোগ করা ভাল, সেইরূপ স্বধর্ম্ম যতই কঠিন হউক, আচরণ করিতে দুর্ঘট হউক, তথাপি পরলোকের সখা। গুড় এবং দুগ্ধ মধুরতার জন্য প্রসিদ্ধ কিন্তু ক্রিমিদোষে রুগ্নব্যক্তির নিকট বিরুদ্ধ, সে উহা কেমন করিয়া পান বা ভোগ করিতে পারে? ইহার পরেও যদি সে উহা পান করে তবে উহা তাহার অত্যাগ্রহ। হে ধনুর্দ্ধর, পরিণামে উহা হিতকর পথ্য হয় না। যদি আপন হিত বিচার করিতে হয়, তবে অপরের যাহা বিহিত এবং নিজের জন্য যাহা অনুচিত এরূপ আচরণ কখনও করা উচিত নহে। এই স্বধর্ম্মের অনুষ্ঠান করিতে করিতে যদি জীবন কাল শেষ হইয়া যায়, তথাপি উহা উভয় লোকে—ইহলোক পরলোকে শ্রেষ্ঠ বলিয়া বুঝিবে। সমস্ত সুরগণের শিরোমণি শ্রীশার্ঙ্গপাণি যখন এই প্রকারে বলিলেন, তখন অর্জ্জুন

বলিতে লাগিলেন, হে দেব! এক নিবেদন আছে, আপনি যাহা বলিলেন তাহা আমি শুনিয়া লইলাম কিন্তু এখন আমি নিজের ইচ্ছামত কিছু জিজ্ঞাসা করি ॥ ৩৫ ॥

অর্জ্জুন উবাচ

অথ কেন প্রযুক্তোঽয়ং পাপং চরতি পূরুষঃ।
অনিচ্ছন্নপি বার্ষ্ণেয় বলাদিব নিয়োজিতঃ ॥ ৩৬ ॥

হে দেব! জ্ঞানীরও স্থিতি-ভ্রংশ হয়, এবং সেও সৎপথ ছাড়িয়া অন্য পথে চলে বলিয়া মনে হয় কেন? যে সর্ব্বজ্ঞ এবং উপায়ও জানে সেও কোন্ গুণের হেতু আপন ধর্ম্ম ত্যাগ করিয়া পরধর্ম্মের ব্যভিচার করে? অন্ধ বীজ এবং তুষ বাছিয়া লইতে পারে না, নেত্রবান্ মনুষ্য কেন ভুল করে? প্রাপ্ত সংসর্গ ত্যাগ করিলেও সংসর্গ লালসায় যে অতৃপ্ত রাখে, সব দিক্ হইতে পাপ দূর করিয়া দিলেও বল করিয়া যে পাপে লাগাইয়া দেয়, যে কথা ঘৃণার্হ তাহাতেই যাহা লাগাইয়া রাখে এবং উহাকে দূর করিয়া দিবার যত্ন করিলেও উহা ফিরিয়া আসে, উহা কোন্ বলবান্ গুণের প্রভাবে হয়; হে হৃষীকেশ! আমাকে উহা বলুন ॥ ৩৬ ॥

শ্রীভগবান্ উবাচ

কাম এষ ক্রোধ এষ রজোগুণ সমুদ্ভবঃ।
মহাশনো মহাপাপ্মা বিদ্ধ্যেনমিহ বৈরিণম্ ॥ ৩৭ ॥

যিনি হৃদয়-কমলের সুখদায়ক, যোগী নিরাকাঙ্ক্ষ হইয়াও যাঁহার জন্য সকাম হয়, সেই পুরুষোত্তম তখন এরূপ কথা বলিলেন—শোন, এই কাম এবং ক্রোধ, যাহাদের নিকট কৃপার লব লেশও নাই, ইহাদের মূর্ত্তিমান্ কৃতান্ত বলিয়া জানিবে। জ্ঞানরূপী ধনের কাল সর্প, বিষয়রূপ গুহার ব্যাঘ্র, ভজন পথের নরঘাতক ডোম, দেহরূপী দুর্গের প্রস্তর, ইন্দ্রিয় নগরের প্রাচীর স্বরূপে এই কাম ক্রোধই মোহাদিরূপে সংসারে প্রভাব বিস্তার করে। ইহা মনের রজোগুণ হইতে উৎপন্ন সম্পূর্ণ আসুরী সম্পত্তি দ্বারা নির্ম্মিত এবং অবিদ্যার দ্বারাই পুষ্ট। ইহা রজোগুণ হইতে উৎপন্ন কিন্তু তমোগুণের অত্যন্ত প্রিয়, অতএব—তমোগুণ ইহাকে আপন পদ অর্থাৎ ভুল এবং মোহ প্রদান করিরাছে। মৃত্যুনগরে ইহারা অতি শ্রেষ্ঠ বলিয়া পরিচিত। কেননা ইহারা প্রাণিগণের শত্রু, ইহারা ক্ষুধিত হইলে এই বিশ্ব এক গ্রাসও নয়। আশাই ইহাদের বাস্তুভিটা। যাহার নিকট চতুর্দ্দশভুবন হস্তের মুষ্টির মধ্যে গ্রহণ করিতে অতি অল্প বলিয়া মনে হয়, সেই ভ্রান্তি ইহাদের আদরিণী ছোট ভগ্নী। এই ভ্রান্তি—তিনলোকের রন্ধন খেলা খেলিতে খেলিতে উহা অনায়াসে খাইয়া ফেলে। ইহার দাসীত্ব

করিয়া তৃষ্ণা জীবন ধারণ করে। আর বলিব কি মোহও ইহাকে মানিয়া চলে। অহঙ্কারের সহিত ইহাকে আলিঙ্গন করিয়া আনন্দিত করে—যাহার গুণে সে সমস্ত সংসারকে আপন ইচ্ছায় নাচাইয়া থাকে—যে সত্যের উদর ভেদ করিয়া উহাতে অসত্য তৃণকুটা ভরিয়া দিবার মত দম্ভকে প্রতিষ্ঠিত করিয়া রাখে। ইহাই পতিব্রতা শান্তিকে নিরাভরণা করিয়া মায়ারূপিণী বারবনিতাকে সুসজ্জিত করিয়াছে এবং উহা দ্বারা সাধুগণকে ভ্রষ্ট করিয়াছে। ইহাই বিবেকের বল নষ্ট করিয়াছে বৈরাগ্যের চর্ম্মাবরণ তুলিয়া লইয়াছে, উপশমকে জীবন্ত গলা চাপিয়া মারিয়াছে। ইহাই সন্তোষরূপ বন কাটিয়া ফেলিয়াছে, ধৈর্য্যের দুর্গ ভাঙ্গিয়া দিয়াছে এবং আনন্দরূপ বৃক্ষ উৎপাটন করিয়া ফেলিয়াছে। ইহাই জ্ঞানের অঙ্কুর ছিন্ন করিয়াছে, সুখের নাম লুপ্ত করিয়া দিয়াছে, আর অন্তঃকরণে ত্রিবিধ তাপের অগ্নি উৎপন্ন করিয়াছে। শরীর ধারণ করা অবধি ইহা হৃদয়ে লাগিয়া রহিয়াছে; খুঁজিলে কিন্তু ব্রহ্মাদি দেবতাগণেরও হাতে ধরা পড়ে না। জ্ঞানের সমান হইয়া চৈতন্যের নিকট বসিয়া আছে বলিয়া উহা মহাপ্রলয় করিতে প্রবৃত্ত হয় এবং কেহ উহার গতিরোধ করিতে চাহিলেও বাধা মানে না। ইহা জীবগণকে বিনা জলে ডুবায়, অগ্নি ব্যতিরেকে জ্বালায় আরও, না বলিয়াই গ্রাস করিয়া ফেলে। ইহা বিনা শস্ত্রে আঘাত করে, বিনা রজ্জুতে বন্ধন করে, এবং জ্ঞানিগণেরও সামর্থ্য নষ্ট করিয়া বধ করে। সে বিনা পঙ্কে নিমজ্জিত

করে, বিনা গ্রন্থি পাশবদ্ধ করে, চিত্তে প্রবেশ করিয়া আছে বলিয়া সে কাহারও সমীপে পরাজিত হয় না ॥ ৩৭ ॥

ধূমেনাব্রিয়তে বহ্নির্যথাদর্শো মলেন চ।
যথোল্বেনাবৃতো গর্ভস্তথা তেনেদমাবৃতম্ ॥ ৩৮ ॥

যেরূপ চন্দন-তরুর মূলে সর্প জড়াইয়া থাকে অথবা গর্ভ গর্ভাবরণ-থলে দ্বারা আবৃত থাকে, অথবা তেজোহীন সূর্য্য, ধূম্র বিনা অগ্নি, ধূলা বিহীন দর্পণ যেরূপ কখনও থাকে না, সেইরূপ ইহাকে ভিন্ন জ্ঞানকে কখনও স্বতন্ত্র দেখিতে পাওয়া যায় না। বীজ আবরণ দ্বারা আবৃতই উৎপন্ন হয় ॥ ৩৮ ॥

আবৃতং জ্ঞানমেতেন জ্ঞানিনো নিত্যবৈরিণা।
কামরূপেণ কৌন্তেয়! দুষ্পূরেণানলেন চ ॥ ৩৯

সেইরূপ জ্ঞান যদিও স্বরূপতঃ শুদ্ধ তথাপি উহা কামক্রোধ দ্বারা আচ্ছাদিত আছে অতএব উহা গূঢ় হইয়া আছে। প্রথমতঃ এই কাম-ক্রোধকে পরাজিত করিতে হইবে, তবে জ্ঞান লাভ হইবে। কিন্তু রাগ-দ্বেষের পরাভব সম্ভব নয়। উহাকে মারিবার জন্য শরীরে যে বল সঞ্চয় করা যায় তাহা অগ্নিতে ইন্ধনের ন্যায় উহারই সাহায্যকারী হইয়া থাকে ॥ ৩৯ ॥

ইন্দ্রিয়াণি মনোবুদ্ধিরস্যাধিষ্ঠানমুচ্যতে।
এতৈর্ব্বিমোহয়ত্যেষ জ্ঞানমাবৃত্য দেহিনম্ ॥ ৪০ ॥

যে উপায় গ্রহণ করা যাউক না কেন সকলেই ইহার সহায়ক হইয়া যায়। এইজন্য ইহা দৃঢ় যোগিগণকেও পরাজিত

করিয়া লইয়াছে। এই সঙ্কটেও একটী উত্তম উপায় আছে, উহা যদি তোমার অনুকূল হয়, তবে আমি বলিয়া দিতেছি ॥ ৪০ ॥

তস্মাৎ ত্বমিন্দ্রিয়াণ্যাদৌ নিয়ম্য ভরতর্ষভ।
পাপ্মানং প্রজহিহ্যেনং জ্ঞানবিজ্ঞাননাশনম্ ॥ ৪১ ॥

ইহার প্রথম উৎপত্তি স্থান ইন্দ্রিয়। উহাদের প্রবৃত্তিই কর্ম্ম উৎপন্ন করে। প্রথমতঃ সেই ইন্দ্রিয়গুলিকেই সর্ব্বথা পরাজিত করিয়া ফেল ॥ ৪১ ॥

ইন্দ্রিয়াণি পরাণ্যাহুরিন্দ্রিয়েভ্যঃ পরং মনঃ।
মনসস্তু পরা বুদ্ধির্যো বুদ্ধেঃ পরতস্তু সঃ ॥ ৪২ ॥

এইরূপ করিতে পারিলে মনের ছুটাছুটি বন্ধ হইয়া যাইবে, আর বুদ্ধিও মুক্তি পাইবে। এই প্রকারে, এই দুরাত্মার প্রভাব মিটিয়া যাইবে ॥ ৪২ ॥

এবং বুদ্ধেঃ পরং বুদ্ধা সংস্তভ্যাত্মানমাত্মনা।
জহি শত্রুং মহাবাহো কামরূপং দুরাসদং ॥ ৪৩ ॥

যেরূপ সূর্য্যকিরণ না থাকিলে মৃগতৃষ্ণিকায় জলের সত্ত্বা থাকিতে পারে না সেইরূপ রাগদ্বেষ অন্তঃকরণ হইতে বাহির করিয়া দিতে পারিলে অবশ্যই উহা বিনষ্ট হইয়া যায়। অতএব রাগ এবং দ্বেষের নাশ হইয়া গেলে ব্রহ্মরূপ স্বারাজ্য লাভ হয় আর মানুষও নিজে আত্মসুখ ভোগ করিয়া থাকে। এইটী শ্রীগুরু ও শিষ্যের রহস্য-সংবাদ; এইটীই জীব ও ব্রহ্মের মিলন। এই অবস্থায় স্থির হইয়া থাক কখনও উঠিও না।"

হে রাজন্ শুনুন, সম্পূর্ণ সিদ্ধির সম্রাট্ লক্ষ্মীপতি, দেবাদিদেব এই প্রকার উপদেশ করিয়াছেন। এখন এই অনন্তদেব পুনরায় একটী পুরাতন কথা বলিবেন এবং পাণ্ডুনন্দন অর্জ্জুন আবার জিজ্ঞাসা করিবেন। সেই সংবাদের যোগ্যতা অথবা রসপূর্ণতার শ্রেষ্ঠতা দ্বারা শ্রোতৃবৃন্দের শ্রবণসুখ বৃদ্ধি হইবে। শ্রীনিবৃত্তিদাস জ্ঞানদেব আমি বলি, হে তাত, আপন বুদ্ধি ভাল করিয়া জাগ্রত রাখিয়া শ্রীকৃষ্ণ ও পার্থের এই সংবাদের উপভোগ করুন ॥ ৪৩ ॥

ইতি জ্ঞানদেব বিরচিতায়াং ভাবার্থদীপিকায়াং
তৃতীয়োঽধ্যায়ঃ।

জ্ঞানকর্ম্ম সন্ন্যাস যোগ

চতুর্থ অধ্যায় *

আজ আমার শ্রবণেন্দ্রিয়ের সৌভাগ্যের দিন আসিয়াছে, কেননা গীতারূপ সম্পদ উহার দৃষ্টিগোচর হইয়াছে। এখন এই স্বপ্নরূপ জগতও সত্য বলিয়া দেখাইতেছে। প্রথমতঃ এই গীতা-কথা বিবেকময়, তাহাতে আবার জগচ্ছ্রেষ্ঠ শ্রীকৃষ্ণ তাহার নিরূপণ করিতেছেন আর ভক্ত অর্জ্জুন উহা শুনিতেছেন। পঞ্চমস্বরের সহিত সুগন্ধের মিলন হইলে যেরূপ হয়, অথবা সুগন্ধ ও সুস্বাদ একত্র মিলিয়া যেরূপ উপাদেয় হয় তদ্রূপ এই কথাও অত্যন্ত মনোরঞ্জক! অহো! কিরূপ বিশাল ভাগ্য। আমার মনে হয় আমি অমৃতের সুরধুনী লাভ করিয়াছি। অথবা শ্রোতাগণের পূর্ব্ব তপস্যা ফলরূপ ধারণ করিয়াছে। এখন সকল ইন্দ্রিয়কেই শ্রবণেন্দ্রিয়ের ঘরে প্রবেশ করিয়া এই গীতা নামক সংবাদ-সুখের উপভোগ করিতে হইবে। এখন অতি বিস্তার করিয়া কাজ নাই; শ্রীকৃষ্ণ ও অর্জ্জুন দুইজনের পরস্পর যে কথোপকথন হইয়াছিল তাহারই বর্ণনা করিতেছি। সেই সময় সঞ্জয় ধৃতরাষ্ট্রকে

* এই অধ্যায় জ্ঞানযোগ ব্রহ্মার্পণ যোগ নামে প্রসিদ্ধ।

বলিলেন,—অর্জ্জুন বড়ই ভাগ্যবান্, সে শ্রীনারায়ণের সঙ্গে অত্যন্ত প্রেমের সহিত বাক্যালাপ করিয়াছে। যে কথা তিনি পিতা বসুদেবকে বলেন নাই, মাতা দেবকীকে বলেন নাই, যাহা ভ্রাতা বলদেবকেও শ্রবণ করান নাই, সেই রহস্য কথা তিনি অর্জ্জুনের নিকট বলিয়াছেন। দেবী লক্ষ্মী যিনি ভগবানের অতি কাছে থাকেন তাহাতেও এই প্রেমের সুখ দেখা যায় না। আজ শ্রীকৃষ্ণের স্নেহের সৌভাগ্য অর্জ্জুনেরই লাভ হইয়াছে। সনকাদি ঋষিগণের আশা বড় বৃদ্ধি পাইয়াছিল, কিন্তু তাহারাও এই প্রকার সফলতা লাভ করেন নাই। অর্জ্জুনের প্রতি জগদীশ্বরের এই প্রেম নিরূপম দেখা যাইতেছে। ইনি না জানি কিরূপ সর্ব্বোত্তম পুণ্য করিয়াছেন। অথবা যাহার প্রীতির হেতু এই বিদেহী ভগবান্ ব্যক্ত রূপ ধারণ করিয়াছেন, তাহার স্থিতি ইহার সহিত একাকার বলিয়াই আমার বোধ হইতেছে। প্রায়শঃ এই তত্ত্ব যোগিগণেরও হস্তগত হয় না, বেদজ্ঞেরও বুদ্ধিগত হয় না, এবং ধ্যানের দৃষ্টিও সেই পর্য্যন্ত পোঁছাইতে পারে না। এইরূপ আত্মস্বরূপ অনাদি ও নিশ্চল ভগবান্ কিরূপ দয়ালু হইয়াছেন। যিনি ত্রৈলোক্যরূপী বস্ত্রের প্রসার ও বিস্তারের * অধিষ্ঠান, এবং প্রাকৃত আকারের অতীত তিনি কিরূপে এই অর্জ্জুনের প্রেমের অধীন হইয়া রহিয়াছেন জানি না!

* চলতি কথায়—তানা ও পরেন।

শ্রীভগবানুবাচ

ইমং বিবস্বতে যোগং প্রোক্তবানহমব্যয়ম্ ।
বিবস্বান্ মনবে প্রাহ মনুরিক্ষ্বাকবেঽব্রবীৎ ॥ ১ ॥

আবার প্রভু বলিতে লাগিলেন, হে পাণ্ডুসুত! এই যোগ আমি বিবস্বান্‌কে বলিয়াছিলাম এই কথা বহু প্রাচীন। বিবস্বান্ সূর্য্য এই সকল যোগস্থিতি বৈবস্বত মনুর নিকটে ভালরূপে নিরূপণ করিয়াছিলেন। মনু স্বয়ং এই যোগের অনুষ্ঠান করিয়াছেন এবং পুনরায় ইক্ষ্বাকুকে উহার উপদেশ করিয়াছেন। এইরূপে এই পুরাতন পরম্পরা-প্রাপ্ত জ্ঞান বিস্তৃত হইয়াছে॥ ১ ॥

এবং পরম্পরাপ্রাপ্তমিমং রাজর্ষয়ো বিদুঃ ।
স কালেনেহ মহতা যোগো নষ্টঃ পরন্তপ ॥ ২ ॥

তদনন্তর এই যোগ আরও কোন কোন রাজর্ষি জ্ঞাত হইয়াছেন কিন্তু সেই সময় হইতে পরে আর কেহ ইহা জানিতে পারে নাই। প্রাণিগণের বিষয়ের প্রতি অভিরুচি এবং শরীরের প্রতি মমতা এই দুই কারণে এই আত্মজ্ঞান ভুল হইয়া গিয়াছে। লোকের বিশ্বাস এবং বুদ্ধি যখন বাঁকা পথে প্রবৃত্ত হয়, তখন বিষয়ের সুখই পরম প্রাপ্তব্য বলিয়া বিবেচিত হয় এবং যেরূপ ভাবে যে থাকে তাহার নিকট সেই উপাধিই প্রিয় হইয়া থাকে। আরও দেখ, সাধারণতঃ যে পাড়ায় দিগম্বরগণ বাস করে সেখানে বহুমূল্য বস্ত্রের কি প্রয়োজন?

জন্মান্ধ ব্যক্তির কাছে সূর্য্যের কি উপযোগিতা ? বধিরের সভায় কে সঙ্গীতের সম্মান করিবে ? শৃগালের কি কখনও চাঁদ্নীতে প্রীতি উৎপন্ন হয় ? চন্দ্রোদয় হইবার পূর্ব্বেই যাহার চক্ষু ফাটিয়া যায় সেই কাক কিরূপে চন্দ্রকে চিনিতে পারে ? এইরূপ যে বৈরাগ্যের দেহলিও দেখিতে পারে না, বিবেকের নামও জানে না, সেই মূর্খ আবার ঈশ্বর পর্য্যন্ত কিরূপে পোঁছিতে পারে ? এই ভাবে জানি না কেমন করিয়া মোহ বাড়িয়া গিয়াছে এবং বহুকাল ব্যর্থ কাটিয়া গিয়াছে ; অতএব ইহলোকে এই যোগ লুপ্ত হইয়া গিয়াছে ॥ ২ ॥

স এবায়ং ময়া তেঽদ্য যোগঃ প্রোক্তঃ পুরাতনঃ ।
ভক্তোঽসি মে সখা চেতি রহস্যং হ্যেতদুত্তমম্ ॥ ৩ ॥

সেই যোগ, হে কুন্তীসুত, আজ আমি তোমার নিকট তত্ত্বতঃ নিরূপণ করিয়াছি। ইহা ভুলিয়া যাইও না। ইহা আমার হৃদয়ের রহস্য, তোমার নিকট কি উহা লুকাইয়া রাখিতে পারি ? তুমি আমার প্রেমিক। হে ধনুর্দ্ধর, তুমি কেবল প্রেমের মূর্ত্তি, ভক্তির হৃদয়, মৈত্রীর জীবন-কলা এবং বিশ্বাসের আশ্রয়, অতএব তোমার সহিত কি প্রতারণা হইতে পারে ? যদ্যপি সকলেই যুদ্ধের জন্য প্রস্তুত তথাপি ক্ষণকালের জন্য যুদ্ধের কোলাহল বিস্মৃত হইয়া প্রথমতঃ তোমার অজ্ঞান দূর করিব ॥ ৩ ॥

অর্জ্জুন উবাচ

অপরং ভবতো জন্ম পরং জন্ম বিবস্বতঃ।

কথমেতদ্বিজানীয়াং ত্বমাদৌ প্রোক্তবানিতি ॥ ৪ ॥

অর্জ্জুন বলিলেন—হে শ্রীহরি, শুনুন, মাতা আপন পুত্রের প্রতি স্নেহ করে, হে কৃপানিধি, উহা আশ্চর্য্যের বিষয় নয়। আপনি সংসার তাপে তাপিত লোকের নিকট সুশীতল ছায়া, অনাথ জীবের মাতা; বস্তুতঃ আপনার কৃপাই আমাদিগকে সৃষ্টি করিয়াছে। হে দেব! কাহারও যদি একটি পঙ্গু-পুত্র জন্ম গ্রহণ করে তবে আজন্ম তাহাকে পুত্রের ঝঞ্ঝাট সহ্য করিতে হয়। আপনার শ্রেষ্ঠতা আপনার সম্মুখে আর কি ব্যাখ্যান করা যায়। এখন আমি যাহা জিজ্ঞাসা করি সেই দিকে মন দিন, হে দেব, সেই বাক্যে আপনি ক্রোধ করিবেন না। হে অনন্ত! আপনি যে পুরাতন কথা কহিয়াছেন উহা ক্ষণকালের জন্যও আমার চিত্তে ধারণা করিতে পারিতেছি না। কেননা বিবস্বান্ কে ছিলেন তাহা আমাদের কুলের আদি পুরুষগণও জানেন না, তাহাকে আবার আপনি কবে উপদেশ দিলেন? শুনা যায়, তিনি নাকি বহু পুরাতন আপনি শ্রীকৃষ্ণ ত আধুনিক। এই জন্য পূর্ব্ববাক্য বিরুদ্ধ বলিয়া আমার মনে হয়। তথাপি হে দেব! আপনার চরিত্র আমি কিছুই জানি না, আপনার কথাই বা একেবারে মিথ্যা কেমন করিয়া বলি? অতএব এই সব কথা এরূপ ভাবে বলুন যাহাতে উহা আমার বুদ্ধির বিষয় হয়। আপনি কিরূপ ভাবে সূর্য্যকে উপদেশ করিয়াছিলেন? ৪ ॥

শ্রীভগবান্ উবাচ

বহূনি মে ব্যতীতানি জন্মানি তব চার্জ্জুন।
তান্যহং বেদ সর্ব্বাণি ন ত্বং বেত্থ পরন্তপ ॥ ৫ ॥

তখন শ্রীকৃষ্ণ বলিলেন,—হে পাণ্ডুসুত! যদি তোমার চিত্তে এরূপ ভ্রম হইয়া থাকে যে, যখন বিবস্বান্ ছিল তখন আমি ছিলাম না, তবে ইহা তোমার অজ্ঞান। দেখ, তোমার ও আমার অনেক জন্ম হইয়া গিয়াছে। তোমার নিজের জন্ম সম্বন্ধে স্মৃতি নাই, আমি যে যে কালে যে যে রূপে অবতীর্ণ হই উহা সকলই স্মরণ রাখি ॥ ৫ ॥

অজোঽপি সন্নব্যয়াত্মা ভূতানামীশ্বরোঽপি সন্।
প্রকৃতিং স্বামধিষ্ঠায় সম্ভবাম্যাত্মমায়য়া ॥ ৬ ॥

এজন্য এই পুরাতন কথা আমার মনে আছে। আমি যদিও অজ তথাপি স্বপ্রকৃতিকে অঙ্গীকার করিয়া জন্মগ্রহণ করিয়া থাকি। ইহাতে আমার অবিনাশিতার ভঙ্গ হয় না। জন্ম ও মৃত্যু যাহা দৃষ্টিগোচর হয়, উহা মায়ার কারণ, আমারই মধ্যে প্রতিভাসিত হয়। আমার স্বতন্ত্রতা ত নষ্ট হয় না, তবে আমাকে কর্ম্মের বশীভূত হইতে দেখা ভ্রম বুদ্ধির নিমিত্তই হইয়া থাকে। আমি বস্তুত কর্ম্মের অধীন হই না। এক বস্তুকে যে দর্পণে দুই বলিয়া দেখায় উহা দর্পণের আধার গুণে। সত্য বিচার করিলে কোন দ্বিতীয় বস্তুর সত্ত্বা সেখানে থাকে না?

সেইরূপ হে কিরীটী! আমি নিরাকার (ক) হইলেও যখন মায়ার আশ্রয় গ্রহণ করি তখন কার্য্যের নিমিত্ত নটের বেশ ধারণের মত আকারবান্ হই ॥ ৬ ॥

যদা যদাহি ধর্ম্মস্য গ্লানির্ভবতি ভারত।
অভ্যুত্থানমধর্ম্মস্য তদাত্মানং সৃজাম্যহম্ ॥ ৭ ॥

কেননা সৃষ্টির আরম্ভ হইতেই এই স্বাভাবিক রীতি আছে যে, প্রত্যেক যুগে আমাকেই সম্পূর্ণ ধর্ম্ম রক্ষা করিতে হইবে। এইহেতু যে সময় অধর্ম্ম ধর্ম্মকে পরাভূত করে ঐ সময় আপন জন্মরাহিত্যকে দূরে রাখিয়া নিজের নিরাকারতাও ভুলিয়া যাই ॥ ৭ ॥

পরিত্রাণায় সাধূনাং বিনাশায় চ দুষ্কৃতাম্।
ধর্ম্মসংস্থাপনার্থায় সম্ভবামি যুগে যুগে ॥ ৮ ॥

সেই সময় আপন ভক্তের পক্ষ লইবার জন্য আমি সাকার হইয়া অবতীর্ণ হই আর অজ্ঞান-রূপ অন্ধকার নাশ করিয়া ফেলি, অধর্ম্মের মূল উৎপাটন করিয়া ফেলি, পাপের চিহ্ন মুছিয়া ফেলি এবং সজ্জনগণের দ্বারা ধর্ম্মের পতাকা আবার উড়াইয়া দিই। দৈত্য কুলের নাশ করি, সাধুগণের

(ক) প্রাকৃত আকার রহিত। সাত্বত সম্প্রদায় সকলেই শ্রীভগবানের অপ্রাকৃত সচ্চিদানন্দঘন শ্রীবিগ্রহ স্বীকার করেন। সেই স্বরূপ প্রাকৃত হেয় অংশ বিবর্জ্জিত ও অপ্রাকৃত অনন্তগুণগণালঙ্কৃত। রামানুজ, মধ্ব, বল্লভ ও নিম্বার্ক সর্ব্ব সম্প্রদায় এই সম্বন্ধে একমত।

সম্মান প্রদান করি এবং ধর্ম্ম ও নীতির বিবাহ দিয়া দিই। যখন আমি অবিবেকের কজ্জল দূর করিবার জন্য বিবেকের দীপশিখা জ্বালাইয়া দিই তখন যোগিগণের নিমিত্ত নিরন্তর দেওয়ালীর মত উজ্জ্বলতা প্রকাশ হয়। বিশ্ব আত্ম-সুখে ভরিয়া যায়, সংসারে ধর্ম্ম জয়লাভ করে এবং বাহিরে ভিতরে সাত্ত্বিক ভাবের উদয় হয়। হে পাণ্ডুকুমার, যখন আমার মূর্ত্তি প্রকাশ হয়, তখন পাপের পাহাড় দূরে চলিয়া যায় আর পুণ্যের প্রভাত হয়। এইরূপ কার্য্যের জন্য আমি প্রতি যুগে অবতীর্ণ হই; সংসারে ইহা যে জানিয়া লয়, সে-ই জ্ঞানী ॥ ৮ ॥

জন্ম কর্ম্ম চ মে দিব্যমেবং যো বেত্তি তত্ত্বতঃ।
ত্যক্ত্বা দেহং পুনর্জ্জন্ম নৈতি মামেতি সোঽর্জ্জুন॥ ৯ ॥

যে নিঃসংশয় বুঝিয়া লয় যে, আমি জন্মরহিত হইয়াও জন্ম গ্রহণ করি, নিষ্ক্রিয় হইয়াও কর্ম্ম করি, সে-ই পরম মুক্ত। সে মনুষ্যদেহ সম্বন্ধে চলিলেও চলে না, দেহে থাকিয়াও দেহ-ভাবের বশীভূত হয় না এবং যখন পঞ্চত্ব প্রাপ্ত হয় তখনও আমরাই স্বরূপে আসিয়া মিলিত হয় ॥ ৯ ॥

বীতরাগভয়ক্রোধা মন্ময়া মামুপাশ্রিতাঃ।
বহবো জ্ঞানতপসা পূতামদ্ভাবমাগতাঃ ॥ ১০ ॥

যে পূর্ব্বাপর কোন কথার জন্য শোক করে না, যে কামনা শূন্য হইয়া যায়, এবং কোন সময় ক্রোধের পথে

চলে না, সর্ব্বদা আমার সহিত সম্পন্ন থাকে, আমারই সেবা করিবার জন্য জীবন ধারণ করে, অথবা যে নিরাকাঙ্ক্ষ হইয়া আত্মজ্ঞান দ্বারা সন্তুষ্ট হইয়া থাকে, যে তপস্যার তেজঃপুঞ্জ, অথবা জ্ঞানের একমাত্র আশ্রয়, এবং যে স্বয়ং তীর্থরূপ হইয়া অন্যতীর্থের পবিত্রতা বিধান করে, সেই মনুষ্য সহজেই আমার স্বরূপ লাভ করিয়া থাকে। সে আমার মতই হইয়া থাকে; কেন না, আমাতে ও তাহাতে কোন পার্থক্য থাকে না। বল দেখি, যখন পিতলের সম্পূর্ণ কলঙ্ক দূর হইয়া যায় তখন উহার সহিত সুবর্ণের কোন পার্থক্য থাকে? সেইরূপ যে যম নিয়ম পালন করিয়া তপস্যা করিতে থাকে সে আমার স্বরূপই লাভ করে। ইহাতে কিছুমাত্র সন্দেহ করিও না॥ ১০॥

যে যথা মাং প্রপদ্যন্তে তাং স্তথৈব ভজাম্যহম্।
মম বর্ত্মানুবর্ত্তন্তে মনুষ্যাঃ পার্থ সর্ব্বশঃ॥ ১১॥

আরও দেখ, আমার প্রতি যাহার যেরূপ প্রেম তাহার প্রতিও আমি তদনুরূপ প্রেমবান্। বস্তুতঃ সকল মনুষ্যই স্বভাবতঃ আমারই ভজন করে। তবে মানুষের জ্ঞানের অভাবেই অনিষ্ট হইয়া থাকে। জ্ঞানাভাবে তাহাদের বুদ্ধি ভেদযুক্ত হয়। এক আমাকে অনেকরূপে কল্পনা করে, ভেদরহিত আমাতে ভেদ দর্শন করে, নাম-রহিত আমাকে নাম দেয়; অনির্ব্বাচ্য আমাতে "দেব, দেবী" পদ ব্যবহার করে এবং যে আমি সর্ব্বত্র ও সর্ব্বদাই সমান, সেই আমাকে ভ্রান্তিময় বুদ্ধির বশে অধম ও উত্তম এই ভেদ করিয়া থাকে॥ ১১॥

কাঙ্ক্ষন্তঃ কর্ম্মণাং সিদ্ধিং যজন্ত ইহ দেবতাঃ।
ক্ষিপ্রং হি মানুষে লোকে সিদ্ধি র্ভবতি কর্ম্মজা ॥১২॥

আবার অনেক কামনা মনে রাখিয়া এবং যথাবিধি বিবিধ উপচার দিয়া তাহারা অনেক দেবতার উপাসনা করিয়া থাকে। এইরূপে তাহাদের অভিলষিত সম্পূর্ণ বিষয় লাভ করে। তবে বাস্তবপক্ষে ঐগুলিকে তাহাদের কর্ম্মফল বলিয়াই জানিবে; কর্ম্ম ভিন্ন ফল দাতা বা গ্রহীতা আর কেহ দ্বিতীয় নাই। মনুষ্য-লোকে কর্ম্মই একমাত্র ফলদাতা। ইহা সত্য বলিয়া জানিও ক্ষেত্রে যে বীজ বপন করা যায় উহা ভিন্ন অন্য জাতীয় শস্য উৎপন্ন হয় না, অথবা দর্পণের আধারে যে বস্তু দেখিতে ইচ্ছা উহাই দেখা যায়, অন্যবস্তু নয়, অথবা, হে কিরীটী, পর্ব্বত গুহায় যেরূপ আপন শব্দেরই প্রতিধ্বনি উঠিয়া থাকে, সেইরূপ এই সকল ভজনের আমিই সাক্ষীস্বরূপ, কিন্তু ইহাতে আপন আপন ভাবনাই ফলরূপ হইয়া থাকে ॥ ১২ ॥

চাতুর্ব্বর্ণ্যং ময়া সৃষ্টং গুণকর্ম্মবিভাগশঃ।
তস্য কর্ত্তারমপি মাং বিদ্ধ্যকর্ত্তারমব্যয়ম্ ॥১৩॥

এখন ইহা এই প্রকারে বুঝিয়া লও—চারি বর্ণ, গুণ ও কর্ম্মভেদে আমিই উৎপন্ন করিয়াছি। অর্থাৎ প্রকৃতির আধারে গুণের মিশ্রণ হয়, এবং সেই গুণের অনুসারে কর্ম্মের নিয়ম করা হয়। হে ধনুর্দ্ধর! অর্জ্জুন! এই জগতে সকলেই এক। তবে স্বভাবতঃ গুণ কর্ম্মের এরূপ প্রবন্ধ করা হইয়াছে

যে উহারা চারিবর্ণে বিভক্ত হইয়া গিয়াছে। এই জন্য, হে পার্থ! বর্ণভেদ সংস্থার কর্ত্তা আমি নই ॥ ১৩ ॥

ন মাং কর্ম্মাণি লিম্পন্তি ন মে কর্ম্মফলে স্পৃহা।
ইতি মাং যোঽভিজানাতি কর্ম্মভির্ন স বধ্যতে ॥১৪॥

যে এই প্রকার বুঝিয়া লয় যে, এই ভেদ আমার হেতুই উৎপন্ন হইয়াছে অথচ আমি উহা করি নাই, সে-ই কর্ম্ম হইতে মুক্ত হয় ॥ ১৪ ॥

এবং জ্ঞাত্বা কৃতং কর্ম্ম পূর্ব্বৈরপি মুমুক্ষুভিঃ।
কুরু কর্ম্মৈব তস্মাৎ ত্বং পূর্ব্বৈঃ পূর্ব্বতরং কৃতম্ ॥১৫॥

হে ধনুর্দ্ধর। পূর্ব্বে যে সকল মুমুক্ষু ছিল তাহারা আমাকে এই প্রকার জানিয়া সম্পূর্ণ কর্ম্ম করিয়াছে। যেরূপ ভর্জিত বীজ বপন করিলে উহাতে কখনও অঙ্কুর উদ্গম হয় না, সেইরূপ কর্ম্মও সেই মুমুক্ষুগণের নিমিত্ত বন্ধনের হেতু হয় না বরং মোক্ষের কারণ হয়। হে অর্জ্জুন! আমার আরও একটী কথা আছে জ্ঞানী লোকের কর্ম্মাকর্ম্ম বিচার নিজের ইচ্ছানুসারে করা উচিত নয় ॥ ১৫ ॥

কিং কর্ম্ম কিমকর্ম্মেতি কবয়োঽপ্যত্র মোহিতাঃ।
তত্তে কর্ম্ম প্রবক্ষ্যামি যজ্ জ্ঞাত্বা মোক্ষ্যসেঽশুভাৎ ॥১৬॥

যাহাকে কর্ম্ম বলে উহা কি? অথবা অকর্ম্মেরই বা লক্ষণ কি? এই কথার বিচার করিতে বিদ্বান্ লোকেরও

সংশয় যুক্ত হইতে হইয়াছে। যেরূপ নকল মুদ্রা আসলের মতই দেখায় বলিয়া নেত্রের দর্শন ব্যাপারকেও সংশয় যুক্ত করিয়া দেয়, সেইরূপ যে সঙ্কল্প মাত্র নতুন সৃষ্টি রচনা করিতে পারে, সেও 'আমি নিষ্কর্ম্ম' এরূপ ভ্রমে কর্ম্ম-বন্ধনগ্রস্ত হয়। এই বিষয়ে জ্ঞানীলোকও মোহপ্রাপ্ত হইয়াছেন, মূর্খের আর কথা কি ? ॥ ১৬ ॥

কর্ম্মণো হ্যপি বোদ্ধব্যং বোদ্ধব্যঞ্চ বিকর্ম্মণঃ।
অকর্ম্মণশ্চ বোদ্ধব্যং গহনা কর্ম্মণো গতিঃ ॥ ১৭ ॥

যাহা হইতে স্বভাবতঃ বিশ্বের আকার প্রকাশিত হয় উহাকেই কর্ম্ম বলে। সংসারে প্রথমতঃ উহাকেই লাভ করিয়া বুঝিয়া লইতে হইবে। পরে বর্ণাশ্রমের উচিত এবং বিশেষ বিহিত কর্ম্ম নিশ্চয় করিয়া ঐগুলির প্রয়োজনীয়তার সহিত বুঝিয়া লইতে হইবে। পরে যাহাকে নিষিদ্ধ কর্ম্ম বলে তাহার স্বরূপও জানিতে হইবে। ইহাতে আপনা আপনিই চিত্ত আর কোথাও লিপ্ত হইবে না। সকল সংসারই কর্ম্মের অধীন। এতখানি দুরূহ ইহার ব্যাপকতা। সে কথা থাকুক্, এখন যুক্ত পুরুষের লক্ষণ শোন ॥ ১৭ ॥

কর্ম্মণ্যকর্ম্ম যঃ পশ্যেদকর্ম্মণি চ কর্ম্ম যঃ।
স বুদ্ধিমান্ মনুষ্যেষু স যুক্তঃ কৃৎস্নকর্ম্মকৃৎ ॥ ১৮ ॥

যে কর্ম্মে লিপ্ত থাকিয়াও নিজেকে নিষ্কর্ম্ম বলিয়া জানে এবং কর্ম্মের সঙ্গ হইলেও ফলের আশা রাখে না, আরও

কর্ত্তব্য ভিন্ন সংসারে আর দ্বিতীয় বস্তু নাই এরূপ নৈষ্কর্ম্ম্য জ্ঞানের সহিত যে যুক্ত হইয়াছে, তথাপি সকল কর্ম্মে নিপুণ ও ক্রিয়াবান বলিয়া যাহাকে দেখা যায়, তাহাকে এই লক্ষণ দ্বারা জ্ঞানী বলিয়া জানিবে। জলের কিনারায় দাঁড়াইয়া জলে আপন প্রতিবিম্ব দেখিলে মানুষ নিশ্চয় চিনিতে পারে ও বলিতে পারে যে, এই প্রতিবিম্ব হইতে আমি পৃথক্। গতিশীল নৌকার আরোহী তীরস্থিত বৃক্ষগুলিকে বেগে ধাবিত হইতে দেখিলেও সত্য-দ্রষ্টা অবশ্যই বলিবে যে, বৃক্ষগুলি অচল ; সেইরূপ কর্ম্মের আচরণ সকলই অসত্য বুঝিয়া সে নিজেকে নিষ্কর্ম্ম বুঝিতে পারে। সূর্য্য স্থির থাকিলেও উদয় ও অস্ত কালে গতিমান্ বলিয়া দৃষ্টি গোচর হয় সেইরূপ যে কর্ম্ম করিয়াও নৈষ্কর্ম্ম্যের তত্ত্ব জানে অন্য লোকের সমান দেখাইলেও সূর্য্যের বিম্ব যেরূপ জলে ডুবে না, সেইরূপ মনুষ্যত্বের দোষ গুণে সে লিপ্ত হয় না। সে চক্ষু মেলিয়া না দেখিলেও সকল বিশ্ব দেখিয়া লইয়াছে—কিছু না করিয়া থাকিলেও সকলই করিয়া শেষ করিয়াছে— আর কিছু ভোগ না করিলেও তাহার সকল ভোগ্য বস্তুর ভোগ হইয়া গিয়াছে ; সে যদিও একস্থানে বসিয়া থাকুক্, সে সর্ব্বত্রই আছে। অধিক বলিব কি, সে স্বয়ং বিশ্ব হইয়া গিয়াছে ॥ ১৮ ॥

যস্য সর্ব্বে সমারম্ভাঃ কামসঙ্কল্পবর্জ্জিতাঃ
জ্ঞানাগ্নি দগ্ধকর্ম্মাণং তমাহুঃ পণ্ডিতং বুধাঃ ॥১৯॥

কর্ম্মবিষয়ে যে ব্যক্তির কিছু খেদ নাই ফলের অপেক্ষাও

যাহার মনে ক্ষণেকের জন্য উৎপন্ন হয় না ; আমি এই কর্ম্ম করিব বা এই আরব্ধ কর্ম্ম আমি পূর্ণ করিব এইরূপ সংকল্প যাহাকে দূষিত করিতে পারে না ; যে জ্ঞানরূপ অগ্নিশিখায় অশেষ কর্ম্ম জ্বালাইয়া দিয়াছে—তাহাকে মনুষ্য-বেশধারী পরব্রহ্মই বুঝিবে ॥ ১৯ ॥

ত্যক্ত্বা কর্ম্মফলাসঙ্গং নিত্যতৃপ্তো নিরাশ্রয়ঃ।
কর্ম্মণ্যভিপ্রবৃত্তোঽপি নৈব কিঞ্চিৎ করোতি সঃ ॥ ২০ ॥

দেহ সম্বন্ধে যে উদাসীন, ফলভোগ বিষয়ে নিরাশ এবং সর্ব্বদা আনন্দে থাকে, হে ধনুর্দ্ধর, সে সন্তোষরূপ মধ্যগৃহে ভোজন করিবার সময় আত্মজ্ঞান স্বরূপ পরিবেশন যতই হউক তাহাতে অতৃপ্ত হয় না ॥ ২০ ॥

নিরাশীর্যতচিত্তাত্মা ত্যক্ত সর্ব্বপরিগ্রহঃ।
শারীরং কেবলং কর্ম্ম কুর্ব্বন্নাপ্নোতি কিল্বিষম্ ॥২১॥
যদৃচ্ছালাভসন্তুষ্টো দ্বন্দ্বাতীতো বিমৎসরঃ।
সমঃ সিদ্ধাবসিদ্ধৌ চ কৃত্বাপি ন নিবধ্যতে ॥ ২২ ॥

সাহঙ্কার আশা ত্যাগ করিয়া যে অধিক অধিক প্রেমে মহাসুখের মাধুরী আস্বাদন করে, অতএব যথাবসরে প্রাপ্ত বস্তুদ্বারাই যে সুখী থাকে, যাহার আপন পর ভেদ-জ্ঞান নাই, সেই মানুষ যাহা দেখে ও যাহা শোনে সকলই আত্ম স্বরূপ হইয়া যায়। চরণে চলা, মুখে বলা ইত্যাদি যত কর্ম্ম আছে

সকল নিজেই হইয়া যায়, বিশেষ আর কি, সংসার ভরিয়া, দেখিলে বুঝা যায়, আত্মতত্ত্ব ভিন্ন তাহার নিকট আর কিছুই নাই, তবে কর্ম্ম আর কোথা হইতে আসিবে আর উহাতে তাহার বাধাই বা কিরূপে জন্মিবে। দ্বৈতভাব, যাহা হইতে মৎসর-ভাব উৎপন্ন হয়, উহা যদি না থাকিতে পারিল তবে আর সেই মানুষের নির্মৎসর হইবার পথে কি সন্দেহ থাকে? অতএব নিঃসন্দেহ সেই মানুষ মুক্ত, সকর্ম্ম হইলেও কর্ম্ম রহিত এবং সগুণ হইলেও গুণাতীত॥ ২১। ২২॥

গতসঙ্গস্য মুক্তস্য জ্ঞানাবস্থিতচেতসঃ।
যজ্ঞায়াচরতঃ কর্ম্ম সমগ্রং প্রবিলীয়তে॥ ২৩॥

সে দেহ সঙ্গে থাকিলেও ব্রহ্মস্বরূপের সাম্য লাভ করিয়াছে জানিতে হইবে এবং পরব্রহ্মের নিকষ পাথর আনিয়া তাহাব পরীক্ষা করিয়া দেখিলে তাহাকে অত্যন্ত শুদ্ধ বলিয়াই দেখা যাইবে। ইহার পরেও যদি সে কৌতূহলে যজ্ঞাদি কর্ম্ম করে তবে সমগ্র কর্ম্ম তাহাতেই লয় হইয়া যাইবে। অকালে মেঘের উদয় হইলে উহা যেরূপ বর্ষণ না করিয়া উৎপন্ন হওয়ার সঙ্গে সঙ্গেই আকাশে লুকাইয়া যায়—সেই মনুষ্য যজ্ঞাদি বিহিত কর্ম্ম করিলেও সেইরূপ উহাতে দ্বৈতভাব থাকে না বলিয়া উহা লয় পায়॥ ২৩॥

ব্রহ্মার্পণং ব্রহ্ম হবির্ব্রহ্মাগ্নৌ ব্রহ্মণা হুতম্।
ব্রহ্মৈব তেন গন্তব্যং ব্রহ্মকর্ম্মসমাধিনা ॥ ২৪ ॥

তাহার বুদ্ধিতে ইহা যজ্ঞ, আমি যজ্ঞকর্ত্তা, এই যজ্ঞে ইনি ভোক্তা এইরূপ ভেদ ভাব থাকে না। ইষ্ট যজ্ঞের যজন, মন্ত্র এবং যজ্ঞানুষ্ঠানের দ্রব্য উহাদের সকলকেই সে আত্মস্বরূপ অবিনাশি বলিয়া জানে। এই হেতু, হে ধনুর্দ্ধর, যাহার "ব্রহ্ম ও কর্ম্মে ভেদ নাই" এরূপ বুদ্ধি হইয়া গিয়াছে, সে কর্ত্তব্য করিয়াও নিষ্কর্ম্মা ॥ ২৪ ॥

দৈবমেবাপরে যজ্ঞং যোগিনঃ পর্য্যুপাসতে
ব্রহ্মাগ্নাবপরে যজ্ঞং যজ্ঞেনৈবোপজুহ্বতি ॥ ২৫ ॥

এখন যাহার অবিবেকরূপ বাল্যাবস্থা কাটিয়া গিয়াছে, বিরক্তির সহিত পরিণয় হইয়া গিয়াছে এবং যে যোগাগ্নির পূজা আরম্ভ করিয়াছে ; যে দিন রাত্র যজ্ঞ করিয়া থাকে, মনের সহিত অবিদ্যাকে গুরুবাক্য হোমাগ্নিতে আহুতি প্রদান করিয়াছে, হে পাণ্ডুকুমার, এইরূপ যোগাগ্নিতে যাজ্ঞী হইয়া যে যজ্ঞ করা হয়, উহাকেই দৈব-যজ্ঞ বলা যায়। ইহা হইতে আত্মসুখের কামনা পূরণ হয়। প্রাক্তন কর্ম্ম ফলেই দেহের পালন হইবে এই বুদ্ধিতে যে দেহের ভরণ পোষণ করে না তাহাকে দৈব-যোগী হইতে মহাযোগী বলিয়া জানিবে। অনন্তর শোন, যে যজ্ঞ-কর্ম্ম দ্বারা পরমাত্মার উপাসনা করিয়া থাকে এরূপ আরও এক ব্রহ্মাগ্নিহোত্রীর কথা বর্ণন করি ॥ ২৫ ॥

শ্রোত্রাদীনীন্দ্রিয়াণ্যন্যে সংযমাগ্নিষু জুহ্বতি।
শব্দাদীন্ বিষয়ানন্য ইন্দ্রিয়াগ্নিষু জুহ্বতি ॥২৬॥

কেহ কেহ আত্ম-সংযমরূপ অগ্নির হবনকারী। ইহারা কায়িক, বাচিক ও মানসিক যুক্তিত্রয়কে মন্ত্রদ্বারা ও ইন্দ্রিয়রূপ পবিত্র দ্রব্য প্রক্ষিত করিয়া হোম করিয়া থাকে। কেহ বৈরাগ্য-রূপ সূর্য্যের উদয় হওয়া মাত্র সংযমরূপ যজ্ঞকুণ্ড নির্ম্মাণ করিয়া উহাতে ইন্দ্রিয়রূপ অগ্নি প্রজ্বলিত করে। উহা হইতে বৈরাগ্য-রূপ অগ্নিজ্বালা—শিখা প্রকাশিত হইলে ইন্দ্রিয়বিকার ইন্ধন জ্বলিলে এবং পঞ্চ জ্ঞানেন্দ্রিয়ের অগ্নিকুণ্ড হইতে আশা-ধূম নির্গত হইলে ইন্দ্রিয়াগ্নিকুণ্ডে সাধক বেদবিহিত বাক্যের কৌশলের সহিত বিষয়ের পূর্ণাহুতি দ্বারা হবন করে।২৬॥

সর্ব্বাণীন্দ্রিয়কর্ম্মাণি প্রাণ কর্ম্মাণি চাপরে।
আত্মসংযমযোগাগ্নৌ জুহ্বতি জ্ঞানদীপিতে ॥২৭॥

হে পার্থ, কেহ এই প্রকারে সর্ব্বথা পাপের শোধন করিয়া থাকে। হৃদয়রূপ অরণির উপর বিবেকরূপ মথন-দণ্ড রাখিয়া উহাতে শান্তির ডোরি বাঁধিয়া ধৈর্য্যের শক্তিদ্বারা উহাকে স্থাপন করিয়া গুরুবাক্যের সহায়ে উহাকে বেগে ঘুরাইয়া থাকে। এই প্রকারে বৃত্তিগণের একতা যোগে মথন করিলেই কার্য্য উৎপন্ন হয় অর্থাৎ জ্ঞানাগ্নি জ্বলিয়া উঠে। প্রথমতঃ ঋদ্ধি সিদ্ধির মোহরূপ যে ধূম উদ্গীরণ হয় উহা চলিয়া গেলে সূক্ষ্ম স্ফুলিঙ্গ উৎপন্ন হইতে থাকে।

উহাতে প্রথমেই যম-নিয়মের অনুষ্ঠান দ্বারা মদের বৃত্তি নির্দ্দোষ হইয়া অগ্নি উজ্জ্বল হইয়া উঠিতেই শিখাবিশেষ প্রদীপ্ত হইয়া উঠে। বহু বাসনারূপ-সমিধ বিবিধ প্রকার মোহরূপ ঘৃতসিক্ত করিয়া সেই অগ্নিতে জ্বালাইয়া **সোহং** মন্ত্রে দীক্ষিত সাধক প্রদীপ্ত জ্ঞানানলে ইন্দ্রিয়ের কর্ম্মগুলিকে আহুতি প্রদান করে। প্রাণকর্ম্মের শ্রুব-যজ্ঞীয় হাতাদ্বারা অগ্নিতে পূর্ণাহুতি প্রদান করিলে ঐক্যবোধরূপ অবভৃথ স্নান * অনায়াসে সম্পন্ন হইয়া থাকে। আবার সংযমাগ্নিতে ইন্দ্রিয়দ্রব্যের হবন করিয়া যে আত্মসুখ বাকী থাকে সেই যজ্ঞাবশিষ্ট অমৃত সে ভোগ করে। কেহ এই রীতিতে যজ্ঞ করিয়া ত্রিভুবনে মুক্ত হয়, অতএব যজ্ঞক্রিয়া বিবিধ থাকিলেও উহাদের পরিণামে প্রাপ্য এক প্রকারই। ২৭॥

দ্রব্যযজ্ঞাস্তপোযজ্ঞা যোগযজ্ঞাস্তথা পরে।
স্বাধ্যায় জ্ঞানযজ্ঞাশ্চ যতয়ঃ সংশিতব্রতাঃ॥ ২৮॥

যে যজ্ঞের কথা বলিলাম উহার মধ্যে একটীকে দ্রব্যযজ্ঞ বলে। একটী তপস্যার সামগ্রীদ্বারা সম্পাদন করা হয়। একটীকে যোগযজ্ঞ বলা হয়। একটীতে শব্দ দ্বারা শব্দের হোম করা হয় তাহাকে বাগ্‌যজ্ঞ বলা হয়; যাহাতে জ্ঞান দ্বারা জ্ঞেয় বস্তুর লাভ হয় উহাকে জ্ঞান-যজ্ঞ বলা হয়। হে অর্জ্জুন, এই সকল যজ্ঞ বিকট কেননা ইহাদের অনুষ্ঠান বড়ই

* অশ্বমেধাদি যজ্ঞের পূর্ণাহুতি প্রদানের পর শেষ স্নান অবভৃথ নামে প্রসিদ্ধ।

কঠিন। তবে জিতেন্দ্রিয় ব্যক্তিগণ আপন যোগ্যতার বশে উহাদের সাধন করিতে পারে। যোগসমৃদ্ধিদ্বারা সুসম্পন্ন পুরুষ যজ্ঞ ব্যাপারে প্রবীণ কারণ সে আপন জীবাত্মাকে পরমাত্মার নিকটে আহুতি দিয়াছে। ২৮ ॥

অপানে জুহ্বতি প্রাণং প্রাণেঽপানং তথাপরে।
প্রাণাপানগতী রুদ্ধ্বা প্রাণায়ামপরায়ণাঃ ॥ ২৯ ॥

কেহ অপানবায়ুরূপ অগ্নিশিখায় অভ্যাস যোগদ্বারা প্রাণবায়ু-রূপ দ্রব্যের হবন করে, কেহ কেহ প্রাণবায়ুর মধ্যে অপান অর্পণ করে এবং কেহ বা দুই বায়ুকেই নিরোধ করিয়া থাকে। হে পাণ্ডুকুমার, ইহাকে প্রাণায়ামী বলা হইয়া থাকে। ২৯ ॥

অপরে নিয়তাহারাঃ প্রাণান্ প্রাণেষু জুহ্বতি।
সর্ব্বেঽপ্যেতে যজ্ঞবিদো যজ্ঞক্ষপিতকল্মষাঃ ॥ ৩০ ॥

মোক্ষের কামনা করিয়া কেহ বজ্রযোগক্রমে (হঠযোগ) সর্ব্বপ্রকার বিষয় ভোগ সংযম দ্বারা প্রাণাগ্নিতে প্রাণবায়ু হবন করিয়া থাকে। যাহারা যজ্ঞদ্বারা মনের মলশুদ্ধি করে এই প্রকার সকলেই যজনশীল, সকল অজ্ঞান জ্বলিয়া গেলে স্বভাবতঃ যে বস্তু নিজের স্বরূপে থাকে, যে অবস্থায় অগ্নি ও হোতা দুইএর ভেদ থাকে না, যেখানে যজন করিবার কামনা ও ক্রিয়াসকল পূর্ণ হইয়া যায়—বিচারবুদ্ধি প্রবেশ করিতে পারে না, কামনা যাহাকে স্পর্শ করিতে পারে না এবং যে দ্বৈতদোষের সঙ্গদ্বারা লিপ্তও হয় না ॥ ৩০ ॥

যজ্ঞশিষ্টামৃতভুজো যান্তি ব্রহ্ম সনাতনম্ ।
নায়ং লোকোঽস্ত্যযজ্ঞস্য কুতোঽন্যঃ কুরুসত্তম ॥ ৩১ ॥

এইরূপ অনাদিসিদ্ধ শুদ্ধ ও যজ্ঞের শেষ ফল যে জ্ঞান উহাকে ব্রহ্মনিষ্ঠ ব্যক্তি **'অহং ব্রহ্মাস্মি'** এই মন্ত্রদ্বারা সেবন করে। সে এই যজ্ঞশেষামৃত ভোগ করিয়া তৃপ্ত হইয়া যায়,—অমরতা লাভ করিয়া থাকে অতএব সে অনায়াসে ব্রহ্মভাবই প্রাপ্ত হয়। যাহাদের সংযমাগ্নির সেবা ঘটিয়া উঠে নাই, তাহারা বৈরাগ্যের জয়মাল্যও লাভ করে নাই। যে যাবজ্জীবন যোগ-যাগও করে নাই তাহার ইহলোকে সুখ থাকে না, পরলোকের সুখের কথা আবার কি বলিব? হে পাণ্ডুকুমার, তাহার কথা ছাড়িয়া দাও। ৩১ ॥

এবং বহুবিধা যজ্ঞা বিততা ব্রহ্মণো মুখে ।
কর্ম্মজান্ বিদ্ধি তান্ সর্ব্বানেবং জ্ঞাত্বা বিমোক্ষ্যসে ॥ ৩২ ॥

এইরূপ অনেক প্রকার যজ্ঞের কথা যাহা আমি তোমাকে বলিলাম, উহা বেদে সুন্দর বিস্তার করিয়া বর্ণনা আছে। সেই বিস্তারে কি করিবে? এইটুকু বুঝিয়া লও যে যজ্ঞ কর্ম্মদ্বারা সিদ্ধ হয়। এইরূপ জানিলে কর্ম্ম বন্ধন করিতে পারে না। ৩২ ॥

শ্রেয়ান্ দ্রব্যময়াদ্ যজ্ঞাজ্ জ্ঞানযজ্ঞঃ পরন্তপ ।
সর্ব্বং কর্ম্মাখিলং পার্থ জ্ঞানে পরিসমাপ্যতে ॥৩৩॥

হে অর্জ্জুন, বেদ যাহার মূল, যাহা বাহ্যক্রিয়া প্রধান,

যাহার অপূর্ব্ব ফল স্বর্গসুখ, উহাই বাস্তবিক দ্রব্যযজ্ঞ। তবে জ্ঞানযজ্ঞের সমীপে দ্রব্যাদি যজ্ঞের অবস্থা সূর্য্যের সম্মুখে নক্ষত্রের প্রকাশ সম্পত্তি যেরূপ লোপ পায় সেইরূপ হইয়া থাকে। দেখ পরমাত্মসুখের নিধি লাভ করিবার জন্য যোগী যাহার অঞ্জন নয়নে লাগানো ছাড়ে না, যাহা ক্রিয়মান কর্ম্মের প্রাপ্তব্য বিষয়, নৈষ্কর্ম্ম্যবোধের খনি ; আত্মস্বরূপ বুভুক্ষের সাধনালব্ধ তৃপ্তি, যেখানে কর্ম্মের ইচ্ছা শেষ হইয়া যায়, তর্কের চক্ষু বন্ধ হইয়া যায়, যাহার সঙ্গে ইন্দ্রিয়গণ বিষয় সঙ্গ ভুলিয়া যায়, মনের মনত্ব চলিয়া যায়, যেখানে বাক্যের বাক্যত্ব থাকে না, জ্ঞেয় ব্রহ্মবস্তু যাহার মধ্যে দৃষ্টিগোচর হয়, যেখানে বৈরাগ্যের দারিদ্র্য ছুটিয়া যায়, বিবেকের উৎকণ্ঠা মিটিয়া যায়, যেখানে না খুঁজিতেও আত্মতত্ত্ব সহজেই মিলিয়া যায়। ৩৩ ॥

তদ্‌বিদ্ধি প্রণিপাতেন পরিপ্রশ্নেন সেবয়া।
উপদেক্ষ্যন্তি তে জ্ঞানং জ্ঞানিনস্তত্ত্বদর্শিনঃ ॥ ৩৪ ॥

সেই উত্তম জ্ঞান যদি তোমার লাভ করিতে ইচ্ছা হয় তবে নানাপ্রকারে সাধুগণের সেবা কর। কেননা জ্ঞানরূপ গৃহের দেহলী এই সেবা। এই সেবা করিয়া এই জ্ঞানকে নিজের অধীন কর। শরীর, মন, আত্মার দ্বারা সাধুগণের চরণে লাগিয়া থাক এবং অভিমান রহিত হইয়া সর্ব্বভাবে

তাঁহাদের সেবা কর। তখন আপন অভিলষিত বিষয়ের প্রশ্ন করিলে তাঁহারা উপদেশ করিবেন। সেই উপদেশে প্রবুদ্ধ অন্তঃকরণে আর সঙ্কল্প উৎপন্ন হইবে না।৩৪॥

যজ্‌জ্ঞাত্বা ন পুনর্মোহমেবং যাস্যসি পাণ্ডব।
যেন ভূতান্যশেষেণ দ্রক্ষ্যস্যাত্মন্যথো ময়ি॥ ৩৫॥

আর তাঁহাদের বাক্যরূপ আলোকে চিত্ত নির্ভয় হইয়া নিঃসংশয় ব্রহ্মপ্রাপ্তির যোগ্যতা লাভ করিয়া লইবে। সেই সময় তুমি নিজের সহিত এই সকল জগৎ নিরন্তর আমার স্বরূপের মধ্যে দেখিতে পাইবে। হে পার্থ, যখন শ্রীগুরুর কৃপা হয় তখন জ্ঞানের উষার প্রকাশ হয় এবং মোহরূপ অন্ধকার নষ্ট হইয়া যায়। ৩৫॥

অপি চেদসি পাপেভ্যঃ সর্ব্বেভ্যঃ পাপকৃত্তমঃ।
সর্ব্বং জ্ঞানপ্লবেনৈব বৃজিনং সন্তরিষ্যসি॥ ৩৬॥

তুমি যদিও পাপের খনি হও, মোহের সমুদ্র হও এবং বিকৃতির পর্ব্বত হও তথাপি জ্ঞানশক্তির সমীপে উহার শক্তি অতি অল্প। এই জ্ঞানের এইরূপ উত্তম সামর্থ্য আছে। দেখ, বিশ্বাভাসরূপ মহামায়া যে পরব্রহ্মের জ্ঞানালোকের সূক্ষ্ম কিরণ প্রকাশে সমূলে বিনষ্ট হইয়া যায়, তাহার নিকট তুচ্ছ তোমার ব্যক্তিগত অজ্ঞানের কথা আর কোথায় লাগে? উহার কথা উত্থাপন করাই অযুক্ত। সংসারে জ্ঞানের সমান বৃহৎ বস্তু আর কিছুই নাই। ৩৬॥

যথৈধাংসি সমিদ্ধোঽগ্নির্ভস্মসাৎ কুরুতেঽর্জ্জুন।
জ্ঞানাগ্নিঃ সর্ব্ব কর্ম্মাণি ভস্মসাৎ কুরুতে তথা ॥ ৩৭ ॥

বল দেখি, প্রলয় কালের যে পবন ত্রিভুবনকে আকাশে ধূলার মত উড়াইয়া দেয় তাহার নিকটে মেঘখণ্ড কি কখনও থাকিতে পারে? পবনের কোপের সহায়তায় জলকেও জ্বালাইয়া ফেলে এরূপ প্রলয় কালের অগ্নিকে তৃণ ও কাষ্ঠ নির্ব্বাপিত করিতে পারে?

ন হি জ্ঞানেন সদৃশং পবিত্রমিহ বিদ্যতে।
তৎ স্বয়ং যোগসংসিদ্ধঃ কালেনাত্মনি বিন্দতি ॥ ৩৮ ॥

অধিক বলিবার প্রয়োজন নাই, উহা হইতেই পারে না, উহা অসঙ্গত। জ্ঞানের সমান কোনও পবিত্র বস্তু নাই। এই সংসারে জ্ঞানই একমাত্র উত্তম বস্তু। চৈতন্যের ন্যায় যেরূপ দ্বিতীয় বস্তু নাই সেইরূপ জ্ঞানের মত দ্বিতীয় বস্তুই বাকোথায় আছে? যদি সূর্য্যের কিরণরূপ নিকষ পাথরের পরীক্ষায় প্রতিবিম্ব উজ্জ্বলতর দেখায়, যদি আকাশকে গ্রাস করিতে চাহিলে গ্রাস করা যায়, পৃথিবীকে পরিমাপ করা যায়, হে পাণ্ডুকুমার, তবেই জ্ঞানের উপমা মিলিতে পারে। অতএব ভাল করিয়া দেখিলে এবং বারম্বার বিচার করিলে এই বলিতে হয় যে, জ্ঞানের পবিত্রতার তুলনা জ্ঞানেই আছে। অমৃতের আস্বাদ ব্যাখ্যা করিতে হইলে অমৃতের মতই বলিতে হয়, সেইরূপ

জ্ঞানের উপমা জ্ঞানই হইতে পারে। এখন ইহার পর আর যাহা কিছু বলা সব বৃথা সময় নষ্ট করা মাত্র। তখন অর্জ্জুন বলিলেন আপনি যাহা বলিলেন সব সত্য। তবে সেই জ্ঞান কিরূপে জানা যায়, এরূপ প্রশ্ন করিবার জন্য অর্জ্জুন ইচ্ছুক, শ্রীকৃষ্ণ উহা বুঝিয়া লইলেন এবং পুনরায় বলিলেন,—হে কিরীটী, এখন আমি তোমাকে জ্ঞান লাভের উপায় বলিতেছি, এই বিষয় অবধান কর ॥ ৩৮ ॥

শ্রদ্ধাবাঁল্লভতে জ্ঞানং তৎপরঃ সংযতেন্দ্রিয়ঃ।
জ্ঞানং লব্ধ্বা পরাং শান্তিমচিরেণাধিগচ্ছতি ॥ ৩৯ ॥

যাহার আত্মসুখের আস্বাদন লাভের আকাঙ্ক্ষায় সম্পূর্ণ বিষয় বাসনা ছুটিয়া গিয়াছে, যাহার সমীপে ইন্দ্রিয়গণের প্রভাব দুর্ব্বল হইয়া গিয়াছে, যে মনে কোন কামনাকে স্থান দেয় না, যে প্রকৃতির কর্ম্মকে আপন কর্ম্ম বলিয়া অনুভব করে না এবং যে শ্রদ্ধার সম্ভোগে সন্তুষ্ট-চিত্ত হইয়াছে, যাহাতে পরিপূর্ণ শান্তি ভরিয়া আছে সেই ব্যক্তি নিশ্চয়ই খুঁজিতে খুঁজিতে জ্ঞানের সন্ধান লাভ করিয়া থাকে। সেই জ্ঞান যখন হৃদয়ে স্থির হয় এবং শান্তির অঙ্কুর উদ্গম হয় তখন আত্মবোধের বিস্তার প্রকাশিত হয়। যে দিকে দৃষ্টি যায় সে দিকই শান্তিময় দৃষ্ট হয় এবং বিচারে আপন পর বুদ্ধি থাকে না। এই প্রকারে এই জ্ঞান-বীজের যতই কেন বর্ণনা করা যাউক না উহা অতি অল্প বলিয়াই প্রতীতি হয়। অতএব উহা থাকুক্ ॥ ৩৯ ॥

অজ্ঞশ্চাশ্রদ্দধানশ্চ সংশয়াত্মা বিনশ্যতি।
নায়ং লোকোঽস্তি ন পরো ন সুখং সংশয়াত্মনঃ ॥৪০॥

শোন, এই জ্ঞানে যাহার রুচি নাই তাহার জীবনকে কি বলা যায়? উহা হইতে মরণই ভাল। শূন্যগৃহ অথবা, প্রাণ-রহিত শরীরের তুলনা জ্ঞানহীন মোহযুক্ত জীবন। নিশ্চয়রূপে জ্ঞানলাভ না হউক জ্ঞানলাভের ইচ্ছা হইলেও কিছু লাভের সম্ভাবনা থাকে। জ্ঞানের কথা দূরে থাকুক্, মনে বিশ্বাসহীন মনুষ্যকে সংশয়রূপ অগ্নিতে পড়িয়া আছে বলিয়া জানিবে। কেননা যখন এরূপ অরুচি হয় যে, অমৃতও ভাল লাগে না তখন বুঝা যায় যে নিশ্চয়ই মৃত্যু আসিতেছে। সেইরূপ নিঃসন্দেহে জানিও যে বিষয়ের সুখে সুখী, জ্ঞানের বিষয়ে অসাবধান, সে সংশয়ের বশীভূত। আর একবার যদি সংশয়ে পড়িয়া যায় তবে নিশ্চয়ই বিনাশ প্রাপ্ত হয়। ইহলোক ও পরলোকের সুখ সম্বন্ধে যে আচমন করিয়া—হাত তুলিয়া বসিয়াছে, যাহার শরীরে কাল-জ্বর ভরিয়া গিয়াছে, তাহার যেরূপ শীত এবং উষ্ণের বোধ থাকে না, অগ্নি এবং চাঁদ্নী সমান বোধ হয়, সেইরূপ সংশয়ে ব্যাকুল-চিত্ত সত্য ও অসত্য, অনুকূল ও প্রতিকূল, ভাল ও মন্দ বুঝিতে পারে না। জন্মান্ধ ব্যক্তি যেরূপ রাত্রি ও দিবা জানিতে পারে না সেইরূপ সংশয়ে থাকিলে কিছুই জানিতে পারে না। ॥ ৪০ ॥

যোগসংন্যস্তকর্ম্মাণং জ্ঞানসংছিন্নসংশয়ম্ ।
আত্মবন্তং ন কর্ম্মাণি নিবধ্নন্তি ধনঞ্জয় ॥ ৪১ ॥

সংশয় হইতে আর বড় কোন ঘোর পাপ নাই, প্রাণিগণের বিনাশের নিমিত্ত এই ফাঁদ পাতা আছে ; অতএব ইহাকে ত্যাগ করিতে হইবে। ইহা জ্ঞানের অভাবে থাকে। প্রথমতঃ ইহাকেই পরাজিত করিতে হইবে। যখন অজ্ঞানে অন্ধকার হইয়া যায় তখন মনে এই সংশয়ের অত্যন্ত বৃদ্ধি হয়। এই জন্য ইহা হইতে শ্রদ্ধার পথ অবরুদ্ধ হইয়া যায় শুধু হৃদয়ে ইহার স্থান কুলায় না, বুদ্ধিকে পর্য্যন্ত খুঁজিয়া লইয়া গ্রাস করিয়া ফেলে। অতএব ইহা হইতে ত্রিলোকই সংশয়াত্মক বলিয়া দৃষ্টিগোচর হয় ॥ ৪১ ॥

তস্মাদজ্ঞানসম্ভূতং হৃৎস্থং জ্ঞানাসিনাত্মনঃ ।
ছিত্ত্বৈনং সংশয়ং যোগমাতিষ্ঠোত্তিষ্ঠ ভারত ॥ ৪২ ॥

যদিও এই সংশয় এত বড় তথাপি এক উপায়ে ইহাকে বশে আনয়ন করা যায়। যদি হাতে জ্ঞানের খড়্গ থাকে তবে সেই তীক্ষ্ণ জ্ঞানাসি দ্বারা ইহাকে নিঃশেষরূপে বিনাশ করা যায় এবং মনের দুঃখও মিটিয়া যায়। অতএব, হে পার্থ, আপন হৃদয়ের সংশয় বিনাশ করিয়া উঠ, শীঘ্র দাঁড়াও।

সঞ্জয় কহিলেন,—হে রাজন্, শুনুন সর্ব্বজ্ঞনাথ জ্ঞানদীপ কৃপালু শ্রীকৃষ্ণ এইরূপ বলিলেন। তখন এই কথা পূর্ব্বাপর বিচার করিয়া পাণ্ডুপুত্র অর্জ্জুন সময়োচিত যে প্রশ্ন

করিবে, সেই কথার সঙ্গতি, ভাবের সম্পত্তি, রসের মাধুর্য্য, পরে বর্ণনা করা হইবে, উহার উৎকর্ষের কাছে আটটী রসের আস্বাদনও তুচ্ছ। উহা সংসারের মধ্যে সজ্জনগণের বুদ্ধির বিশ্রাম স্থল। এখন প্রাকৃত ভাষায় সেই কথা শুনুন, যাহা হইতে শান্তরস প্রকাশ হইবে—যাহা সমুদ্র হইতেও অগাধ এবং তাৎপর্য্যপূর্ণ। সূর্য্যের বিম্ব ক্ষুদ্র দেখাইলেও প্রকাশ অংশে উহার নিকট ত্রিভুবনও অতি অল্প, সেই প্রকার এই শব্দার্থের ব্যাপকতা অনুভব করিয়া লইবেন। অথবা কল্পবৃক্ষ যেরূপ কামী-জনের ইচ্ছানুরূপ ফল প্রদান করে সেইরূপ এই বাণী ব্যাপক অতএব ইহাতে মনোযোগ প্রদান করুন।

কি আর বলিব, আপনারা সর্ব্বজ্ঞ, স্বভাবতঃই সকল তত্ত্ব জানেন, তথাপি আমার মিনতি, ভাল করিয়া এই বিষয়ে চিত্ত দিবেন। যেরূপ কোনও কুলবতী স্ত্রী সৌন্দর্য্যবতী, পতিব্রতা ও বহু গুণশালিনী হইলে হয়, সেইরূপ এই কথায় বাণীর লালিত্য, অলঙ্কার ও শান্তরস পরিপূর্ণ রহিয়াছে। শর্করা সকলেরই প্রিয় উহাই যদি আবার ঔষধরূপে দেওয়া যায় তাহা হইলে উহা বারম্বার আস্বাদের সহিত না খাইবে কে? মলয় পবন স্বভাবতঃ মৃদু ও সুগন্ধযুক্ত তাহাতে যদি অমৃতের আস্বাদ পাওয়া যায় এবং উহাতেই যদি দৈবাৎ মধুর ধ্বনির শ্রবণ হয় তবে উহার স্পর্শে সকল শরীর শীতল করিবেই, আস্বাদে রসনাকে তৃপ্ত করাইবে শ্রবণেন্দ্রিয়কেও "বাহবা" বলাইবে। সেইরূপ এই কথা শ্রবণ-উপবাসী কর্ণের ব্রতের পারণ এবং

কোনও প্রকার বিকৃতি ভিন্ন সংসার দুঃখের নিবৃত্তি কারণ। যদি মন্ত্রদ্বারা শত্রুর বিনাশ হয় তবে কটীতে তরবারি বাঁধিবার কি প্রয়োজন? যদি দুগ্ধ ও শর্করায় রোগ যায় তবে নিম খাইয়া কি আবশ্যক? সেইরূপ মনকে দুঃখ এবং ইন্দ্রিয়কে কষ্ট না দিয়া কেবল এই কথা শ্রবণদ্বারা মোক্ষ প্রাপ্তি হয়। অতএব নিবৃত্তিদাস জ্ঞানদেব বলিতেছে আপনারা নিজের মন প্রসন্নতার নিমিত্ত পূর্ণ উৎকণ্ঠার সহিত এই গীতার্থ শ্রবণ করুন ॥ ৪২ ॥

ইতি শ্রীজ্ঞানদেব বিরচিতায়াং ভাবার্থদীপিকায়াং

চতুর্থোঽধ্যায়ঃ।

সন্ন্যাস যোগ

পঞ্চম অধ্যায়

অর্জ্জুন উবাচ

সংন্যাসং কর্ম্মণাং কৃষ্ণ পুনর্যোগঞ্চ শংসসি।
যচ্ছ্রেয় এতয়োরেকং তন্মে ব্রূহি সুনিশ্চিতম্ ॥ ১ ॥

তখন পার্থ শ্রীকৃষ্ণকে কহিলেন, আপনি ইহা কিরূপ বর্ণনা করিলেন। এইরূপ কথা কহিলে উহা অন্তরে ধারণা করা যায়? প্রথমতঃ আপনিই সকল কর্ম্মের সন্ন্যাস অনেক প্রকারে নিরূপণ করিয়াছেন আবার এখন কর্ম্ম-যোগের বিবেচনা রসালভাবে কেন অধিক বাড়াইতেছেন? হে শ্রীঅনন্ত, আপনি এইরূপ দ্ব্যর্থপূর্ণ ভাষা বলিতেছেন যে, তাহাতে আমার মত অজ্ঞানী লোকের ইচ্ছানুরূপ বোধ হইতেছে না। শুনুন, এক তত্ত্বের বোধ করিতে হইলে একতার স্থিতিই নিরূপণ করা প্রয়োজন। এই কথা কি আপনাকে দ্বিতীয় ব্যক্তির নিকট হইতে আবার জানিয়া লইতে হইবে? এইজন্য আমি আপনার নিকট মিনতি করিয়াছিলাম যে পরমার্থ কথার উপদেশ শুধু ইঙ্গিত ধ্বনি দ্বারা করিবেন না। গত কথা থাকুক, হে দেব, সম্প্রতি নির্ণয় করিয়া বলুন দুইটীর মধ্যে ভাল পথ কোন্‌টী? যাহা শেষ পর্য্যন্ত সঙ্গে থাকে, পূর্ণ ফলও প্রদান করে এবং

পাল্‌কীতে যেরূপ নিদ্রাসুখের ভঙ্গও হয় না অথচ বহু দূরের পথও অতিক্রান্ত হইয়া যায় এইরূপ সুগম কোন্‌টী। অর্জ্জুনের এই কথায় শ্রীকৃষ্ণ আনন্দিত হইলেন এবং সন্তোষের সহিত বলিতে লাগিলেন, তোমার বাসনা পূর্ণ হইবে। আবার শোন,— দেখ, যে ভাগ্যবান্‌ মানুষের মাতা কামধেনুর মত, চাহিলে সে চন্দ্রকেও খেলার জন্য লাভ করিতে পারে। দেখ, শ্রীশঙ্কর উপমন্যুর প্রতি সন্তুষ্ট হইয়া তাহার অভিলাষ পূর্ণ করিবার জন্য দুধ-ভাত চাহিতে তাহাকে কি ক্ষীর-সমুদ্র প্রদান করিয়াছিলেন না? শ্রীকৃষ্ণ, সেইরূপ ঔদার্য্যের গৃহস্বরূপ, তাঁহাকে প্রাপ্ত হইয়া কেননা অর্জ্জুন সকল সুখের আশ্রয় স্বরূপ হইবে? ইহাতে আশ্চর্য্য কি আছে? শ্রীলক্ষ্মীকান্তের মত ধনীকে প্রাপ্ত হইয়া তাঁহার নিকট হইতে আপন ইচ্ছানুরূপ প্রার্থনা করিয়া লওয়াই উচিত। এই প্রকার ভাবিয়া অর্জ্জুন পূর্ব্বোক্ত নিবেদন করিলেন। শ্রীকৃষ্ণও হাস্যপূর্ণ বদনে তাহার আশা পূর্ণ করিয়াছিলেন। এখন শ্রীকৃষ্ণ যাহা বলিয়াছিলেন আমি বর্ণনা করিতেছি ॥১॥

শ্রীভগবানুবাচ

সংন্যাসঃ কর্ম্মযোগশ্চ নিঃশ্রেয়সকরাবুভৌ।
তয়োস্তু কর্ম্মসংন্যাসাৎ কর্ম্মযোগো বিশিষ্যতে ॥ ২ ॥

শ্রীকৃষ্ণ বলিলেন,—হে কুন্তীসুত সন্ন্যাস এবং কর্ম্মযোগ দুইটীরই বিচার করিলে বুঝিতে পারিবে তত্ত্বতঃ দুইই মোক্ষ

প্রদানকারী। তথাপি স্ত্রীলোক ও শিশুদের নদী পার করাইতে নৌকার যেরূপ একান্ত প্রয়োজন সেইরূপ জ্ঞানী অজ্ঞানী সকলের নিমিত্তই কর্ম্মযোগ অবশ্যই সুলভ পন্থা। সারাসার বিচার করিলেও কর্ম্মযোগই সুগম বলিয়া দেখায়। ইহা হইতে অনায়াসে সন্ন্যাসের ফল লাভ হইয়া থাকে। এখন ইহার পর আমি তোমাকে সন্ন্যাসীর লক্ষণ বলিতেছি, ইহাতে তুমি সন্ন্যাস ও কর্ম্মযোগের অভিন্নতার জ্ঞানলাভ করিতে পারিবে ॥২॥

জ্ঞেয়ঃ স নিত্যসন্ন্যাসী যো ন দ্বেষ্টি ন কাঙ্ক্ষতি।
নির্দ্বন্দ্বো হি মহাবাহো সুখং বন্ধাৎ প্রমুচ্যতে ॥ ৩ ॥

যে গত বিষয়ের স্মরণ করে না, যে অপ্রাপ্ত বস্তুর আকাঙ্ক্ষা করে না, যে অন্তরে মেরু পর্ব্বতের মত অত্যন্ত স্থির থাকে এবং যাহার অন্তঃকরণ "আমি ও আমার" স্মরণও ভুলিয়া যায়, হে পার্থ! তাহাকেই নিরন্তর সন্ন্যাসী বলিয়া জানিবে। যে মনে এই প্রকার স্থির হইয়া গিয়াছে বিষয় তাহার সঙ্গ ছাড়িয়া দেয় এবং অনায়াসে সে অখণ্ডিত সুখ প্রাপ্ত হয়। পুনরায় ঘর সংসার ছাড়িবারও কিছু আবশ্যকতা থাকে না, কেন না বিষয় গ্রহণ হইতে সে স্বভাবতঃ নিঃসঙ্গ হইয়া থাকে। দেখ, অগ্নি নির্ব্বাপিত হইলে যে ভস্ম অবশিষ্ট থাকে উহা হাতে লইয়া কার্পাসের সূতা তৈরী করা হয় অথচ উহাতে তুলা পুড়িয়া যায় না। সেইরূপ যাহার বুদ্ধিতে সঙ্কল্পের

আঁচ লাগে না, তাহাকে কর্ম্মবন্ধনে বন্ধন করাও যায় না। কল্পনা ছুটিয়া গেলেই সন্ন্যাস এবং এই জন্যই কর্ম্মযোগ ও সন্ন্যাস দুই সমান ॥৩॥

সাংখ্যযোগৌ পৃথগ্‌বালাঃ প্রবদন্তি ন পণ্ডিতাঃ।
একমপ্যাস্থিতঃ সম্যগুভয়োর্ব্বিন্দতে ফলম্‌ ॥৪॥

হে পার্থ, যে ব্যক্তি সর্ব্বথা মূর্খ সে জ্ঞান ও কর্ম্মযোগের ব্যবস্থিতি কিরূপে বুঝিবে? স্বভাবতঃ অজ্ঞানী লোক দুইটীকে ভিন্ন বলিয়া বুঝিয়া থাকে তাহা না হইলে ভিন্ন ভিন্ন প্রদীপ কি ভিন্ন ভিন্ন আলোক দেয়? যে ব্যক্তি অনুভব দ্বারা সম্পূর্ণ তত্ত্বজ্ঞান লাভ করিয়াছে সে সাংখ্য এবং যোগ দুইটীকেই এক ভাবে মানিয়া থাকে ॥৪॥

যৎ সাংখ্যৈঃ প্রাপ্যতে স্থানং তদ্‌যোগৈরপি গম্যতে
একং সাংখ্যং চ যোগং চ যঃ পশ্যতি স পশ্যতি ॥৫॥

জ্ঞান মার্গে যে বস্তু প্রাপ্ত হয় কর্ম্ম-যোগদ্বারাও উহাই পাইতে পারে। এই হেতু দুই মার্গেরই এইরূপ স্বাভাবিক একতা আছে। দেখ, আকাশ ও অবকাশে—শূন্যে, যেরূপ ভেদ নাই সেইরূপ যে কর্ম্মযোগ ও সন্ন্যাসের ঐক্য বুঝিতে পারে, যাহার সাংখ্য ও যোগের ভেদরহিত জ্ঞান হইয়াছে, সংসারে তাহারই জ্ঞান প্রকাশ—তাহারই আত্মপরিচয় হইয়াছে। ৫ ॥

সংন্যাসস্তু মহাবাহো দুঃখমাপ্তুমযোগতঃ।
যোগযুক্তো মুনির্ব্রহ্ম ন চিরেণাধিগচ্ছতি ॥৬॥

হে পার্থ, যে যোগমার্গে মোক্ষরূপ পর্ব্বত আরোহণ করে, সে অনতিবিলম্বে মহাসুখের শিখরদেশ প্রাপ্ত হয়। আবার যে ব্যক্তি যোগস্থিতি অবলম্বন না করিয়া বৃথা সময় কাটায়, তাহার কখনও সন্ন্যাস লাভ ঘটে না। ৬॥

যোগযুক্তো বিশুদ্ধাত্মা বিজিতাত্মা জিতেন্দ্রিয়ঃ।
সর্ব্বভূতাত্মভূতাত্মা কুর্ব্বন্নপি ন লিপ্যতে ॥৭॥

যে ব্যক্তি আপন মনকে ভ্রম হইতে দূরে রাখিয়া, গুরুবাক্য-দ্বারা শুদ্ধ করিয়া দৃঢ়তার সহিত আত্মস্বরূপে লাগাইয়া রাখিতে পারে, সে আত্মস্বরূপ হইয়া যায়। লবণ সমুদ্রে না পড়িতে উহা অল্প বলিয়া দেখায়, সমুদ্রে মিলিত হইলে সমুদ্রের মতই বৃহৎ হইয়া যায়, সেইরূপ যাহার মন সঙ্কল্প হইতে দূরে থাকিয়া চৈতন্যরূপ হইয়া যায়, সে যদ্যপি পরিচ্ছিন্ন থাকুক তথাপি ত্রিভুবনে ব্যাপক হইয়া যায়। আরও সে নিজে নিজেই কর্ত্তা, কর্ম্ম ও ক্রিয়া তিনটী হইয়াও অকর্ত্তা হইয়া থাকে ॥৭॥

নৈব কিঞ্চিৎ করোমীতি যুক্তো মন্যেত তত্ত্ববিৎ।
পশ্যন্ শৃণ্বন্ স্পৃশন্ জিঘ্রন্নশ্নন্ গচ্ছন্ স্বপন্ শ্বসন্ ॥৮॥

প্রলপন্ বিসৃজন্ গৃহ্ণন্নুন্মিষন্নিমিষন্নপি।
ইন্দ্রিয়াণীন্দ্রিয়ার্থেষু বর্ত্তন্ত ইতি ধারয়ন্ ॥৯॥

হে পার্থ, আমি দেহ এই কথা যে কখনও স্মরণ করে না বল দেখি, তাহার কোন্ কর্ত্তৃত্বই বা থাকে? যোগযুক্ত পুরুষে দেহত্যাগ বিনাই পরব্রহ্মের সম্পূর্ণগুণ প্রকাশ পাইয়া থাকে। সে অপরের মতই দেহধারী এবং অশেষ কর্ম্মের ব্যবহার করে। সেও চক্ষুদ্বারা দর্শন করে, কর্ণদ্বারা শ্রবণ করে, কিন্তু আশ্চর্য্য এই যে, সে ইন্দ্রিয়গণে আসক্ত নয়। তাহার স্পর্শজ্ঞান হয়, নাসিকায় সুগন্ধ অনুভূতি হয়, সময়োচিত কথাও বলে, আহার্য্যও গ্রহণ করে, যাহা ত্যাগ করা প্রয়োজন তাহা ত্যাগও করে, নিদ্রার সময় সুখে শুইয়া থাকে, আপন ইচ্ছানুসারে কর্ম্ম ব্যবহার করে, পৃথক্ পৃথক্ কি বলিব শ্বাস ও প্রশ্বাস উন্মীলন, নিমীলন সকল কর্ম্মই, হে পার্থ, সে করিয়া থাকে। তথাপি অনুভূতির বলে সে এই সকল কর্ম্মের কর্ত্তা নয়, এইরূপ বলা যাইতে পারে। কেননা যখন সে ভ্রান্তিশয্যায় শায়িত ছিল, তখন তাহার স্বপ্ন-সুখ অনুভব হইতেছিল এখন জ্ঞানোদয় কালে সে জাগ্রত হইয়া গিয়াছে ॥ ৮।৯ ॥

ব্রহ্মণ্যাধায় কর্ম্মাণি সঙ্গং ত্যক্ত্বা করোতি যঃ।
লিপ্যতে ন স পাপেন পদ্মপত্রমিবাম্ভসা ॥১০॥

তখন তাহার সমগ্র ইন্দ্রিয়ের বৃত্তিগুলি আপন আপন বিষয়ের অধিষ্ঠানের সান্নিধ্যদ্বারা ব্যবহার করিয়া থাকে। প্রদীপের আলোকে যেরূপ ঘরের সকল কাজ নিষ্পন্ন হয় সেইরূপ যোগযুক্ত পুরুষের দেহ হইতেই সকল কর্ম্ম হইয়া থাকে।

সে সকল কর্ম্ম করে বটে কিন্তু জলের মধ্যে ভাসমান পদ্মপত্র যেরূপ জলে ভিজিয়া যায় না, সেইরূপ সেও কর্ম্মবন্ধনে আবদ্ধ হয় না। ১০ ॥

কায়েন মনসা বুদ্ধ্যা কেবলৈরিন্দ্রিয়ৈরপি।
যোগিনঃ কর্ম্ম কুর্ব্বন্তি সঙ্গং ত্যক্ত্বাত্মশুদ্ধয়ে ॥ ১১ ॥

দেখ, যে কর্ম্মে বুদ্ধির সম্বন্ধ মাত্র নাই, যাহাতে মনের অঙ্কুর উদ্‌গম হয় না, উহাকে শারীর কর্ম্ম বলে। সোজা কথায় বলিতে গেলে যোগী বালকের মত কেবল শরীরদ্বারা কর্ম্ম করিয়া থাকে। এই পঞ্চভূতাত্মক দেহ নিদ্রিত থাকিলে কেবল মনই স্বপ্নরাজ্যে বিচরণ করিয়া থাকে। হে ধনুর্দ্ধর, আশ্চর্য্য এই যে, বাসনার এরূপ বিস্তার যে দেহকে বুঝিতে না দিয়া সে সুখ দুঃখ ভোগ করায়। এই প্রকার ইন্দ্রিয় সকলকে বুঝিতে না দিয়া যে কর্ম্ম উৎপন্ন হয় উহাকে শুধু মানস কর্ম্ম বলে। যোগী কর্ম্ম করিয়াও কিন্তু উহাতে আবদ্ধ হয় না। কেননা সে অহং ভাবের সঙ্গ ছাড়িয়া দিয়াছে। আবার ভ্রমযুক্ত হইয়া গেলে ইন্দ্রিয়-চেষ্টা পিশাচের চিত্তের মত অব্যবস্থিত বলিয়া দৃষ্ট হয়। তাহার স্বরূপ দেখা যায়,— সে মুখে চিৎকার করিয়া কথা বলে কিন্তু তাহাতে জ্ঞান থাকেনা। সার কথা এই, অকারণে যে কর্ম্ম করা হয় উহা শুধু ইন্দ্রিয়ের বলিয়াই জানিবে।

শ্রীহরি অর্জ্জুনকে বলিলেন, সর্ব্বত্র যাহা জানিবার প্রক্রিয়া উহাই বুদ্ধির কর্ম্ম। যোগী বুদ্ধিকে সম্মুখে রাখিয়া মন লাগাইয়া কর্ম্ম করিলেও বস্তুতঃ কর্ম্ম হইতে মুক্ত থাকে। কেননা, বুদ্ধি হইতে দেহ পর্য্যন্ত তাহার কোনটাতেই অহং ভাবের স্মরণ থাকে না। অতএব কর্ম্ম করিতে করিতে সে শুদ্ধ হইয়া গিয়াছে। কর্ত্তা বিনা যে কর্ম্ম করা যায়, উহাই নিষ্কর্ম্মতা এই রহস্য একমাত্র শ্রীগুরুকৃপায় অধিগম্য,—উহা যোগী জানিতে পারে। এখন উপরান্ত শান্তরসের এরূপ বৃদ্ধি হইয়াছে যে পাত্রে স্থান না হইয়া উহা উপ্‌চাইয়া পড়িতেছে, কেননা, অনন্তর যে কথা বলা হইবে তাহার পর আর কি আছে? যাহার ইন্দ্রিয়ের ইচ্ছা ভাল করিয়া পূর্ণ হইয়া গিয়াছে, সে-ই এই বাক্য শ্রবণ করিবার যোগ্য।

শ্রোতৃবৃন্দ বলিলেন—এখন বিষয়ান্তর থাকুক্। মূল কথার সম্বন্ধ ছাড়িবেন না, কেননা তাহাতে শ্লোকসঙ্গতি ভঙ্গ হইবে। যে কথা মনে গ্রহণ করা কঠিন, প্রযত্ন করিলেও বুদ্ধি দ্বারা প্রাপ্ত হওয়া যায় না, উহা ভাগ্যবশে আপনি উত্তম রীতিতে বর্ণন করিয়াছেন। স্বভাবতঃ যে বস্তু শব্দাতীত উহাও যদি শব্দদ্বারা ব্যক্ত হইয়াছে তবে আর অপর কথা শুনিবার কি প্রয়োজন আছে? অতএব আরও বলুন। শ্রোতৃবৃন্দের এইরূপ আর্ত্তি দর্শন করিয়া নিবৃত্তিদাস বলিলেন,—শ্রীকৃষ্ণ এবং অর্জ্জুনের সংবাদ প্রাণ ভরিয়া শুনুন। শ্রীকৃষ্ণ বলিলেন, এখন আমি পূর্ণ মনোরথ যোগীর পূর্ণলক্ষণ বলিতেছি, সেইদিকে মন দাও। ১১ ॥

যুক্তঃ কর্ম্মফলং ত্যক্ত্বা শান্তিমাপ্নোতি নৈষ্ঠিকীম্ ।
অযুক্তঃ কামকারেণ ফলে সক্তো নিবধ্যতে ॥ ১২ ॥

যে আত্মজ্ঞানদ্বারা সম্পন্ন হইয়াছে, যাহার হৃদয়ে কর্ম্মফলের প্রতি তিরস্কার বুদ্ধি হইয়াছে, সেই ব্যক্তি জগতে শান্তিগৃহে প্রবেশ করিয়া বরলাভ করিয়াছে। হে কিরীটী, যে আত্মযোগী নয় সে কর্ম্মবন্ধের নিমিত্ত ফলভোগরূপ খুঁটীর সহিত অভিলাষের গ্রন্থিদ্বারা আবদ্ধ থাকে। ১২ ॥

সর্ব্বকর্ম্মাণি মনসা সংন্যস্যাস্তে সুখং বশী ।
নবদ্বারে পুরে দেহী নৈব কুর্ব্বন্ ন কারয়ন্ ॥ ১৩ ॥

ফলকামীর মত যে কর্ম্ম করে কিন্তু আমি উহার কর্ত্তা নই এই ভাবে যে উহার ফল উপেক্ষা করে, সেই ব্যক্তি যে দিকে দৃষ্টিপাত করে, সেই দিকেই সুখের সৃষ্টি হইয়া যায়। সে যেথায় খুসী মহাবোধের উপস্থিতি অনুভব করে। সেই ফলেচ্ছা-ত্যাগকারী এই নবদ্বারযুক্ত দেহে থাকিলেও উহাতে থাকে না এবং কর্ম্ম করিলেও কিছু করে না। ১৩ ॥

ন কর্ত্তৃত্বং ন কর্ম্মাণি লোকস্য সৃজতি প্রভুঃ ।
ন কর্ম্মফলসংযোগং স্বভাবস্তু প্রবর্ত্ততে ॥ ১৪ ॥

যেরূপ, সর্ব্বেশ্বর অকর্ত্তা কিন্তু তিনিই এই ত্রিভুবনের বিস্তার করিয়া সৃষ্টি করিয়াছেন। তাঁহাকে কর্ত্তা বলিলে তিনি কোন কর্ম্মে লিপ্ত হন না, কেননা উদাসীন বৃত্তির

হস্তপদ কর্ম্মে লিপ্ত হয় না। তাঁহার যোগনিদ্রার ভঙ্গ হয় না। তাঁহার অকর্ত্তৃত্বের কিছু কমিয়া যায় না। তিনি ভাল করিয়া মহাভূতগণের সকলকে রচনা করিয়াছেম। তিনি জগতের জীবনে রহিয়াছেন কিন্তু কখনও কোথাও থাকেন না। জগতের উৎপত্তি ও লয় হয়, তিনি তাহা দেখিয়াও দেখেন না। ১৪ ॥

নাদত্তে কস্যচিৎ পাপং ন চৈব সুকৃতং বিভুঃ।
অজ্ঞানেনাবৃতং জ্ঞানং তেন মুহ্যন্তি জন্তবঃ॥ ১৫ ॥

পাপ পুণ্য কাছে থাকিলেও উহা তিনি দেখেন না আর তাহার সাক্ষীও হন না। তাঁহার সম্বন্ধে অপর কথা আর জিজ্ঞাসা করিয়া কি হইবে? দেহের সঙ্গতি লইয়া তিনি মূর্ত্তিমান হইয়া ক্রীড়া করেন কিন্তু তাহাতে তাঁহার নিরাকারতার কখনও হানি হয় না। এই প্রকার চরাচরে যে মত বিখ্যাত আছে যে, তিনিই সংসার রচনা করিয়াছেন, রক্ষা করিতেছেন এবং বিনাশ করিতেছেন সেই কথা অজ্ঞান-প্রসূত। ১৫ ॥

জ্ঞানেন তু তদজ্ঞানং যেষাং নাশিতমাত্মনঃ।
তেষামাদিত্যবজ্ জ্ঞানং প্রকাশয়তি তৎ পরম্ ॥ ১৬ ॥

এই অজ্ঞান যখন সম্পূর্ণ নষ্ট হইয়া যায়, তখন ভ্রমময় অন্ধকার দূর হয় এবং ঈশ্বর স্বরূপের নিষ্কর্ম্মতা প্রকাশ হয়। ইহাতে যদি চিত্তে এইরূপ জ্ঞানের উদয় হয়, ঈশ্বর অকর্ত্তা, এবং এইরূপ বিবেক হয় যে স্বভাবতঃ আরম্ভ হইতেই আমি অকর্ত্তা আছি, তবে ত্রিভুবনে কোন্ বিষয়ে ভেদ দৃষ্টি থাকিতে

পারে? সূর্য্য উদিত হইতেই পূর্ব্বদিকে দীপালির শোভা এবং অন্য দিকেরও অন্ধকার দূর হইয়া যায়, সেইরূপ স্বানুভব হইতেই তত্ত্বজ্ঞানী নিজের মতই সমস্ত জগৎকে মুক্ত বলিয়া বুঝিবেন ॥ ১৬ ॥

তদ্‌বুদ্ধয়স্তদাত্মানস্তন্নিষ্ঠাস্তৎ পরায়ণাঃ।
গচ্ছন্ত্যপুনরাবৃত্তিং জ্ঞাননির্ধূতকল্মষাঃ ॥১৭॥

যাহার আত্মজ্ঞান বিষয়ে বুদ্ধির নিশ্চয় হয়, সে আপনাকে ব্রহ্মরূপ জানে এবং অহর্নিশি ব্রহ্মপরায়ণ হইয়া ব্রহ্মস্থিতিতে থাকে। এইরূপ উত্তম ব্যাপক জ্ঞান যাহার হৃদয় শোধন করিয়াছে, তাহার সমতা দৃষ্টির কথা আমি আর অধিক কি বলিব? এই এক আশ্চর্য্য যে, সে ব্যক্তি নিজেকে যেরূপ দেখে বিশ্বকেও সেইরূপ দেখে। সৌভাগ্যবান্ ব্যক্তি কৌতুক করিয়াও দারিদ্র্যের কথা জানে না—বিবেক ভ্রান্তিকে চিনে না—সূর্য্য স্বপ্নেও অন্ধকারের নমুনা দেখে না—অমৃত মৃত্যুর কথা কাণেও শোনে না,—আর থাকুক্, সন্তাপ কি বস্তু চন্দ্র কখনও তাহার খবর জানে না, সেইরূপ জ্ঞানী ব্যক্তি প্রাণিগণের মধ্যে ভেদের নামও জানে না ॥ ১৭ ॥

বিদ্যাবিনয়সম্পন্নে ব্রাহ্মণে গবি হস্তিনি।
শুনি চৈব শ্বপাকে চ পণ্ডিতাঃ সমদর্শিনঃ ॥১৮॥

তখন আবার এইটী মশক, ঐটী হাতী, অথবা এই চণ্ডাল ঐ ব্রাহ্মণ, ইনি আপন উনি পর, ইত্যাদি কথা কোথায় থাকে?

অধিক কি বলিব, এইটী গরু, এইটী কুকুর, ইহা বড়, উহা ছোট ইত্যাদি স্বপ্ন সেই জাগ্রত ব্যক্তির কোথায় হইতে পারে? ভেদগুলি ত তখনই দেখায় যখন অহংভাব বাঁচিয়া থাকে। অহংভাব পূর্ব্বেই উড়িয়া গিয়াছে, ভিন্নতা আর কি করিয়া থাকিবে? ॥ ১৮ ॥

ইহৈব তৈর্জিতঃ সর্গো যেষাং সাম্যে স্থিতং মনঃ
নির্দোষং হি সমং ব্রহ্ম তস্মাদ্ ব্রহ্মণি তে স্থিতাঃ ॥১৯॥

অতএব সমদৃষ্টির সম্পূর্ণ মর্ম্ম এই বুঝিবে—সর্ব্বত্র সর্ব্বদা সমান অদ্বয় ব্রহ্মের সহিত নিজের অভেদ। যে বিষয়ের সঙ্গ পরিত্যাগ করে নাই, ইন্দ্রিয়কেও নিগ্রহ করে নাই, কিন্তু কামনা রহিত হইয়া নিঃসঙ্গতার ভোগ করিয়াছে, আর যে সংসারাশ্রয়ে মূঢ়তায় পরিপূর্ণ লৌকিক কর্ম্ম এরূপ ভাবে ত্যাগ করিয়াছে যেমন সুপ্ত ব্যক্তি সকল কামনা হইতে পৃথক্ থাকে; সেইরূপ পুরুষ যদিও দেহধারী এবং সংসারী-বুদ্ধিযুক্ত হউক, তথাপি মনুষ্য সমাজে অলক্ষিত ভাবে অবস্থিত পিশাচকে যেরূপ কেহ দেখিতে পায় না, সেইরূপ তাহাকেও কেহ চিনিতে পারে না। অন্য কথা থাকুক, পবন যোগে জলে থাকিয়া জল যেরূপ আন্দোলিত হয় এবং সাধারণ লোকে তাহাকে জল হইতে পৃথক তরঙ্গ বলিয়া বুঝিয়া থাকে, সেইরূপ যাহার মন সমতাকে লাভ করিয়াছে, তাহার শরীর ও নাম থাকিলেও বাস্তবিক সে ব্রহ্মস্বরূপ হইয়াছে। যে এই প্রকার সমদৃষ্টি হইয়াছে, সেই ব্যক্তিকে চিনিবার চিহ্নও আছে।

শ্রীকৃষ্ণ বলিলেন, হে অর্জ্জুন, সেই লক্ষণ আমি সংক্ষেপে বর্ণন করিব শোন। ॥ ১৯ ॥

ন প্রহৃষ্যেৎ প্রিয়ং প্রাপ্য নোদ্বিজেৎ প্রাপ্য চাপ্রিয়ম্।
স্থিরবুদ্ধিরসংমূঢ়ো ব্রহ্মবিদ্ ব্রহ্মণি স্থিতঃ ॥২০॥

মৃগ তৃষ্ণিকার জলের বন্যায় পর্ব্বত ডুবিয়া যায় না, সেইরূপ শুভাশুভ অবস্থায় যে বিকার প্রাপ্ত হয় না সে-ই সত্য, সে-ই তত্ত্বতঃ সমদর্শী। শ্রীকৃষ্ণ বলিলেন—হে পাণ্ডুসুত, সে-ই ব্রহ্ম ॥ ২০ ॥

বাহ্যস্পর্শেষ্বসক্তাত্মা বিন্দত্যাত্মনি যৎ সুখম্।
স ব্রহ্মযোগযুক্তাত্মা সুখমক্ষয়মশ্নুতে ॥২১॥

যে আত্মস্বরূপ ত্যাগ করিয়া ইন্দ্রিয়গ্রামের অধীন হয় না, সে যে বিষয় সেবন করে না, ইহাতে আর আশ্চর্য্য কি? তাহার অন্তঃকরণ স্বভাবতঃ আত্মসুখের আনন্দে পূর্ণ থাকে বলিয়া সে বাহ্য সুখের সন্ধানে বাহিরে পদক্ষেপও করে না। বল দেখি, চন্দ্রবিকাশিত কুমুদের পাটলে যে চকোর চন্দ্রের কিরণ-সুধা আস্বাদন করে, সে কি আর বালুকা চুম্বন করিতে ধাবিত হয়? সেইরূপ ইহাতে আর বলিবার কি আছে যে, যে ব্যক্তি আপনার মধ্যে আত্মসুখাস্বাদন লাভ করিয়াছে, সে স্বভাবতঃই বিষয় সুখ ত্যাগ করিয়া থাকে। আরও একটু বিচার করিয়া দেখ, এইরূপ বিষয় সুখে কে প্রলুব্ধ হইয়া থাকে? ২১ ॥

যে হি সংস্পর্শজা ভোগা দুঃখযোনয় এব তে।
আদ্যন্তবন্তঃ কৌন্তেয় ন তেষু রমতে বুধঃ ॥২২॥

যাহার অত্মদর্শন হয় নাই সে এই ইন্দ্রিয় সুখের বিষয়ে অবিরমিত হয়। যেরূপ দরিদ্র ব্যক্তি ক্ষুধায় কাতর হইয়া তুষও খাইয়া থাকে—অথবা তৃষ্ণায় কাতর হইয়া মরীচিকায় জলের আভাসকে জল ভ্রমে ধাবিত হইয়া প্রস্তরময় ভূমির উপরে আসিয়া উপস্থিত হয় সেইরূপ যে আত্মরূপ দর্শন-বঞ্চিত, যে সর্ব্বদা আত্মসুখের কাঙাল তাহার সমীপেই এই বিষয় সুন্দর বলিয়া প্রতীয়মান হয়। নতুবা বিষয়ে সুখ আছে এই কথা বলা উচিত নয়। যদি বিষয়ে সুখ থাকিত তবে সংসারে বিদ্যুৎ স্ফুরণেই আলোকের কাজ চলিত। অভ্রের ছায়ায় যদি বাত, বর্ষা ও আতপ তাপ নিবারণ হইত তবে আর ত্রিতল সৌধ নির্ম্মাণের প্রয়োজন কি ছিল? অতএব যাহারা বলে বিষয়ে সুখ আছে তাহাদের কথা বৃথা; আপাতমধুর বিষ-কন্দকে মধুর বলাও যেরূপ তাহাদের কথাও তদ্রূপ। অথবা ভৌমগ্রহকে মঙ্গল বলা, মরীচিকা জলকে জল বলার মতই বিষয় সুখকে সুখ বলা বৃথা। সে কথা থাকুক্, বল দেখি সর্পের ফণার ছায়া কতক্ষণ মুষিকের নিকট শীতল অনুভব হয়? হে পাণ্ডব, যতক্ষণ জলে মীন টোপের আমিষ খণ্ডকে গ্রাস না করিতেছে ততক্ষণই ভাল আছে, বিষয় সঙ্গকেও নিশ্চয় সেইরূপ জানিও। হে কিরীটী, বৈরাগ্যের দৃষ্টি লইয়া বিষয়কে দেখিলে উহা পাণ্ডু-রোগের পুষ্টির ন্যায় বুঝিতে পারিবে। অতএব বিষয় ভোগে

যে সুখ উহা সম্পূর্ণ দুঃখ বলিয়াই জানিবে। মূর্খজন কি করে? উহা ভোগ ভিন্ন দ্বিতীয় পথ তাহারা দেখিতে পায় না। উহার মর্ম্ম বুঝিতে না পারিয়া তাহারা অগত্যা বিষয় ভোগে পতিত হয়। বল দেখি, ক্রিমি কীটের কী কর্দ্দমে ঘৃণা হয়? সেই দুঃখীসকলের দুঃখই আত্মসুখ। তাহারা বিষয়রূপ কর্দ্দমের ভেক—ভোগরূপ জলে জলচর; সেই কর্দ্দম বা জল কেমন করিয়া ছাড়িবে? আর জীব যদি বিষয় সম্বন্ধে বিরক্ত হইয়া যায়, তবে যে দুঃখময় যোনি আছে সেগুলি কি নিরর্থক হইয়া যাইবে না? অথবা গর্ভবাস ইত্যাদি সঙ্কট এবং জন্ম মরণের কষ্ট ইত্যাদির অবিশ্রান্ত পথে কে চলিবে? যদি বিষয়াসক্ত পুরুষ বিষয়কে ছাড়িয়া দিবে তবে মহাপাপ কোথায় থাকিবে, আর জগতে সংসার নাম কি মিথ্যা হইয়া যাইবে না? অতএব যে মিথ্যা অবিদ্যাসমূহ আছে উহারাই মিথ্যাকে সত্য বলিয়া প্রতীতি করায় বলিয়া দুঃখকেও সুখ বলিয়া গ্রহণ করা হইয়া থাকে। অতএব, হে সুযোদ্ধা, বিচার করিয়া দেখিলে বিষয় নিকৃষ্ট বলিয়া দৃষ্ট হয়, তুমি ভুলিয়াও এ পথে চলিও না। বিরক্তজন ইহাকে বিষের মত জানিয়া ত্যাগ করে। সেই আশা-রহিত লোক সুখরূপী দুঃখের মোহে মোহিত হয় না। ২২ ॥

শক্নোতীহৈব যঃ সোঢ়ুং প্রাক্ শরীরবিমোক্ষণাৎ।
কামক্রোধোদ্ভবং বেগং স যুক্তঃ স সুখী নরঃ ॥ ২৩ ॥

আর জ্ঞানিগণের নিকটে বিষয়ের কথাও থাকে না। দেহ থাকিলেও তাহারা দেহের বিকারগুলিকে নিজের অধীন

করিয়া লয়। তাহারা বাহ্য বিষয়ের কথাও জানে না, তাহাদের অন্তরে এক-সুখ বিদ্যমান থাকে। তবে সেই সুখের আস্বাদন এক পৃথক্ অবস্থায় থাকিয়া করা যায়। পক্ষী ফল চুম্বন করিয়া আস্বাদন করে উহার ভোগ সেরূপ নয়। উহাতে ভোক্তৃ-ভাবও বিস্মরণ হইয়া যায়। সেই ভোগের সময় এরূপ একটী বৃত্তি জাগে যে, অহঙ্কারের বসনাঞ্চল দূর করিয়া সেই সুখকে দৃঢ় আলিঙ্গন দেয়। সেই আলিঙ্গনের ফলে আপনা আপনি একরূপতা লাভ হয়। তখন জলে মিশিয়া জল যেরূপ পৃথক্ দেখায় না অথবা আকাশে বায়ু মিলিয়া গেলে আকাশ ও বায়ুর ভেদ যেরূপ নষ্ট হয় সেইরূপই ঐ সুখের সময় সুখই নিজ স্বরূপে থাকিয়া যায়। এই প্রকারে দ্বৈত নাম মিটিয়া যায়। যদি এই কথা বলা যায় যে, সেই সময় একতা হইয়া যায় তবে একতাকে জানিবার মত সাক্ষীই বা কে থাকে? ২৩॥

যোঽন্তঃসুখোঽন্তরারামস্তথান্তর্জ্যোতিরেব যঃ।
স যোগী ব্রহ্মনির্ব্বাণং ব্রহ্মভূতোঽধিগচ্ছতি ॥ ২৪ ॥
লভন্তে ব্রহ্মনির্ব্বাণমৃষয়ঃ ক্ষীণকল্মষাঃ।
ছিন্নদ্বৈধা যতাত্মানঃ সর্ব্বভূতহিতে রতাঃ ॥ ২৫ ॥

অতএব সেই বর্ণনা থাকুক্। যাহা অনির্ব্বচনীয় তাহার বর্ণনা কেমন করিয়া করা যায়? স্বভাবতঃ আত্মারাম পুরুষই তাহার সঠিক পরিচয় পাইয়া থাকে। যে এই সুখে মাতিয়া গিয়াছে, আপন স্বরূপে নিমগ্ন হইয়া রহিয়াছে, আমি জানি

সে-ই নিখিল ব্রহ্মানন্দের পূর্ণতালাভ করিয়াছে, সে আনন্দের স্বরূপ, সুখের অঙ্কুর অথবা আত্মবোধের বিহারভূমি। সে বিবেকের গ্রাম, পরমব্রহ্মের স্বভাব অথবা ব্রহ্মবিদ্যার অবয়ব! সে সত্ত্বার সাত্ত্বিক অংশ, চৈতন্যের অবয়ব।

"বহু হইয়াছে, এক এক কথা কত বর্ণনা করিতেছ? তুমি যদি সাধুগণের স্তুতিতে আনন্দ পাও তবে মূল কথা স্মরণও রাখ না, আর নিরালম্ব স্বরূপের প্রেমময় বর্ণনা করিতে থাক। তবে এখন সেই কথার রসাতিশয় মুকুলিত করা রাখিয়া গ্রন্থার্থ প্রদীপ উজ্জ্বল করিয়া সাধুগণের হৃদয়মন্দিরে মঙ্গল উষার প্রকাশ কর।" এই প্রকার গুরুদেবের অভিপ্রায় বুঝিয়া নিবৃত্তিদাস জ্ঞানদেব বলিলেন—শুনুন,—শ্রীকৃষ্ণ বলিলেন, হে অর্জ্জুন, যে অনন্ত সুখের হ্রদে ডুব দিয়া একেবারে তলায় গিয়া বসিয়াছে এবং তথায় স্থির হইয়া থাকিয়া তদ্রূপ হইয়া গিয়াছে অথবা যে শুদ্ধ আত্মজ্ঞানের সহায়তায় আপন আত্মাতেই সকল সংসারের প্রতীতি লাভ করিয়াছে সে মনুষ্য-দেহধারী হইলেও আনন্দে তাহাকে পরব্রহ্মরূপ মনে করা যায়। যে বস্তুতঃ পরম বস্তু, অক্ষর ও নিঃসীম, যে গ্রামে শুধু নিষ্কাম-গণের অধিকার, যে মহর্ষিগণের মধ্যে আদৃত—বিরক্তগণেরই লভ্য, যাহা নিঃসন্দেহ জনের নিরন্তর প্রাপ্য—। ২৪।২৫ ॥

কামক্রোধবিযুক্তানাং যতীনাং যতচেতসাম্।
অভিতো ব্রহ্মনির্ব্বাণং বর্ত্ততে বিদিতাত্মনাম্ ॥ ২৬ ॥

যাহাতে বিষয় হইতে আপন মন পৃথক্ করিয়া জয় করা হয়,

যে স্থানে ঘুমাইয়া থাকিলে আর জাগিতে হয় না, এইরূপ যাহা আত্মবিদ্‌গণের কারণ, হে পাণ্ডুকুমার, উপর্য্যুক্ত পুরুষ সেই পরমব্রহ্মরূপ নির্ব্বাণ প্রাপ্ত হয়। যদি তুমি প্রশ্ন কর সে কেমন করিয়া এরূপ হয়, দেহ থাকিতেই কি ব্রহ্মত্ব লাভ করে? ভাল, তবে আমি সংক্ষেপে তাহার বর্ণনা করিতেছি ॥ ২৬ ॥

স্পর্শান্ কৃত্বা বহির্বাহ্যাংশ্চক্ষুশ্চৈবান্তরে ভ্রুবোঃ।
প্রাণাপানৌ সমৌ কৃত্বা নাসাভ্যন্তরচারিণৌ ॥ ২৭ ॥
যতেন্দ্রিয়মনোবুদ্ধির্মুনির্মোক্ষপরায়ণঃ।
বিগতেচ্ছাভয়ক্রোধো যঃ সদা মুক্ত এব সঃ ॥ ২৮ ॥

যে বৈরাগ্যের আধার হইতে বিষ বাহির করিয়া লইয়া শরীরে মনকে একাগ্র করে, যেখানে তিনটী নাড়ী মিলিত হইয়াছে এবং যেখানে দুইটী ভ্রূপল্লবের গ্রন্থি পড়িয়াছে সেখানে যে দৃষ্টি ফিরাইয়া লাগাইয়া দেয়, চিদাকাশে সঞ্চারকারী যে যোগী দক্ষিণ ও বাম ভাগ ছাড়িয়া চিত্তসহিত প্রাণ ও অপান বায়ুকে সমান করিয়া রাখে—গঙ্গানদী রাস্তার ভাল মন্দ সকল জল বহন করিয়া সমুদ্রে মিলিত হইলে সেই জল যেরূপ পৃথক করিয়া বাদ দেওয়া যায় না সেইরূপ, হে অর্জ্জুন, যখন চিদাকাশে প্রাণ ও অপান বায়ুর সহিত মনের লয় করা যায়, তখন অন্য বাসনার বিচার আপনা আপনি বন্ধ হইয়া যায়; যাহার উপর সংসার চিত্র অঙ্কিত হয়, সেই মনরূপ পট তখন ছিঁড়িয়া যায় এবং সরোবর শুকাইয়া গেলে উহাতে যেরূপ প্রতিবিম্ব পড়ে না,

সেইরূপ তখন মূল মন না থাকায় অহংভাবাদি আর কোথায় থাকিতে পারে ? অতএব এই প্রকার অনুভূতিসম্পন্ন ব্যক্তি দেহধারী হইলেও ব্রহ্মত্ব লাভ করে ॥ ১৭।১৮ ॥

ভোক্তারং যজ্ঞতপসাং সর্ব্বলোক মহেশ্বরম্ ।
সুহৃদং সর্ব্বভূতানাং জ্ঞাত্বা মাং শান্তিমৃচ্ছতি ॥ ২৯ ॥

যে দেহের সহিত ব্রহ্মত্ব লাভ করিয়াছে, যম, নিয়ম, ইত্যাদির পর্ব্বত এবং অভ্যাসের সাগর অতিক্রম করিয়া পরপারে গিয়াছে, সে এই পথে গিয়াছে, এই কথা আমি পূর্ব্বে বলিয়াছি। সে নিজেকে উপাধি রহিত করিয়া প্রপঞ্চের অনুভব করিয়াছে এবং সত্য সত্য শান্তিস্বরূপ হইয়া রহিয়াছে। হৃষীকেশ এই প্রকার যোগমার্গের অভিপ্রায় বলিলে উহা অর্জ্জুনের মাম্মিক বিষয় হওয়াতে অর্জ্জুন আনন্দে আশ্চর্য্যান্বিত হইলেন। ইহা দেখিয়া শ্রীকৃষ্ণ তাহার ভাব বুঝিলেন এবং হাসিয়া পার্থকে বলিলেন, কি এই কথায় তোমার চিত্ত প্রসন্ন হইল ? তখন অর্জ্জুন বলিলেন,—হে পরচিত্ত-লক্ষণজ্ঞ, আপনি আমার মনোভাব ঠিক বুঝিয়াছেন। আমি যাহা বিচার করিয়া প্রশ্ন করিতে চাহিতেছিলাম তাহা আপনি পূর্ব্বেই জানিয়া লইয়াছেন। তবে আপনি যাহা বলিয়াছেন তাহাই বিস্তার করিয়া বর্ণন করুন। যেরূপ গভীর জল অপেক্ষা যে জল পায়ে হাটিয়া পার হওয়া যায় উহা সুগম, সেইরূপ আপনি যে প্রাঞ্জল মার্গ উপদেশ করিয়াছেন তাহা আমার মত দুর্ব্বল ব্যক্তির পক্ষে সংসারে সাংখ্যযোগ হইতে

প্রাঞ্জল বলিয়াই বোধ হয়। তবে এই কথা কিছু পরে আমি স্বীকার করিব। অতএব, হে দেব, একবার পর্য্যায়ক্রমে এই বিষয় বর্ণন করুন। তখন শ্রীকৃষ্ণ বলিলেন—বটে, তোমার এই পথ ভাল বলিয়া বোধ হয় ত? চিন্তা কি, আমি বলিতেছি আনন্দে শ্রবণ কর। হে অর্জ্জুন, তুমি শ্রবণ করিতে করিতে যদি শ্রুত বিষয়ের আচরণের নিমিত্ত যত্নবান্ হও, তবে আমি কি আর উপদেশ করিতে কৃপণতা করিব? শ্রীকৃষ্ণের চিত্ত অমনি মায়ের মত স্নেহযুক্ত তাহাতে আবার ভক্তের নিমিত্ত আরও। সেই স্নেহের অদ্ভুতত্তা কে বর্ণনা করিতে পারে? উহাকে কারুণ্যরসের বৃষ্টি বলিব কিম্বা নূতন প্রেমের সৃষ্টি বলিব? বিশেষ বলিব কি, শ্রীকৃষ্ণের সেই কৃপাদৃষ্টির বর্ণনা করিতে আমি অসমর্থ। কেননা সেই দৃষ্টিতে মনে হয়, অমৃত ঢালিয়া দিয়াছিল, অথবা মাদকদ্রব্য পান করিয়া প্রেমই মাতাল হইয়া গিয়াছিল। এই জন্য অর্জ্জুনের প্রেমের মধ্যে এমন ভাবে বদ্ধ হইয়া গিয়াছিল যে সেখান হইতে পৃথক হওয়া ভুলিয়া গিয়াছিল। যাহা অধিক বর্ণনা করিব, তাহাই মূল কথার অবান্তর হইবে এবং তাহার পরেও শ্রীকৃষ্ণ ও অর্জ্জুনের প্রেমের ঠিক্ ঠিক্ বর্ণনা করিতে পারিব না। ইহাতে আশ্চর্য্য কি? যে ঈশ্বর নিজেই নিজের মাপ করিতে পারেন না, তিনি কাহার বুদ্ধিগম্য হইতে পারেন? তথাপি উপযুক্ত বাক্যের অভিপ্রায় দেখিয়া উহা আমার স্বভাবতঃ প্রেমময় বলিয়াই মনে হইল; কেননা তিনি আগ্রহের সহিত বলিলেন, হে তাত, হে অর্জ্জুন, যেরূপে তোমার

চিত্তে জ্ঞানের উদ্রেক হইবে সেইরূপেই আমি কৌতুকের সহিত নিরূপণ করিব। যোগস্থিতি কাহার নাম, উহার প্রয়োজন কি, অথবা উহাতে অধিকারী কে, ইত্যাদি যাহা যাহা এই মার্গ সম্বন্ধে বলিয়াছি উহাদের সকলগুলিই আমি বর্ণন করিব। তুমি চিত্ত লাগাইয়া অবধারণ কর। তদনন্তর শ্রীহরি যাহা বলিয়াছেন, তাহা পরে বলা হইবে। নিবৃত্তিদাস বলিতেছেন, কর্ম্মসঙ্গ পরিত্যাগ না করিয়াই কর্ম্মযোগী কিরূপে হওয়া যায় শ্রীকৃষ্ণ তাহাই নিরূপণ করিয়াছেন। সেই কথার আমি বর্ণনা করিতেছি। ২৯॥

ইতি শ্রীজ্ঞানদেববিরচিতায়াং ভাবার্থদীপিকায়াং

পঞ্চমোঽধ্যায়ঃ।

ধ্যানযোগ

—:*:—

ষষ্ঠোঽধ্যায়।*

সঞ্জয় ধৃতরাষ্ট্রকে বলিলেন—পুনরায় শ্রীকৃষ্ণ আপন অভিপ্রায় অনুসারে যে যোগ তত্ত্বের নিরূপণ করিয়াছেন, তাহা শ্রবণ করুন। শ্রীকৃষ্ণ অর্জ্জুনকে স্বাভাবিক লীলাবশে যে ব্রহ্মরসের ভোগ প্রদান করিয়াছেন, সেই সময় আমি তথায় অতিথি হইয়া উপস্থিত হইয়াছি; এই ভাগ্যের মহিমা বর্ণনা করা যায় না। যেরূপ পিপাসিত ব্যক্তির নিকট উপনীত জলের আস্বাদ অমৃতরূপে অনুভূত হয়, সেইরূপ আমার ও আপনার অবস্থা হইয়াছে। কেননা, মুখ্য তত্ত্বজ্ঞান আমাদের করতলগত হইয়াছে। তখন ধৃতরাষ্ট্র কহিলেন,—আমি তোমার নিকট একথা জিজ্ঞাসা করি নাই। এই কথায় সঞ্জয় নৃপতি-হৃদয় বুঝিয়া লইলেন যে, সে সময় রাজার মনে পুত্রের চিন্তা রহিয়াছে। ইহা জানিয়া সঞ্জয় মনে মনে হাসিলেন এবং বলিলেন বৃদ্ধ মোহে পাগল হইয়া গিয়াছে। এপর্য্যন্ত যাহা বলা হইয়াছে তাহা অতি উপাদেয় কিন্তু জন্মান্ধ রাজা উহা কেমন করিয়া বুঝিবে বা দেখিতে পারে? আবার স্পষ্ট

* এই অধ্যায়কে অভ্যাস যোগও বলে।

কথা বলিলে রাজা ক্রোধ করিবে। এই ভাবিয়া সঞ্জয় শ্রীকৃষ্ণ-অর্জ্জুন সংবাদ আপন হৃদয়েই পর্য্যালোচনা করিয়া চিত্তে সন্তোষ লাভ করিলেন। এখন তিনি সেই আনন্দে তৃপ্ত হইয়া অন্তঃকরণের অভিপ্রায় প্রকাশ করিয়া যাহা প্রেমের সহিত বলিবেন, উহাই গীতার তত্ত্ব নির্ণয়রূপ ষষ্ঠ অধ্যায়। ক্ষীরসমুদ্র মথনে যেরূপ অমৃতলাভ সেইরূপ যাহা সকল গীতার্থের সার, যাহা বিবেক-সমুদ্রের পরপার, অথবা যাহা যোগ সম্পত্তির ধনাগার, যাহা মূল প্রকৃতির বিশ্রান্তি স্থান, যেখানে বেদ-সকলের নির্ব্বাক্ হইয়া যাইতে হয়, যাহা হইতে গীতাস্বরূপা লতিকার অঙ্কুর উদ্‌গম হয়, উহা আলঙ্কারিকের ভাষায় আমি বর্ণনা করিব। উহা মন দিয়া শ্রবণ করুন। আমার কথা যদিও প্রাকৃত ভাষার কথা তথাপি আমি এরূপ মধুর শব্দের প্রয়োগ করিব,যাহাতে অমৃতের আস্বাদনকেও পরাজিত করিবে। উহার মৃদুতার তুলনায় সপ্তস্বরের প্রকারভেদকেও হীন বলিয়া প্রতিপন্ন করিবে। উহাতে রত হইলে সুগন্ধও তুচ্ছ হইয়া যাইবে। উহার সুরসতার লোভে শ্রবণেরও জিহ্বা উৎপন্ন হইবে এবং ইন্দ্রিয়গণের মধ্যে প্রণয়-কলহ উৎপন্ন হইবে। ইহা শব্দ অতএব শ্রবণেন্দ্রিয়ের বিষয়, কিন্তু রসনা বলিবে এই রস আমার আস্বাদ্য। ঘ্রাণেন্দ্রিয় গন্ধকেই গ্রহণ করে, এইজন্য এই ভাষা সুগন্ধি হইয়া যাইবে। এই নবীন ভাষার কবিত্ব দর্শন করিয়া নয়নের তৃপ্তি হইবে; সে বুঝিবে ইহাতে রূপের খনি আবিষ্কৃত হইয়াছে। যেখানে সম্পূর্ণ

পদ সমাপ্ত হইবে সেখানে মন দৌড়াইয়া বাহিরে আসিবে উহাকে আলিঙ্গন করিবার জন্য বাহু প্রসারিত করিবে। এই প্রকার ইন্দ্রিয়গণ আপন আপন ভাবানুসারে ইহাকে জানিতে চেষ্টা করিবে। তবে সূর্য্য যেরূপ সমস্ত জগৎকে সমান ভাবে চেতনা প্রদান করে সেইরূপ এই ভাষার বাণী সকলকেই সমান ভাবে জ্ঞান প্রদান করিবে। সূর্য্যের মত এই ভাষার ব্যাপকতাও অসাধারণ। দ্রষ্টা ও বোদ্ধার সমীপে উহা চিন্তামণির গুণ প্রকাশ করে। আর বলিব কি, এইরূপ ভাষার থালা ভরিয়া ব্রহ্মরসই পরিবেশন করা হইয়াছে। নিষ্কাম লোকের নিমিত্ত আমি মহোৎসবের অনুষ্ঠান করিয়াছি। যে নিত্য নূতন আত্মজ্যোতিঃ প্রদীপের আলোকে ইন্দ্রিয়গণকে চালিত করিয়া এই মহোৎসবের উপভোগ করিবে, তাহারই ইহা লাভ হইবে। এখানে শ্রোতার শ্রবণেন্দ্রিয়ের সহিত সম্বন্ধ বিরহিত হইতে হইবে। মনোময় শরীরে ইহার ভোগ করা চাই। এই ভাষার উপরের খোলস তুলিয়া ফেলিলে ইহাতে ব্রহ্মস্বরূপই প্রকট হইবে এবং অনায়াসলব্ধ সুখে থাকিয়া সুখেরই ভোগলাভ হইবে। যদি উপর্য্যুক্ত মৃদুতার লাভ হয় তবেই এই বাণীর সাফল্য; তাহা না হইলে ত এই সকল বহিরঙ্গ কথাই হইয়া থাকিবে। তবে এখন সে কথা থাকুক, শ্রোতাগণকে সাবধান করিবার কিছু প্রয়োজন নাই, কেননা ইহারা সকলেই কামনারহিত এবং স্বভাবতঃ অধিকারী। তাহারা আত্মজ্ঞানে রুচিহেতু স্বর্গ ও সংসার তুচ্ছ বলিয়া ত্যাগ করিয়াছে। তাহারা ভিন্ন আর

কেহ ইহার মাধুর্য্য জানিতে পারে না। যেরূপ কাক কখনও চন্দ্রালোকের পরিচয় পায় না, সেইরূপ সাধারণ লোক এই গ্রন্থের মহিমা বুঝিতে পারিবে না। আর চন্দ্রমাই যেরূপ চকোরের খাদ্য সেইরূপ এই গ্রন্থই জ্ঞানীর আশ্রয় এবং অজ্ঞানীর নিমিত্ত ইহা বিদেশ স্থল। অতএব বিশেষ আর বলিবার প্রয়োজন নাই। তথাপি প্রসঙ্গক্রমে আমি যাহা কিছু বলিয়াছি উহার জন্য সজ্জনের সমীপে আমি ক্ষমা প্রার্থনা করি। এখন শ্রীরঙ্গদেব শ্রীকৃষ্ণ যাহা নিরূপণ করিয়াছেন তাহাই বলিতেছি। বুদ্ধিদ্বারা উহার সঙ্কলন অতি কঠিন অতএব শব্দদ্বারা উহার প্রকাশ করাও সুকঠিন। তবে উহা আমি শ্রীনিবৃত্তির কৃপারূপ প্রদীপের আলোকে দেখাইয়া দিতে পারিব। ইন্দ্রিয়াতীত জ্ঞানের বল লাভ হইলেও যে বস্তু দর্শনের বিষয় হয় না, উহাও দৃষ্টিপাত ভিন্ন দেখা যাইতে পারে। যদি দৈবযোগে পরশমণি লাভ হয়, তবে রাসায়নিকগণও যে পবিত্র স্বর্ণের খোঁজ পান না, লৌহকে এরূপ বিশুদ্ধ স্বর্ণে পরিণত করিতে পারা যায়। যদি সদ্গুরুর কৃপা হইল তবে প্রযত্ন করিলে কেন উহা পাওয়া যাইবে না? এই প্রকার জ্ঞানদেব বলিতেছেন, আমার প্রতি সেই কৃপা প্রচুর আছে এইজন্য আমি নিরূপণ করিতেছি। আমি শব্দ দ্বারা অরূপ ব্রহ্মের রূপ প্রকাশ করিব আর উহা ইন্দ্রিয়ের অতীত বস্তু হইলেও ইন্দ্রিয় দ্বারা ভোগ করাইব। শ্রবণ করুন, তদনন্তর পূর্ণ যশঃ, শ্রী, ঔদার্য্য, জ্ঞান, বৈরাগ্য এবং ঐশ্বর্য্যরূপ ছয়টী শ্রেষ্ঠগুণ

যাঁহার আছে বলিয়া ভগবান্ বলা হয়, সেই নিঃসঙ্গ পুরুষের সাঙাতি—সাথী, অর্জ্জুনকে তিনি বলিলেন—আমার কথায় মন দাও।

শ্রীভগবানুবাচ

অনাশ্রিতঃ কর্ম্মফলং কার্য্যং কর্ম্ম করোতি যঃ।
স সন্ন্যাসী চ যোগী চ ন নিরগ্নির্নচাক্রিয়ঃ ॥ ১ ॥

শোন, সংসারে যোগী এবং সন্ন্যাসী একই। উহাদিগকে ভিন্ন মনে করিও না। সাধারণতঃ বিচার করিয়া দেখিলে এই দুই একই বলিয়া জানিবে। দুই নাম শুধু আরোপ। উহা ছাড়িয়া দিলে যাহা যোগ তাহাই সন্ন্যাস। ব্রহ্মদৃষ্টি দ্বারা দেখিলে দুইটার মধ্যে কোনও পার্থক্য দেখা যায় না। একই মানুষ যেমন পৃথক্ পৃথক্ নামে পরিচিত হয় অথবা একস্থানে যাইবারই পৃথক্ পৃথক্ পথ থাকে অথবা যেরূপ জল স্বভাবতঃ এক হইলেও ভিন্ন ভিন্ন ঘটে ভিন্ন ভিন্ন ভাবে পূর্ণ থাকে, সেইরূপ যোগ ও সন্ন্যাসের ভিন্নতাকে জানিবে। হে অর্জ্জুন, সংসারে সকলেরই এই অভিমত আছে—যে কর্ম্ম করিয়া ফলে অনুরক্ত হয় না, তাহাকেই যোগী বলিয়া বুঝিতে হইবে। যেরূপ পৃথিবী স্বাভাবিকভাবে অহংবুদ্ধি ব্যতিরিক্তই বৃক্ষ ইত্যাদি উৎপন্ন করিয়া থাকে, বীজাদির অপেক্ষা করে না; সেইরূপ যে আত্মা সর্ব্বত্র ব্যাপক হইয়া আছেন, উহার আশ্রয়ে তথা জাতির অনুরূপ যখন যেরূপ কর্ম্ম প্রাপ্ত হওয়া যায়, উহাই কর্ত্তব্য বুদ্ধিতে সে সম্পাদন করিয়া থাকে, অথচ যে শরীরে আত্মাভিমান

রাখে না এবং যাহার বুদ্ধি কর্ম্ম করিয়া ফলের আশা পর্য্যন্ত যায় না, সে-ই সন্ন্যাসী। হে পার্থ, শোন, বস্তুতঃ সে-ই যোগীশ্বর। অন্যথা যে নিত্য নৈমিত্তিক কর্ত্তব্য কর্ম্মকে বন্ধনের হেতু ভাবিয়া উহা ত্যাগ করে এবং অন্য কর্ম্ম করিবার জন্য প্রবৃত্ত হয়, তাহার একটী রং ধুইয়া তৎক্ষণাৎ অন্য বর্ণে রঞ্জিত হওয়ার মত আগ্রহের ফলে বৃথা বিড়ম্বনাই লাভ হয়। প্রথম হইতেই গৃহস্থাশ্রমের যে বোঝা মাথার উপর আছে সন্ন্যাস লইয়া উহা আরও বাড়াইয়া থাকে। অতএব শ্রৌত ও স্মার্ত্ত হোম ইত্যাদি না ছাড়িয়া কর্ম্মের মর্য্যাদা উল্লঙ্ঘন না করিলেও নিজের মধ্যে অনায়াসে যোগসুখ প্রাপ্ত হওয়া যায় ॥ ১ ॥

যং সংন্যাসমিতি প্রাহুর্যোগং তং বিদ্ধি পাণ্ডব।
ন হ্যসংন্যস্তসংকল্পো যোগী ভবতি কশ্চন ॥ ২ ॥

শোন, যে সন্ন্যাসী সে-ই যোগী, এই একবাক্যতার পতাকা সংসারে অনেক শাস্ত্রের মধ্যে উড্ডীন করা হইয়াছে। সে সকল শাস্ত্র আপন অনুভব প্রমাণের বলে এই সত্যই নির্দ্ধারণ করিয়াছে যে, যে অবস্থায় ত্যাগের সঙ্কল্প পর্য্যন্ত লোপ পাইয়া থাকে উহাই যোগসাররূপে ব্রহ্মের সহিত মিলন ॥ ২ ॥

আরুরুক্ষোর্মুনের্যোগং কর্ম্ম কারণমুচ্যতে।
যোগারূঢ়স্য তস্যৈব শমঃ কারণমুচ্যতে ॥ ৩ ॥

এখন হে পার্থ, যদি যোগরূপ পর্ব্বতের শিখরে আরোহণ করিতে অভিলাষ থাকে তবে কর্ম্মমার্গরূপ সিঁড়ি পরিত্যাগ

করিও না। এই পথ দিয়া যম নিয়মরূপ আশ্রয়ভূমি, বিবিধ আসনরূপ সোপান ও প্রাণায়ামরূপ আড়কাঠের নির্ভর করিয়া চল। প্রত্যাহার এই পথের মধ্যভাগ সেখানে গিয়া বুদ্ধিরও পতিত হওয়ার সম্ভাবনা এমন কি হঠযোগীও * এইস্থান হইতে স্খলিত হইয়া থাকেন; তাহারও প্রতিজ্ঞা ভঙ্গ হয়। কিন্তু অভ্যাসের বল থাকিলে ও প্রত্যাহাররূপ নিরালম্ব পথে বৈরাগ্যের নখর বিদ্ধ করিয়া অগ্রসর হইতে পারিলে এবং

অশেষ তাপতপ্তানাং সমাশ্রয়মঠো হঠঃ।
অশেষ যোগযুক্তানামাধারকমঠো হঠঃ॥

অত্যন্ত রৌদ্রতাপিত পথিকগণের পক্ষে সম্মুখবর্ত্তী মঠ যেমন আশ্রয় স্বরূপ, সেইরূপ অশেষ (ত্রিবিধ) সংসারতাপে তাপিত ব্যক্তিগণের পক্ষেও হঠ বিদ্যা পরমাশ্রয়; আর কুর্ম্ম যেমন নিখিল ভূমণ্ডলের আধার, সেইরূপ এই হঠবিদ্যা নিখিল যোগনিরত সাধকগণের আধার স্বরূপ।

(হঠযোগ প্রদীপিকা বসুমতী সংস্করণ)

হঠ শব্দের অর্থ বল। বলপূর্ব্বক যে সাধনার পন্থা তাহাকে হঠ যোগ বলা যায়। রাজ যোগাদির সিদ্ধির নিমিত্ত প্রথমে হঠ যোগের সাধনা। ইহাকে রাজযোগের সোপান বলা হয়। নাথ সম্প্রদায়ের বিশিষ্ট দান এই হঠযোগ। শ্রীআদিনাথ, মৎস্যেন্দ্রনাথ, শাবর, আনন্দভৈরব, চৌরঙ্গী, মীননাথ, গোরক্ষনাথ, বিরূপাক্ষ, বিলেশয়, মন্থান, যোগীভৈরব প্রভৃতি বহু সিদ্ধ হঠযোগীর নাম এই সম্প্রদায়ে প্রসিদ্ধ। গোরক্ষ মুনির মতে হঠযোগ ষড়ঙ্গ :—

আসনং প্রাণসংরোধঃ প্রত্যাহারশ্চ ধারণা।
ধ্যানং সমাধিরেতানি যোগাঙ্গানি স্মৃতানি ষট্॥

পশ্চাতে বায়ুর আনুকূল্যে ধারণা নামক প্রশস্তভূমি লাভ করিলে ক্রমে সে ধ্যানের গিরিশৃঙ্গ প্রাপ্ত হয়। তখন পথ চলা শেষ হইয়া যায়। যেখানে সাধ্য ও সাধন সমরস হইয়া পরস্পর আলিঙ্গিত হয়। যাহার পর আর পথ নাই যেখানে পশ্চাতের স্মৃতিও থাকেনা। এইরূপ সমতার ভূমিতে সমাধি প্রাপ্তি হইয়া থাকে। এই উপায়ে যিনি যোগারূঢ় এবং শ্রেষ্ঠদশা লাভ করিয়াছেন তাহার লক্ষণ বলিতেছি শোন। ৩॥

যদা হি নেন্দ্রিয়ার্থেষু ন কর্ম্মস্বনুষজ্জতে।
সর্ব্বসঙ্কল্পসন্ন্যাসী যোগারূঢ়স্তদোচ্যতে॥ ৪॥

যাহার ইন্দ্রিয়ের ঘরে বিষয়ের গমনাগমন নাই, যে আত্ম-জ্ঞানের কুঠরীর মধ্যে শয়ন করে, সুখদুঃখরূপ শরীরের স্পর্শেও যাহার মন জাগ্রত হয় না, যে কাছে আসিলেও বিষয়ের স্মরণ করে না, ইন্দ্রিয়গণ কর্ম্মে প্রবৃত্ত হইলেও যে ফলের নিমিত্ত অন্তঃকরণে অভিলাষ করে না, এত বড় শরীর ধারণ করিয়াও যে জাগ্রত অবস্থায় নিদ্রিতের মত থাকে, তাহাকেই ভাল করিয়া যোগারূঢ় বলিয়া বুঝিবে। তখন অর্জ্জুন বলিলেন—

মার্কণ্ডেয় মুনির মতে উহা অষ্টাঙ্গ ঃ—

যমশ্চ নিয়মশ্চৈব আসনঞ্চ তথৈব চ।
প্রাণায়ামস্তথা গার্গি প্রত্যাহারশ্চ ধারণা।
ধ্যানং সমাধি রেতানি যোগাঙ্গানি বরাননে॥

১। যম, ২। নিয়ম, ৩। আসন, ৪। প্রাণায়াম, ৫। প্রত্যাহার, ৬। ধারণা, ৭। ধ্যান, ও ৮। সমাধি; যোগের এই অষ্টাঙ্গ।

হে অনন্ত, ইহা শুনিয়া আমার বড়ই আশ্চর্য্য বোধ হইতেছে—ঐ যোগকে এই প্রকার যোগ্যতা কে দেয় ? ৪ ॥

উদ্ধরেদাত্মনাত্মানং নাত্মানমবসাদয়েৎ
আত্মৈব হ্যাত্মনো বন্ধুরাত্মৈব রিপুরাত্মনঃ ॥ ৫ ॥

তখন শ্রীকৃষ্ণ হাসিয়া কহিলেন,—তোমার এই প্রশ্নটা কি আশ্চর্য্যজনক নয় ? এই অদ্বৈত পরম-তত্ত্বের মধ্যে কে কাহাকে কি দিতে পারে ? ভ্রমরূপ শয্যার উপর অজ্ঞানরূপ নিদ্রা আসে, তাহাতে জন্মমৃত্যুরূপ দুঃস্বপ্নের ভোগ প্রাপ্তি হয়। অনন্তর অকস্মাৎ চেতনা ফিরিয়া আসিলে সকল কথাই মিথ্যা বলিয়া প্রতীতি হয়। এই প্রকার যে সদ্ভাব উৎপন্ন হয়, উহাও নিজের আত্মাতেই উৎপন্ন হয়। হে ধনঞ্জয়, তাৎপর্য্য এই যে, মিথ্যা অভিমানে চিত্ত লাগাইয়া নিজেই নিজের বধ করিয়া থাকে ॥ ৫ ॥

বন্ধুরাত্মাত্মনস্তস্য যেনাত্মৈবাত্মনা জিতঃ।
অনাত্মনস্তু শত্রুত্বে বর্ত্তেতাত্মৈব শত্রুবৎ ॥ ৬ ॥

বিচার করিয়া এই অহঙ্কারকে ত্যাগ করিতে পারিলে নিত্য ব্রহ্মরূপ লাভ করা যায় এবং নিজেই নিজের কল্যাণ করিয়া লইতে পারা যায়, নতুবা যে এই সুশোভিত শরীরকেই আত্মা বুঝিয়া লয় সে কোষকীটের (গুটিপোকা) মত নিজেই নিজের শত্রু হইয়া থাকে। জ্ঞান লাভের সময় কোনও দুর্ভাগা মনুষ্য স্বেচ্ছাকৃত অন্ধতায় নিজেই নিজের উন্মীলিত চক্ষুকেও

বন্ধ করিয়া লয়। যদি কেহ ভ্রমহেতু মনে করে আমি নাই, আমি হারাইয়া গিয়াছি, অন্তঃকরণে এইরূপ মিথ্যা হঠ করিলেও বস্তুতঃ সে যেমন তেমনই থাকে, তথাপি বলিতে হয় তাহার বুদ্ধিই ঠিক নাই। দেখ, স্বপ্নে ব্যাঘ্রের আক্রমণে সত্যই কি কেহ মরিয়া যায়? পক্ষীর অঙ্গভারে উহাকে ধরিবার জন্য রাখা ফাঁদের নলী এদিক্ ওদিক্ দুলিতে থাকে, পক্ষী তখন উড়িয়া যাইতে পারে কিন্তু তাহার মনের সন্দেহ যায় না; সে বৃথা শির বাঁকাইয়া বুক সঙ্কুচিত করিয়া নলী-টাকে ছাড়াইতে চায়, আর উহাকে নিজের পায়ের পাঞ্জা দিয়া টানিতে থাকে—সে মনে করে নিশ্চয়ই আমি বাঁধা পড়িয়াছি। এইরূপ ভাবনার মধ্যে পড়িয়া সে মুক্তপ্রায় পা-গুলিকে আরও অধিক আবদ্ধ করিয়া ফেলে। এই প্রকার বিনাকারণে যে বদ্ধ হয়, তাহাকে কি অপর কেহ আবদ্ধ করে বলিয়া বলা যায়? যদি তাহার বন্ধন কাটিয়াও দাও তবু সে নলী ছাড়ে না। অতএব শ্রীকৃষ্ণ বলিলেন, সে নিজেই নিজের বৈরী; যে আপন সঙ্কল্প স্থির রাখে এবং মিথ্যা বস্তুর বশীভূত হয় না সে-ই আত্মজ্ঞানী ॥ ৬ ॥

জিতাত্মনঃ প্রশান্তস্য পরমাত্মা সমাহিতঃ।
শীতোষ্ণসুখদুঃখেষু তথা মানাপমানয়োঃ ॥ ৭ ॥

যে অন্তঃকরণকে জয় এবং সকল কামনাকে উপশমিত করিতে চায়, তাহার নিকট পরামাত্মা পৃথক্ বস্তু বা দূরস্থ নয়। যেরূপ

স্বর্ণের ময়লা বাহির করিয়া লইলে উহা বিশুদ্ধ-স্বর্ণ হইয়া যায়, সেইরূপ সঙ্কল্পের নাশ হইয়া গেলেই জীবের ব্রহ্মত্ব প্রাপ্তি হয়। ঘটাকাশ নাশ হইলে উহাকে আকাশে মিলিয়া যাইবার জন্য কোনও ভিন্ন স্থানে যাইতে হয় না, সেইরূপ যাহার মিথ্যা দেহাভিমান সম্পূর্ণরূপে নষ্ট হইয়া যায়, সে প্রথম হইতেই সর্ব্ব-ব্যাপী পরমাত্মস্বরূপই আছে। তাহাতে শীত এবং উষ্ণতার প্রবাহ, সুখ দুঃখের বিচার, মান অপমানের শব্দ, ইত্যাদি কথার সমাবেশ হয় না। যে পথে সূর্য্যালোক গমন করে বিশ্বের সেই প্রদেশ তেজোময় হইয়া যায়, সেইরূপ সে যে বস্তু লাভ করে সেই রূপই হইয়া যায়। দেখ, মেঘ হইতে পতিত বর্ষার ধারা গড়াইয়া সমুদ্রের জলে মিশিয়া গিয়া পৃথক্ থাকে না, সেইরূপ যোগীশ্বরও শুভাশুভ কর্ম্ম পৃথক্ জ্ঞান করে না ॥ ৭ ॥

জ্ঞানবিজ্ঞানতৃপ্তাত্মা কূটস্থো বিজিতেন্দ্রিয়ঃ।
যুক্ত ইত্যুচ্যতে যোগী সমলোষ্টাশ্মকাঞ্চনঃ ॥ ৮ ॥

সংসারের জ্ঞানাত্মক ভাবের বিচার করিলে সংসার মিথ্যা-বলিয়া বুঝা যায়, আর যে বিচার করে সে স্বয়ংও জ্ঞানরূপ হইয়া যায়। তারপরে আবার 'আমি' ব্যাপক কি অব্যাপক এই দ্বৈতভাব না থাকার হেতু সেই দ্বৈতভাব নিজে নিজেই বন্ধ হইয়া যায়। এই প্রকার যে ইন্দ্রিয়গণকে জয় করিয়াছে, সে যদিও দেহধারী হউক তথাপি যোগ্যতায় পরব্রহ্মের তুল্য বুঝিতে হইবে। সে-ই জিতেন্দ্রিয় এবং তাহাকেই যোগযুক্ত বলা চলে। যে কখনও

'ইহা ক্ষুদ্র' 'উহা বৃহৎ' এইরূপ ভেদ রাখে না, যে মেরু পর্ব্বতের মত বিশাল স্বর্ণপিণ্ড ও মাটীর ঢেলা দুইটীকেই সমান বুঝিয়া থাকে, আর যে এরূপ নিরাকাঙ্ক্ষ যে সমগ্র পৃথিবীর মূল্যও অতি অল্প বোধ করে এবং উত্তম ও অমূল্য রত্নকেও সামান্য প্রস্তর খণ্ডের সমান বুঝিয়া থাকে— ॥ ৮ ॥

সুহৃন্মিত্রার্য্যুদাসীনমধ্যস্থদ্বেষ্যবন্ধুষু ।
সাধুষ্বপি চ পাপেষু সমবুদ্ধির্বিশিষ্যতে ॥ ৯ ॥

তাহাতে আবার সুহৃৎ, শত্রু, মিত্র, উদাসীন, ইত্যাদি বিচিত্র এবং বিভিন্ন ভাবের কল্পনা কেমন করিয়া হইতে পারে? তাহার কাছে কে কাহার বন্ধু, আর শত্রুই বা কে? যাহার এরূপ বোধ হইয়াছে যে 'আমিই বিশ্ব' তাহার দৃষ্টিতে, হে কিরীটী, অধম উত্তম কি ভেদ করা যায়? পরশ পাথরের নিকষে সুবর্ণের উত্তম মধ্যম ভেদ থাকে কি? সেই নিকষ যেরূপ কেবল শুদ্ধ স্বর্ণকেই উৎপন্ন করে, উক্ত যোগীর বুদ্ধিও নিরন্তর চরাচরে সেইরূপ সাম্যভাবকে উজ্জ্বল করিয়া দেয়। এই বিশ্বরূপ অলঙ্কার যদিও বিভিন্ন আকার, উহারা এক পরব্রহ্মরূপ সুবর্ণেই গড়া। সেই পুরুষের এইরূপ উত্তম জ্ঞান লাভ হইয়া যায় এবং সেইজন্য সে বহির্জগতের চিত্র বিচিত্র আকারে আকৃষ্ট হয় না। বস্ত্রখণ্ডে দৃষ্টি নিবদ্ধ করিয়া উহা তন্তুদ্বারা সৃষ্ট এই বিষয়ে সম্যক্ জ্ঞান হয়। সেইরূপ তাহার নিকট একতা ভিন্ন দ্বিতীয় কথাই থাকে না। যাহার এইরূপ প্রতীতি

এবং অনুভব তাহারই সমবুদ্ধি ; ইহার অন্যথা বুঝিও না। যাহার নাম তীর্থরাজ—প্রয়াগ তুল্য, যাহার দর্শনে প্রশান্তি, যাহার সঙ্গে ব্রহ্মভাব উৎপন্ন হয়, যাহার বাক্য ধর্ম্মের জীবন, যাহার দৃষ্টি হইতে মহাসিদ্ধিগণের উৎপত্তি হয় এবং স্বর্গসুখাদি যাহার ক্রীড়া, যদি দৈব বশে চিত্তে তাহার স্মরণ হয়, তবে স্মরণকারীকে তিনি আপন যোগ্যতা প্রাপ্ত করাইয়া দেন। অধিক বলা নিষ্প্রয়োজন—তাহার প্রশংসা বা স্তুতি করাও মঙ্গলদায়ক ॥ ৯ ॥

যোগী যুঞ্জীত সততমাত্মানং রহসি স্থিতঃ।
একাকী যতচিত্তাত্মা নিরাশীরপরিগ্রহঃ ॥ ১০ ॥

যাহার অস্ত-বিহীন অদ্বৈত-জ্ঞানসূর্য্যের উদয় হইয়াছে এবং যে অখণ্ডিতভাবে আপনাতে আপনি মগ্ন হইয়াছে, হে পার্থ, বিচার দৃষ্টিতে সে অদ্বিতীয়, ত্রিভুবনে অপরিগ্রাহী বলিয়া তাহাকেই জানিবে। ষড়্‌গুণৈশ্বর্য্যের আধার শ্রীকৃষ্ণ সিদ্ধ পুরুষের এই প্রকার অসাধারণ লক্ষণ যথোচিত বর্ণন করিয়া বলিলেন—যিনি জ্ঞানীশ্রেষ্ঠ, দর্শনকারীর দর্শনের সাধক প্রদীপস্বরূপ যে প্রভুর সঙ্কল্প মাত্র বিশ্ব-রচনা হয় ও প্রণবের হাটে যে শব্দব্রহ্মস্বরূপ বস্ত্র পাওয়া যায়. উহাও যাঁহার কীর্ত্তিকে আবরণ করিতে অসমর্থ ও অকিঞ্চিৎকর, যাঁহার অঙ্গের প্রভায় চন্দ্র সূর্য্যের প্রকাশ ক্রিয়ার প্রতিষ্ঠা, তাঁহাকে বিনা জগতের প্রকাশ যে অসম্ভব, তাহা বলা নিষ্প্রোজন।

যাঁহার একটী নামের মহিমার কাছে গগনকেও অল্প দেখায়, তাঁহার একটী গুণ মহিমাই বা তুমি কত বলিবে? অতএব সেই স্তুতি থাকুক্। পূর্ব্বোক্ত স্তুতিদ্বারা আমি যে কাহারও লক্ষণ বর্ণন করিয়াছি তাহা বলিতে পারি না; শুধু বর্ণনার কথা কি? শোন, ব্রহ্মবিদ্যা দ্বৈতজ্ঞান নষ্ট করিয়া দেয়। উহা স্পষ্ট করিয়া বর্ণন করিলে অতিপ্রিয় তোমার প্রীতি ভঙ্গ হইয়া যাইবে, এইজন্য আমি উহা বর্ণনা করি নাই। আমি প্রেম উপভোগের নিমিত্ত এক পাত্‌লা পর্দ্দার আবরণ রচনা করিয়া ভক্তের মনটাকে পৃথক্ করিবার মত করিয়া রাখিয়াছি—যাহাতে সোহং ভাব ও মোক্ষসুখাভিলাষীর দৃষ্টির কলঙ্ক ভক্তের প্রেমে না লাগিতে পারে। কদাচিৎ ভক্তের অহং ভাব চলিয়া গেলে এবং সে-ও মদ্রূপ হইয়া গেলে আমি একাকী তখন কি করিব? তখন এমন কে থাকিবে যাহাকে দেখিয়া আমার চক্ষু জুড়াইবে অথবা যাহার সহিত আমার মরম-কথা আলাপ করিতে পারিব অথবা যাহাকে প্রেমে দৃঢ় আলিঙ্গন করিতে পারিব? যদি আমার সহিত ঐক্য হইয়া যায়, তবে আপন হৃদয়ের সর্ব্বোত্তম কথা এবং যে কথা না বলিয়া চাপিয়া রাখা যায় না, তাহা কাহার নিকট বলিব?

শ্রীকৃষ্ণ এই প্রকার দীনতার বশ হইয়া অর্জ্জুনকে উপদেশ করিবার ছলে আপন মন দ্বারাই আপনাকে আলিঙ্গন করিবার চেষ্টা করিয়াছিলেন। এই কথাগুলি শুনিতে অদ্ভুত হইলেও পার্থকে শ্রীকৃষ্ণ-সুখের ঢালাই করা মূর্ত্তি বলিয়াই

জানিবে। আর বলিব কি, বন্ধ্যা স্ত্রীলোকের বৃদ্ধাবস্থায় এক পুত্র সন্তান জন্মগ্রহণ করিলে উহাতে যেরূপ স্নেহ ও মোহ প্রপঞ্চ রচনা হইতে থাকে, শ্রীকৃষ্ণের দশাও সেইরূপ হইয়াছে। যদি তাঁহার প্রেমের আধিক্য না দেখিতাম তবে আমি একথা বলিতাম না। দেখ, প্রেম কিরূপ অভিনব বস্তু! কোথায় যুদ্ধ আর কোথায় উপদেশ, মধ্যস্থলে ভগবৎ প্রীতির চিত্র অর্জ্জুনের মধ্য দিয়া প্রেমের মূর্ত্তিই নৃত্য করিতেছে। প্রেম আর লজ্জা উৎপন্ন করে না, ব্যসন আর স্থগিত করে না, ভ্রম আর ভুলাইতে পারেনা, তবে আর তাহাদের কাজ কি রহিল? তাৎপর্য্য এই যে, অর্জ্জুন মিত্রতার গৃহ অথবা সুখ-শৃঙ্গার করিবার জন্য মনের দর্পণ। এই প্রকারে অর্জ্জুন ধন্য; পুণ্য, পবিত্রতা এবং জগতে ভক্তির বীজ বপন করিবার জন্য তিনি সুক্ষেত্র যেহেতু শ্রীকৃষ্ণকৃপার পাত্র। অথবা আত্ম-নিবেদনের পূর্ব্বে সখ্য নামক যে একটী ভূমিকা আছে অর্জ্জুন তাহার আশ্রয়ভূত দেবতা। তিনি শ্রীকৃষ্ণের এরূপ প্রিয় যে তাঁহার নিকট দাঁড়াইয়া শ্রীকৃষ্ণের স্তুতি না করিলেও চলে শ্রীকৃষ্ণসেবকের স্তুতি করিলেই হয়। দেখ, যে প্রীতির সহিত পতির সেবা করে এবং পতির নিকট হইতে সম্মানলাভ করে, পতি অপেক্ষা সেই পতিব্রতা নারীর প্রশংসা কি অধিকতর নয়? সেইরূপ অর্জ্জুনের বিশেষ স্তুতি করাই আমার হৃদয়ে ভাল বলিয়া অনুভব হয়। কেননা তিনি একাই ত্রিভুবনের ভাগ্যের অধিষ্ঠান হইয়া রহিয়াছেন। তাহারই প্রেমে বশীভূত

হইয়া নিরাকার পরমাত্মাও সাকারতা স্বীকার করিয়া আছেন এবং স্বয়ং পূর্ণ হইলেও ভক্তের জন্য তাঁহার উৎকণ্ঠা লাগিয়াই রহিয়াছে।

তখন শ্রোতৃবৃন্দ কহিলেন—অহো ভাগ্য! কি সুন্দর কথা! মনে হয়, উহা নাদ ব্রহ্মের মাধুর্য্যকেও পরাজয় করিয়াছে। কি আশ্চর্য্য! প্রাকৃত ভাষার এরূপ ভঙ্গী যে, উহা হৃদয়-আকাশে সাহিত্যিক নবরসের বর্ণ সৃষ্টি করিয়াছে; জ্ঞানরূপ জ্যোৎস্না উদ্ভাসিত এবং ভাবার্থরূপ স্নিগ্ধতা বিস্তারিত, আবার শ্লোকার্থরূপ কুমুদিনী স্বাভাবিকরূপে বিকশিত হইয়া রহিয়াছে। ইহাতে মনোরথ এরূপ পুষ্টিলাভ করিয়াছে যে, যাহাদের কোন কামনা নাই তাহাদিগকেও কামনাযুক্ত করিয়া দেয়। এইভাবে অন্তরে আনন্দিত হইয়া শ্রোতৃগণ বিস্ময়রসে ডুবিয়া রহিলেন।

নিবৃত্তিদাস জ্ঞানেশ্বর তাহা বুঝিতে পারিয়া বলিলেন,—আপনারা অবধান করুন, পাণ্ডবকুল শ্রীকৃষ্ণরূপ নব দিবাকরের উদয় দর্শন করিয়াছে। যাঁহাকে দেবকী দেবী গর্ভে ধারণ করিয়াছেন, যশোদা কষ্ট করিয়া পালন করিয়াছেন, তিনি অবশেষে পাণ্ডবগণের উপযোগী হইয়াছেন। কিছুদিন পর্য্যন্ত সেবা করা এবং অবসর মত মিনতি করার ক্লেশ ভাগ্যবান্ অর্জ্জুনের ঘটিয়া উঠে নাই। যাহা হউক এখন শীঘ্র মূল কথা নিরূপণ করি। অর্জ্জুন প্রীতির সহিত বলিলেন—হে দেব, আপনার বর্ণিত সাধুর লক্ষণ আমাতে নাই। পূর্ব্বোক্ত

লক্ষণের পরিমাপে আমি নিশ্চিতই অতি অযোগ্য তথাপি শুনুন, আপনার কথায় আমি শ্রেষ্ঠতা লাভ করিতে পারি। যদি আপনি মনে করেন তবে আমি ব্রহ্মও হইতে পারি। যাহাই হউক না কেন আপনি যাহা বলিবেন, আমি অভ্যাস করিয়া লইতে পারি। জানি না আপনি কাহার বর্ণনা করিয়াছেন, তবু উহা শুনিয়া আমার মনে প্রশংসা করিতে ইচ্ছা হইতেছে। সেইরূপ যোগ্যতা পাইলে না জানি কত অপরিমিত আনন্দই হইবে। আমি কি সেরূপ হইতে পারিব? হে গোস্বামিন্, আপনি কি স্বেচ্ছায় এরূপ কৃপা করিবেন?

শ্রীকৃষ্ণ হাসিয়া বলিলেন,—"হাঁ, হাঁ, করিব, করিব।" দেখ যতদিন একমাত্র সন্তোষ লাভ না হয় ততদিন সুখপ্রাপ্তি সম্বন্ধে বড়ই কঠিনতা অনুভব হয়। সন্তোষ লাভ করিলে কি আর কখনও সুখের ন্যূনতা থাকে? সেইরূপ সর্ব্বেশ্বরের পূর্ণ সেবক অর্জ্জুন অনায়াসে ব্রহ্মস্বরূপ লাভ করিয়াছেন। দেখ, কিরূপ সৌভাগ্যের পক্কফসলের বোঝা তাহার মাথায়! সহস্রাধিক জন্মে ইন্দ্রাদি দেবতাগণেরও যাঁহার দর্শন দুর্লভ, তিনিই অর্জ্জুনের এরূপ অধীন হইয়া গিয়াছেন যে, তাহার একটা কথাও বিফলে যাইতে দেন না। অর্জ্জুন ব্রহ্ম হইবার ইচ্ছা প্রকাশ করিতেই শ্রীকৃষ্ণ উহা শুনিয়া লইয়াছেন। তিনি বিচার করিয়াছেন, অর্জ্জুনের ব্রহ্মলাভের দোহদ ইচ্ছা হইয়াছে। ইহাতে বুঝা যায় যে, ইহার বুদ্ধির উদরে বৈরাগ্যের গর্ভ সঞ্চার হইয়াছে। যাহা হউক, এখনও

মাস পূর্ণ হয় নাই, তথাপি এই অর্জ্জুন-বৃক্ষ বৈরাগ্য-বসন্ত সমাগমে সোহং ভাবরূপ মুকুলে অবনত হইয়া পড়িয়াছে। এই প্রকারে শ্রীকৃষ্ণ এই নিশ্চয় করিলেন যে, অর্জ্জুন এরূপ বৈরাগ্য সম্পন্ন হইয়াছে যে, মোক্ষলাভরূপ ফল পাইতে তাহার আর বিলম্ব নাই। তিনি বুঝিতে পারিয়াছেন যে, যে তত্ত্বই তিনি বলিতে আরম্ভ করিবেন উহাই এখন হইতে ইহার পক্ষে ফলপ্রসব করিতে থাকিবে। অতএব ইহাকে যদি অভ্যাস যোগের উপদেশ করা যায়, উহা বৃথা যাইবে না। এই ভাবিয়া শ্রীহরি অর্জ্জুনকে বলিলেন, এখন আমি তোমাকে রাজ-পথের কথা বলিতেছি শ্রবণ কর। সেই পথে সংসাররূপ-বৃক্ষের তলায় মোক্ষ-ফল ছড়াইয়া আছে দেখা যায়। সেই পথে অদ্যাবধি শ্রীশঙ্কর গমন করিতেছেন। প্রথমতঃ যোগী সাধকগণ চিদাকাশে এদিক্ ওদিক্ ঘুরিয়াই গিয়াছেন কিন্তু সেখানে এখন তাঁহাদের অনুভবরূপ পদচিহ্ন পড়িয়া একটা রাস্তা তৈয়ারী হইয়া গিয়াছে। এইজন্য তাঁহাদের অনুগামী অজ্ঞানের পথ পরিত্যাগ করিয়া এই আত্মজ্ঞানের সরল পথে ধাবিত হয়। এই পথে চলিয়াই সাধক সিদ্ধ হইয়া গিয়াছে এবং শ্রেষ্ঠ তত্ত্বজ্ঞানী হইয়াছে। এই পথ দৃষ্টিগোচর হইলে ক্ষুধা, তৃষ্ণা ভুলিয়া যাইতে হয়, রাত্রি দিবসও আর জ্ঞান থাকে না। চলিবার সময় যেখানেই পদবিক্ষেপ করা যায়, প্রতি পদবিক্ষেপে মোক্ষের খনি প্রকাশ হইল বলিয়া মনে হয়—বাঁকা পথে গেলেও স্বর্গ-সুখ লাভ হয়। পূর্ব্বদিকে মুখ করিয়া বাহির হইলেও শান্ততার

সহিত পশ্চিমের ঘরে পৌঁছান সম্ভব হয়। হে ধনুর্দ্ধর, এই পথের গতি এইরূপই। এই পথে যে গ্রামে যাইতে ইচ্ছা হয়, সেই গ্রাম আপনিই সৃষ্টি হইয়া যায়। আমি আর ইহার কথা কি বর্ণনা করিব তুমি অনায়াসেই উহা অনুভব করিবে। পার্থ জিজ্ঞাসা করিলেন, হে দেব, কখন অনুভব হইবে? এই উৎকণ্ঠারূপ সমুদ্রে নিমগ্ন আমাকে কেন আপনি তুলিয়া লইতেছেন না? শ্রীকৃষ্ণ বলিলেন,…এইরূপ অধৈর্য্য হইতেছ কেন? আমিত নিজেই সেই উপায় বলিতেছিলাম, ইত্যবসরে তুমিই প্রশ্ন করিলে॥ ১০॥

শুচৌদেশে প্রতিষ্ঠাপ্য স্থিরমাসনমাত্মনঃ।
নাত্যুচ্ছ্রিতং নাতিনীচং চৈলাজিনকুশোত্তরম্॥ ১১॥

যাহা হউক আমি উহা বিশেষ করিয়া নিরূপণ করিতেছি। উহার উপযোগীতা কিন্তু অনুভব দ্বারাই জ্ঞানের বিষয় হইবে। প্রথমতঃ এরূপ একটা স্থান খুঁজিয়া লওয়া চাই যে, সমাধানের ইচ্ছায় একবার বসিলে আর উঠিতে ইচ্ছা হয় না। যে স্থানটা দেখিতেই বৈরাগ্য দ্বিগুণিত হইয়া বৃদ্ধি পায়। যাহা সাধুর আবাসস্থল সন্তোষের সহায়ক এবং মনকে ধৈর্য্যের নিমিত্ত প্রোৎসাহ প্রদান করে। যে স্থলের রমণীয়তা নিরন্তর এরূপ বৃদ্ধি পায় যে অভ্যাস স্বয়ং সাধকের বশীভূত হইয়া যায় এবং আপনা আপনি অনুভব হৃদয়ে আসিয়া প্রবেশ করে। যাহার নিকট হইতে বাহিরে আসিলে নাস্তিকেরও শ্রদ্ধা উৎপন্ন হইয়া

তপশ্চর্য্যা করিবার ইচ্ছা হয়। সকাম মার্গে চলিতে চলিতেও অকস্মাৎ যেখানে পৌঁছিয়া গেলে ফিরিয়া যাইবার কথা স্মরণ থাকে না। এই প্রকার স্থান খুঁজিয়া লওয়া চাই যে, উহা যে ব্যক্তি থাকিতে চায়না তাহাকেও ধরিয়া রাখে, ভ্রমণকারীকে বসাইয়া দেয় এবং বৈরাগ্যকেও জাগ্রত করে। যে স্থান দেখিলে বিলাসীরও রাজ্য ত্যাগ করিয়া সেখানে শান্তভাবে বসিয়া থাকিতে ইচ্ছা হয়। যে স্থান অতি উত্তম এবং নির্ম্মল—যেখানে চক্ষুর সমীপে ব্রহ্মস্বরূপ প্রকাশিত দেখা যায়। আরও একটী বিষয় দেখিতে হইবে, সেই স্থানে সাধকই বাস করিয়াছে এতদ্ভিন্ন ঐ স্থান অন্য লোকের পদধূলিতে মলিন হয় নাই। সেখানে অমৃতের মত সর্ব্বতোভাবে সুমিষ্ট এবং সর্ব্বদা ফল-প্রসবকারী ঘন বৃক্ষ আছে। স্থানে স্থানে জল, উহা বর্ষা ভিন্ন সর্ব্বদা নির্ম্মল! বিশেষতঃ নির্ঝরও যেখানে সুলভ। একটু একটু আতপ তাপ, নিশ্চল ও শীতল মন্দবহ পবন, প্রায়শঃ কোথাও শব্দ হয় না এবং বনও এরূপ ঘন যে শ্বাপদগণের প্রবেশও সম্ভব নয়। শুক বা ভ্রমর যেদিকে যায় না। জলের ধারে হাঁস, দুই চারিটী সারস, কোন সময় কোকিলও আসিয়া বসে। সর্ব্বদা না হইলেও মাঝে মাঝে ময়ূরও আসা যাওয়া করিলে আমি নিষেধ করি না। এরূপ স্থান কিন্তু অবশ্যই লাভ করিতে হইবে। সেখানে কোন গুপ্ত মঠ অথবা শিবালয়ও থাকিতে পারে। এই দুইটীর মধ্যে যেটিতে চিত্ত প্রসন্ন হয়, প্রায় সময় সেখানে একাকী বসিয়া থাকা চাই।

তাৎপর্য্য এই যে, এরূপ স্থান খুঁজিয়া বাহির করা চাই এবং পরীক্ষা করা চাই সেখানে মন স্থির হয় কি না। যদি মন স্থির হয় তবে সেখানে এরূপ আসন করিয়া বসা চাই যাহার উপরে সুন্দর মৃগচর্ম্ম, মধ্যে ধৌত বস্ত্রখণ্ড, আর নিম্নে অগ্রসহিত অতিশয় কোমল কুশ এরূপভাবে বিস্তৃত যে, উহারা সহজেই সমান হইয়া মিলিয়া থাকে এবং এক হইয়া থাকে। আসন উচ্চ হইয়া গেলে শরীর কম্পিত হইবে আর নীচু হইয়া গেলে আসন ভূমির সম্বন্ধে দোষ পাইবে। এজন্য ঐরূপ যেন না হয়। আসনটাকে সমান রাখিতে হইবে। অধিক বলিব কি আসন উপরোক্ত বর্ণনা অনুসারে হওয়া চাই ॥ ১১ ॥

তত্রৈকাগ্রং মনঃ কৃত্বা যতচিত্তেন্দ্রিয়ক্রিয়ঃ
উপবিশ্যাসনে যুঞ্জ্যাদ্ যোগমাত্মবিশুদ্ধয়ে ॥১২॥

অনন্তর সেখানে যোগিসাধক একাগ্র অন্তঃকরণে সদ্‌গুরুর স্মরণ পূর্ব্বক অত্মসুখের অনুভব লাভ করিবে। যতক্ষণ পর্য্যন্ত অহংভাব বিনষ্ট হইয়া অন্তরে ও বাহিরে সাত্ত্বিক ভাবে পূর্ণ হইয়া না যাইবে ততক্ষণ পর্য্যন্ত আদরের সহিত সদ্‌গুরুর স্মরণ করিতে থাকিবে। তখন বিষয়ের বিস্মৃতি হইয়া যাইবে, ইন্দ্রিয়গণেরও বিষয়ভোগের ইচ্ছা বিনাশ হইবে। হৃদয়ে মনরূপ বস্ত্রের আসন রচনা করিবে। এইরূপ মনের একভাবোধ যতক্ষণ সহজে লাভ করা না যায় ততক্ষণ পর্য্যন্ত আসনে বসিয়া থাকিবে। এই প্রকার অনুভবের সহিত আসনে বসা চাই। তখন এরূপ প্রতীতি হইবে যেন শরীরই

শরীরকে সাম্‌লাইয়া লইতেছে, প্রাণই প্রাণকে সাম্‌লাইতেছে। প্রবৃত্তি পশ্চাতে পড়িয়া থাকিয়া সমাধি সহজ সাধ্য করিয়া দিয়াছে। আসনের উপর বসিলেই সকল অভ্যাস অনায়াসসাধ্য হইয়া যায়। মুদ্রার মহিমাই এরূপ।

আসনের নিয়ম বর্ণন করিতেছি। জঙ্ঘাদ্বয় ভূমির সহিত সংলগ্ন কর। এক পদতল অপর পদতলের সহিত যুক্ত করিয়া উহা গুহ্যস্থানে স্থিরভাবে সংস্থাপন করিয়া খুব চাপ দেও। দক্ষিণপদ নীচে রাখ এবং শিশ্ন হইতে গুদস্থান পর্য্যন্ত যে রেখা আছে উহাকে সেই পদদ্বারা চাপ দাও। এই প্রকার করিলে বামপদ আপনা আপনিই উপরে থাকিবে। গুহ্যস্থান ও শিশ্নের মধ্যদেশে যে কেবল চতুরঙ্গুলি স্থান আছে উহার প্রত্যেক দিক্ হইতে দেড় অঙ্গুলি পরিমিত স্থান ত্যাগ করিয়া মধ্যস্থলে যে এক অঙ্গুলি স্থান অবশিষ্ট থাকে সেখানে গুল্‌ফের উত্তর ভাগ দ্বারা চাপিয়া রাখ এবং শরীর সোজা তুলিয়া রাখ। পৃষ্ঠের নিম্নদেশ এরূপ উত্তোলন কর যে উঠাইলে কি উঠাইলে না ইহা বোধের বিষয়ই হয় না; সঙ্গে সঙ্গে তুই হাঁটুরও ভার সাম্‌লাইয়া লও। তখন, হে পার্থ, সম্পূর্ণ শরীরের ভার গোঁড়ালির প্রান্তদেশে স্থির হইয়া থাকিবে।

হে অর্জ্জুন, ইহাকেই মূলবন্ধের লক্ষণ জানিবে। ইহাকে গৌণ বজ্রাসনও (ক) বলা যায়। এই প্রকারে যখন মূলাধারের

(ক) যোগশাস্ত্রে চতুরশীতি প্রকার আসনের কথা আছে। স্থির ভাবে সুখে উপবেশন করিবার ভঙ্গীকে আসন বলে, যথা

(খ) বন্ধ সিদ্ধ হইয়া যায় এবং আপন (গ) বায়ুর অধোমার্গ বন্ধ হইয়া যায় তখন বায়ুর গতি ভিতরের দিকে সঙ্কুচিত হইতে থাকে ॥১২॥

সমং কায়শিরোগ্রীবং ধারয়ন্নচলং স্থিরঃ।
সংপ্রেক্ষ্য নাসিকাগ্রং স্বং দিশশ্চানবলোকয়ন্ ॥১৩॥

হাত দ্রোণাকার করিয়া সহজভাবে বামপদের উপর রাখিবে; তাহাতে বাহুমূল স্থূলাকার দেখাইবে এবং মধ্যস্থলে শরীরদণ্ড স্থিরভাবে অবস্থান হেতু শির-কমল শরীরের ভিতরে প্রবিষ্টের মত এবং চক্ষুর পলক বন্ধ হইবারমত দেখাইবে। চক্ষের

পদ্মাসন, সিদ্ধাসন, স্বস্তিকাসন, প্রভৃতি। স্থিরসুখাসনম্। পতঞ্জলি যোগসূত্র ৪৩।

(খ) যোগশাস্ত্রে শরীরে নয়টী চক্র সংস্থানের কথা উল্লেখ করা হইয়াছে। উহারা যথাক্রমে (১) মূলাধার, (২) স্বাধিষ্ঠান, (৩) মণিপুর, (৪) অনাহত, (৫) বিশুদ্ধ, (৬) আজ্ঞা, (৭) ললনা, (৮) গুরু ও (৯) সহস্রার। এতদ্ভিন্ন যোগিগণের মনশ্চক্র, সোমচক্র প্রভৃতি কয়েকটী গুপ্ত চক্রও আছে। মানবদেহে গুহ্যদেশ হইতে দুই অঙ্গুলি উর্দ্ধে মূলাধার চক্র। উহা চতুর্দ্দল ও ঈষৎ রক্তবর্ণ। এই পদ্মচক্রের কর্ণিকারে পৃথ্বীমণ্ডল এবং পৃথ্বীবীজ লং আছে।

(গ) শরীরস্থ প্রধান পঞ্চবায়ুর মধ্যে হৃদয়ে প্রাণবায়ু, গুহ্যদেশে অপান বায়ু, নাভি মণ্ডলে সমান বায়ু, কণ্ঠে উদান বায়ু এবং সর্ব্ব শরীর ব্যাপিয়া ব্যান বায়ু অবস্থান করিতেছে। ভিন্ন নাম হইলেও প্রাণবায়ুই মূল ও প্রধান।

উপরের এবং নীচের পক্ষ্ম স্থির হইয়া যাইবে উহাতে চক্ষের অর্দ্ধোন্মীলিত স্থিতি হইয়া থাকে। দৃষ্টি ভিতরেই থাকে কুতূহলে বাহিরে আসিলেও মাত্র নাসাগ্র পর্য্যন্ত আসিতে দেখা যায়। ভিতরের দৃষ্টি ভিতরেই থাকে উহা বাহিরে আসে না, এই জন্য উক্ত অর্দ্ধদৃষ্টির নিবাস নাসাগ্রেই স্থির হইয়া থাকে। তখন দিক্‌সমূহের নির্ণয় করা অথবা রূপ দেখিবার বা পথ চাওয়ার ইত্যাদি ইচ্ছা আপনা আপনি বন্ধ হইয়া যায়। কণ্ঠ শুষ্ক বোধ হইতে থাকে। কণ্ঠের নীচে দম বন্ধ হইয়া যায়, বেগের সহিত হৃদয়কে চাপ দেয়, এবং মধ্যস্থলে কণ্ঠমণি অদৃশ্য হইয়া যায়। এই প্রকার যে বন্ধ হয় উহাকে জালন্ধর (ঘ) বলে। নাভি উপরের দিকে উঠিয়া যায়, উদর ভিতরের দিকে চলিয়া যায় এবং হৃদয়ে হৃদয়-কমল বিকশিত হয়। এই প্রকার নাভির নীচে স্বাধিষ্ঠান (ঙ) চক্রের উপর যে বন্ধ নির্ম্মাণ হয় উহাকে উড্ডীয়ান বলা হয়। শরীরের বাহ্য অঙ্গদ্বারা এই সকল অভ্যাস করিতে থাক ॥১৩॥

(ঘ) (১) মূলবন্ধ, (২) জালন্ধর বন্ধ, (৩) উড্ডীয়ান বন্ধ এই ত্রিবিধ বন্ধ সিদ্ধ যোগিগণের সমীপে দেখিয়া লইলে এবং মৌখিক উপদেশ পাইলেই সাধনযোগ্য।

(ঙ) শিশ্নমূলে সংস্থিত দ্বিতীয় চক্র। উজ্জ্বল রক্তবর্ণ ষড়্‌দলযুক্ত পদ্মাকৃতি, কর্ণিকায় অর্দ্ধচন্দ্রাকার বরুণমণ্ডল ও বরুণ বীজ বং আছে।

প্রশান্তাত্মা বিগতভীর্ব্রহ্মচারিব্রতে স্থিতঃ।
মনঃ সংযম্য মচ্চিত্তো যুক্ত আসীত মৎপরঃ ॥১৪॥

তখন অন্তরে মনোধর্ম্মের বেগ বিনষ্ট হইয়া যায়। কল্পনা বন্ধ হইয়া থাকে, প্রবৃত্তি শান্ত হইয়া যায় এবং শারীর ভাব ও মন সহজেই বিশ্রান্তি লাভ করে। ক্ষুধা কাহাকে বলে, নিদ্রা কোথায় গেল ইত্যাদি বিষয়ের বিস্মৃতি হইয়া যায়, এবং পুনরায় সেই চিন্তা শীঘ্র ফিরিয়া আসে না। যে অপান বায়ুকে মূলবন্ধ দ্বারা বন্ধ করিয়া দেওয়া যায়, সে-ই পরে ফিরিয়া আসিয়া পূর্ব্বে সঙ্কুচিত হইলেও এখন ক্ষুব্ধ হইয়া প্রবল হইতে থাকে; সন্তাপে মত্ত হইয়া মনে মনে গর্জ্জন করিতে থাকে এবং ধীরে ধীরে মণিপুর চক্রে (চ) যুদ্ধ বাঁধাইয়া দেয়। অনন্তর এই তুফান শেষ হইতেই উহা সমস্ত উদর মধ্যে ঘুরিয়া ঘুরিয়া উদরের আবর্জ্জনা সকল বাহির করিয়া ফেলিবার চেষ্টা করে। সেই বায়ু কেবল উদরের মধ্যেই পরিপূর্ণ হইয়া থাকে তাহাই নহে উহা দেহের প্রতি প্রকোষ্ঠে প্রবেশ করে এবং কফ পিত্ত প্রভৃতি নাশ করে। সপ্তধাতুর স্থান উল্টাইয়া মেদের পর্ব্বত চূর্ণ করিয়া দেয়, হাড় হইতেও মজ্জাকে বাহির করিয়া, নাড়ীগুলিকে খুলিয়া দেয়, এবং সর্ব্বাবয়ব শিথিল করিয়া দেয়। এই প্রকারে আপন বায়ু সাধককে ভয় দেখায়, তবে সাধক যেন ইহাতে ভয় না পায়।

(চ) নাভিদেশে তৃতীয় চক্র—মেঘবর্ণ—দশদলযুক্ত, দল দশটী নীলবর্ণ, কর্ণিকায় ত্রিকোণ বহ্নিমণ্ডল এবং বহ্নিবীজ রং আছে।

সে ব্যাধিও প্রকাশ করায় কিন্তু সঙ্গে সঙ্গেই উঁহা দূর করিয়া দেয়। উহা জলতত্ত্ব ও পৃথ্বীতত্ত্ব একত্র করিয়া দেয়।

হে ধনুর্দ্ধর, অপরদিকে আসনের উষ্ণতা কুণ্ডলিনী (ছ) নামক শক্তিকে জাগ্রত করিয়া দেয়। যেরূপ কোনও নাগিনীর শিশুসন্তানকে কুঙ্কুমে স্নান করাইয়া নিলে এবং সে কুণ্ডলী করিয়া থাকিলে দেখা যায়, সেইরূপ সেই ক্ষুদ্রাকৃতি কুণ্ডলিনী সাড়ে তিন কুণ্ডলী পাকাইয়া অধোমুখ হইয়া সর্পিনীর মত শুইয়া রহিয়াছে। উহা বিদ্যুৎ নির্ম্মিত কঙ্কণ অথবা অগ্নিশিখার বেষ্টনী অথবা উজ্জ্বল স্বর্ণের পাশ। এইরূপ যে অতি অল্প পরিসর স্থানে সঙ্কুচিত হইয়া বসিয়া আছে, সে বজ্রাসনের প্রভাবে জাগিয়া উঠে। তখন মনে হয় যেন কোনও নক্ষত্র বিপরীত গতিতে কক্ষচ্যুত হইল, অথবা সূর্য্য আসনচ্যুত হইল, অথবা তেজঃপুঞ্জের মধ্য হইতে অঙ্কুরোদ্গম হইল। এইভাবে সেই শক্তি কুতূহলে কুণ্ডলী ত্যাগ পূর্ব্বক আলস্য ত্যাগ করিলে নাভিস্থানে তাহার দর্শন হয়। প্রথমতঃ তাহার বহুদিনের ক্ষুধা, তাহার উপর আবার নিদ্রাভঙ্গ, এইজন্য সে আবেশভরে উপর দিকেই মুখ বিস্তার করিতে থাকে হৃদয় কমলের নীচে যে বায়ু পূর্ণ থাকে উহার

(ছ) ধ্যায়েৎ কুণ্ডলিনীং সূক্ষ্মাং মূলাধার নিবাসিনীং
তামিষ্টদেবতারূপাং সার্দ্ধস্ত্রিবলয়ান্বিতাম্॥
কোটি সৌদামিনীভাসাং স্বয়ম্ভুলিঙ্গবেষ্টিতাম্।
মুখে নিবেশ্য সা পুচ্ছং সুষুম্না বিবরে স্থিতা॥

সবটুকু সে গিলিয়া ফেলে। উপরে এবং নীচে মুখের জ্বালা ছড়াইয়া মাংসের রস খাইয়া ফেলে। শরীরের যে যে স্থান মাংসল থাকে সেই স্থান গুলির মাংস কমিয়া যায়। তদনন্তর এক দুই করিয়া সে হৃদয়স্থান পূর্ণ করিয়া লয়। হস্ত ও পদের তলকে মাংসরহিত করিয়া ভিন্ন ভিন্ন করিয়া দেয়। এই প্রকারে সে সর্ব্ব অবয়বের গ্রন্থিগুলি ভিন্ন করিয়া দেয়। অধোভাগকেও ছাড়ে না,—নখেরও সত্ত্ব বাহির করিয়া ফেলে এবং ত্বগিন্দ্রিয়কেও শোধন করিয়া হাড়ের সঙ্গে লাগাইয়া দেয়। হাড়ের নলের মধ্যবর্ত্তী রসকেও বাহির করিয়া শিরার অভ্যন্তরের ময়লা ধৌত করে যাহাতে রোমমূলেরও বাহ্যবৃদ্ধি বন্ধ হইয়া যায়। অনন্তর সেই তৃষ্ণাতুর কুণ্ডলিনী সপ্তধাতুর (জ) সমুদ্র মন্থন করিয়া পান করে, যাহাতে শরীরের সকল অংশই অত্যন্ত শুষ্ক হইয়া যায়। নাসিকার রন্ধ্র দ্বারা যে বায়ু বাহিরে দ্বাদশ অঙ্গুলি পরিমিত বাহির হয় তাহাকে ঠেলিয়া পশ্চাতে সরাইয়া রন্ধ্র মধ্যেই প্রবেশ করাইয়া দেয়। তখন নীচের বায়ু উপরে উঠিতে থাকে এবং উপরের বায়ু নীচে নামিতে থাকে। আর যখন এই দুই বায়ুর মিলন হয় তখন চক্রে উহা আঘাত করে। যদিও তখন দুই বায়ু মিলিয়া যায় তথাপি কুণ্ডলিনী ক্ষণেকের নিমিত্ত ব্যগ্র হইয়া তাহাকে বলে, "চলিয়া যাও, এখানে তোমার কি প্রয়োজন আছে?"

(জ) মানব শরীর শুক্র, শোণিত, মজ্জা, মেদ, মাংস, অস্থি ও ত্বক্ এই সপ্তধাতু দ্বারা গঠিত।

সে শরীরের পার্থিব অংশ খাইয়া ফেলে কিছুই অবশিষ্ট রাখে না; অনন্তর জলভাগও লোপ করিয়া ফেলে। এই প্রকারে সে শরীরস্থ দুই মহাভূতকেই খাইয়া তবে তৃপ্ত হয়, এবং সুষুম্না নাড়ীর নিকট শান্ত হইয়া থাকে। সে তৃপ্তির সন্তোষে মুখ হইতে যে গরল উদ্গীরণ করে সেই অমৃত দ্বারা প্রাণবায়ু জীবন ধারণ করে। ভিতর হইতে সেই বিষ অগ্নিরূপ হইয়া বহির্গত হয় কিন্তু উহা ভিতরে বাহিরে শীতল করিতে থাকে। তখন প্রথমতঃ যে অবয়ব জীর্ণ হইতেছিল উহারা পুনরায় দৃঢ় হইতে থাকে। যখন নাড়ীর পথ বন্ধ, নয় প্রকার বায়ুর গতি বন্ধ, শরীর ধর্ম্মও বিলুপ্ত, ইড়া ও পিঙ্গলা নাড়ী একত্র মিলিত তিনটী গ্রন্থি ছিন্ন এবং ছয়টী চক্রের কলিকা ফুটিয়া গিয়াছে, চন্দ্র এবং সূর্য্য নামক দুই কল্পিত বায়ুকে তখন প্রদীপ লইয়া খুঁজিলেও আর পাওয়া যায় না; বুদ্ধির বিকাশ বন্ধ হইয়া গিয়াছে, ঘ্রাণেন্দ্রিয় মধ্যে যে সুগন্ধ থাকে উহাও কুণ্ডলিনীর সঙ্গে সুষুম্না নাড়ীর মধ্যে প্রবিষ্ট হইয়া গিয়াছে, সেই অবস্থায় উপরের দিক হইতে চন্দ্রামৃত সরোবর ধীরে ধীরে কর্ণিকার মত কুণ্ডলিনীর মুখ মধ্যে পড়িতে থাকে। উহাতে নলীর মধ্যে যে রস পাওয়া যায় উহা সর্ব্ব শরীরে বিস্তারিত হয় এবং প্রাণ বায়ুর যোগে উহা যেখানে পড়ে সেইখানেই শুখাইয়া যায়। মোমের ছাঁচ তপ্ত করিয়া গলাইয়া লইলে উহাতে পূর্ব্বে ঢালা রসেরই সন্ধান পাওয়া যায়,

সেইরূপ সেই সাধকের শরীরের শোভায় মনে হয় কান্তিই মূর্ত্তিমান অবতীর্ণ হইয়াছে, এবং উপর হইতে ত্বক্-রূপ, পরদা সরাইয়া লইয়াছে। সূর্য্য মেঘের আবরণ হইতে বাহির হইয়া পুনরায় যেরূপ তেজোময় দেখায় সেইরূপই শরীরে ত্বক্-রূপ শুষ্ক আবরণ যাহা অবশিষ্ট থাকে তাহাও তুষের মত ঝরিয়া পড়িয়া যায়। তখন অবয়ব-কান্তির শোভা এরূপ দেখা যায় যে, মনে হয় দেহ যেন স্ফটিকেরই নির্ম্মিত; অথবা রত্নময় বীজের অঙ্কুরোদ্গম হইয়াছে; অথবা সন্ধ্যাকালের বর্ণ লইয়া উহাদ্বারাই সাধকের শরীর নির্ম্মাণ করা হইয়াছে; অথবা আত্মজ্যোতির চিহ্ন স্বচ্ছ করিয়া রাখা হইয়াছে; অথবা আত্মরস ঢালিয়া উহা গড়া হইয়াছে; অথবা আমার মনে হয়, উহা মূর্ত্তিমান শান্তিরই স্বরূপ হইয়াছে; অথবা আনন্দময় চিত্রাঙ্কণ বা মহাসুখের প্রতিমা কিম্বা সন্তোষরূপ বৃক্ষের অঙ্কুর স্থির করিয়া রোপণ করা হইয়াছে; অথবা উহা সুবর্ণ চম্পকের কলিকা; অথবা অমৃতের মূর্ত্তি; অথবা কোমলতার ক্ষেত্র শোভা; অথবা শারদীয় আর্দ্রতাদ্বারা চন্দ্রবিম্ব পল্লবিত হইয়াছে; অথবা মূর্ত্তিমান তেজই আসনের উপর উপবিষ্ট হইয়াছে। কুণ্ডলিনী যখন চন্দ্রামৃত পান করে তখন শরীরের অবস্থা এইরূপই হইয়া যায়। কৃতান্তও সেই দেহ দেখিয়া ভয় পায়; বার্দ্ধক্য পিছনে সরিয়া যায়; যৌবনের গ্রন্থি খুলিয়া যায়, এবং লুপ্ত বাল্যদশা পুনরায় প্রকাশিত হয়। তাহার আয়ু তখন অল্প বলিয়া মনে হয়। যথার্থতঃ তাহার ধৈর্য্যের অতুলনীয় মহিমা বাড়িয়া যায়।

বাল্য বলিতে বালকভাব বুঝিবে না, উহাতে যে বাল শব্দ আছে উহার "বল" (শক্তি) এই অর্থই করিতে হইবে। সেই শরীরে এরূপ নবীন এবং উৎকৃষ্ট নখ বহির্গত হয় যে, মনে হয় সোণার গাছের পল্লবে নিত্য নূতন রত্নের কলিকার উদ্গম হইয়াছে। দাঁতও নূতন হয় কিন্তু উহা খুব ছোট ছোট হয়, যাহা দেখিয়া মনে হয় দুইশ্রেণী হীরা বসাইয়া রাখা হইয়াছে। মাণিকের খণ্ড যেরূপ স্বাভাবিকভাবে চারিদিকে সূক্ষ্ম অগ্রবিশিষ্ট হয়, সেরূপ তাহার সর্ব্বগাত্রে সূক্ষ্মাগ্র রোম সমূহ দৃষ্টিগোচর হয়। হস্ততল ও পদতল রক্তকমলের মত হইয়া যায় এবং নয়নের আর কি বর্ণনা করিব উহা অত্যন্ত স্বচ্ছ হইয়া যায়। পরিপক দশা উপস্থিত হইলে যেরূপ শুক্তির মধ্যে মুক্তার স্থান কুলায় না বলিয়া শুক্তির আবরণ খুলিয়া যায়, সেইরূপ তাহার দৃষ্টি আর চক্ষুর আবরণে আবৃত থাকিতে স্থানে কুলায় না ; উহা বাহিরে আসিয়া ব্যাপক হইতে চায়। উহা অর্দ্ধোন্মীলিত থাকে, কিন্তু আকাশ পর্য্যন্ত ব্যাপ্তি থাকে। শরীর সুবর্ণের হইয়া গেলেও উহাতে বায়ুর লঘুত্ব থাকে, কেন না উহাতে পৃথ্বী ও জলের অংশ থাকেনা। উহাদ্বারা সমুদ্রের পরপারের দৃশ্য দেখা যায়, স্বর্গের মৃদু ধ্বনি শ্রবণ করা যায় এবং পিপীলিকারও মনের ভাব অনুভবের বিষয় হয়। উহা পবনরূপ অশ্বের উপর চড়িতে পারে, জলের উপর চলিলেও সেই সাধকের পদতল ভিজেনা। আনুষঙ্গিকভাবে এইরূপ অনেক সিদ্ধি লাভ হয়।

প্রাণবায়ুর হাত ধরিয়া হৃদয়াকাশকে সিঁড়ি করিয়া

সুষুম্না নাড়ীকে জয় করিলে হৃদয়কমল (ঝ) প্রাপ্ত সেই জগদম্বা কুণ্ডলিনী—যে চৈতন্যরূপ নৃপতির শোভা, যাহা জগদ্বীজ ওঁ-কারের অঙ্কুররূপ জীবের প্রতি ছায়া বিস্তার করিয়া আছে, যে নিরাকার ব্রহ্মের সাকার শরীর, যে পরমাত্মা শিবের পেটারিকা, যে প্রণবের কেবল জন্মভূমি, আর কি বলিব, সেই কুণ্ডলিনী-বালা যখন হৃদয়ে প্রবেশ করে তখন অনাহত ধ্বনি করিতে থাকে কুণ্ডলিনীর সহিতই বুদ্ধির চেতনা উপস্থিত থাকে। তাহাতে সেই বুদ্ধিকে উক্ত ধ্বনি ধীরে ধীরে শোনাইয়া দেয়। সেই ধ্বনি এরূপ যে মনে হয়, মহাশব্দময় কুণ্ডের ভিতর ধ্বনির চিহ্নের আকার এবং ওঁ কারের রূপ লেখা আছে। এই তত্ত্ব মাত্র কল্পনার দ্বারাই জানিবার বিষয়। তখন কল্পনাকারী কোথায় থাকে? অতএব তখন কোথা হইতে ধ্বনি আসিল ইহা জানা যায় না। হে অর্জ্জুন, আমি একটী কথা বলি নাই। যতক্ষণ পবন তত্ত্বের নাশ না হয় ততক্ষণ আকাশে ধ্বনি হয়, এই নিমিত্ত উহা গর্জ্জন করে। যখন সেই অনাহত রূপ মেঘের নিমিত্ত আকাশ গর্জ্জন করিতে থাকে, তখন সহজেই ব্রহ্মরন্ধ্রের বাতায়ন খুলিয়া যায়। শোন, যাহা কমল-গর্ভের ন্যায় সমান, যাহা দ্বিতীয় মহদাকাশই, সেখানে চৈতন্য নিবাস করে, সেই

(ঝ) হৃদয়ে বান্ধুলি ফুলের ন্যায় রক্তিমাভ দ্বাদশদল বিশিষ্ট চতুর্থ পদ্ম অনাহত চক্র বলিয়া খ্যাত। এই পদ্মের কর্ণিকায় অরুণ বর্ণ সূর্য্যমণ্ডল এবং ধূম্রবর্ণ ষট্‌কোণ বায়ুমণ্ডল আছে। এই স্থলে বায়ুবীজ যং আছে।

হৃদয়রূপ ভুবনে কুণ্ডলিনী পরমেশ্বরী যেন তেজোময় বীজ অর্পণ করিয়া দেয়। বুদ্ধিরূপ শাকদ্বারা সে এরূপ উত্তম নৈবেদ্য রচনা করে যে, তখন দ্বৈতবোধ অদৃশ্য হইয়া যায়। কুণ্ডলিনী আপন তেজ পরিত্যাগ করে এবং কেবল প্রাণরূপ হইয়া থাকে। সেই সময় কিরূপ দেখা যায়—যেন কোনও বায়ুময় পুতুল পরিহিত স্বর্ণময় সাড়ী অঙ্গ হইতে খুলিয়া পৃথক করিয়া রাখিয়া দিয়াছে; অথবা কোনও প্রদীপশিখা বায়ুর সংসর্গে লুপ্ত হইয়া গিয়াছে; অথবা আকাশে বিদ্যুৎ চমকিত হইয়া বিলীন হইয়া গিয়াছে। হৃদয়কমলে কুণ্ডলিনী এরূপ দৃষ্ট হয় যেন উহা সুবর্ণশলাকা, অথবা প্রকাশরূপ জলের ঝরণা প্রবাহিত হইয়া আসিয়াছে, এবং হৃদয় ভূমির নদীমধ্যে একেবারে লয় পাইয়া গিয়াছে। উক্ত শক্তির রূপ শক্তির মধ্যেই লুপ্ত হইয়া যায়, তথাপি উহাকে শক্তিই বলিতে হয়। অথবা উহাকে শুধু প্রাণ বলিয়াই বুঝিবে। সেই সময় নাদ, বিন্দু, কলা ও জ্যোতিঃ ইহারাও থাকে না। অথবা মনকে বশীভূত করা বা পবনকে আশ্রয় করা বা ধ্যানের অভ্যাস করা ইত্যাদি কথাও থাকে না। কোনও কল্পনা করা বা না করাও ছাড়িয়া যায়। ইহাকে পঞ্চমহাভূতের স্পষ্ট নির্ম্মলরূপ বলিয়াই জানিবে। পিণ্ডদ্বারা পিণ্ডের গ্রাস যাহা নাথ সম্প্রদায়ের সাধনার মর্ম্ম সেই অভিপ্রায় শ্রীমহাবিষ্ণু বর্ণনা করিলেন। সেই ধ্বনির গাঁঠুরী খুলিয়া শ্রোতাগণকে গ্রাহক জানিয়া আমি সত্যস্বরূপ বস্ত্রের বয়ন কৌশল প্রদর্শন করিলাম ॥ ১৪ ॥

যুঞ্জন্নেবং সদাত্মানং যোগী নিয়তমানসঃ।
শান্তিং নির্ব্বাণপরমাং মৎসংস্থামধিগচ্ছতি ॥ ১৫ ॥

শোন, শক্তির তেজাংশ লোপ হইলে দেহের রূপ নাশ হইয়া যায়, যোগী তখন এরূপ সূক্ষ্ম হয় যে, চক্ষুর অন্তরালে লুকাইয়া থাকিতে পারে। যদিও সে পূর্ব্বের সমান অবয়র সম্পন্নই থাকে তথাপি তাহাকে এরূপ দেখায় যেন তাহার শরীর বায়ু দ্বারাই তৈরী হইয়াছে; অথবা কোন কদলীবৃক্ষ আপন আবরণগুলি ফেলিয়া দিয়া শুধু কন্দ লইয়াই দাঁড়াইয়া আছে; অথবা আকাশেরই কোন অবয়ব উৎপন্ন হইয়াছে। শরীর এই প্রকার হইলে তাহাকে খেচর বলা হইয়া থাকে। এই পদপ্রাপ্তি হইতেই সাধারণ শরীরধারী লোকের মধ্যে সে চমৎকৃতির বিষয় হয়। যোগী কোথাও হইতে বাহির হইয়া গেলে তাহার যে পদচিহ্ন ভূমির উপর থাকে উহাতে স্থানে স্থানে অণিমাদি সিদ্ধিসকল উপস্থিত হইয়া থাকে। যাহা হউক, উহা দ্বারা আমার কি প্রয়োজন আছে? হে ধনঞ্জয়, জানিও এই দেহের পৃথ্বী, জল এবং তেজ এই তিন মহাভূত এই রীতিতে লোপ হইয়া যায়। হৃদয়ে জলতত্ত্ব পৃথ্বীতত্ত্বকে দ্রবীভূত করিয়া দেয়, জলকে তেজ শুষ্ক করিয়া দেয় এবং তেজকে বায়ু নিবাইয়া দেয়। তদনন্তর কেবল বায়ুতত্ত্বই থাকিয়া যায়, তবে উহা শরীরের আশ্রয় লইয়াই থাকে। পুনরায় কিছুকালের পর উহাও আকাশে মিলিয়া যায়। সেই

সময় উহা কুণ্ডলিনী নামের বদলে বায়ু নামে অভিহিত হয়। কিন্তু যতদিন কুণ্ডলিনী ব্রহ্মে যাইয়া মিলিত না হয় ততদিন উহা শক্তিরূপেই থাকে। আবার সে জালন্ধর বন্ধ ছাড়িয়া দিয়া কাকীমুখে* কণ্ঠস্থান ভেদ করিয়া ব্রহ্মরন্ধ্রের গগনরূপ পর্ব্বতে যাইয়া অবস্থান করে।

প্রণবের যে বেদী-অংশ আছে উহাতে পদ রাখিয়া পশ্যন্তী-বাণীর সিঁড়ি চড়িয়া সাগরে মিলিত নদীর মত প্রণবের অর্দ্ধমাত্রা পর্য্যন্ত আকাশ তত্ত্বের হৃদয়ে যাইয়া মিলিত হয়, পুনরায় ব্রহ্মরন্ধ্রে স্থির থাকিয়া সোহং ভাব—বাহু প্রসারিত করিয়া দৌড়াইয়া গিয়া পরব্রহ্মের সহিত মিলিত হয়। সেই সময় মধ্যস্থলস্থিত মহাভূতের পরদা ছিন্ন হইয়া গিয়া শিব ও শক্তি দুইএর সম্মেলন হইয়া যায়। সেই ব্রহ্মানন্দে গগন সহিত সকলই বিলীন হইয়া যায়। সমুদ্র যেরূপ মেঘের মুখ হইতে বাহির হইয়া নদীর প্রভাবে প্রবাহিত রূপে পুনরায় আপন স্বরূপেই মিলিত হয়, সেইরূপ, হে পাণ্ডুকুমার, পিণ্ডের ছলে মনে হয়, ব্রহ্মই ব্রহ্মস্বরূপে প্রবেশ করে—এইরূপ একতাপ্রাপ্ত হইয়া যায়। পূর্ব্বে দুই বস্তু ছিল অথবা একই বস্তু দুই ভাগে ছিল, এ সম্বন্ধে বিবেচনা করিবার জন্যও সেই অবস্থায় কেহ বাকী থাকে না। গগনে গগনের লীন হইয়া যাওয়া যে কথা, উহা যাহার অনুভব হয়, সেই পুরুষই সিদ্ধ। সেই অনুভবের সংবাদ

---

* অনাহত চক্রে যে শক্তি বিরাজিত তাহার নাম কাকিনী।

বাণীর হাতে আসে না—যাহাতে উহাকে সংবাদরূপ গ্রামে প্রবেশ করানো যায়। হে অর্জ্জুন, এই অভিপ্রায় প্রকাশ করিতে অভিমানী চতুর্থবাণী বৈখরীও দূরে পড়িয়া থাকে। *

ভ্রূমধ্য দর্শন করিয়া প্রণবের তৃতীয় মাত্রা 'ম' কারও অধিক দূরে প্রবেশ করিতে পারে না। একা প্রাণেরও গগনে যাইতে সঙ্কট উপস্থিত হয়। অনন্তর যখন সেই প্রাণ গগনে মিলিয়া যায়, তখন শব্দরূপ দিনেরও অবসান হয় এবং আকাশেরও বিনাশ হইয়া যায়। মহদাকাশের দেহে খণ্ডাকাশের ঠিকানাও পাওয়া যায় না, তখন সেখানে শব্দকে আর কোথায় খুঁজিয়া পাওয়া যাইবে? তাৎপর্য্য এই যে, উক্ত অনুভব নিশ্চয়রূপে এরূপ স্পষ্ট নয় যে, উহাকে শব্দ দ্বারা বর্ণনা করা যায়, অথবা কর্ণদ্বারা শ্রবণ করা যায়। যদি দৈবযোগে কিছু অনুভব প্রাপ্ত হও, তবে তুমি নিজেই এই বস্তু হইয়া থাকিবে। ইহার পরে জ্ঞাতব্য আর কিছুই থাকিবে না, একথা এখন থাকুক্। হে ধনুর্দ্ধর, সেই কথা অনর্থক আর কত বলিব? এই প্রকার যখন শব্দমাত্রই পশ্চাতে পড়িয়া থাকে তখন সঙ্কল্পের আয়ু সমাপ্ত হইয়া যায় এবং তথায় বিচারের বাতাসও প্রবেশ করিতে পারে না। যাহা উন্মনা অবস্থার শোভা, তুর্য্যাবস্থার তারুণ্য, অনাদি এবং

---

* ধ্বনির প্রবৃত্তি চারিটী—(১) পরা, (২) মধ্যমা, (৩) পশ্যন্তী ও (৪) বৈখরী।

অননুমেয় পরমতত্ত্ব, যাহা বিশ্বের মূল, যোগবৃক্ষের ফল আনন্দের জীবন, আকারের সীমা, মোক্ষের অন্ত, যাহাতে আদি এবং অন্ত লীন হইয়া গিয়াছে, যাহা মহাভূতগণের বীজ, মহাতেজের তেজ, এইরূপ হে পার্থ, যাহা আমার আপন স্বরূপ, উহাই এই চতুর্ভুজ আকার, যাহার শোভা আমার ভক্তসকলের প্রতি নাস্তিকগণের কৃত ছল দেখিয়া আবির্ভূত হয়। সেই মহাসুখ অনিবার্য্য এবং প্রাপ্তি পর্য্যন্ত যে পুরুষের প্রযত্নের সীমা সেই ব্যক্তি স্বয়ং সুখরূপ হইয়া থাকে। মৎ-কর্ত্তৃক উক্ত এই সাধন যে ব্যক্তি শরীরদ্বারা আচরণ করে সে নির্ম্মল হইয়া আমার যোগ্যতা লাভ করে; এবং তাহার শরীর ও এরূপ দেখা যায় যে, মনে হয়, পরব্রহ্মরূপ রস দেহাকৃতিরূপ ছাঁচে ঢালিয়া লওয়া হইয়াছে। এই অনুভব হৃদয়ে প্রকাশিত হইলে সম্পূর্ণ বিশ্বের লয় হইয়া যায়।

তখন অর্জ্জুন বলিলেন হে দেব, আপনি যে উপায় উপদেশ করিয়াছেন, উহা সত্যই ব্রহ্মপ্রাপ্তির পথ। উহাতেই প্রাপ্তি হয়। এই অভ্যাসে দৃঢ়জন নিশ্চয় ব্রহ্মপদ প্রাপ্ত হয় ইত্যাদি যাহা আপনি বলিয়াছেন তাহাও বুঝিয়াছি। হে দেব, এ বর্ণনা শুনিলেই চিত্তে জ্ঞানোদ্রেক হয়; পুনরায় উহার অনুভব পাইলে যে তদ্রূপতা লাভ হইবে তাহাতে আর সন্দেহ কি? অতএব ইহাতে কিছু অসত্য নাই। যা হউক এক নিমেষের জন্য আমার একটী কথায় একটু মনোযোগ করুন। হে কৃষ্ণ, আপনি এখন যে যোগের নিরূপণ

করিয়াছেন উহা আমার মনে ভালরূপে বোধের বিষয় হইয়াছে, কিন্তু যোগ্যতাহীন হওয়ার দরুণ আমি উহার অভ্যাস করিতে পারি না। আমার শরীরের স্বাভাবিক যে সামর্থ্য আছে উহাতেই যদি এই যোগে সিদ্ধ হওয়া যায়, তবে আমি আনন্দের সহিত এই পথের অভ্যাস করিব। অথবা হে দেব, আপনি যেরূপ যোগের উপদেশ করিলেন, উহা যদি আমার দ্বারা সাধনের যোগ্য না হয় তবে সেই যোগানুরূপ যোগ্যতা ছাড়াও যাহা হইতে পারে, তাহাই জিজ্ঞাসা করিবার জন্য আমার মনের ইচ্ছা। এই নিমিত্ত আমি প্রশ্ন করিতেছি, মনোযোগ করুন, আপনি যে সাধনের কথা বলিলেন, উহা আমি শুনিয়াছি। অভ্যাস করিলে কি উহাদের সকলগুলিই প্রাপ্তির বিষয় হয়? অথবা উহাতে এরূপ কিছু আছে যে, যোগ্যতা বিনা সিদ্ধিলাভ হয়না?

তখন শ্রীকৃষ্ণ বলিলেন, হে ধনুর্দ্ধর, এই কথা কেন জিজ্ঞাসা করিতেছ? অধিকারের সহায়তা বিনা কি কেহ সাধারণ কার্য্যই করিতে সমর্থ হয়? আর ইহা ত মোক্ষ সম্বন্ধে কথা! তথাপি যাহাকে যোগ্যতা বলে উহা প্রাপ্তির অধীন বলিয়া জানিবে। কেননা যে কার্য্য করিতেই উহা ফলদায়ক হয়, উহাই যোগ্যতার সহিত অনুষ্ঠিত হইল বলিয়া বুঝা যায়। এই পথে কোন বস্তু সহজে মিলিবার নয়। তবে যোগ্যতার কি কোথাও কোন খনি আছে? ক্ষণকালের জন্য যে বৈরাগ্যবান্ হয়, বিহিত কর্ম্মে নিযুক্ত হয়, তাহাকেই

কি ব্যবস্থিত অধিকারী বলা যায় না? এই হিসাবে তুমিও সেই যোগ্যতা প্রাপ্ত।

এই প্রকারে শ্রীকৃষ্ণ অর্জ্জুনের সন্দেহ দূর করিয়া বলিলেন—হে পার্থ, যোগ্যতার ব্যবস্থা এই প্রকার। অব্যবস্থিত মনুষ্যের সর্ব্বথা যোগ্যতা থাকেনা। ১৫

নাত্যশ্নতস্তু যোগোঽস্তি ন চৈকান্তমনশ্নতঃ।
ন চাতিস্বপ্নশীলস্য জাগ্রতো নৈব চার্জ্জুন। ১৬॥

যে রসনেন্দ্রিয়ের অধীন অথবা জীবভাবে মোহ নিদ্রার নিকট বিক্রীত হইয়া গিয়াছে তাহাকে এই বিষয়ে অধিকারী বলা যায়না। যে হঠ করিয়া ক্ষুধা তৃষ্ণাকে বন্ধ করিয়া দেয়, আহারকে মারিয়া ছিঁড়িয়া ফেলে, নিদ্রার পথেও পদার্পণ করে না, এই প্রকার যে হঠতার অবতার হইয়া ব্যবহার করে, তাহার শরীরই যখন তাহার থাকে না, তখন তাহার যোগ আর কেমন করিয়া তাহার হইবে। এই হেতু বিষয়ের খুব বেশী সেবা করিব এরূপ ইচ্ছা করাও উচিত নয়, আবার সর্ব্বথা উহাকে বন্ধ করিয়া দিব এরূপ ইচ্ছা করাও উচিত নয়। ১৬॥

যুক্তাহারবিহারস্য যুক্তচেষ্টস্য কর্ম্মসু।
যুক্তস্বপ্নাববোধস্য যোগো ভবতি দুঃখহা॥ ১৭॥

আহার্য্যের সেবন ত করিতে হইবেই কিন্তু যুক্তির মূলে পরিমিত আহার করাই কর্ত্তব্য। অন্য সকল কর্ম্মের আচরণও সেই রীতিতে করা উচিত। পরিমিত কথা বলিবে ও পরিমিত

ব্যায়াম করিবে, যথাবসরে নিদ্রারও আদর কারতে হইবে। জাগ্রত থাকা তাহাও পরিমিত সময় থাকিবে। এইরূপ চলিলে, কফ, বায়ু প্রভৃতি ধাতুগণের সমতা থাকিবে। এই প্রকারে বিবেচনা পূর্ব্বক ইন্দ্রিয়গুলির খাদ্য প্রদান করিয়া উহাদের তৃপ্ত রাখিলে মনের সন্তোষ বৃদ্ধি হয় ॥ ১৭ ॥

যদা বিনিয়তং চিত্তমাত্মন্যেবাবতিষ্ঠতে।
নিঃস্পৃহঃ সর্ব্বকামেভ্যো যুক্ত ইত্যুচ্যতে তদা ॥ ১৮ ॥

বাহিরের দিকে যখন যোগমুদ্রা এইভাবে নিয়মিত থাকে তখন ভিতরে ভিতরে সুখের বৃদ্ধি হইতে থাকে। ইহাতে অভ্যাস ভিন্নও অনায়াসে যোগসিদ্ধি লাভ হইয়া থাকে। ভাগ্যের উদয় হইলে উদ্যমের ছলে সকল সম্পত্তি আপনা আপনি ঘরে আসিয়া উপস্থিত হয়। সেইরূপ যুক্তিমান ব্যক্তি কৌতুক করিয়াও অভ্যাসের পথে প্রবৃত্ত হইতেই উহার অনুভূতি আত্মসিদ্ধিরূপ ফলপ্রাপ্ত হয় ; অতএব, হে পাণ্ডব, যে ব্যক্তি দৈববশে এই যুক্তিলাভ করে সে মোক্ষের সাম্রাজ্য পদে বিরাজ করিয়া থাকে ॥১৮॥

যথা দীপো নিবাতস্থো নেঙ্গতে সোপমা স্মৃতা।
যোগিনো যতচিত্তস্য যুঞ্জতো যোগমাত্মনঃ ॥ ১৯ ॥

(গঙ্গা যমুনার মিলনে যেরূপ মহাতীর্থ প্রয়াগ, সেইরূপ যোগ ও যুক্তির মিলনে প্রয়াগ। এই আত্মস্বরূপ প্রয়াগে ক্ষেত্র-সন্ন্যাসের জন্য যাবজ্জীবন যাহার মন স্থির রহিয়াছে

তাহাকে যোগযুক্ত বলিয়া বুঝিবে।) আর প্রসঙ্গক্রমে ইহাও জানিবে যে, তাহাকে নির্ব্বাত স্থানে রক্ষিত প্রদীপের উপমা দেওয়া যাইতে পারে। এখন তোমার মনের কথা বুঝিয়া আমি আরও কিছু বলিতেছি, উহা তুমি ভাল করিয়া মন দিয়া শোন। (তুমি প্রাপ্তির ইচ্ছা কর কিন্তু অভ্যাসে নিযুক্ত হও না, তবে বল দেখি তুমি কি যোগের কঠিনতা দেখিয়া ভয় পাও? হে পার্থ, মনে এরূপ ভয়ের স্থান দিও না। এই দুষ্ট ইন্দ্রিয় বৃথা ভয় দেখায়।) দেখ, যে আয়ুকে স্থির করে এবং পরিশেষে জীবনও রক্ষা করে সেই ঔষধকেও, জিহ্বা কি শত্রু বলিয়া মনে করে না? এই প্রকার যে যে বস্তু কল্যাণ কারক ও হিতকারী, উহারা সর্ব্বদাই এই ইন্দ্রিয়গণের দুঃখদায়ক। অন্যথা যোগের মত সুলভ আর কি কাছে? ১৯॥

যত্রোপরমতে চিত্তং নিরুদ্ধং যোগসেবয়া।
যত্র চৈবাত্মনাত্মানং পশ্যন্নাত্মনি তুষ্যতি ॥২০॥
সুখমাত্যন্তিকং যত্তদ্‌বুদ্ধিগ্রাহ্যমতীন্দ্রিয়ম্‌।
বেত্তি যত্র ন চৈবায়ং স্থিতশ্চলতি তত্ত্বতঃ ॥২১॥

এই হেতু আমি দৃঢ়তার সহিত উত্তম আসনের অভ্যাসের রীতি বর্ণন করিয়াছি, উহাদ্বারা এই ইন্দ্রিয়গুলির নিরোধ হইলে ত হইলই। সাধারণতঃ যোগদ্বারা যতখানি ইন্দ্রিয়-নিগ্রহ হয়, সেই পরিমাণে চিত্তও আত্মস্বরূপের অনুভবের

জন্য প্রবৃত্ত হয়। পশ্চাতে ফিরিয়া দাঁড়াইয়া নিজেই নিজেকে দেখিয়া চিনিয়া ফেলে, এই তত্ত্ব যে আমিই। পরিচয় হইতেই সেই সুখের সাম্রাজ্যে সে অবস্থান করে এবং আপনার ঐক্যভাবে বিলীন হইয়া যায়। যাহার পর আর কিছু নাই, যাহাকে ইন্দ্রিয়গণ কখনও জানিতে পারে না, সেই বস্তু স্বয়ং রূপেই অবস্থান করে॥ ২০।২১॥

যং লব্ধ্বা চাপরং লাভং মন্যতে নাধিকং ততঃ।
যস্মিন্ স্থিতো ন দুঃখেন গুরুণাপি বিচাল্যতে ॥২২॥

পুনরায় মেরু পর্ব্বত হইতেও বড় দেহ-দুঃখের বোঝা বহিলেও সাধক উহার ভারে চিত্তকে ভার বোধ করে না। অথবা শস্ত্রদ্বারা দেহ কর্ত্তিত হইলেও, কিম্বা যদি তাহাকে অগ্নিকুণ্ডে ফেলিয়া দেওয়া যায়, তথাপি মহাসুখে নিদ্রিত তাহার চিত্ত জাগ্রত হয় না। এই প্রকার সে নিজের স্বরূপে প্রবেশ করিয়া স্থির হইয়া থাকে। সে দেহের আশা রাখে না—দেহ ব্যতিরিক্ত অন্য প্রকার সুখের সহিত সে একরূপতা প্রাপ্ত হয়, এই নিমিত্ত সে দেহকে ভুলিয়া যায় ॥২২॥

তং বিদ্যাদ্দুঃখসংযোগবিয়োগং যোগসংজ্ঞিতম্।
স নিশ্চয়েন যোক্তব্যো যোগোঽনির্ব্বিণ্ণচেতসা ॥২৩॥

যে সুখের মাধুরীতে মন সুখের স্মরণই ভুলিয়া যায় এবং সংসারের প্রলোভন ছিঁড়িয়া ফেলে, যে সুখ যোগের শোভা, সন্তোষের রাজ্য, যে সুখের জন্য জ্ঞানের জ্ঞাতৃত্বের

প্রবৃত্তি হয়, যোগের অভ্যাস করিলেই সেই সুখ মূর্ত্তিমান হইয়া দেখা দেয় এবং দেখাইয়া দেয় যে যোগী তদ্রূপ হইয়া যায়। ॥২৩॥

সঙ্কল্পপ্রভবান্ কামাংস্ত্যক্ত্বা সর্ব্বানশেষতঃ।
মনসৈবেন্দ্রিয়গ্রামং বিনিয়ম্য সমন্ততঃ ॥২৪॥

এখন হে বৎস, এই যোগের এইটী সুলভ পন্থা এই যে, সঙ্কল্পের পুত্র কামক্রোধকে বিনাশ করিয়া সঙ্কল্পের পুত্রশোক উৎপাদন করিলে উহা সহজ সাধ্য হয়, সঙ্কল্প বিষয়ের বিলীন হওয়ার কথা শুনিয়া অথবা ইন্দ্রিয়গণকে নিগৃহীত অবস্থায় দেখিয়া আপন হৃদয় ভেদিয়া আত্মহত্যা করিয়া ফেলে। এইরূপ বৈরাগ্যলাভ করিলে সঙ্কল্পের গমনাগমন বন্ধ হইয়া বুদ্ধি ধৈর্য্যের মন্দিরে সুখে বাস করিতে থাকিবে ॥২৪॥

শনৈঃ শনৈরুপরমেদ্‌বুদ্ধ্যা ধৃতিগৃহীতয়া।
আত্মসংস্থং মনঃ কৃত্বা ন কিঞ্চিদপি চিন্তয়েৎ ॥২৫॥
যতো যতো নিশ্চরতি মনশ্চঞ্চলমস্থিরম্
ততস্ততো নিয়ম্যৈতদাত্মন্যেব বশং নয়েৎ ॥২৬॥

ধৈর্য্য বুদ্ধির আশ্রয় গ্রহণ করিলে তখন সেই বুদ্ধি মনকে অনুভবের পথ দিয়া ধীরে ধীরে চালাইয়া লইয়া ব্রহ্মস্বরূপে স্থাপিত করিয়া দেয়। দেখ, এইরূপে প্রাপ্তি হইতে পারে। ইহা সম্ভব না হইলে আর একটী সুলভ উপায় আছে। আপন মনে এইরূপ একটি নিয়ম করিয়া লও

যে, যাহা নিশ্চয় করিব উহা কিছুতেই উল্লঙ্ঘন করিব না। ইহাতেই চিত্ত স্থির হইলে সহজেই কার্য্য সমাধা হইল, আর তাহা না হইলে মনকে অবাধ গতিতে ছাড়িয়া দাও। সে এই প্রকার মুক্ত হইয়া যেখানে যেখানে সে যাইবে সেই সেই স্থান হইতে উক্ত নিয়মই তাহাকে ফিরাইয়া লইয়া আসিবে। এই প্রকারে চিত্তের স্থিরতার অভ্যাস হইয়া যাইবে ॥২৫।২৬॥

প্রশান্তমনসং হ্যেনং যোগিনং সুখমুত্তমম্ ।
উপৈতি শান্তরজসং ব্রহ্মভূতমকল্মষম্ ॥২৭॥

অনন্তর কিছুকালের মধ্যে সেই স্থিরতার বলে চিত্ত সহজেই আত্মস্বরূপের সমীপবর্ত্তী হইয়া যাইবে এবং তাহাকে দেখিয়া তাহার সহিত মিলিয়া যাইবে। সেই সময় অদ্বৈতের মধ্যে দ্বৈত ডুবিয়া যাইবে এবং সেই একতার প্রকাশে ত্রিলোক প্রকাশিত হইয়া যাইবে। আকাশে বিভিন্নরূপে প্রতীয়মান মেঘ বিলীন হইয়া গেলে তখন যেরূপ সর্ব্বজগৎ আকাশদ্বারাই পূর্ণ থাকে সেইরূপ চিত্তের লয় হইয়া গেলে সকলই ব্রহ্মরূপ হইয়া থাকে। এইরূপ প্রাপ্তি এই উপায় দ্বারা সহজেই লাভ হইয়া থাকে ॥২৭॥

যুঞ্জন্নেবং সদাত্মানং যোগী বিগতকল্মষঃ ।
সুখেন ব্রহ্মসংস্পর্শমত্যন্তং সুখমশ্নুতে ॥২৮॥

যে ব্যক্তি সঙ্কল্পরূপ সম্পত্তি ত্যাগ করিয়া এই সুলভ যোগস্থিতিকে বিবিধরূপে অনুভব করে সে সুখে সুখে

পরব্রহ্মে প্রবেশ করিয়া থাকে। তখন লবণ যেরূপ জলকে ছাড়িতে জানে না উহাদের পরস্পর মিলনেও সেইরূপ স্থিতির উদ্ভব হয় এবং সংসারে ব্রহ্মানন্দরূপ মন্দিরে মহাসুখের দীপালী দেখা যায়। এই প্রকারে আপন পদবিক্ষেপই সুযোগ বুঝিয়া বিপরীত ভাবে ফেলিতে হয়। হে পার্থ, যদি এই উপায় অবলম্বন করিতে না পার, তবে অন্য উপায় শোন ॥২৮॥

সর্ব্বভূতস্থমাত্মানং সর্ব্বভূতানি চাত্মনি ॥
ঈক্ষতে যোগযুক্তাত্মা সর্ব্বত্র সমদর্শনঃ ॥২৯॥
যো মাং পশ্যতি সর্ব্বত্র সর্ব্বঞ্চ ময়ি পশ্যতি।
তস্যাহং ন প্রণশ্যামি স চ মে ন প্রণশ্যতি ॥৩০॥

আমি যে সকল দেহেই ব্যাপ্ত হইয়া রহিয়াছি ইহাতে কিছুমাত্র সন্দেহ নাই এবং সমগ্র জগৎও আবার আমাতেই আছে। এই রীতিতে পরস্পর মিলিয়া পরস্পরকে ব্যাপিয়া রহিয়াছে। বুদ্ধিদ্বারা এই কথা ধারণা করা চাই। হে অর্জ্জুন, সাধারণতঃ যে ব্যক্তি একাগ্রভাবনা দ্বারা আমাকে ভূত সকল হইতে অভিন্ন জানিয়া ভজন করে—ভূতগণের বন্ধুত্বে যাহার হৃদয়ে নানা তত্ত্বের ভাব উৎপন্ন হয় না—যে কেবল আমার একতাকেই জানে—সে ও আমি একই ইহা বলাও নিষ্প্রয়োজন, কেন না, হে ধনঞ্জয়, না বলিলেও সে মদ্রূপতাই প্রাপ্ত হইয়াছে। প্রদীপ ও দীপ্তিতে যেরূপ

একতার স্থিতি সেইরূপ যে আমাতে থাকে, আমি তাহাতে থাকি। যেরূপ জলের অস্তিত্বে রসের অস্তিত্ব আছে, অথবা গগনের অস্তিত্ব হেতু শূন্যতা আছে সেইরূপ উক্ত পুরুষ আমার রূপেই রূপ ধারণ করিয়া থাকে ॥২৯।৩০॥

সর্ব্বভূতস্থিতং যো মাং ভজত্যেকত্বমাস্থিতঃ।
সর্ব্বথা বর্ত্তমানোঽপি স যোগী ময়ি বর্ত্ততে ॥ ৩১॥

হে কিরীটি, যে আমাকে সর্ব্বত্র এই একতার দৃষ্টিদ্বারা দর্শন করে,—বস্ত্রের মধ্যে একমাত্র সূত্র ভিন্ন দ্বিতীয় বস্তুর অস্তিত্ব নাই, সেইরূপ ঐক্য দৃষ্টিদ্বারা যে বুঝিয়া লইয়াছে যে আমিই সর্ব্বত্র ব্যাপ্ত হইয়া রহিয়াছি,—অলঙ্কার যত প্রকারেরই হউক্ না কেন, সোণা ত একই আছে, উহার মধ্যে অনেকতা নাই, সেইরূপ ঐক্যরূপ পর্ব্বতে যাহার অবস্থিতি; যাহার অজ্ঞান-মত্ততা অদ্বৈত প্রকাশে উদ্‌ভাসিত হইয়া উঠিয়াছে এবং বোধ হইয়াছে যে, যত মুকুল হয় তত ফলে না, সে পঞ্চভূতাত্মক শরীরে আবদ্ধ থাকিলেও আপন স্বরূপে প্রতিষ্ঠিত হইতে কিছুমাত্র বাধা পায়না। কেননা অনুভব দ্বারা সে আমার একতা প্রাপ্ত হয়। আমার ব্যাপকতা তাহার অনুভব হয়, সেই জন্য উহা না বলিলেও স্বভাবতঃ সে ব্যাপক হইয়া যায়। অতএব সে শরীরী হইলেও শরীর সম্বন্ধ মুক্ত হইয়া থাকে। এই কথা কি শব্দ বিন্যাস করিয়া বুঝাইবার যোগ্য যে বর্ণনা করা যাইবে? ৩১॥

আত্মৌপম্যেন সর্ব্বত্র সমং পশ্যতি যোঽর্জ্জুন।
সুখং বা যদি বা দুঃখং স যোগী পরমো মতঃ ॥ ৩২॥

এই জন্য আমি সংক্ষেপে বর্ণনা করিতেছি,—যে বিশেষ করিয়া সর্ব্বদা সর্ব্ব চরাচরে সমান দৃষ্টিসম্পন্ন, যে সুখ দুঃখ মর্ম্ম ও শুভাশুভ কর্ম্ম, এই দুই মনোধর্ম্মকে হৃদয়ে স্থান দেয় না ; সম ও বিষম ভাব এবং উহার মত অন্য যে বিচিত্র কথা আছে, উহাদিগকে যে আপন অবয়বের মত মনে করে ; এক একটী করিয়া কত বলিব—যাহার এরূপ সহজ জ্ঞান হইয়াছে যে সম্পূর্ণ ত্রৈলোক্য আমিই সে ব্যক্তি দেহধারী হইলেও—ব্যবহারিকভাবে সুখী দুঃখী বলিলেও, আমার বিশ্বাস যে সে পরব্রহ্মভূত। এই হেতু, হে পাণ্ডব, সমতার এরূপ উপাসনা করা চাই যে, নিজের মধ্যেই বিশ্বকে দেখা এবং নিজেই বিশ্বের সকল বস্তু হওয়া যায়। এই কথা আমি অনেকবার তোমাকে বলিতেছি যে সমদৃষ্টি হইতে বৃহত্তর প্রাপ্তব্য বস্তু আর কিছুই নাই ॥ ৩২ ॥

অর্জ্জুন উবাচ—

যোঽয়ং যোগস্ত্বয়া প্রোক্তঃ সাম্যেন মধুসূদন।
এতস্যাহং ন পশ্যামি চঞ্চলত্বাৎ স্থিতিং স্থিরাম্ ॥৩৩॥
চঞ্চলং হি মনঃ কৃষ্ণ প্রমাথি বলবদ্দৃঢ়ম্।
তস্যাহং নিগ্রহং মন্যে বায়োরিব সুদুষ্করম্ ॥৩৪॥

তখন অর্জ্জুন বলিলেন—হে দেব, আপনি কৃপাপূর্ব্বক উপদেশ করিতেছেন কিন্তু এই মনের স্বভাবের কাছে আমার সামর্থ্য কাজে লাগাইতে পারিতেছি না। এই মন কিরূপ কত বড়, ইহা দেখিতে গিয়া ধরিতে পারিতেছি না; ইহার ব্যাপারের নিকট ত্রিলোকও অতি অল্প বলিয়া প্রতীতি হয়। চঞ্চলমতি মর্কটের সমাধি লাভ অথবা মহাবায়ুকে বন্ধ করিতে চাহিলে বন্ধ করা কিরূপে সম্ভব হয়? যে মন বুদ্ধিকে লয় করে, নিশ্চয় বুদ্ধিকে টলাইয়া দেয়, ধৈর্য্যের সহিত হাত ধরিয়া ফাঁকি দিয়া যায়, যে বিবেককে ভুলাইয়া দেয়, সন্তোষকে যথেচ্ছ উৎপন্ন করায়, একস্থানে বসিয়া বসিয়া দশদিকে ঘুরাইয়া আনে, যাহাকে নিরোধ করিলে আরও উচ্ছ্বসিত হইয়া উঠে, সংযম যাহার সহকারী হয়, সেই মন কি আপন চঞ্চল স্বভাব ছাড়িয়া দিবে? অতএব উপরোক্ত কারণে মন নিশ্চল হইয়া থাকিবে আর আমি সমদৃষ্টি লাভ করিব, ইহা হইতেই পারে না ॥ ৩৩।৩৪ ॥

শ্রীভগবানুবাচ—

অসংশয়ং মহাবাহো মনো দুর্নিগ্রহং চলম্

অভ্যাসেন তু কৌন্তেয় বৈরাগ্যেণ চ গৃহ্যতে ॥ ৩৫ ॥

তখন শ্রীকৃষ্ণ কহিলেন,—সত্য, তুমি যে কথা বলিলে উহা ঠিকই বলিয়াছ। এই মনের স্বভাব সত্য সত্যই চপল।

কিন্তু বৈরাগ্যের আশ্রয়ে উহাকে অভ্যাসের পথে লাগাইয়া দিতে পারিলে কিছুকালের পর এই মন স্থির হইতেও পারে। কেননা এই মনের একটী স্বভাব খুব ভাল এই যে, ইহার যে মধুরতার আস্বাদন একবার লাগিয়া যায় উহাতে সে লুব্ধ হইয়া থাকে। এই হেতু ইহার সমীপে কৌতুক করিয়াও সর্ব্বদা আত্মসুখানুভবের কথা বলিতে থাকা চাই ॥৩৫॥

অসংযতাত্মনো যোগো দুষ্প্রাপ ইতি মে মতিঃ।
বশ্যাত্মনা তু যততা শক্যোঽবাপ্তুমুপায়তঃ ॥ ৩৬

যাহার বৈরাগ্য নাই, সে কখনও অভ্যাসের চেষ্টা করে নাই, সে মনকে বশ করিবে এই কথা ত আমিও মানিনা। যদি যম নিয়মের পথে চলা না যায়, কখনও বৈরাগ্যের স্মরণও না করা যায়, কেবল বিষয়রূপ জলে ডুবিয়া থাকা যায়, আজন্ম কখনও যুক্তির রজ্জুদ্বারা মনকে বাঁধা না হইয়া থাকে, সেই মন কেমন করিয়া আর কেনই বা নিশ্চল হইবে? অতএব মনকে নিগ্রহ করিবার জন্য যে উপায় আছে উহা আরম্ভ কর, পরে দেখ কেমনে সেই মন স্থির না হয়। যোগের যত সাধন আছে ঐ সকলগুলিই কি মিথ্যা? বরং ইহা বলা যায় যে, আমি উহার অভ্যাস করিতে পারি না। শরীরে যদি যোগ বল লাভ হয় মন আর কত চপল হইয়া থাকিতে পারে? ৩৬ ॥

অর্জ্জুন উবাচ

অযতিঃ শ্রদ্ধয়োপেতো যোগাচ্চলিত মানসঃ।
অপ্রাপ্য যোগসংসিদ্ধিং কাং গতিং কৃষ্ণ গচ্ছতি ॥৩৭॥
কচ্চিন্নোভয়বিভ্রষ্টশ্ছিন্নাভ্রমিব নশ্যতি।
অপ্রতিষ্ঠো মহাবাহো বিমূঢ়ো ব্রহ্মণঃ পথি ॥৩৮॥
এতন্মে সংশয়ং কৃষ্ণ ছেত্তুমর্হস্যশেষতঃ
ত্বদন্যঃ সংশয়স্যাস্য ছেত্তা ন হ্যুপপদ্যতে ॥৩৯॥

তখন অর্জ্জুন বলিলেন,—সত্যই দেব, যাহা আজ্ঞা করিতেছেন তাহা মিথ্যা নয়। যথার্থতঃ যোগবলের সহিত মনোবলের তুলনা করা যায় না। এতদিন পর্য্যন্ত আমার এই বিচারও ছিলনা যে, এই যোগ কিরূপ এবং কেমনে উহা জানা যায়। এই হেতু আমি মনকে অজেয় বলিয়া বুঝিয়াছিলাম। হে পুরুষোত্তম, আমার এই জন্মে আজ আপনার প্রসাদে যোগের পরিচয় পাইলাম। তথাপি, হে গোস্বামিন্, আমার আরও একটী সংশয় আছে। উহা আপনি ভিন্ন আর কেহ নিরাকরণ করিতে সমর্থ নয়। অতএব, হে শ্রীগোবিন্দ, মনে করুন কোন এক ব্যক্তি অভ্যাস বিনা কেবল শ্রদ্ধা দ্বারা মোক্ষপদ প্রাপ্তির চেষ্টা করিতেছে। ইন্দ্রিয়রূপ গ্রাম হইতে বাহির হইয়া সে আত্মসিদ্ধিরূপ অপর নগরে যাইবার জন্য আস্থার পথ ধরিয়া চলিয়াছে; অথচ আত্মসিদ্ধি লাভ করিতেও পারিল না, পথ হইতে ফিরিয়াও আসিতে পারিল না, মধ্যস্থলেই

তাহার আয়ু সূর্য্য অস্ত হইয়া গেল। অকালের মেঘ কিছু পাত্‌লা হয় এবং কদাচিৎ উদয় হয়, আবার উদয় হইলেও প্রায়শঃ বর্ষণ করে না, সেইরূপ উক্ত ব্যক্তিরও তুই অবস্থা। প্রথমতঃ প্রাপ্তি ত দূরেই রহিয়াছে, আর শ্রদ্ধার উদয় হেতু অপ্রাপ্তি অর্থাৎ ইন্দ্রিয়ের বিষয় বাসনা ছুটিয়া গিয়াছে। এইরূপ যে তুইদিক্ হইতেই হস্ত ধৌত করিয়া বসিয়াছে এবং যে শ্রদ্ধার মধ্যেই ডুবিয়া গিয়াছে, তাহার গতি কি? ॥ ৩৭।৩৮।৩৯।

শ্রীভগবানুবাচ।

পার্থ নৈবেহ নামুত্র বিনাশস্তস্য বিদ্যতে।
নহি কল্যাণকৃৎ কশ্চিদ্দুর্গতিং তাত গচ্ছতি ॥ ৪০ ॥

তখন শ্রীকৃষ্ণ বলিলেন,—হে পার্থ, যাহার মোক্ষসুখ প্রাপ্তির আস্থা আছে, সে কি মোক্ষ ভিন্ন অন্য কোন গতি লাভ করিতে পারে? তবে ইহার মধ্যে কথা এই যে, মধ্যস্থলে তাহাকে হয়ত বিশ্রাম করিতে হয়। উহাও এরূপ সুখে যে দেবতাও সে সুখ লাভ করেন না। যদি সে আকুলিত ভাবে অভ্যাসের পদবিক্ষেপ করিয়া চলিত তবে আয়ু সূর্য্য অস্ত যাইবার পূর্ব্বেই তাহার সোহং সিদ্ধি হইয়া যাইত। তবে তাহার সেরূপ বেগ না থাকায় তাহার বিশ্রামের আবশ্যক হইয়া পড়িয়াছে। ইহার পরে মোক্ষ ত তাহার জন্য যত্নে রক্ষিতই আছে ॥ ৪০ ॥

প্রাপ্য পুণ্যকৃতাং লোকানুষিত্বা শাশ্বতীঃ সমাঃ।
শুচীনাং শ্রীমতাং গেহে যোগভ্রষ্টোঽভিজায়তে ॥৪১॥

শোন, ইহা তোমার আশ্চর্য্য মনে হইবে, যে ইন্দ্রপদ লোকে অনেক কষ্টের পর লাভ করে কৈবল্যকামী উহা অনায়াসে প্রাপ্ত হইয়া থাকে। অনন্তর সেখানে যে অমোঘ ও অলৌকিক ভোগ আছে উহা ভোগ করিতে করিতে মনের নিকট ইন্দ্রপদও কণ্টকের মত বোধ হয়। স্বর্গভোগ করিবার সময় নিত্যই সে এই বলিয়া অনুতাপ করে যে,—হে শ্রীভগবন্ এই বিঘ্ন কেন অকস্মাৎ উপস্থিত হইল? যে কুল সকল ধর্ম্মের বিশ্রাম স্থান সংসারে সে এরূপ কুলে জন্মগ্রহণ করে। মোটা ধানেই মোটা ভাত হয়, সেরূপ ঐশ্বর্য্যবৈভব-শালীর ঘরেই ঐরূপ যোগী জন্মগ্রহণ করে। যে কুলের লোক নীতিমার্গেই বিচরণ করে, সত্যপূত বাণী বলে, শ্রাস্ত্রদৃষ্টি দ্বারা যাহা দর্শনীয় তাহাই দেখে, বেদ যাহাদের জাগ্রত দেবতা, যাহাদের স্বধর্ম্মাচরণই ব্যবসায়, সারাসার বিচার যাহাদের মন্ত্রী, যে কুলের পতিব্রতা চিন্তা ঈশ্বরভজন-কারিণী, ঋদ্ধি সিদ্ধি যাহাদের গৃহদেবতা, এইরূপ আত্মপুণ্য-সঞ্চয়ের ফলে যে কুলে সকল প্রকার সুখের পরিপূর্ণতা হয়, সেই সুখী কুলেই যোগভ্রষ্ট পুরুষ জন্মগ্রহণ করে॥ ৪১ ॥

অথবা যোগিনামেব কুলে ভবতি ধীমতাম্।
এতদ্ধি দুর্লভতরং লোকে জন্ম যদীদৃশম্ ॥ ৪২ ॥

তত্র তং বুদ্ধিসংযোগং লভতে পৌর্ব্বদেহিকম্ ।
যততে চ ততো ভূয়ঃ সংসিদ্ধৌ কুরুনন্দন ॥ ৪৩ ॥

যে জ্ঞানাগ্নিহোত্রী, পরব্রহ্ম বিষয়ে শ্রোত্রীয়, মহাসুখ, ক্ষেত্রের ক্ষেত্রী, যে সিদ্ধান্তের সিংহাসনে বিরাজমান হইয়া ত্রিভুবনে রাজত্ব করে, যে সন্তোষের বনে কূজনকারী কোকিল, যে নিত্য ফলপ্রসবকারী বিবেক রূপ দ্রুমের মূলে বসিয়া আছে, সেই যোগীর কুলে তাহার জন্ম হয়। দেহাকৃতির ক্ষুদ্রাবস্থায় বাল্যেই আত্মজ্ঞানের প্রভাত হইয়া যায়। সূর্য্যোদয় হওয়ামাত্র আলোক প্রকাশিত হয়, সেইরূপ অবস্থার অপেক্ষা না করিয়া প্রৌঢ়াবস্থায় না পৌঁছাইতে বাল্যাবস্থাতেই তাহাকে সর্ব্বজ্ঞতা জয়মাল্য দিয়া বরণ করে। সেই বুদ্ধি-দেবতার লাভে তাহার মন হইতে নিখিল বিত্থার প্রাতুর্ভাব হয় এবং মুখ হইতে আপনা আপনি সকল শাস্ত্র প্রকাশিত হয়। হে পার্থ, এই প্রকার জন্মের নিমিত্ত দেবতাও কামনা পূর্ব্বক স্বর্গে জপ হোম করিয়া থাকে, অমরগণ স্তাবক ও ভাট হইয়া এই জন্মলাভের নিমিত্ত মৃত্যু লোকের স্তুতি করে—যোগভ্রষ্ট এই জন্ম প্রাপ্ত হয় ॥ ৪২ । ৪৩ ॥

পূর্ব্বাভ্যাসেন তেনৈব হ্রিয়তে হ্যবশোঽপি সঃ ।
জিজ্ঞাসুরপি যোগস্য শব্দব্রহ্মাতিবর্ত্ততে ॥ ৪৪ ।

পূর্ব্বে তাহার যে সদ্বুদ্ধি ছিল, যাহা লাভ করিবার পর তাহার জীবনান্ত হইয়াছিল উহা পুনরায় অতি সত্বর সে

ফিরিয়া পায়। কোন ভাগ্যবান্ ব্যক্তি নয়নে দিব্যাঞ্জন লাভের ফলে যেরূপ ভূমিগর্ভগত বস্তুর সন্ধান পায় সেইরূপ যাহা অতিশয় কঠিন, যে সংবাদ একমাত্র গুরুদেবের সমীপেই লাভ হয় তাহাও সে বুদ্ধিবৃত্তির চালনা ব্যতিরেকেও লাভ করিয়া থাকে। বলবান ইন্দ্রিয়গণ মনের বশ হইয়া যায়—মন তত্ত্বের সহিত মিলিয়া যায় এবং পবন অতি সহজে গগনের সহিত মিলিবার চেষ্টা করে। এই প্রকারে, জানিনা কেমন করিয়া অভ্যাস স্বয়ংই তাহাকে প্রাপ্ত হয় এবং সমাধি তাহার মনের বাড়ীর খোঁজ করিয়া চলিয়া আসে। তাহাকে দেখিলে মনে হয় সে যোগস্থানের অধিদেবতা, জগতের শ্রেষ্ঠ সৃষ্টি, বৈরাগ্য সিদ্ধির অনুভূতি মূর্ত্তিমতী, সে সংসার পরিমাপ করিবার মান-যন্ত্র, অষ্টাঙ্গ যোগ সাহিত্যের দ্বীপ ; চন্দন যেরূপ একমাত্র সুগন্ধেরই মূর্ত্তি অন্য কিছু নয় সেইরূপ উক্ত সাধককে সাধক দশাতেই এরূপ দেখায় যে মনে হয়, যেন সে সন্তোষ-দ্বারাই নির্ম্মিত হইয়াছে অথবা সিদ্ধিগণের ভাণ্ডার হইতে বাহিরে আসিয়াছে ॥ ৪৪ ॥

প্রযত্নাদ্‌যতমানস্তু যোগী সংশুদ্ধকিল্বিষঃ।
অনেকজন্মসংসিদ্ধস্ততো যাতি পরাং গতিম্ ॥ ৪৫ ॥

কারণ কোটি বৎসরের পর সহস্র সহস্র জন্মের প্রতিবন্ধক উল্লঙ্ঘন করিয়া সে আত্মসিদ্ধির সীমায় পৌঁছিয়াছে। এই হেতু সম্পূর্ণ সাধন সমূহ সহজেই তাহার অনুগমন করিতেছে

এবং সে বিবেক নির্ম্মিত গদীর উপর উপবেশন করিয়াছে। বিবেকও তাহার বিচারের বেগের পশ্চাৎ পড়িয়া থাকে এবং বিচারের পরে যে ব্রহ্ম আছে তাহাতে মিলিয়া যায়। সেই সময় মনের মেঘ বিলীন হয়; পবনের পবনতা বন্ধ হইয়া যায় এবং আকাশ আপন স্থানে লীন হইয়া যায়। ওঁ কারের অর্দ্ধমাত্রারও লয় হইয়া যায়। এই প্রকারে তাহার অনির্বাচ্য সুখ লাভ হয়। অতএব তাহার সম্বন্ধে শব্দ মূক হইয়া থাকে। এই ব্রহ্মস্থিতি সকল গতির গতি এবং সেই নিরাকারের মূর্ত্তি সে তাহা লাভ করে। পূর্ব্বজন্মের বিক্ষেপরূপ জলের ময়লা স্বচ্ছ করিয়া লয়, এই হেতু জন্ম হইতেই তাহার বুদ্ধিসংযোগ ঘটিকা জলে ডুবিয়া যায় এবং তদ্রূপতা কন্যার সহিত তাহার বিবাহ হইয়া সে অভিন্ন হইয়া থাকে। যেরূপ মেঘের লোপ হইলে উহা আকাশ রূপ হইয়া থাকে সেইরূপ যাহা হইতে বিশ্ব উৎপন্ন হয়, আবার যাহাতে উহা লীন হইয়া যায়, দেহ বিদ্যমান অবস্থাতেই যোগী সেই ব্রহ্মবস্তু হইয়া যায়॥ ৪৫॥

তপস্বিভ্যোঽধিকো যোগী জ্ঞানিভ্যোঽপি মতোঽধিকঃ।
কর্ম্মিভ্যশ্চাধিকো যোগী তস্মাদ্‌ যোগী ভবার্জ্জুন॥ ৪৬॥

যে লাভের আশায় কর্ম্মনিষ্ঠ পুরুষ ধৈর্য্যরূপ ভুজবল ভরসায় যজন যাজনাদি ষট্ কর্ম্মের প্রবাহ উত্তীর্ণ হইতে চায়, যে অদ্বৈত বস্তুর নিমিত্ত জ্ঞানীব্যক্তি জ্ঞানের দৃঢ় কবচদ্বারা

অঙ্গ ঢাকিয়া প্রপঞ্চের রণ ক্ষেত্রে যুদ্ধে প্রবৃত্ত হয়, আরও যাহার প্রাপ্তির ইচ্ছায় তপস্বী তপস্যার দুর্গদ্বার ভাঙ্গিবার জন্য পর্ব্বত গুহার আশ্রয় গ্রহণ করে,—যে ভজনীয়গণের ভজনীয়, যাজ্ঞিকগণের যজনীয়, যে সর্ব্বদা সকলের পূজ্য, যে পরব্রহ্ম সাধকের নিকট সিদ্ধিতত্ত্ব, সেই তত্ত্ব যোগী নিজেই হইয়া যায়। অতএব সে কর্ম্মনিষ্ঠগণের বন্দনীয়, জ্ঞানীর জ্ঞাতব্য এবং তপস্বীর মূল তপোনাথ। জীব ও পরমাত্মার মিলনে তাহার মনোধর্ম্মের পূর্ণতা প্রাপ্তি হইয়া গিয়াছে। সে যদিও শরীরধারী থাকুক তথাপি সে উক্ত মহিমা পাইবার অধিকারী। অতএব, পাণ্ডুকুমার, আমি তোমাকে সর্ব্বদা এই বলি যে, তুমি প্রাণের সহিত যোগী হয় ॥ ৪৬ ॥

যোগিনামপি সর্ব্বেষাং মদ্গতেনান্তরাত্মনা।
শ্রদ্ধাবান্ ভজতে যো মাং স মে যুক্ততমো মতঃ ॥৪৭॥

যে জন যোগী বলিয়া পরিচিত তাহাকে দেবতারও দেবতা বলিয়া জানিবে। সে আমার সুখসর্ব্বস্ব, আমার জীবন। ভজনকারী, ভজনীয় ও ভজন রূপ ভক্তিসাধনার ত্রিপুটী সর্ব্বদা তাহার নিকট আমার অখণ্ডিত অনুভবে সমুদিত থাকে। তাহার প্রতি আমার যে প্রীতির স্বরূপ, হে সুভদ্রাপতি, উহা শব্দদ্বারা প্রকাশ করিতে পারি না। সেই একাগ্র প্রেমের তুলনা চাহিলে বলিতে ইচ্ছা হয় যে, আমি দেহ আর সে আত্মা।

সঞ্জয় বলিলেন,—ভক্তচকোরচন্দ্র, সর্ব্বগুণসাগর ত্রিভুবনৈকনরেন্দ্র শ্রীকৃষ্ণ যখন এই প্রকার বলিলেন, তখন পার্থের প্রথম হইতেই যোগতত্ত্ব নিরূপণ শ্রবণের জন্য যে আকাঙ্ক্ষা ছিল তাহা আরও দ্বিগুণিত হইয়া বৃদ্ধি পাইল। শ্রীকৃষ্ণ ইহা বুঝিলেন এবং মনে মনে এই বলিয়া সন্তুষ্ট হইলেন যে, যাহা হউক অর্জ্জুন আমার নিরূপণ করিবার নিমিত্ত একটী দর্পণ লাভ করিয়াছে। এই আনন্দে প্রফুল্লিত হইয়া তিনি আরও নিরূপণ করিবেন, তাহা পরে বলা হইবে। উহাতে শান্তরস প্রকাশ পাইবে এবং সিদ্ধান্ত বীজের খবরের মুখ খুলিয়া যাইবে। এই নিমিত্ত নিবৃত্তিদেবের জ্ঞানবীজ বপন করিবার ইচ্ছা হইয়াছে। জ্ঞানদেব বলিতেছে যে, সদ্গুরু লীলায় আমাকে উপলক্ষ্য করিয়া আমার মাথার উপর হাত রাখিয়া বীজ বপন করিয়াছেন। (ক) এই জন্য আমার

(ক) মগধদেশে একরূপ লাঙ্গল দিয়া চাষ করা হয় তাহার পিছন দিকে যে দিক্টায় কৃষক হাতদিয়া চাপিয়া ধরিয়া হাল চালনা করে সেইদিকে একটী লম্বা বাঁশের চোঙ্গা সংযুক্ত থাকে। বীজগুলি সেই চোঙ্গার মধ্যে নিক্ষেপ করিতেই হাল চলিবার সঙ্গে উহা নীচে ঠিক যে স্থানে লাঙ্গলের অগ্রভাগ মৃত্তিকার বুক দিয়া যায় সেই স্থানেই পড়ে এবং শস্য উৎপন্ন হইলেও উহারা বেশ শ্রেণীবদ্ধ ভাবে ক্ষেতের শোভা বর্দ্ধন করে। জ্ঞানেশ্বর আপন গুরুদেব নিবৃত্তি দেবকে কৃষক বলিয়া বর্ণনা পূর্ব্বক তাহার জ্ঞান বীজ বপনের রীতি দেখাইলেন। জ্ঞানদেব নিজেই হালের পিছনে সংযুক্ত বাঁশের চোঙ্গার মত গুরুদেবের জ্ঞান বীজ বপনের যন্ত্র !'

মুখ দিয়া যাহা যাহা বহির্গত হয় তাহা সাধুগণের অন্তঃকরণে সত্য বলিয়া প্রতীতি হয়। যাহা হউক খুব হইয়াছে, আর অধিক বলিবার প্রয়োজন নাই। শ্রীকৃষ্ণ যাহা বলিয়াছেন তাহাই নিবেদন করিতেছি। তবে উহা মনের কান দিয়া শুনিবেন। সেই শব্দগুলিকে বুদ্ধির চক্ষুদিয়া দেখিবেন এবং চিত্তকে বিনিময়ে দান করিয়া উহা ক্রয় করিয়া লইবেন। অবধান করিয়া উহা হৃদয়ের ভিতরে লইয়া যাইবেন। এই বাণী সজ্জনগণের বুদ্ধিকে অভিরমিত করিবে; এই বাণী নিজের মঙ্গল সাধন করিবে, সঙ্কট হইতে ত্রাণ করিবে এবং জীবের উপর সুখরূপ কুসুমের লক্ষ মালিকা অর্পণ করিবে। এখন. শ্রীমুকুন্দ অর্জ্জুনের সমীপে যে উত্তম সংবাদ প্রকাশ করিয়াছেন, তাহাই বর্ণনা করিতেছি ॥ ৪৭ ॥

ইতি শ্রীজ্ঞানদেব বিরচিতায়াং

ভাবার্থ দীপিকায়াং ষষ্ঠোঽধ্যায়ঃ।

জ্ঞান-বিজ্ঞান যোগ

সপ্তম অধ্যায়

শ্রীভগবানুবাচ—

ময্যাসক্তমনাঃ পার্থ যোগং যুঞ্জন্ মদাশ্রয়ঃ।
অসংশয়ং সমগ্রং মাং যথা জ্ঞাস্যসি তচ্ছৃণু॥ ১॥
জ্ঞানং তেঽহং সবিজ্ঞানমিদং বক্ষ্যাম্যশেষতঃ।
যজ্‌জ্ঞাত্বা নেহ ভূয়োঽন্যজ্‌ জ্ঞাতব্যমবশিষ্যতে ॥২॥

শ্রবণ করুন, অনন্তর শ্রীঅনন্ত পার্থকে বলিলেন, তুমি এখন যোগযুক্ত হইয়াছ। * আমি অধুনা তোমার প্রতি বিজ্ঞান সহিত

---

* যোগ বা সম্বন্ধ, জীবাত্মা ও পরমাত্মার মিলন। যোগী দুই শ্রেণীতে বিভক্ত। (১) নির্গুণোপাসক ও (২) সগুণোপাসক। নির্গুণোপাসক ব্যতিরেক যোগী ও অন্বয় যোগী ভেদে দুই প্রকার। দেহাভ্যন্তরে পরমাত্মা বা নির্গুণ ব্রহ্মানুসন্ধান পূর্ব্বক নির্বিকল্প সমাধিস্থ হওয়ার কথায় ব্যতিরেক যোগীর চেষ্টার পরিচয়। অন্বয় যোগী বিশ্বব্যাপী নির্গুণাত্মা বা ব্রহ্মে বুদ্ধিকে স্থির করিবার চেষ্টা করে। গীতা ৬।২৮,২৯, শ্লোকে যথাক্রমে এই দুই প্রকার যোগীর সংবাদ পাওয়া যায়। অন্বয় যোগী জীবন্মুক্ত হইয়া যায়, অতএব ব্যতিরেক যোগী হইতে শ্রেষ্ঠ। দেহান্তে ব্যতিরেক যোগী মুক্তিলাভ করে। নির্গুণোপাসনার উপযুক্ত যোগ্যতা বা সত্ত্বশুদ্ধি যাহার নাই তাহার সগুণোপাসনায় মোটেই যোগ্যতা বা রুচি হয় না। হঠযোগাদির সাধনা পূর্ব্বক সেই যোগী ব্রহ্মলোকে গমন করে ও প্রলয় কালে ব্রহ্মার সহিত ক্রম-মুক্তির রীতি অনুসারে তাহার গতি হয়।

জ্ঞান উপদেশ করিতেছি, ইহাতে তুমি সর্ব্বব্যাপী আমাকে করতলগত রত্নের ন্যায় অনায়াসে জানিতে সমর্থ হইবে। তুমি মনে করিতে পার, বিজ্ঞান বা ব্যবহার জ্ঞানের কি প্রয়োজন, বস্তুতঃ প্রথমে উহাই জানিতে হয়। কেননা জ্ঞানের সময় জ্ঞাতৃত্বের নেত্র বন্ধ হইয়া যায়। নৌকা তীরে লাগিয়া গেলে উহা আর অগ্রসর হয় না, সেইরূপ জ্ঞানের ক্রিয়া যেখানে প্রবেশ করে না, বিচার আসিতেই বিপরীত হইয়া যায়, যাহার সমীপে তর্কের গতি চলে না, হে অর্জ্জুন, তাহাকেই জ্ঞান বলে। প্রপঞ্চ বিজ্ঞান এবং প্রপঞ্চে সত্য বুদ্ধি করা অজ্ঞান বলিয়া জানিও। যাহা হইতে সকল অজ্ঞান চলিয়া যায়, বিজ্ঞান নিঃশেষ শুষ্ক হইয়া যায়, স্বরূপ জ্ঞানময় হইয়া যায়, বর্ণনাকারীর দুঃখ দূর হইয়া যায়, যাহাতে ছোট বড় ইত্যাদি ভেদভাব থাকেনা, এইরূপ গুপ্ত মর্ম্ম আমি শব্দদ্বারা বর্ণন করিতেছি, ইহাতে অতি অল্পেই তোমার মনের বহু বাসনা পূর্ণ হইয়া যাইবে॥ ১,২ ॥

মনুষ্যাণাং সহস্রেষু কশ্চিদ্ যততি সিদ্ধয়ে।
যততামপি সিদ্ধানাং কশ্চিন্মাং বেত্তি তত্ত্বতঃ ॥৩॥

সহস্র লোকের মধ্যে কোনও একজনের এই বিষয়ে প্রীতি উৎপন্ন হয়, আর এইরূপ প্রীতিমান বহুলোকের মধ্যেও এক জ্ঞানী বিরল। হে অর্জ্জুন, এই সমগ্র ত্রিভুবনে উৎকৃষ্ট বীরপুরুষ বাছিয়া লইলে লক্ষ সৈন্য সংগ্রহ করা যায়, কিন্তু শস্ত্রদ্বারা যুদ্ধে বহু শরীর বিনাশের পর কোনও একজন মাত্র পুরুষই

বিজয়শ্রী লাভ করিয়া বিজয়ীর পদে প্রতিষ্ঠিত হয়, সেইরূপ কোটী কোটী লোক শ্রদ্ধা নদীর স্রোতে প্রবেশ করে, প্রাপ্তির অপরতীর পর্য্যন্ত মাত্র দুই একজনই পৌঁছাইতে সমর্থ হয়। এই নিমিত্ত এই পদ সামান্য নয়, এই স্থিতি অতি শ্রেষ্ঠ। ইহার বর্ণনা পরে করিব, এখন অন্য কথা শ্রবণ কর ॥ ৩ ॥

ভূমিরাপোঽনলো বায়ুঃ খংমনোবুদ্ধিরেবচ।
অহঙ্কার ইতীয়ং মে ভিন্না প্রকৃতিরষ্টধা ॥৪॥

হে ধনঞ্জয়, মনোযোগ কর, শরীরের ছায়ার ন্যায় পূর্ব্বোক্ত মহত্তত্ত্ব ইত্যাদিরূপে মায়া বহুভাবে প্রতিবিম্বিত হইয়াছে, ইহাকে প্রকৃতি বলে। সন্দেহ করিও না, এই প্রকৃতির কিরূপে ভিন্নভাবে আট প্রকারে প্রতীতি হয় সেই বিচার শ্রবণ কর। এই আট বিভাগ পৃথকই আছে। যথা—জল, তেজঃ, আকাশ, পৃথ্বী, বায়ু, মন, বুদ্ধি ও অহঙ্কার ॥ ৪ ॥

অপরেয়মিতস্ত্বন্যাং প্রকৃতিং বিদ্ধি মে পরাম্।
জীবভূতাং মহাবাহো যয়েদং ধার্য্যতে জগৎ ॥ ৫ ॥

হে পার্থ, এই আটটীর যে ঐক্যাবস্থা উহাই আমার শ্রেষ্ঠ প্রকৃতি; উহাকে জীব বলে। উহা অচেতন পদার্থকে চেতন করে। চেতনকেও চেতনা প্রদান করে। মন হইতে শোক ও মোহ কল্পনা করায়। অধিক আর বলিব কি, বুদ্ধিকে জানিবার শক্তি উহার সান্নিধ্য বশতঃই আসিয়া থাকে এবং তাহারই অহঙ্কাররূপ কৌশলে জগতের স্থিতি সম্ভব হয় ॥ ৫ ॥

এতদ্ যোনীনি ভূতানি সর্ব্বাণীত্যুপধারয় ।
অহং কৃৎস্নস্য জগতঃ প্রভবঃ প্রলয়স্তথা ॥ ৬ ॥

সেই সূক্ষ্ম প্রকৃতি যখন লীলা দ্বারা স্থূল প্রকৃতির সহিত সংযুক্ত হয় তখন ভূত-সৃষ্টির ট্যাকশালের কার্য্য আরম্ভ হয়, আর চার প্রকারের মুদ্রা আপনা আপনি প্রকাশ হইতে থাকে। উহাদের মূল্য সমান থাকিলেও পৃথক্ পৃথক্ জাতি। জাতি চৌরাশী লক্ষ। আরও এরূপ অগণিত জাতি আছে যে, উহাতে আকাশ হইতে অন্তভু্র্বনের ভাণ্ডার পর্যন্ত সকলই পূর্ণ হইয়া যায়। ঐরূপ এক এক প্রকার করিয়া পঞ্চ মহাভূতের অসংখ্য মুদ্রা প্রকাশিত হয়। এই সম্পত্তির হিসাব প্রকৃতিই রাখিয়া থাকে। কেননা সে-ই মূদ্রার উপর চিহ্ন দিয়া উহা বিস্তার করিয়া থাকে এবং পরিশেষে সে-ই ঐগুলিকে গলাইয়া ফেলে। মধ্যকালেও সে-ই উহাদিগকে কর্ম্মাকর্ম্মের ব্যবহারে প্রবৃত্ত করাইয়া থাকে। যাহা হউক এখন রূপক বর্ণনা থাকুক। সহজ কথায়, নাম এবং রূপের বিস্তার প্রকৃতিই করিয়া থাকে। আর প্রকৃতি আমাতেই প্রতিবিম্বিত আছে, ইহাতে সন্দেহ মাত্র নাই অতএব আমিই জগতের আরম্ভ, মধ্য এবং অন্ত ॥ ৬ ॥

মত্তঃ পরতরং নান্যৎ কিঞ্চিদস্তি ধনঞ্জয় ।
ময়ি সর্ব্বমিদং প্রোতং সূত্রে মণিগণা ইব ॥ ৭ ॥

মৃগজলের মূল খুঁজিয়া দেখিলে বুঝা যায় উহা শুধু কিরণই নয়, সূর্য্যই উহার মূল। হে কিরীটি, সেই প্রকার এই প্রাকৃত

সৃষ্টির লয় হইয়া শেষ হইলে আমিই থাকিব। অতএব উৎপত্তি হওয়া, দৃষ্টিগোচর হওয়া, পুনরায় বিলীন হইয়া যাওয়া, উহা আমাতেই হইয়া থাকে। মণিগুলিকে সূত্রদ্বারা গাঁথিয়া লওয়া হয়, সেইরূপ আমিই এই বিশ্বকে ধারণ করিয়া আছি। স্বর্ণের মণি নির্ম্মাণ করাইয়া স্বর্ণসূত্রে গাঁথিয়া লইলে যেমন হয়, সেইরূপ আমিই বিশ্বের অন্তর ও বাহিরে ধারণ করিয়া আছি ॥ ৭ ॥

রসোঽহমপ্সু কৌন্তেয় প্রভাঽস্মি শশিসূর্য্যয়োঃ।
প্রণবঃ সর্ব্ববেদেষু শব্দঃ খে পৌরুষং নৃষু ॥ ৮ ॥
পুণ্যো গন্ধঃ পৃথিব্যাং চ তেজশ্চাস্মি বিভাবসৌ।
জীবনং সর্ব্বভূতেষু তপশ্চাস্মি তপস্বিষু ॥ ৯ ॥

(জলের মধ্যে যে রস, পবনে যে স্পর্শ, চন্দ্র ও সূর্য্যে যে প্রকাশ, উহা আমিই। পৃথিবীর মধ্যে আমি শুদ্ধ সুগন্ধ, গগনে শব্দ এবং বেদের মধ্যে প্রণব। মানবের মানবত্ব, অহঙ্কারীর বল ও পরাক্রম আমিই।) আমি আপন যথার্থ স্বরূপ বলিতেছি। তেজের অগ্নি নামক যে উপরের আবরণ আছে, উহা পৃথক্ করিলে তেজের যে নিজ স্বরূপ রহিয়া যায়, উহা আমি। নানাবিধ যোনিতে জন্ম লইয়া প্রাণিগণ যে আপন আপন উপজীবিকার নিমিত্ত কর্ম্ম করিয়া থাকে, কেহ বায়ু পান করে, কেহ তৃণ খাইয়া জীবন ধারণ করে, কেহ অন্নের আধারে থাকে, কেহ জলের আশ্রয়ে বাঁচিয়া থাকে, এইরূপ প্রত্যেক প্রাণীরই প্রকৃতির বশে পৃথক্ পৃথক্ যে জীবন দেখা যায়, উহার মধ্যে সর্ব্বত্র অভিন্নতঃ এক আমিই আছি ॥ ৮।৯ ॥

বীজং মাং সর্ব্বভূতানাং বিদ্ধি পার্থ সনাতনম্ ।
বুদ্ধির্বুদ্ধিমতামস্মি তেজস্তেজস্বিনামহম্ ॥ ১০ ॥
বলং বলবতামস্মি কামরাগবিবর্জ্জিতম্ ।
ধর্ম্মাবিরুদ্ধো ভূতেষু কামোঽস্মি ভরতর্ষভ ॥ ১১ ॥

যে উৎপত্তির সময়েই আকাশের অঙ্কুর হইতে বিস্তৃত হয়, যে অন্তে ওঁকারের অক্ষরকেও লয় করিয়া দেয়, যতদিন বিশ্বের আকার থাকে ততদিন যে বিশ্বের আকারে দৃষ্ট এবং মহাপ্রলয়ের মহাশূন্যতা, সহজ অনাদি সেই বিশ্ববীজ আমি। উহা আমি তোমার হাতে দিতেছি। হে পাণ্ডব, উহা যখন তুমি খুলিয়া খুলিয়া আত্মানাত্ম বিচারের গ্রামে লইয়া যাইবে তখন উহার উপযোগিতা দৃষ্টিগোচর হইবে। এখন এই অবান্তর কথা থাকুক। আমি সংক্ষেপ করিয়া বলি, তপস্বীর যে তপঃ উহা আমার রূপ বলিয়া জানিবে। বলবানের মধ্যে যে অটুট বল উহাও আমি। বুদ্ধিমানের যে শুদ্ধ বুদ্ধি উহা আমি, আত্মারাম শ্রীকৃষ্ণ বলিলেন—প্রাণিগণের যে কাম, যাহাদ্বারা অর্থ ও শ্রেষ্ঠতর ধর্ম্ম সাধ্য হইয়া থাকে, উহাও আমি। যাহাতে যথার্থ বিকার উৎপন্ন হইলে ধর্ম্মাবিরুদ্ধ ইন্দ্রিয়ের ইচ্ছা অনুসারে কর্ম্মে প্রবৃত্তি হয়, যে নিষেধরূপ বাঁকা পথ ছাড়িয়া বিধির পথে নিয়মরূপ রং মশাল সঙ্গে লইয়া চলে, যাহার এইরূপ ভাবে ব্যবহারেই ধর্ম্মের পূর্ণতা প্রাপ্তি হয়, এবং সংসারের মোক্ষ-রূপ তীর্থগমনের ছাড়পত্র লাভ হয়, বেদ-মহিমা মণ্ডপের উপর কাম-সৃষ্টির বিম্বকে উহার পল্লব কর্ম্মফল হইতে মোক্ষাবধি

বিস্তৃত হওয়া পর্য্যন্ত আরোপণ করিয়া রাখে, এইরূপ নিয়মে চলে যে কাম, যাহা সকল প্রাণীর বীজরূপ, প্রাণিগণের নাথ শ্রীকৃষ্ণ বলিলেন, উহা আমি। এইরূপ এক একটির আর কত বর্ণনা করিব, এই সকল বস্তুজাত আমা হইতেই বিস্তৃত বলিয়া জানিবে। ১০।১১ ॥

যে চৈব সাত্ত্বিকা ভাবা রাজসাস্তামসাশ্চ যে।
মত্ত এবেতি তান্ বিদ্ধি ন ত্বহং তেষু তে ময়ি ॥ ১২ ॥

সত্ত্ব, রজঃ ও তমোভাব আমা হইতেই উৎপন্ন বলিয়া জানিবে। তবে উহারা আমা হইতে উৎপন্ন হইলেও আমি উহাদের মধ্যে নাই। স্বপ্নের দেহে জাগৃতি থাকেনা। বীজ-কণিকা দৃঢ় এবং ঘনরসে নির্ম্মিত হইলেও উহার অঙ্কুরদশা হইতেই কাষ্ঠ উৎপন্ন হয়। কাষ্ঠ মধ্যে কি তাহা বলিয়া বীজত্ব থাকে? সেইরূপ যদিও আমাকেই বিকৃত বলিয়া মনে হয়, তথাপি মূলতঃ আমি বিকৃত হই না। গগনে মেঘ উৎপন্ন হয়, মেঘে গগন থাকেনা। মেঘ হইতে যে জল উৎপন্ন হয়, উহাতে মেঘ থাকেনা। মেঘ-জলের ঘর্ষণে যে প্রকাশ ঝিক্‌মিক্ করিয়া উঠিতে দেখা যায়, সেই বিদ্যুৎ মধ্যে কি জল থাকে? বল দেখি, অগ্নি হইতে যে ধূম উৎপন্ন হয়, সেই ধূমে কি অগ্নি থাকে? সেইরূপ আমাকে বিকৃত বলিয়া মনে হইলেও স্বরূপে আমি বিকৃত হই না ॥ ১২ ॥

ত্রিভিগু´ণময়ৈর্ভাবৈরেভিঃ সর্ব্বমিদং জগৎ ।
মোহিতং নাভিজানাতি মামেভ্যঃ পরমব্যয়ম্ ॥ ১৩ ॥

জলের উপর উৎপন্ন শৈবাল জলকে আচ্ছাদন করে, মেঘে আকাশ বৃথা অদৃশ্য হইয়া যায়। স্বপ্ন মিথ্যা হইলেও নিদ্রা মধ্যে স্বপ্ন দর্শনকালে কি আর স্বপ্নদ্রষ্টা মনুষ্যের নিজস্বরূপ স্মরণ থাকে? আর অধিক কি, চক্ষুতে জ্বালা উৎপন্ন হইলে উহা দ্বারা কি দর্শন-শক্তিও নষ্ট হইয়া যায় না? সেইরূপ আমারই ত্রিগুণাত্মক ছায়া বিস্তৃত হইয়া—যবনিকার মত আমাকেই ঢাকিয়া রাখিয়াছে এই জন্যই প্রাণিগণ আমাকে চিনিতে পারিতেছে না। জল হইতে উৎপন্ন হইলেও মুক্তা জলে গলেনা সেইরূপ জীব আমার হইলেও মদ্রূপ হইতে পারেনা। মাটীর ঘট মাটীতে মিলিয়া যায় বটে, তবে ঐ ঘট একবার অগ্নি-দগ্ধ করিলে উহা ভিন্ন পদার্থে পরিণত হয়। সেইরূপ প্রাণী সকল বাস্তবপক্ষে আমার অবয়ব হইলেও মায়ার কারণে জীব-দশাকে প্রাপ্ত হইয়াছে। এই নিমিত্ত আমার হইলেও মৎস্বরূপ নয়। আমারই তাহারা তবু আমাকে চিনেনা। অহন্তা এবং মমতার মদে তাহারা বিষয়ান্ধ হইয়া গিয়াছে ॥ ১৩ ॥

দৈবী হ্যেষা গুণময়ী মম মায়া দুরত্যয়া ।
মামেব যে প্রপদ্যন্তে মায়ামেতাং তরন্তি তে ॥ ১৪ ॥

হে ধনঞ্জয়, তাহারা মহত্তত্ত্ব আদি আমার মায়ার পার হইয়া কিরূপে মদ্রূপতার অনুভবে সমর্থ হইবে? যে মায়া নদী ব্রহ্মরূপ

পর্ব্বতের ভগ্নকন্দর হইতে প্রবাহিত, প্রথম সঙ্কল্পরূপ জলের স্রোত লাগিয়া মহাভূত ক্ষুদ্র বুদ্‌বুদ নির্গত হয়—যে সৃষ্টি-বিস্তাররূপ প্রবাহে বহিয়া যায়—কালগতির বেগে প্রবৃত্তিমার্গ এবং নিবৃত্তিমার্গ উচ্চ তট প্লাবিত করিয়া যায়—ত্রিগুণরূপ মেঘের বর্ষণে ভরিয়া উঠিয়া মোহময় বন্যায় যম নিয়মের নগর ভাসাইয়া লইয়া যায়—দ্বেষরূপ আবর্ত্ত, মাৎসর্য্যের বাঁক এবং প্রমাদাদি উজ্জ্বলশরীর মহামীন পূর্ণ—যাহাতে প্রপঞ্চাকৃতি ধার কর্ম্মাকর্ম্ম পুরী মধ্যে প্রবেশ করিয়া সুখ দুঃখ তরঙ্গ উঠাইয়া প্রবাহিত হয়—যাহাতে রতিরূপ শিলার উপর কামনার তরঙ্গ আঘাত খাইয়া পড়ে—চারিদিকে জীবরূপ ফেনসমূহ দেখা যায়—অহঙ্কার প্রবাহে বিদ্যা, ধন এবং সামর্থ্য তিনটি মদের তুফান উঠিয়া বিষয়ের তরঙ্গ সঙ্ঘর্ষ উচ্চ হইয়া উঠে—উদয় এবং অস্তকালের জোয়ার আসিলে জন্মমরণ প্রস্তরখণ্ড স্খলিত হইতে থাকে এবং পঞ্চভূতাত্মক বুদ্‌বুদ্‌ উৎপন্ন ও বিলীন হতে থাকে। সেই নদীতে সম্মোহ ও বিভ্রম-মৎস্য ধৈর্য্যের মাংসটোপ গিলিয়া খাইতেছে—অজ্ঞানের বৃহদায়তন আবর্ত্ত, ভ্রান্তিময় অপরিছন্ন জল ও আস্থা-কর্দ্দমে পরিপূর্ণ, রজোগুণ প্রবাহেরঘর্ঘর গর্জনধ্বনি স্বর্গদ্বার পর্য্যন্ত পৌঁছায়। উহাতে তমোগুণের প্রবাহ ভয়ঙ্কর; সত্ত্বরূপ নিশ্চল দহ বা বড় সরোবরও আছে। অধিক বলিব কি, এই মায়ানদী দুস্তর—উহার জন্মমরণের জোয়ারে সত্যলোকের পাথর গলিয়া যায় এবং ব্রহ্মাণ্ড পাথরও উহার আঘাতে ভাঙ্গিয়া পড়ে।

উহার জলপ্রবাহের আজও পর্য্যন্ত স্থিরতা নাই। এইরূপ মায়ার বিস্তারকে কে পার হইতে পারে? ইহাও এক আশ্চর্য্য যে, মায়ার ওপারে যাইবার যত উপায় অবলম্বন করা হয়, তাহাও বিঘ্ন বা অপায়রূপে পরিণত হইয়া যায়। কেহ কেহ আত্মবুদ্ধির অভিমান করিয়া আপন বাহুবল দ্বারা পার হইবার চেষ্টা করিলে দিক্ ভুল হইয়া যায় এবং জ্ঞান-শক্তির দহমধ্যে অভিমান ডুবাইয়া ফেলে।

কেহ তিন বেদরূপ নৌকায় বসিয়া অহংভাব শিলার সজ্ঘর্ষের ফলে গর্ব্ব মানের মুখের মধ্যে ঢুকিয়া যায়। কেহ অবস্থাবলের সহায়ে মদনের সেবা করিয়া থাকে, ফলে বিষয় মকর তাহাকে চিবাইয়া দূরে ফেলিয়া দেয়;—সে বার্দ্ধক্য তরঙ্গে মতিভ্রংশ জলের মধ্যে চারিদিক্ হইতে আবদ্ধ হইয়া যায় এবং শোক কন্দর মধ্যে নিপতিত হয়—ক্রোধের আবর্ত্তে ভাসিয়া উঠিতেই আপদ গৃধ্র উহাকে ঠোক্‌রাইয়া খায়। তখন পুনরায় দুঃখময় কর্দ্দমাক্ত হইয়া মৃত্যু সৈকতে পড়িয়া থাকে। এইরূপে কাম-সেবীর জীবন বৃথা যায়। কেহ যজনক্রিয়ার গাঁঠরি বাঁধিয়া বুকদিয়া চলিতে থাকে সে স্বর্গসুখের দ্বারে আবদ্ধ হইয়া যায়। কেহ মোক্ষলাভের আশায় ধর্ম্ম ভেলার ভরসা করিয়া বিধি নিষেধ আবর্ত্তে পড়িয়া যায়। সেখানে বৈরাগ্যের নৌকা প্রবেশও করিতে পারে না—বিবেকের রজ্জুও কাজে লাগেনা, তবে যোগদ্বারা কিছু পার পাওয়া যাইতে পারে, তাহাও ক্বচিৎ। নিজশক্তির বলে এই মায়ানদীর পারে যাওয়ার কথার উপমা কাহার সহিত দেওয়া যায়? যদি অপথ্য

খাইয়া ব্যাধিকে বশ করা যায়, দুর্জ্জনের বুদ্ধি সাধুকে বশ করিতে পারে, বিষয়াসক্ত মানুষ প্রাপ্ত সিদ্ধিকে ত্যাগ করিতে পারে, যদি ন্যায় সভা চোরকে ভয় পায়, অথবা টোপ্ মৎস্যকে গিলিয়া ফেলিতে পারে, ভয়কাতর লোক পিশাচকে তাড়াইয়া দেয়, হরিণশাবক জাল ছিন্ন করিয়া ফেলিতে পারে, পিপীলিকা মেরু-পর্ব্বতকে লঙ্ঘন করিতে পারে, তবে জীবও মায়ানদীর ওপারে যাইতে পারে। হে পাণ্ডুসুত, সকাম মনুষ্য স্ত্রীকে বশীভূত করিতে পারে না, সেইরূপ প্রাণিগণ এই মায়ানদী পার হইতে পারে না। যে ব্যক্তি সরলভাবে আমাকে ভজন করে, সেই মনুষ্য সহজে পার হয়। তাহার কাছে এই মায়ানদীর পরাজয় এই পারেই শেষ হইয়া যায়। যথার্থতঃ সদ্‌গুরুই তাহার তারক। অনুভবের অনুসরণে দৃঢ়রূপে লাগিয়া থাকিলে আত্মনিবেদনের নৌকা মিলিয়া যায়। সে তখন অহংভাবের বোঝা ত্যাগ করিয়া—বিকল্প তরঙ্গ সরাইয়া দিয়া এবং অনুরাগের জল প্রবাহ হইতে আত্মরক্ষা করিয়া বাহির হইয়া যায়। একতার ওপারে তখন তাহার বোধরূপ নক্ষত্র দৃষ্টিগোচর হয়, তাহার আশ্রয়ে সে নিবৃত্তির পরপারে যাইয়া পৌঁছায়। সে বৈরাগ্যবাহুর আশ্রয়ে—সোহং-ভাবের শক্তিতে অগ্রসর হইয়া অনায়াসে নিবৃত্তির তীরে পৌঁছায়। এই উপায়ে যে আমাকে ভজে সে-ই আমার মায়া পার হইয়া থাকে। এরূপ ভক্ত বিরল, বহু পাওয়া যায় না ॥ ১৪ ॥

ন মাং দুষ্কৃতিনো মূঢ়াঃ প্রপদ্যন্তে নরাধমাঃ।
মায়য়াপহৃতজ্ঞানা আসুরং ভাবমাশ্রিতাঃ ॥ ১৫ ॥
চতুর্ব্বিধা ভজন্তে মাং জনাঃ সুকৃতিনোঽর্জ্জুন।
আর্ত্তো জিজ্ঞাসুরর্থার্থী জ্ঞানী চ ভরতর্ষভ ॥ ১৬ ॥

অন্য প্রকার সংখ্যায় বহু আছে, তাহাদের মধ্যে অহঙ্কার ভূতের আবেশ হইয়াছে, এইজন্য তাহারা আত্মজ্ঞান বিস্মৃত হইয়া নিয়মরূপ বস্ত্রের সন্ধান রাখে না। তাহারা ভবিষ্যৎ অধোগতিতে লজ্জাহীন ও বেদ নিষিদ্ধ কর্ম্মে প্রবৃত্ত। দেখ হে পাণ্ডব, যে জন্য শরীর গ্রামে আসা হইয়াছে সেই কর্ত্তব্য ছাড়িয়া তাহারা ইন্দ্রিয়-গ্রামের রাজমার্গে অহংতা এবং মমতা জল্পনা করিয়া অনেক বিকার সমষ্টিকে সঞ্চয় করিয়া থাকে। দুঃখ এবং শোকের আঘাত তাহাদের স্মরণও হয় না। এই কথা বলিবার মূল হেতু এই যে, তাহাদিগকে মায়া গ্রাস করিয়া ফেলিয়াছে, এইজন্য তাহারা আমাকে ভুলিয়া থাকে। তবে আপন কল্যাণ বৃদ্ধি কামী কেহ কেহ আমাকে ভজন করিয়া থাকে, তাহারা চার-প্রকার। প্রথম ভজনকারী আর্ত্ত, দ্বিতীয় জিজ্ঞাসু, তৃতীয় অর্থার্থী এবং চতুর্থ জ্ঞানী বলিয়া অভিহিত হয়। * ১৫।১৬ ॥

---

* আর্ত্ত ভক্ত সংসারিক জীবনে বিপদে পড়িয়া পরমেশ্বরে শরণাগত হয়। উপাসনা কালে ত্রিবিধ দুঃখ নিবৃত্তির কথাই এই ভক্তের মনে প্রাধান্য লাভ করে, ভগবৎ স্বরূপানুসন্ধান বা স্ব স্বরূপানুসন্ধান গৌণ ভাবে থাকে। অন্য দেবোপাসকের ন্যায় আর্ত্ত ভক্তেরও উৎকর্ষ অস্বীকৃত

তেষাং জ্ঞানী নিত্যযুক্ত একভক্তির্বিশিষ্যতে।
প্রিয়ো হি জ্ঞানিনোঽত্যর্থমহং স চ মম প্রিয়ঃ ॥ ১৭ ॥

ইহাদের মধ্যে আর্ত্ত আপন দুঃখ নিবারণের নিমিত্ত ভজন করে, জিজ্ঞাসু জ্ঞান লাভের ইচ্ছায়, তৃতীয় অর্থার্থী অর্থ প্রাপ্তির ইচ্ছায়

হইয়াছে। যদিও পরমেশ্বর বাসুদেবে ভক্তি করে বলিয়া অন্য দেবোপাসক হইতে আর্ত্ত ভক্তের উপাস্য মহিমায় উৎকর্ষ থাকুক তবুও শুদ্ধাভক্তির অভাবে আর্ত্ত ভক্তের প্রশংসা করা হয় নাই। এই আর্ত্ত ভক্তের ইচ্ছাও ভগবৎকৃপায় কোনও দিন পরিপূর্ণ হইয়া গেলে তাহার উপাসনার বৃত্তি অন্তর্মুখী হইতে পারে। সেই অবসরে জাগতিক দুঃখের অনুসন্ধান নিবৃত্ত হইয়া পরম স্বরূপানুসন্ধান ও আত্মানুসন্ধিৎসা জাগিতে পারে। কাহারও প্রথম হইতেই এই অনুসন্ধানবৃত্তির সহিত ভক্তির আবির্ভাব হয়। মহৎসঙ্গ ও সেবার ফলে পরমেশ্বরই নিখিল বিশ্বের উপাদান ও নিমিত্ত কারণ, এই জ্ঞান লাভ হয়। জ্ঞান স্বরূপ পরমেশ্বরকে সগুণ ও নির্গুণ এবং অন্বয় ও ব্যতিরেক মুখে বিশেষরূপে বুঝিবার চেষ্টা করিয়া ভক্ত জিজ্ঞাসু বলিয়া অভিহিত হয়। জিজ্ঞাসু ভক্তের অবস্থা ৫ম অধ্যায়ে ১০ ও ১১ সংখ্যক শ্লোকে বর্ণিত হইয়াছে। অর্থার্থী যোগসিদ্ধি প্রভৃতি প্রাপ্তির নিমিত্ত আকাঙ্ক্ষা রাখে। এই হেতু তাহার ভক্তিকেও শুদ্ধাভক্তি বলা যায় না। পূর্ণজ্ঞানের উদয়ে সাধক-হৃদয় বিশুদ্ধ সত্ত্বময় হইলে যে ভক্তির আবির্ভাব হয়, তাহাকেই এই স্থলে বিশেষ প্রশংসা করা হইয়াছে। শুদ্ধাভক্তি বা পরাভক্তির উপদেশই শ্রীভগবানের অভিপ্রেত। এই পরাভক্তিতেই গীতার পরমগুহ্য—নিঃসংশয় সিদ্ধান্ত প্রতিষ্ঠিত। ইহাতেই ভাগবত ধর্ম্মের এবং পারমহংস্য ধর্ম্মের ভিত্তি। পরাভক্তির অনুগত হইয়া জ্ঞান ও বৈরাগ্য অনায়াসেই লভ্য হইয়া থাকে।

ভজে, কিন্তু চতুর্থ জ্ঞানীর কোন কর্ম্ম অবশিষ্ট থাকে না, এই নিমিত্ত ভক্ত বলিয়া একমাত্র তাহাকেই জানিবে,—যে জ্ঞানী। কেননা তাহার সমীপে জ্ঞানের প্রকাশে ভেদরূপ অন্ধকার নষ্ট হইয়া যায় এবং একতার নিমিত্ত সে মদ্রূপতা প্রাপ্ত হইয়াও ভক্তই হইয়া থাকে। স্ফটিকে জলভ্রমের মত জ্ঞানীর অবস্থা হয় না। তাহার বর্ণন অদ্ভুত। বায়ু আকাশে বিলীন হইয়া গেলেও কি বায়ুত্ব পৃথক্ থাকে না? সেইরূপ যদিও জ্ঞানী ঐক্য প্রাপ্ত হয়, তথাপি তাহার ভক্ত সংজ্ঞা নষ্ট হয় না। যদি সঞ্চালন করিয়া দেখা যায়, তবে আকাশ হইতে বায়ু ভিন্ন বলিয়া অনুভব হয়, অন্যথা আকাশ ত স্বভাবতঃ যেমন তেমনই থাকে। সেইরূপ সে শরীর গ্রহণ করে ও কর্ম্ম করিয়া থাকে, ইহাতে ভক্ত বলিয়া জানিতে পারা যায়, কিন্তু আত্মানুভব হেতু সে মদ্রূপতাকেই প্রাপ্ত হইয়াছে। জ্ঞানোদয়ের ফলে সে আমাকে আপন আত্মা বলিয়াই বুঝে, এই নিমিত্ত আমিও আনন্দিত হইয়া তাহাকে সেইরূপ অনুভব করাইয়া থাকি। তবে জীবের অতীত অবস্থার সঙ্কেত পাইয়া যে ব্যবহার করিতে জানে, সে কি আর দেহের ভিন্নতা হেতু আত্মা হইতে ভিন্ন হইতে পারে? ১৭॥

উদারাঃ সর্ব্ব এবৈতে জ্ঞানী ত্বাত্মৈব মে মতম্।
আস্থিতঃ স হি যুক্তাত্মা মামেবানুত্তমাং গতিম্ ॥১৮॥

অতএব আপন আপন কল্যাণ কামনার লোভে অন্যান্য ভক্ত আমাকে ভজন করে, আমি কিন্তু যাহাকে প্রেম করি সে একমাত্র

জ্ঞানীই। দেখ, দুগ্ধের আশায় গাভীকে রজ্জু দিয়া বাঁধিয়া রাখে, কিন্তু বাছুরীর ছাঁদন-রজ্জু ভিন্ন কিরূপে উহা লাভ করা যায়? কেননা সে তনু, মন এবং প্রাণে সেই গাভী হইতে অতিরিক্ত আর কিছু জানে না। উহাকে দেখিলেই সে বলে এই আমার মাতা। সে অন্যাশ্রয় রহিত বলিয়া উহার নিমিত্ত গাভীরও পূর্ব্বোক্তরূপ প্রীতি। অতএব শ্রীকৃষ্ণ যথার্থই বলিয়াছেন। যাহাহউক, শ্রীকৃষ্ণ আবার বলিলেন—যে ভক্তের বর্ণনা আমি করিয়াছি, তাহারা সকলেই আমার প্রিয়, কিন্তু আমাকে জানিয়া যে সংসারে ফিরিয়া যাওয়া ভুলিয়া যায়, সমুদ্র প্রাপ্ত হইয়া নদীতে ফিরিয়া যাওয়া বন্ধ হওয়ার ন্যায় অন্তঃকরণরূপ গুহায় জন্ম লইয়া যাহার অনুভব গঙ্গা আমাতে আসিয়া মিলিত হয়, সে মদ্রূপতা লাভ করে। এই কথা শব্দ দ্বারা কতদূর বিস্তার করিব, যে জ্ঞানী বলিয়া অভিহিত হয়, সে আমার জীবন। এই কথা বলিবার নয়, তথাপি কি করি যাহা বলিবার নয়, সে কথাও আমি বলিয়া ফেলিয়াছি। ১৮ ॥

বহূনাং জন্মনামন্তে জ্ঞানবান্মাং প্রপদ্যতে
বাসুদেবঃ সর্ব্বমিতি স মহাত্মা সুদুর্ল্লভঃ ॥ ১৯ ॥

কারণ, সেই জ্ঞানী বিষয়রূপ বিস্তীর্ণ বনের কাম ক্রোধের সঙ্কট হইতে উদ্ধার পাইয়া সদ্বাসনারূপ পর্ব্বতে পৌঁছিয়াছে। হে বীরশ্রেষ্ঠ অর্জ্জুন, সে সাধুগণের সঙ্গে সৎকর্ম্মময় সরল পথে চলে ও শত অকর্ম্মের আঁকাবাঁকা পথ পরিত্যাগ করে। আজন্ম সে

ঐ পথেরই প্রয়াসী হইয়া থাকে, সে আস্থার ভরসা করে না, ফল লাভের গণনা আর কোথায় লাগে? এইরূপে শরীর-সংযোগ রাত্রিতে একাকী চলিতে চলিতে আপনা আপনি কর্ম্মক্ষয়ের প্রকাশময় প্রাতঃকাল উপস্থিত হয় এবং গুরুকৃপা উষার প্রকাশ হইতেই জ্ঞানের কোমল কিরণপাতে উহার আলোকে সমতার দৃষ্টি-ঐশ্বর্য্য প্রকাশ হইয়া থাকে। সেই সময় যে দিকেই সেই জ্ঞানীভক্ত দৃষ্টিপাত করে, সেই দিকেই একমাত্র আমিই তাহার দৃষ্টিগোচর হই। অধিক বলিব কি, সর্ব্বত্র সে আমাকে ভিন্ন আর কিছু দেখিতে পায় না। সরোবরে ঘট ডুবিতেই তাহার অন্তরে বাহিরে জলময় হইয়া থাকে, সেইরূপ সেই ভক্ত আমাতেই ডুবিয়া আছে আর আমিই তাহার অন্তর বাহির হইয়া থাকি। এই কথা ভাষায় প্রকাশের অযোগ্য। অতএব উহা থাকুক, এই প্রকার সে জ্ঞানের মূলধন লাভ করিয়া বাণিজ্যে উহাকে খাটাইয়া নিখিল বিশ্বকে আপনার সম্পত্তি করিয়া লয়। তাহাতে আবার সে এরূপ স্বানুভবের ভাবময় মূর্ত্তি হইয়া যায় যে, তখন সে অনুভব করে এই সমস্ত জগৎ শ্রীবাসুদেবেরই রূপ। এই নিমিত্ত সে-ই ভক্ত মধ্যে শ্রেষ্ঠ এবং সে-ই জ্ঞানী বলিয়া অভিহিত হয়। হে ধনুর্দ্ধর, যাহার অনুভবের দোকানে বিশ্ব-চরাচরের স্থান হয়, এরূপ মহাত্মা দুর্লভ। তবে হে কিরীটি, দ্বিতীয়তঃ এরূপ অনেক আছে যাহাদের ভজন শুধু ভোগের নিমিত্ত এবং যাহাদের দৃষ্টি আশার অন্ধকারে মন্দ হইয়া গিয়াছে।

কামৈস্তৈস্তৈর্হৃতজ্ঞানাঃ প্রপদ্যন্তেঽন্যদেবতাঃ।
তং তং নিয়মমাস্থায় প্রকৃত্যা নিয়তাঃ স্বয়া॥ ২০ ॥

ফলের আশায় যাহার হৃদয়ে কাম প্রবেশ করে এবং উহার সংসর্গে যাহার জ্ঞানময় প্রদীপ নিবিয়া যায়, সে অন্তর বাহিরে অন্ধকারে ডুবিয়া থাকে। আমার কাছে থাকিয়াও আমাকে ভুলিয়া যায় এবং সর্ব্বপ্রকারে অন্যদেবতাকে আরাধনা করে। সেই প্রকৃতির দাস ভোগের নিমিত্ত কাঙ্গাল, লোভের বশে কৌতূহলের সহিত ভজন করে, কতই না নিয়মে চলে, কত প্রকার বিচিত্র পূজা সামগ্রীই না একত্র সংগ্রহ করে, আর কেমন করিয়াই না বিধিপূর্ব্বক বিহিত বস্তু সকল সমর্পণ করিয়া থাকে॥ ২০ ॥

যো যো যাং যাং তনুং ভক্তঃ শ্রদ্ধয়ার্চ্চিতুমিচ্ছতি।
তস্য তস্যাচলাং শ্রদ্ধাং তামেব বিদধাম্যহম্॥২১॥

যে ব্যক্তি অন্য কোনও দেবতার ভজনের ইচ্ছা করে আমিই তাহার সম্পূর্ণ ইচ্ছা পূর্ণ করি। দেখ, দেব এবং দেবী সকলই আমি। তবে তাহার এরূপ অভেদ-নিশ্চয় থাকে না। সে উহাদের মধ্যে পৃথক্ পৃথক্ ভাব রাখে॥ ২১ ॥

স তয়া শ্রদ্ধয়া যুক্তস্তস্যারাধনমীহতে।
লভতে চ ততঃ কামান্ ময়ৈব বিহিতান্ হি তান্॥২২॥

সে সেই শ্রদ্ধার সহিত যুক্ত হইয়া কার্য্য সিদ্ধি হওয়া পর্য্যন্ত বিধি-পূর্ব্বক সেই দেবতার আরাধনায় প্রবৃত্ত থাকে। যে যেরূপ

ভাবনা করে তাহার সেইরূপ ফল লাভ হয়, এই সব আমারই জন্য ঘটিয়া থাকে ॥ ২২ ॥

অন্তবত্তু ফলং তেষাং তদ্ভবত্যল্পমেধসাম্ ।
দেবান্ দেবযজো যান্তি মদ্ভক্তা যান্তি মামপি ॥২৩॥

সেই ব্যক্তি আমাকে জানেনা, কেননা সে কল্পনার বাহিরে যায় না ; অতএব বিনাশশীল ফলমাত্র উহার লাভ হয়। অধিক আর কি এইরূপ ভজন সংসারেরই হেতু আর তাহার ফলভোগও স্বপ্নের মত ক্ষণেকের জন্য দৃষ্ট হয় মাত্র। ইহাকে পৃথক্ করিয়া দিলে যদি কোনও দেব দেবতা তাহার অত্যন্ত প্রিয় হয়, তবে উহার পূজার ফলে সেই ভক্তের দেবত্ব লাভ হয়। যে তনু-মন-প্রাণে আমারই অনুসরণ করে, সে এই দেহান্তে মদ্রূপ হইয়া যায় ॥২৩॥

অব্যক্তং ব্যক্তিমাপন্নং মন্যন্তে মামবুদ্ধয়ঃ ।
পরং ভাবমজানন্তো মমাব্যয়মনুত্তমম্ ॥২৪॥

তবে কিনা প্রাণিগণ এরূপ করে না ; বৃথা আপন অমঙ্গলই করিয়া থাকে। সে গণ্ডূষ-মাত্র জলে সন্তরণ করিতে ইচ্ছা করে। অমৃতের সমুদ্রে ডুব খাইবার সময় কি মুখ বন্ধ করিয়া লওয়া উচিত বা ডাবরের ঘৃণিত জলের স্মরণ করিতে হয়? এরূপ কেন করিবে? অমৃতে প্রবেশ করিয়া মরণ অপেক্ষা সুখে সুখে অমৃতে অমৃত হইয়া থাকাই কি কর্ত্তব্য নয়? আরও হে ধনুর্ধর, ফলাকাঙ্ক্ষার পিঞ্জর ছাড়িয়া অনুভবরূপ পক্ষের সহায়তায়

চিদাকাশে উড়িয়া তাহারই প্রভু হইয়া কেন না থাকা যায়? যে বস্তু এরূপ উচ্চ যে তাহাতে উড়িবার জন্য মনোমত বিস্তৃতির লাভ হইতে পারে, সেই অপরিমেয় বস্তুর পরিমাণ করিবার চেষ্টা করা কি উচিত? নিরাকারকে কি সাকার বলিয়া মানিতে হয়? সিদ্ধ থাকিলেও কি সাধক-জীবনের অন্ত করিতে হইবে? তবে হে পাণ্ডব, বিচার করিলে বুঝা যায় যে, উক্তবাক্য জীবের নিকট বিশেষ ভাল লাগে না ॥ ২৪ ॥

নাহং প্রকাশঃ সর্ব্বস্য যোগমায়াসমাবৃতঃ।
মূঢ়োঽয়ং নাভিজানাতি লোকো মামজমব্যয়ম্ ॥২৫॥

মধ্যস্থলে আদিমায়ার পরদার নিমিত্ত এই সকল জীব অন্ধ হইয়া গিয়াছে। তাহারা আমার প্রকাশময় দিবালোক দেখিতে পারে না। অন্যথা এরূপ কোনও বস্তু আছে কি যাহাতে আমি নাই? এমন কি কোন ফল আছে যাহা রস রহিত? পবন কাহাকে না স্পর্শ করে? আকাশ কোথায় না প্রবেশ করে? এই প্রকার এক আমিই সকল জগৎ পূর্ণ করিয়া আছি ॥ ২৫ ॥

বেদাহং সমতীতানি বর্ত্তমানানি চার্জ্জুন।
ভবিষ্যাণি চ ভূতানি মান্তু বেদ ন কশ্চন ॥ ৬॥

যে সকল প্রাণী ইতিপূর্ব্বে গিয়াছে তাহারা মদ্রূপ হইয়া গিয়াছে, বর্ত্তমানে যাহারা আছে তাহাদের মধ্যে আমিই, যাহারা ভবিষ্যতে হইবে তাহারাও আমাহইতে ভিন্ন নয়। হওয়া বা যাওয়া কেবল শব্দ ব্যবহার বস্তুতঃ কিছু হয় না, বা কিছু যায় না। রজ্জুতে

দৃষ্ট সর্প, কৃষ্ণ বা পীত বর্ণ ইত্যাদি কেহ গণনা করে না। সেইরূপ ভূতমাত্র মিথ্যা, এই হেতু তাহারও গণনা করা যায় না। হে পাণ্ডুসুত, আমি সর্ব্বদা এইরূপ অখণ্ড আছি তথাপি এই প্রাণি-গণের যে সংসার বোধ উহার কারণ পৃথক্। এখন আমি একটু তাহারই বর্ণনা করিতেছি। যখন অহঙ্কার এবং তনুর প্রীতি হয়, তখন উহা হইতে কামনা নামক এক কুমারী উৎপন্ন হয় ॥ ২৬ ॥

ইচ্ছাদ্বেষসমুত্থেন দ্বন্দ্বমোহেন ভারত।
সর্ব্বভূতানি সম্মোহং সর্গে যান্তি পরন্তপ ॥২৭॥

কামকন্যার তারুণ্য প্রাপ্তি হইলে দ্বেষের সহিত তাহার বিবাহ হয়। সেই দুইএর সম্বন্ধে দ্বন্দ্ব-মোহ হয়। উহাকে ঠাকুরদাদা অহঙ্কার পালন করিয়া ছোট হইতে বড় করে। সে সর্ব্বদা ধৈর্য্যের এরূপ বিরোধী এবং বলবান্ হয় যে, তাহাকে নিয়মের বশ করা যায় না; আজন্ম আশারসে পুষ্ট হইয়া সে ক্রমশঃ স্থূলকায় হইয়া থাকে। হে ধনুর্ধর, সে অসন্তোষ-মদিরায় মত্ত, বিষয়ের কুঠরির মধ্যে বিকৃতির সঙ্গে শুদ্ধ ভাবের পথে বিকল্পরূপ কণ্টক বিছাইয়া দেয় এবং কুৎসিত কুটিলতার পথ খুলিয়া দেয়। ইহাতে প্রাণিগণ ভ্রমে পতিত হইয়া সংসার কান্তারে দুঃখের বোঝার ভারে অবনত হইয়া রহিয়াছে ॥ ২৭ ॥

যেষাং ত্বন্তগতং পাপং জনানাং পুণ্যকর্ম্মণাম্।
তে দ্বন্দ্বমোহনির্ম্মুক্তা ভজন্তে মাং দৃঢ়ব্রতাঃ ॥২৮॥

এই নিষ্ফল বিকল্পের তীক্ষ্ণ কণ্টক দেখিয়া যে পুরুষ মতিভ্রমকে কাছেও আসিতে দেয় না, যে সরল ভক্তির একনিষ্ঠ

পদক্ষেপে কণ্টক দলিত করিয়া মহাপাতক বন অতিক্রম করে এবং পুণ্যময় পথে ক্ষিপ্রগতি আমার নিকট আসিয়া পোঁছে, অধিক বলিব কি পথের সকল ক্লেশ হইতে সে নিস্তার পায় ॥২৮॥

জরামরণমোক্ষায় মামাশ্রিত্য যতন্তি যে।
তে ব্রহ্ম তদ্‌বিদুঃ কৃৎস্নমধ্যাত্মং কর্ম্মচাখিলম্‌ ॥২৯॥

হে পার্থ, যে আস্থাপূর্ব্বক চেষ্টা করে যে, জন্ম-মরণ-কথা বন্ধ হইয়া যাউক্‌, তাহার একবার প্রযত্ন করিতেই পরব্রহ্মরূপ ফল হস্তগত হয়। সেই ফলও এরূপ সুপক্ক যে, তাহা হইতে পূর্ণতারূপ রস ক্ষরিত হইতে থাকে। তখন আবার সমস্ত জগৎ কৃতার্থতা পূর্ণ দৃষ্ট হয়, আত্মজ্ঞানের কৌতুক পূর্ণতা লাভ করে, কর্ম্মের কার্য্য শেষ হইয়া যায়, এবং মনও শান্ত হইয়া যায়। হে ধনঞ্জয়, যাহার ব্যবসায়ের মূলধন আমিই তাহার এইপ্রকার অধ্যাত্ম লাভ হয়। উহার সাম্যরূপ ব্যাজও লাভ হয়, তাহার ঐক্যরূপ গ্রাহকসমূহ বৃদ্ধি পাইতে থাকে এবং ভেদবুদ্ধি দীনতার সহিত তাহার কখনও দেখা সাক্ষাৎ হয় না ॥ ২৯ ॥

সাধিভূতাধিদৈবং মাং সাধিযজ্ঞঞ্চ যে বিদুঃ।
প্রয়াণকালেঽপি চ মাং তে বিদুর্যুক্তচেতসঃ ॥৩০॥

যে ব্যক্তি পঞ্চভূতাত্মক সাকার আমাকে অনুভবের হস্তদ্বারা ধারণ করিয়া অধিদৈব জীবাত্মাকে স্পর্শ করিয়াছে—যাহার জ্ঞানশক্তির বলে অধিযজ্ঞ পরমাত্মা দৃষ্টিগোচর হইয়াছে, সে এই

শরীর বিয়োগে শোক করে না। আয়ুর রজ্জু ছিন্ন হইবার সময় প্রাণিগণের যে ব্যাকুলতা তাহা দেখিয়া যে না মরিতেছে, তাহারও চিত্তে কি প্রলয় উপস্থিত হয় না? কিন্তু যে আমার স্বরূপ প্রাপ্ত হইয়াছে, সে দেহান্তের ব্যাকুলতার সময়েও কেন জানিনা, আমাকে ভুলিয়া যায় না। সাধারণতঃ ইহাই বুঝিও, এরূপ নিপুণ ব্যক্তিই অন্তঃকরণযুক্ত যোগী। এই তত্ত্ব বর্ণন সময়ে শ্রীকৃষ্ণের শ্রীমুখ গঙ্গাজলির ধারার নীচে অর্জ্জুনের মনোযোগ অঞ্জলি ছিল না, অর্জ্জুনের লক্ষ্য তখন বিষয়ান্তরে নিবিষ্ট ছিল। সেই ব্রহ্ম-প্রতিপাদক কথাফল নানার্থ রসে পরিপূর্ণ ছিল তাহার ভাবভক্তির সুবাস চতুর্দ্দিক্ আমোদিত করিতেছিল। শ্রীকৃষ্ণরূপ বৃক্ষের বচন ফল সহজ কৃপারূপ মন্দবায়ুর হিল্লোলে অর্জ্জুনের শ্রবণাঞ্চলে অকস্মাৎ পড়িলে দেখা গেল যে, সেই ফল বেদান্ত সিদ্ধান্ত অথবা ব্রহ্মরসের সমুদ্রে চুবাইয়া লওয়া হইয়াছে এবং পরমানন্দে মিলাইয়া লওয়া হইয়াছে। নির্ম্মল সৌন্দর্য্য দর্শন করিয়া অর্জ্জুনের জ্ঞান-নেত্র বিস্ময়রূপ অমৃতদ্রব পান করিতে লাগিল। এই সুখ সম্পত্তি প্রাপ্ত হইতেই সে স্বর্গ-সুখ তুচ্ছ বোধ করিতে লাগিল এবং তাহার হৃদয় গদ্গদ ভাবে পূর্ণ হইল। সেই ফলের বাহিরের সৌন্দর্য্য দর্শন করিয়া সুখ বৃদ্ধি হইলে উহার ভিতরের রসের আস্বাদনের নিমিত্ত অর্জ্জুনের ইচ্ছার উদ্গম হইল। অতএব তাড়াতাড়ি অর্জ্জুন সেই বচনামৃত-ফল অনুমানের হস্তে লইয়া একেবারে স্বানুভবের মুখমধ্যে নিক্ষেপ করিবার প্রয়াসী হইল। যখন সুভদ্রাপতি দেখিল যে, এই ফল বিচাররূপ রসনায় গলেও না, আর হেতুবাদ দন্তে উহা ভাঙ্গেও

না, তখন সে উহা মুখে স্পর্শ করিল না। সে আশ্চর্য্যান্বিত হইয়া বলিতে লাগিল—অহো, জলমধ্যে নক্ষত্র দর্শনের মত অক্ষরের সৌন্দর্য্যে আমি কেমন মুগ্ধ হইয়া পড়িয়াছি। ইহা ত যথার্থতঃ শব্দ মাত্রই নয়; ইহা আকাশের তত্ত্ব। ইহাতে আমার মতি ডুবিয়াও তল স্পর্শ করিতে পারিতেছেনা। অন্য প্রকারে ইহাকে জানিবার কথা কোথায় লাগে? এই প্রকারে মনে মনে চিন্তা করিয়া সে শ্রীকৃষ্ণের দিকে দৃষ্টি করিল এবং মিনতি করিয়া বলিতে লাগিল আপনার সাতটী* কথাই অনাস্বাদিতপূর্ব্ব ও অত্যাশ্চর্য্য। অবধানের তীব্রতা থাকিলে ইহা হইতে অনেক সিদ্ধান্ত, অনুভবের কথা

* সপ্তম অধ্যায় ২৯।৩০ শ্লোকে সাতটী অতিশয় প্রয়োজনীয় কথার অবতারণা করা হইয়াছে। এই বিষয়গুলি ভাল করিয়া বুঝিবার নিমিত্ত অষ্টম অধ্যায়ে অর্জ্জুনের বিশেষ জিজ্ঞাসা। গুরুসমীপে সাধ্য সাধন তত্ত্ব জিজ্ঞাসারও একটা যোগ্যতা অযোগ্যতার বিচার আছে। শ্রীভগবানের উপদেশে অর্জ্জুন যোগ্য জ্ঞান লাভের পর বিশেষ ভাবে প্রশ্ন করিয়াছেন। সাধ্য সাধন নির্ণয় না হইলে উপাসনায় পূর্ণ প্রবৃত্তি অসম্ভব। উপাস্য, উপাসক ও উপাসনার সাধারণ জ্ঞানে সাধকের প্রথম প্রবৃত্তি এতৎসম্বন্ধে বিশেষ জ্ঞানে সাধক জীবনের চরিতার্থতা। ২৯শ শ্লোকে "ব্রহ্ম তদ্বিদুঃ" এই অংশ উপাস্যের (১) নির্দ্দেশ করিতেছে। "অধ্যাত্মং" উপাসক জীবের (২) ও "কর্ম্মচাখিলং", উপাসনা রহস্যের (৩) অবতারণা করিয়াছে। ৩০শ শ্লোকে "সাধিভূত" অংশে কর্ম্মফল (৪) নির্দ্দেশ। কর্ম্মফল উপদেশান্তে জীবোন্নতির অবলম্বন "অধিদৈবং" (৫) এবং পারলৌকিক শুভাশুভের নির্ণয় নিমিত্ত সাধিযজ্ঞং" (৬) ও "প্রয়াণকালেহপি" (৭) ইত্যাদি উক্ত হইয়াছে। বাহ্য দৃষ্টিতে সৃষ্টি প্রক্রিয়া, তাহার মূল কারণ ও পরিণতি সম্বন্ধে বিবিধ বিচার আছে। কেহ বলেন, পঞ্চমহাভূত

দূরে থাকুক, শুধু শ্রবণের বলেই জ্ঞাত হইয়া থাকে। তবে সম্প্রতি হে দেব, আমার অবস্থা এরূপ হয় নাই। আমি অক্ষর সমুদয় দর্শন করিয়াছি, ইহাতে আমার বিস্ময়েরও বিস্ময় হইয়াছে, কর্ণরূপ গবাক্ষদ্বারে ভবদীয় উপদেশরূপ কিরণালোক হৃদয়ে প্রকাশিত হইতে না পারায় চমৎকৃত হইয়া আমার অবধান বন্ধ

হইতেই এই জগৎ সৃষ্ট হইয়াছে। অপর কেহ কেহ বলেন, পরম পুরুষ যজ্ঞমূর্ত্তি, যজ্ঞ দ্বারাই বিশ্ব-সৃষ্টি। বিশ্বব্যাপার একটা বিরাট যজ্ঞ কাহারও মতে,—জড় কর্ম্ম হইতে সৃষ্টি অসম্ভব, প্রত্যেক বস্তুতেই সেই বস্তু হইতে পৃথক্ চেতন দেবতার খেলা, অতএব সেই সকল দেবতার আরাধনা কর্ত্তব্য। অন্যমতাবলম্বী বলেন,—বস্তু হইতে অপৃথক্ প্রত্যেক বস্তুরই সূক্ষ্ম নিজস্ব স্বরূপ আছে। উহাই স্থূল সৃষ্টির মূল। এক সম্প্রদায় বলেন,—অনাদি কর্ম্মের সংস্কার বদ্ধ জীব কর্ম্মফলের প্রেরণায় জন্ম মরণ ও লোকান্তর প্রাপ্ত হয়। বিশ্বের সৃষ্টি, স্থিতি ও লয়ের কারণ এই কর্ম্ম। অপরে নির্দ্দেশ করেন—দেহান্তকালে স্থির চিত্তে শান্ত স্বরূপের চিন্তায় নিমগ্ন হইলে চিরকালের নিমিত্ত শান্তির ক্রোড়ে বিশ্রাম লাভ করা যায়। কোন সময় শান্তি ভঙ্গ হইয়াছিল সেই শান্তিতে প্রত্যাবর্ত্তনই বিশ্বব্যাপার। কোনও মহাত্মা বলেন,—একবস্তু হইতেই বহুর সৃষ্টি। বহু এক স্বরূপে ভিন্ন নয়। একের আশ্রিত বহু। বহুর পরমাশ্রয় এক। একের অস্তিত্বে বহুর অস্তিত্ব। সেই একের সন্ধানই অনাদি সৃষ্টি প্রবাহ। তাহারই প্রাপ্তিতে চরম গতি। আপাত দৃষ্টিতে পূর্ব্বোক্ত মত সপ্তক ভিন্ন ভিন্ন মনে হইলেও কোনও না কোনও অংশে সকলেরই এক মত। এই একতার সূত্রে গ্রথিত করিয়া শ্রীভগবান্ উপরোক্ত সাধ্য সাধন তত্ত্বের অবতারণায় দেখাইয়াছেন, অধ্যাত্ম, অধিভূত, অধি-দৈব, অধিযজ্ঞ, অধিকর্ম্ম, অধিদেহ এবং ব্রহ্ম সকলেরই "অধি" অর্থাৎ "তমধিকৃত্য" উহাতে স্থিতিশীল এক ভগবান্ বাসুদেব।

হইয়া গিয়াছে এবং এই শব্দের তাৎপর্য্য জানিবার জন্য আমার ইচ্ছা হইয়াছে। এই কথা বলিয়া কালক্ষেপ করা আমার সহ্য হয় না। এজন্য হে দেব, অনতিবিলম্বে নির্দ্দেশ করুন। এই প্রকার ভবিষ্যৎ সমালোচনা ও পূর্ব্ব-প্রকাশিত অভিপ্রায়ের প্রতি দৃষ্টি করিয়া এবং মধ্যভাগে আপন শ্রবণেচ্ছা প্রদর্শিত করিয়া (জিজ্ঞাসা করিবার কৌশল দেখুন) মর্য্যাদার সীমা লঙ্ঘন করিতে না দিয়াও পার্থ শ্রীকৃষ্ণের হৃদয়কে আলিঙ্গন করিবার চেষ্টা করিয়াছিলেন। শ্রীগুরুর নিকট প্রশ্নের সমাধান ও তাহার সম্পূর্ণ মর্ম্ম এক অর্জ্জুনই জানেন। এখন তাহার প্রশ্ন এবং সর্ব্বজ্ঞ শ্রীহরির উত্তর সঞ্জয় কি অদ্ভুত প্রেমের সহিতই না বর্ণন করিবে। সেই কথা শুদ্ধ প্রাকৃত ভাষায় বর্ণন করা হইবে, উহার প্রতি মনোযোগ করুন; ইহাতে অন্ধের পূর্ব্ব দৃষ্টি লাভ হইবে। বুদ্ধির রসনায় শব্দের সার চাখিয়া দেখিবার পূর্ব্বেই অক্ষর শোভা ইন্দ্রিয় সকলকে মোহিত করিয়া ফেলে। ঘ্রাণেন্দ্রিয় মালতীর কলিকার গন্ধ লইয়া তাহার পরিচয় লয়, কিন্তু নেত্র কি প্রথমতঃ তাহার উপরের শোভা দেখিয়াই সুখী হইয়া যায় না? সেইরূপ এই কথোপকথনের ভাষার শোভাতেই ইন্দ্রিয়গণ সুখের রাজ্যে প্রবেশ করিবে, পরে আবার ধীরে সিদ্ধান্তরূপ নগরীও লাভ করিবে। সেই অনির্ব্বচনীয় উত্তম কথা শ্রবণ করুন। আমি শ্রীনিবৃত্তির দাস জ্ঞানদেব উহা নিবেদন করিতেছি॥ ৩০॥ ইতি শ্রীজ্ঞানদেব বিরচিতায়াং ভাবার্থদীপিকায়াং সপ্তমোঽধ্যায়ঃ।

তারকব্রহ্ম যোগ

অষ্টম অধ্যায়

অর্জ্জুন উবাচ—

কিং তদ্‌ব্রহ্ম কিমধ্যাত্মং কিং কর্ম্ম পুরুষোত্তম।
অধিভূতং চ কিং প্রোক্তমধিদৈবং কিমুচ্যতে ॥১॥

পুনরায় অর্জ্জুন বলিলেন—হে দেব শুনুন, আমি যাহা জিজ্ঞাসা করিয়াছি তাহার নিরূপণ করুন। ব্রহ্ম কেমন, কর্ম্ম কাহাকে বলে, অধ্যাত্ম কি, অধিভূত কিরূপ, এবং সংসারে অধিদৈবতই বা কি, ইহা আমাকে বুঝাইয়া দিন। এসকল বিষয় এরূপভাবে নিরূপণ করিবেন যাহাতে আমি উহা স্পষ্ট বুঝিতে পারি ॥১॥

অধিযজ্ঞঃ কথং কোঽত্র দেহেঽস্মিন্ মধুসূদন।
প্রয়াণকালে চ কথং জ্ঞেয়োঽসি নিয়তাত্মভিঃ ॥২॥

হে দেব, অধিযজ্ঞ অনুমান দ্বারা জানা যায় না, উহা দেহে কি বস্তু; আরও হে শার্ঙ্গপাণি, যিনি আপন অন্তঃকরণের নিয়মন করিয়াছেন তাহার দেহত্যাগ সময়ে যে আপনার জ্ঞান হয় উহা কি প্রকার, তাহা বর্ণন করুন। দেখুন, যে ভাগ্যবান্ ব্যক্তি চিন্তামণি রত্নের মন্দিরে শয়ন করে তাহার ঘুমের মধ্যেও যে কথা মুখ হইতে বাহির হয় তাহাও বিফলে যায় না, সেইরূপ অর্জ্জুনের মুখ হইতে পূর্ব্বোক্ত কথা বাহির হইতেই শ্রীকৃষ্ণ বলিলেন, "তুমি যাহা

জিজ্ঞাসা করিয়াছ, উহা ভাল করিয়া শ্রবণ কর। অর্জ্জুন কামধেনুর বৎস এবং কল্পতরুর মণ্ডপে বাঁধা রহিয়াছে অতএব মনোরথ সিদ্ধি তাহাকে লাভ করিবার ইচ্ছা করিলে উহা কিছু আশ্চর্য্যের বিষয় নয়।” শ্রীকৃষ্ণ কোপ করিয়া যাহাকে বধ করেন তাহারও পরব্রহ্ম সাক্ষাৎকার লাভ হয়, তবে কৃপা করিয়া যাহাকে উপদেশ করেন তাহার কি লাভ না হয়? আমি যদি কৃষ্ণের হইয়া যাই আমার অন্তঃকরণও কৃষ্ণময় হইয়া যাইবে এবং আমার সঙ্কল্পের অঙ্গনে সিদ্ধিসমূহ আশ্রয় লইবে। অর্জ্জুনেরই এইরূপ অসীম প্রেম আছে এই জন্য তাহার মনোরথ সর্ব্বদাই সফল হইয়া থাকে। শ্রীকৃষ্ণ তাঁহার মনোগত প্রশ্ন জানিয়া পূর্ব্বেই উত্তমরূপ ভোজ্য পরিবেশন করিয়া রাখিয়াছেন। স্তন্যপায়ী শিশুর ক্ষুধা মায়েরই অনুভব হয়, অন্যথা সে কি মুখে কহিয়া তাহা জানাইতে পারে আর তাহা শুনিয়া মাতা তাহাকে দুধ পান করায়? সেই প্রকার কৃপালু গুরু সম্বন্ধে এই কথা কিছু অদ্ভুত নয়। যাহউক সেই কথা এখন থাকুক ভগবান্ কি বলিলেন তাহা শুনুন ॥২॥

শ্রীভগবানুবাচ—

অক্ষরং ব্রহ্ম পরমং স্বভাবোঽধ্যাত্মমুচ্যতে।
ভূতভাবোদ্ভবকরো বিসর্গঃ কর্ম্ম সংজ্ঞিতঃ ॥৩॥

পুনরায় শ্রীকৃষ্ণ বলিলেন,—এই ভঙ্গুর শরীরে যে বস্তু ওতপ্রোতভাবে পূর্ণ হইয়া আছে, যাহা কোনও কালে বিনাশপ্রাপ্ত হয় না, অতি সূক্ষ্ম বলিয়া দেখা গেলেও যাহা শূন্য নয়, যাহা এরূপ

পাত্‌লা যে মনে হয়, আকাশের অঞ্চলে তাহাকে ঢাকিয়া রাখা হইয়াছে এবং এই প্রপঞ্চজ্ঞানের শরীর দ্বারা যাহাকে ধরা যায় না তাহাকে পরব্রহ্ম বলিয়া জানিবে। আকার উৎপন্ন হইলেও সেই বস্তুকে জন্মধর্ম্ম স্পর্শ করেনা, আকারের লোপ হয়, তবু উহার কখনও নাশ হয় না। এই প্রকার আপন স্বাভাবিক সত্তায় সত্তাবান্ পরব্রহ্মের যে নিত্যতা হে সুভদ্রাপতি, তাহাকেই অধ্যাত্ম বলে। নির্ম্মল গগনকে যেরূপ কোন সময় অজানিত ভাবে বিচিত্র বর্ণের অভ্রপটল ছাইয়া ফেলে, সেইরূপ অত্যন্ত শুদ্ধ নিরাকাররূপ অধিষ্ঠানে মহত্তত্ত্ব ইত্যাদি ব্রহ্মাণ্ডের ভূতভেদাত্মক আকার দৃষ্ট হইয়া থাকে। কল্পনাতীত ব্রহ্মস্বরূপা ধরিত্রীর বুকে আদি সঙ্কল্পরূপ অঙ্কুর উদ্‌গম হয় এবং সঙ্গে সঙ্গে ব্রহ্মাণ্ডের আকৃতির বৈচিত্রী প্রকাশিত হইয়া থাকে। উহার মধ্যে পরস্পরের অন্তরের দিকে দৃষ্টি করিলে প্রত্যেকেই বীজদ্বারা পূর্ণ বলিয়া দৃষ্ট হয়, উহা হইতে উৎপত্তিশীল এবং বিনাশশীল জীবের গণনা করা যায় না। আবার সেই ব্রহ্মাণ্ডের অনেকাংশ অসংখ্যাত আদিসঙ্কল্প উৎপন্ন করিয়া থাকে, অধিক কি, এই প্রকারে বহুবিধ সৃষ্টি প্রসার লাভ করে। তথাপি অদ্বিতীয় এক পরব্রহ্মই পূর্ণ হইয়া আছেন এবং তাহাতেই মনে হয়, অনেকতার জোয়ার আসিয়া চরাচর সম-বিষম ভাবের অনির্ব্বচনীয় ব্যর্থ রচনা করিয়া থাকে। উহা হইতে উৎপন্ন যোনিরও লক্ষ লক্ষ বিভেদ দৃষ্ট হয়। জীবভাব এবং আরও অনেক অঙ্কুরের সীমা নির্দ্দেশ করা একপ্রকার অসম্ভব ইহাদের উৎপত্তি কোথা হইতে হইতেছে

তাহা অন্বেষণ করিলে অব্যক্তই এই সকলের মূল বলিয়া নির্দ্ধারণ করিতে হয়। এই প্রকারে মুখ্য কর্ত্তাকে দেখা যায় না এবং শেষ হেতুও কিছু থাকেনা শুধু মধ্যে কার্য্যই আপনা আপনি বৃদ্ধি প্রাপ্ত হইয়া থাকে। এই রীতিতে কর্ত্তা চেনা ও অব্যক্তে প্রকাশিত আকারের যোজনা ব্যাপারকেই কর্ম্ম বলা যায় ॥৩॥

অধিভূতং ক্ষরো ভাবঃ পুরুষশ্চাধিদৈবতম্।
অধিযজ্ঞোঽহমেবাত্র দেহে দেহভৃতাং বর ॥৪॥

এখন যাহাকে অধিভূত কহা যায় তাহাও সংক্ষেপে বুঝাইতেছি। অভ্র উৎপন্ন হয় এবং বিলীন হইয়া যায়, সেইরূপ যাহার অস্তিত্ব মিথ্যা এবং না হওয়া সত্য—পঞ্চমহাভূতের প্রণয়ে যাহার রূপ নির্ম্মাণ হয়, যে ভূতমাত্রের আশ্রয় হইয়া থাকে, ভূতগণের সংযোগে যাহাকে দেখা যায় অথচ উহাদের বিয়োগের সময় যাহার নাম রূপ ইত্যাদির নাশ হইয়া যায়—তাহাকেই অধিভূত বলে। এখন অধিদৈবত অর্থাৎ পুরুষকে বুঝিয়া লও। যে প্রকৃতির সম্পাদিত সম্পত্তি ভোগ করে, যে বুদ্ধির দ্রষ্টা, যে ইন্দ্রিয় দেশের রাজা, যে দেহের অস্ত কালে সঙ্কল্পরূপ পক্ষিগণের আশ্রয়বৃক্ষ, যে পরমাত্ম স্বরূপ হইয়াও ভিন্ন বলিয়া মনে হয়, কেন না সে অহঙ্কার নিদ্রায় শায়িত থাকিয়া স্বপ্নচেষ্টায় সুখী এবং দুঃখী হইয়া থাকে। যাহাকে সাধারণতঃ জীব নামে অভিহিত করা হয়, তাহাকে এই পঞ্চায়তনের অধিদৈবত জানিবে। হে পাণ্ডুকুমার,

এখন এই শরীর নগরে যে শরীর ভাবকে লয় করিয়া দেয় সেই অধিযজ্ঞ আমি। অপর যে অধিভূত এবং অধিদৈব আছে উহাও নিশ্চিত জানিও আমি। উত্তমস্বর্ণ হীনস্বর্ণের সহিত মিলাইয়া লইলে সেই মিশ্রিত অবস্থায় উহার মূল্যও কমিয়া যাইবে তাহা বলিয়া বাস্তবপক্ষে উত্তমস্বর্ণের কিছু মালিন্য ঘটে না, বা উহা হীনস্বর্ণের কোন অংশেও মিশিয়া যায় না যতক্ষণ হীনস্বর্ণের সম্বন্ধে থাকে ততক্ষণ উহাকে অল্প মূল্যেরই বলিতে হইবে। সেইরূপ অধিভূত ইত্যাদি অবিদ্যার অঞ্চলে আবৃত থাকা পর্য্যন্ত ইহাদিগকে ভিন্ন বলিয়াই বুঝিতে হইবে। অবিদ্যার আবরণ সরিয়া ভেদভাবের সীমা দূর হইলে যদি বলা যায় যে, উহা একের মধ্যে মিলিয়া গিয়াছে, তাহাতে কি বুঝিতে হইবে যে, উহা বাস্তবিকই পৃথক্ ছিল? ভূপতিত কেশের উপর কাচ খণ্ড রাখিয়া দিলে উহা বাহ্যতঃ দেখিতে ভগ্ন বলিয়া দেখা যায়, কিন্তু কেশগুচ্ছ সরাইয়া লইলে আর উহা ভগ্ন বলিয়া বুঝা যায় না; তাহাতে কি ভগ্ন বলিয়া প্রতীয়মান কাচ কেহ আসিয়া জোড়া লাগাইয়া দিয়া যায়। কখনও নয়, উহাত স্বরূপত অখণ্ডই তবে শুধু সঙ্গ বশে ভিন্ন বলিয়া দৃষ্টিগোচর হইয়াছিল মাত্র। সেই সঙ্গ সরাইয়া লইতেই উহা যাহা তাহাই হইয়া থাকে। এই ঐক্য যাহাতে হয়, যথার্থতঃ সেই অধিযজ্ঞও আমিই। কেন না, আমি যে কহিয়াছিলাম সকলই যজ্ঞ-কর্ম্ম হইতে উৎপন্ন হইয়া থাকে, উহা যে দিকে দৃষ্টি রাখিয়া বলিয়াছিলাম উহা নিখিল জীবের বিশ্রাম স্থান নৈষ্কর্ম্ম—সুখের আশ্রয়। হে পার্থ, তাহাই আমি স্পষ্ট করিয়া বলিতেছি। প্রথমতঃ বৈরাগ্যরূপ ইন্ধন

দিয়া প্রজ্বলিত ইন্দ্রিয়াগ্নিতে বিষয়রূপ দ্রব্য আহুতি দিলে বজ্রাসনে পৃথ্বীর শোধন করিয়া শরার মণ্ডপে মূলবন্ধের বেদী নির্ম্মাণ করা হয়। তাহার পর ইন্দ্রিয়নিগ্রহরূপ অগ্নিকুণ্ড মধ্যে ইন্দ্রিয় দ্রব্য শ্রেষ্ঠ যোগমন্ত্র দ্বারা যজন করা হয়। আবার মন এবং প্রাণবায়ুর নিগ্রহই যে হবন সম্পত্তির আরম্ভ উহাতে ধূমরহিত জ্ঞানাগ্নির সন্তোষ বিধান করা হয়। এই প্রকারে সকল সামগ্রী জ্ঞানে অর্পিত হয় এবং জ্ঞান জ্ঞেয় পদার্থে লীন হইয়া যায়, পরে যে জ্ঞেয়মাত্রই পূর্ণ স্বস্বরূপে অবশিষ্ট থাকে উহারই নাম অধিযজ্ঞ। এই প্রকারে সর্ব্বজ্ঞ শ্রীকৃষ্ণ নিরূপণ করিলে পর উহা মহাবুদ্ধিমান্ অর্জ্জুনের বুদ্ধির অধিগত হইল। ইহা বুঝিতে পারিয়া ভগবান্ বলিলেন,—হে পার্থ, বেশ শুনিলে ত? শ্রীকৃষ্ণের এই বাক্যে অর্জ্জুনের অত্যন্ত আনন্দ হইল। দেখুন, বালকের তৃপ্তিতে তৃপ্ত হওয়া অথবা শিষ্যের কৃতার্থতায় কৃতার্থ হওয়া একমাত্র মাতা অথবা সদ্গুরুই জানেন! অতএব অর্জ্জুনের আগেই শ্রীকৃষ্ণের হৃদয়ে সাত্ত্বিকভাবের এরূপ প্রাচুর্য্য প্রকাশ হইয়াছিল যে, উহার আর স্থান হইতেছিল না। তবে ভগবান্ উহা বুঝিয়াই সেই ভাবের সংযম করিয়াছিলেন এবং এরূপ কোমল অথচ সরস বাক্য প্রয়োগ করিলেন যে, তাহাতে মনে হইল যেন উহা পরিপক্ক সুখেরই সুগন্ধ অথবা শান্ত অমৃতের তরঙ্গ। তিনি বলিলেন, হে শ্রোতৃশ্রেষ্ঠ বৎস ধনঞ্জয়, শ্রবণ কর, এই প্রকার মায়া জ্বলিয়া গেলে বোধ হয় মায়াবিনাশী জ্ঞানও জ্বলিয়া যায় ॥৪॥

অন্তকালে চ মামেব স্মরন্ মুক্ত্বা কলেবরম্ ।
যঃ প্রয়াতি স মদ্ভাবং যাতি নাস্ত্যত্র সংশয়ঃ ॥৫॥

কেননা, এখন আমি যাহার বর্ণন করিয়াছি, যাহাকে অধিযজ্ঞ বলিয়া ব্যাখ্যা করিয়াছি, যাহা সকল বস্তুর আদি কারণ, দেহান্তকাল জানিতে পারিয়া—দেহ মিথ্যা বুঝিয়া আকাশপূর্ণ মঠ যেরূপ আকাশেই অবস্থান করে, সেরূপ যে নিজে আত্ম-স্বরূপ হইয়া থাকে, যাহার অনুভবরূপ মধ্য ঘরে নিশ্চয়রূপ কুঠরি দৃষ্টিগোচর হয়, যে বাহিরে আসিবার কথা চিন্তাও করে না এ প্রকার যে অন্তরে বাহিরে পরিপূর্ণ একতাদ্বারা মদ্রূপ হইয়া থাকে, তাহার বাহ্য ভূতের পাঁচটী আবরণ অজানিত ভাবে নষ্ট হইয়া যায়। আবরণ অখণ্ডিত থাকিলেও উহার দিকে যাহার চিত্ত লাগে না,—সেই আবরণের বিনাশ হইয়া গেলে তাহার আর কি দুঃখ হইতে পারে ? উহার অনুভবরূপ উদরের জলও একটু নড়ে না। তাহার বিশ্বাস ঐক্যভাবের সহিত মিশ্রিত করিয়া তখন মনে হয়, হৃদয় অবিনশ্বরতার সাঁচে ঢালিয়া লওয়া হইল। ইহাও মনে হয় যে, পূর্ণানন্দ সমুদ্রে উহা ধুইয়া লওয়া হইয়াছে বলিয়া উহার মলিনতা নাই। গভীর জলে ঘট ডুবাইলে উহার অন্তর বাহির জলে পূর্ণ হইয়া যায়, পরে দৈবাৎ উহা ভাঙ্গিয়া গেলে কি আর ঘটের অভ্যন্তরস্থ জলের বিনাশ হইয়া যায় ? সর্প বা বৃশ্চিক থাকিলে অথবা গ্রীষ্মবোধে অঙ্গ হইতে বস্ত্রাবরণ মুক্ত করিয়া ফেলিয়া দিলে কি অঙ্গের কিছু হানি হয় ? সেইরূপ বিনাশ এই

উপরিস্থিত আকারেরই হইয়া থাকে। তত্ত্ববস্তু অখণ্ডই আছে। উহার বোধ হইলে ব্যাকুলতা কেমন করিয়া সম্ভব হইতে পারে? অতএব যে আমাকে অন্তকালে এই প্রকার জানিয়া দেহ ত্যাগ করে সে মৎস্বরূপ হইয়া যায়। সাধারণতঃ নিয়ম এই যে, যখন মরণ আসিয়া বুকের উপর পড়ে তখন অন্তঃকরণ যাহার স্মরণ করে সে তাহাই হইয়া যায়। কোন লোক বিপদে পড়িয়া বায়ু গতিতে দৌড়াইয়া অবশেষে অকস্মাৎ কূপ মধ্যে নিপতিত হয়—কূপে নিপতিত হইবার পূর্ব্বে তাহার পতন নিবারণ করিবার কোথাও কিছু থাকে না বলিয়াই সে পড়িয়া যায়, সেইরূপ মৃত্যুকাল উপস্থিত হইলে যে বস্তু জীবের সম্মুখে আসিয়া দাঁড়ায় উহারই রূপে মিলিয়া যায়। জাগ্রত অবস্থায় মানুষ যাহা ধ্যান ও ভাবনা করে চক্ষু নিমীলিত করিয়া স্বপ্নেও সে তাহাই দেখিয়া থাকে ॥৫॥

যং যং বাপি স্মরন্ ভাবং ত্যজত্যন্তে কলেবরম্।
তং তমেবৈতি কৌন্তেয় সদা তদ্ভাবভাবিতঃ ॥৬॥

জীবিত অবস্থায় মনে যে ইচ্ছা থাকিয়া যায় উহাই বিশেষতঃ মরণ সময়ে আসিয়া উপস্থিত হয়। এই প্রকারে মরণ সময়ে যিনি যে বস্তুর স্মরণ করেন তাহার গতিও সেইরূপ লাভ হয় ॥৬॥

তস্মাৎ সর্ব্বেষু কালেষু মামনুস্মর যুধ্য চ।
ময্যর্পিতমনোবুদ্ধি র্মামেবৈষ্যস্যসংশয়ম্ ॥৭॥

এই নিমিত্ত সর্ব্বদা তুমি আমাকেই স্মরণ করিবে। চক্ষু দ্বারা যাহা দেখ, কাণে যাহা শোন, মন দিয়া যাহা ভাবনা কর, বাক্য দ্বারা যাহা বল, উহা সকলই অন্তরে বাহিরে মদ্রূপ করিয়া ফেলা চাই। তখন স্বভাবতঃ সর্ব্বদা আমিও ঐ সকল হইয়াই থাকিব। হে অর্জ্জুন, এইরূপ নিশ্চয়ে দেহের বিনাশ হইয়া গেলেও যথার্থ মৃত্যু হয় না। তবে আর সংগ্রাম করিতে তোমার ভয় কি? যদি তুমি যথার্থই আপন মন এবং বুদ্ধি আমার স্বরূপে সমর্পিত করিয়া দেও তবে অবশ্যই আমাকে লাভ করিবে। ইহা কেমন করিয়া সম্ভবে, এই সন্দেহ হইলে প্রথমতঃ অভ্যাস করিয়া দেখ, তারপর আমি যাহা বলিলাম তাহা না হইলে ক্রোধ করিও ॥৭॥

অভ্যাসযোগযুক্তেন চেতসা নান্যগামিনা।
পরমং পুরুষং দিব্যং যাতি পার্থানুচিন্তয়ন্ ॥৮॥

এইরূপ অভ্যাস-যোগ চিত্তের হিতকারী। উপায়ের সামর্থ্যে পঙ্গুও পর্ব্বত আরোহণ করিতে পারে। সেইরূপ নিরন্তর উত্তম অভ্যাস দ্বারা চিত্তকে পরম পুরুষে লাগাইয়া দেও, তাহাতে শরীর থাকে থকুক্, যায় যাউক্। যে চিত্ত বহু বিষয়ে ধাবিত হয় উহা যদি আত্মাকে অস্বীকার করিয়া লয় তবে কি আর দেহ থাকিল কি গেল এই বিষয়ে তাহার সন্ধান থাকে? নদীর প্রবাহ যখন হুঁ হুঁ করিয়া সমুদ্রে আসিয়া মিলিত হয় তখন কি আর সে পশ্চাতে ফিরিয়া দেখে যে পিছনে কি হইয়াছে না

হইয়াছে ? তাহা কখনও দেখে না, কারণ সে ত তখন সমুদ্র হইয়াই রহিয়া যায়। এইরূপ যেখানে চিত্ত জ্ঞানরূপ হইয়া যায়, যেখানে জন্ম মরণ বন্ধ হইয়া যায়, যে বস্তু পরমানন্দ—॥৮॥

কবিং পুরাণমনুশাসিতার-
মণোরণীয়াং সমনুস্মরেদ্ যঃ।
সর্ব্বস্য ধাতারমচিন্ত্যরূপ-
মাদিত্যবর্ণং তমসঃ পরস্তাৎ ॥৯॥
প্রয়াণকালে মনসাঽচলেন
ভক্ত্যা যুক্তো যোগবলেন চৈব।
ভ্রুবোর্ম্মধ্যে প্রাণমাবেশ্য সম্যক্
স তং পরং পুরুষমুপৈতি দিব্যম্ ॥১০॥

যাহার স্থিতি আকার রহিত, যাহার জন্ম অথবা মরণ হয় না, যে সর্ব্বব্যাপী বলিয়া দৃষ্ট হয়, যে আকাশ হইতেও পুরাতন, যে পরমাণু হইতেও সূক্ষ্ম, যাহার সান্নিধ্যবশতঃ বিশ্ব ব্যাপার চলে, যে সর্ব্বজগৎ সৃষ্টি করে, যে সর্ব্ব জগতের জীবন, যে এরূপ অচিন্ত্য যে তাহাকে শাস্ত্রের অনুমানও ভয় পায়,—যেরূপ পতঙ্গ কখনও অগ্নি খাইয়া ফেলে না অথবা আলোকের মধ্যে আঁধার কখনও প্রবেশ করিতে পারে না সেইরূপ যাহাকে অনুমানও করা অসম্ভব, অজ্ঞানাত্মক বাহ্য দৃষ্টির সমীপে দিলেও অন্ধকারের সমান, যে নির্ম্মল সূর্য্য-কিরণ রাশির সদৃশ, জ্ঞানিগণের নিকট যাহার নিত্য উদয় এবং যে কখনও অস্ত

যাইবার কথা জানে না—সেই পরিপূর্ণ ব্রহ্মকে চিনিয়া লইয়া যে মরণকালে একাগ্রচিত্ত হইয়া তাহার স্মরণ করে, বাহ্যতঃ পদ্মাসনে উত্তর মুখে উপবেশন করিয়া হৃদয়ে কর্ম্মযোগ-সুখের আশাশূন্য, অন্তর্য্যামীতে একাগ্রচিত্ত, স্বরূপ প্রাপ্তির সুখে বিভোর, আপনা আপনি ব্রহ্মের সহিত মিলিত হইবার জন্য যে অভ্যাস প্রাপ্ত যোগদ্বারা সুষুম্নার মধ্যপথ দিয়া অগ্নি চক্র হইতে ব্রহ্মরন্ধ্রের দিকে যায়, যাহার প্রাণ ও চিত্তের সম্বন্ধ বাহ্যিক বলিয়া অনুভব হয়, প্রাণ আকাশে লীন হয় এবং মনের স্থিরতায় ধৈর্য্যযুক্ত হইয়া, ভক্তির ভাবে পূর্ণ হইয়া, যোগবল দ্বারা আবৃত ও সুসজ্জিতভাবে চেতনায় চেতনকে বিলীন করিয়া ভ্রূমধ্যে প্রবেশ করে, এবং ঘণ্টাধ্বনি যেরূপ ঘণ্টার মধ্যেই লীন হইয়া যায় অথবা ঘটের নীচে চাপা দেওয়া প্রদীপ শিখা যেরূপ অজ্ঞানিতভাবে অন্তর্হিত হয়, সেইরূপ হে পাণ্ডব, যে দেহত্যাগ করে, সে কেবল পরব্রহ্ম পরম পুরুষ আমার নিজ ধামের স্বরূপতা লাভ করে ॥৯।১০॥

যদক্ষরং বেদবিদো বদন্তি
বিশন্তি যদ্‌যতয়ো বীতরাগাঃ।
যদিচ্ছন্তো ব্রহ্মচর্য্যং চরন্তি
তৎ তে পদং সংগ্রহেণ প্রবক্ষ্যে ॥১১॥

সকল জ্ঞানের সীমা, আত্মজ্ঞানের আকর, জ্ঞানী যাহাকে আপন বুদ্ধি অনুসারে অক্ষর বলিয়া থাকেন; যে বাস্তবিক

এরূপ এক আকাশ যে প্রচণ্ড বায়ুতেও ভাঙ্গে না। যে বস্তু বুদ্ধিগত হয় উহা জ্ঞান হইতে ক্ষুদ্রায়তন, যাহা জ্ঞানদ্বারা কখনও পূর্ণরূপে জ্ঞাত হয় না উহাই স্বভাবতঃ অক্ষর বলিয়া অভিহিত হয়। অতএব বেদার্থ-জ্ঞানী যাহাকে অক্ষর বলে, যাহা প্রকৃতির পার, পরমাত্মস্বরূপ, আরও বিষয়ের বিষ শূন্য করিয়া সকল ইন্দ্রিয়ের প্রায়শ্চিত্তের অন্তে দেহরূপ বৃক্ষের নীচে বসিয়া বৈরাগ্যবান্ নিরন্তর যে তত্ত্বান্বেষণে পথ চাহিয়া থাকে; নিষ্কাম পুরুষের ইষ্ট, যাঁহার ইচ্ছার কাছে বেচারা ব্রহ্মচর্য্যাদি সঙ্কটের পর্ব্বদিন থাকে না, নিষ্ঠুরভাবে ইন্দ্রিয়কে দুর্ব্বল করিয়া ফেলে এইরূপ যে দুর্লভ এবং অগাধ, বেদ যাহার তীরে ডুবিয়া রহিয়াছে, সেই পদ উক্ত পুরুষের লাভ হয়, সে পূর্ব্বোক্ত রীতিতে লয় প্রাপ্ত হয়। হে পার্থ, এই স্থিতি আবারও একবার আমি বর্ণন করিতেছি। অর্জ্জুন বলিলেন—হে প্রভু, আমিও এই কথা বলিতেছিলাম। ইহার মধ্যে আপনিই সহজ কৃপা করিয়াছেন। এখন দয়া করিয়া অত্যন্ত সাধারণ শব্দ দ্বারা বর্ণনা করিবেন। তখন ত্রিভুবনের প্রদীপ স্বরূপ শ্রীকৃষ্ণ উত্তরে বলিলেন—তোমার অধিকার কি পর্য্যন্ত তাহা কি আমি জানি না? আমি সংক্ষেপে বলিতেছি শোন। এরূপ যত্ন করিবে যেন মন বাহিরে আসিবার পথ না পায় শুধু হৃদয় সরোবরে ডুবিয়া থাকে ॥১১॥

সর্ব্ব দ্বারাণি সংযম্য মনো হৃদি নিরুধ্য চ।

মূর্দ্ধ্যাধায়াত্মনঃ প্রাণমাস্থিতো যোগধারণাম্ ॥ ১২ ॥

নিরন্তর সকল ইন্দ্রিয় দ্বারে সংযম কবাট লাগাইয়া রাখিলেই ইহা সম্ভব হয়, মন হৃদয়ে বদ্ধ হইয়া সহজ ভাবে স্থিরতা লাভ করে। হাত পা অবশ হইয়া গেলে মানুষ কখনও ঘরের বাহিরে আসিতে পারে না। এই প্রকার হে পাণ্ডব, চিত্ত স্থির হওয়ার পর প্রাণকে ওঁকাররূপে পরিণত করিয়া ক্রমশঃ ব্রহ্মরন্ধ্র পর্য্যন্ত লইয়া যাওয়া চাই। এই ধারণার বলে উহাকে এই প্রকার স্থির রাখা চাই যে আকাশে মিলিল কি মিলিল না এইরূপ বোধ না হয়। ওঁকারের তিনটী মাত্রা যতক্ষণ পর্য্যন্ত অর্দ্ধ মাত্রাতে বিলীন না হইয়া যায় ততক্ষণ সেই বায়ু আকাশে স্থির রাখিতে হইবে। ঐক্যাবস্থার সময় ওঁকার বিম্ব মধ্যেই বিরাজমান থাকে ॥১২॥

ওমিত্যেকাক্ষরং ব্রহ্ম ব্যাহরন্ মামনুস্মরন্।
যঃ প্রয়াতি ত্যজন্ দেহং স যাতি পরমাং গতিম্ ॥১৩॥

ওঁকারের স্মরণ বন্ধ হইয়া গেলে প্রাণও বহির্গত হইয়া যায় তখন ওঁকারের যে ব্রহ্মানন্দ স্বরূপ উহাই অবশিষ্ট থাকে। অতএব এক প্রণবই যাহার নাম, এরূপ যে একাক্ষর ব্রহ্ম * যাহা আমার

* প্রণব, একাক্ষর ব্রহ্ম, শব্দ ব্রহ্ম, নাম ব্রহ্ম, ওঁকার, প্রভৃতি একার্থ বাচক। শ্রীচৈতন্য চরিতামৃতের মতানুসারে প্রণব বেদের মহাবাক্য। যথা আদি লীলায়—

প্রণব সে মহাবাক্য বেদের নিদান।
ঈশ্বর স্বরূপ প্রণব সর্ব্ব বিশ্বধাম ॥
সর্ব্বাশ্রয় ঈশ্বরের প্রণব উদ্দেশ। (৭ম পরিচ্ছেদ)

স্বরূপ, উহার স্মরণ করিতে করিতে যে ব্যক্তি দেহত্যাগ করে সে নিশ্চয়ই আমাকে লাভ করে—এই প্রাপ্তি ভিন্ন আর অধিক কোন লাভ নাই। হে অর্জ্জুন, ইহার পর যদি তুমি জিজ্ঞাসা

সংহিতা ও উপনিষদের আদি মধ্য ও অন্তে প্রণব। প্রত্যেকটী মন্ত্র ও প্রার্থনার আদি অন্তে এই ধ্বনি। প্রণবের বিরাট মধুর ঝঙ্কারে বেদ বেদ্য পরমপুরুষের নির্দ্দেশ। কোন্ অচেনা যুগে কোন্ অননুভূত-পূর্ব্বালোকে উদ্ভাসিত অন্তর হৃদয়াকাশে মোহন মন্ত্র সঙ্গীতে এই মহামন্ত্রের প্রথম বিকাশ তাহা কে বলিবে? অমর লোকের অন্তরে যে ধ্বনির বিকাশ তাহাই ক্রমে গুরুপরম্পরাশ্রয়ে জগতের জীব লাভ করিয়াছে। এই মহাবীজ মন্ত্রের দ্রষ্টা ঋষি ব্রহ্মা। "ওঁকারস্য ব্রহ্মঋষিঃ" ব্রহ্মা কৃপাপূর্ব্বক আথর্ব্বাণকে এই মন্ত্র উপদেশ করেন। আথর্ব্বাণ পিপ্পলাদকে, পিপ্পলাদ সনৎকুমারকে, সনৎকুমার অঙ্গিরসকে, অঙ্গিরস ভরদ্বাজকে, ভরদ্বাজ সত্যবাহকে, সত্যবাহ আঙ্গিরসকে, আঙ্গিরস শৌনককে যথাক্রমে উপদেশ করেন। শৌনক হইতে ক্রমে জগতের লোকে এই মহামৃত লাভ করিয়াছে। মনুসংহিতায় প্রণবকে একাক্ষর পরম ব্রহ্ম বলিয়া নির্দ্দেশ আছে যথা—

একাক্ষরং পরং ব্রহ্ম প্রাণায়ামাঃ পরংতপঃ
সাবিত্র্যাস্তু পরং নাস্তি মৌনাৎ সত্যং বিশিষ্যতে। ২।৮৩॥

ছান্দ্যোগ্যোপনিষদের প্রারম্ভে উদ্গীথ উপাসনার প্রসঙ্গে প্রণবের রহস্য বর্ণনা আছে। প্রণবের উপাসনাই শ্রেষ্ঠ উপাসনা। "ওমিত্যেত দক্ষরমুদ্গীথমুপাসীতোমিতি হ্যুদ্গায়তি তস্যোপব্যাখ্যানমিতি" মাণ্ডুক্যোপনিষদে বিশ্ব ও বিশ্বাতীত, কাল ও কালাতীত সকলই প্রণব স্বরূপে বর্ণিত হইয়াছে।—ওঁ ইত্যেতদক্ষরমিদং সর্ব্বং তস্যোপ

কর যে অন্তকালে এই স্মরণ কেমন করিয়া হয়—ইন্দ্রিয়গণের সঙ্কটকাল উপস্থিত হইলে—জীবনের সুখ ডুবিয়া যাইবার সময়—অন্তর বাহিরে মৃত্যুর চিহ্ন প্রকাশ পাইলে—কে তখন আসন

ব্যাখ্যানং ভূতং যদ্ভবিষ্যদিতি সর্ব্বমোঙ্কার এব। যচ্চান্যৎত্রিকালাতীতং তদপ্যোঙ্কার এব।" কঠোপনিষদে প্রণবের বর্ণনা যথা—সর্ব্বে বেদা যৎপদমামনন্তি তপাংসি সর্ব্বাণিচ যদ্বদন্তি যদিচ্ছন্তো ব্রহ্মচর্য্যং চরন্তি তত্তে পদং সংগ্রহেণ ব্রবীম্যোমিত্যেতৎ। ২।১৫॥

প্রণবের বিশ্লেষণ বহু প্রকার, কয়েকটী মাত্র দেখাইতেছি।

(১) আদিবর্ণ বলিয়া স্বীকার করিলে ইহাকে আর বিশ্লেষণের প্রয়োজন হয় না।

(২) অ+উ+ম=ওম্। অ=বিষ্ণু,উ=ব্রহ্মা, ম=মহেশ্বর।
অ=সত্ত্ব, উ=রজঃ, ম=তমঃ। ত্রিগুণ ও তিন দেবতার সমষ্টি।
অ=বায়ু, উ=অগ্নি, ম=সূর্য্য। অর্দ্ধমাত্রা=পরমা মাত্রা।

(৩) অ+উ+ম+(৺) নাদ×(০) বিন্দু=ওঁ

(৪) অ=বিশ্ব (রোহিনীতনয় বলদেব)। উ=তৈজস (প্রদ্যুম্ন)। ম=প্রাজ্ঞ (অনিরুদ্ধ)। অর্দ্ধমাত্রা=তুরীয় (শ্রীকৃষ্ণ বা বাসুদেব) (গোপাল তাপনী)

(৫) অ=বিষ্ণু, উ=লক্ষ্মী, ম=ভগবদ্দাস অথবা ম=শেষনাগ। (ভক্তিসন্দর্ভধৃত পাদ্মোত্তর খণ্ডবাক্য)

(৬) ওঁ মন্ত্রের আদিতে ব্রহ্ম ও মঙ্গল, মন্ত্রের শেষে শান্তি; কখনও অনুজ্ঞা বা স্বীকৃতিবাচক।

(৭) প্রণব=হংস। অকার উক্ত হংসের দক্ষিণ পক্ষ, উকার বামপক্ষ, মকার পুচ্ছ, অর্দ্ধমাত্রা বা নাদবিন্দু প্রণবময় হংসের মস্তক।

করিয়া বসিতে পারে অথবা কে তখন ইন্দ্রিয় নিরোধ করিতে পারে আর কাহারই বা অন্তঃকরণ তখন প্রণব স্মরণ করিতে

রজঃ ও তমঃ প্রণব হংসের দুই চরণ, সত্ত্বগুণ তাহার শরীর, ধর্ম্মাধর্ম্ম যথাক্রমে দক্ষিণ ও বাম চক্ষু। এই হংসের চরণে ভূলোক, জানুতে ভুবলোক, কটিতে স্বলোক, নাভিতে মহঃ, হৃদয়ে জনলোক, কণ্ঠে তপ ও ললাটে সত্যলোক বর্ত্তমান।

প্রণবের দ্বাদশমাত্রা বা দ্বাদশকলা।

(৮)	নাম	ফল
অ	(১) ঘোষিণী	প্রজ্ঞা প্রদায়িনী।
	(২) বিদ্যুন্মালা	যক্ষরাজত্ব ও যক্ষলোক
	(৩) পতঙ্গী	আকাশ গতি
উ	(৪) বায়ু বেগিনী	শীঘ্রগতি
	(৫) নামধেয়া	পিতৃলোক
	(৬) ঐন্দ্রী	ইন্দ্র সাযুজ্য
ম	(৭) বৈষ্ণবী	বিষ্ণুলোক
	(৮) শাঙ্করী	শিবলোক
	(৯) মহতী	মহলোক
ঁ	(১০) ধ্রুবা	ধ্রুবলোক
	(১১) মৌনী	মুনিলোক
	(১২) ব্রাহ্মী	ব্রহ্মলোক

প্রণবের মাত্রা জ্ঞানের সহিত উচ্চারণ কালে যে মাত্রা হৃদয়ে করিয়া দেহত্যাগ হয় সাধক তদনুসারে গতি লাভ করে। এই দ্বাদশ কলারও অতীত স্বরূপ সাধকের চরম লক্ষ্যস্থল। সেই অবস্থাকে নাদবিন্দু কলাতীত বলা যায়। বিশেষ জিজ্ঞাসু গুরুসমীপে সন্ধান করিবেন।

পারে? এইরূপ আশঙ্কা মনে স্থান দিও না, কেন না আমার নিত্য সেবকের অন্তকালে আমিই সেবক হইয়া যাই ॥১৩॥

অনন্যচেতাঃ সততং যো মাং স্মরতি নিত্যশঃ।
তস্যাহং সুলভঃ পার্থ নিত্যযুক্তস্য যোগিনঃ ॥১৪॥
মামুপেত্য পুনর্জ্জন্ম দুঃখালয়মশাশ্বতম্।
নাপ্নুবন্তি মহাত্মানঃ সংসিদ্ধিং পরমাং গতাঃ ॥১৫॥

যে ব্যক্তি বিষয়ে তিলাঞ্জলি প্রদানপূর্ব্বক প্রবৃত্তির পদে শৃঙ্খল দিয়া উহা আমার হৃদয়ে রাখিয়া ভোগ করে এবং ভোগের অতৃপ্তি হেতু যাহার সহিত ক্ষুধা প্রভৃতির দেখা শুনাও হয় না, চক্ষু প্রভৃতির দারিদ্র্যের আর কি কথা? যে নিরন্তর একাগ্র অন্তঃকরণে আমার সহিত যুক্ত ও আমার স্বরূপে ব্যাপ্ত হইয়া আমাকে ভক্তি করে দেহান্তের সময় সে আমার স্মরণ করিলে আমি তাহার সমীপবর্ত্তী না হইলে তাহার উপাসনায় আর কি প্রয়োজন? কোনও অসহায় মনুষ্য বিপদে পড়িয়া আকুল ভাবে যদি ডাকে "ছুটিয়া এস—ছুটিয়া এস" তাহার চীৎকার শুনিয়া দুঃখ দূর করিবার নিমিত্ত কি আমি দৌড়াইয়া যাইব না? ভক্তেরও সেই দশা উপস্থিত হইলে ভক্তির নিমিত্ত তীব্র কামনা কেন করা হয়? অতএব এরূপ কথা বলিও না। ভক্ত স্মরণ করা মাত্রই আমি তাহার সমীপে উপস্থিত হইয়া থাকি। তবে সে যে আমাকে স্মরণ করে ইহাতেই আমি ঋণী হই। এইরূপ ঋণী অনুভব করিয়া

নিজেকে অঋণী করিবার জন্য ভক্তের দেহবসানের সময় সেবা করিয়া থাকি। তাহার সুকোমল শরীরে যাহাতে বিকলতা পবন স্পর্শ না হয় সেই নিমিত্ত আমি তাহাকে আত্মজ্ঞানরূপ পিঞ্জর মধ্যে রাখিয়া দিই এবং মদ্‌বিষয় স্মরণরূপ সুশীতল ছায়া বিতরণ করিয়া থাকি। আমি নিত্যই বর্ত্তমান। এই নিমিত্ত আমার ভক্তের দেহ ত্যাগের সময় কখনও সঙ্কট উপস্থিত হয় না। আপন সেবককে আমি আপনার কাছে সুখে সুখে লইয়া আসি। তাহার বাহ্য শরীরের আবরণ ফেলিয়া দিয়া মিথ্যা অহঙ্কারের ধূলা ঝাড়িয়া শুদ্ধ বাসনা দ্বারা নিজের স্বরূপের অন্তর্গত করিয়া লই। ভক্তেরও নিজ শরীরের সহিত বিশেষ তাদাত্ম্য ভাব থাকে না বলিয়া উহা ছাড়িতে কিছুমাত্র বিরহ দুঃখ অনুভব হয় না। দেহান্তের সময় সে এরূপও চিন্তা করে না যে, আমিও যাই, আমার দেহকেও লইয়া যাই, কারণ সে প্রথম হইতে আমার স্বরূপে লাগিয়া আছে। অহঙ্কারময় শরীররূপ জলে আত্মারূপ চন্দ্রের প্রতিবিম্ব দেখা যায়, সে ভাবে বাস্তবিক চন্দ্রই ত চন্দ্রিকার নিবাসস্থান। এইরূপে যে নিরন্তর আমার সহিত যুক্ত থাকে তাহার সমীপে আমি সর্ব্বদাই সুলভ। এই নিমিত্ত শরীর ত্যাগের সময় সে নিশ্চয় আমার স্বরূপ প্রাপ্ত হয়। ক্লেশরূপ বৃক্ষের উত্থান যে দেহ, যাহা আধ্যাত্মিক, আধিদৈবিক ও আধিভৌতিক তাপের কুণ্ড, আরও যাহা মৃত্যুরূপ কাকের নিমিত্ত বলিপ্রদান করা হইয়াছে, যাহা দারিদ্র্য উৎপত্তির মূল এবং মৃত্যুভয়বর্দ্ধনকারী, যে সকল প্রকার দুঃখ

ব্যবসায়ের মূলধন, যাহা দুর্মতির গোঁড়া, যে কুকর্ম্মের ফল, ভ্রান্তির শুদ্ধস্বরূপ, সংসারের বসিবার স্থান, সকল প্রকার বিকারের উদ্যান, সকল রোগের পরিবেশন করা থালা, কালের উচ্ছিষ্ট খিচুরী, আশার অবয়বের ছাঁচ, জন্ম মরণের স্বাভাবিক আসা যাওয়ার রাস্তা, যাহা ভ্রমদ্বারা পরিপূর্ণ, বিকল্পদ্বারা ঢালাই করা, অধিক আর বলিব কি বৃশ্চিকপূর্ণ গর্ত্ত, যে শরীর ব্যাঘ্রের ক্ষেত্র, বেশ্যার মিত্র, বিষয় ভোগের উত্তম যন্ত্র, ডাকিনীর প্রেমের স্থান, বিষরূপ শীতল জল পান করা, সাধুবেশধারী চোরের বিশ্বাসী সহবাসী, ব্যাঘ্রের আলিঙ্গন, মহাবিষধর সর্পের মৃদুতা, যাহার স্বভাব শিকারী ব্যাধের সঙ্গীত সদৃশ, যাহা শত্রুর অতিথিসংকার, দুর্জনের আদর, আর বলিব কি,—যাহা অনর্থের সমুদ্র, স্বপ্নে দেখা স্বপ্ন, মৃগতৃষ্ণার বিস্তৃত ক্ষেত্র, অথবা ধূম্রময় ধূলিপূর্ণ গগনমণ্ডল; আমার অপার স্বরূপের সহিত যে ব্যক্তি এক হইয়া যায় তাহাকে আর কখনও এইরূপ দেহ ধারণ করিতে হয় না ॥১৪।১৫॥

আব্রহ্মভুবনাল্লোকাঃ পুনরাবর্ত্তিনোঽর্জ্জুন।
মামুপেত্য তু কৌন্তেয় পুনর্জ্জন্ম ন বিদ্যতে ॥১৬॥

ব্রহ্মত্বের গরিমা করিয়া কেহ পুনর্জন্মের চক্র হইতে রক্ষা পায় না। মৃত মানুষের উদরবেদনা অনুভব হয় না, জাগ্রত অবস্থায় স্বপ্নময় বন্যায় কেহ ডুবিয়া যায় না, যে ব্যক্তি আমাকে প্রাপ্ত হয় সে সংসারে লিপ্ত হয় না। জগদাকারের শিখর,

চিরস্থায়িগণের মধ্যে শ্রেষ্ঠ, ত্রৈলোক্যস্বরূপ পর্ব্বতের সীমা যে ব্রহ্মভুবন, যেথায় একপ্রহর বেলা পর্য্যন্ত একচন্দ্রের আয়ুষ্কালও কুলায় না, একটী দিনে চতুর্দ্দশ ইন্দ্রের পংক্তি উঠিয়া যায় ॥১৬॥

সহস্রযুগপর্য্যন্তমহর্যদ্ ব্রহ্মণো বিদুঃ।
রাত্রিং যুগসহস্রান্তাং তেঽহোরাত্রবিদো জনাঃ ॥১৭॥

যুগের সহস্র তুষ উড়িয়া গেলে যেখানে বাস্তবিক একটী দিন অতিক্রান্ত হয়, সেইরূপ একসহস্রযুগ অতীত হইলে এক রাত্রি হয়, যেখানে এই প্রকার বৃহৎ দিনরাত্রির পরিমাণ, সেখানে থাকিয়া যে ভাগ্যবান অক্ষর স্বরূপ লাভ করিয়াছে সে-ই উহা দর্শন করিতে পারে ;—সে-ই স্বর্গস্থ চিরঞ্জীব। সেখানে আর অপর দেবতার প্রতিষ্ঠার বিশেষ বিবরণ কি করা যাইতে পারে। মুখ্য ইন্দ্রেরই দশা দেখ—এক দিনের মধ্যেই চৌদ্দজন ইন্দ্র জন্মগ্রহণ করে। ব্রহ্মার অষ্টপ্রহরকে যে ব্যক্তি আপন নয়নে প্রত্যক্ষ করে তাহাকেই অহোরাত্রবিদ্ বলা হয় ॥১৭॥

অব্যক্তাদ্ ব্যক্তয়ঃ সর্ব্বাঃ প্রভবন্ত্যহরাগমে।
রাত্র্যাগমে প্রলীয়ন্তে তত্রৈবাব্যক্তসংজ্ঞকে ॥১৮॥
ভূতগ্রামঃ স এবায়ং ভূত্বা ভূত্বা প্রলীয়তে।
রাত্র্যাগমেঽবশঃ পার্থ প্রভবত্যহরাগমে ॥১৯॥

সেই ব্রহ্মভুবনে প্রভাত হইলে নিরাকার হইতে বিশ্ব এরূপ বহুল ভাবে প্রকাশ হইতে থাকে যে তাহার গণনা করা যায় না।

পরে দিবসের চারিটী প্রহর অতীত হইলে এই আকার-সমুদ্র শুষ্ক হইতে আরম্ভ করে এবং পুনরায় প্রভাতকালে পূর্ব্ববৎ হইয়া থাকে। শরৎকালের আরম্ভে মেঘ আকাশে বিলীন হইয়া যায়; গ্রীষ্মঋতুর অন্তে পুনরায় প্রকাশ পাইয়া থাকে, সেইরূপ ব্রহ্মার দিবসের আরম্ভে এই ভূত-সৃষ্টির সকল বস্তু প্রকাশ হইয়া সহস্রবর্ষ পূর্ণ হওয়া পর্য্যন্ত অবস্থান করে। রাত্রিকাল উপস্থিত হইলে বিশ্ব অব্যক্তে লীন হইয়া যায় এবং একটী ক্ষুদ্র যুগ-সহস্র অতীত হইয়া গেলে পূর্ব্ববৎ প্রকাশ হয়। বক্তব্য এই যে, জগতের উৎপত্তি ও প্রলয় ব্রহ্মভুবনের দিবা ও রাত্রির ক্রমে হইয়া থাকে। উহার শ্রেষ্ঠতা এই যে, উহা সৃষ্টির বীজ-ভাণ্ডার এবং জন্মমৃত্যুরও পরিমাণ দণ্ড। হে ধনুর্ধর, এই ত্রৈলোক্য সেই ব্রহ্মভুবনেরই বিস্তার, ইহাও ব্রহ্মার দিবসোদয়ে রচিত হয় এবং রাত্রি সমাগমে আপনা আপনি লীন হইয়া যায়। বৃক্ষত্ব বীজত্বকে প্রাপ্ত হয় অথবা মেঘ গগনরূপ হইয়া যায়। সেইরূপ অনেকত্ব যেখানে প্রশমিত হয়, তাহাকে সাম্য বলা হয় ॥১৮।১৯॥

পরস্তস্মাত্তু ভাবোঽন্যোঽব্যক্তোঽব্যক্তাৎ সনাতনঃ।
যঃ স সর্ব্বেষু ভূতেষু নশ্যৎসু ন বিনশ্যতি ॥২০॥

সে অবস্থায় অল্প বা অধিক কোন ভাবই থাকে না। এই নিমিত্ত পদার্থমাত্রের নামও সেই অবস্থায় লোপ পায়। দধিরূপে পরিণত হইলে দুগ্ধের নাম রূপ তাহাতে থাকে না,

আকৃতির বিনাশে জগতের জগৎ ভাব নাশ হইয়া যাহা হইতে উহা উৎপন্ন হইয়াছিল সেই বস্তুই যেমনটী তেমন অবশিষ্ট থাকে। অতএব উহাকে সাধারণতঃ অব্যক্ত বলা হয়। আকৃতি ধরিয়া প্রকাশ পাইলে ব্যক্ত বলা হয়। এই নামও বাস্তবিক পক্ষে পৃথক্ বস্তুরই সূচক। পূর্ব্বোক্ত ব্যক্ত এবং অব্যক্ত এই দুই নামের একটীও যে পরম পদার্থের নহে। রৌপ্য গলিত করিয়া পাশা (চল্‌তি কথায় কাইম) করিয়া রাখা হয়, উহারই আবার ঘনীভূত অবস্থার পরিবর্ত্তন করিয়া অলঙ্কার নির্ম্মাণ করা হয়। পাশা বা অলঙ্কার এই দুই কথাই সাক্ষীভূত রৌপ্য অবলম্বনে—সেইরূপ ব্যক্ত ও অব্যক্ত এই দুই কথাই ব্রহ্মকে অবলম্বন করিয়া ব্যবহার করা হয়। সেই ব্রহ্ম ব্যক্ত নয়, অব্যক্তও নয়, নিত্যও নয়, বিনাশীও নয়, তবে এই দুই প্রকার ভাবেরই অতীত এবং অনাদিকাল হইতে সিদ্ধ। তিনি বিশ্বময়, অক্ষর মুছিয়া ফেলিলে অর্থ নষ্ট হইয়া যায় না, সেইরূপ বিশ্বের বিনাশ হইয়া গেলে তাহার ধ্বংশ হয় না। দেখ, তরঙ্গ উৎপন্ন ও বিলীন হয় জল কিন্তু অখণ্ডিত ভাবে থাকে সেইরূপ অবিনাশী ব্রহ্ম ভূতমাত্রের অভাবেও অখণ্ড-স্বরূপ। অলঙ্কার গলাইয়া ফেলিলে স্বর্ণও নষ্ট হইয়া যায় না, সেইরূপ জীব আকারে মৃত্যু হইলেও তিনি অমর থাকেন ॥২০॥

অব্যক্তোঽক্ষর ইত্যুক্তস্তমাহুঃ পরমাং গতিম্।
যং প্রাপ্য ন নিবর্ত্তন্তে তদ্ধাম পরমং মম ॥২১॥

কৌতূহলের সহিত অব্যক্ত বলিয়া নির্দ্দেশ করিলে তাহার স্তুতি করা হয় না,—কেননা উহা মন এবং বুদ্ধির অতীত। আকার প্রাপ্ত হইলেও নিরাকারতার বিকৃতি হয় না, আবার আকারের লোপ করিয়া দিলেও নিত্যতার হানি হয় না। এই নিমিত্ত যাহাকে অক্ষর বলা হয় এবং এইরূপ বর্ণনায়ই যাহা জ্ঞান লাভ করা যায়, যাহার পর আর কোনও কিছুর নির্দ্দেশ করা যায় না তাহাকেই পরমাগতি বলা হয় ॥২১॥

পুরুষঃ স পরঃ পার্থ ভক্ত্যা লভ্যস্ত্বনন্যয়া।
যস্যান্তঃস্থানি ভূতানি যেন সর্ব্বমিদং ততম্ ॥ ২২ ॥

এই দেহ নগরে শায়িত পুরুষেরই মত যে পরম পুরুষ শরীর ব্যাপার করায় না বা নিজেও করে না। শরীর ব্যাপারের কোনটীর গতিও বন্ধ রাখেন না। দশ ইন্দ্রিয়ের ক্রিয়া চলিতেই থাকে। বিষয়রূপ প্রবেশদ্বার খুলিয়া মনের চতুস্পথ নির্ম্মিত হয় এবং সেখানে জীবের সুখ দুঃখরূপ উত্তম অংশ লাভ হইয়া থাকে। রাজা সুখে শয়ন করিয়া থাকিলেও দেশের কোন ব্যাপার যেরূপ বন্ধ হয় না এবং প্রজাগণ আপন ২ ইচ্ছানুসারে কাজ কর্ম্ম করিতে থাকে সেইরূপই বুদ্ধির জ্ঞান, মনের সঙ্কল্প বিকল্প, ইন্দ্রিয়ের বিবিধ ক্রিয়া। বায়ুর স্ফুরণ প্রভৃতি কেহ না চালাইলেও বেশ ভালরূপেই চলিতে থাকে। সূর্য্য কাহাকেও না চালাইলেও জীবগণ তাহার প্রকাশেই আপন ২ কর্ম্মে নিযুক্ত হয়, সেইরূপ হে অর্জ্জুন, এই দেহ পুরী মধ্যে শয়ন করিয়া

আছেন বলিয়া অথবা প্রকৃতিরূপা পতিব্রতা রমনীর প্রতি একপত্নী-ব্রত আচরণশীল বলিয়াও পুরুষ বলা যাইতে পারে। বেদের ব্যাপক বুদ্ধি যাহার আঙ্গিনায়ও দাঁড়াইতে সুযোগ পায় না, যে আকাশের ব্যাপক, এই তত্ত্ব জানিয়া যোগিগণ যাহাকে পরাৎপর বলিয়া অভিহিত করেন; যে একনিষ্ঠতার গৃহ খুঁজিয়া সেইস্থানে আসিয়া উপস্থিত হয়, কায়মনোবাক্যে দ্বিতীয় বস্তুর অভিনিবেশশূন্য একনিষ্ঠ ভক্তের যাহা উত্তম পক্ক ক্ষেত্র সদৃশ, হে পাণ্ডব, এই ত্রিলোককেই সত্যরূপে পুরুষোত্তম মননকারী আস্তিক পুরুষের আশ্রয়, নিরহঙ্কারীর মহত্ত্ব, নির্গুণের জ্ঞান, নিস্পৃহ পুরুষের সুখের রাজ্য, সন্তুষ্ট চিত্তের ভোজন নিমিত্ত পরিবেশন করা পাত্র, সংসারের চিন্তাহীন শরণাগত জনের জননী, যেখানে পৌঁছিবার জন্য ভক্তির সরল পথ মিলিয়া যায়, এই প্রকার এক একটি কথা কহিয়া আর কেন বৃথা তুলনা খুঁজিতে যাই?—হে ধনঞ্জয়, যে অবস্থা লাভ করিলে মানুষ তদ্রূপ হইয়া যায়; শীতল বায়ুর হিল্লোলে উষ্ণ জলও শীতল হইয়া যায়; সূর্য্যের কাছে যাইতে অন্ধকার আলোকময় হইয়া যায়, সেইরূপ হে পাণ্ডব, যে গ্রামে যাইতে যাইতে সংসার সম্পূর্ণরূপে মোক্ষময় হইয়া যায়; অগ্নিতে নিক্ষিপ্ত কাষ্ঠ অগ্নিময় হইয়া যায়, তাহাতে আর পৃথক্ কাষ্ঠত্ব থাকে না, যতই বুদ্ধির প্রয়োগ করা যাউক না কেন শর্করাকে আর ইক্ষুরূপে পরিণত করা যায় না, পরশপাথর লৌহকে সুবর্ণ করে কিন্তু

এমন কোন্ বস্তু আছে যাহা স্বর্ণরূপে পরিণত লৌহের লৌহত্বকে ফিরাইয়া আনিতে পারে ?—ঘৃতকে দুগ্ধরূপে পরিণত করা যায় না, সেইরূপ যে পদ প্রাপ্ত হইলে আর পুনর্জ্জন্ম হয় না, উহাই আমার শ্রেষ্ঠ সত্য নিজ ধাম। ইহার রহস্য আমি তোমাকে প্রকাশ করিয়া বলিতেছি ॥১২॥

যত্রকালে ত্বনাবৃত্তিমাবৃত্তিঞ্চৈব যোগিনঃ।
প্রয়াতা যান্তি তং কালং বক্ষ্যামি ভরতর্ষভ ॥২৩॥

ইহা আরও এক রীতিতে সোজাসুজি জানা যাইতে পারে। দেহ ছাড়িবার সময় যোগী যাহাতে মিলিয়া যায় তাহাকেই আমার গুহ্যস্বরূপ জানিও। দৈবাৎ অসময়ে দেহত্যাগ হইলে অবশ্যই আবার দেহধারণ করিতে হয়। শুদ্ধ কালে দেহ ছাড়িলে দেহান্ত হইতেই যোগী ব্রহ্মস্বরূপ হইয়া যায় অন্যথা পুনর্জ্জন্ম হয়। এই প্রকার সাযুজ্য লাভ ও পুনর্জ্জন্ম দুই অবস্থা আছে আমি উহা প্রসঙ্গক্রমে তোমার নিকট বর্ণন করিতেছি। হে সুভট শোন, মৃত্যুর নিশা হইতে হইতেই পঞ্চতত্ত্ব আপন আপন পথ দিয়া বাহির হইয়া যায়। প্রয়াণকাল আসিতেই বুদ্ধিকে ভ্রম গ্রাস না করিয়া ফেলে, স্মরণ অন্ধ না হইয়া যায়, মনোবৃত্তি ধ্বংশ না হইয়া যায়, শরীরের বায়ু সমূহ প্রাণবান্ হইয়া উঠে এবং অনুভূত ব্রহ্মভাবকে যাহাতে আলিঙ্গন করিয়া থাকে অগ্নির সহায়তায় এইরূপ সাবধানতার সহিত সাযুজ্য লাভ এবং মরণ পর্য্যন্ত নির্ব্বাহ সম্ভব হয়, দেখ প্রদীপের

শিখা বাতাস অথবা জলে নিবিয়া গেলে দৃষ্টিশক্তি থাকিলেও কি তখন উহা দেখা যায়, সেইরূপ মরণ সময়ের বায়ু প্রকোপে অন্তর ও বাহিরে শরীর কফ দ্বারা ব্যাপ্ত হইলে অগ্নির তেজ নিবিয়া গেলে প্রাণের প্রাণ না থাকিলে বুদ্ধি থাকিয়া কি করিবে? অগ্নি ভিন্ন দেহে চেতনা থাকিতে পারে না। শরীর হইতে অগ্নি চলিয়া গেলে উহা আর শরীর নয় উহা তুষ ও মৃত্তিকা হইয়া পড়িয়া থাকে। এই অবসরে যোগী অন্ধকারে বৃথা আপন মরণ সময়ের অনুসন্ধান করে এবং গত বিষয়ের স্মরণ থাকিলে অথবা দেহত্যাগ করিয়া স্বরূপে মিলিত হইবার চেষ্টা করিলেই কফ কুণ্ডে চেতনা ডুবিয়া পূর্ব্বাপর সকল স্মৃতি লোপ হয়। এই ভাবে ভূতলে রক্ষিত বস্তু দর্শন করিবার পূর্ব্বেই হস্তস্থিত প্রদীপ নিবিয়া গেলে যে অবস্থা, পূর্ব্বকৃত অভ্যাস মৃত্যুকাল আসিবার পূর্ব্বে নষ্ট হইয়া গেলেও সেইরূপ। এখন এ সকল কথা থাকুক। তবে ইহা জানিও যে জ্ঞানের মুল অগ্নি এবং মৃত্যুকালে অগ্নিরই সমস্ত বল থাকে ॥২৩॥

অগ্নির্জ্যোতিরহঃ শুক্লঃ ষন্মাসা উত্তরায়ণম্।
তত্র প্রয়াতা গচ্ছন্তি ব্রহ্ম ব্রহ্মবিদো জনাঃ ॥২৪॥

হৃদয়ে অগ্নির জ্যোতিঃ প্রকাশ হউক আর বাহিরেও শুক্লপক্ষ এবং দিবসকাল হউক, আর উত্তরায়ণের ছয় মাসের মধ্যে কোনও মাস হউক, এই সকল দিক্ দিয়া সুযোগ পাইলে

যে ব্রহ্মবিদ্ দেহ ত্যাগ করেন তিনি ব্রহ্মস্বরূপ প্রাপ্ত হন। হে ধনুর্ধর, এই কালের এইরূপ সামর্থ্য বিশেষ আছে। মোক্ষ প্রাপ্তির এই সরল পথ। ইহাতে অগ্নি প্রথম, জ্যোতিঃ দ্বিতীয়, দিবসকাল তৃতীয়, শুক্লপক্ষ চতুর্থ, এবং উত্তরায়ণের ছয় মাস উপরের ধাপ। ইহাদ্বারা যোগী সাযুজ্যতার ভুবনে পৌঁছিয়া যায়। ইহাকে উত্তম কাল বলিয়া জানিও। ইহাকে অর্চিরাদি অর্থাৎ স্বর্য্য কিরণ দ্বারা যাইবার পথ বলা হয়। এখন প্রসঙ্গক্রমে অযোগ্য সময়েরও বর্ণনা করিতেছি ॥২৪॥

ধূমো রাত্রিস্তথা কৃষ্ণঃ ষন্মাসা দক্ষিণায়নম্।
তত্র চান্দ্রমসং জ্যোতির্যোগী প্রাপ্য নিবর্ত্ততে ॥২৫॥

মৃত্যুকালে বায়ু ও কফের আধিক্য হেতু অন্তঃকরণ অন্ধকার পূর্ণ হইয়া যায়, সকল ইন্দ্রিয় কাষ্ঠ সদৃশ হইয়া স্মৃতি ভ্রান্তির মধ্যে ডুবিয়া যায়; মন পাগল, প্রাণ রুদ্ধ ও অগ্নির অগ্নিত্ব নির্গত হইয়া সকলই ধূম্রময় হইয়া যায়; ইহাতে শরীরের চেতনার প্রকাশও বন্ধ হইয়া যায়। ঘন ও সজল জলদের দ্বারা আচ্ছাদিত হইলে চন্দ্র অন্ধকারময় না হইলেও উজ্জ্বল রূপে প্রকাশ পায় না, কিছু ঘোর বর্ণ দেখায়, সেইরূপ জীবিত থাকিলেও এরূপ স্তব্ধ ভাব উপস্থিত হয় যে, মৃত্যু না হইলেও চেতনা থাকে না এবং আয়ু মৃত্যুর সময় প্রতীক্ষা করিয়া থাকে মাত্র মন, বুদ্ধি ও ইন্দ্রিয়গণের চারিদিকে ধূম্রের ন্যায় এরূপ স্তব্ধতা জমাট বাঁধিয়া যায় যে, তখন সারাজীবন কষ্টোপার্জ্জিত সকল লাভের

অন্ত হইয়া যায়। করতলগত লভ্যাংশ চলিয়া গেলে অপর লাভের আশা বৃথা। মৃত্যুর সময়ে এইরূপ দশা। এইত গেল দেহের অভ্যন্তরীণ পরিস্থিতির কথা। এদিকে বাহিরে যদি কৃষ্ণপক্ষ হয়, তাহাতে রাত্রিকাল এবং দক্ষিণায়-নের ছয় মাসের কোনও একটী মাস হয়, এইরূপ পুনর্জন্ম লাভের সাধন যাহার মৃত্যুকালে সকলে মিলিয়া একত্র হয়, তাহার আত্মপ্রাপ্তি কিরূপে সম্ভব? এইভাবে যাহার মৃত্যু হয় যোগী হওয়ার ফলে সে চন্দ্রলোক পর্য্যন্ত যায় কিন্তু সেখান হইতে ফিরিয়া তাহাকে পুনরায় সংসারে জন্মগ্রহণ করিতে হয়। হে পাণ্ডব! আমি ইহাকেই অযোগ্য কাল বলিয়াছি এবং এইটীই জন্ম মরণ গ্রামের ধূম্রময় পথ। অপর যে অর্চিরাদি পথ উহা সুগন্ধময় এবং সুলভ তাহাতে আবার উত্তম ও সুগম মোক্ষ পর্য্যন্ত সেই পথের বিস্তৃতি ॥২৫॥

শুক্ল কৃষ্ণে গতী হ্যেতে জগতঃ শাশ্বতে মতে।
একয়া যাত্যনাবৃত্তিমন্যয়াবর্ত্ততে পুনঃ ॥২৬॥

এই ভাবের দুইটীই আদি মার্গ * তাহাদের একটী সরল আর একটী কুটিল আমি তাহা তোমাকে বলিয়াছি।

* জীব-গতিকে গীতোপনিষদে প্রধানতঃ দুইটি পথের নির্দ্দেশ করিয়া সমাধান করা হইয়াছে। এই পথের সন্ধান পাওয়া আবার পরলোক যাত্রীর যাত্রা কালের উপর নির্ভর করে। সেই কাল তাহার নিয়ন্ত্রণকারী দেবতার ইঙ্গিত অনুসারে পথের সন্ধান দেয়। বিভিন্ন পথে

আপন কল্যাণ অভিলাষী উত্তম ও অধম মার্গ বাছিয়া চলিবে, সত্য ও মিথ্যাকে চিনিয়া লইবে এবং মঙ্গল ও অমঙ্গল জানিয়া লইবে। দেখ, উৎকৃষ্ট সুগঠিত নৌকায় আরোহণ করিয়া অগাধ জলে কি কেহ ভয় পায়? উত্তম রূপে পথ যে চিনে

বিভিন্ন স্থানে গতি হয়। কাল বিভাগ করিয়া দেখা গিয়াছে সূর্য্যই এই কাল-বিভাগক। তাঁহার গতি দুই প্রকার, এক দক্ষিণায়ন অপর উত্তরায়ণ। সূর্য্যের উদয় ও অভ্যুদয়ে দিবা ও রাত্রি। চন্দ্রের পুষ্টতা লাভ ও ক্ষীণতাদ্বারা শুক্ল ও কৃষ্ণ এই দুই পক্ষ। দিবা, শুক্লপক্ষ ও উত্তরায়ণ (মাঘ হইতে আষাঢ় মাস) দ্বারা একটা পথের পরিচয় পাওয়া যায়; আর রাত্রি, কৃষ্ণপক্ষ ও দক্ষিণায়ন (শ্রাবণ হইতে পৌষ মাস) দ্বারা অন্যটীর উদ্দেশ পাওয়া যায়! এই দুই পথই শাশ্বত। একটী পথ গোলাকার বৃত্তের (Circle) ন্যায়। যত দেরীই হউক না কেন সেই পথে গমন করিলে যে বিন্দু হইতে পর্য্যটন আরম্ভ করা যায় উহাতে ফিরিয়া আসিতে হয় আর অপর পথ সোজাসুজি সেই গোলাকার বৃত্তের পরিধির যে কোনও বিন্দু হইতে অনন্তের দিকে প্রসারিত সরল রেখা (Tangent) এরূপ বলা যাইতে পারে। গোলাকার বৃত্ত সসীম কিন্তু অনন্ত বিন্দুর আশ্রয়। যাহাতে ফিরিয়া আসিতে হয় উহা অন্ধকারময় অজ্ঞানের পথ। যে পথে চলিলে আর ফিরিয়া আসিতে হয় না উহা আলোকের বা জ্ঞানময় পথ।

বৃহদারণ্যকে এই পথদ্বয়ের সুন্দর বর্ণনা আছে। "তে ধূমমভি সং ভবন্তি, ধূমাদ্রাত্রিং, রাত্রেরপক্ষীয়মাণপক্ষং, অপক্ষীয়মাণপক্ষাদ্ যান্‌ষন্মাসান্ দক্ষিণাদিত্য এতি মাসেভ্যঃ পিতৃলোকং, পিতৃলোকচ্চন্দ্রং তে চন্দ্রং প্রাপ্যান্নং ভবন্তি ইত্যাদি।"

সে কি আর বনে প্রবেশ করে? যে কোন্‌টি বিষ আর কোন্‌টি অমৃত তাহা চিনে সে কি আর অমৃতকে ত্যাগ করিতে পারে? সেইরূপ যে সরল পথ জানে সে কুটিল পথে যায় না। সমীপে আগত বস্তুর মধ্যে ভাল মন্দ বিচার করা প্রয়োজন। পরীক্ষা করিয়া রাখিলে অকালে বিপদ আসিতে

ইহারই নাম পিতৃযান। এই পথ ধূম্রময়, রাত্রিময়, কৃষ্ণপক্ষ ও দক্ষিণায়নের ছয় মাস এই দিকে গতি। জীব কাম্য কর্ম্মাদির অনুষ্ঠান করিয়া ধূম্র, রাত্রি, প্রভৃতির অভিমানিনী দেবতা পরিচালিত হইয়া স্বর্গাদি ভোগ করে আর নিষিদ্ধ কর্ম্মানুষ্ঠান করিয়া পাপময় যোনিতে নরকাদি যন্ত্রণাভোগ করে। এতদুভয়ের কিন্তু জন্মমরণরহিত দশার সহিত পরিচয় হয় না।

যিনি কাম্য নিষিদ্ধ কর্ম্মাদি ত্যাগ করিয়া শুদ্ধাঃন্তকরণে ভগবদুপাসনায় নিযুক্ত থাকিয়া সৌভাগ্য ক্রমে দিবাভাগে, শুক্লপক্ষে ও উত্তরায়ণের ছয় মাসের মধ্যে দেহত্যাগ পূর্ব্বক গমন করেন তিনি অর্চ্চিরাভিমানিনী দেবতা, তৎপর দিনাভিমানিনী দেবতা; শুক্লপক্ষাভিমানিনী দেবতা উত্তরায়ণাভিমানিনী দেবতা এবং সংবৎসরাভিমানিনী দেবতার সহাযে সূর্য্য, চন্দ্র, ও বিদ্যুন্ময় রাজ্য প্রাপ্ত হইয়া থাকেন তখন অমানব অমৃতময় পুরুষ তাহাকে ব্রহ্মলোকে লইয়া যান। ইহাকেই বৃহদারণ্যকে দেবহান বা ব্রাহ্মমার্গ বলা হইয়াছে। এ পথের পথিক ফিরিয়া আসে না। ব্রহ্মা হইতে ক্ষুদ্রাতিক্ষুদ্র কীট পর্য্যন্ত জন্মমরণের পুনরাবর্ত্তনের অধীন। দেবযানে যাহার গতি তাহার কিন্তু আর ফিরিয়া আসিবার কথা নাই। তবে ভগবানের কার্য্য সাধনের নিমিত্ত লীলাশরীর ধারণ করিতে পারেন।

পারে না। অন্যথা মৃত্যুকালে এই পথ সম্বন্ধে ভীষণ ভ্রান্তির উৎপত্তি হয় এবং তাহাতে সারা জীবনের অভ্যাসও বৃথা হইয়া যায়। অচিরাদি পথ ছাড়িয়া দৈবাৎ যোগী ধূম্র পথে পড়িলে তাহাকে সংসার পথে আবদ্ধ থাকিয়া ঘুরিতেই হয়। এই বড়

পূর্ব্বে যে বলা হইয়াছে কাল তাহার ইঙ্গিত কারক দেবতার নির্দ্দেশ অনুসারে জীবগতি নিয়ন্ত্রণ করে এই বাক্য সর্ব্বতোভাবে স্বীকারেও কিছু দোষ আছে, কেননা শুধু কালের উপর নির্ভর করিয়াই মৃত ব্যক্তির গতি সঠিক নির্ণয় করা যায় না। এরূপ করিলে জ্ঞানের বা উপাসনার কোন মহিমা থাকেনা। মহাভারতে দেখা যায়, ভীষ্মদেব শরশয্যায় পড়িয়া উত্তরায়ণের নিমিত্ত প্রতীক্ষা করিয়াছিলেন—শ্রীগীতার উপদেশও ভগবান্ স্পষ্ট বলিয়াছেন—যেকালে মৃত্যুমুখে পতিত হইলে যোগী ফিরিয়া আসে অথবা আসে না এখন সেই কালের কথা তোমাকে বলিব।" ইহা হইতেও স্পষ্ট প্রমাণিত হয় যে পুরাকালে দিন, শুক্লপক্ষ ও উত্তরায়ণ, মরণের প্রশস্ত কাল বলিয়া বিবেচিত হইত। ঋগ্‌বেদ দশম মণ্ডলে ৮৮।১৫ মন্ত্রে যেখানে এই দুই পথের বর্ণনা আছে উহাতে কালবাচক অর্থ ই প্রতীতি হয়। বৃহদারণ্যক মন্ত্র যাহা পূর্ব্বে উল্লেখ করা হইয়াছে তাহাতেও উহার সমর্থন। পরলোকগত বাল গঙ্গাধর তিলক গীতারহস্যে বলিয়াছেন—"যে স্থানে সূর্য্য ক্ষিতিজের উপর বরাবর ছয়মাস দৃশ্য হইয়া থাকে সেই স্থান অর্থাৎ উত্তর ধ্রুব স্থানে বা মেরুস্থানে বৈদিক ঋষিগণের যখন বসতি ছিল তখন হইতেই উত্তরায়ণের ছয়মাস প্রকাশ কালকেই মৃত্যুর প্রশস্তকাল বলিয়া মানিবার প্রথা প্রচলিত হইয়া থাকিবে।" তবে বেদান্ত সূত্র ও গীতার ভাষ্য আলোচনা করিলে বেশ বোঝা যায় আচার্য্য শঙ্কর সেই পূর্ব্বেকার

বড় ক্লেশের দিকে চিন্তা রাখিয়া যোগী কিরূপে এই দিক্ হইতে দূরে থাকিতে পারে তাহা বলিবার জন্য আমি দুইরূপ যোগের পথই উত্তম রূপে পরিষ্কার করিয়া বলিয়াছি। একে ব্রহ্মস্বরূপ লাভ অন্যটিতে পুনর্জ্জন্ম প্রাপ্তি। দেহান্তের সময় দৈব গতি যাহা প্রাপ্তি হয় তাহাই লভ্য ॥২৬॥

নৈতে সৃতী পার্থ জানন্ যোগী মুহ্যতি কশ্চন।
তস্মাৎ সর্ব্বেষু কালেষু যোগযুক্তো ভবার্জ্জুন ॥২৭॥

সেই সময় আপন ইচ্ছানুরূপ ব্যবস্থার কথা চলে না। দেহ ত্যাগ করিয়া ব্রহ্মরূপ হওয়া সেই উত্তম পথেই সম্ভব। শরীর থাকুক আর যাউক আমি ত কেবল ব্রহ্মই কেননা রজ্জুতে যে সর্প আরোপ উহার কারণ রজ্জুতে অবস্থিতি। জল কি কখনও চিন্তা করে আমাতে তরঙ্গ আছে কি নাই? জলকে যে অবস্থায়ই দেখনা কেন উহা যেমন তেমনই আছে তরঙ্গের

প্রচলিত কাল বাচক অর্থ প্রকাশ করিয়া সবদিকের সামঞ্জস্য করিবার নিমিত্ত তত্তৎ অভিমানিনী দেবতার উল্লেখ করিয়াছেন।

দেবযান হইতে পিতৃযান নিকৃষ্ট হইলেও ইহা হইতে আরও নিকৃষ্ট একপ্রকার গতির কথা গীতা, ছান্দোগ্য ও কঠশ্রুতির বাক্য শুনিতে পাওয়া যায়। উহাকে তৃতীয় মার্গ বা নিরয় গতি বলা হইয়াছে। জীবদ্দশায় পাপাচারণে রত থাকিয়া মরণের পর পশুপক্ষী তির্য্যক্ যোনির জন্ম ও নরকাদি ভোগ হয়, আমাদের মনে হয় ইহাও পিতৃযানেরই একটী অবস্থা।

জন্মে জলের জন্ম অথবা তরঙ্গের লোপে জলের বিনাশ হয় না। এইরূপ বিচার করিয়া যে ব্যক্তি শরীর থাকার অবস্থায় ব্রহ্মরূপ হইয়া যায়, উহাতে শরীরের নামও থাকে না। তবে তাহার মৃত্যু কবে কেমন করিয়া হইতে পারে? আর তাহার পথ খুঁজিবারই বা কি প্রয়োজন? দেশ কাল সকলই সে স্বয়ং হইয়া যায়, কাজেই কে তখন কোথা হইতে কোথায় যাইবে? ঘট ভাঙ্গিয়া গেলে আকাশের সরল গতিতে ঐ ঘটাকশ মহাকাশেই মিলিয়া যায় অন্যথা নয়। আরও দেখ, যথার্থতঃ আকারেরই বিনাশ হয়, আকাশ ঘটত্বের অপেক্ষা না করিয়া পূর্ব্ব হইতে মহাকাশেই আছে। এইরূপ জ্ঞানে সুখে সাধকের সোহং শব্দে যোগ্য বা অযোগ্য পথ ঘুরিবার সঙ্কল্প উপস্থিত হয় না। হে পাণ্ডু নন্দন! তোমাকে যোগযুক্ত হইতে হইবে, তাহাতে সর্ব্বদা সাম্যভাব আপনা আপনি সিদ্ধ হইয়া থাকিবে ফলে যেখানে খুসী, যে কালে, দেহ থাকুক বা যাউক, নিত্য বন্ধন রহিত ব্রহ্মভাবের সহিত কখনও বিচ্ছেদ হইবে না। এইরূপ যোগী কল্পের আদিতে জন্মের বশীভুত হয় না, কল্পান্তে মৃত্যুতে ডুবিয়া যায় না, আর মধ্যেও স্বর্গ ও সংসারের সৌন্দর্য্যে মোহিত হইয়া আবদ্ধ হয় না। যে যোগী এই জ্ঞান লাভ করে সে জ্ঞানমার্গের সরলতার সহিত পরিচিত হয়। সে লাথি মারিয়া বিষয় ভোগকে একদিকে সরাইয়া দিয়া সরল পথে আপন স্বরূপে প্রতিষ্ঠিত হয়। এমন কি সে সকল

প্রকার সুখের কারণ রূপে প্রসিদ্ধ ইন্দ্রাদি দেবতাগণের রাজ্যও পরিত্যজ্য বুঝিয়া দূরে ফেলিয়া দেয়। ২৭।

বেদেষু যজ্ঞেষু তপঃসু চৈব
দানেষু যৎ পুণ্যফলং প্রদিষ্টম্।
অত্যেতি তৎ সর্ব্বমিদং বিদিত্বা
যোগী পরং স্থানমুপৈতি চাদ্যম্ ॥ ২৮ ॥

বেদ পাঠে যে পুণ্য লাভ হয়, যজ্ঞরূপ ক্ষেত্রে পরিপক্ক তপস্যা দান ইত্যাদি দ্বারা যাহা লাভ করা যায় সেই অখণ্ড পুণ্যের উদ্যান যদি ফল শোভায় পূর্ণ হইয়াও উঠে তথাপি উহা নির্ম্মল পরব্রহ্মের সম্মুখে দাঁড়াইতে পারে না। যে সুখ নিত্যানন্দের তুলনায় কিছু কম বলিয়া মনে হয় না, যে সুখের নিমিত্ত বেদ যজ্ঞাদি সাধন, যাহা কখনও বিকৃত হয় না, আর শেষও হইয়া যায় না, যাহা ভোগকারীর ইচ্ছানুরূপ সুখাশা পূরণ করিয়া দেয়, আরও যাহা মহাসুখের সম্বন্ধযুক্ত ভ্রাতা, দৃষ্টির সুখময় বলিয়া যেখানে প্রারব্ধ গিয়া আশ্রয় লয়, যাহা যজ্ঞাদির অনুষ্ঠান দ্বারা সাধিত হয় না, যোগীশ্বর দিব্য দৃষ্টির যুক্তিদ্বারা কৌতুকের সহিত দর্শন করিলে তাহার নিকট অল্প মূল্যের বলিয়া প্রতীতি হয়; হে কিরীটী, সেই সুখকেও সিঁড়ি করিয়া যোগী পরব্রহ্ম পদে আরোহণ করিয়া থাকে।

(যিনি স্থাবর জঙ্গম সকলের একমাত্র ভাগ্য,' যিনি ব্রহ্মা ও শঙ্কর কর্ত্তৃক পূজিত, যিনি যোগীর উপভোগ্য ভোগ-সম্পত্তি,

যিনি সকল কলাবিদ্যার মূল কলাবিদ্যা, যিনি পরমানন্দের বিগ্রহ, যিনি জগতের জীবের জীবন, যিনি সর্ব্বজ্ঞতার হৃদয়, যিনি দাতৃকুলের প্রদীপ সেই শ্রীকৃষ্ণ অর্জ্জুনের প্রতি এইরূপ নির্দ্দেশ করিলেন। জ্ঞানদেব বলিতেছে, এই কুরুক্ষেত্র বৃত্তান্ত সঞ্জয় ধৃতরাষ্ট্রের সমীপে বর্ণন করিয়াছিলেন সেই কথা আরও শ্রবণ করুন।

ইতি শ্রীজ্ঞানদেববিরচিতায়াং ভাবার্থদীপিকায়াং
অষ্টমোধ্যায়ঃ।

রাজবিদ্যারাজগুহ্যযোগ

নবম অধ্যায়

আমি স্পষ্ট কথায় প্রতিজ্ঞা করিতেছি যে এই কথা শ্রবণ করিলেই আপনারা সকল সুখের পাত্র হইয়া যাইবেন। ইহা আমি গর্ব্ব করিয়া বলিতেছি না। আপনারা সর্ব্বজ্ঞ, এই সমাজে শুধু আপনাদের মনোযোগ আকর্ষণের নিমিত্ত ইহা আমার প্রেমময় মিনতি। আপনাদের ন্যায় ভাগ্যবন্ত জনের কন্যা মাতৃগৃহে আগমন করিয়া যেরূপ ইচ্ছাই করুক না কেন তাহা পূর্ণ হইবে, এরূপ গৃহে মনোরথেরও মনোবাসনা পূর্ণ হয়। আপনাদের দৃষ্টির আর্দ্রতায় মনে হইতেছে, প্রসন্নতার উদ্যানে নব পুষ্পাগমকাল উপস্থিত। তাই আমি পরিশ্রান্ত কলেবর হইয়া আপনাদের প্রসন্নতা উদ্যানের ছায়ায় লুটাপুটি খাইতে ছিলাম। হে প্রভু, আপনারা সুখরূপ অমৃতের সরোবর অতএব আমার মনে হয় আমি সুশীতল হইতে পারিব। তবে যদি অভিলাষ করিতে ভয় পাই তবে আর কিরূপে শীতল হইব? শিশুর অর্দ্ধস্ফুট বাণী অথবা আঁকাবাকা গমন ভঙ্গীর কৌতুকে মাতা আনন্দিত হইয়া থাকেন এই নিমিত্ত কোনও প্রকারে আমার প্রতি আপনাদের ন্যায় সাধুগণের প্রেমদৃষ্টি পতিত হউক এই বড় উৎকণ্ঠার সহিত আমি আপনাদের সহিত প্রেমের হঠ

করিয়াছি। অন্যথা আপনাদের ন্যায় সর্ব্বজ্ঞ শ্রোতৃগণের সমীপে আমার কোনও সিদ্ধান্ত করার যোগ্যতা কি আছে? সরস্বতীর পুত্রকে কি আর অপর কাহারও নিকট পাঠ চাহিয়া বিদ্যা শিখিতে হয়? দেখুন, খদ্যোত যত বড় হউক না কেন আর যত বিক্রম প্রকাশ করুক না কেন, সূর্য্যালোকে সে আপন দ্যুতি চমকিত করিতে পারে না। এরূপ কি ব্যঞ্জন রন্ধন করা যায় যাহা অমৃতের থালায় পরিবেশনের যোগ্য? চন্দ্র কিরণকে পাখার বাতাস করা, নাদকে গান শুনানো, অথবা অলঙ্কারকে অলঙ্কৃত করা কেমন করিয়া সম্ভব হয়? বলুন দেখি, সুগন্ধ স্বয়ং কেমন করিয়া আঘ্রাণ লইতে পারে? সমুদ্র আর কোথায় গিয়া স্নান করিতে পারে? এরূপ আর কে বিস্তৃত আছে যে তাহাতে সম্পূর্ণ আকাশের স্থান হয়? সেই প্রকার এরূপ বক্তৃতা কে করিতে পারে যাহাতে আপনাদের শ্রবণের তৃপ্তি উৎপাদিত হয়? যাহা আপনারা উত্তম বলিয়া আখ্যা দিবেন, অথবা যাহাতে আপনাদের আনন্দ হইবে? তবে বিশ্ব প্রকাশক সূর্য্যের আরতি কি হস্ত নির্ম্মিত প্রদীপ শিখায়ই সম্ভব হয় না? অথবা ক্ষুদ্র অঞ্জলি করিয়াও জল লইয়া কি সমুদ্রকে প্রদান করা হয় না? হে প্রভু, আপনারা শঙ্করের অবতার, অসহায় আমি আপনাদের নিকটে প্রীতির সহিত প্রার্থনা করিতেছি আমার বাণী যদিও নির্গুণ এবং উগ্র হউক তথাপি আপনারা উহা অঙ্গীকার করিবেন। বালক পিতার ভোজন পাত্রে বসিয়া পিতাকে খাওয়াইতে আরম্ভ করিলে

পিতা আনন্দিত হইয়া মুখ বাড়াইয়া দেয় সেইরূপ বালক-বুদ্ধিতে প্রণোদিত আমি আপনাদের সন্তোষ বিধান করিতে চেষ্টিত হইতেছি ;—মনে হয়, প্রেমের মহিমায় আপনাদের সন্তোষ হইতেছে। আপনার করিয়া লইবার মত আপনাদের অগাধ প্রেম আছে তাহাতেই আমার হঠের বোঝা আপনাদের সমীপে ভার বোধ হইবে না। বালকের মুখনাড়া দেখিয়া মাতা অধিকতর প্রসন্নতা লাভ করেন। অত্যন্ত প্রেমীজনের ক্রোধে প্রেম দ্বিগুণিত হইয়া বৃদ্ধি পায়। বালক আমার কথায় আপনাদের সুপ্ত দয়ালুতা জাগ্রত হইয়াছে ইহা জানিয়াই আমি আরও বলিতে প্রয়াস করিতেছি। অন্যথা চন্দ্রালোক কি জাঁকে দিয়া পরিপক্ক করা যায় অথবা বায়ুর চলিবার জন্য কোনও পথ তৈরী করিয়া দেওয়া যায়?—আকাশকে কোনও আবরণের মধ্যে কেমন করিয়া রাখা যায়?—জল আর তরল করা যায় না, মাখনের মধ্যে আর মন্থন করা চলে না ; সেইরূপ যাহাকে দর্শনমাত্র ব্যাখ্যা লজ্জিত হইয়া ফিরিয়া আসে আর সে কথাও থাকুক, স্বয়ং বেদও নিঃশব্দ হইয়া যে পালঙ্কের উপর শান্তভাকে শয়ন করিয়া থাকে, সেই ভগবদ্‌গীতার্থ প্রাকৃত ভাষায় কিরূপে বলা যায়? এক আশাতেই আমাকে ধৈর্য্যশীল করিয়াছে যে, এই প্রযত্নদ্বারা আপনাদের প্রেমের অধিকারী হইতে পারিব। অতএব, চন্দ্র হইতেও সুশীতল, অমৃত হইতেও অধিক জীবনদাতা আপনাদের মনোযোগ প্রদান করিয়া আমার মনোরথের তৃপ্তিবিধান করুন। কেন না, আপনাদের কৃপা

দৃষ্টির বর্ষণে আমার বুদ্ধিতে নিখিল তাৎপর্য্য সম্পত্তি পরিপক্ক হইবে আর যদি আপনারা উদাসীন থাকেন তবে আমার জ্ঞানের অঙ্কুর শুষ্ক হইয়া যাইবে। বাগ্মীতা মনোযোগরূপ সার পাইলে উহার অক্ষরে বীজের সিদ্ধান্তাবরণ ফাটিয়া বাহির হয়, অর্থ শব্দের পথে আসিয়া দাঁড়ায়, এক অভিপ্রায়ে ভিন্নার্থ ফুটিয়া উঠে এবং বুদ্ধির শিরে ভাবকুসুম বর্ষণ হয়। সংবাদরূপ অনুকূল বায়ু প্রবাহিত হইলে হৃদয়াকাশ বক্তৃতার শক্তিতে ভরিয়া উঠে, শ্রোতা অমনোযোগী হইলে ঘনীভূত রসও গলিয়া যায়। চন্দ্রকান্তমণি গলিত হয় বটে তবে তাহার রহস্য চন্দ্রের হাতে। শ্রোতা ভিন্ন বক্তা বক্তাই নয়। ভোক্তার সমীপে কি তণ্ডুলের মিনতি করিতে হয় যে আমাকে অঙ্গীকার করুন? পুতুল নাচাইবার কর্ত্তার কি পুতুলকে নাচিবার নিমিত্ত প্রার্থনা করিতে হয়? পুতুলের উপকারের নিমিত্ত সে পুতুলকে নাচায় কি? অথবা নিজের কলাবিদ্যার নৈপুণ্যই তাহাতে প্রদর্শিত হয়? অতএব আমার বৃথা কলহে কি প্রয়োজন? শ্রীগুরু বলিলেন, কিছুই হানি নাই, তোমার সম্পূর্ণ স্তুতি আমি অঙ্গীকার করিয়াছি এখন প্রভু শ্রীকৃষ্ণের সিদ্ধান্ত শ্রবণ করাও। নিবৃত্তিদাস তখন হর্ষভরে 'যথাজ্ঞা বেশ তাহাই হউক' বলিয়া বর্ণনা আরম্ভ করিলেন, এখন শুনুন, শ্রীকৃষ্ণ বলিলেন—

শ্রীভগবানুবাচ

ইদন্তু তে গুহ্যতমং প্রবক্ষ্যাম্যনসূয়বে।
জ্ঞানং বিজ্ঞানসহিতং যজ্‌জ্ঞাত্বা মোক্ষ্যসেঽশুভাৎ ॥ ১ ॥

আমার অন্তরের অন্তরতম গুহ্য-বিদ্যা এই আদি বীজ-রহস্য বর্ণনা করিতেছি। হে বুদ্ধিমান অর্জ্জুন, উহা কেন বলিব তাহার কারণ শোন। তুমি মূর্ত্তিমান শ্রদ্ধা—আমার বাক্য অবজ্ঞা কর না। এই হেতু আমার ইচ্ছা রহস্য প্রকাশ করি এবং অনির্বচনীয় বিষয়ও ব্যক্ত করি। আমার হৃদয়ের বস্তু তোমার হৃদয়ে গিয়া অবস্থান করুক। গাভীর বাটের দুগ্ধ গাভী আস্বাদ করিতে পারে না। স্নেহের পাত্র বৎস পাইলে গাভী তাহার ইচ্ছা পূর্ণ করে। ভাণ্ডারের বীজ লইয়া ক্ষেত্রে বপন করিলে উহা ছড়াইয়া ফেলা হইল বলা যায় না। প্রসন্নান্তঃকরণ, শুদ্ধবুদ্ধি, অনিন্দুক, একনিষ্ঠ প্রেমিকের সমীপেই গুহ্য বিষয় বর্ণনা করা কর্ত্তব্য। তুমি এই গুণ সমূহে অলঙ্কৃত, গুহ্য হইলেও ইহা তোমাকে জানাইব। রহস্য বলিয়াও দুরূহ মনে করিতে পার, আমি বিজ্ঞান সহিত উহার উপদেশ করিব। সত্য ও মিথ্যা একত্র মিশ্রিত থাকিলেও পরীক্ষাদ্বারা উহা বিশ্লেষণ করিতে পারিবে। রাজহংস চঞ্চুর সহায়তায় দুগ্ধ ও জল পৃথক্ করে। আমিও উহার ন্যায় জ্ঞান ও বিজ্ঞান পৃথক্ ভাবে বুঝাইব। তুষ বায়ুতে উড়িয়া গেলে তণ্ডুল পড়িয়া থাকে; সেইরূপ জ্ঞান লাভ করিলে সংসার ত্যাগ পূর্ব্বক মানুষ মোক্ষ লক্ষ্মীর সিংহাসনে বিরাজ করে॥ ১॥

রাজবিদ্যা রাজগুহ্যং পবিত্রমিদমুত্তমম্।
প্রত্যক্ষাবগমং ধর্ম্ম্যং সুসুখং কর্ত্তুমব্যয়ম্॥ ২॥

সেই জ্ঞান সু-বিদ্যার নগরে শ্রেষ্ঠ আচার্য্যের পদে বিরাজিত। উহাই সকল গুহ্য বিষয়ের প্রভু, পবিত্র বস্তুর রাজা,

ধর্ম্মের নিজ ধাম এবং উত্তম বস্তু মধ্যে সর্ব্বশ্রেষ্ঠ। উহার প্রাপ্তিতে আর অন্য প্রয়োজন থাকে না। উহা গুরুমুখ হইতে অল্প পরিমাণে নির্গত হয় বলিয়া বোধ হয় কিন্তু যথার্থতঃ সেই জ্ঞান হৃদয়ে নিত্য সিদ্ধ, গুরু কৃপায় স্বয়ং প্রত্যক্ষ অনুভব গোচর হইতে থাকে। উহা লাভের নিমিত্ত সিঁড়ি নির্ম্মাণ করিয়া আরোহণ করিলে সেই জ্ঞান-সুখ অবশ্যই লাভ হয়, এমন কি উহা লাভের পূর্ব্বে এপারের সীমাতেই চিত্ত পূর্ণ-সুখে স্থির হইয়া যায়। উহা সুলভ ও সুগম তবে পরব্রহ্ম উহারও অতীত। এই জ্ঞান সম্বন্ধে আরও একটী কথা আছে। তাহা এই যে, উক্ত জ্ঞান একবার লাভ করিলে আর কখনও নষ্ট হইয়া যায় না, এবং অনুভব দ্বারা ইহার কিছু কমিয়া যায় না। ইহার উপরেও তার্কিকের এরূপ আশঙ্কা উঠিতে পারে যে, এরূপ বৃহৎ বস্তু লোকের নিকট হইতে কেমন করিয়া দূরে থাকিতে পারে? যে মানুষ একশত মুদ্রার সুদের দুঃখে জ্বলন্ত অনলে ঝাঁপাইয়া পড়িতে পারে সে অনায়াস লভ্য এই স্ব-মাধুরীকে কিরূপে ত্যাগ করে? এই জ্ঞান পবিত্র, রমণীয়, সুলভ, সুগম্য সুখদায়ক, ধর্ম্মযুক্ত, স্বস্বরূপেই লভ্য ও পূর্ণানন্দ প্রদায়ক হইলে উহা কিরূপে মানুষের দূরে থাকে? বাদীর এরূপ আশঙ্কার অবসর আছে ইহাতে সন্দেহ নাই, সেই আশঙ্কা দূর করা প্রয়োজন ॥ ২ ॥

অশ্রদ্দধানাঃ পুরুষা ধর্ম্মস্যাস্য পরন্তপ।
অপ্রাপ্য মাং নিবর্ত্তন্তে মৃত্যুসংসারবর্ত্মনি ॥ ৩ ॥

গোদুগ্ধ পবিত্র ও মধুর, ত্বকের একটী আবরণের নীচেই উহা ভরপুর হইয়া থাকে তথাপি কীটবিশেষ (জোঁক) দুধ পান না করিয়া শোনিত পান করে। ভ্রমর ও ভেক এক স্থানে বাস করিলেও ভ্রমরই কমলের পরাগ আস্বাদন করে ভেকের নিমিত্ত কর্দ্দমই থাকে। দুর্ভাগ্যের ঘরে সহস্র ভাণ্ডে দ্রব্য পূর্ণ থাকিলেও উপবাস ও দরিদ্রতায় দিন যায়। সেইরূপ সকল সুখের বিশ্রান্তি ভগবৎ স্বরূপ আমাতে থাকিলেও লোক ভ্রান্ত হইয়া বিষয়ের কামনা করে। মৃগতৃষ্ণিকার জল নয়নগোচর হইতে মুখভরা অমৃত ফেলিয়া, শুক্তির চাকচিক্যে কণ্ঠলগ্ন পরশমণি ফেলিয়া, অবোধ জীব অতি তুচ্ছ অহংতা ও মমতায় মাখামাখি করিয়া আমাকে পর্য্যন্ত পোঁছাইতে পারে না এবং জন্ম মরণ দুই তীরের মধ্যস্থলে হাবুডুবু খাইতে থাকে। আমি সূর্য্য স্বরূপ। অস্তে যাওয়া বা অদৃশ্য হওয়া সূর্য্যের এই ন্যূনতা আছে আমাতে তাহাও নাই ॥ ৩ ॥

ময়া ততমিদং সর্ব্বং জগদব্যক্তমূর্ত্তিনা।
মৎস্থানি সর্ব্বভূতানি ন চাহং তেম্ববস্থিতঃ ॥৪॥

পরিদৃশ্যমান সমগ্র জগৎ কি আমার বিস্তারে বিস্তৃত নয়? দুগ্ধ জমিয়া দধি হয়, বীজ বৃক্ষে পরিণত হয়, সুবর্ণ অলঙ্কার হয়, সেইরূপ এক আমারই বিস্তার এই জগৎ। অব্যক্ত ঘনীভূত এবং বিশ্বাকার আমার তরল দশা। এইরূপে নিরাকার ব্রহ্ম ত্রৈলোক্যরূপে সাকার হইয়াছে। মহত্তত্ত্ব হইতে স্থূল দেহ

পর্য্যন্ত সমগ্র ভূতগণ আমাতেই প্রতিবিম্বিত আছে। জলে ফেন থাকে, ফেনে জল দেখা যায় না, স্বপ্নের অনেকতা জাগ্রত অবস্থায় থাকে না, সেইরূপ আমাতে প্রতিবিম্বিত ভূতগণে আমি নাই। এতৎ সম্বন্ধে যুক্তি আমি পূর্ব্বেই দিয়াছি, বর্ণিত বিষয়ের পুনরুক্তি কর্ত্তব্য নয়। উহা থাকুক্ এইটুকু বলিয়া দিই যে, আমার স্বরূপেই আপন দৃষ্টির প্রবেশ করাইবে ॥ ৪॥

ন চ মৎস্থানি ভূতানি পশ্য মে যোগমৈশ্বরম্।
ভূতভৃন্ন চ ভূতস্থো মমাত্মা ভূতভাবনঃ ॥৫॥

বিকল্প রহিত হইয়া প্রকৃতির অতীত আমার দর্শনে সমর্থ হইলে বুঝিবে আমাতেই সমগ্র ভূতাত্মক জগৎ বর্ত্তমান এই কথাও সত্য নয়। আমিই সর্ব্বময়, তবে সঙ্কল্পের সন্ধ্যায় ক্ষণকালের নিমিত্ত বুদ্ধির নয়ন অন্ধের ন্যায় হইয়া যায় এই নিমিত্ত অখণ্ডিত বস্তুও বুদ্ধির ঘোরে পৃথক্ ভূতরূপে দৃষ্ট হইয়া থাকে। সঙ্কল্পরূপ সন্ধ্যাকাল উত্তীর্ণ হইয়া গেলে অখণ্ডিত স্বরূপই অবশিষ্ট থাকে, সন্দেহের অপনোদনে রজ্জুর সর্পত্ব থাকে না, শুধু রজ্জুত্বই অবশিষ্ট থাকে। মৃত্তিকার ভিতর হইতে কি আর ঘট বা কলসীর স্বয়ং সিদ্ধ অঙ্কুর উদ্গম হয়? উহারা কুম্ভকারের বুদ্ধি হইতে উৎপন্ন হইয়া থাকে। সমুদ্রের জলে কি তরঙ্গের খনি আছে? উহা কি বায়ুরই ভিন্ন ভিন্ন কার্য্য নয়? কার্পাসের উদরে কি বস্ত্রের সিন্দুক পূর্ণ

থাকে? উহা কেবল ব্যবহার নিপুণ ব্যক্তির দৃষ্টিতেই বস্ত্র বলিয়া গৃহীত হয়। সুবর্ণ অলঙ্কাররূপে পরিণত হইলে তাহার সুবর্ণত্বের হানি হয় না, আর অলঙ্কারও ব্যবহারকারীর ভাবনা অনুসারেই নির্ম্মিত হয়। বল দেখি, প্রতিধ্বনিতে শব্দ অথবা দর্পণে দৃষ্ট রূপ পূর্ব্ব হইতেই সেই সেই স্থানে জমা থাকে?—না কি যথার্থতঃ নিজেরই শব্দ করা অথবা দেখার সঙ্গে সঙ্গেই উহা হয়? সেইরূপ আমার এই নির্ম্মল স্বরূপে পদার্থের কল্পনার ফলেই বস্তুর আভাস উৎপন্ন হয়। সেই কল্পনা স্থাপন কারিণী প্রকৃতির শেষ হইয়া গেলে সঙ্গে সঙ্গে ভূতাভাস লুপ্ত হইয়া যায় এবং একমাত্র আমার শুদ্ধস্বরূপ অবশিষ্ট থাকে। অন্যকথা ছাড়িয়া দেও, পর্ব্বত কন্দরের মধ্যে থাকিয়া নিজেই কয়েকবার ঘুরপাক খাইয়া চারিদিকে চাহিলে পর্ব্বত কন্দরই ঘূর্ণায়মান বলিয়া মনে হয়, সেইরূপ আপন কল্পনার হেতুই অখণ্ড ব্রহ্মের স্থানে ভূতমাত্র দর্শন হইয়া থাকে। সেই কল্পনা ছাড়িয়া দেখিলে আমিই সকল পদার্থে আছি ও আমাতেই সকল পদার্থ আছে এরূপ কথা স্বপ্নেও মনে স্থান পাইবে না। আমিই ভূতগণকে ধারণ করিয়া থাকি অথবা ভূতগণের মধ্যে থাকি ইহাও সঙ্কল্প-সান্নিপাত রোগের ফল। হে প্রিয়োত্তম, আমি বিশ্বের এরূপ আত্মা যে এই মিথ্যা ভূতগ্রামেও আমাকে ব্যাপ্ত ভাবনা করিয়া থাকে। সূর্য্যের কিরণ আশ্রয়েই অবাস্তব মৃগতৃষ্ণিকার জল দেখা যায়, সেইরূপ আমারই অধিষ্ঠানে ভূত সকলকে দেখা হয় এবং উহারা আমারই

বলিয়া ভাবনা করা হয়। সূর্য্য ও সূর্য্যকিরণ স্বরূপে অভিন্ন, সেইরূপ ভূতমাত্রের উৎপত্তির হেতু আমাকে ও ভূতগণে অভিন্নতা। তুমি আমার ঐশ্বর্য্য-যোগ বেশ ভাল করিয়া দেখিলে ত? এখন বল দেখি, ইহাতে প্রাণিগণের ভেদ বুদ্ধি করিবার কোন কারণ আছে? মূল কথা এই যে, প্রাণিগণ আমা হইতে ভিন্ন নয়, আমাকে প্রাণিগণ হইতে ভিন্ন মনে করিও না ॥ ৫ ॥

যথাকাশস্থিতো নিত্যং বায়ুঃ সর্ব্বত্রগো মহান্
তথা সর্ব্বাণি ভূতানি মৎস্থানীত্যুপধারয় ॥ ৬ ॥

আকাশের সমান বৃহৎ পবন আকাশের সহিত মিলিত হইয়া অবস্থান করে, শুধু সঞ্চালনেই উহাকে অতি সহজে পৃথক্ বলিয়া বুঝা যায়, নতুবা উহা আকাশ হইতে অভিন্ন থাকে। আমার অধিষ্ঠানে কল্পনা করিলেই প্রাণিগণের অস্তিত্ব অনুভব হয়, কল্পনা না থাকিলে উহাদের অনুভব হয় না। সেই সকলই আমি হইয়া থাকি। নাশ ও উৎপত্তি কল্পনার সম্বন্ধে, কল্পনা-কারী না থাকিলে নাশ ও উৎপত্তি কোথায় থাকিবে? পুনরায় আমার ঐশ্বর্য্য দেখ, এই অনুভব-জ্ঞানময় সমুদ্রে আমাকে একটী তরঙ্গের স্বরূপে অনুভব কর। এখন চারিদিকে দৃষ্টি ফিরাইয়া দেখ সকলই তুমিময় হইয়া গিয়াছ। পুনরায় ভগবান্ প্রশ্ন করিলেন, এই জ্ঞান তোমার লাভ হইয়াছে ত? তোমার দ্বৈত স্বপ্ন মিথ্যা হইয়াছে কি? আবার কখনও বুদ্ধির কল্পনার নিদ্রা

আসিয়া পড়িলে স্বপ্নের আবেশ হইতেই অভেদ জ্ঞান লোপ পাইবে। এই নিমিত্ত আমি তোমার সমীপে এরূপ সত্যধর্ম্মের প্রকাশ করিব যাহাতে নিদ্রার পথ ধ্বংস হইয়া যায় এবং সকলই জ্ঞানময় দৃষ্ট হয়। অতএব হে ধৈর্য্যবান্ ধনুর্ধর ধনঞ্জয়, মনোযোগ পূর্ব্বক শ্রবণ কর জীবগণের উৎপত্তি ও সংহার মায়া হইতেই সম্পাদিত হয় ॥ ৬ ॥

সর্ব্বভূতানি কৌন্তেয় প্রকৃতিং যান্তি মামিকাম্।
কল্পক্ষয়ে পুনস্তানি কল্পাদৌ বিসৃজাম্যহম্ ॥ ৭ ॥

প্রকৃতি দুই প্রকার, প্রথম বিভাগে আট রকমের ভেদ, দ্বিতীয় জীবরূপ। মায়ার নকল বিষয়ই তুমি শুনিয়াছ উহার কথা বারবার আর বলিব কেন ? এই প্রকৃতির হেতুই মহাকল্পের অন্তে সকল প্রাণী অব্যক্তে একরূপ হইয়া অবস্থান করে। গ্রীষ্মের আধিক্য হইলে তৃণ বীজ সমেত ভূমির মধ্যে বিলীন হইয়া থাকে বর্ষাকালের আড়ম্বর শেষ হইলে গুপ্ত শারদীয় ঋতুর প্রকাশ হয়, তখন মেঘসমূহ আকাশের অবকাশে লুপ্ত হইয়া যায়, আকাশের শূন্যতায় বায়ু শান্ত হইয়া থাকে, তরঙ্গের স্বরূপ জলে মিশিয়া যায় ; জাগ্রত অবস্থায় স্বপ্নের ন্যায় প্রকৃতি হইতে উৎপন্ন জগৎ কল্পান্তে প্রকৃতিতেই বিলীন হইয়া যায়। কল্পের আরম্ভে আমিই জগৎ সৃষ্টি করিয়া থাকি এখন এই উক্তির যথার্থ সিদ্ধান্ত শ্রবণ কর ॥ ৭ ॥

প্রকৃতিং স্বামবষ্টভ্য বিসৃজামি পুনঃ পুনঃ ।
ভূতগ্রামমিমং কৃৎস্নমবশং প্রকৃতের্বশাৎ ॥৮॥

হে কিরীটি, আমি প্রকৃতির আশ্রয়। তন্তুর সমবায় রূপ বস্ত্রে বয়ন কৌশলই কারণ এবং সেই কৌশলের আশ্রয়ে একটী ক্ষুদ্র চতুষ্কোণ হইতে উহাতে বৃহৎ এক থান বস্ত্র হয়, সেইরূপ আমার আশ্রয়ে পঞ্চভূতাত্মক আকারের রূপ হইতে প্রকৃতিই বিভিন্নরূপে উৎপন্ন হয়। অম্ল সংযোগে দুগ্ধের ন্যায় প্রকৃতিও পরিণত হয়। বীজ জলের সম্বন্ধ পাইলে শাখা উপশাখা রূপে পরিণত হয়, সেইরূপ প্রাণিগণের সৃষ্টি আমার নিমিত্তই হইয়া থাকে। রাজা নগর বসাইয়াছে বলিলে রাজা আপন হাতে কষ্ট করিয়া নগর বসাইয়াছে বুঝিতে হইবে না। আমিও প্রকৃতিকে আশ্রয় দিই উহা কি প্রকার? স্বপ্নদ্রষ্টা পুনরায় জাগ্রদবস্থায় ফিরিয়া আসে—স্বপ্ন হইতে জাগ্রতে আসিতে কি পায়ে ব্যথার অনুভব হয়? অথবা স্বপ্নে অবস্থান করা কি বিদেশে থাকা হয়? এই সকল কথা বলিবার উদ্দেশ্য এই যে, সৃষ্টি রচনার নিমিত্ত আমাকে কিছুই করিতে হয় না। রাজার আশ্রয়ে প্রজাগণ আপন আপন ইচ্ছানুসারে বাণিজ্যাদি করিয়া থাকে, প্রকৃতির সহিত আমার সেরূপ সম্বন্ধই জানিবে, কর্ম্ম করে প্রকৃতিই। দেখ দেখি, পূর্ণচন্দ্র দর্শনেই সমুদ্রের জোয়ার আসে, হে কিরীটি, উহাতে চন্দ্রের কি শ্রম হয়? লৌহ জড় অথচ চুম্বকের সান্নিধ্যে গতি প্রাপ্ত হয়, চুম্বকের কাছে থাকা কি কষ্টের কারণ? অধিক বলিব কি এই প্রকার আপন

প্রকৃতিকে অঙ্গীকার করিতেই সৃষ্টি বিকাশ হইতে থাকে। হে পাণ্ডব, সকল প্রাণী প্রকৃতির অধীন। বিল্ববীজ হইতে বিল্ব ও পল্লব উৎপন্ন করিতে একমাত্র ভূমিই সমর্থ। শরীর সঙ্গই বাল্য, তারুণ্য প্রভৃতি অবস্থার এবং নিদ্রাই স্বপ্নের কারণ, সেরূপ অপার জীব-সমুদ্রের একমাত্র কর্ত্রী প্রকৃতি। স্থাবর, জঙ্গম, স্থূল, সূক্ষ্ম অধিক কি সমগ্র ভূতগণের মূলই প্রকৃতি। অতএব প্রাণিগণের সৃষ্টি, উৎপন্ন প্রাণীর প্রতিপালন আদি কার্য্যে আমার সম্বন্ধ নাই। চন্দ্র যেরূপ জলে চন্দ্রিকার বিস্তার না করিয়া স্বয়ং দূরেই অবস্থান করে, সেইরূপ যে আমার স্বরূপ লাভ করে, সে সকল কর্ম্ম হইতে দূরে থাকে ॥ ৮ ॥

ন চ মাং তানি কর্ম্মাণি নিবধ্নন্তি ধনঞ্জয়।
উদাসীনবদাসীনমসক্তং তেষু কর্ম্মসু ॥ ৯ ॥

দেখ, সমুদ্রে যে জলের লহরী ছোটে তাহাকে লবণের বাঁধ বাধা দিতে পারে না, সকল কর্ম্মের অন্ত আমাতে বলিয়া কর্ম্মও আমাকে বাঁধিতে পারে না। ধূম বা ধূলির পিঞ্জরে কি প্রবাহিত বায়ুকে থামাইতে পারে অথবা সূর্য্য বিম্বে কি অন্ধকার প্রবেশ করিতে পারে? বর্ষার ধারা কি পর্ব্বতকে ভিজাইতে পারে? প্রকৃতির কর্ম্ম আমাকে স্পর্শ করিতে পারে না। প্রকৃতির সকল কার্য্যে এক আমিই পূর্ণ হইয়া আছি তবে উদাসীনের মতও আমি কিছু করি না। গৃহে রক্ষিত প্রদীপ যেরূপ কাহাকে কর্ম্মে প্রবৃত্ত করায় না বা কাহাকে

নিবারণও করে না এবং ইহাও জানে না যে কে কি করিতেছে ; প্রদীপ সাক্ষীভূত অথচ গৃহ কর্ম্মের প্রবৃত্তি কারক সেইরূপ জীবের কর্ম্মে উদাসীন থাকিয়াও আমি সকল প্রাণীতে ব্যাপ্ত আছি। নানারূপ যুক্তি দ্বারা এই একই অভিপ্রায় বারবার আমি আর তোমাকে কত বলিব ? হে সুভদ্রাপতি একবার এই কথা বুঝিয়া লও যে—॥ ৯ ॥

ময়াধ্যক্ষেণ প্রকৃতিঃ সূয়তে সচরাচরম্ ।
হেতুনানেন কৌন্তেয় জগদ্ বিপরিবর্ত্ততে ॥ ১০ ॥

সূর্য্য মানুষের সকল কর্ম্মের কেবল নিমিত্ত ; হে পাণ্ডুসুত, সেইরূপ আমিও জগতের উৎপত্তির নিমিত্ত কারণ। প্রকৃতি আমার আশ্রয় লয় বলিয়া চরাচরের উৎপত্তি হয়, অতএব আমিই ইহার কারণ, জগৎ সম্বন্ধে এইরূপ বিচার। এই সত্য প্রকাশের সহায়তায় আমার ঐশ্বর্য্য যোগের বিস্তার দেখিলে বুঝা যাইবে যে (আমাতেই সকল প্রাণী আশ্রিত) কিন্তু আমি প্রাণিগণে নই ; এই সঙ্কেতটি কখনও ভুলিও না, ইহা আমার পরম রহস্য। তোমার কাছেই খুলিয়া বলিলাম। এখন ইন্দ্রিয়ের দ্বার বন্ধ করিয়া হৃদয়ে এই সত্য অনুভব কর। এই মর্ম্ম অধিগত না হওয়া পর্য্যন্ত হে পার্থ, তুষে মিলিত তণ্ডুল কণার মত আমার সত্য স্বরূপ লাভ হয় না। অনুমান দ্বারা নিশ্চয় জানিলাম বলিয়া মনে হয় কিন্তু মরীচিকা জলের আর্দ্রতায় ভূমি সিক্ত হয় কি ?—জলে নিক্ষিপ্ত জালে

চন্দ্রবিম্ব ধরা পড়িয়াছে দেখা যায়, উহা তীরে উঠাইয়া ঝাড়িয়া ফেলিতে ফেলিতে চন্দ্রবিম্ব কি কোথাও চলিয়া যায়? সেইরূপ অনুভবের দৃষ্টির বিষয় শব্দ-বিন্যাস বলে বাঁধা পরে বলিয়া বৃথা মনে হয়। যথার্থ জ্ঞানের সময় উহার সত্যতা পাওয়া যায় না। ॥ ১০ ॥

অবজানন্তি মাং মূঢ়া মানুষীং তনুমাশ্রিতম্।
পরং ভাবমজানন্তো মম ভূতমহেশ্বরম্ ॥ ১১ ॥

অধিক বলিব কি যথার্থতঃ সংসারের ভয় হইলে এবং আমাকে লাভ করিতে ইচ্ছা করিলে এই বিচার পদ্ধতিকে যত্ন পূর্ব্বক ধ্যানের বিষয় করিয়া রাখিবে। অন্যথা হইলে চক্ষু কামলা রোগগ্রস্ত হইলে জোৎস্নাকেও হলুদ বর্ণ দেখার ন্যায় আমার নির্ম্মল স্বরূপও দোষযুক্ত দৃষ্ট হয়। জ্বর রোগে রসনা দূষিত হইলে দুধও বিষের মত কটু বোধ হয়, সেইরূপ লোকে লোকাতীত আমাকেও মানুষ বলিয়া মনে করে। এইজন্য হে ধনঞ্জয় বার বার আমার এই অনুরোধ পূর্ব্বোক্ত অভিপ্রায় ভুলিও না। উহা স্থূল দৃষ্টিতে দেখা বৃথা। আমাকে স্থূল দৃষ্টিতে দেখা যথার্থতঃ অজ্ঞান। স্বপ্নে অমৃত খাইয়া কেহ অমর হয় না। মূঢ় জন স্থূল দৃষ্টিতে আমাকে ভাল রকম জানে কিন্তু সেই জানা অজ্ঞানের আশ্রয়ে অবস্থান। নক্ষত্রের প্রতিবিম্বে রত্ন বুদ্ধি করিয়া হংস বড় আশায় জলে প্রবেশ করে কিন্তু উহা বৃথা। গঙ্গা বুঝিয়া মরীচিকার জলের সমীপে উপস্থিত হইলে কি কোন ফল হয়? কণ্টক বৃক্ষকে কল্পতরু বুঝিয়া সেবা করিলে কি লাভ? নীলমণির হার মনে করিয়া সর্পকে গ্রহণ

করিলে, রত্ন মনে করিয়া শ্বেত প্রস্তর সংগ্রহে অথবা বহুমূল্য দ্রব্য পাওয়া গেল বলিয়া অঞ্চলে অঙ্গার বাঁধিলে, সিংহের ন্যায় প্রতিবিম্ব চিনিতে না পারিয়া কূপে লাফাইয়া পড়িলে, দুর্গতির সীমা নাই। জলে প্রতিবিম্বিত চন্দ্রের কিরণকে চন্দ্র মনে করিয়া ধরার ন্যায় আমি প্রপঞ্চে আছি এই সিদ্ধান্ত করিয়া যে উহাতেই নিমগ্ন হয় তাহার চেষ্টা নিষ্ফল হইয়া যায়। পচা ভাতের জল খাইয়া অমৃতের আস্বাদ পাওয়া যদি সম্ভব হয় তবে বিনাশী স্থূলাকারে অবিনাশী আমাকেও দেখিতে পারা যায়। পশ্চিম সমুদ্রে যাইতে হইলে কি পূর্ব্বদিকের পথে চলিলে হয়? হে সুভট, তুষ ভানিলে কি উহা হইতে তণ্ডুল পাওয়া যায়? সেইরূপ বিকৃত এই স্থূল প্রপঞ্চে কি শুদ্ধ স্বরূপ জানা যায়? ফেন খাইলে কি জল খাওয়ার ফল পাওয়া যায়? তাৎপর্য্য এই যে, মোহযুক্ত ভাবনার হেতু অবোধ জন ভ্রমে পড়িয়া মনে করে আমিও সংসারে আছি। সংসারের জন্ম কর্ম্মও তাহারা আমাতে আরোপ করে। * অনামক আমার নাম রাখে—অক্রিয় আমাতে

---

* শ্রীভগবৎস্বরূপ, নাম ও বিগ্রহ পৃথক্ নয়। দেহ ও দেহী বিভাগ তাঁহাতে নাই। ভগবৎ বিগ্রহ পাঞ্চভৌতিক বিকার রহিত। সচ্চিদানন্দময় ভগবান সচ্চিদানন্দময় তনু। নিম্বার্ক ভাষ্য ও ষট্ সন্দর্ভধৃত বৃহদ্বৈষ্ণবীয় বচন যথা—

> যো বেত্তি ভৌতিকং দেহং কৃষ্ণস্য পরমাত্মনঃ।
> স সর্ব্বস্মাদ্বহিষ্কার্য্যঃ শ্রৌতস্মার্ত্তবিধানতঃ॥
> মুখং তস্যাবলোক্যাপি সচেলঃ স্নানমাচরেৎ।
> পশ্যেৎ সূর্য্যংস্পৃশেদ্ গাঞ্চ ঘৃতং প্রাশ্য বিশুদ্ধ্যতীতি॥

ক্রিয়ার আরোপ করে, বিদেহ আমাতে উৎপত্তি প্রভৃতি ধর্ম্ম আরোপ করে, আমার নিরাকার স্বরূপের আকার মানিয়া লয়, উপাধিরহিতকে সুখের সাহিত্য প্রদান করে, কর্ত্তব্যাকর্ত্তব্য হইতে মূক্ত আমাতে আচার ব্যবহার আরোপ করে, বর্ণহীনের বর্ণ—গুণাতীতের গুণ—চবণ রহিতের চরণ—হস্তরহিতের হস্ত, অপরিমেয়ের পরিমাপ, সর্ব্বগবস্তুর একদেশ বর্ত্তিত্ব প্রভৃতি স্বীকার করে। শয্যা শায়িত ব্যক্তি যেরূপ স্বপ্নে অরণ্য দর্শন করে সেইরূপ শ্রবণরহিত আমার কর্ণ, নয়ন রহিতের নয়ন, গোত্র রহিতের গোত্র, অপরূপকে রূপ, অপ্রকটকে প্রকটতা, অদুঃখীকে দুঃখী এবং আত্মতৃপ্তের তৃপ্তি চিন্তা করিয়া থাকে। অনাচ্ছাদিতকে আচ্ছাদন করিতে চেষ্টা করে, অলঙ্কারাতীতকে সুসজ্জিত করে, বিশ্বকারণেরও কারণ নির্দ্দেশ করে, স্বয়ংরূপ আমার

ন ভূত সংস্থানো দেহোঽস্য পরমাত্মন ইতি মহাভারতে।
দেহ দেহি ভিদা চৈব নেশ্বরে বিদ্যতে কচিদিতি স্মৃতেশ্চ।
ঈশ্বরঃ পরমঃ কৃষ্ণ সচ্চিদানন্দ বিগ্রহ ইতি ব্রহ্ম সংহিতায়াং।
বিজ্ঞান ঘনানন্দঘনঃ ইত্যাদি শ্রুতেঃ।
নির্দ্দোষ পূর্ণ গুণ বিগ্রহ আত্মতন্ত্রো নিশ্চেতনাত্মক শরীর গুণৈশ্চহীনঃ।
আনন্দ মাত্র কর পাদ মুখোদরাদি সর্ব্বত্র চ স্বগত ভেদ বিবর্জ্জিতাত্মা॥
গোবিন্দ ভাষ্য ধৃত স্মৃতি।

নাম বিগ্রহ স্বরূপ তিন একরূপ।
তিনে ভেদে নাই তিন চিদানন্দরূপ॥
বিষ্ণু নিন্দা নাহি আর ইহার উপর।
প্রাকৃত করিয়া মানে বিষ্ণু কলেবর॥

শ্রীচৈতন্য চরিতামৃত।

আকার স্বীকার করে, চিরসিদ্ধ আমার প্রতিষ্ঠা করে, নিরন্তর সত্ত্বাবান্ আমার আবাহন ও বিসর্জ্জন করে, সর্ব্বদা স্বয়ংসিদ্ধ একরূপ আমাতে বাল্য, বৃদ্ধত্ব, ও তারুণ্যাদি সম্বন্ধ স্থাপন করে, অদ্বৈত আমাতে দ্বৈত, অকর্ত্তাকে কর্ত্তা এবং অভোক্তাকে ভোক্তা বলিয়া মনে করে, অকুটুম্বী আমার কুলের দর্শন, নিত্যস্বরূপ আমার মরণে দুঃখ, এবং অন্তর্যামী আমাকে শত্রু বা মিত্র বলিয়া মনে করে, আত্মানন্দে বিভোর আমার সুখের বাসনা এবং সর্ব্বত্র সমভাবে অবস্থিত আমাকে একদেশস্থিত বলিয়া আখ্যা দেয়। যদিও আমি চরাচরের আত্মা তথাপি আমি কাহারও পক্ষ লইয়া অপরের প্রতি কোপাবিষ্ট হইয়া তাহাকে বধ করি ইত্যাদি প্রচার করে। অধিক বলিব কি পূর্ব্বে প্রকৃতি-উৎপন্ন মনুষ্য-ধর্ম্ম বলিয়া যাহা বর্ণন করিয়াছি উহা আমার স্বরূপ মনে করে, লোকের এইরূপ বিপরীত বুদ্ধি! যতদিন কোনও আকার সম্মুখে পায় বেশ ভাবের সহিত দেবতা বলিয়া ভজন করে কিন্তু উহা ভগ্ন হইলে ফেলিয়া দেয় এবং মনে করে উহার দেবত্ব চলিয়া গিয়াছে। এইভাবে আমাকেও মানুষের মতই মনে করে অতএব এই প্রকার লোকের জ্ঞান সত্য জ্ঞানকে আচ্ছাদিত করিয়া থাকে ॥ ১১ ॥

মোঘাশা মোঘকর্ম্মাণো মোঘজ্ঞানা বিচেতসঃ।
রাক্ষসীমাসুরীঞ্চৈব প্রকৃতিং মোহিনীং শ্রিতাঃ ॥ ১২ ॥

তাহার জন্মগ্রহণ বিফল। বর্ষা ঋতু ভিন্ন মেঘ অথবা মরীচিকার জলের তরঙ্গ কেবল দূর হইতেই শোভা পায়, খেলনার

ঘোড় শোয়ার, বাজীকর প্রদর্শিত অলঙ্কার, গন্ধর্ব নগরের দুর্গ, সরলভাবে বৃদ্ধি প্রাপ্ত সাবরী * যেরূপ নিষ্ফল ও অন্তঃসারশূন্য অজাগলস্তন যেরূপ অনর্থক, দান ও গ্রহণের অনুপযোগী সাবরীর কল্পিত ফলের ন্যায় সেই মূর্খের অনর্থক কর্ম্মে ধিক্। নারিকেল ফলের ছোব্ড়া ছাড়াইয়াও মর্কট যেরূপ উহার আস্বাদ হইতে বঞ্চিত হয় অথবা অন্ধ মুক্তা কুড়াইয়া পাইলেও উহার মূল্য নির্দ্ধারণ করিতে অসমর্থ হইয়া যেরূপ অনাদরে দূরে নিক্ষেপ করে, সেইরূপ পূর্ব্বোক্ত ব্যক্তির শাস্ত্রাধ্যয়নও বিফল হয়। তাহার অধিগত শাস্ত্র চপলা বালিকার হস্তের শস্ত্র অথবা দুষ্টলোককে উপদিষ্ট বীজমন্ত্রের মতই হইয়া থাকে। যে চিত্তকে অধীন না রাখিতে পারে তাহার সকল জ্ঞান এবং সকল অভ্যস্ত বিষয় বিফল হইয়া যায়। প্রকৃতিরূপা তমোগুণময়ী রাক্ষসী, সুবুদ্ধির গ্রাসকারিণী নিশাচরী, বিবেকের চিহ্ন মাত্র লোপ করিয়া দেয়, যাহার চিত্ত বশীভূত থাকে না সে তাহারই অধীন হইয়া পড়ে। এই নিমিত্ত চিন্তারূপ গুহার মধ্যে ঢুকিয়া সে তমের মুখবিবরে নিপতিত হয়,—যে মুখবিবরে আশার লালাপূর্ণ হিংসারূপা রসনা লক্লক্ করিতেছে,—যে প্রকৃতি অসন্তোষ রূপ মাংস পিণ্ড নিরন্তর চর্ব্বণ করিতেছে—যাহার রসনা ওষ্ঠ প্রান্ত লেহন করিতে অনর্থরূপ কর্ণ পর্য্যন্ত বিস্তৃত হইয়া আসে—যে মুখ প্রমাদরূপ পর্ব্বতের গুহা সদৃশ, তাহার দ্বেষরূপ দন্তে জ্ঞানকে

*সাবরী=শের, বৃক্ষজাতির প্রকার ভেদ। The milk bush, Euphorbia Tirucalli.

চর্ব্বণ করিয়া চূর্ণ করে, অস্থি এবং চর্ম্ম মূর্খের স্থূল বুদ্ধিকে আচ্ছন্ন করিয়া ফেলে, এইরূপ রাক্ষসী প্রকৃতির মুখে যে প্রাণী বলিরূপে নিপতিত হয়, সে ভ্রান্তিরূপ কুণ্ডে ডুবিয়া যায়। অন্ধকারের গর্ত্তে পড়িয়া সে বিচারের কাছেও যাইতে পারে না। অতএব এই বৃথা কথা থাকুক্। মূর্খের বর্ণনা করিয়া কি লাভ? বৃথা ভার চাপাইলে বাণী দুঃখিতা হইবেন। শ্রীকৃষ্ণ প্রভু এই প্রকার বলিতেই অর্জ্জুন বলিলেন, "বেশ আপনার যাহা ইচ্ছা।" পুনরায় শ্রীকৃষ্ণ বলিলেন,—এখন বাণী যে কথায় বিশ্রাম সুখ লাভ করেন, সেই কথা শোন ॥ ১২ ॥

মহাত্মানস্তু মাং পার্থ দৈবীং প্রকৃতিমাশ্রিতাঃ।
ভজন্ত্যনন্যমনসো জ্ঞাত্বা ভূতাদিমব্যয়ম্ ॥ ১৩ ॥

যাহার মনের মধ্যে আমি ক্ষেত্র-সন্ন্যাসী হইয়া অবস্থান করি—যাহাকে নিদ্রিত অবস্থায়ও বৈরাগ্য সেবা করিয়া থাকে—যাহার মন বিবেকের জীবন, জ্ঞান গঙ্গায় স্নাত, পূর্ণতার ভোজনে তৃপ্ত, শান্তিবৃক্ষের নব পল্লব—ব্রহ্মরূপের পরিণত নবাঙ্কুর, ধৈর্য্য মণ্ডপের স্তম্ভ—আনন্দ সাগরের সলিল পূর্ণ কুম্ভ, যাহার ভক্তি এরূপ অবস্থা লাভ করিয়াছে যে, সে মোক্ষকেও দূরে সরিয়া যাইতে বলে—যাহার কৌতুকের মধ্যেও নীতি বিরাজিত, সকল ইন্দ্রিয়কে শান্তি অলঙ্কারে অলঙ্কৃত, হৃদয়ে সর্ব্বব্যাপী আমারও আচ্ছাদন করে, যে মহানুভব দৈবী প্রকৃতির সৌভাগ্য স্বরূপ, আমার সমগ্র স্বরূপ অবগত হইয়াও যে মহাত্মা নিরন্তর

বর্দ্ধনশীল প্রেমে আমাকে ভজন করে, অথচ যাহার মনোধর্ম্ম দ্বৈতের স্পর্শও করে না, হে পাণ্ডব, সে মদ্রূপ হইয়াই আমাকে সেবা করিয়া থাকে। তবে আরও অভিনব কথা বলিতেছি শোন— ॥ ১৩ ॥

সততং কীর্ত্তয়ন্তো মাং যতন্তশ্চ দৃঢ়ব্রতাঃ।
নমস্যন্তশ্চ মাং ভক্ত্যা নিত্যযুক্তা উপাসতে ॥ ১৪ ॥

সে প্রেমভরে হরিসঙ্কীর্ত্তনে নাচিয়া প্রায়শ্চিত্তের ব্যাপার চুকাইয়া লয়। কেননা তাহাতে পাপের নামও লোপ হইয়া যায়। যম ও দমের অবস্থাও দুর্ব্বল হইয়া পড়ে, তীর্থবাসের চেষ্টাও শেষ হইয়া যায় এবং যমপুরীর সকল ব্যবহার বন্ধ করিয়া ফেলে। যম বলে—আমি কি সংযত করিব? দম বলে—আমি কাহাকে দমন করিব? তীর্থ বলে—আমি কি দোষ ক্ষালন করিব? পাপের কণামাত্রও যে অবশিষ্ট নাই। এই প্রকার সেই ব্যক্তি আমার নামকীর্ত্তনের ধ্বনিতে সংসারের দুঃখ দূর করে এবং মহাসুখ আনিয়া সকল সংসার কানায় কানায় ভরপূর করিয়া দেয়। সেই ব্যক্তি প্রাতঃকাল ভিন্নও আত্মজ্ঞানে দিক্‌প্রকাশ করে, অমৃত বিনাও জীবন দান করে, যোগ সাধন ছাড়াও চক্ষুর সমীপে কৈবল্য দর্শন করায়। সে রাজা ও ভিখারীর ভেদ গণনা করে না, বড় ছোটর বিচার করে না, সমগ্র জগতের জন্য এক সার্ব্বজনীন আনন্দ-মন্দির রূপে বিচরণ করে। বৈকুণ্ঠে ক্বচিৎ কোন ভাগ্যবান্ যাইতে পারে কিন্তু সে সর্ব্বত্র বৈকুণ্ঠকে প্রকাশ করে। এক প্রকার নাম ভজনের

১৯

যোগ্যতা প্রদান করিয়া সে সকল সংসার পবিত্র করে। সূর্য্য আপন তেজে ঐ ব্যক্তির মতই উজ্জ্বল কিন্তু তাহার একটী দোষ আছে সে অস্তাচলে যায়। চন্দ্র একমাসে একবার পূর্ণ হইয়া প্রকাশ পায়, পূর্ব্বোক্ত ভক্ত কিন্তু সর্ব্বদাই পূর্ণস্বরূপ! মেঘ উদার বটে তবে সেও জলবর্ষণ করিতে করিতে শূন্যোদর হইয়া যায় বলিয়া সেই ভক্তের সহিত তুলনার অযোগ্য। তাহার বিক্রম নিঃশঙ্কচিত্ত পক্ষযুক্ত সিংহের ন্যায়। আমার যে নাম একবার মুখে উচ্চারণ করিতে হইলে সহস্র জন্ম আমার সেবা করা প্রয়োজন সেই নাম তাহার মুখে নিরন্তর আনন্দে নৃত্য করিতে থাকে। আমার নামের মহিমা এরূপ যে, আমি বৈকুণ্ঠেও কদাচিৎ অবস্থান করি, একবার সূর্য্যবিম্বেও দেখা দিই না—যোগিগণের মনকেও উল্লঙ্ঘন করিয়া যাই কিন্তু হে পাণ্ডব, যে উচ্চৈঃস্বরে নাম কীর্ত্তন করে আমি খুঁজিয়া খুঁজিয়া তাহার সমীপে মিলিত হই। *

---

* শ্রীভগবানের নাম সঙ্কীর্ত্তন মহিমা শাস্ত্রে বহু প্রকারে বর্ণিত হইয়াছে। অনন্ত নাম অনন্ত মহিমা। কয়েকটি এখানে উল্লেখ করিতেছি। শ্রীমদ্ভাগবতে যথা—

অজ্ঞানাদথবা জ্ঞানাদুত্তম শ্লোক নাম যৎ।
সংকীর্ত্তিতমঘং পুংসো দহেদেধো যথানলঃ॥ (৬. ২, ১৯,)

'অগ্নির কাষ্ঠ দহনের ন্যায় উত্তমশ্লোক শ্রীভগবানের নাম জ্ঞানপূর্ব্বক অথবা অজ্ঞানে যে ভাবেই সংকীর্ত্তিত হউক না কেন উহা জীবের নিখিল পাপ দহন করে।

সে আমার গুণে এরূপ তৃপ্ত যে দেশ কালাদির কথা বিস্মৃত হইয়া সর্ব্বদা একমাত্র আমার নামসঙ্কীর্ত্তন যোগে আপনা আপনি আনন্দে অবস্থান করে। কৃষ্ণ, বিষ্ণু, হরি, গোবিন্দ নাম মালাদ্বারা আত্মানাত্ম বিচার করিয়া—সতত আমার স্মরণ করিতে থাকে। হে পাণ্ডুকুমার, বহু ভাগ্যে কেহ এই

অংহঃ সংহরতেঽখিলং সকৃদুদয়াদেব সকল লোকস্য
তরণিরিব তিমির জলধিং জয়তি জগন্মঙ্গলং হরের্নাম।

শ্রীধর স্বামী বলিয়াছেন সূর্য্যোদয় মাত্রেই যেরূপ অন্ধকার-সমুদ্র শোষণ পূর্ব্বক পুণ্যময় দিনের শুভাগমন সূচনা করে, ভুবন মঙ্গল শ্রীহরি-নামও তদ্রূপ একবার মাত্র উচ্চারিত হইতে লোক সকলের অখিল পাপ সংহার করে ; সেই শ্রীনাম জয়যুক্ত হউন।

আকৃষ্টিঃ কৃত চেতসাং সুমহতামুচ্চাটনং চাংহসা
মাচণ্ডালমমূক লোক সুলভো বশ্যশ্চ মোক্ষশ্রিয়ঃ।
নো দীক্ষাং ন চ দক্ষিণাং ন চ পুরশ্চর্য্যাং মনাগীক্ষতে
মন্ত্রোঽয়ং রসনা স্পৃগেব ফলতি শ্রী (রাম) কৃষ্ণ নামাত্মকঃ॥

নাম কৌমুদী গ্রন্থে শ্রীলক্ষ্মীধর স্বামী বলিয়াছেন—চিত্তাকর্ষক, মহা-পাপ উচ্চাটন কারী, চণ্ডালাবধি বাক্‌সম্পন্ন জীবমাত্রের সুলভ ও মোক্ষশ্রী বশীকরণ সমর্থ শ্রীকৃষ্ণ (রাম) নামাত্মক মন্ত্র, দীক্ষা, সৎক্রিয়া বা পুরশ্চরণ প্রভৃতির অল্পমাত্রও অপেক্ষা করেন না, রসনাস্পর্শ মাত্র ফলদান করেন।

যোগশ্রুত্যুপপত্তি নির্জ্জনবনধ্যানাধ্ব সংভাবিতাঃ
স্বারাজ্যং প্রতিপদ্য নির্ভয়মমী মুক্তা ভবন্তু দ্বিজাঃ।
অস্মাকন্তু কদম্বকুঞ্জ কুহর প্রোন্মীলদিন্দীবর-
শ্রেণী শ্যামলধাম নাম যুষতাং জন্মাস্তু লক্ষাবধি॥

প্রকারে আমার গুণানুবাদ কীর্ত্তন করিয়া জগতে বিচরণ করে। হে অর্জ্জুন, অপর কেহ বহু যত্নে পঞ্চপ্রাণ ও মনের নিকট হইতে জয়পত্র লইয়া বাহিরে যম-নিয়মের কণ্টক বেষ্টনী দিয়া ভিতরে বজ্রাসনের দুর্গ নির্ম্মাণ করে এবং প্রাণায়াম করিয়া

শ্রীমদীশ্বর পুরীপাদ এই শ্লোকে বলিয়াছেন, ব্রাহ্মণ, ক্ষত্রিয় ও বৈশ্য প্রভৃতি দ্বিজগণ অষ্টাঙ্গ যোগ, বেদানুশীলন ও নির্জনবনে উপবেশন পূর্ব্বক ধ্যান এবং তীর্থ পর্য্যটন দ্বারা সম্ভাবিত নির্ভয় স্বরূপানুভব লাভ করিয়া মুক্ত হন হউন, আমরা কিন্তু কদম্বকুঞ্জকুহরে উদয়শীল ইন্দীবরশ্রেণী তুল্য শ্যামসুন্দরের শ্রীনামের সেবক, অতএব আমাদের লক্ষাবধি জন্ম হউক কোন ক্ষতি নাই।

চেতো দর্পণমার্জ্জনং ভবমহাদাবাগ্নি নির্ব্বাপণং
শ্রেয়ঃ কৈরব চন্দ্রিকা বিতরণং বিদ্যাবধূজীবনং।
আনন্দাম্বুধি বর্দ্ধনং প্রতিপদং পূর্ণামৃতাস্বাদনং
সর্ব্বাত্মস্নপনং পরং বিজয়তে শ্রীকৃষ্ণসঙ্কীর্ত্তনম্॥

শ্রীকৃষ্ণচৈতন্যমহাপ্রভুর শ্রীমুখ উক্তিতে প্রকাশ হইতেছে। শ্রীকৃষ্ণ সঙ্কীর্ত্তন জয়যুক্ত হউন। ইনি চিত্তদর্পণ মার্জ্জনকারী, সংসার মহাদাবানলের নির্ব্বাপক, কল্যাণ কুমুদের সম্বন্ধে চন্দ্রতুল্য, বিদ্যাবধূর জীবন, আনন্দ সমুদ্রের বৃদ্ধিকারক, পদে পদে সম্পূর্ণ অমৃতের আস্বাদ স্বরূপ এবং অন্তঃকরণের তাপনাশকারী।

অহং ভগবন্নাম গৃণন্কৃতার্থো বসামি কাশ্যামনিশং ভবান্যা
মুমূর্ষমাণস্য বিমুক্তয়েঽহং দিশামি মন্ত্রং তব রাম নাম॥

অধ্যাত্ম রামায়ণে রাবণবধান্তে শ্রীরামচন্দ্রের স্তুতি নতি প্রসঙ্গে শঙ্কর বলিয়াছেন হে রাম, তোমার এই রাম নাম গ্রহণ পূর্ব্বক ভবানীর সহিত

অস্ত্র সংগ্রহ করে। আর কুণ্ডলিনী ও পবনের সহায়তায় চন্দ্রামৃত সরোবর অধিকার করিয়া লয়। তখন প্রত্যাহারের পরাক্রম প্রকাশ করে, বিকারের মুখ বন্ধ করিয়া দেয় এবং ইন্দ্রিয়বৃত্তিগুলিকে বন্ধন করিয়া হৃদয়ে লইয়া যায়। পুনরায় ধারণারূপ

নিজেকে কৃতার্থ মনে ভাবিয়া এই কাশীধামে নিরন্তর বাস করিতেছি এবং মুমূর্ষু জনের মুক্তির নিমিত্ত শ্রীরাম নামমন্ত্র উপদেশ করিতেছি।

যেথা সাঙ্গরে কর্ম তে হী ঘডেনা।
ঘডে ধর্ম তো পুণ্য গাণ্ঠীং পডেনা।
দয়া পাহতাং সর্ব্বভূতীং অসেনা।
ফুকাচেং মুখীং নাম তেংহী বসেনা॥

সমর্থ শ্রীরামদাস স্বামী দাসবোধে বলিয়াছেন, হায় কলিযুগের কি দুর্দ্দশা এই কলিযুগে যথাবিধি কর্ম্ম সম্পাদন ঘটেইনা যদিও বা কোনগতিকে উহা সম্পন্ন হয় যথা যোগ্য ধর্ম্মাচরণের ফল পাওয়া যায় না, ভূতদয়ামাত্র দেখা যায় না, অতি অনায়াসে যে রাম নাম উচ্চারণ করা যায় সেই নামও একবার মুখে লয় না। শ্রীহরি নামে পাষাণ গলে, বহুজীব এই নামের মহিমায় উদ্ধার পাইয়াছে। পাপী জীবের মুখে নাম উচ্চারিত হয় না।

দম্পতি রস রসনা দসন পরিজন বদন সুগেহ। !
তুলসী হরহিত বরণ সিসু সম্পতি সহজ সনেহ॥

মহাকবি তুলসীদাস বলিয়াছেন—মুখ সুন্দর গৃহ, ঐ গৃহে রস ও রসনা নামে দম্পতি—স্ত্রী পুরুষ বাস করে, এই দম্পতির পরিজন দন্ত সমুদয়। উক্ত দম্পতির দুইটি পুত্র—রা এবং ম এই দুইটী বর্ণ, এই বর্ণ দুইটী মহাদেবেরও অতিশয় প্রিয়। এই বর্ণরূপী পুত্র দুইটীর উপর দম্পতির স্বাভাবিক ভালবাসাই হইল ঐ বদনগৃহের সম্পত্তি।

অশ্বারোহীর বীর্য্যপ্রকাশ করিয়া মহাভূতগণকে একত্র করিয়া সঙ্কল্পের চতুরঙ্গ সেনা মন, বুদ্ধি চিত্ত ও অহঙ্কার বিনাশ করিয়া ফেলে। অনতিবিলম্বে ধ্যান "জয় হইল, জয় হইল" বলিয়া ডঙ্কা বাজায় এবং তন্ময়তারূপ একচ্ছত্রভাব ঝিক্‌মিক্ করিতে থাকে। তখন সমাধি লক্ষ্মীর সিংহাসনে পূর্ণ আত্মানুভবরূপ

নাম ঘেতাং নলগে মোল। নাম মন্ত্র নাহী খোল ॥
দোংচি অক্ষরাংচে কাম। উচ্চারাবেং রাম নাম ॥
নাহি বর্ণাশ্রম যাতি। নামী অবঘীংচি সরতি ॥
তুকা হ্মনে নাম। চৈতন্য নিজধাম ॥

ভক্তকুল প্রদীপ তুকারাম এই অভঙ্গে গাহিয়াছেন শ্রীহরি নাম গ্রহণে কাহাকেও মূল্য দিতে হয় না। নাম মন্ত্রের কোন বিধি-নিষেধ রহস্যও নাই। মাত্র দুইটী অক্ষরের প্রয়োজন। মুখে উচ্চারণ কর "রাম"। ইহাতে বর্ণ, আশ্রম বা জাতি বিচারের অবকাশ নাই। তুকা বলে শ্রীনামচৈতন্য স্বরূপ।

নাম রতন যিন গুরুমুখ পায়া। তিস কিছু অবর নাহি দৃসটায়া ॥
নামধন নামো রূপ রংগ। নাম সুখ হরি নামকা সংগ ॥
নাম রস যো জন ত্রিপতানে। মন তন নামহি নাম সমানে ॥
উঠত বৈঠত শোবত নাম। কহু নানক জন কৈ সদ কাম ॥

গ্রন্থসাহেবে শিখগণের উপদেশ বর্ণিত আছে—নিয়ত সেই প্রভুর নাম কর। যে শিষ্য গুরুকৃপায় এই নামরত্ন পাইয়াছে সে আর কিছুর দিকে দৃষ্টি করেনা। নামই তাহার ধন, সৌন্দর্য্য ও আনন্দ নামই তাহার সুখ নামই সৎসঙ্গ। নামরসে তৃপ্ত নাম করিতে করিতে দেহ মন নামেই ডুবাইয়া দেয়, উঠিতে, বসিতে শয়ন করিতে সকল সময়ে সে নাম করে। ৮
ইহাই হরিজনের সকল সময়ের কর্ত্তব্য।

রাজ্যসুখের ঐক্যভাব রসে রাজ্যাভিষেক হয়। হে অর্জ্জুন, আমার ভজন এইরূপ দুরূহ। এখন অপরে কেমনে আমার ভজন করে তাহা শোন—বস্ত্র খণ্ডের তানা ও পরেন দুই দিকে যেরূপ একমাত্র সূত্রই আছে, সেইরূপ ইহারা জানে চরাচর বিশ্বে আমি ছাড়া কিছু নাই ব্রহ্মা হইতে ক্ষুদ্র মশক পর্য্যন্ত মধ্যম আকৃতির সকলকেই আমার স্বরূপ বলিয়া ইহারা বুঝিয়া লয়। তাহাদের কাছে বড় ছোট বুদ্ধি নাই, সজীব নির্জীব দৃষ্টি নাই, যাহা কিছু দেখে উহা আমারই স্বরূপ বলিয়া দণ্ডবৎ প্রণাম করে। নিজের উত্তমতা ও সমীপস্থ বস্তুর যোগ্যতা অযোগ্যতা বিচার করে না, শুধু বস্তু মাত্রের সম্মুখে প্রণাম করাই তাহারা পছন্দ করে। জল যেরূপ স্বভাবতই উঁচু হইতে নীচের দিকে গড়াইয়া যায় সেইরূপ প্রাণী মাত্রের দর্শনে তাহাকে নমস্কার করা তাহাদের স্বভাবে পরিণত হয়। ফলবান বৃক্ষ যেরূপ স্বভাবত ভূমির দিকে নত হয় সেইরূপ ইহারাও সকল প্রাণীকেই প্রণাম করিয়া থাকে। ইহারা নিরন্তর নিরভিমানী, বিনয় ইহাদের সম্পত্তি এবং "জয় জয়" মন্ত্র বলিয়া সেই সম্পত্তি তাহারা আমাকে সমর্পণ করিতে থাকে। প্রণাম করিতে করিতে তাহাদের মান অপমান দূর হইয়া যায়, ইহার ফলে অকস্মাৎ মদ্রূপতা লাভ করে। এই প্রকার নিরন্তর আমার সহিত মিলিত থাকিয়া আমাকে ভক্তি করিয়া থাকে।

এখন জ্ঞান যজ্ঞদ্বারা কিরূপে আমার ভক্তি করা হয় তাহার বর্ণনা শ্রবণ কর। হে কিরীটি তুমি সেই ভজনের রীতি পূর্ব্বেই

অবগত আছ কেননা আমি উহা পূর্ব্বে তোমাকে উপদেশ করিয়াছি। তখন অর্জ্জুন বলিলেন—প্রভু, আপনার কথা যথার্থ, উহা আপনার কৃপা তবে অমৃতের পরিবেশন করা হইতে থাকিলে উহাতে কি কেহ খুব হইয়াছে আর প্রয়োজন নাই, এরূপ বলিতে পারে ? এই উক্তি শ্রবণ করিয়া অর্জ্জুনের ঔৎসুক্য দর্শনে শ্রীকৃষ্ণ আনন্দিত অন্তরে হেলিয়া দুলিয়া বলিতে লাগিলেন হে পার্থ, বেশ উহা এখন বলিবার কোন প্রয়োজন নাই তবে তোমার ঔৎসুক্য আমাকে অধিক বর্ণনা করিবার জন্য প্রবৃত্ত করিতেছে। তখন অর্জ্জুন বলিলেন, ইহা কিরূপ কথা, চকোর বিনা কি জ্যোৎস্না থাকিতে পারে না ? জগৎকে শীতল করাই যে জ্যোৎস্নার স্বভাব। চকোর শুধু আপন আকাঙ্ক্ষায় চন্দ্রের দিকে হা করিয়া থাকে সেইরূপ হে প্রভু কৃপাসিন্ধু, আমিও কিঞ্চিৎ মিনতি করিয়াছি। মেঘ আপন শ্রেষ্ঠতাগুণেই জগতের পীড়া শান্তি করে অন্যথা তাহার বর্ষণের কাছে চাতকের পিপাসা আর কতটুকু ? এক অঞ্জলি পূর্ণ করিবার ইচ্ছাতেও যেরূপ গঙ্গাতে যাইতে হয় সেইরূপ ইচ্ছা ক্ষুদ্র অথবা বৃহৎ যাহাই হউক না কেন তথাপি প্রভুকে উহার নিরূপণ করিতেই হইবে। তখন শ্রীকৃষ্ণ বলিলেন—রাখ, আমি সন্তোষ লাভ করিয়াছি আর বেশী প্রশংসার প্রয়োজন নাই। তুমি যে ভাল করিয়া মন দিয়া শুনিয়াছ তাহাতেই আমার বক্তৃতার সুবিধা হইয়াছে। এইরূপে অর্জ্জুনের উৎসাহ বৃদ্ধি করিয়া শ্রীহরি আপন বক্তৃতা আরম্ভ করিলেন। ১৪।

জ্ঞানযজ্ঞেন চাপ্যন্যে যজন্তো মামুপাসতে।
একত্বেন পৃথক্ত্বেন বহুধা বিশ্বতোমুখম্ ॥ ১৫ ॥

জ্ঞান যজ্ঞ কাহাকে বলে ?—যাহাতে আদি সঙ্কল্পই যজ্ঞ স্তম্ভ, পঞ্চমহাভূত মণ্ডপ, দ্বৈত পশু, পঞ্চ মহাভূতের বিশেষ গুণ, ইন্দ্রিয়গণ ও প্রাণ দ্রব্য সামগ্রী, অজ্ঞান ঘৃত, এবং মনবুদ্ধি জ্ঞানাগ্নি প্রদীপ্ত যজ্ঞকুণ্ড, সাম্যভাব সুন্দর বেদী, বিবেকময় বুদ্ধির কুশলতা মন্ত্র, বিবেকের মহিমা এবং শান্তি স্রুক্ এবং স্রুব। যজ্ঞকারী জীব অনুভবের পাত্র হইতে বিবেকরূপ মহামন্ত্রে জ্ঞানাগ্নিহোত্র করিয়া ভেদবুদ্ধি আহুতি দেয়। তখন অজ্ঞান সমাপ্ত হইয়া যায় ; এবং যজ্ঞকর্ত্তা ও যজ্ঞকর্ম্মে ভেদ থাকে না। জীব একরসাস্বাদন অবভৃথ স্নান পূর্ব্বক যজ্ঞের সমাপন করে। পঞ্চমহাভূত, ইন্দ্রিয় গ্রাহ্য রূপরসাদি বিষয় এবং ইন্দ্রিয়গণ তখন পৃথক্ মনে হয় না বরং আত্মজ্ঞানে সকলই একভাবে দৃষ্ট হয়। জাগ্রত হইলে মানুষ বুঝিতে পারে নিদ্রাবেশে আমিই স্বপ্নময় বিচিত্র সৈন্যসমূহ রূপে পরিণত হইয়াছিলাম। স্বপ্নদৃষ্ট সৈন্য যথার্থ সৈন্য নয়, আমি একাই সব হইয়া ছিলাম, সেইরূপ জ্ঞানী নিখিল বিশ্বে একত্বই দেখে। তখন আর এরূপ ভাবও থাকে না যে, এইটী জীব। ব্রহ্মা পর্য্যন্ত সেই পরমাত্ম জ্ঞান পূর্ণ হইয়া যায়। এই প্রকারে কেহ জ্ঞান-যজ্ঞ দ্বারা আমার ভক্তি করিয়া থাকে। যদিও জগৎ অনাদি এবং ভিন্ন রূপেও আছে, কেননা এক পদার্থ অন্য পদার্থ হইতে ভিন্ন রূপে দৃষ্ট হয় এবং নাম রূপ প্রভৃতি ভিন্ন ভিন্ন রহিয়াছে, তথাপি জ্ঞানযজ্ঞকারী ভক্তের জ্ঞান ভিন্ন হয়

না। অঙ্গ প্রত্যঙ্গ পৃথক্ পৃথক্ হইলেও উহারা একই শরীরের, শাখা সমূহ ছোট বড় হইলেও উহারা একই বৃক্ষের, কিরণ পৃথক্ পৃথক বহু হইলেও এক সূর্য্যের, সেইরূপ ব্যক্তি অনেক, নাম পৃথক্ পৃথক্ এবং বৃত্তি ভিন্ন ভিন্ন হইলেও সেই বিভিন্ন ভূতগণের মধ্যে অভিন্ন মৎস্বরূপেরই জ্ঞান হইয়া থাকে। হে পাণ্ডব, এই ভিন্নতা দ্বারা সেই ভক্ত উত্তম জ্ঞানযজ্ঞ সম্পাদন করে, কেননা সে অভিন্নতার জ্ঞান লাভ করিয়াছে। তাহার এরূপ জ্ঞানোদয় হইয়া যায় যে, যে সময়ে যে স্থানে যে যাহাই দেখুক না কেন, উহাতে আমাকে ভিন্ন সে আর কিছুই দেখে না। দেখ, বুদ্বুদ যেখানেই যাউক উহা জলেরই, উহা গলিয়া যাউক কি সেইরূপেই থাকুক উহা জলেই থাকে। পবন সংযোগে উড্ডীয়মান পরমাণু পৃথিবী হইতে পৃথক্ নয়, উহা উড়িতেই থাকুক আর ভূমিতেই পতিত হউক, উহা পৃথিবীকে আশ্রয় করিয়াই থাকে। সেইরূপ ভক্তের এই প্রতীতি হয় যে, যে কোন ভাবনা হইতে যাহাই উৎপন্ন হউক অথবা বিনষ্ট হউক না কেন উহা সকলই আমি। আমার ব্যাপ্তির মতই তাহার প্রতীতি। এই প্রকারে সেই ভক্ত বহুধা আকার যুক্ত ধরাতলে মদ্রূপ হইয়াই লোক ব্যবহার করিয়া থাকে। হে ধনঞ্জয়, সূর্য্য-বিম্বকে যে দিক্ হইতে দেখা হউক সে নিয়তই দ্রষ্টার সম্মুখেই দৃষ্ট হয়, হে অর্জ্জুন বায়ু আকাশের সর্ব্বাঙ্গ পূর্ণ করিয়া রহিয়াছে সেইরূপ তাহার জ্ঞানে ভিতর বাহির নাই। সে পূর্ণস্বরূপ আমার সমতুল। এই নিমিত্ত হে পাণ্ডব, সে কিছু

না করিলেও আমার ভজন হইয়া যায়। আমি সর্ব্বময়, আমার উপাসনা কে কখন না করিয়াছে? তবে জ্ঞানের অভাবে আমার অপ্রতীতি অর্থাৎ যাহার সমীপে আমি অপ্রাপ্ত তাহার উপাসনা আমার যথার্থ জ্ঞানের অভাবে বন্ধ হওয়ার মত হইয়া থাকে। এখন অধিক বর্ণনা থাকুক। জ্ঞান যজ্ঞের যজন করিয়া যে আমার উপাসনা করে তাহার বর্ণনা হইল। এই সকল কর্ম্ম নিরন্তর সকল দিক্ দিয়া এক আমাতেই পৌঁছাইয়া দেয়। মূর্খ লোক ইহা জানেনা বলিয়াই আমাকে প্রাপ্ত হয় না। ॥ ১৫ ॥

অহং ক্রতুরহং যজ্ঞঃ স্বধাহমহমৌষধম্।
মন্ত্রো হমহমেবাজ্যমহমগ্নিরহং হুতম্ ॥১৬॥

উক্ত জ্ঞানের উদয়ে এরূপ প্রতীতি হইবে যে মুখ্য বেদ, বিধি যজ্ঞ ও সেই যজ্ঞের অঙ্গোপাঙ্গ সহিত যে সম্পূর্ণ যজ্ঞানুষ্ঠান, হে পাণ্ডব, উহাও আমি। স্বাহা, স্বধা, সোমলতা প্রভৃতি ওষধি, ঘৃত, সমিধ, মন্ত্র এবং হোমদ্রব্য আমিই। ঋত্বিক, যজ্ঞস্থলীর অগ্নি ও যজ্ঞীয় দ্রব্য সকলই আমি ॥১৬॥

পিতাহহমস্য জগতো মাতা ধাতা পিতামহঃ।
বেদ্যং পবিত্রমোঙ্কার ঋক্ সাম যজুরেব চ ॥১৭॥

যাহার পূর্ব্বোক্ত অষ্টধা প্রকৃতি হইতে জগৎ জন্মগ্রহণ করে সেই পিতা আমি। অর্দ্ধনারী নটেশ্বর স্বরূপে যিনি পুরুষ তিনিই নারী সেইরূপ আমি চরাচর বিশ্বের মাতাও। জগৎ

উৎপন্ন হইয়া যাহাতে অবস্থান করে এবং বৃদ্ধি পায় উহাও বস্তুতঃ আমাহইতে অতিরিক্ত পদার্থ নয়। এই দুই প্রকৃতি পুরুষ যে অন্তঃকরণ রহিত স্বরূপের আশ্রয়ে জন্মগ্রহণ করে বিশ্বের সেই পিতামহ ত্রিভুবন মধ্যে আমাকেই জানিবে। হে সুযোদ্ধা, সকল জ্ঞানের গতি যে গ্রামের দিকে, বেদের চতুষ্পথে যাহা অবশ্য জ্ঞাতব্য বলিয়া নির্দ্ধারিত, যেখানে বিভিন্ন মতাভিমানীর বুদ্ধি সম্মিলিত, শাস্ত্রগণের পরস্পর পরিচয়, ভ্রান্ত জ্ঞানও যে স্থানে ফিরিয়া আসে, যাহা পরম পবিত্র বলিয়া কথিত, ব্রহ্মরূপ বীজের যাহা অঙ্কুর স্বরূপ, পরা পশ্যন্তী প্রভৃতি বাণীর রূপের গৃহ যে ওঁকার উহাও আমি। সেই ওঁকারের উদরে অকার, উকার ও মকার সহিত বর্ণমালা অবস্থান করে, তাহারা সৃষ্টি প্রক্রিয়ার আরম্ভের সহিত বেদত্রয়ের সহিত উঠিয়া দাঁড়ায়। আত্মারাম শ্রীকৃষ্ণ বলিলেন ঋক্ যজুঃ ও সাম তিন বেদ এবং তাহাদের বংশপরম্পরা আমাকেই জানিবে। ॥১৭॥

গতির্ভর্ত্তা প্রভুঃ সাক্ষী নিবাসঃ শরণং সুহৃৎ।
প্রভবঃ প্রলয়ঃ স্থানং নিধানং বীজমব্যয়ম্ ॥ ১৮ ॥

এই সম্পূর্ণ চরাচর জগৎ যে প্রকৃতির গর্ভে অবস্থিত উহাও পরিশেষে যাহাতে বিশ্রাম লয় সেই নিদানের গতিও আমি। যাহাদ্বারা প্রকৃতি জীবন ধারণ করে, যাহার অধিষ্ঠানে বিশ্বের সৃষ্টি যে প্রকৃতির মধ্যে প্রবেশ করিয়া গুণের ভোগ করায়, হে পাণ্ডুসুত, সেই বিশ্বলক্ষ্মীর ভর্ত্তা আমি। আমিই এই

সম্পূর্ণ ত্রিলোকের স্বামী। আকাশ সর্ব্বব্যাপী হইয়া থাকে, বায়ু ক্ষণকালের নিমিত্ত চুপ করিয়া বসে না, অগ্নি জ্বলিতে থাকে, জল বর্ষণ করে, পর্ব্বত আপন স্থান পরিত্যাগ করে না, সমুদ্র আপন সীমা লঙ্ঘন করে না, পৃথিবী প্রাণিগণকে ধারণ করে ইত্যাদি সকল নিয়ম আমার আজ্ঞায়। আমি বলাইলে বেদ বলে, আমি চলাইলে সূর্য্য চলে, জগতের গতিশীল হইবার মূল প্রাণ আমাদ্বারা স্পন্দিত হয় বলিয়াই স্পন্দিত। আমার আজ্ঞাতেই কাল প্রাণিগণকে গ্রাস করে। হে পাণ্ডুসুত, এই সকল যাহার অনুচর, যে এই প্রকার সমর্থ, সেই জগতের নাথ আমি এবং গগনের ন্যায় নির্লিপ্ত সাক্ষীভূত আমিই। হে পাণ্ডব, নাম রূপের সহিত যে সর্ব্বত্র অবস্থান করে ও যে নিজেই নামরূপে প্রকাশ পায়, সে আমিই। তরঙ্গ জলেরই এবং তরঙ্গ জল হইতে পৃথক্ নয়, সেইরূপ সর্ব্বত্র আমি। যে অনন্যভাবে আমার শরণ গ্রহণ করে, আমি তাহার জন্ম মরণ দূর করিয়া দিই। এই নিমিত্ত শরণাগতের আশ্রয় আমিই। আমিই এক ও বহু হইয়া পৃথক্ পৃথক্ স্বভাবানুসারে জীব জগতের প্রাণ সঞ্চার করিয়া থাকি। সমুদ্র অথবা ক্ষুদ্র গর্ত্তের ভেদ মনে না করিয়া সূর্য্য সর্ব্বত্র সমভাবে প্রতিবিম্বিত হইয়া থাকে, সেইরূপ আমি ব্রহ্মা হইতে ক্ষুদ্র প্রাণী পর্য্যন্ত সকলেরই মিত্র। হে পাণ্ডব, আমিই ত্রিভুবনের জীবন, সৃষ্টি ধ্বংস ও পালনের কারণ। বীজ বৃক্ষশাখা উৎপন্ন করে, পুনরায় বৃক্ষত্ব বীজের মধ্যে আশ্রয় লয়, সেইরূপ সঙ্কল্প হইতে উৎপন্ন হইয়া পুনরায় সকলই সঙ্কল্পে

মিলাইয়া যায়। জগতের সঙ্কল্প-বীজ যাহা অব্যক্ত ও বাসনারূপ উহা কল্পান্তে যে স্থানে পতিত হয়, উহাও আমি। যখন এই নাম রূপ লয় হইয়া যায়, বর্ণ ও আকার ধ্বংস হয়, জাতি ভেদ আর থাকেনা, তখন সঙ্কল্প ও বাসনার সংস্কার পুনরায় আকার রচনার নিমিত্ত যে গৃহে অমর হইয়া বাস করে উহাও আমি। ॥ ১৮ ॥

তপাম্যহমহং বর্ষং নিগৃহ্ণাম্যুৎসৃজামিচ।
অমৃতঞ্চৈব মৃত্যুশ্চ সদসচ্চাহমর্জ্জুন ॥ ১৯ ॥

সূর্য্যের বেশ ধারণ করিয়া তাপ প্রদান করিলে এই জগৎ শুষ্ক হইয়া যায়, পুনরায় আমি চন্দ্ররূপে বর্ষণ করিলে অভাব পূর্ণ হয়, অগ্নি যে কাষ্ঠ খণ্ডকে দগ্ধ করে উহা অগ্নিময় হইয়া যায় সেইরূপ মরণশীল ও মৃত্যুর কারণ আমিই। এইরূপে যাহারা মৃত্যুর সীমায় আসিয়া থাকে এবং যাহারা অমর উহাদের সকলই স্বভাবতঃ আমি। অধিক বলিব কি এইটুকু বুঝিয়া লও ব্যক্ত ও অব্যক্ত সকলই আমার রূপ। এই নিমিত্ত হে অর্জ্জুন, এরূপ কোন স্থান আছে যেখানে আমি নাই? প্রাণিগণের কি দুর্ভাগ্য যে তাহারা আমাকে দেখিতে পায় না। তরঙ্গ জলাভাবে শুষ্ক, সূর্য্যকিরণাভাবে প্রদীপ অদৃশ্য, মদ্রূপ হইয়াও ইহারা মদ্রূপের সন্ধান রহিত। এই জগতের অন্তর বাহিরে আমি পূর্ণ, এই জগৎ সম্পূর্ণ আমারই ছাঁচে গড়া কিন্তু জীবের কর্ম্ম কি বিপরীত যে, তাহারা বলে আমি নাই। যে

অমৃত কূপে পতিত হইয়া বাহিরে যাইবার ইচ্ছা করে সেই অভাগাকে আর কি করা যায়? হে কিরীটি, এক মুষ্টি অন্নের জন্য ছুটিয়া অন্ধকার হেতু অন্ধ পদস্পৃষ্ট চিন্তামণিকে পদদ্বারা সরাইয়া দেয়, জ্ঞান পরিত্যাগ করিয়া জীবের তদনুরূপ দশা। জ্ঞান ভিন্ন কোন কর্ম্মই সফল হয় না। অন্ধ যদি গরুড়ের পাখা পায়, উহাতে তাহার কি প্রয়োজন সিদ্ধ হয়? সেইরূপ জ্ঞান ভিন্ন সৎকর্ম্মের পরিশ্রম বৃথা॥ ১৯॥

ত্রৈবিদ্যা মাং সোমপাঃ পূতপাপা
যজ্ঞৈরিষ্ট্বা স্বর্গতিং প্রার্থয়ন্তে।
তে পুণ্যমাসাদ্য সুরেন্দ্রলোক—
মশ্নন্তি দিব্যান্ দিবি দেবভোগান্॥ ২০॥

হে কিরীটি, যে আশ্রম ধর্ম্মের রীতি সম্বন্ধে নিজেই বিধিমার্গের নিকষ পাথর, যাহার উৎসাহপূর্ণ যজ্ঞানুষ্ঠানের সময় বেদত্রয়ের মস্তক ঘূর্ণিত হইয়া যায়, এবং ফল সহিত অনুষ্ঠিত কর্ম্ম যাহার সম্মুখে দণ্ডায়মান, যজ্ঞে সোমপান করিবার নিমিত্ত যে দীক্ষিত হইয়াছে, যে নিজেই যজ্ঞস্বরূপ হইয়া গিয়াছে, সে পুণ্যের নামে পাপেই প্রবৃত্ত হইয়াছে। সে বেদত্রয় জানিয়া পূর্ণাঙ্গ যজ্ঞানুষ্ঠান করিয়াও মূল যাজ্য আমাকে ভুলিয়া স্বর্গ প্রাপ্তির ইচ্ছা করে। দুর্ভাগালোক কল্পতরুর তলে বসিয়া ভিক্ষার ঝুলির গ্রন্থিদেয় এবং ভিক্ষার নিমিত্ত বহির্গত হয়, সেইরূপ যজ্ঞদ্বারা আমার যজন করিয়া স্বর্গসুখের আশা করে। সেই পুণ্য

কি যথার্থতঃ পাপ নয়। আমাকে পরিত্যাগ করিয়া স্বর্গলাভ অজ্ঞানীর পুণ্যমার্গ। জ্ঞানী উহাকে বিঘ্ন বলিয়া বুঝিয়া লয়। যথার্থতঃ ইহাকে নারকীয় দুঃখের তুলনায় স্বর্গ সুখ বলা হয়, নির্দ্দোষ নিত্যানন্দ কেবল আমার স্বরূপই। হে অর্জ্জুন, আমার দিকে আসিবার সময় স্বর্গ ও নরক নামক দুই প্রকার আঁকা বাঁকা চোরা পথে পড়িয়া পুণ্যরূপ পাপে স্বর্গে পৌঁছায় ও পাপরূপ পাপে নরকে যায়, যে পথে আমার সমীপে পৌঁছায় উহা শুদ্ধ পুণ্যময়। হে পাণ্ডু সুত, আমার পথে থাকিয়া যাহার নিমিত্ত আমাহইতে বঞ্চিত থাকে, উহা যদি পুণ্য বলিয়া পরিচয় দেয়, তবে উহার জিহ্বা কেন খসিয়া পড়ে না? এখন সে কথা থাকুক্ শোন, বৈদিক যজ্ঞে দীক্ষিত ব্যক্তি পূর্ব্বোক্ত প্রকারে আমার যজন করিয়াও স্বর্গ ভোগেরই প্রার্থনা করে। এইরূপ পাপরূপ পুণ্য, যাহাতে আমাকে লাভ হয় না, উহা পাইয়া তীব্র আকাঙ্ক্ষার সহিত সে স্বর্গে গমন করে। যেখানে অমরত্বের সিংহাসন, ঐরাবত বাহন, অমরাবতী রাজধানী, যেখানে মহাসিদ্ধির ভাণ্ডার, অমৃতের পুষ্করিণী, যে গ্রামে দলে দলে কামধেনু, যেখানে দেবতা ভৃত্যরূপে সেবা করে, চতুর্দ্দিকে চিন্তামণির ভিত্তি, কল্প বৃক্ষের উপবন, যেখানে গন্ধর্ব গান করে, রম্ভা প্রভৃতি অপ্সরা নৃত্য করে, তাহাদের প্রধানা উর্ব্বশী, এইরূপ বিলাসিনী শোভিত, যেখানে শয্যায় শয়ন করিতেই মদন সেবা করে, যেখানে চন্দ্র অঙ্গন ঝাট দেয়, পবনের ন্যায় দ্রুতগামী আজ্ঞাবহ ভৃত্য

সর্ব্বদা আজ্ঞার অপেক্ষা করিয়া দাঁড়াইয়া থাকে, স্বস্তি শ্রী ইত্যাদি আশীর্ব্বাদ বর্ষণকারী, ব্রাহ্মণের মুখ্য বৃহস্পতি ও যেখানে বহু স্তুতি কারক দেবতা বর্ত্তমান, যেখানে লোকপাল প্রহরীর কার্য্য করেন, যেখানে উচ্চৈঃশ্রবা নামক ইন্দ্রের অশ্বও নগররক্ষীর অশ্বের তুলনায় ক্ষুদ্র; আর অধিক বর্ণনা নিষ্প্রয়োজন, যতক্ষণ পর্য্যন্ত পুণ্যের লেশ থাকে ততক্ষণ সে ইন্দ্র-সুখের সমান এরূপ বিবিধ ভোগ লাভ করে ॥ ২০ ॥

তে তং ভুক্ত্বা স্বর্গলোকং বিশালং
ক্ষীণে পুণ্যে মর্ত্ত্যলোকং বিশন্তি ।
এবং ত্রয়ীধর্ম্মমনুপ্রপন্না
গতাগতং কামকামা লভন্তে ॥ ২১ ॥

পুণ্যের সিঁড়িতে উঠিতে উঠিতে উহা শেষ হইয়া গেলে ইন্দ্রত্বের তেজ কমিতে থাকে এবং সেই স্বর্গকামীকে ফিরিয়া মর্ত্ত্যলোকে আসিতে হয়। বেশ্যার ভোগ করিতে করিতে সম্পদ হীন হইয়া পড়িলে তাহার দ্বারে পা বাড়াইবারও উপায় থাকে না, বলিব কি কাম্য যজ্ঞে দীক্ষিত ব্যক্তিরও সেইরূপ লজ্জাকর অবস্থা। নিত্যস্থিতিশীল আমাকে ভুলিয়া যে পুণ্যদ্বারা স্বর্গ লাভের আশা করে, তাহার অমরত্ব লাভ বৃথা। পরিশেষে তাহার মর্ত্ত্যলোকেই ফিরিয়া আসিতে হয়। মাতার উদররূপ গুহার মধ্যে বিষ্ঠার বেষ্টনে পচিয়া এবং নয় মাস পর্য্যন্ত বাস করিয়া জন্ম জন্ম তাহাকে মরিতে হয়। স্বপ্নে প্রাপ্ত দ্রব্য

জাগ্রত হইবার সঙ্গে সঙ্গেই লুপ্ত হইয়া যায়, যজ্ঞকর্ত্তার স্বর্গ সুখকেও সেইরূপ বুঝিয়া লইবে। হে অর্জ্জুন, বৈদিক যজ্ঞ হইলে কি হয়, আমার স্বরূপ না জানিলে তণ্ডুল ফেলিয়া তুষের যত্ন করিবার মত সকলই বিফল। এক আমাকে ছাড়িয়া বেদোক্ত ধর্ম্মও নিষ্ফল। তুমি আর কিছু জানিতে না পারিলেও আমাকে জানিয়া লও। ইহাতেই তুমি সুখী হইবে॥ ২১॥

অনন্যাশ্চিন্তয়ন্তো মাং যে জনাঃ পর্য্যুপাসতে।
তেষাং নিত্যাভিযুক্তানাং যোগক্ষেমং বহাম্যহম্ ॥২২॥

সকল মনোভাব লইয়া যে আমাতে চিত্ত সমর্পণ করিয়া দেয়, যে গর্ভস্থ পিণ্ডের ন্যায় কোনও ক্রিয়ার সহিত পরিচিত নয়, যাহার সমীপে আমি ভিন্ন আর কিছুই উপাদেয় বোধ হয় না, যে আপন জীবনকে মদ্রূপ করিয়াছে এবং একনিষ্ঠ হইয়া আমাকে একাগ্রচিত্তে ভক্তি করে, তাহাকে আমিও সেবা করিয়া থাকি। সে যে সময় একাগ্রচিত্তে আমার ভজনে লাগিয়া থাকে, সেই সময় আমাতেও তাহার সম্বন্ধে চিন্তার উদ্রেক হয়। তাহার কর্ম্মগুলি আমাকেই করিয়া লইতে হয়। পক্ষিণী অজাতপক্ষ শাবকের জন্য জীবন যাপন করে, আপন ক্ষুধা তৃষ্ণার দিকে দৃষ্টিপাতও করে না, শাবকের কুশলই মাতার একমাত্র কার্য্য, সেইরূপ যে প্রাণের সহিত আমার অনুসরণ করে তাহার সকল কার্য্যই আমি সম্পাদন করিয়া থাকি। আমার সহিত সাযুজ্য লাভের ইচ্ছা হইলে আমি তাহার সেই

আকাঙ্ক্ষা পূর্ণ করি আর সেবার আকাঙ্ক্ষা থাকিলে তাহার সমীপে প্রেম রাখিয়া দিই। এইরূপে সে মনে যে যে ভাব পোষণ করে উহাই আমি বারবার পূর্ণ করিয়া দিই এবং তাহাকে প্রদত্ত বস্তুর রক্ষাও আমিই করি। হে পাণ্ডব, যাহার সকল ভাবের আশ্রয়ই আমি তাহার যোগক্ষেম এইরূপে আমাকেই বহন করিতে হয় ॥ ২২ ॥

যেঽপ্যন্যদেবতা ভক্তা যজন্তে শ্রদ্ধয়ান্বিতাঃ
তেঽপি মামেব কৌন্তেয় * যজন্ত্যবিধিপূর্ব্বকম্ ॥২৩॥

আরও এক সম্প্রদায় আছে। তাহারা আমাকে সমষ্টি রূপে পরিজ্ঞাত নহে কেননা তাহারা অগ্নি, ইন্দ্র, সূর্য্য এবং সোমের নিমিত্ত যজন করিয়া থাকে। ইহারা বাস্তব পক্ষে আমারই যজন করে কেননা এই সমগ্র বিশ্ব আমিই। তবে উহা

---

* শ্রীকৃষ্ণ গম্ভীরার্থ পূর্ণ সময়োপযোগী বহু সম্বোধনে অর্জ্জুনকে উদ্বুদ্ধ করিয়াছেন। যথা—,(১) অনঘ (অপাপবিদ্ধ, জ্ঞানং উৎপদ্যতে পুংসাং ক্ষয়াৎ পাপস্য কর্ম্মণঃ অতএব অনঘ সম্বোধন দ্বারা জ্ঞান লাভের উপযুক্ত অধিকারীত্বের সূচনা।) ; (২) অর্জ্জুন ; (৩) কিরীটী ; (৪) কুরুনন্দন ; (৫) কুরুপ্রবীর ; (৬) কুরুশ্রেষ্ঠ ; (৭) কৌন্তেয় (কুন্তীনন্দন) ; (৮) গুড়াকেশ (নিদ্রালস্য জয়ী) ; (৯) ধনঞ্জয় (যিনি পরাজয় পূর্ব্বক নিখিল জনপদের ধন সংগ্রহ করিয়াছেন) ; (১০) পরন্তপ (শত্রুবিজয়ী) ; (১১) পাণ্ডব ; (১২) পার্থ ; (১৩) পুরুষব্যাঘ্র ; (১৪) পুরুষর্ষভ ; (১৫) ভরতর্ষভ ; (১৬) ভরতশ্রেষ্ঠ ; (১৭) ভরত সত্তম ; (১৮) ভারত ; (১৯) মহাবাহো ; (২০) সব্যসাচিন্ (বাম হস্তে শর ক্ষেপণকারী বীর)।

আমার ভজনের সরল পথ নয়, আঁকা বাঁকা পথ। দেখ, বৃক্ষের শাখা পল্লব একই বীজ হইতে উৎপন্ন হয় না কি? তবুও রস আকর্ষণ করা মূলেরই কার্য্য, মূলেই জল সেচন করিতে হয়। এক দেহেরই দশ ইন্দ্রিয়, সেই ইন্দ্রিয় দ্বারা গৃহীত বিষয়-সুখ এক স্থানে পৌঁছায় কিন্তু উৎকৃষ্ট রন্ধন করিয়া সেই খাদ্য কর্ণরন্ধ্রে কেমন করিয়া পূর্ণ করা যায়? কুসুমের গন্ধ চক্ষুদ্বারা লওয়া যাইতে পারে?—মুখ দ্বারাই রসের আস্বাদন, নাসিকাদ্বারাই সুগন্ধের আঘ্রাণ করিতে হইবে; আমারই প্রীতির নিমিত্ত আমার যজন করিতে হইবে। আমাকে না জানিয়া যে ভজন করে তাহার চেষ্টা বৃথা অতএব কর্ম্মের নেত্ররূপ যে জ্ঞান উহা নির্দ্দোষ হওয়া প্রয়োজন ॥২৩॥

অহং হি সর্ব্বযজ্ঞানাং ভোক্তাচ প্রভুরেব চ।
ন তু মামভিজানন্তি তত্ত্বেনাহতশ্চ্যবন্তি তে ॥২৪॥

হে পাণ্ডুসুত, এই সম্পূর্ণ যজ্ঞের উপচার ভোগ করিতে আমি ভিন্ন আর কে আছে? আমিই সকল যজ্ঞের আদি ও পরিণতি তবে দুর্বুদ্ধি মানুষই সাধারণতঃ আমাকে ভুলিয়া অনেক দেবতার ভজন করে। গঙ্গাজল দেবতা ও পিতৃপুরুষের প্রীতির নিমিত্ত অঞ্জলি করিয়া গঙ্গার জলেই নিক্ষেপ করা হয়, সেইরূপ ইহারা আমাতেই আমাকে দান করে, তাহাদের ভাব ভিন্ন ভিন্ন মাত্র। এই নিমিত্ত হে পার্থ, তাহারা সর্ব্বভাবে আমাকে পায় না এবং মনে যে ভাব রাখে তাহারা সেই অবস্থাই প্রাপ্ত হয় ॥২৪॥

যান্তি দেবব্রতা দেবান্ পিতৃন্ যান্তি পিতৃব্রতাঃ ।
ভূতানি যান্তি ভূতেজ্যা যান্তি মদ্‌যাজিনোঽপি মাম্ ॥২৫॥

যে মন, বাক্য ও ইন্দ্রিয়ের সহিত দেবতার নিমিত্ত ভজন করে সে শরীর ত্যাগের সহিত দেবরূপতা প্রাপ্ত হয়। যাহার চিত্ত পিতৃব্রত ধারণ করে তাহার দেহান্তে পিতৃত্ব লাভ, ক্ষুদ্র দেবতা ইত্যাদি ভূতগণ যাহার পরম দৈবত, যে মারণাদি নানাপ্রকার অভিচার কর্ম্মদ্বারা তাহাদের ভক্তি করে, তাহার দেহরূপ যবনিকা সরিয়া যাইতেই ভূতত্ব লাভ হইয়া থাকে। তাহার সঙ্কল্প অনুসারেই স্বকর্ম্ম তাহাকে ফল প্রদান করে। তবে যে নয়নে আমাকেই দর্শন করে, কর্ণে আমার বিষয়ই শ্রবণ করে, মনে আমারই চিন্তা করে, বাক্য দ্বারা আমারই বর্ণনা করে, যে সর্ব্বাঙ্গে আমাকেই নমস্কার করে, আমার উদ্দেশ্যে দান পুণ্য ইত্যাদি সকলই করে আমার বিষয়ই অধ্যয়ন করে, অন্তরে বাহিরে আমাকে লইয়াই তৃপ্ত থাকে, আমার নিমিত্তই জীবন ধারণ করে, শ্রীহরির গুণানুবাদ বর্ণন করিবার নিমিত্তই তাহার জন্ম যে এরূপ অভিমান করে মাত্র, একমাত্র আমার লোভ করিয়াই জগতে লোভী আমার ইচ্ছাতেই সকাম আমার প্রেমেই প্রেমিক আমার মোহে ভ্রমযুক্ত হইয়া জগতের দিতে দৃষ্টিপাত করে না, যে শাস্ত্র হইতে আমারই জ্ঞান উপার্জ্জন করে, মন্ত্রদ্বারা আমাকেই লাভ করে, এই প্রকার সম্পূর্ণ ক্রিয়াদ্বারা আমারই ভজন করে, সে বাস্তবিক মরণের এ পারেই আমাকে মিলিয়া যায়, মৃত্যুর পরপারে গিয়া

আর কোন্ দিকে যাইবে? আমার যজনকারী, যে সেবার অছিলায় সম্পূর্ণরূপে আত্মসমর্পণ করিয়া দিয়াছে আমার সহিত তাহার ঐক্যভাব হইয়া যায়। হে অর্জ্জুন, আত্মসমর্পণ ভিন্ন আমার নিমিত্ত প্রেম উৎপন্ন হয় না। আমি অন্য কোন উপচারেই বশীভূত হই না। এই বিষয়ে যে নিজেকে জ্ঞানী বলিয়া বুঝে সে অজ্ঞানী, সে বড় বলিয়া বড়াই করে উহাই তাহার ক্ষুদ্রতার সূচক আর আপনাকে কৃতার্থ বলিয়া পরিচয় দেয় তাহার কিছুই প্রাপ্তি হয় নাই। অথবা হে কিরীটি, যজ্ঞ, দান ইত্যাদি অথবা তপস্যার যে প্রতিষ্ঠা আছে উহা আত্মসমর্পণের সমীপে একটী তৃণের সমানও নয়। বল দেখি, জ্ঞানবলে বেদ হইতে শ্রেষ্ঠ কেহ আছে কি? শেষ নাগ হইতেও কেহ বড় বক্তা আছেন কি? সেও আমার শয্যার নিম্নে চাপা পড়িয়া রহিয়াছে, বেদও ত "নেতি নেতি" "এরূপ নয়, এরূপ নয়" বলিয়া পশ্চাৎপদ হয়। এই বিষয়ে সনকাদি মুনিগণও পাগল হইয়া গিয়াছেন। তপস্বীর বিচার করিলে শঙ্করের তুল্য আর কাহাকে পাওয়া যাইবে? সেই শঙ্করও অভিমান পরিত্যাগ করিয়া আমার চরণতীর্থ মস্তকে ধারণ করিয়াছেন। সমৃদ্ধির বিচারে লক্ষ্মীর সমতুল আর কে আছে? সেই শ্রী দাসী। যাঁহার নির্ম্মিত খেলাঘরকে অমরাপুর বলা যায় তাঁহার সমীপে ইন্দ্রাদিকে কি খেলার সামগ্রীই বলিতে হয় না? অপ্রসন্ন হইয়া খেলাঘর ভাঙ্গিয়া ফেলিলে ইন্দ্রকেও পথের কাঙ্গাল হইতে হয়। তিনি যে বৃক্ষের দিকে দৃষ্টিপাত করেন সেই বৃক্ষ কল্পবৃক্ষরূপে পরিণত হয়।

যাঁহার গৃহে দাসীগণই অপার সামর্থ্যযুক্ত সে স্থানে প্রধান নায়িকা লক্ষ্মীদেবীরও কিছুমাত্র প্রতিষ্ঠা নাই। হে পাণ্ডব, তিনি সকলভাবে সেবা করিয়া পরিশেষে অভিমান পরিত্যাগ পূর্ব্বক চরণ ধারণ করিবার অধিকারিণী হইয়াছেন। এই নিমিত্ত প্রতিষ্ঠা দূরে রাখিয়া বিদ্যার গরিমা সম্পূর্ণরূপে ভুলিয়া যাইতে হইবে। জগতে নিষ্কিঞ্চন ভাব প্রাপ্ত হইলে আমার সান্নিধ্য লাভ হইবে। সূর্য্যের দৃষ্টির সম্মুখে চন্দ্রের প্রভা লোপ হইয়া যায়, জোনাকীর ক্ষুদ্র আলোক সেখানে কিরূপে প্রতিষ্ঠা পাইতে পারে? যেখানে লক্ষ্মীরও প্রতিষ্ঠা চলে না, শঙ্করের তপস্যায় পূর্ণতা হয় না, সেখানে প্রাকৃত অজ্ঞানী অপর লোক কিরূপে আমাকে জানিতে পারে? এই নিমিত্তই দেহের অভিমান ছাড়িতে হইবে। আমার উপর হইতে গুণের উপাধি সকল নামাইয়া লইয়া সম্পত্তির অভিমান দূর করিয়া দেওয়া কর্ত্তব্য ॥২৫

পত্রং পুষ্পং ফলং তোয়ং যো মে ভক্ত্যা প্রযচ্ছতি।
তদহং ভক্ত্যুপহৃতমশ্নামি প্রযতাত্মনঃ ॥ ২৬ ॥

যে কোন জাতীয় ফল হউক না কেন যদি কোন ভক্ত অত্যন্ত প্রেমের উল্লাসে অর্পণ করিবার নিমিত্ত আমার সমীপে আনয়ন করে আমি হস্ত প্রসারণ করিয়া উহা গ্রহণ পূর্ব্বক বল্কল না ছাড়াইয়াই তৎক্ষণাৎ ভোজন করি। আরও ভক্তিপূর্ব্বক যদি আমাকে একটী কুসুম অর্পণ করা যায় উহার গন্ধ লওয়াই আমার কর্ত্তব্য কিন্তু উহাও আমি ভোজন করি। থাকুক ফুলের কথা,

প্রেমের দান একটী পত্র হইলেও উহা টাট্‌কা হউক কি শুষ্ক হউক, পূর্ণভাবে বলিতে হইলে, ক্ষুধার্ত্ত ব্যক্তি হঠাৎ অমৃত পাইলে যেরূপ তৃপ্তি লাভ করে বৃক্ষপত্রও আমি সেইরূপ সন্তোষের সহিত ভোজন করি। এরূপ হইতে পারে যে কেহ পত্রও যোগাইতে পারে না, জলের ত আর কখনও অভাব হয় না? জল বিনা মূল্যে বিনা পরিশ্রমে পাওয়া যায়। উহাও কেহ প্রেমের সহিত আমার উদ্দেশ্যে দান করিলে সে বৈকুণ্ঠ হইতেও উচ্চ মন্দির এবং কৌস্তুভ হইতেও উজ্জ্বল অলঙ্কার সমর্পণ করিয়াছেন আমি এইরূপ অনুভব করি। আমার নিমিত্ত সে ক্ষীরসমুদ্রের ন্যায় মনোহর অপার দুগ্ধময় শয্যাস্থান নির্ম্মাণ করিয়া দিয়াছে; কর্পূর, চন্দন, অগুরু ইত্যাদি পদার্থের সুগন্ধি মহামেরু রচনা করিয়া দীপমালার পরিবর্ত্তে সূর্য্যদ্বারাই আমার আরত্রিক করিয়াছে, গরুড়ের ন্যায় বাহন, কল্পতরুর বাগান বাড়ী, কামধেনুর মত গাভী দান করা হইয়াছে, আমাকে অমৃত হইতেও স্বাদু ও সুরসপূর্ণ বহু পক্কান্ন পরিবেশন করা হইয়াছে, ভক্ত প্রদত্ত জলবিন্দুদ্বারা আমি এই প্রকার সন্তোষ লাভ করিয়া থাকি। হে কিরীটি, আরও কি বুঝাইতে হইবে? তুমি ত স্বচক্ষেই দেখিয়াছ যে আমি তণ্ডুল কণার নিমিত্ত সুদামা (শ্রীদাম) বিপ্রের বস্ত্রের গ্রন্থি খুলিয়াছি। এই প্রকারে আমি একমাত্র ভক্তিকেই জানি উহার মধ্যে ছোট বড় দেখি না। যে কেহ হউক না কেন আমি শুধু ভাবটার দিকে দৃষ্টিপাত করি। আর পত্র, পুষ্প, ফল,

জল, এই সকল কেবল ভজনের উপাদান, আমি নিরুপাধি ভক্তিতত্ত্বকেই চাই। অতএব হে অর্জ্জুন, শোন, তুমি বুদ্ধিকে অধীন করিয়া লও এবং মনোমন্দির মধ্যে সর্ব্বদা আমাকে স্মরণ কর ॥ ২৬ ॥

যৎ করোষি যদশ্নাসি যজ্জুহোষি দদাসি যৎ।
যৎ তপস্যসি কৌন্তেয় তৎ কুরুষ্ব মদর্পণম্ ॥ ২৭ ॥

কর্ম্ম, ভোগ, উপভোগ, বিবিধ যজ্ঞদ্বারা যজন, কখনও কোন সৎপাত্রে দান, সেবককে বেতন প্রদান, তপস্যা এবং ব্রত স্বাভাবিক ভাবে ভক্তির সহিত আমার প্রীতির নিমিত্ত করিতে থাক। কখনও আপন অন্তঃকরণে সে সকল কর্ম্মের স্বতন্ত্র স্মৃতিকে স্থান দিও না। এইরূপে সম্পূর্ণ কর্ম্ম আমাকে সমর্পণ কর ॥ ২৭ ॥

শুভাশুভফলৈরেবং মোক্ষ্যসে কর্ম্মবন্ধনৈঃ।
সন্ন্যাসযোগযুক্তাত্মা বিমুক্তো মামুপৈষ্যসি ॥ ২৮ ॥

অগ্নিকুণ্ডে নিক্ষিপ্ত বীজ যেরূপ অঙ্কুর দশা হইতে বঞ্চিত হয় সেইরূপ আমাতে সমর্পিত শুভাশুভ কর্ম্ম নিষ্ফল হইয়া যাইবে। কর্ম্ম জীবিত থাকিলে উহার সুখ দুঃখ রূপ ফল প্রসব করিবে এবং উহার ভোগের নিমিত্ত উপযুক্ত শরীরে জন্মগ্রহণ করিতে হইবে। কর্ম্ম যখন আমাতে সমর্পিত হইয়া গিয়াছে তখন বুঝিয়া লইবে যে জন্মমরণ তৎক্ষণাৎ শেষ হইয়া গিয়াছে, আর জন্মের সহিত কষ্ট অবশিষ্ট নাই। অতএব হে অর্জ্জুন,

এইভাবে তোমাকে আমি সুলভ সন্ন্যাসের যুক্তি বলিলাম ইহাতে অতি শীঘ্র আত্মানুভব হইয়া যায়। তুমি এই যুক্তির বলে এই দেহ বন্ধনে সুখ দুঃখ সমুদ্রে নিমজ্জিত না হইয়া সুখ স্বরূপ আমাতে অনায়াসে মিলিত হইয়া যাইবে ॥ ২৮ ॥

সমোঽহং সর্ব্বভূতেষু ন মে দ্বেষ্যোঽস্তি ন প্রিয়ঃ।
যে ভজন্তি তু মাং ভক্ত্যা ময়ি তে তেষু চাপ্যহম্ ॥২৯॥

আমি কিরূপ এই প্রশ্ন করিলে বলিতে হয়, আমি সর্ব্ব ভূতে সমান, আমার আপন পর ভাব নাই। যে আমাকে এই ভাবে জানে ও অহঙ্কারের গৃহ ভাঙ্গিয়া কর্ম্মে নিরত হয়, প্রাণের সহিত আমার ভজন করে, সে শরীর ব্যাপারে লিপ্ত আছে বলিয়া দৃষ্ট হইলেও শরীরে থাকেনা কিন্তু আমাতেই অবস্থান করে এবং আমিও পূর্ণভাবে তাহার হৃদয়ে অবস্থান করি। বটবৃক্ষ বিস্তার সহিত আপন বীজের মধ্যে অবস্থান করে, এবং বীজ কণাও বটের মধ্যে অবস্থান করে সেইরূপ তাহাতে ও আমাতে শুধু বাহিরের নামেই পার্থক্য, অন্তরের বস্তু বিচারে সে আমার স্বরূপতাই লাভ করে। পরের গৃহে চাহিয়া আনা অলঙ্কার কেবল শরীরেরই সৌন্দর্য্য বিস্তার করে, অন্তরে উহার প্রতি আমার বলিয়া বুদ্ধি থাকে না; সেইরূপ উদাসীনতার সহিত সে দেহ ধারণ করিয়া থাকে। কুসুমের গন্ধ পবনের সহিত উড়িয়া গেলে উহা নির্গত হইয়া বৃন্তের সহিত পড়িয়া থাকে সেইরূপ ঐ ব্যক্তির দেহ কেবল অন্তকালের অপেক্ষায় থাকে

এবং তাহার সকল অভিমান মদ্‌ভক্তিকে লাভ করিয়া অবশেষে আমাতে আসিয়া মিলিত হয় ॥ ২৯ ॥

অপি চেৎ সুদুরাচারো ভজতে মামনন্যভাক্ ।
সাধুরেব স মন্তব্যঃ সম্যগ্ ব্যবসিতো হি সঃ ॥ ৩০ ॥

ঐরূপ ভজন-প্রীতি হেতু পুনরায় দেহ ধারণ করে না এরূপ ব্যক্তি যে কোনও জাতির হইতে পারে। হে সুভট, দেখিতে কাহারও আচরণ যতই খারাপ হউক যদি জীবন ভক্তির পথে সমর্পণ করিয়া দিয়া থাকে ;—মৃত্যু সময়ের বুদ্ধি অনুসারেই পর জন্মের গতি নির্দ্দিষ্ট হয় এই নিমিত্ত যে আপন জীবন অবশেষে ভক্তিকে অর্পণ করিয়া দিয়াছে সে প্রথমতঃ দুরাচারী হইলেও তাহাকে অধুনা সর্ব্বোত্তম বলিয়াই জানিবে। বিশাল বন্যার জলে ডুবিয়াও কেহ প্রাণে বাঁচিয়া তীরে উঠিলে বন্যায় নিমজ্জন বিফল হইয়া যায়, সেইরূপ অন্তে ভক্তি করিলে পূর্ব্ব কৃত পাপও ধ্বংস হইয়া যায়। সে দুষ্কর্ম্মকারী হইলেও অনুতাপ রূপ তীর্থে স্নানের ফলে সর্ব্বতোভাবে আমার স্বরূপে প্রবেশ করে। ইহাতে তাহার কুল পবিত্র হইয়া যায়। তাহার কৌলীন্য উজ্জ্বলতা প্রাপ্ত হয়, জন্মও সাফল্য লাভ করে। সে-ই সকল শাস্ত্র পাঠ করিয়া লইয়াছে, সকল তপস্যা আচরণ শেষ করিয়াছে, অষ্টাঙ্গ যোগ সাধনাও তাহার অভ্যাস করিতে বাকী নাই। হে পার্থ, সে সর্ব্বপ্রকারে সকল কর্ম্মের পরপারে পৌঁছিয়াছে। নিরন্তর যাহার বিশ্বাস আমার নিমিত্তই, যে সম্পূর্ণ মন ও বুদ্ধিকে

ক্রিয়া হইতে একনিষ্ঠারূপ পেটারিকায় বন্ধ করিয়া হে কিরীটি, আমাতে রাখিয়া দিয়াছে— ॥ ৩০ ॥

ক্ষিপ্রং ভবতি ধর্ম্মাত্মা শশ্বচ্ছান্তিং নিগচ্ছতি।
কৌন্তেয় প্রতিজানীহি ন মে ভক্তঃ প্রণশ্যতি ॥ ৩১ ॥

সে কিছুকাল পরে আমার সমান হয় এরূপ মনে করিও না। কেননা যে অমৃতের মধ্যে অবস্থান করে তাহার সমীপে মৃত্যু আর কেমন করিয়া আসিতে পারে? যে সময় সূর্য্যোদয় হয় না তাহাকেই রাত্রি বলে। সেইরূপ আমার ভক্তি বিনা যাহা অনুষ্ঠিত হয়, তাহাই মহাপাপ। হে পাণ্ডুসুত, যখনই তাহার চিত্ত আমার সান্নিধ্য লাভ করে তৎক্ষণাৎ উহা তত্ত্বতঃ আমার স্বরূপতা প্রাপ্ত হয়। একটা প্রদীপ হইতে অপর প্রদীপ প্রজ্বলিত করিয়া লইলে কোন্ প্রদীপটা পূর্ব্বেকার তাহা জানা যায় না, সেইরূপ যে সর্ব্বতোভাবে আমার ভজন করে সে মদ্রূপ হইয়া যায় এবং আমার নিত্য-শান্তি ও কান্তি লাভ করে। সে আমার জীবনেই জীবন ধারণ করে। হে পার্থ, বার বার আর সেই কথা কত বলিব? আমাকে লাভের ইচ্ছা থাকিলে ভক্তিকে ভুলিও না। কুলের শুদ্ধতার দিকে দৃষ্টি করিও না, আভিজাত্যের গরিমা করিও না, অকারণ বিদ্যার অভিলাষ করিও না রূপ অথবা যৌবনের মদে মত্ত হইও না এবং সম্পত্তিরও আর গর্ব্ব করিও না। এক আমার বিষয়ে প্রীতি না থাকিলে এ সকলই ব্যর্থ। তণ্ডুলহীন ভুট্টায় খোসা-তুষ ভানিলে অথবা সুন্দর নগরী শূন্য পড়িয়া থাকিলে উহা

কোন্ কাজে লাগে? জলশূন্য সরোবর, বনমধ্যে দুঃখীর সহিত দুঃখীর মিলন অথবা বন্ধ্যাফুলের শোভায় শোভিত বৃক্ষের মতই সম্পত্তি আভিজাত্য ও জাতির শ্রেষ্ঠতা; সকল অবয়ব সহিত শরীর থাকিয়াও জীবন না থাকিলে যেরূপ উহা পচিয়া যায়, মদ্‌-ভক্তিহীন জীবনেরও সেইরূপ দশা। পৃথ্বীতলে তাহার দেহ পাষাণের তুল্য। পুণ্যও অভক্তকে পরিত্যাগ করিয়া চলিয়া যায়। ফলের ভারে নিম্ববৃক্ষ ঝুঁকিয়া পড়িলে কাকের খুব সুসময় উপস্থিত হয়, সেইরূপ ভক্তিহীন মানুষও পাপাচরণের নিমিত্তই বৃদ্ধি প্রাপ্ত হয়। ষড়্‌রস পরিবেশন করিয়া চৌরাস্তায় রাখিয়া দিলে উহাতে কুকুর ভোজেরই প্রয়োজন সিদ্ধ হয়, ভক্তি হীনের জীবনও সেইরূপ। সে স্বপ্নেও সুকৃতি কাহাকে বলে জানেনা এবং সংসারের নানাপ্রকার দুঃখ তাহার জীবন-থালায় পরিবেশন করা হইয়া থাকে, অতএব উত্তম কুলের কোনও প্রয়োজন নাই। শূদ্র জাতিই হউক অথবা পশুরই শরীর হউক কোন ক্ষতি নাই। দেখনা কুম্ভীর কর্তৃক আক্রান্ত হস্তী আকুলভাবে এরূপ প্রেমের সহিত আমার স্মরণ করিয়াছিল যে, সে আমার সান্নিধ্য লাভ করিয়াছিল আর তাহার পশুত্বও ঘুচিয়া গিয়াছিল ॥ ৩১ ॥

মাং হি পার্থ ব্যপাশ্রিত্য যেঽপি স্যুঃ পাপযোনয়ঃ।
স্ত্রিয়ো বৈশ্যাস্তথা শূদ্রাস্তেঽপি যান্তি পরাং গতিম্ ॥ ৩২ ॥

যাহার নামোচ্চারণও উচিত নয়, যে সকলের অধম পাপ যোনিতে জন্মিয়াছে, পাপোৎপন্ন, মূঢ় প্রস্তরের ন্যায় জড়বুদ্ধি কিন্তু

আমাতে সর্ব্বতোভাবে দৃঢ়-যুক্ত, বাক্যে আমার গুণানুবাদ স্ফুর্ত্তি, দৃষ্টি আমারই রূপ মাধুরী আস্বাদন করে, মন আমারই সঙ্কল্প ধারণ করে, শ্রবণ আমার কীর্ত্তি শ্রবণ ভিন্ন ক্ষণকাল থাকেনা, আমার সেবাই সর্ব্বাঙ্গের অলঙ্কার, জ্ঞান বিষয়ের সন্ধান মাত্রও জানেনা, জ্ঞাতৃত্ব একমাত্র আমাকেই জানে ; যে এই প্রকার লাভকে জীবন এবং তদন্যথাকে মরণ বলিয়া বুঝিয়া লয় ; হে পাণ্ডব, যে সকল প্রকারে সকল স্বভাবকে সজীব রাখিবার নিমিত্ত আমাকেই জীবন বলিয়া জানে, সে পাপযোনি হউক, বেদ অধ্যয়ন না করুক, আমার সহিত তুলনা করিলে দেখা যাইবে তাহার যোগ্যতা আমা হইতে কম নয়। দেখ, ভক্তির সমৃদ্ধিতে দৈত্য দেবতাকেও হীনপ্রভ করিয়া দিয়াছে। যাহার মহিমায় আমি নৃসিংহরূপ ধারণ করিয়াছি সেই প্রহ্লাদকে আমার সহিত তুলনা করিলে তাহাকেই শ্রেষ্ঠ বলিয়া দেখা যাইবে। কেননা তাহাকে আমি যে সকল বস্তু দিতে চাহিয়াছিলাম সে সকল তাহার পূর্ব্বেই প্রাপ্ত ছিল। সে দৈত্য কুলে জন্মগ্রহণ করিলে হইবে কি ? ইন্দ্রও তাহার শ্রেষ্ঠতার সহিত তুলনার অযোগ্য। অতএব একমাত্র ভক্তিই শোভা বিস্তার করে, জাতি কোন কাজে লাগে না। রাজার মুদ্রা-চিহ্ন চর্ম্ম খণ্ডের উপর পড়িলে উহাদ্বারাও সকল প্রকার সামগ্রী পাওয়া যাইতে পারে, উহাতে স্বর্ণ বা রৌপ্যের প্রয়োজন নাই রাজাজ্ঞাই বলবতী। যখন মন ও বুদ্ধি আমার প্রেমে পূর্ণ হইয়া যায় সেইরূপ উৎকৃষ্টতা তখনই লাভ হয়। সর্ব্বজ্ঞতাও তখনই শোভা পায়। কুল,

জাতি ও বর্ণ সকলই বৃথা। হে অর্জ্জুন, সংসারে আমার ভক্তি-দ্বারাই কৃতার্থ হওয়া যায়। যে কোন ভাবে হউক মন আমাতে প্রবিষ্ট করিয়া দেওয়া চাই। আমাতে মনোবৃত্তি প্রবিষ্ট করাইলে তৎপর কৃত কর্ম্ম সকল বৃথা হইয়া যায়। ক্ষুদ্র ক্ষুদ্র নালা যতদিন গঙ্গার সহিত মিলিত না হয় ততদিনই নালা বলিয়া অভিহিত হয়, গঙ্গার সহিত মিলিয়া গঙ্গাই হইয়া যায়। খদির, চন্দনাদি কাঠের বিভিন্নতা ততক্ষণই বুঝা যায় যতক্ষণ উহাদের একত্র করিয়া অগ্নিতে নিক্ষেপ করা না হয়। সেইরূপ ক্ষত্রিয়, বৈশ্য, স্ত্রী অথবা শূদ্র অন্ত্যজাদি জাতি ততদিনই ভিন্ন থাকে যতদিন আমাকে লাভ না করে। প্রেমে ডুবিয়া আমাতে আসিয়া মিলিলে জাতি ও ব্যক্তির কোন চিহ্ন অবশিষ্ট থাকে না, লবণের কণা সমুদ্রের জলে মিলাইয়া দিলে যেমন হয় ঠিক্ সেইরূপ। যতদিন সমুদ্রে যাইয়া মিলিত না হইতেছে ততদিনই নদ ও নদীর নাম এবং পূর্ব্ব বা পশ্চিম বাহিনী হইয়া বহিয়া যাওয়া প্রভৃতি আছে। সেইরূপ কোনও প্রকারে চিত্ত আমাতে প্রবেশ করিলেই সে নিজে নিজেই মদ্রূপ হইয়া যায়। পরশমণি ভাঙ্গিবার নিমিত্তও লৌহকে পরশমণি স্পর্শ করাইলে স্পর্শ মাত্র উহা স্বর্ণ হইয়া যাইবে। দেখ, ব্রজ গোপী পতিরূপে আমাকে ভজন করিয়া কি আমার স্বরূপ এবং বৈর-ভাব পোষণ করিয়াও শিশু পাল প্রভৃতি কি আমাকে লাভ করে নাই? আরও হে পাণ্ডব, একগোত্র এই গুণে যাদবগণ এবং মমতা বুদ্ধিতে বসুদেব প্রভৃতিও আমাকে লাভ করিয়াছেন। নারদ, ধ্রুব, অক্রুর, শুক এবং সনৎকুমারকে আমি ভক্তির

সহায়তায় লাভ করিয়াছি সেইরূপ গোপীগণকে পতিবুদ্ধি,কংসকে ভয় এবং শিশু পাল প্রভৃতি ঘাতকগণকে তাহাদের পৃথক্ পৃথক্ মনোধর্ম্ম আমাকে লাভ করাইয়াছে। আমি নিদানের আশ্রয়। ভক্তি, বিষয় বৈরাগ্য অথবা বৈরভাব আমাকে যে কোন উপায়েই পাওয়া যায়। অতএব হে পার্থ, সংসারে আমাকে লাভ করিবার উপায়ের অভাব নাই। যে জাতিতেই জন্মগ্রহণ করুক, আমাতে ভক্তি করুক অথবা শত্রুতা করুক, ভক্ত অথবা শত্রু আমারই। কোন প্রকারে আমার ভক্তি লাভ করিলে আমার স্বরূপতা লাভ হয়, এই নিমিত্ত হে অর্জ্জুন, পাপযোনি অথবা বৈশ্য, শূদ্র কি স্ত্রী আমার ভজন করিলে আমারই গৃহে পৌঁছাইতে সমর্থ হয় ॥ ৩২ ॥

কিং পুনর্ব্রাহ্মণাঃ পুণ্যা ভক্তা রাজর্ষয়স্তথা।
অনিত্যমসুখং লোকমিমং প্রাপ্য ভজস্ব মাম্ ॥ ৩৩ ॥

বর্ণশ্রেষ্ঠ ব্রাহ্মণের কথা আর কি বলিব? স্বর্গ যাহার জায়গীর, যে মন্ত্রবিদ্যার গৃহস্বরূপ, ভূদেবতা, তপস্যার মূর্ত্তিমান অবতার,সর্ব্বতীর্থের সৌভাগ্য স্বরূপ,যাহার সমীপে সর্ব্বদা যজ্ঞের পল্লী,যে দেবের কবচ, যাহার দৃষ্টিসঞ্চালনে মঙ্গল বৃদ্ধিলাভ করে, বিশ্বাসের সরলতার সৎকর্ম্মের বিস্তার হয়, সত্য সঙ্কল্পে জীবন ধারণ করে, আশীর্ব্বাদ বাণীতে অগ্নি আয়ু লাভ করে যাহাকে সমুদ্র আপন জল সমর্পণ করিয়াছে,যাহার সুখের নিমিত্ত লক্ষ্মীকে দূরে সরাইয়া দিয়াছি, এবং চরণ ধূলি পাইবার জন্য কৌস্তুভ কণ্ঠ

হইতে নামাইয়া হাতে লইয়াছি, বুকের আবরণ খুলিয়া রাখিয়াছি, হে সুভদ্র, আমি আপন শান্তি রক্ষার নিমিত্ত যাহার পদাঘাত-চিহ্ন আজও হৃদয়ে ধারণ করিয়া রাখিয়াছি, হে সুভট, যাহার ক্রোধ কাল, অগ্নি ও রুদ্রের নিবাস স্থান, যাহার কৃপায় অনায়াসে সিদ্ধি লাভ হইয়া থাকে, এইরূপ পবিত্র এবং পূজনীয় আমার বিষয়ে অতীব জ্ঞানবান্ ব্রাহ্মণ আমাকে লাভ করিবে ইহাতে আর বলিবার কি আছে ? দেখ, চন্দনের স্পর্শ প্রাপ্ত বায়ুর স্পর্শে সন্নিকটবর্ত্তী নিম্ববৃক্ষও সুগন্ধি হইয়া যায় এবং উহা দিয়াও দেবতার মস্তকের মুকুট নির্ম্মিত হয়, স্বয়ং চন্দন সেই মুকুট নির্ম্মাণে উপযোগী নয়, একথা কেহ বলিতে পারে কি ? চন্দনের উৎকৃষ্টতার সত্যতা নির্দ্ধারণের জন্য কোন যুক্তি সমর্থনের প্রয়োজন আছে ? শীতলতার জন্য শঙ্কর খণ্ডিত চন্দ্রকেই নিরন্তর ললাটে ধারণ করেন ; তবে চন্দ্রের সমানই শীতলতা প্রদানকারী অথচ পূর্ণতা ও সুগন্ধে চন্দ্র হইতেও অধিক চন্দন কেনই বা সর্ব্বাঙ্গে ধারণ না করিবে ? যাহার অনুগমন করিলে রাজপথের নিকৃষ্ট জলও সমুদ্র-স্বরূপ লাভ করে স্বয়ং সেই গঙ্গার কি সমুদ্র ভিন্ন আর পৃথক্ গতি হইতে পারে ? অতএব রাজর্ষি অথবা ব্রাহ্মণ যে পুরুষ আমাকেই গতি, মতি ও শরণদাতা বলিয়া জানে, তার নিমিত্ত আমিই মুক্তি, আমিই ভক্তি। ছিদ্রযুক্ত নৌকায় বসিয়া অচেষ্ট হইয়া থাকা কি কর্ত্তব্য ? যেখানে শস্ত্রের বর্ষণ হইতেছে সেখানে অঙ্গাবরণ খুলিয়া রাখা উচিত কি ? শরীরে যখন প্রস্তর নিক্ষেপ হইতেছে তখন ঢালখানা কি সম্মুখে

তুলিয়া ধরা উচিত নয়? রোগের আক্রমণ হইলে কি ঔষধ সম্বন্ধে উদাসীন হওয়া উচিত? যেখানে চারিদিকে দাবানল জ্বলিয়া উঠিয়াছে সে স্থান হইতে বাহির হইয়া পলায়ন করাই কর্ত্তব্য নয় কি? সেই প্রকার সুখদুঃখপূর্ণ মর্ত্ত্যলোকে আসিয়া আমার ভজন করা কর্ত্তব্য নয় কি? আর কোন্ সাহসেই বা আমাকে ভজন করিবে না? বিষয়-ভোগের গৃহে নিশ্চিন্ততা লাভ করিয়াছ কি? জীবের বিদ্যা, যৌবন বা সুখের ভরসা আছে কি? উপভোগের সামগ্রীগুলি দেহের সজীবতার উপর নির্ভর করে। শরীর ত কালের গ্রাসের মধ্যেই পড়িয়া আছে। যে মর্ত্ত্যলোকের হাটে বহুল দুঃখের বোঝা এদিক্ সেদিক্ আছে এবং মৃত্যুরূপ সামগ্রীর বহু বোঝা স্তূপাকার হইয়া রহিয়াছে, সেই হাটে যে এই শরীরও আসিয়া পৌঁছিল! পাণ্ডুসুত, বল দেখি এই হাটে জীবনের সুখদায়ক পণ্য কেমন করিয়া মিলিবে? ভস্মস্তূপে ফুৎকার প্রদানে প্রদীপ প্রজ্বলিত হয় কি? বিষময় কন্দ পেষণ করিয়া যে রস নিঙ্গারিয়া বাহির করা হয় উহাকে অমৃত বলিয়া সেবন করিলে অমরত্ব লাভ যেরূপ সুখদায়ক, সেইরূপ বিষয়ের সুখকেও জানিবে। উহা পরম দুঃখ। তবে কি করা যায়? মূর্খলোক উহা সেবন না করিয়াও থাকে না। একদিকে আপন মস্তক ছেদন অপরদিকে চরণ-ক্ষত বন্ধন করার মতই মর্ত্ত্যলোকের সুখের প্রকৃতি। সেই সুখের কথা শুনিবে—জ্বলন্ত অঙ্গারের শয্যায় কে সুখে শয়ন করিতে পারে? যে জগতে চন্দ্রও ক্ষয়রোগগ্রস্ত, অস্ত যাইবার জন্যই

সূর্য্য উদিত হয়, দুঃখ যেখানে সুখের স্বরূপ লইয়া জীবনকে প্রতারণা করে, মঙ্গলের অঙ্কুরের সহিত অমঙ্গলের আচরণ আসিয়া পড়ে, মৃত্যু যেখানে উদররূপ গৃহে স্থিত সন্তানকেও খুঁজিয়া সম্মুখে উপস্থিত হয়,—যাহা বাস্তবিক নাই তাহারও চিন্তা করায় সঙ্গে সঙ্গে যমদূত দ্বারা তুলিয়া লইয়া যায়, কোথায় লইয়া যায় তাহাও জানিতে দেয় না ; সকল পথ খুঁজিয়া বেড়ায় তবু মৃত্যুর ওপার হইতে ফিরিয়া আসিয়াছে এরূপ মানুষ দেখা যায় না, মৃতগণের কথা যেখানকার পুরাণ-কথা, যেখানকার অনিত্যতার কথা ব্রহ্মার আয়ু লইয়া বর্ণনা করিলেও শেষ হয় না, এইরূপ যে স্থানের রীতি-নীতি সেই মর্ত্ত্যলোকে জন্মগ্রহণ করিয়া কাহাকেও নিশ্চিন্ত থাকিতে দেখিলে আশ্চর্য্য অনুভব হয়। ইহলোক এবং পরলোকের মঙ্গলের নিমিত্ত তাহার গাঁঠুরী হইতে কাণাকড়িও বাহির হয় না, অথচ যেখানে সর্ব্বপ্রকার অমঙ্গল সেই স্থানে কোটি মুদ্রাও ব্যয় করিতে কুণ্ঠা নাই ; যে বহু প্রকার বিষয়-বিলাসে আবদ্ধ হইয়াছে সে উহাতেই আপনাকে সুখী বলিয়া মনে করে, লোভের বোঝায় ঝুঁকিয়া উহাতেই সে জ্ঞানী বলিয়া অভিমান করে। যাহার আয়ু দিন দিন কমিয়া যাইতেছে, বল ও বুদ্ধি লোপ পাইতেছে তাহাকেই বড় মনে করিয়া তাহার চরণে পতিত হয়। বালক যতই বড় হইতে থাকে ততই আনন্দে ও সন্তোষে নাচিতে থাকে, ভিতরে যে আয়ু ফুরাইয়া যাইতেছে তাহাতে কিছুমাত্র দুঃখ করে না। প্রত্যেক জন্মদিনে মানুষ কালেরই অধীন হইতেছে তবু সে আনন্দপূর্ব্বক বর্ষগ্রন্থি নির্ম্মাণ

করে এবং ধ্বজা পতাকা উড়াইয়া উৎসব করে। তাহাকে "মর" বলিয়া গালি দিলে সহ্য হয় না, মরিলে ক্রন্দন করে, হস্তস্থিত আয়ু যাহা খরচ হইয়া যাইতেছে তাহাতে কর্ত্তব্য করে না। ভেককে গিলিবার নিমিত্ত সর্প ফণা তুলিয়া আছে তথাপি ভেক মক্ষিকা ধরিয়া খাইতে আরম্ভ করিয়াছে ; সেইরূপ মনুষ্যও অত্যন্ত লোভের বশীভূত হইয়া বাসনাকে বৃদ্ধি করিতেছে। হায় কি দুরবস্থা ! এই মর্ত্ত্যলোকে সকলই বিপরীত ! হে অর্জ্জুন, যদিও তুমি অকস্মাৎ এখানে জন্ম লইয়াছ, তথাপি শীঘ্র শীঘ্র এখান হইতে পৃথক্ হইয়া বাহির হইয়া এস। যাহাতে অবিনাশী আমার নিজধাম লাভ করিবে সেই ভক্তি-পথে চল ॥ ৩৩ ॥

মন্মনা ভব মদ্ভক্তো মদ্‌যাজী মাং নমস্কুরু।
মামেবৈষ্যসি যুক্ত্বৈবমাত্মানং মৎপরায়ণঃ ॥ ৩৪ ॥

তুমি আপন মন আমার স্বরূপ করিয়া দেও, প্রীতির সহিত ভজন করিতে থাক, সর্ব্বত্র এক আমাকেই নমস্কার কর। যে আমার দিকেই ধ্যান রাখিয়া সঙ্কল্প একেবারে নিঃশেষ করিয়া জ্বালাইয়া ফেলে তাহাকেই নির্ম্মল ভজনকারী বলা যায়। এইরূপে আমা হইতে সমৃদ্ধ হইলে আমারই স্বরূপ প্রাপ্ত হইবে। অন্তরের কথা তোমাকে বলিয়া দিতেছি। যে রহস্য আমি সকলের সমীপে গোপন রাখিয়াছি উহা লাভ করিয়া তুমি সুখ-স্বরূপ হইয়া যাও। সেই শ্যামল পরব্রহ্ম, ভক্তগণের মনোরথের কল্পবৃক্ষ, শ্রীকৃষ্ণ এই প্রকারে বলিলেন এবং সঞ্জয় তাহা বর্ণনা করিয়াছেন।

মহিষ নদীর জোয়ারের জলে শরীর ডুবাইয়া অবস্থান করে, সেইরূপ বৃদ্ধ ধৃতরাষ্ট্র সঞ্জয়ের কথা শুনিয়া নিঃশব্দে বসিয়া ছিলেন। সঞ্জয় মস্তক ঈষৎ কম্পিত করিয়া বলিলেন, অমৃতের বর্ষা হইয়া গেল, ধৃতরাষ্ট্র এখানে থাকিয়াও যেন অন্য গ্রামে অবস্থান করিতেছিলেন। ইনি আমার অন্নদাতা, ইহাকে দোষারোপ করিয়া আমার বাণী কলঙ্কিত হইবে। কি আর করা যায় ইহার স্বভাবই এই প্রকার। বড়ই ভাগ্য যে এই কথা বলিবার জন্য মুনিশ্রেষ্ঠ শ্রীব্যাসদেব আমাকেই নিযুক্ত করিয়াছেন। এইভাবে দৃঢ়তা ও গাঢ় বিশ্বাসের সহিত কথা বলিতে সঞ্জয়ের এরূপ সাত্ত্বিক ভাবের উদয় হইল যে, উহা নিজের মধ্যে আর সাম্‌লাইতে পারিলেন না। তাহার চিত্ত চমকিত হইয়া স্থির, বাক্য স্তব্ধ, আপাদমস্তক রোমাঞ্চিত, অর্দ্ধনিমীলিত নয়ন হইতে আনন্দাশ্রু বর্ষণ এবং অন্তরের সুখের তরঙ্গে শরীরও কম্পিত। সর্ব্ব রোমকূপ হইতে নির্ম্মল স্বেদ বিন্দু সর্ব্বাঙ্গ ব্যাপ্ত করিয়াছিল, উহা মুক্তামণি নির্ম্মিত অঙ্গাবরণের সদৃশ। এই প্রকার মহাসুখের প্রীতিতে যখন তাহার জীবদশা সঙ্কুচিত হইতে লাগিল তখন তিনি ব্যাসের সমর্পিত কার্য্য সম্পাদন বন্ধ করিয়া দিয়াছিলেন। শ্রীকৃষ্ণের বাক্যের ধ্বনি কর্ণে প্রবেশ করিতেই তাহার দেহ-স্মৃতিরূপ উষ্ণপ্রদেশের অনুভব হইল, তিনি অশ্রু মোচন করিতে লাগিলেন এবং শরীরের স্বেদ মুছিতে মুছিতে ধৃতরাষ্ট্রকে বলিলেন;—শ্রবণ করুন।

বাক্য নির্ম্মলবীজ, আর সঞ্জয় সাত্ত্বিকভাবপূর্ণ কর্ষিত ক্ষেত্র, অতএব এখন শ্রোতৃগণের সিদ্ধান্তরূপ ফসলের সুদিন আসিতেছে।

মনোযোগ করুন এবং প্রচুর আনন্দের অধিকারী হউন। বহুভাগ্যে শ্রবণেন্দ্রিয়ের জয়মাল্য লাভ হইয়াছে। নিবৃত্তিদাস জ্ঞানদেব বলিতেছেন, সিদ্ধগণের অধীশ্বর শ্রীকৃষ্ণ অর্জ্জুনকে বিভূতির স্থান দেখাইয়া দিবেন ॥ ৩৪ ॥

ইতি শ্রীজ্ঞানদেব বিরচিতায়াং ভাবার্থ দীপিকায়াং
নবমো ঽধ্যায়ঃ।

বিভূতি যোগ

দশম অধ্যায়

হে নির্ম্মল বোধ-দানচতুর, হে বিদ্যারূপ কমল প্রকাশক, হে পরাপ্রকৃতিবিলাসি, তোমাকে নমস্কার। হে সংসারান্ধকার বিনাশকারী সূর্য্য, হে অগণিত শ্রেষ্ঠ শক্তিশালিন্, চির নবীন তুরীয়াবস্থায় লীলা বিলাসকারি, তোমাকে নমস্কার। হে নিখিল জগৎ পালন কারি, হে সকল কল্যাণ রত্ন নিধান, হে সজ্জনবন চন্দন, হে সর্ব্বারাধ্য, তোমাকে নমস্কার। হে বিদ্বজ্জন চিত্ত চকোর, আত্মানুভবকারী প্রজারঞ্জক, হে বেদজ্ঞান সমুদ্র, হে মদন-গর্ব্বহারি, তোমাকে নমস্কার। হে প্রেমিকজনের ভজনীয়, হে সংসার মাতঙ্গগণ্ডবিদারণকারি, হে বিশ্বোৎপত্তি স্থান শ্রীগুরুরাজ তোমাকে নমস্কার! তোমার অনুগ্রহরূপ গণেশের কৃপা হইলে বালকেরও সকল বিদ্যায় প্রবেশ লাভ হইতে পারে। গুরুদেব উদার বাক্যে অভয় প্রদান করিলে নবরসামৃত সমুদ্রেরও পার পাওয়া যায়। তোমার প্রেমরূপা সরস্বতী অঙ্গীকার করিলে মূকও বৃহস্পতির ন্যায় গ্রন্থরচনার প্রতিজ্ঞা করিতে সমর্থ হয়। অধিক কি যাহার প্রতি কৃপাদৃষ্টি পতিত হয়, যাহার শিরে হস্ত-কমল স্থাপিত হয়, সে জীব হইলেও শঙ্করের সমতা লাভ করিতে পারে। যাহার মহিমা এইরূপ তাহাকে আমি কোন্ বাক্য বলে বর্ণনা

করিব ? সূর্য্যের অঙ্গকে আর কিরূপে মার্জ্জনা করা যায়, কল্প-বৃক্ষ রোপণের বাগান আর কেমন করিয়া সুন্দর করা যায়, ক্ষীর সাগরকে কিরূপে আতিথ্য গ্রহণ করাইয়া সন্তুষ্ট করা যায় ? কর্পূরকে কোন্ সুগন্ধ দ্বারা সুগন্ধিত করা যায় ? চন্দ্রালোকে কিসের প্রলেপ দেওয়া যায় ? অমৃতকে কেমন করিয়া রন্ধন করা যায় ? আকাশে কেমন মণ্ডপ করা যায় ? সেইরূপ শ্রীগুরুর মহিমা বর্ণনা করিবার সাধন কোথায় আছে ? ইহা বুঝিয়াই আমি নিঃশব্দে শুধু নমস্কার করিতেছি। বিদ্যার সম্পন্নতায় শ্রীগুরুর সামর্থ্য বর্ণন মুক্তাকে অভ্রের আবরণ দেওয়া, স্তুতিবাক্য উত্তম স্বর্ণকে রৌপ্য মণ্ডিত করার ন্যায়ই অশোভন। অতএব বিনাবাক্যে চরণের উপর মস্তক রাখিয়া প্রণাম করাই ভাল।

পুনরায় শ্রীজ্ঞানেশ্বর বলিতেছেন, হে স্বামিন্, আপনার কৃপাদৃষ্টিতেই আমি কৃষ্ণার্জ্জুন সংবাদরূপ প্রয়াগতীর্থের অক্ষয়-বট স্বরূপ হইয়াছি। পুরাকালে দুগ্ধ প্রার্থনা করিলে উপমন্যুর সমীপে শঙ্কর ক্ষীরসমুদ্রের অফুরন্ত ভাণ্ডার খুলিয়া দিয়াছিলেন, বৈকুণ্ঠ-লোকনায়ক শ্রীবিষ্ণু বিষণ্ণ ধ্রুবকে ধ্রুবপদরূপ মিষ্টান্ন প্রদান করিয়া প্রেমের প্রবোধ দিয়াছিলেন, আপনি সেইরূপ কৃপা করিয়াছেন। ব্রহ্মবিদ্যার মধ্যে শ্রেষ্ঠ,সকল শাস্ত্রের বিশ্রান্তি স্থান,ভগবদ্গীতাকে আমি 'ওবী'ছন্দে গান করিয়াছি। যে বাণীরূপ বনে ভ্রমণ করিয়া কখনও কোন অক্ষরের ফল লাভের কথা কর্ণগোচরও হয় নাই আমি সেই বাণীর দ্বারাই নিজের বিচাররূপা কল্পলতার সৃষ্টি করিয়াছি। যাহার কেবল দেহাত্মবুদ্ধিই ছিল তাহাকে আনন্দের

ভাণ্ডার করিয়া লইয়াছি, মনকে গীতার্থরূপ ক্ষীরসাগরের বুকে জলশয্যা প্রাপ্ত করাইয়াছি। আপনার এক একটী কৃপাই অপার; উহা বর্ণনা করিতে আমি কি জানি? তথাপি ধৈর্য্য ধরিয়া কিছু বর্ণন করিতেছি এই ধৃষ্টতার নিমিত্ত আমাকে ক্ষমা করিবেন। আপনাদের কৃপা প্রসাদে আমি ভগবদ্‌গীতার পূর্ব্বার্দ্ধ 'ওবী'ছন্দে আনন্দে বর্ণনা করিয়াছি। প্রথম অধ্যায়ে অর্জ্জুনের বিষাদ, দ্বিতীয়ে নির্ম্মল যোগ ও সাংখ্যবুদ্ধির প্রভেদ দেখাইয়া তৃতীয়ে কেবল কর্ম্মের মহিমা ব্যাখ্যা করা হইয়াছে। চতুর্থে উহাকেই জ্ঞানের সহিত বর্ণনা এবং পঞ্চম অধ্যায়ে যোগতত্ত্ব প্রতিপাদিত করা হইয়াছে। যোগের স্থিতি এবং যোগভ্রষ্টের গতি উহা সকলই ষষ্ঠ অধ্যায়ে প্রতিপাদন করা হইয়াছে। সপ্তম অধ্যায়ে প্রকৃতি, উপক্রম ও পরিহার এবং পুরুষোত্তমকে চারি প্রকারে ভজনের রীতি বর্ণনা করা হইয়াছে। অনন্তর সপ্ত প্রশ্নের উত্তর এবং দেহান্তের সময় চিত্তশুদ্ধি ইত্যাদি সকল বাক্যের সিদ্ধান্ত অষ্টম অধ্যায়ে করা হইয়াছে।

অসংখ্যাত শ্রুতির অভিপ্রায় একলক্ষ শ্লোকাত্মক মহাভারত গ্রন্থে বলা হইয়াছে। মহাভারতে যাহা আছে উহা সকলই কৃষ্ণ-অর্জ্জুন সংবাদে সংগৃহীত আছে। গীতার সপ্তশত শ্লোকে যে অভিপ্রায় তাহা এক নবম অধ্যায়েই আছে। অতএব নবম অধ্যায়কে স্পষ্ট করিবার বিষয়ে বেদও ভয় পায়, আমি কেন বৃথা অভিমান করিব? গুড় ও শর্করার খণ্ডে একই রস ঘনীভূত, তথাপি উহাদের মাধুর্য্যের স্বাদ ভিন্ন প্রকারের। সেইরূপ গীতার

কোন অধ্যায় ব্রহ্মস্বরূপকে জানিয়া উহার প্রতিপাদন করে, কেহ আপন স্থান হইতেই ব্রহ্মস্বরূপের নির্দ্দেশ করে আর কেহ জানিবার প্রযত্ন করিয়া জ্ঞান গুণের সহিত ব্রহ্মরূপ হইয়া গিয়াছে। গীতার অধ্যায়গুলি এইরূপ, নবম অধ্যায় অবর্ণনীয়। আমি উহার যে বর্ণনা করিয়াছি হে প্রভু, উহা তোমারই সামর্থ্য। তুমি কাহারও অঙ্গপ্রভা দ্বারা সূর্য্যের কার্য্য সম্পাদন করাইয়াছ, কাহারও দ্বারা সৃষ্টির উপরেও সৃষ্টি রচনা করাইয়াছ, সমুদ্রে শিলা ভাসাইয়া ওপারে সৈন্য পার করাইয়াছ, কাহারও দ্বারা সূর্য্যের গতি রোধ করাইয়াছ, গণ্ডূষে সমুদ্রকে পান করাইয়াছ, সেইরূপ তুমিই আমার মত মূর্খের দ্বারা অনির্ব্বাচ্য ব্রহ্মের নিরূপণ করাইয়াছ! তবে এখন এ সকল কথা থাকুক্। শ্রীরাম রাবণের যুদ্ধ অতুলনীয়। সেইরূপ আমি বলিয়াছি যে নবম অধ্যায়ে শ্রীকৃষ্ণের বাক্য নবম অধ্যায়েরই যোগ্য। গীতার্থ যাহার করতলগত হইয়াছে সেই তত্ত্বজ্ঞ ব্যক্তিই এই সিদ্ধান্ত অবগত হয়। প্রথম নয়টা অধ্যায় আমি যথাবুদ্ধি বর্ণনা করিয়াছি। গ্রন্থের উত্তর ভাগ আরম্ভ হইতেছে উহা শ্রবণ করুন।

শ্রীকৃষ্ণ অর্জ্জুনের সমীপে মুখ্য ও গৌণ বিভূতির বর্ণনা করিতেছেন সেই সরস ও সুন্দর কথা বর্ণন করিতেছি। ইহা ভাষার উৎকর্ষে শান্তরস শৃঙ্গারকেও পরাজিত করিবে এবং পদ অলঙ্কার-শাস্ত্রের ভূষণ হইয়া থাকিবে। মূল সংস্কৃত গ্রন্থের সহিত ভাষাব্যাখ্যার তুলনা করিলে কোন্‌টা মূল গ্রন্থ এই বিষয় চিত্তে স্থির করা কঠিন হইবে। অঙ্গের সৌন্দর্য্য হেতু উহা

ভূষণেরও ভূষণ হইয়া গেলে বুঝা যায় না কে কাহাকে সুশোভিত করিয়াছে সেইরূপ সংস্কৃত ও ভাষা ব্যাখ্যা একই ভাবার্থরূপ নির্ম্মল সুখাসনে আনন্দে শোভা পাইবে। ভাবের রূপ উদয় হইতেই রসবৃত্তির বর্ষণ হইতে থাকিবে এবং চাতুর্য্য বলিবে আমার খুব প্রতিষ্ঠা হইয়াছে। ভাষার লাবণ্য লুণ্ঠন করিয়া রস তরুণ হইবে এবং উহাদ্বারা এই অনন্যুমেয় গীতা-তত্ত্বের রচনা করা যাইবে। অনন্তর, চরাচরের শ্রেষ্ঠ গুরু, জ্ঞানীর চিত্তচমৎকৃতি যাদবেশ্বর শ্রীকৃষ্ণ নিরূপণ করিতে আরম্ভ করিলেন। নিবৃত্তির দাস জ্ঞানদেব বলিতেছেন—শ্রীহরি বলিলেন, অর্জ্জুন, সর্ব্বপ্রকারে তোমার মন ভাল আছে ত?

শ্রীভগবানুবাচ—

ভূয় এব মহাবাহো শৃণু মে পরমং বচঃ।
যত্তেঽহং প্রীয়মাণায় বক্ষ্যামি হিতকাম্যয়া॥ ১॥

আমি যাহা নিরূপণ করিয়াছি উহাদ্বারা তোমার মনোযোগের পরীক্ষা করিতেছিলাম। দেখিলাম, তোমার মনোযোগ পূর্ণই আছে। ঘটে প্রথমত অল্প জল ঢালিয়া দেখিতে হয়, উহা চুয়াইয়া পড়ে কিনা, ঘট নিশ্ছিদ্র বলিয়া নিশ্চয় হইলে উহা জল পূর্ণ করা হয়। সেইরূপ আমিও তোমাকে অল্প সিদ্ধান্ত শ্রবণ করাইয়াছি এখন আরও ইচ্ছা হইয়াছে। অকস্মাৎ নবাগত কোনও ব্যক্তিকে কোন দ্রব্যের 'রক্ষার ভার দিয়া তাহাকে সত্যনিষ্ঠ বলিয়া দেখা গেলে পরিশেষে তাহাকে ভাণ্ডারের

অধিকারী করিয়া দেওয়া যায়, সেইরূপ হে কিরীটি, তুমি এখন আমার নিজধাম হইয়া গিয়াছ। মেঘ পর্ব্বতকে দেখিয়া জলপূর্ণ হইয়া আসে সেইরূপ সর্ব্বেশ্বর অর্জ্জুনের প্রতি দৃষ্টিপাত করিয়া প্রেমপূর্ণ সম্বোধন করিয়াছিলেন। কৃপালুগণের অধীশ্বর শ্রীকৃষ্ণ বলিতে লাগিলেন হে অর্জ্জুন, অবহিত হও, প্রথম যে অভিপ্রায় প্রকাশ করিয়াছি উহাই দৃঢ়তার নিমিত্ত পুনরায় বলিতেছি। প্রতি বৎসরই কৃষি করিয়া উত্তরোত্তর অধিক ফসল পাইলে কৃষিকর্ম্ম হইতে বিরত হওয়া উচিত নয়। বারবার অগ্নিশুদ্ধ স্বর্ণ নিকষ প্রস্তরে উজ্জ্বলতর রেখাপাত করিবার যোগ্যতা লাভ করে। এই নিমিত্ত হে পাণ্ডুসুত, স্বর্ণ শুদ্ধ করা সকলেরই উচিত। সেইরূপ হে পার্থ, তোমার কোন উপকার না হইলেও আমার আপন স্বার্থের নিমিত্তই পুনরায় ঐ কথা বলিয়াছি। বালককে অলঙ্কারে অলঙ্কৃত করিলে সে উহার মূল্য অবধারণ না করিলেও তাহার অলঙ্কার-শোভা মাতার নয়নের আনন্দবর্দ্ধক। সেইরূপ তোমার যাহাতে সম্পূর্ণ মঙ্গল উহাই আমার দ্বিগুণিত সুখবর্দ্ধক এখন হে অর্জ্জুন, আলঙ্কারিকের ভাষা থাকুক্। স্পষ্ট করিয়া বলিতেছি—তোমাকে প্রীতি করি, এই নিমিত্ত তোমাকে বলিতে আমি কিছুমাত্র কুণ্ঠিত হইতেছি না। যাহা হউক এখন মন দিয়া হে মরমী, আমার পরমশ্রেষ্ঠ বাক্য শ্রবণ কর। পরব্রহ্মই অক্ষরের অলঙ্কার পরিধান করিয়া আমার বাক্যরূপে তোমাকে আলিঙ্গন করিতে আসিতেছে। হে কিরীটি, তুমি আমার সত্যস্বরূপ জান না। আমিই এই বিশ্ব ॥ ১ ॥

ন মে বিদুঃ সুরগণাঃ প্রভবং ন মহর্ষয়ঃ।
অহমাদির্হি দেবানাং মহর্ষীণাঞ্চ সর্ব্বশঃ ॥ ২ ॥

আমার জ্ঞানের বিষয়ে বেদ মূক হইয়া গিয়াছে। মন ও প্রাণ পঙ্গু হইয়াছে, সূর্য্য চন্দ্র রাত্রি বিনাই অস্তাচলে গিয়াছে। গর্ভস্থ সন্তান মাতার অবস্থা জানিতে সমর্থ হয় না, সেইরূপ দেবতাগণও আমাকে সম্পূর্ণরূপে জানিতে পারে না। জলচরগণ সমুদ্রের বিস্তার কতদূর তাহা জানিতে পারে না, মশক আকাশকে লঙ্ঘন করিতে পারে না, সেইরূপ মহর্ষিগণের জ্ঞানও আমাকে জানিতে সমর্থ হয় না। আমি কে, কত বৃহৎ, কোথা হইতে কবে উৎপন্ন হইয়াছি, এই কথার নির্ণয় করিতে কত কল্পান্তর হইয়া গিয়াছে। মহর্ষি দেবতা ও প্রাণীমাত্রের আদি কারণ আমিই। হে পাণ্ডব আমার জ্ঞান লাভ অঘটনীয়। পর্ব্বত হইতে প্রবাহিত জল যদি ফিরিয়া পর্ব্বতের উপর উঠিয়া যায়, বৃক্ষ বৃদ্ধিশীল হইয়া মূলে ফিরিয়া যায় তবেই আমা হইতে উৎপন্ন জগৎ আমাকে জানিতে পারে। বটবৃক্ষের বীজ মধ্যে যদি বটবৃক্ষকে পাওয়া যায়, তরঙ্গের মধ্যে সমুদ্রকে ভরিয়া লওয়া যায়, পরমাণুর মধ্যে এই ভূমণ্ডলের স্থান হয়, তবেই আমাহইতে উৎপন্ন প্রাণী, মহর্ষি, দেবতা, আমার জ্ঞান লাভ করিবার অবসর পায়। যদি কেহ কখনও বাহ্য প্রবৃত্তি ছাড়িয়া সকল ইন্দ্রিয়ের দিকে বিমুখ অথবা প্রবৃত্ত হইয়াও অনতি বিলম্বেই উহা হইতে প্রতিনিবৃত্ত হয় তবে সে দেহভাবত্যাগের পর মহাভূতগণের শিখরে আরোহণ করিতে পারে ॥ ২ ॥

যো মামজমনাদিঞ্চ বেত্তি লোকমহেশ্বরম্।
অসংমূঢ়ঃ স মর্ত্ত্যেষু সর্ব্বপাপৈঃ প্রমুচ্যতে ॥ ৩ ॥

সেই অবস্থায় স্থির ভাবে অবস্থান করিলে নির্ম্মল আত্ম-প্রকাশে স্বচক্ষে আমার অজত্ব দর্শন করিতে সমর্থ হয়। যে ব্যক্তি আমাকে এইরূপ বুঝিয়া লয় যে, আমি আরম্ভেরও পরবস্তু—সকল লোকের মহেশ্বর, সে প্রস্তর খণ্ডের মধ্যেও স্পর্শমণি। রসের মধ্যে অমৃতের ন্যায় মনুষ্যের মধ্যে সেও আমার অংশ বলিয়া জানিবে! সে গতিশীল জ্ঞানের প্রতিবিম্ব। তাহার অবয়ব সুখের অঙ্কুর, লৌকিক দৃষ্টিতে তাহার মনুষ্যত্ব শুধু ভ্রম। দৈবাৎ কর্পূরের মধ্যে পতিত হীরকখণ্ডের উপর বৃষ্টি হইলে হীরকখণ্ডের পরিচয় লাভ করা বড়ই কঠিন; সেইরূপ যদিও মনুষ্যলোকে পূর্ব্বোক্ত মানুষ লৌকিক ভাবেই অবস্থান করে তথাপি সে প্রাকৃত রাজ্যের দোষের সংবাদ রাখে না। তাহার সমীপ হইতে পাপ ভয় পাইয়া পলাইয়া যায়। প্রজ্বলিত চন্দন-বৃক্ষকেও সর্প পরিত্যাগ করে, সেইরূপ আমাকে জানিতে ইচ্ছুক ব্যক্তিকে সঙ্কল্প পরিত্যাগ করে। মদ্‌বিষয়ক জ্ঞান কিরূপে লাভ হয় এই বিষয়ে তোমার হৃদয়ে অভিলাষ উদ্‌গম হইলে শ্রবণ কর;—আমি এবং আমার ধর্ম্ম কিরূপ। আমার এই ধর্ম্ম পৃথক্ পৃথক্ ভূতে প্রকৃতির ন্যায় হইয়া সমগ্র জগতে বিস্তারিত হইয়া আছে ॥ ৩ ॥

বুদ্ধির্জ্ঞানমসংমোহঃ ক্ষমা সত্যং দমঃ শমঃ।
সুখং দুঃখং ভবোঽভাবো ভয়ঞ্চাভয়মেবচ ॥ ৪ ॥

অহিংসা সমতা তুষ্টিস্তপো দানং যশোঽযশঃ
ভবন্তি ভাবা ভূতানাং মত্ত এব পৃথগ্‌বিধাঃ ॥ ৫ ॥

উহাদের মধ্যে প্রথম বুদ্ধি, পূর্ণজ্ঞান, সহনশীলতার সিদ্ধি-স্বরূপ মোহহীনতা, ক্ষমা, সত্য, মনোনিগ্রহ, ইন্দ্রিয়নিগ্রহ, সুখ ও দুঃখ যাহা জগতের ব্যাপার নির্ব্বাহ করিতেছে, হে অর্জ্জুন, জন্ম ও মৃত্যু যাহা জগতে সর্ব্বদাই ঘটিতেছে, হে পাণ্ডুসুত, ভয় ও নির্ভয়তা, অহিংসা ও সমানতা, সন্তোষ, তপস্যা, দান, যশ ও অপযশ প্রভৃতি যে ভাব সর্ব্বত্র প্রাণিগণে দেখা যায় উহারা আমাহইতেই উৎপন্ন। প্রাণিগণের ন্যায় এই ভাবগুলিকেও পৃথক্ পৃথক্ জানিবে। কোনটা আমার জ্ঞানের সময় উদয় হয়, কোনটা অজ্ঞানের সঙ্গে সঙ্গে। প্রকাশ ও অন্ধকার দুই-ই সূর্য্যের হেতু, সূর্য্যের উদয়ে প্রকাশ আর অস্তকালে অন্ধকার। আমার সম্বন্ধে জ্ঞান অথবা অজ্ঞান প্রাণিগণের পৃথক্ ভাবের ফল। ভাবের পার্থক্য হেতুই প্রাণিগণের মধ্যে বৈষম্য। হে পাণ্ডুকুমার, এই সম্পূর্ণ জীব সৃষ্টি আমার ভাবরজ্জুতে আবদ্ধ আছে।

যাহাদের অধীন হইয়া লোক ব্যবহার করে সেই একাদশ সৃষ্টির পালক, বর্ণনা করিয়া বুঝাইতেছেন ॥ ৪। ৫ ॥

মহর্ষয়ঃ সপ্ত পূর্ব্বে চত্বারো মনবস্তথা।
মদ্‌ভাবা মানসা জাতা যেষাং লোক ইমাঃ প্রজাঃ ॥৬॥

সর্ব্বগুণে গরিষ্ঠ মহর্ষিগণের মধ্যে পরম জ্ঞানী কশ্যপ ইত্যাদি যে প্রসিদ্ধ সপ্তঋষি এবং চতুর্দ্দশ মনুর মধ্যে স্বায়ম্ভুব আদি যে

চতুঃসংখ্যক শ্রেষ্ঠ মনু আছেন এই একাদশ হে ধনুর্ধর, সৃষ্টি ব্যাপারের নিমিত্ত আমার মন হইতে উৎপন্ন হইয়াছে। যখন লোকস্থিতি হয় নাই বা ত্রিভুবনের রচনা কিছুমাত্র হয় নাই মহাভূত যখন অক্রিয় অবস্থায় শুদ্ধভাবে অবস্থান করিতেছে,তখন পূর্ব্বোক্ত একাদশ ভাব উৎপন্ন হইয়াছিল। অনন্তর ইহারাই জগতের রচনা করিয়া তাহার মধ্যে মনুষ্যকে শ্রেষ্ঠ করিয়া রচনা করিয়াছে। অতএব এই একাদশ রাজা আর সমগ্র জগৎ তাহাদের প্রজা। এইভাবে পরিদৃশ্যমান বিশ্ববিস্তার আমার বলিয়াই বুঝিতে হইবে। দেখ আরম্ভে একটা মাত্র বীজ থাকে উহাই অঙ্কুররূপে উদ্গত হইয়া বৃক্ষরূপে পরিণত হয়, শাখা বিস্তার হয়, অগণিত শাখা হইতে উপশাখার উদ্গম, তাহাতে পল্লব ও পত্রের সৃষ্টি হয়। পল্লবে কুসুম বিকাশ ও ফল জন্মে। এই প্রকারে বৃক্ষ পূর্ণাঙ্গ হইয়া থাকে। বিচার করিয়া দেখিলে বুঝা যাইবে ঐ সকল বীজ ভিন্ন আর কিছুই নয়। সেইরূপ আদিতে এক আমিই। সেই আমাহইতে মনস্তত্ত্ব, মনস্তত্ত্ব হইতে সপ্তঋষি, সপ্তঋষি হইতে চারি মনুর জন্ম হইয়াছে। এই প্রকারে লোকপালগণ উৎপন্ন হইয়াছে। লোকপালগণ কর্ত্তৃক ভিন্ন ভিন্ন লোকসকল উৎপন্ন হইয়াছে এবং সেই সকল জগৎ হইতে প্রজা সকল উৎপন্ন হইয়াছে। এই রীতিতে বাস্তবিক আমিই এই বিশ্বে বিস্তৃত হইয়া আছি। তবে ভাব দ্বারাই আমার এই স্বরূপ জানিতে পারা যায়॥ ৬॥

এতাং বিভূতিং যোগঞ্চ মম যো বেত্তি তত্ত্বতঃ।
সোঽবিকম্পেন যোগেন যুজ্যতে নাত্র সংশয়॥ ৭॥

হে সুভদ্রাপতি, এই ভাব আমার বিভূতি এবং উহা দ্বারা জগৎ ব্যাপ্ত রহিয়াছে। ব্রহ্মা হইতে ক্ষুদ্র পিপীলিকা পর্য্যন্ত আমি ভিন্ন দ্বিতীয় বস্তু নয়। ইহা যথার্থরূপে যে জ্ঞাত তাহারই জ্ঞানের জাগরণ হইয়াছে। তাহার সৎ অসৎরূপ স্বপ্ন দর্শন হয় না। সে আমাকে এবং আমার বিভূতির আশ্রয়ে অবস্থিত সকল ব্যক্তিরই অভেদ দর্শন করিয়া থাকে। ফলে সে মহাযোগের প্রভাবে অন্তঃকরণে আমার সহিত মিলিত হইয়া অবস্থান করে, তাহাতে কিছুমাত্র সন্দেহ নাই। সে নিশ্চয়ই কৃতার্থ হইয়া যায়। হে কিরীটি, পূর্ব্বোক্ত প্রকার অভেদ দৃষ্টিতে আমাকে ভজন করিয়া সে আমাকেই প্রাপ্ত হয়। অভিন্নতার ভাবদ্বারা যে ভক্তি করা যায় তাহার কোনও ন্যূনতা নাই। অভ্যাস করিতে করিতে ভক্তিযোগ বন্ধ হইলেও কোন হানি হয় না। এই কথা আমি ষষ্ঠ অধ্যায়ে বলিয়াছি। এই অভিন্নতা কি প্রকার উহা জানিতে ইচ্ছা হইলে শ্রবণ কর, আমি বর্ণন করিতেছি॥ ৭॥

অহং সর্ব্বস্য প্রভবো মত্তঃ সর্ব্বং প্রবর্ত্ততে।
ইতি মত্বা ভজন্তে মাং বুধা ভাবসমন্বিতাঃ॥ ৮॥

হে পাণ্ডব, নিখিল জগতের উৎপত্তি ও নির্ব্বাহ আমা হইতেই হয়। জলে অসংখ্য তরঙ্গমালার জন্ম হয়, তরঙ্গের আশ্রয় ও

জীবন একমাত্র সেই জল। সর্ব্বতোভাবে তরঙ্গে এক জল ভিন্ন অপর কিছুই নাই সেইরূপ এই বিশ্বে আমি ভিন্ন আর কিছুই নাই এই ভাবে আমাকে ব্যাপক বলিয়া বুঝিয়া, যেখানে ইচ্ছা আমাকে সত্যকার উৎকণ্ঠা ও প্রেমের সহিত ভজন করিবে। আকাশে থাকিয়া আকাশেই সঞ্চারিত বায়ুর ন্যায় দেশ, কাল, বর্ত্তমান সকলকেই অভিন্ন জানিয়া আমাকেই যে ভজন করে, সেই আত্মজ্ঞানী ত্রিভুবনে সুখে বিচরণ করে, জগদ্রূপ আমাকে মনে ধারণ করিয়া সকল জীবের সহিত মিলিত হয় ও ভগবদ্‌বুদ্ধি করিয়া থাকে। এই প্রকার সর্ব্বত্র ভগবদ্রূপ বোধই আমার ভক্তিযোগ ইহা নিশ্চয় জানিও ॥ ৮ ॥

মচ্চিত্তা মদ্গতপ্রাণা বোধয়ন্তঃ পরস্পরম্।
কথয়ন্তশ্চ মাং নিত্যং তুষ্যন্তি চ রমন্তি চ ॥ ৯ ॥

ভক্ত চিত্তদ্বারা আমার স্বরূপতা লাভ করিয়া থাকে। তাহার প্রাণ আমাকে লইয়াই সন্তুষ্ট। ভ্রমের কারণরূপ জন্ম ও মরণকে সে জ্ঞানময় হয় বলিয়া ভুলিয়া গিয়া জ্ঞানের নিশায় বিভোর হইয়া পরস্পর ভগবৎকথার আনন্দে নৃত্য ও জ্ঞানের আদান প্রদান করিয়া থাকে। পাশাপাশি দুইটা সরোবর অবস্থান করিলে যেরূপ উহাদের তরঙ্গগুলি উচ্ছলিত হইয়া পরস্পর মিলিত হয়, তরঙ্গই তরঙ্গের আশ্রয় মন্দিররূপে পরিণত হয়, সেইরূপ একের সহিত অপরের সম্মেলনে ভক্তের আনন্দ তরঙ্গের ত্রিবেণী রচিত হইয়া যায় এবং উহাকে স্বয়ং জ্ঞান জ্ঞানময়

অলঙ্কার পরিধান করাইয়া থাকে। সূর্য্য সূর্য্যের আরতি করে, চন্দ্রই চন্দ্রকে আলিঙ্গন দান করে অথবা দুইটী সমান প্রবাহ মিলিত হইয়া যায় ;—সেইরূপই তাহারা একতার প্রয়াগ হইয়া যায় এবং তাহাতে সাত্ত্বিক ভাব-স্রোত বহিয়া যায়। মনে হয়, সেই ভক্ত যেন হরিকথারূপ চতুস্পথের মধ্যস্থলে স্থাপিত গণেশমূর্ত্তি। মহাসুখের আতিশয্যে সে দেহ গ্রামের বাহিরে আসিয়া আমাকে প্রাপ্তির তৃপ্তি সূচক উদ্‌গারধ্বনি করিতে থাকে। গুরু ও শিষ্যের মধ্যে একান্তে যে একাক্ষরী মন্ত্র উচ্চারিত হয়, তাহাকে পূর্ব্বোক্ত ভক্ত ত্রিলোকের চতুর্দ্দিকে মেঘগম্ভীর নাদে প্রতিধ্বনিত করিয়া উচ্চারিত করে। কমল কলি বিকসিত হইলে মকরন্দকে আর হৃদয়ে ধরিয়া রাখিতে না পারিয়া মধুর গুঞ্জনকারী ভ্রমরকে উহা উপহার প্রদান করে সেইরূপ এই ভক্ত বিশ্বে আমারই বর্ণনা করে, হরিকথার আনন্দে অপর সকলই ভুলিয়া কায়মনে অভিরমিত হইয়া যায়। এই প্রেমের আধিক্যে যাহার দিবস রজনীর ভেদজ্ঞান থাকে না, যে আমার স্বরূপের পূর্ণ সুখ লাভ করিয়াছে ॥ ৯ ॥

তেষাং সততযুক্তানাং ভজতাং প্রীতিপূর্ব্বকম্
দদামি বুদ্ধিযোগং তং যেন মামুপযান্তি তে ॥ ১০ ॥

তাহাকে হে অর্জ্জুন, আমি যাহা প্রদান করিতে চাই, সেই উত্তম বস্তু সকল সে পূর্ব্বেই লাভ করিয়া থাকে। সে যে পথে বাহির হয়, উহার সমীপে স্বর্গ ও মোক্ষ কুটিল পন্থা বলিয়া

প্রতীতি হয়। তাহার প্রেম আমার দান বলিয়াই বুঝিবে তবে আমার দেওয়া না দেওয়া তাহারই অধীন। ভক্তের সুখ ক্রমশঃ অধিকতর বৃদ্ধি প্রাপ্ত হয় এবং তাহার প্রতি কালের করাল দৃষ্টি পতিত না হয় উহা দেখা আমার অতি অবশ্য কর্ত্তব্য। হে কিরীটি, ক্রীড়া পরায়ণ শিশুকে প্রেমদৃষ্টিদ্বারা আচ্ছাদন করিয়া মাতা তাহার পশ্চাদ্ধাবন করে, বালক ক্রীড়ার সামগ্রী প্রার্থনা করিলে মাতা স্বর্ণদ্বারা নির্ম্মাণ করিয়া দেয়, সেইরূপ ভক্তি মার্গকে আমি পোষণ করিয়া থাকি। যে পথের পোষণে ভক্ত অনায়াসে আমাকে লাভ করিতে পারে উহার পোষণ করা আমার বিশেষ অভিমত। ভক্ত প্রীতি করে, আমিও তাহার অনন্যভাব ইচ্ছা করি;—আমার গৃহ প্রেমিকের নিমিত্ত অপর্য্যাপ্ত। আমি স্বর্গ ও মোক্ষের পথ নির্ম্মাণ করিয়া সেই দুই পথই প্রেমিকের অধীন করিয়াছি; অবশেষে প্রিয়া সহিত আমার আপন শরীর পর্য্যন্ত প্রেমিকের হস্তে সমর্পিত করিয়া অহংতা বিরহিত যে এক-সুখ উহা প্রেমিকের নিমিত্তই যত্নপূর্ব্বক বসিয়া বসিয়া নূতন করিয়া সৃষ্টি করিয়াছি। এই পথে, হে কিরীটি, আমি নিজেকে ভুলিয়াও ভক্তকে অঙ্গীকার করিয়া থাকি। এই কথা অবশ্য প্রকাশ করিবার যোগ্য নয়॥ ১০॥

তেষামেবানুকম্পার্থমহমজ্ঞানজং তমঃ।
নাশয়াম্যাত্মভাবস্থো জ্ঞানদীপেন ভাস্বতা॥ ১১॥

যে প্রেমকেই আপন জীবনের আশ্রয় করিয়া লইয়াছে, আমাকে ছাড়া আর সকলই মিথ্যা বলিয়া মনে করে, তাহার

শুদ্ধ তত্ত্বজ্ঞান কর্পূরের মশালরূপে পরিণত হয়, আর আমি মশালধারী হইয়া আলো দেখাইয়া তাহার আগে গমন করি। অজ্ঞান-নিশায় যে অন্ধকারপুঞ্জ চারিদিক্ হইতে ঘিরিয়া আসে, উহাকে নষ্ট করিয়া দূরে সরাইয়া নিত্যজ্ঞান প্রকাশ করিয়া দিই। ভক্তের প্রিয়তম শ্রীপুরুষোত্তম এই প্রকার বলিলে অর্জ্জুন বলিলেন, আমি তৃপ্ত হইয়া গিয়াছি। কেননা শুনুন—আপনি এই সংসাররূপ তুষ উড়াইয়া দিয়াছেন। হে প্রভু আমি জন্মমরণ হইতে মুক্ত হইয়াছি। আমি আপন জন্মরহস্য স্বচক্ষে দেখিয়া লইয়াছি। মনে হইতেছে, আমার জীবন আমারই হাতে। আজ আমার আয়ু সফল হইয়াছে। শুভাদৃষ্ট উদয়ে আমার প্রতি প্রভুর মুখ-নিঃসৃত এই বাক্য-সুধা বর্ষণ হইয়াছে। এই বাক্যের প্রকাশে আমার অন্তর্বাহ্য অন্ধকার দূর হইয়াছে। আমাকে আপনি যথার্থস্বরূপ প্রদর্শন করিয়াছেন ॥ ১১ ॥

অর্জ্জুন উবাচ—

পরং ব্রহ্ম পরং ধাম পবিত্রং পরমং ভবান্।
পুরুষং শাশ্বতং দিব্যমাদিদেবমজং বিভুম্ ॥ ১২ ॥

হে জগন্নাথ আপনি পরব্রহ্ম—এই মহাভূতগণের পবিত্র ও পরম বিশ্রান্তি স্থান। তিন দেবতার পরম দেবতা, আপনি পঞ্চবিংশ তত্ত্ব পুরুষ—আপনি মায়াভাবের পর দিব্যস্বরূপ। হে স্বামিন্—আপনি অনাদিসিদ্ধ—জন্মভাবের বশীভূত নহেন, আমি আপনাকে চিনিয়াছি। আমি নিশ্চয়রূপে জানিয়াছি যে আপনি

কাল যন্ত্রের চালক—আপনি জীবকলার মুখ্য দেবতা—আপনি ব্রহ্মাণ্ডের আশ্রয় ॥ ১২ ॥

আহুস্ত্বামৃষয়ঃ সর্ব্বে দেবর্ষির্নারদস্তথা।
অসিতো দেবলো ব্যাসঃ স্বয়ঞ্চৈব ব্রবীষি মে ॥ ১৩ ॥

এই অনুভবের যথার্থতা আরও এক প্রকারে সিদ্ধ হয়—পূর্ব্বকালে ঋষিশ্রেষ্ঠগণ আপনার বর্ণন এইরূপই করিয়াছেন। আজ আমার অন্তর সেই বর্ণনার সত্যতা দর্শন করিতেছে—ইহাও আপনার কৃপা। অন্যথা নারদ মুনি সর্ব্বদাই আমার এখানে আসিতেন এবং এইরূপ বাক্য সম্বলিত সঙ্গীত দ্বারা আপনার বর্ণনা করিতেন তখন আমি উহার অর্থ না বুঝিয়া শুধু সঙ্গীতসুখ অনুভব করিতাম। অন্ধের নগরে সূর্য্য প্রকাশে সকাল বেলা তাপ মাত্রই অনুভব হয়, উহার প্রকাশ কে দেখিবে? দেবর্ষি ত আত্মজ্ঞানই গান করিতেন, তাঁহার রাগিণীর বাহিরের মাধুর্য্যই গ্রহণ হইত, আমার জ্ঞানের স্পর্শ হইত না। অসিত ও দেবল ঋষির মুখেও আপনার এইরূপ বর্ণনা শুনিয়াছি, আমার বুদ্ধি বিষয় বিষে জর্জ্জরিত ছিল। বিষয় বিষের মহিমাই এইরূপ যে মধুর পরমার্থ কটু লাগে এবং কটু বিষয় মধুর প্রতীতি হয়। অপরের কথা বলিব কি, স্বয়ং ব্যাসদেব আমাদের গৃহে আসিয়া আপনার সম্পূর্ণ স্বরূপ বর্ণনা করিতেন। অন্ধকারে লব্ধ চিন্তামণি বুদ্ধির অভাবে ফেলিয়া দিয়া সূর্য্যোদয়ের সময় উহার পরিচয় হয়; সেইরূপ ব্যাসাদির বাক্য আমার কাছে তত্ত্বজ্ঞানরূপ রত্নের

খনি হইলেও হে কৃষ্ণ, সূর্য্যস্বরূপ আপনাকে ভিন্ন উহা উপেক্ষা করিয়াছিলাম ॥ ১৩ ॥

সর্ব্বমেতদৃতং মন্যে যন্মাং বদসি কেশব।
নহি তে ভগবন্ ব্যক্তিং বিদুর্দ্দেবা ন দানবাঃ ॥ ১৪ ॥

এখন আপনার বাক্যরূপ সূর্য্যকিরণ প্রকাশে ঋষিগণের বর্ণিত পন্থার অপরিচিত ভাব দূর হইয়াছে। তাঁহাদের বাক্য জ্ঞানের বীজ। উহা আমার হৃদয় ক্ষেত্রে পতিত হইয়াছিল—উহার উপর আপনার কৃপারস লাভ করাতে এক-বাক্যতার ফললাভ করিয়াছি। হে অনন্ত, আমি নারদাদি সাধুগণের বাণী প্রবাহিনীর সংবাদ-সুখরূপ সমুদ্রে পরিণত হইয়াছি। হে প্রভু, এই জন্ম ভরিয়া আমি যত পুণ্য করিয়াছি, হে সদ্গুরু, আপনার উপস্থিতিতে তাহাদের আর কোনই প্রয়োজন ছিল না। আমি ত সর্ব্বদা আপনার গুণানুবাদ শ্রবণ করিয়াছি কিন্তু যতক্ষণ আপনার কৃপা না হইয়াছে ততক্ষণ উহার জ্ঞান হয় নাই। ভাগ্য অনুকূল থাকিলেই কৃত উদ্যম সর্ব্বদা সফলতা লাভ করে। গুরুকৃপা হইলেই শ্রুত ও পঠিত বিষয়ের সার্থকতা হয়। মালী সারা জন্ম ধরিয়া বৃক্ষের উপর জল সিঞ্চন করে, বসন্তের সমাগমেই ফল লাভ হয়। সান্নিপাত জ্বর সারিয়া গেলেই মধুরাস্বাদ বস্তুকে মধুর বলিয়া অনুভব হয়। ওষধিকে তখনই মধুর বলা যায় যখন শরীর আরোগ্য লাভ করে। ইন্দ্রিয়, বাক্ ও প্রাণের সার্থকতা তখনই যখন চেতনা উহাদের মধ্যে প্রবেশ

করে। বেদ শাস্ত্র আলোচনা, যোগাদির অভ্যাস করিলেও যখন শ্রীগুরু অনুকূল হয়েন উহারা তখনই বোধের বিষয় হয়। অনুভবপ্রাপ্ত মত্ততায় অর্জ্জুন শ্রদ্ধান্বিত হইয়া অনেক প্রকারে নৃত্য করিয়া বলিতে লাগিল, দেব আপনার বাক্য আমার স্বীকৃত। হে কৈবল্যপতি, আমি সত্যই এরূপ বিশ্বাস করিতেছি যে, আপনি দেব ও দানবের বুদ্ধির অগম্য। হে দেব, আমি এই নিশ্চয় করিয়াছি, স্বকীয় বুদ্ধির বলে আপনাকে জানিতে চেষ্টা করিলে আপনাকে জানিতে সমর্থ হয় না॥ ১৪॥

স্বয়মেবাত্মনাত্মানং বেত্থত্বং পুরুষোত্তম।
ভূতভাবন ভূতেশ দেবদেব জগৎপতে॥ ১৫॥

আকাশ আপন বিস্তার আপনিই জানে, পৃথিবীর সম্পদ সে নিজেই জানে সেইরূপ হে লক্ষ্মীপতি, আপনার সর্ব্বশক্তি দ্বারা আপনি নিজের পরিচয় অবগত আছেন। বেদাদির বুদ্ধির প্রতিষ্ঠা বৃথা। মনের দ্রুতগতিকে কে পরাজিত করিবে? পবনকে কোন্ ব্যক্তি বদ্ধ করিয়া রাখিতে পারে? সাঁতার কাটিয়া মায়া সমুদ্র পার হওয়া যায়? আপনার জ্ঞানও তদ্রূপ, উহা কেহ জানিতে পারে না; আপনার জ্ঞান আপনারই যোগ্য। আপনি নিজেই নিজেকে জানেন, আর অপরকে উপদেশ করিতে আপনিই সমর্থ। এখন একবার আমার শ্রবণেচ্ছা পূর্ণ করুন। হে প্রাণীসমূহ উৎপন্নকারী, হে সংসার মাতঙ্গের দলনকারী সিংহ, হে নিখিল দেবগণ পূজিত—হে জগন্নায়ক,

আমি আপনার মহিমা দেখিয়াছি, আমি আপনার সমীপে দণ্ডায়মান থাকিবারও যোগ্য নই। আবার এই দীনতার নিমিত্ত আপনার সমীপে প্রার্থনা করিতে ভয় করিলে আর দ্বিতীয় কোন উপায় থাকে না। চারিদিকে সমুদ্র ও নদী জল পরিপূর্ণ হইলেও চাতকের নিমিত্ত উহারা মরুভূমি সদৃশ, মেঘের বারিবিন্দু পতিত হইলেই চাতকের তৃষ্ণা মিটিতে পারে। সেইরূপ শ্রীগুরু সর্ব্বত্রই আছেন, কিন্তু হে শ্রীকৃষ্ণ, আমার গতি একমাত্র আপনি ॥ ১৫ ॥

বক্তুমর্হস্যশেষেণ দিব্যা হ্যাত্মবিভূতয়ঃ।
যাভির্বিভূতিভির্লোকানিমাং স্ত্বং ব্যাপ্য তিষ্ঠসি ॥১৬ ॥

সকলই আপনার বিভূতি, তবে তাহার মধ্যে যেগুলিতে আপনার দিব্যশক্তি ব্যাপ্ত আছে, উহার বর্ণনা করুন। আপনি সমগ্র সংসারেই আছেন, উহাদের প্রধান প্রধানগুলির নাম করুন ॥ ১৬ ॥

কথং বিদ্যামহং যোগিং স্ত্বাং সদা পরিচিন্তয়ন্।
কেষু কেষু চ ভাবেষু চিন্ত্যোঽসি ভগবন্ময়া ॥ ১৭ ॥

আমি আপনাকে কোন্ রূপের বলিয়া বুঝিব? কি বুঝিয়া সর্ব্বদা আপনাকে ধ্যান করিব? যদি সকলই আপনি তবে তাহাই উপদেশ করুন। তাহাতে তো ধ্যান চলিতে পারে না। অতএব প্রথমতঃ যাহা সংক্ষিপ্ত ভাবে বর্ণনা করিয়াছেন, উহা এখন

একবার বিস্তারিত ভাবে বর্ণনা করুন। যে ভাবে চিন্তা করিলে আমার কষ্ট হইবে না, আপনার সেই যোগ স্পষ্ট করিয়া আমাকে বলুন ॥ ১৭ ॥

বিস্তরেণাত্মনো যোগং বিভূতিঞ্চ জনার্দ্দন।
ভূয়ঃ কথয় তৃপ্তির্হি শৃণ্বতো নাস্তি মেঽমৃতম্ ॥ ১৮ ॥

আমি যে বিভূতির কথা জিজ্ঞাসা করিয়াছি উহা বর্ণনা করুন। হে ভূতপতি, যদি আপনি বলেন যে, উহা আমি বার বার কি বলিব, হে জনার্দ্দন, এরূপ কথা বলিবেন না। সাধারণ অমৃত পানেও কেহ বলেনা যে, আর প্রয়োজন নাই। দেবতাগণ কালকূট বিষের সোদর অমৃত মৃত্যুর ভয়ে পান করিয়াছিলেন, তাহার উপরেও ক্ষীর সমুদ্রের এক-রস আছে। ব্রহ্মার একদিনে চতুর্দ্দশ ইন্দ্র জন্মগ্রহণ করে। ব্রহ্মরসের কাছে অমৃতকে মিথ্যা অলীক বলিয়া প্রতীতি হয়, উহার মাধুর্য্য প্রশংসিত হয় না। অতি তুচ্ছ অমৃতের এই জগতে কত মহিমা! আর যাহা পরমামৃত ;—যাহা মন্দরাচল ব্যতিরেকেই আন্দোলিত করে, বিনা ক্ষীর সমুদ্র মন্থন করে, স্বভাবতঃ অনাদি কাল হইতে আছে, প্রবাহিত হয় না বা গলিয়া যায় না, জমাট হইয়া যায় না, যাহাতে কোনও রস বা সুগন্ধ দেখা যায় না, নিত্যসিদ্ধ, যাহা একমাত্র স্মরণ দ্বারাই লাভ করা যায়, বর্ণনা শ্রবণ মাত্রই সংসার মিথ্যা বলিয়া অনুভব হয়, নিত্যতা লাভ হয়, জন্মমরণের কথা সম্পূর্ণরূপে মিটিয়া যায়, অন্তরে ও বাহিরে মহাসুখের বৃদ্ধি হইতে থাকে, দৈবাৎ যাহার

সেবন করিলে জীব তদ্রূপতা লাভ করে, সেই পরমামৃত আপনি আমাকে দিতেছেন অতএব আমার চিত্ত কখনও 'আর প্রয়োজন নাই,' এরূপ বাক্য বলিতে পারে না। আপনার নামই আমার অত্যন্ত প্রিয়, তাহাতে আবার সাক্ষাৎ দর্শন ও সঙ্গ পাইয়াছি; সর্ব্বোপরি আপনি পূর্ণানন্দে সুখের সংবাদ প্রদান করিতেছেন। এই সুখের তুলনা—কাহারও সহিত হইতে পারে না, ইহাতে আমার অলং বুদ্ধি ত হইতেই পারে না, বরং আমি প্রার্থনা করি আপনি শ্রীমুখে পুনরায় সেই সুখ-সংবাদ দান করুন। সূর্য কি কখনও পুরাতন হইয়া যায়? অগ্নি কি কখনও অপবিত্র হয়? নিত্য প্রবহমান গঙ্গার জল কি কখনও পর্য্যুষিত বলা যায়? স্বমুখে যাহা বলিয়াছেন তাহাতে আমি নাদব্রহ্মের রূপই দর্শন করিলাম—চন্দনতরুর কুসুম গন্ধ আঘ্রাণ করিলাম! পার্থের এই বাক্য শ্রবণে শ্রীকৃষ্ণের সর্ব্বাঙ্গ ঢুলিতে লাগিল। তিনি বলিতে লাগিলেন, পার্থ ভক্তি ও জ্ঞানের গৃহ স্বরূপ হইয়া গিয়াছে। এই প্রকার অনুভবের সন্তোষ এবং প্রেমের তরঙ্গ-বেগ অতি কষ্টে সম্বরণ করিয়া শ্রীঅনন্ত বলিলেন ॥ ১৮ ॥

শ্রীভগবানুবাচ—

হন্ত তে কথয়িষ্যামি দিব্যা হ্যাত্মবিভূতয়ঃ।
প্রাধান্যতঃ কুরুশ্রেষ্ঠ নাস্ত্যন্তো বিস্তরস্য মে ॥ ১৯ ॥

মনে হয় শ্রীকৃষ্ণ যে ব্রহ্মারও পিতা ইহা তিনি ভুলিয়া গিয়াই অর্জ্জুনকে সম্বোধন করিলেন "তাত, পাণ্ডুসুত সাবাস্।"

অর্জ্জুনকে 'তাত' বলিয়া সম্বোধন আমার কাছে কিছু আশ্চর্য্য বলিয়া বোধ হয় না, কারণ তিনিও ব্রজরাজ নন্দের পুত্র তাহাতে আবার পূর্ব্বোক্ত উক্তি অত্যন্ত প্রেমেরই পরিচয় প্রদান করিতেছে! পুনরায় শ্রীকৃষ্ণ বলিলেন, হে ধনুর্ধর শ্রবণ কর, হে সুভদ্রাপতি, তুমি যে সকল বিভূতির কথা জিজ্ঞাসা করিয়াছিলে, উহা এতই অধিক যে, সংখ্যা গণনা করিলে আমার বুদ্ধিও শেষ করিতে পারে না। স্বশরীরের রোমাবলি গণনা করা যায় না তেমনই আমার বিভূতি অগণনীয়। আমি কিরূপ কতখানি ইহা আমি নিজেই স্পষ্ট জানিতে পারি না। এই নিমিত্ত প্রধান প্রধান বিভূতিগুলির নাম করিতেছি। হে কিরীটি, ইহাদের জ্ঞান হইলে সকল বিভূতিরই জ্ঞান হইবে, বীজ হস্তগত হইলে বৃক্ষকেও হস্তগত বলা যায়, উদ্যান বাটিকার লাভে ফল ও ফুল অনায়াসেই পাওয়া যায় সেইরূপ আমার বিভূতিগুলির দর্শন হইলে সম্পূর্ণ বিশ্ব দেখা হইয়া যায়। হে ধনুর্ধর, যথার্থতঃ আমার বিস্তার অনন্ত, গগনের ন্যায় সীমাহীন বস্তুও আমারই আশ্রিত ॥ ১৯ ॥

অহমাত্মা গুড়াকেশ সর্ব্বভূতাশয়স্থিতঃ।
অহমাদিশ্চ মধ্যঞ্চ ভূতানামন্ত এব চ ॥ ২০ ॥

হে গুড়াকেশ, তুমি ধনুর্ব্বিদ্যায় শঙ্কর সদৃশ। আমি প্রাণীমাত্রের আত্মা। অন্তরের দিকে চাহিয়া দেখিলে দেখিবে, আমিই জীবমাত্রের অন্তঃকরণে বসিয়া আছি. বাহিরের দিকে দেখিলেও দেখিবে আমিই সকলকে আচ্ছাদন করিয়া আছি। আদি,

অন্ত ও মধ্যে আমিই। মেঘের নিকটে যেরূপ—অন্তরে বাহিরে, নীচে ও উপরে সর্ব্বদিকে এক আকাশ আছে এবং এই আকাশেই তাহার উৎপত্তি ও স্থিতি, বিলীন হইবার সময়ও আকাশরূপ হওয়া সেইরূপ প্রাণীসকলেরও উৎপত্তি, স্থিতি ও লয় আমাতেই। এই বিস্তার ও ব্যাপকতা আমার বিভূতি যোগ দ্বারা বুঝিয়া লও। হৃদয়কে শ্রবণ ইন্দ্রিয় করিয়া বার বার উহা শ্রবণ কর। এখন হে সুভদ্রাপতি, যে যে বিভূতি বর্ণনা করিব বলিয়া প্রতিজ্ঞা করিয়াছি সেই মুখ্য মুখ্য বিভূতিগুলি শ্রবণ কর ॥ ২০ ॥

আদিত্যানামহং বিষ্ণুর্জ্যোতিষাং রবিরংশুমান্।
মরীচির্মরুতামস্মি নক্ষত্রাণামহং শশী ॥ ২১ ॥

কৃপালু শ্রীকৃষ্ণ বলিলেন, দ্বাদশ আদিত্য মধ্যে আমি বিষ্ণু; প্রকাশমান পদার্থনিচয়ের মধ্যে আমি সূর্য্য। শ্রীশার্ঙ্গী বলিলেন, মরুদ্গণের মধ্যে অমি মরীচি, নক্ষত্রগণ মধ্যে আমি চন্দ্র ॥ ২১ ॥

বেদানাং সামবেদোঽস্মি দেবানামস্মি বাসবঃ।
ইন্দ্রিয়াণাং মনশ্চাস্মি ভূতানামস্মি চেতনা ॥ ২২ ॥

গোবিন্দ বলিলেন বেদের মধ্যে সামবেদ, দেবতামধ্যে মরুৎবন্ধু মহেন্দ্র, ইন্দ্রিয়গণের একাদশ মন এবং প্রাণিগণের চেতনা আমিই ॥ ২২ ॥

রুদ্রাণাং শঙ্করশ্চাস্মি বিত্তেশো যক্ষরক্ষসাম্।
বসূনাং পাবকশ্চাস্মি মেরুঃ শিখরিণামহম্ ॥ ২৩ ॥

রুদ্রগণের মধ্যে মদন ভস্মকারী শঙ্কর, শ্রীঅনন্ত বলিলেন, ইহা নিঃসন্দেহ জানিও যক্ষ ও রাক্ষসগণের মধ্যে শঙ্কর মিত্র কুবের, অষ্টবসুর মধ্যে অগ্নি, শিখরবান্ পর্ব্বত মধ্যে সর্ব্বোচ্চ মেরু আমি ॥ ২৩ ॥

পুরোধসাঞ্চ মুখ্যং মাং বিদ্ধি পার্থ বৃহস্পতিম্ ।
সেনানীনামহং স্কন্দঃ সরসামস্মি সাগরঃ ॥ ২৪ ॥

মহর্ষীণাং ভৃগুরহং গিরামস্ম্যেকমক্ষরম্ ।
যজ্ঞানাং জপযজ্ঞোঽস্মি স্থাবরাণাং হিমালয়ঃ ॥ ২৫ ॥

ইন্দ্রের সহায় সর্ব্বজ্ঞতার আদিপীঠ পুরোহিতের শ্রেষ্ঠ বৃহস্পতি আমি, হে মহামতি, ত্রিলোকের সেনাপতির মধ্যে আমিই কার্ত্তিক—শঙ্করের তেজঃ ও অগ্নির মিলনে যাহার জন্ম এবং যিনি কৃত্তিকার গর্ভজ। জলাশয় মধ্যে জলরাশি আমি সমুদ্র, মহর্ষিগণের তপোরাশি ভৃগুমুনিও আমি। বৈকুণ্ঠবিহারী শ্রীকৃষ্ণ বলিলেন বাগ্‌ব্যবহার মধ্যে সত্যের অবস্থান স্বরূপ একাক্ষর আমি, ইহলোকে যজ্ঞমাত্রের মধ্যে যে যজ্ঞে কর্ম্মত্যাগ ও শুধু প্রণবাদি মন্ত্র জপ সেই জপযজ্ঞই আমি। জপ যজ্ঞই সর্ব্বশ্রেষ্ঠ। স্নানাদি কর্ম্মে উহার বাধা হয় না। নামদ্বারা ধর্ম্ম ও অধর্ম্ম পবিত্র হয়, এবং বেদেও বলা হইয়াছে, নামই পরব্রহ্ম। লক্ষ্মীকান্ত বলিলেন, স্থাবরপর্ব্বত মধ্যে পুণ্যবান্ ও পূজ্য হিমালয় আমিই ॥ ২৪।২৫ ॥

অশ্বত্থঃ সর্ব্ববৃক্ষাণাং দেবর্ষীণাঞ্চ নারদঃ।
গন্ধর্ব্বাণাং চিত্ররথঃ সিদ্ধানাং কপিলো মুনিঃ॥ ২৬॥
উচ্চৈঃশ্রবসমশ্বানাং বিদ্ধিমামমৃতোদ্ভবম্।
ঐরাবতং গজেন্দ্রাণাং নরাণাঞ্চ নরাধিপম্॥ ২৭॥

কল্পবৃক্ষ, পারিজাত ও চন্দন গুণদ্বারা অত্যন্ত বিখ্যাত, তথাপি বৃক্ষগণমধ্যে আমি অশ্বত্থ। হে পাণ্ডব, দেবর্ষিমধ্যে নারদ, গন্ধর্বমধ্যে চিত্ররথ; হে জ্ঞানবান্, সিদ্ধগণমধ্যে কপিলাচার্য্য, প্রসিদ্ধ অশ্বগণমধ্যে ইন্দ্রের উচ্চৈঃশ্রবা, নৃপতি ভূষণ হস্তীমধ্যে হে অর্জ্জুন, সমুদ্রমন্থন সময় ক্ষীরসাগর হইতে উৎপন্ন ঐরাবত, মনুষ্যমধ্যে সকল লোক যাহার প্রজা হইয়া সেবা করে সেই রাজা আমার বিশেষ বিভূতি॥ ২৬। ২৭॥

আয়ুধানামহং বজ্রং ধেনূনামস্মি কামধুক্।
প্রজনশ্চাস্মি কন্দর্পঃ সর্পাণামস্মি বাসুকিঃ॥ ২৮॥
অনন্তশ্চাস্মি নাগানাং বরুণো যাদসামহম্।
পিতৄণামর্য্যমা চাস্মি যমঃ সংযমতামহম্॥ ২৯॥

হে ধনুর্দ্ধর, অস্ত্র সকলের মধ্যে শত যজ্ঞদ্বারা সাফল্যমণ্ডিত ইন্দ্রের করস্থিত বজ্র আমি, শ্রীকৃষ্ণ বলিলেন—গাভীমধ্যে কামধেনু, জন্মদাতা মধ্যে মদন, হে কুন্তীসুত, সর্পকুলের নায়ক বাসুকী, নাগগণমধ্যে অনন্ত। শ্রীঅনন্ত বলিলেন—জলচর মধ্যে

পশ্চিম দিক্‌পতি বরুণ, পিতৃগণমধ্যে পিতৃদেবতা অর্য্যমা, জগতে শুভাশুভ হিসাব রক্ষক—প্রাণিগণের মনের ভাব অনুসন্ধান তৎপর—কর্ম্ম ভোগানুসারে ভোগদাতা ও শাসনকারী মধ্যে যম, ও কর্ম্মের সাক্ষী ধর্ম্ম আমি। আত্মারাম শ্রীরমাপতি এই প্রকারে নিরূপণ করিয়া পুনরায় বলিলেন ॥ ২৮। ২৯ ॥

প্রহ্লাদশ্চাস্মি দৈত্যানাং কালঃ কলয়তামহম্।
মৃগাণাঞ্চ মৃগেন্দ্রোঽহং বৈনতেয়শ্চ পক্ষিণাম্ ॥ ৩০ ॥

দৈত্যকুলে প্রহ্লাদ আমি এই নিমিত্ত সে দৈত্যস্বভাবে লিপ্ত হয় নাই। শ্রীগোপাল বলিলেন—হরণকারী মধ্যে মহাকাল, শ্বাপদ মধ্যে ব্যাঘ্র, পক্ষী জাতিতে গরুড় আমার বিভূতি; এইজন্যই গরুড়—আমাকে পৃষ্ঠে লইয়া যাইতে পারে ॥ ৩০ ॥

পবনঃ পবতামস্মি রামঃ শস্ত্রভৃতামহং।
ঝষাণাং মকরশ্চাস্মি স্রোতসামস্মি জাহ্নবী ॥ ৩১ ॥

হে ধনুর্দ্ধর, এই বিস্তৃত পৃথিবীর উপর সপ্তসমুদ্র ঘুরিয়া আসিতে যাহাদের একমুহূর্ত্ত লাগেনা এরূপ বেগবান্ পদার্থ মধ্যে আমি পবন। হে পাণ্ডুসুত, শস্ত্রধারী সকলের মধ্যে আমি রাম। যিনি সঙ্কটাপন্ন ধর্ম্মের পক্ষ লইয়া ত্রেতাযুগে একমাত্র ধনুকের সহায়ে বিজয় লক্ষ্মীকে স্বাভিমুখিনী ও একব্রত-চারিণী করিয়াছেন, সুখময় পর্ব্বতের উপর দণ্ডায়মান হইয়া আকাশে জয়ধ্বনিকারী

দেববৃন্দের হস্তে প্রতাপশালী লঙ্কেশ্বর রাবণের মস্তকপংক্তি উপহার প্রদান করিয়াছেন, দেবতাগণকে মর্য্যাদা দান করিয়াছেন—ধর্ম্মের জীর্ণোদ্ধার করিয়াছেন—সূর্য্যবংশের সূর্য্য, শস্ত্রধারণকারী-মধ্যে প্রধান, সীতাপতি শ্রীরামচন্দ্র আমিই। পুচ্ছবান্ জলচরমধ্যে আমি মকর, প্রবাহমধ্যে ভগীরথের আনীত গঙ্গা—যাহাকে জহ্নুমুনি পান করিয়া পুনরায় জঙ্ঘা দ্বারা বাহির করিয়া দিয়াছিলেন—সকল জলপ্রবাহমধ্যে ত্রিভুবনে প্রধান নদী, হে পাণ্ডুসুত, জাহ্নবী আমি। এইরূপ পৃথক্ পৃথক্ সৃষ্টির মধ্যেও এক একটীর নাম করিলে সহস্র জন্ম পর্য্যন্ত আমার বিভূতির অর্দ্ধেকও বলা যাইবে না ॥ ৩১ ॥

সর্গাণামাদিরন্তশ্চ মধ্যঞ্চৈবাহমর্জ্জুন।
অধ্যাত্মবিদ্যা বিদ্যানাং বাদঃ প্রবদতামহম্ ॥ ৩২ ॥
অক্ষরাণামকারোঽস্মি দ্বন্দ্বঃ সামাসিকস্য চ।
অহমেবাক্ষয়ঃ কালো ধাতাঽহং বিশ্বতোমুখঃ ॥ ৩৩ ॥

গগনের নক্ষত্র সকলগুলিকেই চিনিয়া লইতে হইলে আকাশের গাঁঠুরী বাঁধিয়া লইতে হয়, পৃথিবীর পরমাণু গণনা করিতে হইলে সমগ্র ভূমণ্ডলকে কুক্ষিগত করিতে হয়, আমার বিস্তার দেখিতে হইলেও সম্পূর্ণ আমাকে জানিয়া লইতে হয়। শাখা, ফুল, ফল, সকলই একত্র গ্রহণ করিতে বৃক্ষকেই সমূলে উৎপাটন করিয়া লইতে হয়, সেইরূপ আমার বিশেষ বিভূতি জানিতে চাহিলেও আমার শুদ্ধ স্বরূপ জানিয়া লওয়া একান্ত আবশ্যক। পৃথক্

পৃথক্ বিভূতি আর কত শুনিবে ? হে মহামতি, সমগ্রভাবে বুঝিয়া লও আমিই সর্ব্বত্র। হে কিরীটি, পটের মধ্যে তন্তুর ন্যায় আমিই সম্পূর্ণ সৃষ্টির আদি, মধ্য ও অন্ত ; আমাকে এইরূপ সর্ব্বব্যাপক জানিলে বিভূতির ভেদ জানিবার কি প্রয়োজন থাকে ? উহা তোমার অধিকার নাই, সে কথা থাকুক। হে সুভদ্রাপতি, বিভূতির সম্বন্ধেই প্রশ্ন করিয়াছ—উহাই শুনিয়া লও। বিদ্যা মধ্যে অধ্যাত্মবিদ্যা, বক্তার সমীপে সর্ব্বশাস্ত্রের একবাক্যতা প্রতিপাদক বাদ নামক বাক্য—যাহা মর্য্যাদাপ্রাপ্ত হইলে বর্দ্ধিত হয়—যাহাতে শ্রবণকারীর যুক্তি প্রবল হয় ও বক্তারও বাক্যের মাধুর্য্য বৃদ্ধি হয়। শ্রীগোবিন্দ বলিলেন—প্রতিপাদক মধ্যে আমি বাদ। অক্ষর মধ্যে আমি শুদ্ধ অকার। আরও শোন—সমাস মধ্যে আমি দ্বন্দ্ব-সমাস। মশক হইতে ব্রহ্মা পর্য্যন্ত সকলকেই আমি গ্রাস করি ! যে সমগ্র মেরুমণ্ডল সহিত পৃথিবীকে ধ্বংস করে—প্রলয়কালের সমুদ্রকেও শুষ্ক করিয়া ফেলে—প্রলয়ের তেজোমণ্ডিত—যে পবনকে নিঃশেষে গিলিয়া ফেলে, হে কিরীটি, আকাশ যাহার উদর মধ্যে—লক্ষ্মীবিলাসী বলিলেন—আমি সেই অপরিমেয় কাল, আমিই সৃষ্টিকর্ত্তা ॥ ৩২ ॥ ৩৩ ॥

মৃত্যুঃ সর্ব্বহরশ্চাহমুদ্ভবশ্চ ভবিষ্যতাম্।
কীর্ত্তিঃ শ্রীর্ব্বাক্ চ নারীণাং স্মৃতির্ম্মেধা ধৃতিঃ ক্ষমা ॥৩৪॥

উৎপন্ন জীবগণের রক্ষা আমিই করি। আমি সকলের জীবন আবার প্রলয়কালে সংহারকর্ত্তা মৃত্যু। স্ত্রীমধ্যে—আমার

সাতটি বিভূতি আছে, উহা বর্ণনা করিতেছি। হে অর্জ্জুন, নিত্য নব নব কীর্ত্তি আমার মূর্ত্তি। ঔদার্য্য সহিত সম্পত্তি আমাকেই জানিও। ন্যায়ের সুখাসনে প্রতিষ্ঠিত বিবেক পথে যে বাণী উহা আমি। পদার্থ দেখিতেই যে আমার স্মরণ করাইয়া দেয় সেই স্মৃতি আমি। আত্মমঙ্গল সম্পাদিকা বুদ্ধি আমি। সংসারে ধৃতি ও ত্রিভুবনের ক্ষমা আমি। সংসার গজ-বিদারণকারী কেশরী শ্রীকৃষ্ণ বলিলেন—নারী মধ্যে এই সপ্ত শক্তিরূপে আমারই বিভূতি অবধারণ করিবে॥ ৩৪॥

বৃহৎসাম তথা সাম্নাং গায়ত্রী ছন্দসামহম্।
মাসানাং মার্গশীর্ষোঽহমৃতূনাং কুসুমাকরঃ॥ ৩৫॥

শ্রীরমা প্রাণেশ্বর বলিলেন—হে প্রিয়োত্তম অর্জ্জুন, বেদ সকলের মধ্যে আমি বৃহৎসাম। নিশ্চিত জানিও ছন্দ সকলের মধ্যে আমিই গায়ত্রীছন্দ। শার্ঙ্গধর বলিলেন—মাসমধ্যে আমিই মার্গশীর্ষ আর ঋতুমধ্যে কুসুমাকর বসন্ত আমি॥ ৩৫॥

দ্যূতং ছলয়তামস্মি তেজস্তেজস্বিনামহম্।
জয়োঽস্মি ব্যবসায়োঽস্মি সত্ত্বং সত্ত্ববতামহম্॥ ৩৬॥
বৃষ্ণীনাং বাসুদেবোঽস্মি পাণ্ডবানাং ধনঞ্জয়ঃ।
মুনীনামপ্যহং ব্যাসঃ কবীনামুশনাঃ কবিঃ॥ ৩৭॥

নানাপ্রকার ছলনার মধ্যে শ্রেষ্ঠ দ্যূতক্রীড়া আমি, এই নিমিত্ত প্রকাশ্যভাবে চুরি হইলেও উহাকে নিবারণ করা যায় না।

তেজস্বীর মধ্যে তেজ আমি। সকল কর্ম্মমধ্যে বিজয় আমি। দেবগণের শ্রেষ্ঠ শ্রীকৃষ্ণ বলিলেন—নীতিপূর্ণ উদ্যোগ আমি। সাত্ত্বিক লোকের সত্ত্ব, যাদবগণের মধ্যে দেবকী ও বসুদেব হইতে উৎপন্ন আমিই গোপীর নিমিত্ত গোকুলে গমন করিয়াছিলাম—আমিই পূতনার স্তন পান করিয়া তাহার প্রাণ বধ করিয়াছি। বাল্যাবস্থার কোরক প্রস্ফুটিত হইতে না হইতেই তিনি পৃথিবীকে দৈত্যরহিত করিয়া ফেলিয়াছিলেন এবং হস্তে পর্ব্বত ধারণ করিয়া ইন্দ্রের মহিমা খর্ব্ব করিয়াছিলেন—কালিন্দী-হৃদয়ের দুঃখময় শল্য (কালিয়নাগ) দূর করিয়াছিলেন—জ্বলন্ত গোকুলকে রক্ষা করিয়াছেন, বৎসহরণ বিষয়ে ব্রহ্মাকে মোহিত করিয়াছেন—বাল্যাবস্থার প্রথমভাগেই কংস প্রভৃতি বড় বীরপুরুষকে অনায়াসে বধ করিয়াছেন—আর কত বলিব সে কথা সকলেই শুনিয়াছে। শ্রীকৃষ্ণ অর্জ্জুনকে পূর্ব্বোক্ত কথা বর্ণন করিবার তাৎপর্য্য ;—তিনি বলিলেন, যাদবগণের মধ্যে আমার এই স্বরূপ। সোমবংশ্য পাণ্ডবগণের মধ্যে আমিই অর্জ্জুন। এই নিমিত্ত তোমাতে আমাতে প্রেম খণ্ডিত হয় না। তুমি সন্ন্যাসীর বেশ ধারণ করিয়া আমার ভগ্নীকে হরণ করিয়া লইয়াছ তথাপি তোমার প্রতি আমার হৃদয়ের ভিন্ন ভাব হয় নাই। তুমি ও আমি দুই একরূপ। যাদবপতি শ্রীকৃষ্ণ বলিলেন—মুনিগণ মধ্যে আমি ব্যাসদেব এবং কবীশ্বর মধ্যে ধৈর্য্যের আশ্রয়স্থান উশনা কবি আমিই * ॥ ৩৬। ৩৭ ॥

* কেহ কেহ ইহাকে শুক্রাচার্য্য বলেন। কিন্তু সোমবংশীয় যযাতির পত্নী দেবযানীর পিতা শুক্রাচার্য্য নহেন। দেবযানীর পিতা বারুণি ভৃগুর পুত্র আর এই উশনা বারুণি কবির পুত্র।

দণ্ডো দময়তামস্মি নীতিরস্মি জিগীষতাম্ ।
মৌনং চৈবাস্মি গুহ্যানাং জ্ঞানং জ্ঞানবতামহম্ ॥ ৩৮ ॥

দমনকারী মধ্যে আমিই অনিবার্য্য দণ্ড যাহা ক্ষুদ্র পিপীলিকা হইতে ব্রহ্মাকে পর্য্যন্ত যথাকালে—দমিত করে। সারাসার নিশ্চয়কারী ধর্ম্মজ্ঞানের পক্ষাবলম্বী সকলশাস্ত্রের সার নীতি-শাস্ত্র আমি। হে সুহৃদ্, সকল গুহ্য বাক্য মধ্যে আমি মৌন। এই নিমিত্তই মৌনব্যক্তির সমীপে স্বয়ং ব্রহ্মাও অজ্ঞানী হইয়া যান। জ্ঞানীর জ্ঞান আমিই। এখন বর্ণনা থাকুক্, এই সকল বিভূতির পার দেখা যায় না ॥ ৩৮ ॥

যচ্চাপি সর্ব্বভূতানাং বীজং তদহমর্জ্জুন ।
ন তদস্তি বিনা যৎ স্যান্ময়া ভূতং চরাচরম্ ॥ ৩৯ ॥
নান্তোঽস্তি মম দিব্যানাং বিভূতীনাং পরন্তপ ।
এষ তূদ্দেশতঃ প্রোক্তো বিভূতের্বিস্তরো ময়া ॥ ৪০ ॥

হে ধনুর্ধর, বর্ষার ধারার গণনা হইতে পারে, পৃথিবীর বক্ষে তৃণ ও অঙ্কুরের সংখ্যা করা যায়, মহাসমুদ্রের তরঙ্গ গণনা করা যায় তথাপি আমার বিশেষ চিহ্নের পরিমাণ করা যায় না! পূর্ব্বে যে প্রধান প্রধান বিভূতির উদ্দেশে বর্ণনা করিয়াছি উহাও মনে হয় বৃথাই করিয়াছি; কেননা অপর বিভূতি গণনাই অসম্ভব, এই নিমিত্ত তুমিই বা কত শুনিবে, আর আমিই বা কত বলিব? আমি একেবারেই তোমাকে আপন মর্ম্ম বুঝাইয়া দিতেছি,

সমস্ত প্রাণাঙ্কুরে যে বীজ-বিস্তার লক্ষিত হয় উহাও আমি। এই হেতু ক্ষুদ্র বৃহৎ বলিবার প্রয়োজন নাই—উচ্চ নীচ ভাব পরিত্যাগ করাই উচিত এবং বস্তুমাত্রকেই আমার রূপ বুঝিতে হইবে। তথাপি আমি আরও এক সাধারণ চিহ্ন বলিতেছি—হে অর্জ্জুন ইহাতে তুমি আমার বিভূতির পরিচয় পাইবে ॥ ৩৯॥৪০ ॥

যদ্ যদ্ বিভূতিমৎ সত্ত্বং শ্রীমদূর্জ্জিতমেব বা।
তত্তদেবাবগচ্ছ ত্বং মম তেজোঽংশসম্ভবম্ ॥ ৪১ ॥

হে ধনঞ্জয়, যেখানে যেখানে সম্পত্তি ও দয়া বসবাস করে, উহা আমার অংশ বলিয়া জানিবে ॥ ৪১ ॥

অথবা বহুনৈতেন কিং জ্ঞাতেন তবার্জ্জুন।
বিষ্টভ্যাহমিদং কৃৎস্নমেকাংশেন স্থিতো জগৎ ॥ ৪২ ॥

গগনে সূর্য্যবিম্ব একটা, তাহারই প্রভায় ত্রিভুবন আলোকিত সেইরূপ এক আমারই আজ্ঞা সমগ্র জগতে পালিত হয়। অদ্বিতীয় আমাকে অসহায় একাকী বুঝিও না। নির্ধনতার নামও আমি জানি না। কামধেনু গাঁঠুরী ভরিয়া ধন লইয়া চলে না। তাহার সমীপে কিছু প্রার্থনা মাত্রই সে উহা উৎপন্ন করে, সেইরূপ জগতের সকল ঐশ্বর্য্য এক আমাতেই পূর্ণ হইয়া আছে। এই আমাকে জানিবার চিহ্ন বলিতেছি, হে প্রাজ্ঞ, জগৎ যাহার আজ্ঞার বন্দনা করে তাহাকে আমার অবতার জানিবে। ইনি সাধারণ আর উনি অসাধারণ এইরূপ ভেদ মহাপাপ। এক আমিই

সমগ্র বিশ্বরূপে আছি। ইহার মধ্যে মধ্যম আর উত্তম ভেদ-কল্পনা কেমন করিয়া করিবে ? ব্যর্থ স্ববুদ্ধির ভেদ কলঙ্ক কেন লাগাইবে ? ঘৃত কি আর মন্থন করিতে হয় ? অমৃত কি রাঁধিয়া সুস্বাদু করিতে হয় ? বায়ুর কি দক্ষিণভাগ বামভাগ আছে ? সূর্য্যবিম্বের সম্মুখ পশ্চাৎ দেখিবার নিমিত্ত দৃষ্টিপাত করিলে দ্রষ্টার চক্ষুই নষ্ট হইবে। আমার স্বরূপ সম্বন্ধে সামান্য বিশেষের কথা উঠে না। হে সুভদ্রা-পতি—আমার বিভূতি অনন্ত, কত বলিব, জানিবার চেষ্টা এখন বন্ধ করিয়া রাখ। আমার এক অংশদ্বারা জগৎ ব্যাপ্ত, ভেদ-রহিত সমানভাব রক্ষা করিয়া সর্ব্বত্র সাম্যদৃষ্টিতে আমার ভজন কর। বিবুধবনবসন্ত বিরক্তগণের শ্রেষ্ঠ শ্রীমন্ত শ্রীকৃষ্ণ এই প্রকারে বলিলে অর্জ্জুন বলিলেন—স্বামিন্, ভেদকে এক বস্তু বলিয়া উহা হইতে ভিন্ন আমাকে সেই ভেদবুদ্ধি ত্যাগের আদেশ করা আপনার উচিত হয় নাই। সূর্য্য কি জগৎকে কখনও বলে যে তুমি অন্ধকারকে দূরে তাড়াইয়া দাও ? আপনাকে অবিচারী বলা আমার ছোট মুখে বড় কথা! দেখুন, আপনার শ্রীনামও যাহার মুখে কোনও সময় একবার উচ্চারিত হয়—শ্রবণে প্রবেশ করে, তাহার হৃদয় হইতে ভেদবুদ্ধি নিশ্চয় পলায়ন করে। প্রত্যক্ষ পরব্রহ্ম আমার সৌভাগ্য বশতঃ হস্তগত হইয়াছে, কে কোথায় আর কাহার ভেদ দর্শন করিবে ? চন্দ্রবিম্বের গহ্বরে প্রবেশ করিলেও কি উষ্ণতা বোধ করিতে হইবে ? হে শ্রীকৃষ্ণ, আপনি শ্রেষ্ঠ অতএব যাহা ইচ্ছা বলিতে পারেন। শ্রীকৃষ্ণ অর্জ্জুনের এই বাক্য শ্রবণে

তাহাকে হৃদয়ের স্পর্শদ্বারা আলিঙ্গন করিয়া বলিলেন, তুমি আমার কথায় অভিমান করিও না। আমি তোমাকে ভেদরীতিতে বিভূতি বর্ণনা শুনাইয়াছি ; উহা অভেদ-বুদ্ধিতে তোমার প্রতীতি হইয়াছে কি না তাহা দেখিবার জন্য আমি বহিরঙ্গভাবে কিছু বলিতেছিলাম। এখন বুঝিলাম আমার বিভূতির জ্ঞান তোমার উত্তমরূপেই লাভ হইয়াছে। তখন অর্জ্জুন বলিলেন—তাহা আপনি জানেন, তবে আমি দেখিতেছি সকল বিশ্বেই আপনি পূর্ণ হইয়া আছেন।

হে রাজন্, অর্জ্জুনের এই প্রকার অনুভবের যোগ্যতা লাভ হইয়াছিল। সঞ্জয়ের এই বাক্যেও ধৃতরাষ্ট্র মৌন রহিলেন। সঞ্জয় দুঃখিত অন্তঃকরণে মনে মনে বলিলেন, ইহাতে আশ্চর্য্যের কিছুই নাই কারণ ধৃতরাষ্ট্র লাভের বস্তু হারাইয়া ফেলিয়াছেন। আমি মনে করিয়াছিলাম যে, তাহার মন প্রসন্ন হইবে এখন দেখিতেছি তাহার অন্তরও অন্ধ। যাহা হউক, অর্জ্জুন এই প্রকারে আপন কল্যাণ বৃদ্ধি করিয়াছিলেন। ইহার উপরও তাঁহার একটা উৎকণ্ঠা উৎপন্ন হইয়াছিল। তিনি ইচ্ছা করিলেন, হৃদয়ের অন্তর্বর্ত্তী অনুভূতি বাহিরেও চক্ষুর সম্মুখে প্রকাশিত হউক্। সম্পূর্ণ বিশ্বরূপকে চক্ষু দ্বারা আলিঙ্গন করিবার জন্য তাহার ইচ্ছা হইল। তিনি ভাগ্যবান্ তাহাতেই তাঁহার ঐরূপ বৃহৎ অভিলাষ। আজ তিনি কল্পবৃক্ষের শাখা হইয়া গিয়াছেন, তাহাতে কোন ফুলই বন্ধ্যা থাকিতে পারে না। অর্জ্জুন যাহা মুখে বলে, শ্রীকৃষ্ণ তাহা সত্য করিয়া

দেন। যিনি প্রহ্লাদের বচনে স্বয়ং বিষ হইয়া গিয়াছিলেন, সেই পরমাত্মাকে অর্জ্জুন সৎগুরুরূপে লাভ করিয়াছেন। জ্ঞানদেব বলিতেছে, অর্জ্জুন বিশ্বরূপ জিজ্ঞাসা কি প্রকারে করিবেন উহা পরবর্ত্তী অধ্যায়ে বর্ণনা করিব ॥ ৪২ ॥

ইতি শ্রীজ্ঞানদেব বিরচিতায়াং ভাবার্থ দীপিকায়াং

দশমোঽধ্যায়ঃ।

বিশ্বরূপ দর্শন যোগ

একাদশ অধ্যায়

একাদশ অধ্যায় শান্ত ও অদ্ভুত এই দুই রসে পরিপূর্ণ, ইহাতে পার্থের বিশ্বরূপ দর্শন হইয়াছে। শান্তরসের গৃহে অদ্ভুত রস আতিথ্য সংকার পাইয়াছে, অন্যান্য রসশ্রেণীরও সম্মান লাভ হইয়াছে। শুভ-বিবাহ সময়ে বর ও ক'নেকে যেরূপ বিবিধ বস্ত্র ও অলঙ্কার সহযোগে সুসজ্জিত করা হয়, সেইরূপ সকল রসকে অলঙ্কৃত করিয়া দেশীয় ভাষার সুখাসনে উপবেশন করান হইয়াছে। তাহাদের মধ্যে শান্ত ও অদ্ভুত এরূপ ভাবে লক্ষিত হইতেছে, যেন সাক্ষাৎ শ্রীহরি ও শ্রীহর পরস্পর প্রেমালিঙ্গিত হইয়া আছেন। অমাবস্যা তিথিতে সূর্য্য ও চন্দ্রবিম্ব একত্র মিলিত হয়, সেইরূপ এই অধ্যায়ে রস সকলকে একীভূত করা হইয়াছে। গঙ্গা ও যমুনার মিলনে প্রয়াগের মত ইহাও রসের প্রয়াগ হইয়াছে, এই নিমিত্তই জগৎ ইহাদ্বারা পবিত্র হইয়াছে। ইহাতে গীতা-সরস্বতী গুপ্তভাবে বাস করিতেছেন এবং দুইটী রসের প্রবাহ প্রকটভাবে মিলিত হইয়াছে। অতএব ত্রিবেণী সঙ্গম হইয়াছেন। জ্ঞানদেব বলিতেছে—দাতা শ্রীগুরু নিবৃত্তিনাথ শ্রবণ দ্বারা এই তীর্থে প্রবেশ করা সুলভ করিয়াছেন। সংস্কৃতের কঠিন তীর প্রদেশ ভাঙ্গিয়া সেই স্থানে দেশীয় ভাষার সোপান শ্রেণী নির্ম্মাণ করিয়া দিয়াছেন, প্রত্যেক সোপানই

ধর্ম্মনিধান তীর্থ। সকলেই সদ্ভাব লইয়া এই ত্রিবেণী তীর্থে অবগাহন করিবে ও বিশ্বরূপ প্রয়াগ-মাধব দর্শন করিয়া জন্ম-মরণ সংসারের তিলাঞ্জলি অর্পণ করিবে। এই অধ্যায়ে মূর্ত্তিমান রস ও ভাবে এরূপ সৌন্দর্য্য ফুটিয়া উঠিয়াছে যে, মনে হয়, শ্রবণসুখের সাম্রাজ্য লাভ হইয়াছে। শান্ত ও অদ্ভুত রস সুপ্রকাশিত। অন্য রসগুলির মহিমাও দেখানো হইয়াছে, তবে তাহার দৃষ্টান্ত অল্প। ইহাতে মোক্ষসুখ স্পষ্টভাবে পাওয়া যায়। একাদশ অধ্যায় শ্রীকৃষ্ণের নিজের বিশ্রান্তি স্থান। অর্জ্জুন সৌভাগ্যবান্‌গণের শ্রেষ্ঠ তাহাতেই এই পর্য্যন্ত তাঁহার গতি। শুধু কি অর্জ্জুনই এই পর্য্যন্ত আসিবার অধিকার পাইয়াছে? আজ দেশীয় ভাষায় সেই কথার প্রচার হওয়াতে মনুষ্য মাত্রের সুদিন আসিয়াছে। হে সজ্জনগণ, দয়া করিয়া আমার নিবেদন একটু মনোযোগ করিয়া শুনুন—আপনাদের ন্যায় সজ্জন সভায় কিছু বলিতে যাওয়া আমার ধৃষ্টতা আমাকে আপনাদের প্রেমে অবোধ বালকের মত জানিবেন। তোতার মুখে শিখান বুলি শুনিয়াও আপনারা আনন্দে শির ঢুলাইয়া থাকেন। বালকের কৃত কৌতুকে মাতা সন্তোষলাভ করেন না কি? সেই প্রকার আমিও যাহা বলিতেছি—সকলই আপনাদের শিক্ষায়। হে দেব, আপনারা নিজের কথাই নিজেরা শ্রবণ করুন। বিদ্যার মধুময় অঙ্কুরকে অবধান অমৃত সিঞ্চন করিয়া বাড়াইয়া দিন। তবেই রসভাবময় কুসুম ও গভীর তাৎপর্য্যময় ফলের শোভায় ইহা জগতের সুখদায়ক হইবে।

এই বাক্যে সাধুগণের আনন্দ হইল। তাঁহারা বলিলেন, আমরা বড়ই সন্তোষ লাভ করিলাম। অনন্তর অর্জ্জুন কি বলিলেন তাহাই বর্ণনা কর।

তখন শ্রীনিবৃত্তিদাস জ্ঞানেশ্বর বলিলেন—শ্রীকৃষ্ণ ও অর্জ্জুনের সংবাদ বর্ণনা করা সাধারণ মানুষ আমি কি জানি, উহা আপনারাই করাইতেছেন। বনপত্রভোজী বানর লঙ্কেশ্বর রাবণকে পরাভূত করিয়াছিল সে কাহার বলে? একাকী অর্জ্জুন একাদশ অক্ষৌহিনী সৈন্যকে পরাজিত করিয়াছিল সে কাহার সামর্থ্যে? সমর্থগণ যাহা ইচ্ছা করেন তাহাই সংসারে সংঘটিত হয়, অন্যথা হয় না। আপনারাও আমাকে দিয়া এই বিষয় নিরূপণ করাইতেছেন। বৈকুণ্ঠপতি শ্রীকৃষ্ণের শ্রীমুখ নির্গলিত গীতার ভাব আমি বর্ণন করিতেছি। ধন্য ধন্য গীতা গ্রন্থ। ইহাতে বেদ-প্রতিপাদ্য স্বয়ং শ্রীকৃষ্ণ বক্তা। যে গ্রন্থে শ্রীশঙ্করের বুদ্ধিও প্রবেশ করেনা, তাহার মহিমা কিরূপে বর্ণন করা যায়? জীবভাবে তাহাকে নমস্কার করি, ইহাই ভাল উপায়। বিশ্বরূপ দর্শনের আকাঙ্ক্ষা করিয়া অর্জ্জুন কিরূপ কথা আরম্ভ করিয়াছিলেন তাহা শুনুন, অনুভবজন্য তাহার এরূপ প্রত্যয় হইয়াছিল যে, সমগ্র জগৎ সেই সর্ব্বেশ্বর। উহা নয়নে প্রত্যক্ষ করিবার নিমিত্ত তাহার মনোগত আকাঙ্ক্ষা। সেই দর্শনের প্রশ্ন করাও অর্জ্জুনের সঙ্কট। বিশ্বরূপ অতি গূঢ়, উহা কেমন করিয়া জিজ্ঞাসা করা যায়? তিনি মনে মনে ভাবিলেন, যে কথা পূর্ব্বে কোন ভক্ত জিজ্ঞাসা করেন নাই সেই কথা "আমাকে দেখাইয়া দিন" বলিয়া

কিরূপে বলি ? সত্যবটে আমি ইঁহার খুব প্রিয়, তাহা বলিয়া কি লক্ষ্মী হইতেও বেশী ?

স্বয়ং লক্ষ্মীও এই প্রশ্ন করিতে ভয় পান। আমি ইঁহার যেরূপ সেবাই করি না কেন গরুড়ের সঙ্গে তুলনা হয় কি ? উহাকে এই কথা বলা হয় নাই। আমি কি সনকাদি হইতে প্রিয় ? তাঁহারা আমার মত বাতুলতা করেন নাই ! আমি কি গোকুলবাসীর সমান শ্রীকৃষ্ণের প্রিয় হইতে পারি ? তাহাদিগকে প্রভু এই কথা হইতে বাল্যকালে বঞ্চিত রাখিয়াছেন। এক গোপীর গর্ভবাসও সহিয়াছেন তথাপি বিশ্বরূপ যেমন তেমনই রহিয়াছে। তিনি অন্য কাহাকেও এই রূপ প্রদর্শন করেন নাই। এরূপ গুহ্য অন্তরের বস্তু সম্বন্ধে কেমন করিয়া প্রশ্ন করি ? প্রশ্ন না করিয়া বিশ্বরূপ না দেখিলে আমার সুখও হইবে না। জীবনও ধারণ করিতে পারিব না। জিজ্ঞাসা কবিতেই হইবে, তবে এরূপ প্রেমের সহিত জিজ্ঞাসা করিব যে, এক প্রশ্নেই প্রভু খুলিয়া খুলিয়া বিশ্বরূপ দেখাইয়া দেন। বাছুর দেখিতেই গাভী তাড়াতাড়ি উঠিয়া দাঁড়ায়, বাটে মুখ লাগাইলে কি দুগ্ধ ক্ষরণ না করিয়া থাকিতে পারে ? পাণ্ডবের নামেই যে শ্রীকৃষ্ণ বনেও রক্ষা করিবার নিমিত্ত ছুটিয়া আসিয়াছেন, অর্জ্জুন তাঁহাকে প্রশ্ন করিলে কি আর কিছু বাকী থাকিবে ? তিনি স্বভাবতঃ প্রেমের মূর্ত্তি তাহাতে আবার অর্জ্জুন-প্রেম মাদকদ্রব্য তাহাকে খাওয়ান হইয়াছে, এরূপ মিলনে ভিন্নতা থাকিয়া যাওয়াই আশ্চর্য্য ! অর্জ্জুন জিজ্ঞাসা করিতেই বিশ্বরূপ হইয়া যাইবেন। সেই প্রসঙ্গে প্রথম কথা শুনুন।

অর্জ্জুন উবাচ—

মদনুগ্রহায় পরমং গুহ্যমধ্যাত্মসংজ্ঞিতম্ ।
যত্ত্বয়োক্তং বচস্তেন মোহোঽয়ং বিগতো মম ॥ ১ ॥

পার্থ শ্রীকৃষ্ণকে বলিলেন—হে কৃপানিধি, আপনি অনির্ব্বাচ্য বস্তুও বর্ণনা করিয়া প্রকাশ করিয়াছেন। মহাভূতগণ যখন পরব্রহ্মে বিলীন হইয়া যায়, এমন কি মহৎতত্ত্ব প্রভৃতির চিহ্ন থাকে না, তখন আপনি যে স্বরূপে অবস্থান করেন, যাহা কারণ স্বরূপ, যে স্বরূপ-জ্ঞান কৃপণের ন্যায় আপনি স্বহৃদয়ে যত্নে রাখিয়াছেন, বেদেও গোপন করিয়াছেন, আপনার হৃদয়ের সেই রহস্য আজ আমার কাছে খুলিয়া দিয়াছেন। যে অধ্যাত্ম বস্তুর নিমিত্ত শঙ্কর সকল ঐশ্বর্য্য পরিত্যাগ করিয়াছেন, হে প্রভু, উহা আমাকে প্রদান করিয়াছেন। যদিও 'আমি' বলিতেছি আমি আপনার স্বরূপ হইতে ভিন্ন নই। মহামোহের বন্যার মধ্যে মস্তক পর্য্যন্ত ডুবিয়াছিলাম হে শ্রীহরি, আপনি স্বয়ং সেই বন্যায় ঝম্প প্রদান করিয়া আমাকে উদ্ধার করিয়াছেন। এক আপনি ভিন্ন এজগতে দ্বিতীয় কথা নাই, আমার কর্ম্ম দেখুন আমি দ্বিতীয় বুঝিতে ছিলাম। 'আমি অর্জ্জুন' এই দেহাভিনিবেশ-জনিত অভিমানে কৌরবগণকে স্বগোত্রজ বুঝিতেছিলাম এবং ইহাদিগকে বধ করিয়া পাপে নিমগ্ন হইব এই দুঃস্বপ্ন দেখিতেছিলাম। প্রভু আমাকে এই সময় জাগ্রত করিয়া দিয়াছেন। হে দেব, হে লক্ষ্মীপতি, গন্ধর্ব-নগরী পরিত্যাগ করিয়া জলপান করিবার নিমিত্ত আমি মৃগতৃষ্ণিকার

সেবা করিতেছিলাম। বস্ত্র নির্ম্মিত সর্পের দংশন সত্য বলিয়া মনে করিতেছিলাম। এইভাবে অনর্থক মরণোন্মুখ ব্যক্তিকে জীবন দান করিবার পুণ্য সঞ্চয় করিয়াছেন। হে অনন্ত, নিজের প্রতিবিম্ব দর্শন করিয়া কূপমধ্যে পতনোন্মুখ সিংহকে থামাইবার মত আমাকে রক্ষা করিয়াছেন। নতুবা শুনুন, আমি এরূপ নিশ্চয় করিয়াছিলাম যে, সপ্তসমুদ্র যদি একত্র হইয়া যায়, সমগ্র জগৎ ডুবিয়া যায় অথবা আমার উপর আকাশ ভাঙ্গিয়া পড়ে তথাপি আমি স্বগোত্রজগণের বিরুদ্ধে অস্ত্র ধারণ করিব না। অহঙ্কারের প্রাচুর্য্যে আমি আগ্রহজলে ডুবিয়াছিলাম। আপনি কাছে ছিলেন তাই ভাল, অন্যথা আমাকে কে উদ্ধার করিত? বাস্তব পক্ষে আমি কেহ না হইলেও আমার একটা পৃথক্ অস্তিত্ব স্বীকার করিয়া লইয়াছিলাম এবং যাহাদের কোন অস্তিত্ব নাই, তাহাদিগকে আত্মীয় বলিয়া আখ্যা দিয়াছিলাম। এই ভাবে প্রমত্ত হইয়াছিলাম আপনিই রক্ষা করিলেন। পূর্ব্বেই একবার লাক্ষাগৃহে অগ্নিদাহ হইতে আপনি রক্ষা করিয়াছেন, তখন কেবল শরীর নাশের ভয় ছিল, বর্ত্তমান অবস্থায় আমাকে চৈতন্য সহিত নাশ করিবার উদ্যোগ করিয়াছিল। দুষ্টাগ্রহ হিরণ্যাক্ষ আমার বুদ্ধিরূপা পৃথিবীকে করতল গত করিয়া মোহ সমুদ্রের তলদেশে প্রবেশ করিয়াছিল, আপনার সামর্থ্যে আবার আমার বুদ্ধি ফিরিয়া পাইয়াছি। এই প্রসঙ্গে আপনি দ্বিতীয় বার বরাহ অবতার হইয়াছেন। আপনার উপকার অসীম। এক মুখে আমি কি বর্ণনা করিব? আপনি আমার নিমিত্ত পঞ্চপ্রাণ সমর্পণ করিয়াছেন।

ইহা বৃথা যাইবে না। হে দেবরাজ, আপনি মায়াকে আদি ও অন্তের সহিত শেষ করিয়াছেন, ইহাতে আপনার অত্যন্ত যশঃ লাভ হইতেছে। আনন্দ সরোবরের কমল সদৃশ আপনার নেত্রযুগল যাহার নিমিত্ত প্রসন্নতার মন্দির হইয়া রহিয়াছে তাহার আবার মোহ, ইহা একান্ত তুচ্ছ, বাড়বানলের উপর মৃগতৃষ্ণিকার জল কোন্ কাজে লাগে? হে শ্রীগুরো, আমি এই কৃপারূপ মন্দিরে প্রবেশ করিয়া ব্রহ্মরসের আস্বাদন করিতেছি ইহার ফলে যে আমার মোহ ছুটিয়া যাইবে ইহাতে আর আশ্চর্য্য কি? তাৎপর্য্য এই যে, আপনার চরণ স্পর্শ করিয়া আমি বলিতেছি আমার উদ্ধার হইয়া গিয়াছে ॥ ১ ॥

ভবাপ্যয়ৌ হি ভূতানাং শ্রুতৌ বিস্তরশো ময়া।
ত্বত্তঃ কমল পত্রাক্ষ মাহাত্ম্যমপি চাব্যয়ম্ ॥ ২ ॥

হে কমল পত্রাক্ষ, হে কোটি সূর্য্য প্রকাশ, হে পরমেশ, আজ আপনার নির্ণয় শুনিলাম। আপনি বলিয়াছেন যাহা হইতে ভূতগণ উৎপন্ন হয় এবং লয় হয় তাহার নাম প্রকৃতি। আপনি এই প্রকৃতির সম্পূর্ণ বর্ণনা করিয়াছেন। যাঁহার মহিমার আচ্ছাদনে বেদ বস্ত্র-যুক্ত বলা যায় সেই পুরুষের রূপ নির্দ্দেশ করিয়াছেন। যাঁহার মহিমা বেদ সকল গান করিয়া ধন্য হইয়াছেন, বেদ যাঁহার চরণ আশ্রয়ে বৃদ্ধি প্রাপ্ত হইয়া জীবন ধারণ করে, ধর্ম্মের ন্যায় মহারত্ন উৎপন্ন করে, অগাধ মহিমামণ্ডিত সকল পথের একমাত্র গন্তব্য, আত্মানুভব দ্বারা অভিরমিত আপনি অভ্রপটল দূর হইয়া গেলে মুক্ত গগন

তলে সূর্য্যের ন্যায়। পানা সরাইয়া দিলে নির্ম্মল জল দেখা যায়—সর্পের বন্ধন ছাড়াইলে চন্দনবৃক্ষ পাওয়া যায়—যক্ষকে দূর করিলে ধনাগার আপন হাতে আসে, তেমনই

কমলপত্রাক্ষ—(১) কমলস্য পত্রং কমলপত্রং তদ্বদক্ষিণী যস্য সঃ। কমল দলের ন্যায় নয়ন যাহার। (২) কমলস্য পত্রে ইব দীর্ঘে রক্তকান্তে পরম মনোরমে অক্ষিণী যস্য। পদ্মদলের ন্যায় দীর্ঘ ও রক্তিম আভাযুক্ত পরম মনোহর নেত্রযুক্ত। (৩) কং ব্রহ্মসুখং অলতি প্রকাশয়তি ইতি কমলং তদেব পতনাৎ ত্রায়তে ইতি পত্রং। কমলং চ তৎ পত্রং চ কমল-পত্রং তেন অক্ষতে প্রাপ্যতে ইতি কমল পত্রাক্ষ ইতি। কং=ব্রহ্মসুখ, অলতি=প্রকাশ করে, কমল=ব্রহ্মানন্দ প্রকাশকারী, পত্রং=পতন হইতে ত্রাণকারী। অক্ষ=প্রদানকারী। কমলপত্রাক্ষ=ব্রহ্মানন্দ হইতে পতিত জনকে ত্রাণ পূর্ব্বক সেই স্বরূপানন্দ প্রদানকারী। গীতায় বিভিন্ন তাৎপর্য্যবোধক বহু নামে অর্জ্জুন শ্রীভগবানের সম্বোধন করিয়াছেন; যথা—(১) অচ্যুত, (২) অনন্ত (সত্যং জ্ঞানমনন্তং ব্রহ্ম। শ্রুতিঃ); (৩) অপ্রতিম প্রভাব (যাহার তুল্য প্রভাবশালী দ্বিতীয় নাই), (৪) অরি-সূদন, (৫) আদ্য (আদি পুরুষ), (৬) কৃষ্ণ (কৃষির্ভূর্বাচকঃ শব্দো ণশ্চ নির্বৃতিবাচকঃ। তয়োরৈক্যং পরংব্রহ্ম কৃষ্ণ ইত্যভিধীয়তে॥ সত্তাবাচক আনন্দ পরমব্রহ্ম। শ্যামবর্ণ। প্রলয়কালে স্বোদরে সকলের আকর্ষণকারী। নিখিল দোষ নিবারণকারী, আকর্ষণ পূর্ব্বক পুরুষার্থ প্রদানকারী। শ্যামসুন্দর যশোদানন্দন। কৃষ্ণশব্দস্য তমালশ্যামলত্বিষি যশোদা স্তনন্ধয়ে ব্রহ্মণি রূঢত্বাদিতি শ্রীলক্ষ্মীধর কৃত শ্রীভগবন্নাম কৌমুদ্যাম্); (৭) কেশব (সুন্দর কেশবান্, কেশীনামক দৈত্য নিহন্তা, 'যস্মাত্ত্বয়ৈব দুষ্টাত্মা হতঃ কেশী জনার্দন। তস্মাৎ কেশবনাম্না ত্বং লোকে জ্ঞেয়োভবিষ্যসি। "বিষ্ণুপুরাণ"। ব্রহ্মবিষ্ণুশিবাখ্যাঃ শক্তয়ঃ কেশ সংজ্ঞিতাঃ; ব্রহ্মা,

প্রকৃতির আবরণ সরাইয়া আপনি আমার বুদ্ধিকে পরব্রহ্ম শয্যায় শায়িত করাইয়া দিয়াছেন। প্রভু, এই বিষয়েই

বিষ্ণু, মহেশ্বর, যাহার বশ সেই পরম পুরুষ বাসুদেব।); (৮) কেশিনিসূদন; (১২) গোবিন্দ (ইন্দ্রিয়ের অধিষ্ঠাতা অন্তর্যামী, বেদান্ত বেদ্য পরমব্রহ্ম, বেদবেত্তা, গো-পালনকারী); (১০) জগৎপতে; (১১) জগন্নিবাস; (১২) জনার্দন (জনান্ অর্দয়তি হিনস্তি নরকাদীন্ গময়তি ইতি। জনগণের পাপের ফল ও নরকাদির ভোগ প্রদানকারী, জনং জননং তৎকারণমজ্ঞানং চ স্বসাক্ষাৎকারেণ অর্দ্দয়তি হিনস্তি ইতি জনার্দ্দনঃ। যিনি দর্শন দান করিলে জীবের জন্ম, মরণ ও তৎকারণভূত অজ্ঞান দূর হয়।) (১৩) দেব (প্রকাশময়, লীলাময়); (১৪) দেবদেব; (১৫) দেবেশ; (১৬) পরমেশ্বর: (১৭) পুরুষোত্তম; (১৮) প্রভু; (১৯) ভগবন্; (২০) ভূতভাবন; (২১) ভূতেশ; (২২) মধুসূদন (মধু-নামক দৈত্যের নিহন্তা, মধুর ন্যায় অনুভূত দেহাভিনিবেশ আত্মজ্ঞানদ্বারা ধ্বংসকারী); (২৩) মহাত্মন্; (২৪) মহাবাহো: (২৫) মাধব। (মা বিদ্যা চ হরেঃ প্রোক্তা তস্যা ঈশো যতো ভবান্। তস্মান্মাধব নামাসি ধবস্বামীতি শব্দিতঃ॥ শ্রীলক্ষ্মীপতি, মায়াধীশ, মধুকুল সম্ভূত।); (২৬) যাদব; (২৭) যোগেশ্বর; (২৮) বার্ষ্ণেয় (বৃষ্ণিকুল প্রসূত।); (২৯) বাসুদেব (বসুদেব নন্দন, সর্ব্বভূতনিবাস, বাসনাৎ সর্ব্বভূতানাং বসুত্বাদ্দেব যোনিতঃ। বাসুদেবস্ততো জ্ঞেয়ো যোগিভিস্তত্ত্বদর্শিভিঃ॥); (৩০) বিশ্বমূর্ত্তে; (৩১) বিশ্বেশ্বর; (৩২) বিশ্বরূপ; (৩৩) বিষ্ণো (সর্ব্বব্যাপক যস্মাদ্বিশ্বমিদং সর্ব্বং অস্য শক্ত্যা মহাত্মনঃ। তস্মাদেবোচ্যতে বিষ্ণুর্বিশ-ধাতোঃ প্রবেশনাৎ॥) (৩৪) সর্ব; (৩৫) সহস্র বাহো; (৩৬) হরে (ক্লেশহারী, পাপহারী, অবিদ্যাহারী, যজ্ঞভাগহারী, প্রেমদান পূর্ব্বক মনোহারী।); (৩৭) হৃষীকেশ (ইন্দ্রিয়গণাধীশ)।

মন স্থির সিদ্ধান্ত করিয়া লইয়াছে, তবে আমার আর একটী আকাঙ্ক্ষা জাগিয়াছে। সঙ্কোচ করিয়া উহা আপনাকে জিজ্ঞাসা না করিলে আর কাহাকে করিব? আমি কি আপনাকে ভিন্ন আর অতিরিক্ত কাহাকেও জানি? জলচর জলকে ভার মনে করিয়া ত্যাগ করিতে পারেনা—বালক স্তন পানে কাহারও উপরোধ রাখিতে পারে না, হে হরি, তাহার জীবিকার আর অন্য উপায় নাই! আমি সঙ্কোচ করিতে পারি না। আমার প্রাণের কথা বলিতে ইচ্ছা হইতেছে। শ্রীকৃষ্ণ বলিলেন—বেশ, বল ॥ ২ ॥

এবমেতদ্ যথাত্থ ত্বমাত্মানং পরমেশ্বর।
দ্রষ্টুমিচ্ছামি তে রূপমৈশ্বরং পুরুষোত্তম ॥ ৩ ॥

কিরীটি বলিলেন, আপনার নিরূপণে আমার প্রতীতির দৃষ্টি শীতল হইয়া গিয়াছে। যাহার সঙ্কল্পে এই লোক পরম্পরা উৎপন্ন ও বিলীন হয়, যাহা আপনি স্বয়ং "আমি" বলিয়া আখ্যা দিয়াছেন, আপনার সেই মুখ্য স্বরূপ হইতে চতুর্ভুজাদি মূর্ত্তি প্রকাশ করিয়া দেবতার কার্য্য সাধন ব্যপদেশে অবতীর্ণ হইয়া থাকেন। বহুরূপীর ন্যায় জলশায়ীর বেশ ও মৎস্য, কূর্ম্ম ইত্যাদি লীলাবতার প্রকাশ করিয়া লীলাবসানে যে স্বরূপে ঐ সকল রূপ সঞ্চয় করিয়া রক্ষা করেন—যাঁহার মহিমা উপনিষদ্ গান করে—যোগী অন্তর্হৃদয়াবকাশে প্রবেশ করিয়া দর্শন করে—সনকাদি মুনিগণ যাঁহাকে আলিঙ্গন করিয়াছেন, সেই মহামহিমাময় বিশ্বরূপের

কথা আমি শুধু কর্ণেই শুনিয়াছি। এখন প্রত্যক্ষ দর্শন করিবার নিমিত্ত আমার চিত্ত উৎকণ্ঠিত হইয়া উঠিয়াছে। প্রভু আমাকে অসঙ্কোচে ইচ্ছা প্রকাশে আদেশ করিয়াছেন, এই রূপদর্শনের আকাঙ্ক্ষা পূর্ণ করুন। আপনার বিশ্বরূপ দৃষ্টিগোচর করিব ইহাই একান্ত অভিলাষ ॥ ৩ ॥

মন্যসে যদি তচ্ছক্যং ময়াদ্রষ্টুমিতি প্রভো।
যোগেশ্বর ততো মে ত্বং দর্শয়াত্মানমব্যয়ম্ ॥ ৪ ॥

তবে এক কথা হে শার্ঙ্গধর, ঐ রূপ দর্শনের যোগ্যতা আমার আছে কিনা আমি জানি না। যদি প্রশ্ন করেন, কেন জান না, তদুত্তরে বলি, রোগী কখনও রোগের কারণ জানে? উৎকণ্ঠার আসক্তিতে আর্ত্ত নিজের যোগ্যতা ভুলিয়া যায়। পিপাসায় মনে হয়, সমুদ্রও বুঝি তৃষ্ণা দূর করিতে পারিবে না। উৎকণ্ঠার মোহ নিজের যোগ্যতার সীমা বুঝিতে দেয় না। হে জনার্দ্দন, মাতা বালকের যোগ্যতা বিচার করিয়া পথ্য প্রদান করে, আপনি আমার অধিকার বিচার করিয়া বিশ্বরূপ প্রদর্শনের ব্যবস্থা করুন। পূর্ব্বোক্তরূপে কৃপা করিয়া দেখাইয়া দিন, না হয় বলুন দেখাইব না। পঞ্চমস্বরে গান হইলেও বধির উহা শুনিয়া সুখী হইতে পারে না। মেঘের আশা করিয়া চাতকই বসিয়া থাকে বলিয়া মেঘ কি সমগ্র পৃথিবীর নিমিত্তই বর্ষণ করে না? বর্ষা হইলেও উচ্চ ভূমিতে উহা বৃথা যায়? চকোর চন্দ্রামৃত আস্বাদন করে, তাহা বলিয়া অপরকে কি উহা ভোগ করিতে নিষেধ করিয়া শপথ দেওয়া

হইয়াছে ? যোগ্য নয়নভিন্ন রূপ-প্রকাশ বৃথা। আপনি যে বিশ্বরূপ দেখাইবেন এ সম্বন্ধে আমার নিশ্চয় বিশ্বাস আছে, আপনি জ্ঞানী ও মূর্খ উভয়ের সমীপেই সমান। আপনার উদারতা স্বতন্ত্র, ইহা আমি জানি। দান করিবার সময় পাত্রাপাত্র বিচার করেন না। কৈবল্যের ন্যায় পবিত্র বস্তুও শত্রুকে দান করেন। মোক্ষ প্রাপ্তি কত কঠিন, সেই মোক্ষ-সুখ নিরন্তর আপনার সেবা করে এবং নির্দ্দেশ অনুসারে যেখানে সেখানে দূতের ন্যায় গমনাগমন করে। যে পূতনা স্তনে দুর্জ্জর বিষ মাখিয়া আপনাকে হত্যা করিবার জন্য আসিয়াছিল তাহাকেও আপনি সনকাদির ন্যায় মুক্তির সম্পূর্ণ মাধুর্য্য সমর্পণ করিয়াছেন। (যুধিষ্ঠিরের) রাজসূয় যজ্ঞে সমাগত ত্রিভুবনের সদস্যগণের সম্মুখে কতই না দুর্ব্বচন উচ্চারণ করিয়া শিশুপাল আপনার অপমান করিয়াছিল, হে গোপাল, আপনি তাহাকে স্বচরণ প্রদান করিয়াছেন। উত্তানপাদ রাজার পুত্র ধ্রুব কি ধ্রুব-পদের আশা করিয়াছিল ? বনে আগমনের হেতু—পিতার ক্রোড়ে স্থান পাইবার ইচ্ছা মাত্র, তাহাকে চন্দ্র সূর্য্য হইতেও জগতে শ্রেষ্ঠ পদ প্রদান করিয়াছেন। হে উদার, এই প্রকারে দেখা যায়, আর্ত্তের নিমিত্ত আপনি দাতা শিরোমণি। অজামিল পুত্রকে ডাকিয়া আপনার কাছে মুক্তি লাভ করিয়াছে। হে দাতা, যিনি আপনার বুকে লাথি মারিলেন তাঁহার পদ-চিহ্ন আপনি ধারণ করিলেন। কতদিন হইয়া গেছে এখনও আপনি আপনার বৈরীর শরীরটী ভুলিতে পারেন নাই। শঙ্খাসুরের দেহ পাঞ্চজন্য শঙ্খ

শ্রীহস্তে-ধারণ করিতেছেন। যে অপকার করে আপনি তাহারও উপকার করেন, কুপাত্রের প্রতিও উদারতা প্রদর্শন করেন! বলিরাজ আপনাকে দান করিয়াছিল সেই গুণে আপনি তাহার দ্বারপাল হইয়া আছেন। আপনার পূজা করিত না বা গুণানুবাদ শ্রবণ করিত না, কেবল জার সম্ভাষণে ভগবন্নামাভাষ উচ্চারিত হইত এই গুণে পুরাকালে এক বেশ্যাকে সদ্‌গতি দান করিয়াছেন। বৃথা অছিলায় নির্ভর করিয়াও স্বেচ্ছায় আপন পদ প্রদান করেন, আমার নিমিত্ত কি আর ভিন্ন ব্যবস্থা করিবেন? আপন দুগ্ধের প্রাচুর্য্যে যে সমস্ত জগতের সঙ্কট দূর করিয়া দেয়, সেই কামধেনুর বাছুরী কি ক্ষুধার্ত্ত থাকিবে? আমি কিছু প্রার্থনা করিলে উহা পূর্ণ হইবে না ইহা অসম্ভব। আমাকে দর্শনের যোগ্যতা প্রদান করুন। আপনার বিশ্বরূপ দেখিবার যোগ্যতা যদি আমার হইয়া থাকে তবে এই চাহিদা পূর্ণ করুন।

সুভদ্রাপতি এইরূপ বিনয় প্রকাশ করিয়া চুপ করিলেন। ষড়্‌গুণ চক্রবর্ত্তী শ্রীকৃষ্ণ আর থাকিতে পারিলেন না। তিনি দয়ামৃতপূর্ণ মেঘ এবং অর্জ্জুন কালপ্রাপ্ত বর্ষা ঋতু। শ্রীকৃষ্ণ কোকিল, অর্জ্জুন বসন্ত। পূর্ণচন্দ্রের বিম্ব দর্শনে ক্ষীর সাগর উচ্ছলিত হইয়া উঠে, অর্জ্জুনের প্রেমে বশীভূত হইয়া শ্রীকৃষ্ণও তদ্রূপ দ্বিগুণিত উল্লসিত হইয়া উঠিলেন। সেই প্রসন্নতার আবেশে তিনি দয়া করিয়া বলিতে লাগিলেন—হে পার্থ দেখ, দেখ, আমার বহুরূপ দেখ। অর্জ্জুন এক বিশ্বরূপ দেখিতে চাহিয়াছিলেন, শ্রীকৃষ্ণ সকলই বিশ্বরূপ করিয়া ফেলিলেন। প্রভুর

অপরিমেয় উদারতা। তিনি সর্ব্বদাই যাচকের প্রার্থনার সহস্র-গুণ, এমন কি আপন সর্ব্বস্ব প্রদান করিয়া থাকেন। কেননা, যে রূপ শেষনাগের নয়ন হইতে লুকাইয়া রাখিয়াছেন—যাহাহইতে বেদমাতাগণ বঞ্চিত, পরমপ্রিয়া লক্ষ্মীদেবীর সমীপেও গুপ্ত, সেই বিশ্বরূপকে এখন অনেক রীতিতে প্রকাশ করিয়া পরম-শ্রেষ্ঠ সৌভাগ্যশালী অর্জ্জুনকে দেখাইবার উদ্‌যোগ করিলেন। জাগ্রত ব্যক্তি স্বপ্নরাজ্যে বিচরণকালে নিজেই স্বপ্নদৃষ্ট বস্তু হইয়া যায়, সেইরূপ এক শ্রীকৃষ্ণই অনন্ত ব্রহ্মাণ্ড হইয়া আছেন। সেই স্বরূপটি ভগবান্ প্রকাশ করিলেন এবং অর্জ্জুনের অজ্ঞানদৃষ্টির আড়ালকে সরাইয়া আপন যোগ-সম্পত্তি দেখাইলেন। অর্জ্জুন এই স্বরূপ দেখিতে সমর্থ হইবেন কি না প্রভুর এই বিষয়ে অনুসন্ধানই ছিল না। স্নেহবশে তিনি বলিতে লাগিলেন দেখ, দেখ—॥ ৪ ॥

শ্রীভগবানুবাচ—

পশ্য মে পার্থ রূপাণি শতশোঽথ সহস্রশঃ।
নানাবিধানি দিব্যানি নানা বর্ণাকৃতীনি চ ॥ ৫ ॥

হে অর্জ্জুন, তুমি একটী স্বরূপ দেখাইবার জন্য বলিয়াছিলে; শুধু উহা দেখাইলে আর কি দেখান হইল? এখন দেখ সকল জগৎ আমার রূপেই পরিপূর্ণ। কৃশ, স্থূল, হ্রস্ব, বিশাল, মোটা, সরল, বুদ্ধিমান, ক্রিয়াশীল, নিশ্চল, উদাসীন, তীব্রপ্রেমযুক্ত, অনন্ত, অকপট, অবোধ, সাবধান, সুগম, অগাধ, উদার, কৃপণ, ক্রোধযুক্ত, শান্ত, উত্তম, যুমক্ত, দস্তব্ধ, আনন্দী, গর্জ্জনকারী,

শব্দরহিত, সৌম্য, সকাম, বিরক্ত, জাগ্রত, নিদ্রিত, সন্তুষ্ট, আর্ত্ত, আর কেহ প্রসন্ন মূর্ত্তি! শস্ত্ররহিত, শস্ত্রসহিত, উগ্র, প্রেম-স্বভাব, ভয়ানক, বিচিত্র, আর কেহ সমাধিস্থ। কেহ উৎপত্তি কর্ম্মে নিযুক্ত, কেহ প্রেমে পালনকারী, কেহ ক্রোধে সংহারকর্ত্তা আর কেহ সাক্ষীভূত। ইহারা নানাপ্রকার দিব্য তেজ ও প্রকাশযুক্ত, বর্ণেও একে অপরের সহিত একপ্রকার নয়। কেহ তপ্তস্বর্ণের ন্যায় উজ্জ্বলবর্ণ—কেহ এরূপ যেন আকাশের গাত্রে সিন্দুর ঢালিয়া দেওয়া হইয়াছে—কেহ স্বভাবতঃ সুন্দর যেন ব্রহ্মাণ্ড মাণিক্য মণ্ডিত—কেহ অরুণোদয়ের ন্যায় রক্তিমাভ—নির্ম্মল স্ফটিকের ন্যায় উজ্জ্বল, ইন্দ্রনীলমণির মত অত্যন্ত নীল—কজ্জলের মত কৃষ্ণবর্ণ, লালবর্ণ—উজ্জ্বল সুবর্ণের ন্যায়—সজল জলদের ন্যায় শ্যামল—চম্পকের মত নির্ম্মল ও গৌর, আর কেহ হরিদ্বর্ণ। কেহ তপ্ততাম্রের ন্যায় পাটল—কেহ শুভ্রচন্দ্রের দীপ্তিশালী—এরূপ আমার বিবিধবর্ণের রূপ দর্শন কর। পূর্ব্বোক্ত বর্ণের ন্যায় আকৃতিও পৃথক্ পৃথক্। কোনটী এরূপ সুন্দর যে লজ্জিত হইয়া মদন শরণ গ্রহণ করে—কোনটী অত্যন্ত লাবণ্যের রূপ—কেহ তেজঃপুঞ্জ—কেহ মনোহর, দেখিলে মনে হয় যেন শৃঙ্গার-লক্ষ্মীর ভাণ্ডার উন্মুক্ত করিয়া দেওয়া হইয়াছে। কোন রূপ পুষ্ট ও স্থূল, কেহ শুষ্ক—কোনটী ভয়ানক—কোনটির কণ্ঠ দীর্ঘ—কোনটী বৃহৎশিরে—কোনটী ভয়ঙ্কর। এরূপ নানাপ্রকার আকৃতির সীমা নাই। দেখ, ইহাদের এক এক অঙ্গ প্রদেশে জগৎ পূর্ণ হইয়া আছে॥ ৫॥

পশ্যাদিত্যান্ বসূন্ রুদ্রানশ্বিনৌ মরুতস্তথা।
বহূন্যদৃষ্টপূর্ব্বাণি পশ্যাশ্চর্য্যাণি ভারত ॥ ৬ ॥

যেদিকে চক্ষু মেলিয়া দৃষ্টিপাত করি সেদিকেই আদিত্যের প্রকাশ, চক্ষু বুজিতেই লয়। আমার মুখের বাষ্প বাহির হইলে সর্ব্বত্র জ্বালাময় হইয়া যায়, ইহাতেই পাবক প্রভৃতি অষ্টবসুর উৎপত্তি। ক্রোধ পূর্ব্বক ভ্রূকুঞ্চিত করিলে রুদ্রগণের জন্ম। আমার সৌম্যতা হইতে বহু অশ্বিনীকুমার-যুগল জন্মগ্রহণ করে। হে পাণ্ডব, আমার কর্ণ হইতে বায়ুর উৎপত্তি। এই প্রকার একটী অবয়বের লীলায় দেবতা ও সিদ্ধকুল জন্মগ্রহণ করে। এ রূপ অপার ও বিশাল ইহার বর্ণনা করিতে বেদ স্তব্ধ হইয়া যায়, ইহার দর্শনে স্বয়ং কালেরও আয়ুষ্কাল অল্প বলিয়া প্রতিভাত হয় এবং ব্রহ্মাও ইহার মহিমার পার পান না। তিন বেদ যে স্বরূপের কথা শুনে নাই এরূপ আমার বহুমূর্ত্তি প্রত্যক্ষ করিয়া বিস্ময়, লীলারস ও মহাসুখের উপভোগ কর ॥ ৬ ॥

ইহৈকস্থং জগৎ কৃৎস্নং পশ্যাদ্য সচরাচরম্।
মম দেহে গুড়াকেশ যচ্চান্যদ্দ্রষ্টুমিচ্ছসি ॥ ৭ ॥

হে কিরীটি, দেখ, এই মূর্ত্তিসকলের রোমকূপে ব্রহ্মাণ্ডসৃষ্টি কল্পবৃক্ষের মূলে তৃণাঙ্কুরের ন্যায় পূর্ণ হইয়া আছে, গবাক্ষদ্বারে পরমাণু উড়িতে ও পড়িতে দেখা যায়, সেইরূপ অঙ্গাবয়বের সন্ধিস্থানে ব্রহ্মাণ্ড সকল ঘুরিতেছে-পড়িতেছে। এক এক অঙ্গভাগে সম্পূর্ণ বিশ্ব বিস্তৃত হইয়া আছে। বিশ্বের অতীত বস্তু

দেখিতে চাও, তাহারও অল্পতা নাই। যাহা ইচ্ছা আমার স্বরূপে দেখিতে পার। বিশ্বাবতার করুণাময় শ্রীকৃষ্ণ এই প্রকার বলিলেও অর্জ্জুন 'সকলই দেখিতেছি, কিছুই দেখি না,' এরূপ কোন কথা না বলিয়া চুপ্ করিয়া রহিলেন। অর্জ্জুন চুপ্ করিয়া রহিল কেন, এইটা বুঝিবার নিমিত্ত দৃষ্টিপাত করিতে শ্রীকৃষ্ণ দেখিলেন, উৎকণ্ঠারূপ ভূষণে ভূষিত স্তব্ধ হইয়া সে দণ্ডায়মান ॥ ৭ ॥

> ন তু মাং শক্যসে দ্রষ্টুমনেনৈব স্বচক্ষুষা।
> দিব্যং দদামি তে চক্ষুঃ পশ্য মে যোগমৈশ্বরম্ ॥ ৮ ॥

শ্রীকৃষ্ণ বুঝিলেন, তাহার ঔৎসুক্য কিছুমাত্র কমে নাই—সুখের উপায় হস্তগত হয় নাই, যে রূপ দেখাইলাম উহা সে ধ্যানও করে নাই। তখনও একভাবে অবস্থিত অর্জ্জুনকে হাস্যমুখে সম্বোধন করিয়া বলিলেন—আমি বিশ্বরূপ দেখাইলাম তুমি ত দেখিলে না? ইহাতে চতুর অর্জ্জুন বলিলেন—প্রভু দোষ কাহার? চন্দ্রামৃত কি বকের আস্বাদনযোগ্য? উহা যে শুধু চকোরের উপভোগ্য; আপনি দর্পণ পরিষ্কার করিয়া অন্ধকে দেখিবার জন্য দিতেছেন, হে হৃষীকেশ, বধিরের সমীপে গান করিতেছেন, ফুলরেণুর কর্দ্দম ভেকের সমীপে বৃথা ঢালিয়া দিতেছেন, অভিমান করিবেন কাহার উপর? যাহা ইন্দ্রিয়াতীত শুধু জ্ঞান-দৃষ্টিগোচর, সেইবস্তু আপনি এই চর্ম্মনেত্র সমীপে রাখিলে আমি কেমন করিয়া দেখি? তবে আপনার বুদ্ধির অল্পতা বলা উচিত নয়, তাই চুপ্ করিয়া থাকাই ভাল। প্রভু বলিলেন—

বৎস, যথার্থ বলিয়াছ বিশ্বরূপ দেখাইতে হইলে দেখিবার মত সামর্থ্য অর্পণ করা উচিত, একথা খুবই সত্য। প্রেমের ঘোরে বলিতে বলিতে আমি উহা বিস্মৃত হইয়া গিয়াছি। ভূমি চাষ না করিয়া বীজ বপন করিলে ফসলের কাল বৃথা যায়, যাহ'ক আমার স্বরূপ দর্শন করিবার যোগ্য দৃষ্টি তোমাকে প্রদান করিতেছি। হে পাণ্ডব, সেই দৃষ্টিদ্বারা আমার সম্পূর্ণ ঐশ্বর্য্য-যোগ দর্শন করিয়া অনুভবের বিষয় কর। বেদান্ত বেদ্য নিখিল লোকাদিকারণ জগদ্‌বরেণ্য শ্রীকৃষ্ণ এই প্রকার বলিলেন ॥ ৮ ॥

সঞ্জয় উবাচ—

এবমুক্ত্বা ততো রাজন্ মহাযোগেশ্বরো হরিঃ।
দর্শয়ামাস পার্থায় পরমং রূপমৈশ্বরম্ ॥ ৯ ॥

সঞ্জয় বলিলেন—হে কুরুকুলচক্রবর্ত্তী, আমার এই বিস্ময় হইতেছে যে, স্বয়ং লক্ষ্মী হইতে ত্রিজগতে আর কেহ অধিক ভাগ্যযুক্ত আছে নাকি? সঙ্কেত বর্ণন নৈপুণ্যে বেদমাতা হইতে অধিক কেহ আছে কি? শেষ নাগের মত সেবা আর কাহার দেখা যায়? প্রাপ্তি সম্বন্ধে যোগীর ন্যায় অষ্ট প্রহর কষ্ট করিয়া উপাসনায় রত গরুড়ের সমান আর কে আছে? ইহারা কি সকলেই পশ্চাতে পড়িয়া রহিলেন? সম্প্রতি পঞ্চ পাণ্ডবের জন্ম হওয়া অবধি কৃষ্ণ-সুখ একমাত্র তাঁহাদেরই হইয়াছে। বিশেষতঃ সেই পাঁচজনের মধ্যেও আবার শ্রীকৃষ্ণ স্বাভাবিক ভাবে অর্জ্জুনের এরূপ অধীন যে স্ত্রীর অধীন কামুক পুরুষ তাহার

দৃষ্টান্ত ; বুলিধরা পাখীও এরূপ পড়ে না, ক্রীড়ামৃগও এরূপ চলে না। জানিনা অর্জ্জুনের ভাগ্য কি ভাবে এরূপ সুপ্রসন্ন হইল ! অদ্য ইহার নয়ন পূর্ণপরব্রহ্মের ভোগ করিবার সৌভাগ্য লাভ করিয়াছে। শ্রীকৃষ্ণ ইহার বাক্য পূর্ণ করিয়া দিতেছেন। কোপ হইলে চুপ্ করিয়া থাকেন, কঠোর ভাব প্রকাশ করিলে বুঝাইতে থাকেন। শ্রীকৃষ্ণ অর্জ্জুনের প্রেমে নিশ্চয় উন্মাদ হইয়াছেন। বিষয় পরাভব করিয়া শুক প্রভৃতি মহাত্মা জন্মগ্রহণ করতঃ যাঁহার বিষয় বর্ণনে স্তাবক হইয়াছেন-যিনি যোগিগণের সমাধিলব্ধ সম্পত্তি তিনিই পার্থের অধীন। এই নিমিত্ত হে রাজন্, আমার মন বিস্ময়ে ডুবিয়া রহিয়াছে। সঞ্জয় আবার বলিলেন, তবে ইহাও বলিতে হয় যে, ইহাতে বিস্ময়েরই বা কি আছে কারণ শ্রীকৃষ্ণ যাহাকে অঙ্গীকার করেন তাহার এইরূপই সৌভাগ্যোদয় হইয়া থাকে। যাহ'ক দেবতাগণের অধিরাজ শ্রীকৃষ্ণ পার্থকে বলিলেন,-তোমাকে দিব্য-দৃষ্টি প্রদান করিতেছি উহাদ্বারা তুমি আমার বিশ্বরূপ দেখিতে পারিবে। শ্রীকৃষ্ণের শ্রীমুখ হইতে এই বাক্য সম্পূর্ণ বাহির না হইতেই অর্জ্জুনের অবিদ্যার অন্ধকার কাটিয়া যাইতে লাগিল। শ্রীকৃষ্ণের মুখের বাক্য শুধু অক্ষর সমষ্টি নয়, মনে হইল উহা ব্রহ্মস্বরূপের ঐশ্বর্য্য প্রদর্শক জ্ঞানদীপ প্রকাশক ! দিব্য নেত্রের প্রকাশ হইল। উহাতে তাহার জ্ঞানদৃষ্টি বিকশিত হইল। এই প্রকারে শ্রীকৃষ্ণ অর্জ্জুনকে আপন ঐশ্বর্য্য দেখাইলেন। যত যত অবতার আছেন সকলেই যে সমুদ্রের তরঙ্গ—যাহার কিরণ সম্পাতে বিশ্ব রূপ মৃগতৃষ্ণিকার দর্শন—যে অনাদি পটের উপর

চরাচর স্পষ্ট করিয়া চিত্রিত হইয়াছে, শ্রীকৃষ্ণ নিজের সেই স্বরূপটী অর্জ্জুনকে দেখাইয়া দিলেন। বাল্যকালে প্রভু একবার মাটী খাইয়াছিলেন, ক্রোধে যশোদা তাঁহার কর ধারণ করিয়াছিলেন। তখন ভয়ে ভয়ে আপন মুখ দেখাইয়া বাক্যের সত্যতার পরিচয় দেওয়ার ছলে যশোদাকে চতুর্দ্দশভুবন মুখাভ্যন্তরে দেখাইয়াছিলেন। মধুবনে ধ্রুবের প্রতিও এরূপ কৃপা হইয়াছিল যে, তাহার গণ্ডে হস্তস্থিত শঙ্খস্পর্শ করান মাত্র—ধ্রুব বেদবুদ্ধির অগম্যবস্তুও নির্ণয় করিয়া স্তব করিয়াছিলেন। হে রাজন্, শ্রীহরি ধনঞ্জয়ের প্রতিও সেইরূপ অনুগ্রহ করিলেন। ইহাঁর কৃপায় তাহার মায়ার লেশমাত্রও রহিল না—সম্পূর্ণ ঐশ্বর্য্য প্রকাশ করিয়া তিনি অর্জ্জুনকে চমৎকৃতির সমুদ্র প্রদর্শন করিলেন। চিত্ত সম্পূর্ণভাবে বিস্ময়ে ডুবিয়া গেল। ব্রহ্মলোক পর্য্যন্ত সেই জলময়, মহাপ্রলয় সমুদ্রে যেরূপ একাকী মার্কণ্ড ভাসিয়াছিল সেইরূপ পার্থ চমৎকৃতির সমুদ্রে সন্তরণ করিতেছিল! মনে মনে ভাবিলেন, কত বড় আকাশ ছিল, সেই আকাশ কে কোথায় লইয়া গেল? চরাচর ও মহাভূতগণ কোথায় চলিয়া গেল? দিক্‌সমূহের চিহ্নও যে লোপ পাইয়াছে! আকাশ পাতাল বিচার যে আর রহিল না। মানুষের জাগ্রত অবস্থায়ই স্বপ্নের মত লোক ও আকার কোথায় লয় হইয়া গেল? সূর্য্য স্ব-প্রকাশে চন্দ্র সহিত নক্ষত্রগণকে লুপ্ত করিয়া দেয়, সেইরূপ বিশ্বরূপ এই প্রপঞ্চরচনা নষ্ট করিয়া ফেলিল! তখন তাহার মনেরও মনত্ব লোপ পাইল। বুদ্ধি স্থিরতা পাইল না এবং ইন্দ্রিয়বৃত্তি হৃদয়ে ফিরিয়া আসিল। স্তব্ধতাও

স্তব্ধ হইয়া গেল, একাগ্রতার চমক লাগিল, সকল রকম বিচার বুদ্ধির উপর কে যেন মোহনাস্ত্র নিক্ষেপ করিল। এইরূপ বিস্মিত হইয়া প্রেমের সহিত দেখিতে লাগিল তাহার সম্মুখে দণ্ডায়মান চতুর্ভুজ স্বরূপই উগ্ররূপ প্রকাশ করিয়া চারিদিক্ পূর্ণ করিয়াছে। মেঘ বর্ষাকালে যেরূপ বিস্তৃত হয়, মহাপ্রলয়ের তেজ বৃদ্ধি হয়, সেই রীতিতে পূর্ব্বোক্ত মূর্ত্তি নিজের স্বরূপ ভিন্ন আর স্থান মাত্রও শূন্য রাখে নাই। প্রথমতঃ অন্তঃকরণে সেই স্বরূপ দর্শন করিয়া অর্জ্জুনের সমাধান হইল, তারপর নয়ন মেলিয়া বাহিরেও সেই মূর্ত্তি দর্শন হইল। এই চক্ষুদ্বারা সকল বিশ্বরূপ দর্শন করিব! অর্জ্জুনের এই আকাঙ্ক্ষা শ্রীকৃষ্ণ উক্তরূপে পূর্ণ করিলেন ॥ ৯ ॥

অনেকবক্ত্রনয়নমনেকাদ্ভূতদর্শনম্।
অনেকদিব্যাভরণং দিব্যানেকোদ্যতায়ুধম্ ॥ ১০ ॥

অনন্তর অর্জ্জুন সেই স্বরূপে এরূপ অসংখ্য মুখ দেখিলেন যেন বিষ্ণুর রাজভবন, অথবা লাবণ্য শোভার আশ্রয়-ভূমি প্রকাশ হইয়াছে। অথবা কেবল মুখ নয় যেন আনন্দময় বনে বাহার আসিয়াছে এবং সৌন্দর্য্যের সহিত সাম্রাজ্য-সমৃদ্ধি প্রাপ্তি ঘটিয়াছে। অর্জ্জুন শ্রীকৃষ্ণের এইরূপ মনোহর মুখ দর্শন করিলেন। আবার উহার মধ্যে কোন কোন মুখ এরূপ ভয়ানক, মনে হইল কালরাত্রির সৈন্য আসিয়াছে, মৃত্যুর মুখ উৎপন্ন হইয়াছে, ভয়ের দুর্গ রচনা হইয়াছে অথবা প্রলয়ানলের মহাকুণ্ড-দ্বার খুলিয়া দেওয়া হইয়াছে। অর্জ্জুন সেই রূপের মধ্যে অদ্ভুত,

ভয়ানক এবং বহুপ্রকার অলঙ্কারে অলঙ্কৃত সৌম্য মুখ দর্শন করিলেন। তিনি জ্ঞান দৃষ্টিতে দেখিতেছিলেন—তথাপি মুখের অন্ত দেখা গেল না। পুনরায় নেত্রের দিকে দৃষ্টিপাত করিতেই দেখিলেন—সূর্য্যপংক্তিরূপ নেত্র এরূপ দেখা যাইতেছে যে, মনে হয় কমলবন বিকসিত হইয়াছে। উহা কল্পান্তের—কৃষ্ণবর্ণ মেঘপুঞ্জে বিদ্যুৎ চমকের অগ্নির ন্যায়, ভ্রূকুটির তলায় সেই দৃষ্টি দেখা যাইতেছিল। এইভাবে এক একটা আশ্চর্য্য দর্শন করিয়া একরূপের মধ্যেই অর্জ্জুনের অনেক রূপের দর্শন প্রতীতি হইয়াছিল। তখন ভাবিতেছিলেন তাই ত চরণ কোথায়? মুকুট কোন্ দিকে? বাহু কোথায়? প্রেমে তাহার ইচ্ছার বৃদ্ধি হইতে লাগিল। ভাগ্যবান্, অর্জ্জুনের মনোবাসনা কি অপূর্ণ থাকিতে পারে? শঙ্করের তূণে কি নিষ্ফল বাণ থাকা সম্ভব? ব্রহ্মার বাক্যে কি মিথ্যাকথার ছাঁচ থাকিতে পারে? অতএব শ্রীকৃষ্ণ তাহাকে অপার স্বরূপ আদ্যন্ত দেখাইয়া দিলেন। বেদ যাহার অন্ত পায় নাই তাহার সম্পূর্ণ অবয়বের ভোগ অর্জ্জুনের দুই নয়নের গোচরীভূত হইল। চরণ হইতে মুকুট পর্য্যন্ত তিনি বিশ্ব-রূপ-মহিমা দর্শন করিলেন। সেই রূপ নানা অলঙ্কার সুশোভিত। আপন শরীরে ধারণ করিবার নিমিত্ত স্বয়ং পরব্রহ্মই যে অলঙ্কার হইয়া আছেন, তাহার তুলনা আমি কিরূপে দিই? যাহার প্রভায় চন্দ্র ও সূর্য্যমণ্ডলের প্রভা, মহাতেজের জীবন, যাহাহইতে বিশ্বের প্রকাশ সেই দিব্য তেজের শোভা কাহার বুদ্ধি গোচর হইবে? প্রভু নিজেই নিজেকে অলঙ্কৃত করিয়া রহিয়াছেন এই রূপ

অর্জ্জুন দেখিলেন। জ্ঞান দৃষ্টির সহিত তাহার সরল হস্তদণ্ডের দিকে চাহিতে অর্জ্জুন কল্পান্তের জ্বালা পরাভব কারী অস্ত্র সমূহের শোভা দেখিলেন। নিজেই শরীর, নিজেই অলঙ্কার, নিজেই হস্ত, নিজেই অস্ত্র, নিজেই দেহী, নিজেই দেহ, এইভাবে সর্ব্ব চরাচর শ্রীকৃষ্ণময় দর্শন হইল। যাহার কিরণের তীব্রতার সমীপে নক্ষত্র ক্ষুদ্র শস্যের ন্যায়, যাহার তেজে ভয় পাইয়া অগ্নি সমুদ্রে গিয়া প্রবেশ করে, যাহার নিমিত্ত কালকূট সমুদ্রতলে গিয়া লুকাইয়াছিল, যিনি সাক্ষাৎ মহাবিদ্যুন্ময় অরণ্য তাহাব শস্ত্র সহিত উত্থিত অসংখ্য হস্ত এইরূপ প্রভাময় দেখা গিয়াছিল ॥ ১০ ॥

দিব্য মাল্যাম্বরধরং দিব্য গন্ধানুলেপনম্ ।
সর্ব্বাশ্চর্য্যময়ং দেবমনন্তং বিশ্বতোমুখম্ ॥ ১১ ॥

অর্জ্জুন ভীত হইয়া সেদিক্ হইতে দৃষ্টি ফিরাইয়া লইলেন। তিনি কণ্ঠ ও মুকুটের শোভা দেখিতে প্রবৃত্ত হইলে তাহার দৃষ্টির সম্মুখে কল্পবৃক্ষের সৃষ্টি হইল। মহাসিদ্ধিগণের অধিষ্ঠান লক্ষ্মী শ্রান্ত হইয়া সেখানে বিশ্রাম করেন, অত্যন্ত নির্ম্মল কুসুম শোভিত কণ্ঠ এবং মুকুট তাঁহার নয়ন গোচর হইল। মুকুটের উপরে গুচ্ছ গুচ্ছ পুষ্প, অর্ঘ্যোপচার এবং কণ্ঠে পরম রমণীয় পুষ্পমালা লম্বিত। স্বর্গরাজ্য যেন সূর্য্য কিরণে পূর্ণ রহিয়াছে অথবা মেরু পর্ব্বত স্বর্ণদ্বারা মণ্ডিত করিয়া দেওয়া হইয়াছে, এরূপ শোভাময় উজ্জ্বল পীতাম্বর তাঁহার পরিধান। শঙ্করের অঙ্গ যেন কর্পূর দ্বারা মার্জ্জন করা হইয়াছে, কৈলাস পর্ব্বতের উপর

পারদ দিয়া লেপন করা হইয়াছে, ক্ষীর সমুদ্রের উপর শুভ্র বসন আচ্ছাদন দেওয়া হইয়াছে,—চন্দ্র কিরণের গাত্রাবরণ নির্ম্মাণ করিয়া গগনকে পরাইয়া দেওয়া হইয়াছে। শোভাময় তাঁহার সর্ব্বাঙ্গ শুভ্র চন্দন চর্চ্চিত, উহার সুগন্ধে স্বপ্রকাশক বস্তুর অধিক ক্লান্তি, ব্রহ্মানন্দের জ্বালার উপশম এবং পৃথিবীরও নবজীবন লাভ। প্রাকৃত শরীর রহিত পরব্রহ্ম যে প্রলেপে নির্ম্মলতা প্রাপ্ত হন এবং সর্ব্বাঙ্গে আদরে ধারণ করেন তাহার সুগন্ধের মহিমা কে বর্ণন করিতে পারে? এক একটী শৃঙ্গার-ভূষণালঙ্কার শোভা দর্শন করিতে করিতে অর্জ্জুন ফাঁফর হইল। প্রভু বসিয়া আছেন, দাঁড়াইয়া আছেন, সম্মুখে কি পশ্চাতে আছেন, ইহা নির্ণয় করিতে অসমর্থ হইয়া পড়িল। নয়ন মেলিয়া চাহিতেই সকলদিকে সেই মূর্ত্তি, নিমীলিত নয়নেও অন্তর-রাজ্য পূর্ণ করিয়া সেই দৃশ্য! সম্মুখে অগণিত বদন, ভয়ে ভয়ে পশ্চাতের দিকে চাহিতে সেদিকেও সম্মুখের মতই অগণিত শ্রীমুখ, কর, চরণ প্রভৃতি দৃষ্টি গোচর হয়। দেখিতে চাহিলে দেখা যায়, তাহাতে কিছু বলিবার নাই, কিন্তু এ কি অভিনব ব্যাপার যে না দেখিতে চাহিলেও দেখা যায়! শ্রীভগবান্ কৃপাপূর্ব্বক অর্জ্জুনের দেখা ও না দেখার মধ্যে ব্যাপ্ত হইয়া রহিলেন। এক আশ্চর্য্য বন্যায় হাবুডুবু খাইয়া তীরের সমীপে আসিতে অপর চমৎকৃতির মহাসমুদ্রে ফেলিয়া অনন্তস্বরূপ শ্রীকৃষ্ণ আপন সন্দর্শনামৃত দানের অপূর্ব্ব কৌশলে তাহাকে জড়াইয়া লইলেন। ভগবান্ স্বভাবতঃ বিশ্বতোমুখ। অর্জ্জুন তাঁহার বিশ্বরূপ দর্শনের নিমিত্ত প্রার্থনা

করিয়াছেন, তিনিও বিশ্বময় হইয়া রহিয়াছেন। প্রদীপও সূর্য্যের প্রকাশেই দেখা যায়, চক্ষু বুজিলে দেখা যায় না। শ্রীকৃষ্ণ অর্জ্জুনকে সেরূপ দৃষ্টি দেন নাই, তাহাতেই ভিতরে বাহিরে দুইদিকে তিনি বিশ্বরূপ দর্শন করিয়াছিলেন।

হস্তিনাপুরে সঞ্জয় এই কথা ধৃতরাষ্ট্রকে বলিয়া শেষে আবার বলিলেন, অর্জ্জুন নানা অলঙ্কার বিভূষিত বিশ্বতোমুখ বিশ্বরূপই দর্শন করিয়াছিলেন ॥ ১১ ॥

দিবি সূর্য্য সহস্রস্য ভবেদ্ যুগপদুত্থিতা।
যদি ভাঃ সদৃশী সা স্যাদ্ভাসস্তস্য মহাত্মনঃ ॥ ১২ ॥

হে রাজন্, সেই অঙ্গশোভা কাহার সমান বলিয়া বর্ণনা করি? কল্পান্ত সময়ে দ্বাদশ আদিত্য এক হইয়া যায়, সহস্র দিব্য সূর্য্য এক সময়ে উদয় হয়, তাহাতেও এই মহাতেজের উপমা দেওয়া যায় না। সম্পূর্ণ বিদ্যুন্মালার তেজঃসমুদয়, প্রলয়াগ্নির সমগ্র শক্তি এবং তাহার দশগুণ তেজ মিলিত করিলেও সেই অঙ্গশোভার তুলনায় ক্ষীণ-প্রভ হইবে এবং তাহার মত নির্ম্মলও হইবে না। মহিমা-মণ্ডিত শ্রীহরির সর্ব্ব অঙ্গকান্তি স্বাভাবিক ভাবে প্রকাশিত হইয়াছে। ব্যাসমুনির কৃপায় উহা আমারও দৃষ্টি গোচর হইয়াছে ॥ ১২ ॥

তত্রৈকস্থং জগৎ কৃৎস্নং প্রবিভক্তমনেকধা।
অপশ্যদ্দেবদেবস্য শরীরে পাণ্ডবস্তদা ॥ ১৩ ॥

বিশ্বরূপে সমগ্র জগৎ বিস্তারও মহাসমুদ্রে পৃথক্ পৃথক্

বুদ্‌বুদের ন্যায়। গগনে গন্ধর্ব্ব নগর, ভূমিতে পিপীলিকার ক্ষুদ্র গৃহ, মেরু পর্ব্বতের উপর ধূলিকণার মতই দেবগণ-চক্রবর্ত্তী শ্রীহরির শরীরে অর্জ্জুন সমগ্র জগতের স্থিতি দর্শন করিয়াছিলেন ॥ ১৩ ॥

ততঃ স বিস্ময়াবিষ্টো হৃষ্টরোমা ধনঞ্জয়ঃ।
প্রণম্য শিরসা দেবং কৃতাঞ্জলিরভাষত ॥ ১৪ ॥

'বিশ্ব এক আর আমি এক' তাহার এই দ্বৈত ভাব নষ্ট হইয়া গিয়াছিল। অন্তঃকরণ লয় পাইয়া অন্তর্য্যামী স্বরূপের আনন্দ জাগ্রত হইয়াছিল। বাহিরে শরীরের বল চলিয়া গিয়া আপাদ-মস্তক রোমাঞ্চিত হইয়াছিল। বর্ষার প্রারম্ভে পর্ব্বতগাত্রে জল বহিয়া গেলে তাহার সর্ব্বগাত্রে কোমল শস্পাঙ্কুর জন্মায় ঠিক্ সেইরূপ অর্জ্জুনের সর্ব্বাঙ্গে রোমাঞ্চ উদ্‌গম হইয়াছিল। চন্দ্রকিরণ স্পর্শে চন্দ্রকান্তমণি ঘর্ম্মাক্ত হয়, সেইরূপ তাঁহারও সর্ব্বাঙ্গ স্বেদযুক্ত হইয়াছিল। কমল কোরকের অভ্যন্তরে ভ্রমর প্রবেশ করিয়া বদ্ধ থাকিলে জলের উপর উহা কম্পিত হইতে থাকে, আন্তর সুখে অর্জ্জুনও সেইরূপ কম্পিত হইতে লাগিলেন। কর্পূর কন্দের আচ্ছাদন খুলিতেই উহা হইতে কর্পূর কণা পতিত হইতে থাকে, সেইরূপ তাঁহার নয়ন হইতে জলবিন্দু পড়িতে লাগিল। চন্দ্রের উদয়ে সমুদ্রের ন্যায় তিনি বারবার আনন্দ তরঙ্গে উচ্ছলিত হইতে লাগিলেন। অষ্ট সাত্ত্বিক ভাব *

* চিত্তং সত্ত্বীভবৎ প্রাণে ন্যস্যত্যাত্মানমুদ্ভটং।
প্রাণস্তু বিক্রিয়াং গচ্ছন্দেহং বিক্ষোভয়ত্যলং ॥
তদা স্তম্ভাদয়ো ভাবা ভক্তদেহে ভবন্ত্যমী।
তে স্তম্ভ স্বেদ রোমাঞ্চাঃ স্বরভেদোহথ বেপথুঃ ॥

পরস্পর স্পর্দ্ধা করিয়া বিকশিত হইলে তিনি যেন ব্রহ্মানন্দের রাজ্য লাভ করিলেন। সেই সুখানুভবের পর দ্বৈত ভাবাশ্রয়ে শ্বাস ফেলিয়া অর্জ্জুন বাহ্যদৃষ্টি ফিরাইয়া যে দিকে মুখ করিয়া বসিয়া ছিলেন সেই দিকেই অবনতমস্তকে করজোড়ে বলিতে লাগিলেন ॥ ১৪ ॥

অর্জ্জুন উবাচ—

পশ্যামিদেবাংস্তব দেব দেহে
সর্ব্বাংস্তথা ভূত বিশেষসংঘান্।
ব্রহ্মাণমীশং কমলাসনস্থ
মৃষীংশ্চ সর্ব্বানুরগাংশ্চ দিব্যান্ ॥ ১৫ ॥

অর্জ্জুন বলিলেন—প্রভু আপনার জয় হউক্। আমাকে বিশ্বরূপ দেখাইয়া আপনি অপূর্ব্ব কৃপা করিয়াছেন, প্রভু, আপনি এই সামান্য মানুষ দেহধারী আমাকে বিশ্বরূপ দেখিতে সামর্থ্য প্রদান করিয়াছেন। হে প্রভু, খুব উপকার করিয়াছেন যেহেতু আপনিই যে এই বিশ্বসৃষ্টির পরমাশ্রয় তাহা আমি দেখিয়া লইয়াছি। হে দেব, মন্দর পর্ব্বতের গাত্রে শ্বাপদ সঙ্কুল অরণ্য

বৈবর্ণ্যমশ্রু-প্রলয় ইত্যষ্টৌ সাত্ত্বিকাঃ স্মৃতাঃ। (ভঃ রঃ সিঃ) চিত্ত সত্ত্বগুণাবলম্বী হইয়া চঞ্চল মনকে প্রাণে সমর্পণ করিলে প্রাণ বিকার প্রাপ্ত হইয়া দেহের অতিশয় ক্ষোভ উৎপাদন করে তখনই ভক্ত দেহে স্তম্ভাদি ভাব সকল উদিত হয়। স্তম্ভাদি যথা—(১) স্তম্ভ, (২) স্বেদ, (৩) রোমাঞ্চ, (৪) স্বরভেদ, (৫) কম্প, (৬) বৈবর্ণ্য, (৭) অশ্রু ও, (৮) প্রলয়। এই অষ্ট সাত্ত্বিক।

দেখা যায়, সেইরূপ আপনার শরীরেই অসংখ্য ভুবনের আবাস। আকাশের অবকাশে অগণিত গ্রহ, মহাবৃক্ষে বহু পক্ষীর কোটর সেইরূপ হে শ্রীহরি, আপনার এই বিশ্বরূপ বিগ্রহে দেবতাগণের সহিত সমগ্র স্বর্গরাজ্য দেখা যাইতেছে। প্রভু, ইহাতে মহাভূত-পঞ্চক এবং ভূত সৃষ্টি সমুদয় আছে। সত্য লোকও দেখা যাইতেছে ব্রহ্মা কি আর তাহাতে নাই? নিশ্চয় তিনিও আছেন। অপরদিকে কৈলাস দেখিতেছি। পার্ব্বতীর সহিত শ্রীশঙ্কর আপনার এক অংশে দৃষ্ট হইতেছেন। হে হৃষীকেশ, আপনি নিজেকেও নিজের মধ্যে দেখাইতেছেন। কশ্যপ-প্রভৃতি ঋষিগণ, বাসুকিনাগ সহিত সপ্ত পাতাল, অধিক বলিব কি হে ত্রৈলোক্যপতি, আপনার অবয়ব-পটের উপর চতুর্দ্দশ ভুবনের চিত্রাঙ্কন রচনা হইয়াছে। জীবেরও বহু চিত্র অঙ্কন করা হইয়াছে। আপনার অগাধস্বরূপ অসাধারণ ॥ ১৫ ॥

অনেকবাহূদরবক্ত্রনেত্রং
পশ্যামি ত্বাং সর্ব্বতোঽনন্তরূপম্।
নান্তং ন মধ্যং ন পুনস্তবাদিং
পশ্যামি বিশ্বেশ্বর বিশ্বরূপ ॥ ১৬ ॥

দিব্য দৃষ্টির সামর্থ্য লইয়া চতুর্দ্দিকে দৃষ্টিপাত করিতে আপনার বাহুদণ্ডে গগনের অঙ্কুর উদ্‌গম হইয়াছে মনে হয়। শ্রীহস্ত একই মুহূর্ত্তে যুগপৎ বহু কর্ম্ম করিতেছে, আপনার অপার উদর যেন অব্যক্ত ব্রহ্মের বিস্তার, উহা ব্রহ্মাণ্ডের ভাণ্ডার। সহস্র

মস্তক একদিকে কোটী সংখ্যক দেখা যাইতেছে, মনে হয় পরমব্রহ্ম বদন ফলের ভাণ্ডার আবিষ্কার করিয়াছেন। যে দিকে তাকাই আপনার শ্রীমুখই দেখিতে পাই। হে বিশ্বমূর্ত্তি, চারিদিকেই নয়নশ্রেণী দেখিতেছি। বলিব কি স্বর্গ, পাতাল, ভূমি, দিক্‌সমূহ, আকাশ প্রভৃতি কথাই যে আর রহিলনা, সকলই আপনার মূর্ত্তিময় হইয়া গেল। ভাল করিয়া দেখিলে এক পরমাণু রাখিবার স্থানও আপনার স্বরূপ ভিন্ন দেখা যায় না আপনি সর্ব্বব্যাপক হইয়া আছেন। হে অনন্ত, মহাভূতের নানাবিধ অগণিত প্রপঞ্চ বিস্তার ব্যাপ্ত করিয়া রহিয়াছেন। আপনি কোথা হইতে প্রকাশ হইলেন, উপবিষ্ট কি দণ্ডায়মান, কোন্ মাতার গর্ভে ছিলেন, আকৃতি কত বৃহৎ, রূপ এবং বয়স কত, আপনার পরে আর কি আছে, আপনি কোন্ আধারের উপর স্থিত আছেন? এই সকল প্রশ্নের মীমাংসা করিতে দেখিতেছি, আপনার আশ্রয় আপনিই, কোথা হইতেও আপনার উৎপত্তি হয় নাই, অনাদি কাল এইরূপ আছেন, উপবিষ্ট বা দণ্ডায়মান, উচ্চ বা খর্ব্বাকৃতিও নহেন। হে বিকুণ্ঠ স্বরূপ, আপনার উপরে ও নীচে আপনিই, স্বরূপে আপনি আপনার মতই, হে দেব আপনিই আপনার আয়ু; হে পরমেশ্বর সম্মুখে ও পশ্চাতে আপনিই। অধিক বলিব কি হে অনন্ত, আমি বার বার লক্ষ্য করিয়া দেখিলাম আপনিই আপনার সব হইয়া আছেন। আপনার স্বরূপে একটু অভাব দেখিতেছি যে ইহাতে আদি, মধ্য ও অন্ত এই তিনটা নাই। সর্ব্বত্র আছেন, কোথাও সীমা পাওয়া যাইতেছেনা,

অতএব নিশ্চয়ই পূর্ব্বোক্ত আদি, মধ্য ও অন্ত আপনার নাই। হে অপরিমিত বিশ্বেশ্বর, হে বিশ্বরূপ, তত্ত্বতঃ দর্শন করিলাম, আপনার মহামূর্ত্তির মধ্যে পৃথক্ পৃথক্ বহুমূর্ত্তি-প্রকাশ, উহারা যেন আপনারই শ্রীবিগ্রহের বিচিত্র বর্ণের অলঙ্কার। অগণিত পৃথক্ মূর্ত্তি আপনার দেহ স্বরূপ পর্ব্বত গাত্রে বৃক্ষ ও অঙ্কুর, বিবিধ অলঙ্কার স্বরূপ ফল ফুলে সুশোভিত। হে দেব, আপনি মূর্ত্তিময় তরঙ্গে তরঙ্গায়িত মহাসমুদ্র। আপনি বৃক্ষস্বরূপ হইয়া বিবিধ মূর্ত্তিতে মুকুলিত হইয়াছেন। পৃথিবী জীবসমূহে, আকাশ নক্ষত্রে সেইরূপ এই অবয়ব মূর্ত্তিদ্বারা পরিপূর্ণ। দেখিতেছি আপনার প্রতি রোমকূপে এরূপ বৃহৎ মূর্ত্তি প্রকাশ পাইতেছে যে, তাহার এক এক মূর্ত্তির অঙ্গ প্রদেশে ত্রিভুবন উৎপন্ন ও বিলীন হইতেছে। এই বিশ্ববিস্তারকারী আপনি কে ও কাহার? তাহা খোঁজ করিতে দেখিতে পাইতেছি যে, আপনি আমার সারথি! হে মুকুন্দ, আমি বেশ বুঝিতেছি যে সর্ব্বদা আপনি সর্ব্বব্যাপক হইয়াও ভক্তের প্রতি কৃপা বিতরণ করিবার নিমিত্ত এইরূপ প্রেমময় বিগ্রহ ধারণ করেন। চতুর্ভুজমূর্ত্তি এরূপ মনোরম যে, ইহাতে আমার নয়ন মন জুড়াইয়া যায়। এই মূর্ত্তিকে আলিঙ্গন করিলে উহা আমার দুই বাহুর মধ্যস্থলেই অবস্থান করে। হে বিশ্বরূপ, এই সুন্দর মূর্তি আপনি ভক্তের প্রতি কৃপা প্রকাশ করিতেই ধারণ করেন না কি? আপনাকে সাধারণ ভাবে দেখি উহা আমার দূষিত দৃষ্টির কার্য্য। এখন সেই দৃষ্টির দোষ অন্তর্হিত হইয়াছে, দিব্যদৃষ্টি প্রদান করিয়াছেন,

তাহাতেই আপনার মহিমা যথার্থতঃ দর্শনে সামর্থ্য লাভ করিয়াছি। বেশ ভাল করিয়াই বুঝিয়াছি যে, মকরমুখী জোয়ালের পশ্চাতে উপবিষ্ট আপনিই বিশ্বরূপ ধারণ করিয়াছেন ॥ ১৬ ॥

কিরীটিনং গদিনং চক্রিণং চ
তেজোরাশিং সর্ব্বতোদীপ্তিমন্তম্ ।
পশ্যামি ত্বাং দুর্নিরীক্ষ্যং সমন্তা
দ্দীপ্তানলার্ক দ্যুতিমপ্রমেয়ম্ ॥ ১৭ ॥

হে শ্রীহরি, আপনার মস্তকে এইটী মুকুট নয় কি ? উহার প্রভা অতুলনীয়। হে বিশ্বমূর্ত্তি, উর্দ্ধদিকের হস্তদ্বারা আপনি চক্রধারণ করিয়া যেন উহা শত্রুমধ্যে নিক্ষেপ করিবার নিমিত্ত প্রস্তুত হইয়া আছেন, অপর দিকে গদা। হে গোবিন্দ, নীচের দিকে দুই হস্তই অস্ত্ররহিত, উহা দ্বারা আপনি অশ্বের বল্গা ধারণ করিতেছেন। হে বিশ্বেশ্বর, আপনি আমার মনোরথ পূর্ণ করিবার নিমিত্ত বিশ্বরূপ হইয়াছেন, ইহা আমি বুঝিয়াছি। এই অভিনব দর্শনে বিস্ময় প্রকাশের সামর্থ্য ছিলনা, চিত্ত আশ্চর্য্যে অধীর হইয়া পড়িয়াছিল। আপনার অঙ্গকান্তি চারিদিকে এরূপ বিস্তৃত ছিল যে, এই চতুর্ভুজ মূর্ত্তি এখানে আছে কি নাই ইহাও ঠিক করিয়া উঠিতে পারি নাই। এই অঙ্গকান্তির সমীপে অগ্নির প্রভা ক্ষুদ্র খদ্যোতালোকের মত লুপ্ত। অদ্ভুত তেজের এরূপ তীব্রতা। মনে হইয়াছিল, মহাতেজের মহাসমুদ্রে সম্পূর্ণ সৃষ্টি ডুবিয়া গিয়াছে, প্রলয়কালের বিদ্যুতের প্রভায় সমগ্র

গগনমণ্ডল আবৃত হইয়াছে। সংহারময় তেজের কিরণ লইয়া আকাশে তাহার মণ্ডপ নির্ম্মাণ করিয়াছে। দিব্যজ্ঞানের নেত্র লইয়াও উহার দিকে দৃষ্টিপাত করা যায় না। প্রচুর প্রকাশে নেত্রে অত্যন্ত জ্বালা উৎপন্ন করে। মহাপ্রলয়ের মহাতেজ কালাগ্নিস্বরূপ শঙ্করের স্বরূপে গোপনে অবস্থান করিতেছিল উহাই তাঁহার তৃতীয় নয়ন কোরক হইতে বিকশিত হইয়া আপনার চতুর্দ্দিকে বিস্তৃত হইয়াছে। মহাভূত পঞ্চাগ্নিতে ব্রহ্মাণ্ড অঙ্গারে পরিণত হইতেছে। অদ্ভুত অতুলনীয় প্রভা আমি আজ দেখিলাম। ইহার ব্যাপকতা ও তেজের সীমা নাই ॥ ১৭ ॥

ত্বমক্ষরং পরমং বেদিতব্যং
ত্বমস্য বিশ্বস্য পরং নিধানম্।
ত্বমব্যয়ঃ শাশ্বতধর্ম্মগোপ্তা
সনাতনস্ত্বং পুরুষো মতো মে ॥ ১৮ ॥

হে অবিনশ্বর দেব, সার্দ্ধত্রিমাত্রার অতীত, শ্রুতি যাঁহার সন্ধান খুঁজিতেছে, ওঁকারের আশ্রয়স্থান, সমগ্র বিশ্বকে একত্র রাখিবার মূলাশ্রয়, আপনি অব্যয়, অগাধ ও অবিনশ্বর। আপনি ধর্ম্মের প্রাণ, অনাদিসিদ্ধ, নিত্যনূতন, হে বিশ্বেশ্বর, আপনি সনাতন পুরুষ ॥ ১৮ ॥

অনাদি মধ্যান্তমনন্ত বীর্য্য
মনন্তবাহুং শশি সূর্য্যনেত্রম্।
পশ্যামি ত্বাং দীপ্ত হুতাশ বক্ত্রং
স্বতেজসা বিশ্বমিদং তপন্তম্ ॥ ১৯ ॥

আপনি আদি, মধ্য ও অন্ত রহিত, স্বপরাক্রমী, অনন্ত, বিশ্ববাহু, অপরিমিত ও বিশ্বচরণ। চন্দ্র ও সূর্য্য আপনার নেত্রের প্রসন্নতা ও কোপের লীলা প্রকাশ করেন। কাহাকেও তমোময় দৃষ্টিতে শাসন করেন আর কাহাকে কৃপাময় দৃষ্টি দ্বারা পালন করিয়া থাকেন। এই ভাবে আপনার স্পষ্টরূপ আমি দেখিতেছি। আপনার বদন প্রলয়কালের অগ্নির ন্যায় দৃষ্টিগোচর হইতেছে। দাবাগ্নি-দগ্ধ পর্ব্বত হইতে অগ্নির লেলিহান জিহ্বা দৃষ্টিগোচর হয়, সেইরূপ বিশাল দন্ত ও আপনার ভয়ঙ্কর লেলিহান রসনা দেখা যাইতেছে। বদন গহ্বরের তেজে ও সর্ব্বাঙ্গের প্রভায় বিশ্ব তাপিত ও অত্যন্ত ক্ষুব্ধ হইয়াছে ॥ ১৯ ॥

দ্যাবা পৃথিব্যোরিদমন্তরং হি
ব্যাপ্তং ত্বয়ৈকেন দিশশ্চ সর্ব্বাঃ
দৃষ্ট্বাদ্ভুতং রূপমিদং তবোগ্রং
লোকত্রয়ং প্রব্যথিতং মহাত্মন্ ॥ ২০ ॥

স্বর্গ, মর্ত্ত্য, আকাশ, পাতাল ও দশদিক্-চক্র এক আপনার স্বরূপেই পরিপূর্ণ দেখিতেছি। আপনার ভয়ানক মূর্ত্তির মধ্যে আকাশ ডুবিয়া গিয়াছে। অদ্ভুতরসের তরঙ্গমধ্যে চতুর্দ্দশ ভুবনের জাল ফেলা হইয়াছে এরূপ আশ্চর্য্য দেখা যাইতেছে। এই অদ্ভুত দৃশ্য আমি কত দেখিব, উহা অসাধারণ, শেষ পাওয়া যায় না। রূপের উগ্রতা সহ্য করা যায় না। সুখ পাওয়ার কথা দূরে থাকুক্, প্রাণ কষ্টে পূর্ণ হইয়া উঠে। হে দেব, আপনার এই রূপ দেখিয়া

বানের জলের মত ভয় আসিয়াছে, ত্রিভুবন দুঃখ তরঙ্গে ডুবিয়াছে। আপনার দর্শনে ভয় আর দুঃখ কেন? আমাকে যে রূপ দেখাইলেন উহা মোটেই সুখময় নয়। যতক্ষণ আপনার এই মূর্ত্তি না দেখিয়াছিলাম সাংসারিক সুখ ভাল বলিয়া বোধ হইতেছিল। রূপ-দর্শনের পর বিষয়ের চিন্তা হইতে কষ্টই উৎপন্ন হয়। দর্শন হওয়া মাত্রই আপনাকে আলিঙ্গন করা কি সম্ভব, তাহা না হইলে শোক সঙ্কটেই পড়িয়া থাকি কিরূপে? পশ্চাৎপদ হইলে অনিবার্য্য জন্মমরণ চক্রে পড়িতে হয়, আর অগ্রসর হইলেও দেখি অপার স্বরূপ,যে স্বরূপকে আমি আলিঙ্গন করিতে পারি না। এই প্রকার উভয় সঙ্কটের মধ্যে পতিত নিরুপায় অর্জ্জুনের ত্রিভুনের স্মৃতিও লোপ পাইল। অগ্নিদগ্ধ শরীর লইয়া শীতল হইবার জন্য সমুদ্রের সমীপবর্ত্তী হইলে তাহার উত্তাল তরঙ্গে অধিকতর ভয়ের উৎপত্তি হয়, সেইরূপ আপনার দর্শনে এই জগতের বিপরীত রীতি দেখিতেছি ॥ ২০ ॥

অমী হি ত্বা সুরসংঘা বিশন্তি
কেচিদ্ভীতাঃ প্রাঞ্জলয়োগৃণন্তি।
স্বস্তীত্যুক্ত্বা মহর্ষিসিদ্ধসংঘাঃ
স্তুবন্তি ত্বাং স্তুতিভিঃ পুষ্কলাভিঃ ॥ ২২ ॥

এই রূপের মধ্যে দেবতাগণকে দেখিতে পাইতেছি। তাহারা আপনার তেজোদ্বারা কর্ম্মবীজসমূহ দগ্ধ করিয়া আপনার সহিত মিলিত হইয়া অবস্থান করিতেছেন। স্বভাবতঃ ভয়ভীত দেবগণ

আপনার সম্মুখে করজোড়ে প্রার্থনা করিতেছেন। হে দেব, আমি অবিদ্যা সমুদ্রে নিমজ্জিত, বিষয়ের জালে আবদ্ধ, একদিকে সংসার অপর দিকে স্বর্গ এই আকর্ষণে পড়িয়াছি আপনি ভিন্ন উহা হইতে মুক্ত করিতে কেহই সমর্থ নহে। হে প্রভু, আমি মনে প্রাণে আপনার শরণাপন্ন। মহর্ষি, সিদ্ধ ও অগণিত বিদ্যাধর কল্যাণসূচক বাক্যদ্বারা আপনার স্তব করিতেছেন ॥ ২১ ॥

রুদ্রাদিত্যা বসবো যে চ সাধ্যা
বিশ্বেঽশ্বিনৌ মরুতশ্চোষ্মপাশ্চ।
গন্ধর্ব্বযক্ষাসুরসিদ্ধ সংঘা
বীক্ষন্তে ত্বাং বিস্মিতাশ্চৈব সর্ব্বে ॥ ২২ ॥

রুদ্র, আদিত্য, বসু, সাধ্যদেব, অশ্বিনীকুমারদ্বয়, বিশ্বেদেব, বায়ুদেব, পিতৃদেবগণ, গন্ধর্ব্ব, যক্ষ, রাক্ষস, ইন্দ্র প্রমুখ দেবতা বৈভব সহিত এবং সিদ্ধগণ সকলেই উৎকণ্ঠিত ভাবে আপন আপন স্থান হইতে প্রভুর মহামূর্ত্তি দর্শন করিতেছেন। হে প্রভু, দর্শনে বিস্মিত হইয়া আপন মুকুটদ্বারা আরতি করিতেছেন। মঞ্জুল 'জয় জয়' ধ্বনিতে সমগ্র স্বর্গরাজ্য মুখরিত। তাঁহারা ললাটে কর সংযোগ করিয়া প্রণাম করিতেছেন। সেই বিনয়তরুময় উপবনে—সাত্বিকভাবময় বসন্ত ঋতুর সমাগমে, করসম্পুট-নবপল্লবে যেন আপনার স্বরূপ ফলের সৌন্দর্য্য প্রকাশ করিতেছে ॥ ২২ ॥

রূপং মহত্তে বহুবক্ত্রনেত্রং
মহাবাহো বহুবাহূরুপাদম্
বহূদরং বহুদংষ্ট্রাকরালং
দৃষ্ট্বা লোকাঃ প্রব্যথিতাস্তথাহহম্ ॥ ২৩ ॥

মহারাজ, লোচনের ভাগ্যোদয় হইয়াছে, মনের সুখোদয়ের সুদিন সমাগত, কেননা অপার বিশ্বরূপ আজ দৃষ্টিগোচর হইল। ত্রিভুবন বিস্তৃত এই মূর্ত্তি দেখিয়া দেবতাগণও ভীত হন! যে দিক্ দিয়াই দর্শন করুক, আপনার সম্মুখই দেখা যাইবে। এক মূর্ত্তি হইতে অগণিত বিচিত্র ভয়ঙ্কর বদন, অসংখ্য নেত্র, চরণ ও উদর। নানা বর্ণ ও এক এক মুখে ভাবের বিচিত্র সমাবেশ। মহাকল্পের অন্তে ক্রুদ্ধ কাল সর্ব্বত্র প্রলয়াগ্নি জ্বালাইয়া দিয়াছে, মনে হয় যেন এই বদন শঙ্করের বিশ্ব-সংহার করিবার যন্ত্র. প্রলয় ভৈরবগণের সম্মেলন। জীবসমূহের খিচুরী পরিবেশন করিবার নিমিত্ত যুগান্তক শক্তির পাত্র ছড়াইয়া বসা হইয়াছে। ভয়ানক মুখ, গুহার মধ্যে ক্রুদ্ধ সিংহের অনুরূপ মুখবিবরে দন্তসমূহ দেখা যাইতেছে। ধ্বংসকারী পিশাচ কাল রাত্রির আশ্রয়ে আনন্দিত হইয়া বাহিরে আসে, সেইরূপ মুখবিবরে প্রলয়কালের শোণিতলিপ্ত আপনার রসনা। অধিক বলিব কি, যম সমরকে নিমন্ত্রণ করে, সকলকে সংহার করিয়া মৃত্যু মত্ত হইয়া উঠে, সেইরূপ অসাধারণ ভয়ানক ভাব বদন মধ্যে গোচরীভূত হইতেছে। লোক সৃষ্টির দিকে দৃষ্টি

করিলে দেখা যাইবে সে যেন বৃক্ষ হইয়া দুঃখ কালিন্দীর কুল আশ্রয়ে স্তব্ধ হইয়াছে। এই রূপ মহামৃত্যুর সমুদ্র, উহাতে ত্রিভুবনের জীবনতরীতে শোকের তরঙ্গাঘাত হইতেছে। হে বৈকুণ্ঠ, রাগ করিয়া আপনি যদি বলেন—অপরের কথা ভাবিবার কি প্রয়োজন, তুমি বিশ্বরূপের ধ্যানসুখ অনুভব কর। তাহা হইলে বলিতে হয় প্রভু, সাধারণ লোকের কথা অনর্থক বলিতেছি, যথার্থতঃ আমার প্রাণই কম্পিত হইতেছে। আমারই এই অবস্থা। হে তাত, এই রূপ এক মহামারী স্বরূপ ইহাকে বিশ্বরূপ নাম দিলেও ইহা সাক্ষাৎ ভয়কেও পরাভূত করে ॥ ২৩ ॥

নভঃস্পৃশং দীপ্তমনেকবর্ণং
ব্যাত্তাননং দীপ্তবিশালনেত্রম্ ।
দৃষ্ট্বা হি ত্বাং প্রব্যথিতান্তরাত্মা
ধৃতিং ন বিন্দামি শমং চ বিষ্ণো ॥ ২৪ ॥

ইহা মহাকালকেও পরাজিত করে। আপনার কোনও একটি মুখ এরূপ বিস্তৃত যে উহার সমীপে আকাশও ক্ষুদ্র বলিয়া দৃষ্ট হয়। আকাশে ইহার স্থান হয় না, ত্রিভুবনে বায়ু ইহাকে বেষ্টন করিতে পারে না, ইহার প্রতাপে অগ্নিও জ্বলিয়া উঠে। মুখের একটা অপরটার সমান নয়, নানাবর্ণের বৈচিত্র্য, প্রলয়ের অগ্নি ইহাদের সহায়তা প্রার্থনা করে। তেজ ত্রিভুবনকে ভস্মীভূত করিতে পারে। ইহার বদন মধ্যে দন্ত ও রসনা।

এই সংহার তেজের মুখ দেখিয়া মনে হয় বায়ুর ধনুষ্টঙ্কার রোগ হইয়াছে, সমুদ্র মহাবন্যায় ডুবিয়াছে, বিষের অগ্নি বাড়বানলকে ধ্বংস করিতে উদ্যত হইয়াছে, অগ্নি হলাহল বিষ পান করিয়াছে অথবা কোনও অভিনব মৃত্যু সংসারে আসিয়াছে। কি বিরাট্ মূর্ত্তি! দিগন্তরাল ভাঙ্গিয়া যেন আকাশের চারিদিক্ ঘিরিয়া আছে। মেদিনী কুক্ষিগত করিয়া হিরণ্যাক্ষ দৈত্য সমুদ্রের অভ্যন্তরে গুহার মধ্যে প্রবেশ করিলে শঙ্কর পাতালে গুহা প্রকাশ করিয়া দিয়াছিলেন, সেইরূপ আপনার মুখগহ্বর দেখা যাইতেছে। উহার অভ্যন্তরস্থ রসনার সমীপে সমগ্র বিশ্বও অতি অল্প, সেই হেতু আপনি উহাতে খাদ্য তুলিয়া দিতেছেন না। পাতালনিবাসী সর্পরাজের শ্বাস হইতে যে বিষের জ্বালা বিস্তৃত হয় উহা আকাশ স্পর্শ করে, সেইরূপ আপনার মুখবিবরে এই রসনা বিস্তৃত রহিয়াছে। প্রলয় বিদ্যুৎসমূহ গগনে বিচিত্র দুর্গের বিস্তার করে, সেইরূপ আপনার ওষ্ঠের বহির্ভাগে বিস্তৃত রসনা। নেত্র ললাটের আশ্রয়ে ভয়কে ভয় দেখাইতেছে, মহামৃত্যুর প্রবাহ অন্ধকারে লুকাইয়াছে। জানিনা এই ভয়ানক মূর্ত্তি লইয়া আপনি কোন্ কার্য্যে প্রবৃত্ত হইয়াছেন। আমি মরণের ভয় পাইয়াছি। প্রভু, বিশ্বরূপ দেখিবার যে ইচ্ছা করিয়াছিলাম তাহার পূর্ণ ফল পাইয়াছি! মহারাজ, বিশ্বরূপ দেখিলাম, নয়ন তৃপ্ত হইয়া গেল, এখন এই মাটীর শরীর গেলে দুঃখ কিসের? আমার চৈতন্য থাকিবে কিনা সেই সন্দেহ,

ভয়ে শরীর কম্পিত, বুদ্ধি বিগলিত, অভিমানও উড়িয়া যাইবার উপক্রম হইয়াছে। এই সকল হইতে ভিন্ন কেবল আনন্দের অংশ আমার অন্তরাত্মাও কম্পিত হইয়া উঠিয়াছে। সাক্ষাদ্দর্শনের প্রভাব অতুলনীয়। জ্ঞান কোথায় চলিয়া গিয়াছে, গুরু-শিষ্য সম্বন্ধ রাখাও যে কঠিন হইয়া দাঁড়াইয়াছে। হে দেব, দর্শন-প্রসাদে অন্তঃকরণে যে বিকলতা উপস্থিত হইয়াছে উহাকে সাম্‌লাইয়া রাখিবার নিমিত্ত উহার উপর ধৈর্য্যের আচ্ছাদন করিতে গেলে দেখি আমার নাম শুনিয়া ধৈর্য্যও লুপ্ত হইয়া যায়; যেন তাহারও বিশ্বরূপ দর্শন হইয়াছে। যাহা হউক এই দর্শন দান করিয়া বেশ উপকার করিয়াছেন। অসহায় জীব বিশ্রাম লাভ করিবার আশায় চতুর্দ্দিকে ঘুরিয়া মরে, কোন দিকেই পথ পায় না। প্রভু এই বিশ্বরূপ মহামারীতে চরাচরের জীবন ধ্বংস হইবার উপক্রম ইহা না বলিলেও বাঁচিবার উপায় দেখিতেছি না॥ ২৪॥

দংষ্ট্রাকরালানি চ তে মুখানি।
দৃষ্ট্বৈব কালানলসন্নিভানি।
দিশো ন জানে ন লভে চ শর্ম্ম
প্রসীদ দেবেশ জগন্নিবাস॥ ২৫॥

চক্ষুর সম্মুখে অখণ্ড মহাভয়ের পূর্ণঘট ভাঙ্গিয়া যেন আপনার বিস্তৃত মুখমণ্ডলের আকার ধারণ করিয়াছে। দন্ত ও রসনা অসংখ্য,—উহারা ওষ্ঠাধরের দ্বারা আচ্ছাদিত হইতেছে না।

চারিদিকে যেন প্রলয়াস্ত্রের বর্ষণ হইতেছে। প্রচণ্ড মুখমণ্ডল দর্শন করিয়া তক্ষকেরও বুঝি শরীরে বিষের ক্রিয়া আরম্ভ হয়, কালরাত্রিকেও ভূতে পাইয়া বসে, আগ্নেয়াস্ত্র বিদ্যুতের শক্তিতে নিভিয়া যায় ; বাহিরে যে আবেশ প্রকাশিত হইতেছে উহা আমার প্রতি মরণের প্রবাহ আনিতেছে। প্রলয় কালের প্রচণ্ড বায়ু এবং কল্পান্তের প্রলয়াগ্নি দুই-ই যদি মিলিত হয় তবে কোন্ বস্তু না জ্বলিয়া যাইবে ? সংহারমূর্ত্তি আপনার মুখ দেখিয়া আমার ধৈর্য্যচ্যুতি হইবার উপক্রম, আমি ভ্রমে পতিত হইয়া দিশেহারা হইয়া পড়িয়াছি। ভুল করিয়াছি, বিশ্বরূপ দর্শন করিয়া আমার সুখের অভাব উপস্থিত হইয়াছে। আপন স্বরূপ সঙ্কোচ করুন প্রভু। এরূপ করিবেন জানিলে আপনাকে এই ভাবের প্রশ্ন করিতাম না। মহারাজ, এই মূর্ত্তির প্রলয় হইতে আমাকে রক্ষা করুন। হে অনন্ত, আপনি আমার প্রভু, জীবন রক্ষা করিয়া এই মহামারীর বিস্তার সঙ্কোচ করুন। হে পরমদেবতা, আপনি নিজের চৈতন্যদ্বারাই এই জগৎকে জীবনময় করিয়াছেন সে কথা কি ভুলিয়া গেলেন ? তাহা না হইলে সংহারে প্রবৃত্ত হইলেন কেন ? হে দেবরাজ, প্রসন্ন হউন, মায়াকে সঙ্কুচিত করুন, আমাকে ভয় হইতে নিস্তার করুন, আকুল ভাবে চরণে বার বার মিনতি করিতেছি, হে বিশ্বমূর্ত্তি, বড়ই ভয় পাইয়াছি। যখন অমরাবতীতে নিয়াছিলেন আমি একাই যুদ্ধে জয় লাভ করিয়াছি, কালের মুখেও আমি ভয় করি না। এই ব্যাপার সেরূপ নয়। এখানে মৃত্যুকেও

পরাভূত করিয়া সমগ্র বিশ্বের সহিত গ্রাস করিবার উপক্রম করিয়াছেন। প্রলয়কাল না আসিতে কালস্বরূপ উপস্থিত হইয়াছেন আর ত্রিভুবনের আয়ু ক্ষীণ হইতেছে। কি দুর্ভাগ্য শান্তির কামনা করিতে বিঘ্ন উপস্থিত। হায় এই বিশ্ব যে ডুবিল! ইহাকে গ্রাস করিতে আরম্ভ করিয়াছেন। আপনি কি মুখ ব্যাদান করিয়া যথেচ্ছভাবে এই সৈনিকগণকে গ্রাস করিতেছেন না? ॥ ২৫ ॥

অমী চ ত্বাং ধৃতরাষ্ট্রস্য পুত্রাঃ
সর্ব্বে সহৈবাবনিপালসংঘৈঃ।
ভীষ্মো দ্রোণঃ সূতপুত্রস্তথাঽসৌ
সহাস্মদীয়ৈরপি যোধমুখ্যৈঃ ॥ ২৬ ॥

এই যে কৌরবকুলবীর অন্ধধৃতরাষ্ট্রের পুত্রগণ পরিবার সহিত আপনার মুখমধ্যে প্রবেশ করিতেছে। ইহাদের সহায়ক বিভিন্ন প্রদেশের রাজন্যবর্গ। তাহাদিগকে আপনি এরূপ ভাবে গ্রাস করিতে প্রবৃত্ত হইয়াছেন যে, তাহা অবর্ণনীয়। হস্তীসমূহ আপনি পিপাসার জলের মত পান করিতেছেন, যুদ্ধক্ষেত্রে যাহা আছে সকলই আপনি গ্রাস করিয়াছেন। তোপ প্রভৃতি মারক যন্ত্র, সৈনিক, কৃতান্তের ভ্রাতৃ-সদৃশ বিশ্বসংহারক অস্ত্র এ সকলই যে আপনি অনায়াসে গিলিয়া ফেলিতেছেন! চতুরঙ্গ সেনা, অশ্বসংযুক্ত রথ, আপনি দন্ত স্পর্শ না করিয়া কেমনে গ্রাস করিলেন? সত্য ও বীর্য্যে অদ্বিতীয় ভীষ্ম ও ব্রাহ্মণ দ্রোণা-

চার্য্যকেও যে আপনি গ্রাস করিলেন! আহা সূর্য্য-পুত্র বীর কর্ণও মৃত প্রায়, আমাদের পক্ষের সেনাগণকেও আপনি তুষের মত উড়াইয়া দিয়াছেন। হায় বিধাতঃ এ কি হইল? আমি বিশ্বরূপ প্রদর্শনের অনুগ্রহ প্রার্থনা করিয়া জগতের অন্তিম দশাকে যেন ডাকিয়া আনিলাম। প্রথমতঃ ইনি আমাকে বিভূতি দেখাইয়াছিলেন, উহা এরূপ ভয়ঙ্কর ছিল না বলিয়াই আমি আরও দেখিব বলিয়া আশা করিয়াছিলাম। প্রারব্ধ কখনও অন্যথা হয় না, বুদ্ধিও তদনুসারে হইবে ইহা সুনিশ্চিত। যুদ্ধক্ষেত্রে আত্মীয় স্বজন বধের দোষ আমার মাথায় চাপাইবার চেষ্টা কিরূপে অন্যথা হইত? অমৃত পাইয়া তৃপ্ত না হওয়াতে দেবতারা পুনরায় সমুদ্র মন্থন করিতে প্রবৃত্ত হইলেন—ফলে কালকূট বিষের উৎপত্তি। যাহা হউক উহাও ততটা ভয়ানক হইতে পারে নাই কেননা সেই বিপদে মহাদেব দেবতাগণকে রক্ষা করিয়াছিলেন। প্রজ্বলিত অগ্নি আলিঙ্গন করিতে সমর্থ কে? গগনমণ্ডল বিষের জ্বালায় পূর্ণ হইয়া গিয়াছে উহা কে গ্রাস করিবে? মহাকালের সহিত ক্রীড়া করিবার সামর্থ্য আছে কার? অর্জ্জুন এই প্রকারে ব্যাকুল হৃদয়ে দুঃখ প্রকাশ করিতে লাগিলেন। শ্রীকৃষ্ণের অভিপ্রায় কিন্তু তাহার বুদ্ধিগোচর হইল না। 'আমি বধের কর্ত্তা এই কৌরব সৈন্য বধ্য' এইরূপ মোহ দূর করিবার নিমিত্তই শ্রীকৃষ্ণ তাহাকে আপন স্বরূপ প্রদর্শন করিয়াছেন। বিশ্বরূপের ছলে শ্রীকৃষ্ণ দেখাইলেন—"ওরে সংসারে কেহ কাহাকে বধ করে না, আমিই সকলের সংহারকর্ত্তা।" অর্জ্জুন বৃথা আকুল হইলেন,

এই কথা তিনি বুঝিতে পারেন নাই। তাহার দেহের কম্পন ক্রমশঃ বৃদ্ধি পাইল ॥ ২৬ ॥

বক্ত্রাণি তে ত্বরমাণা বিশন্তি
দংষ্ট্রাকরালানি ভয়ানকানি।
কেচিদ্বিলগ্না দশনান্তরেষু
সংদৃশ্যন্তে চূর্ণিতৈরুত্তমাঙ্গৈঃ ॥ ২৭ ॥

অর্জ্জুন পুনরায় বলিলেন—দেখুন, তরবারি ও অঙ্গাবরণ কবচাদি সহিত উভয় পক্ষের সেনাগণ—শূন্য আকাশে অভ্রজালের ন্যায় আপনার বদন বিবরে প্রবেশ করিতেছে। মহাকল্পের শেষে সৃষ্টি ধ্বংস করিবার নিমিত্ত কৃতান্তের রোষ হইলে পাতাল সমেত সমগ্র সৃষ্টি যেমন সে গ্রাস করে, দুর্ভাগার কষ্টোপার্জ্জিত সম্পত্তি যেমন যেখানে উপার্জ্জিত হয় সেখানেই লয় হইয়া যায়, সেইরূপ এই অগণিত সেনা আপনার মুখবিবরে লীন হইয়া গেল। আপনার গ্রাস হইতে কাহারও ছুটিবার উপায় নাই। কি অদৃষ্ট! উষ্ট্র যেমন অশোক বৃক্ষের পত্র চর্ব্বণ করিয়া থাকে তেমনই এই লোক চরাচর বৃথা আপনার বদনবিলে প্রবেশ করিতেছে। মুকুট-শোভিত নৃপতিগণের মস্তক আপনার দাঁতের ফাঁটলে পড়িয়া চূর্ণীকৃত হইয়া যাইতেছে। মুকুটের রত্নগুলি দন্তমধ্যে সংলগ্ন হইয়াছে—উহার চূর্ণ রসনার মূলে লাগিয়াছে আর কিছু ওষ্ঠের দুই পার্শ্বেও লিপ্ত রহিয়াছে। বিশ্বরূপধারী মহাকাল সমস্ত সৈন্যের শরীর ও বল গ্রাস করিয়া লইয়াছে, অবস্থা বুঝিয়া শুধু

তাহাদের দেহের চর্ম্মকে রাখিয়াছে। মস্তকই উত্তমাঙ্গ এই নিমিত্ত উহা মহাকালের মুখের মধ্যে, দেহটী অবশিষ্ট। অর্জ্জুন পুনরায় বলিলেন—জন্মলাভ করিয়া প্রাণিগণের কি দ্বিতীয় পথ নাই যে সকল জগৎই আপনার বদন সরোবরে প্রবেশ করিয়া রহিল? এই সৃষ্ট জগৎ এই মুখের মধ্যে আসিয়া পড়িতেছে আর পরমাত্মা নিঃশব্দে তাহা গ্রাস করিতেছে। ব্রহ্মাদি দেবতা এই মুখের উচ্চ ভাগে ছুটিয়াছেন সাধারণ দেবগণ অপরদিক্ দিয়া প্রবেশ করিতেছে। এতদ্ভিন্ন জীবগণ যেখানে জন্মগ্রহণ করিতেছে সেখানেই কবলিত হইতেছে। নিশ্চিতই তাহার গ্রাস হইতে কাহারও ছুটিবার উপায় নাই ॥ ২৭ ॥

যথা নদীনাং বহবোঽম্বুবেগাঃ
সমুদ্রমেবাভিমুখা দ্রবন্তি।
তথা তবামী নরলোকবীরা
বিশন্তি বক্ত্রাণ্যভি বিজ্বলন্তি ॥ ২৮ ॥

মহানদীর প্রবাহ অচিরেই সমুদ্রে যাইয়া মিলিত হয়, সেরূপ জগৎ চারিদিক্ হইতে এই মুখের মধ্যে প্রবেশ করিতেছে। প্রাণিগণ আয়ুর পথে দিবস ও রাত্রির সোপান নির্ম্মাণ করিয়া অতি শীঘ্র এই মুখে প্রবেশ করিবার সাধনা করিতেছে ॥ ২৮ ॥

যথা প্রদীপ্তং জ্বলনং পতঙ্গা
বিশন্তি নাশায় সমৃদ্ধবেগাঃ
তথৈব নাশায় বিশন্তি লোকা—
স্তবাপি বক্ত্রাণি সমৃদ্ধবেগাঃ ॥ ২৯ ॥

জ্বলন্ত পর্ব্বতের গুহার মধ্যে পতঙ্গের ঝাঁপ দিবার মত দেবগণ এই বদন গুহায় পড়িতেছে। উত্তপ্ত লৌহের উপর পতিত জলবিন্দুর ন্যায় এই মুখে প্রবেশ করিয়া জীবের দশা! তাহার নাম, রূপ ধ্বংস হইয়া যায় ॥ ২৯ ॥

লেলিহ্যসে গ্রসমানঃ সমন্তা
লোকান্ সমগ্রান্ বদনৈর্জ্বলদ্ভিঃ।
তেজোভিরাপূর্য্য জগৎ সমগ্রং
ভাসস্তবোগ্রাঃ প্রতপন্তি বিষ্ণো ॥ ৩০ ॥

এত প্রচুর আহার করিয়াও ইহার ক্ষুধার নিবৃত্তি নাই! কি অসাধারণ ক্ষুধা! রোগী যেন হঠাৎ মুক্ত হইয়াছে অথবা ভিক্ষার পর দুর্ভিক্ষ আরম্ভ হইয়াছে! ঐ লেকলে জিহ্বা সমস্ত লক্ লক্ করিতেছে। আহারের পর কিছুই অবশিষ্ট নাই। উঃ কি অপূর্ব্ব ক্ষুধা! সমুদ্রকেও পান করি, পর্ব্বতও চিবাইয়া চর্ব্বণ করি, সম্পূর্ণ ব্রহ্মাণ্ডকে মুখের মধ্যে পুরিয়া নিই, দিকসমস্ত গ্রাস করি, নক্ষত্রগুলি লেহন করিয়া লই—মনে হয়, আপনার এইরূপ উৎকণ্ঠার উদ্রেক হইয়াছে? ভোগে কামের বৃদ্ধি হয়—ইন্ধনে অগ্নি উজ্জ্বলতর হয়, সেইরূপ খাইতে খাইতেও আপনার খাইবার ইচ্ছা ক্রমশঃ বৃদ্ধি পাইয়াছে। মুখ একটা কিন্তু এরূপ বিস্তৃত যে, ত্রিভুবনও রসনার একপ্রান্তে অকিঞ্চিৎকর। বাড়বানলের ন্যায় আপনার এরূপ বহুসংখ্যক মুখ আছে কিন্তু ভুবন কতগুলি আছে? আহার্য্য না থাকিলে মুখ এতগুলি করিলেন কেন?

এই ভুবন মুখের অগ্নিশিখায় পরিবেষ্টিত রহিয়াছে। দাবাগ্নিতে পতিত মৃগের ন্যায় এই বিশ্বের অবস্থা। জগতের কৃতকর্ম্ম এই কালরূপী দেবতার মূর্ত্তি ধারণ করিয়াছে। জগৎস্বরূপ জলচরকে ধরিবার নিমিত্ত মহাকাল এই একটী জাল ফেলিয়া রাখিয়াছে। অঙ্গপ্রভার ফাঁদ হইতে চরাচর বিশ্ব কোন্ পথে পলায়ন করিবে? ইহাকে কালের মুখ বলিব কি জগজ্জীবের নিমিত্ত নির্ম্মিত লাক্ষাগৃহ বলিব? অগ্নি নিজের উত্তাপ বুঝিতে পারে না, যাহার শরীরে লাগে সে আর প্রাণ লইয়া পলাইবার পথ পায় না। শস্ত্র কি জানে তাহার তীক্ষ্ণতায় কিরূপে মৃত্যু ঘটে? বিষ প্রাণহানিজনক নিজের গুণটী জানে না। আপনার তীব্রতাও আপনি জানেন না, উহাতে সমগ্র জগৎ পূর্ণ হইয়াছে। আপনি আত্মা, সমস্ত দেহের ব্যাপক, আমার কালান্তক হইলা কেন উপস্থিত হইলেন? জীবনের আশা ছাড়িয়া দিয়াছি। আপনার অভিলাষ স্পষ্ট প্রকাশ করুন। এই উগ্ররূপের কি ভীষণ বৃদ্ধি হইয়াছে—আপনার ভগবৎস্বরূপ ধ্যানের বিষয় করিয়া দিন, আমার প্রতি কৃপা করুন ॥ ৩০ ॥

আখ্যাহি মে কো ভবানুগ্ররূপো
নমোঽস্তু তে দেববর প্রসীদ।
বিজ্ঞাতুমিচ্ছামি ভবন্তমাদ্যং
ন হি প্রজানামি তব প্রবৃত্তিম্ ॥ ৩১ ॥

হে শ্রুতিগম্য, ত্রিলোকের আদি কারণ, হে বিশ্ববন্দ্য, আমার নিবেদন শ্রবণ করুন। এই বলিয়া অর্জ্জুন সেই মূর্ত্তির চরণে

মস্তক রাখিয়া নমস্কার করিয়া বলিলেন—সর্ব্বেশ্বর অবধান করুন, সংশয় দূর করিবার নিমিত্ত আপনার বিশ্বরূপের পরিচয় প্রশ্ন করিয়াছিলাম, সমগ্র জগৎ গ্রাস করিবার নিমিত্ত প্রবৃত্ত হইয়াছেন এ কি রূপ ? কেন অগণিত ভয়ানক মুখ একত্র করিয়া প্রতিকরেই অস্ত্র ধারণ করিয়াছেন ? ক্রোধে বিস্তৃত হইয়া আকাশকেও ক্ষুদ্র করিয়াছেন, ভয়ানক নেত্র বিস্ফারিত করিয়া আমাকে ভয় দেখাইতেছেন ? হে দেব, কৃতান্তকেও ভয় দেখাইবার স্পর্দ্ধা কেন করিতেছেন ?—বলুন।

তদুত্তরে শ্রীকৃষ্ণ বলিলেন—আমি কে ?—আর কেনই বা এই উগ্র রূপ ধারণ করিয়াছি ইহা জিজ্ঞাসা করিতেছ ? ॥ ৩১ ॥

শ্রীভগবানুবাচ—

কালোঽস্মি লোকক্ষয়কৃৎপ্রবৃদ্ধো
লোকান্ সমাহর্ত্তুমিহ প্রবৃত্তঃ।
ঋতেঽপিত্বাং ন ভবিষ্যন্তি সর্ব্বে
যেঽবস্থিতাঃ প্রত্যনীকেষু যোধাঃ ॥ ৩২ ॥

বাস্তবিকই আমি কাল স্বরূপ, লোক সংহারের নিমিত্তই এই বিরাট্ মূর্ত্তি ধারণ করিয়াছি। চারিদিকে মুখ ব্যাদান করিয়া সম্পূর্ণ বিশ্বকে গ্রাস করিব। তখন অর্জ্জুন বলিলেন, হায় হায়, এক বিপদ হইতে উদ্ধার পাইয়া প্রার্থনা জানাইতে এ যে নূতন সঙ্কট উপস্থিত হইল! শ্রীকৃষ্ণ জানেন তাঁহার কথা শুনিয়া অর্জ্জুন অত্যন্ত নিরাশ ও দুঃখিত হইবে। তিনি পূর্ব্বেই

বলিলেন, শোন আরও একটী কথা আছে পাণ্ডব, তুমি এই সংহাররূপ বিপদ হইতে মুক্ত। শুনিয়া অর্জ্জুন মরিতে মরিতে বাঁচিয়া গেল! সে যেন মৃতুময় মহামারীর অধীন হইয়া গিয়াছিল, পুনরায় সচেতন হইয়া শ্রীকৃষ্ণের কথা শুনিতে লাগিল। তিনি বলিলেন, অর্জ্জুন তুমি আমার প্রিয়, এই কথা ভুলিও না। আমি তোমাকে ভিন্ন আর সকলকে গ্রাস করিতে প্রবৃত্ত। প্রচণ্ড বজ্রাগ্নিতে মাখনের পিণ্ড নিক্ষেপ করিলে উহার যে দশা আমার মুখমধ্যে জগতের দশাও তদনুরূপ, কিছুই পার্থক্য নাই। দেখ এই সেনাগণ বৃথা আস্ফালন করিতেছে। চতুরঙ্গ সৈন্যসহ বীরগণ পরাক্রমের মোহে বশীভূত হইয়া মহাকালের সহিত স্পর্দ্ধা কবিতেছে। বলিতেছে—এরূপ দ্বিতীয় সৃষ্টি রচনা করিব; প্রতিজ্ঞা করিয়া বলিতেছি, সাক্ষাৎ মৃত্যুকেও বধ করিব। জগৎটাকে চূর্ণ করিয়া উদরস্থ করিব, সমগ্র পৃথিবী গ্রাস করিব, আকাশকে জ্বালাইয়া দিব, বায়ুর কথা কি উহাকে বাণদ্বারা জর্জ্জরিত করিব। যাহাদের বাক্য অস্ত্রের তীক্ষ্ণতাকেও পরাজিত করে, যাহারা তেজে অগ্নির সমান বলিয়া প্রতীয়মান, যাহারা মরণ সম্বন্ধে কালকূট বিষকেও মধুর বলিয়া প্রমাণিত করে, সেই সকল বীর কেবল গন্ধর্ব্ব নগরীর সৃষ্টি, বালকের রচিত ক্রীড়াগৃহ অথবা চিত্র লিখিত মূর্ত্তির ন্যায় প্রতিভাত হইতেছে। মৃগতৃষ্ণার জলের বন্যা আসিয়াছে। এ সকল কি সত্যই সৈন্য? বস্ত্রের নির্ম্মিত খেলিবার সর্প অথবা সুসজ্জিত প্রাণহীন পুতুলই নয় কি? ॥ ৩২ ॥

তস্মাত্ত্বমুত্তিষ্ঠ যশো লভস্ব
জিত্বা শত্রূন্ ভুঙ্‌ক্ষ্ব রাজ্যং সমৃদ্ধং
ময়ৈবৈতে নিহতাঃ পূর্ব্বমেব
নিমিত্তমাত্রং ভব সব্যসাচিন্ ॥ ৩৩ ॥

ইহাদের শরীরে যে শক্তি ছিল উহা আমি হরণ করিয়া লইয়াছি। এখন ইহারা কুম্ভকার নির্ম্মিত মৃন্ময় পুতুলের ন্যায় নির্জীব। বন্ধনরজ্জু ছিন্ন হইলে উহাকে যে কেহ উল্টাইয়া ফেলিয়া দিতে পারে। সৈন্য দিগের বিনাশ করিতে আর কিছুমাত্র সময় লাগিবেনা। অতএব প্রস্তুত হও শীঘ্র মোহ দূর কর। তুমি বিরাট্ রাজার গো-হরণ সময়ে বিরাট্ নন্দন উত্তরের দ্বারা মোহনাস্ত্র নিক্ষেপে শত্রুগণের বস্ত্র পর্য্যন্ত হরণ করাইয়াছিলে আজ এই সেনাগণ তাহা হইতেও নিরুপায় হইয়া রণক্ষেত্রে দণ্ডায়মান। ইহাদিগকে সংহার কর এবং অর্জ্জুন একাকী সমগ্র শত্রু জয় করিয়াছে এই কীর্ত্তির অধিকারী হও, শুধু যশঃ কেন, ইহাতে সম্পূর্ণ সাম্রাজ্যও তোমার হস্তগত হইবে। সব্যসাচী, কেবল নিমিত্ত মাত্র হও ॥ ৩৩ ॥

দ্রোণঞ্চ ভীষ্মঞ্চ জয়দ্রথঞ্চ
কর্ণং তথান্যানপি যোধবীরান্।
ময়া হতাংস্ত্বং জহি মা ব্যথিষ্ঠা
যুধ্যস্ব জেতাসি রণে সপত্নান্ ॥ ৩৪ ॥

দ্রোণাচার্য্যের নিজের কোন যোগ্যতা আছে বলিয়া মনে করিও না। ভীষ্মের ভয় করিও না। কর্ণ কিরূপ অস্ত্র বর্ষণ করিবে সে বিষয়ে চিন্তা করিও না। জয়দ্রথকে কি উপায়ে বধ করিবে তাহাও ভাবিবার বিষয় নয়। যত প্রসিদ্ধ বীর এই যুদ্ধক্ষেত্রে রহিয়াছে তাহাদিগকে চিত্রে অঙ্কিত সিংহের মত জানিবে। ইহাদের চিহ্ন হাত দিয়াই মুছিয়া ফেলা যায়। হে পাণ্ডব, এই যুদ্ধ গণনার অযোগ্য, শুধু যুদ্ধের আভাস রহিয়াছে, মূল বস্তু আমি গ্রাস করিয়া লইয়াছি। ইহাদিগকে আমার মুখবিবরে নিপতিত দেখিয়াছ, তখনই ইহাদের আয়ুঃ শেষ হইয়াছে। শুধু তাহাদের খোলস রহিয়াছে। শীঘ্র যুদ্ধে প্রবৃত্ত হও। যাহাকে আমি বধ করিয়া রাখিয়াছি তাহাদিগকে বধ কর, মিথ্যা শোকগ্রস্ত হইও না। ক্রীড়ার সময়ে নিজেই নিশান দণ্ডায়মান করিয়া আবার তাহাকেই পরাজিত করিয়া ভূমিতে ফেলিয়া দেওয়া হয়; সেইরূপ তুমি কেবল নিমিত্ত মাত্র হইয়াছ। তোমার শত্রু জন্ম গ্রহণ করিতেই তাহাকে বাঘে আক্রমণ করিয়া লইয়া গিয়াছে! এখন তুমি রাজ্য সহিত সম্পূর্ণ যশঃ লাভ করিয়া ভোগ কর ॥ ৩৪ ॥

সঞ্জয় উবাচ—

এতচ্ছ্রুত্বা বচনং কেশবস্য
কৃতাঞ্জলির্বেপমানঃ কিরীটী।
নমস্কৃত্বা ভূয় এবাহ কৃষ্ণং
সগদ্গদং ভীতভীতঃ প্রণম্য ॥ ৩৫ ॥

জ্ঞানদেব বলিতেছেন—সঞ্জয় অপূর্ণ মনস্কাম ধৃতরাষ্ট্র নৃপতির সমীপে এই সকল কথা প্রকাশ করিয়া বলিলেন। সত্যলোক হইতে গঙ্গার স্রোত কল কল নাদে প্রবাহিত। মহামেঘ সমূহ মিলিত ভাবে "গুরু গুরু" ধ্বনি করিয়া থাকে। ক্ষীর সমুদ্র মন্থন কালে মন্দরাচল-মন্থন-দণ্ড হইতে বিকট ঘর্ঘর ধ্বনি উত্থিত হয়। বিশ্বের মূল অনন্তদেব শ্রীকৃষ্ণ সেইরূপ মহা গম্ভীর নাদে যে বাক্য উচ্চারণ করিয়াছেন তাহার কণামাত্র অর্জ্জুনের শ্রুতিগোচর হইয়া আনন্দ বা ভয় দ্বিগুণিত করিয়াছে, তাহা আমি বলিতে পারি না। তাহার সর্ব্ব শরীর কম্পিত, আর শ্রীকৃষ্ণের সম্মুখে সে সঙ্কুচিত ভাবে পিণ্ডাকারে আনত হইয়া পড়িয়াছিল। কৃতাঞ্জলি পূর্ব্বক অর্জ্জুন বারবার চরণে মস্তক অবনত করিয়া কিছু বলিবার চেষ্টা করিতে তাহার কণ্ঠরোধ হইয়াছিল। ইহা সুখ কি ভয় তাহা বিচার করুন! আমি কিন্তু শ্লোকের পদ হইতে এইটুকু বুঝিলাম অর্জ্জুনের এই দশা হইয়াছিল। ভীত ভীত ভাবে চরণে প্রণাম করিতে করিতে অর্জ্জুন বলিলেন ॥ ৩৫ ॥

অর্জ্জুন উবাচ—

স্থানে হৃষীকেশ তব প্রকীর্ত্ত্যা
জগৎপ্রহৃষ্যত্যনুরজ্যতে চ।
রক্ষাংসি ভীতানি দিশো দ্রবন্তি
সর্ব্বে নমস্যন্তি চ সিদ্ধসঙ্ঘাঃ ॥ ৩৬ ॥

প্রভু বলিয়াছেন—"হে অর্জ্জুন, আমি কাল, জগৎ গ্রাসকরা আমার খেলা।" এই বাক্য আমি সত্য বলিয়াই মানিয়া লইয়াছি ; তবে পালন করিবার সময় কেন আপনি কালরূপ ধারণ করিয়া সংহারে প্রবৃত্ত হইয়াছেন, এ বিষয়ে আমি কিছুই নিশ্চয় করিতে পারিতেছি না। দেহের যৌবনকে বাহির করিয়া লইয়া সেই দেহে বার্দ্ধক্যকে কিরূপে প্রবেশ করান যায়? আপনি যে কার্য্যে প্রবৃত্ত হইয়াছেন উহা প্রায় অসম্ভব। হে শ্রীঅনন্ত, চারি প্রহর পূর্ণ না হইতে মধ্যাহ্নকালে কি সূর্য্য অস্ত যাইতে পারে? অখণ্ডিত কালস্বরূপ আপনার যে তিন ভাগ আছে উহাতে যথা সময়ে প্রত্যেক ভাগেরই প্রভাব বেশী। যে কালে উৎপত্তি হয় সেই সময় স্থিতি ও প্রলয়, স্থিতিকালে উৎপত্তি ও প্রলয়, আর প্রলয় কালে সৃষ্টি ও স্থিতি শক্তি লুপ্ত থাকে। অনাদি এই নিয়ম কোন কারণে অন্যথা হইবার নয়। সম্প্রতি জগতের স্থিতিকাল ও উহা ভোগের বিষয়ে পরিপূর্ণ, উহাকে এই সময় গ্রাস করিতে প্রবৃত্ত হইতেছেন কেন তাহা আমি বুঝিতে পারি না। শ্রীকৃষ্ণ সঙ্কেত করিয়া বলিলেন, এখন ত তোমাকে প্রত্যক্ষই দেখাইলাম যে, এই উভয় পক্ষীয় সেনাদলের পোষণ কার্য্য শেষ হইয়া গিয়াছে। ইহাদের মরণ যথাকালে ঘটিবেই। শ্রীকৃষ্ণের এই সঙ্কেত বাণী হইতে অর্জ্জুন পূর্ব্বের ন্যায় সমস্ত সংসার দেখিলেন। তিনি বলিলেন দেব, আপনি বিশ্বের ধারণকর্ত্তা সূত্রধার। জগতের পূর্ব্বেকার অবস্থা ফিরাইয়া দিয়াছেন। হে শ্রীহরি, আপনি দুঃখ সাগরে নিমজ্জিত জগতের উদ্ধার কর্ত্তা, এই

কীর্ত্তি জগতের জীব বার বার স্মরণ করিয়া মহাসুখের আনন্দ ভোগ করিতেছে এবং হর্ষের অমৃত তরঙ্গে হাবুডুবু খাইতেছে। হে দেব, প্রাণদানের কারণ জীব আপনাকে প্রীতি করে তথাপি আপনি দুষ্টের বিনাশ করিয়া থাকেন। ত্রিভুবনের রাক্ষসের সমীপে আপনি মহাভয় স্বরূপ এই নিমিত্ত সেই দুর্ব্বৃত্ত দূরে পলায়ন করিয়াছে। সুর, নর, সিদ্ধ, কিন্নর, অধিক কি সকল চরাচর আপনার দর্শনে আনন্দিত; সকলে আপনাকে নমস্কার করিতেছে ॥ ৩৬ ॥

কস্মাচ্চ তে ন নমেরন্মহাত্মন্
গরীয়সে ব্রহ্মণোঽপ্যাদিকর্ত্রে।
অনন্তদেবেশ জগন্নিবাস
ত্বমক্ষরং সদসৎ তৎপরং যৎ ॥ ৩৭ ॥

হে নারায়ণ, রাক্ষসকুল আপনার চরণে প্রণত না হইয়া দূরে পলাইয়া গেল কারণ কি? একথা আপনাকে জিজ্ঞাসা করি কেন? বুঝিয়াছি সূর্য্য উদয় হইলে অন্ধকার কেমন করিয়া থাকিবে? আত্মপ্রকাশের গৃহস্বরূপ আপনি দৃষ্টিগোচর হইয়াছেন, নিশাচর রূপ অন্ধকার দূর হইয়া গিয়াছে। হে শ্রীরাম, এতদিন ইহার কিছুই জানিতাম না আপনার গম্ভীর মহিমাতে এখন এই বিষয় অবগত হইলাম। যাহা হইতে মহাভূতের বীজ বিবিধ সৃষ্টির শ্রেণীকে বিস্তার করিয়াছে সেই মহত্তত্ত্ব আপনার ইচ্ছাদ্বারা উৎপন্ন। হে দেব আপনি অসীমসত্ত্ব, হে দেব, সীমারহিত অনন্তগুণে পরিপূর্ণ, দেবগণেরও পরম দেবতা আপনি

ত্রিলোকের জীবন। হে সদাশিব, অবিনাশী, সৎ, অসৎ এবং তাহাদেরও অতীত বস্তু আপনিই ॥ ৩৭ ॥

ত্বমাদিদেবঃ পুরুষঃ পুরাণ
স্ত্বমস্য বিশ্বস্য পরং নিধানং।
বেত্তাসি বেদ্যঞ্চ পরঞ্চ ধাম
ত্বয়া ততং বিশ্বমনন্তরূপ ॥ ৩৮ ॥

প্রকৃতি ও পুরুষের আদিকারণ, মহত্তত্ত্বের সীমা আপনি স্বয়ংরূপ, পুরাতন ও অনাদি পুরুষ। সমগ্র বিশ্বের জীবন ও প্রাণিগণের পরাশ্রয়ভূত ভবিষ্যৎ কালের জ্ঞান আপনার করতলে। এই নিমিত্ত আপনাকে পরম ও মহাধাম বলা হয়। কল্পান্তে মহত্তত্ত্ব আপনাতেই প্রবেশ করে। অধিক বলিব কি দেব, সমগ্র বিশ্বের বিস্তার, হে অনন্তরূপ, আপনার বর্ণনা করিতে কে সমর্থ? ॥ ৩৮ ॥

বায়ুর্যমোঽগ্নি র্বরুণঃ শশাঙ্কঃ
প্রজাপতিস্ত্বং প্রপিতামহশ্চ।
নমো নমস্তেঽস্তু সহস্রকৃত্বঃ
পুনশ্চ ভূয়োঽপি নমোনমস্তে ॥ ৩৯ ॥
নমঃ পুরস্তাদথ পৃষ্ঠতস্তে
নমোঽস্তু তে সর্ব্বতএব সর্ব্ব।
অনন্তবীর্য্যামিত বিক্রমস্ত্বং
সর্ব্বং সমাপ্নোষি ততোঽসি সর্ব্বঃ ॥৪০॥

আপনি কি নন আর কোথায় বা নাই? বলিব কি যেরূপে আছেন সেই রূপেই আপনাকে প্রণাম করি। হে শ্রীঅনন্ত, আপনি বায়ু, শাসনকর্ত্তা যম, প্রাণিগণের জঠরাগ্নি, বরুণ, চন্দ্র, সৃষ্টিকর্ত্তা ব্রহ্মা, পিতামহ হইতেও শ্রেষ্ঠ জনক। হে শ্রীজগন্নাথ, আপনার সাকার অথবা নিরাকার যত রূপ আছে সকলকেই আমি প্রণাম করি। অর্জ্জুন প্রেমভরে প্রাণের সহিত নমস্কার করিয়া বলিলেন, হে প্রভু নমস্কার, নমস্কার। সেই শ্রীমূর্ত্তির চরণ হইতে শিরোদেশ পর্য্যন্ত লক্ষ্য করিয়া আবার বলিলেন নমস্কার, নমস্কার। প্রতি অঙ্গের প্রান্ত দর্শন করিয়া অর্জ্জুন সমাহিত মনে পুনরায় বলেন প্রভু, নমস্কার, নমস্কার। চরাচর সকল প্রাণীর মধ্যে সেই রূপ দর্শন করিয়া তিনি বলেন প্রভু, নমস্কার নমস্কার। এইরূপে অনন্ত অদ্ভূত আশ্চর্য্য রূপের প্রকাশ দেখিয়া তিনি কেবলই 'নমস্কার নমস্কার' বলিতে লাগিলেন। কোন প্রকার স্তুতি করিবার বাক্যও তাহার স্মরণ হইল না, চুপ্ করিয়াও থাকা যায় না; তিনি প্রেমভরে আত্মহারা হইয়া রহিলেন। সহস্রবার নমস্কার করিয়াও অর্জ্জুন পুনরায় বলিলেন হে শ্রীহরি, আপনার সম্মুখে নমস্কার, আপনার অগ্র পশ্চাৎ বিচার কি প্রয়োজন? হে প্রভু, আপনার পশ্চাতেও প্রণাম। আপনি আমার পশ্চাতে দাঁড়াইয়াছেন এই নিমিত্ত আপনার পশ্চাৎ বলিতে পারা যায়; আপনি জগতের সম্মুখে কি পশ্চাতে তাহা সঠিক বলা সুকঠিন। হে দেব, পৃথক্ পৃথক্ অবয়বের বর্ণনা করিতে অসমর্থ; হে সর্ব্বরূপী, হে সর্ব্ব,

আপনাকে প্রণাম করি। হে অনন্ত, হে সমৃদ্ধিমান, হে অমিতপরাক্রমশালী, হে সর্ব্বকালসম, হে সর্ব্বব্যাপী, আপনাকে প্রণাম। অখণ্ড অবকাশ আকাশের স্বরূপতা লাভ করিয়াই অবস্থান করে, তদ্রূপ আপনি সর্ব্বত্র ব্যাপক হইয়া সর্ব্বরূপে প্রকাশিত। অধিক বলিবার প্রয়োজন নাই—হে কেবল স্বরূপ, ক্ষীর সমুদ্রে দুগ্ধময় তরঙ্গই পূর্ণ হইয়া থাকে, সেইরূপ আপনিই সর্ব্বত্র এইজন্য হে দেব, আমার এই বিশ্বাস হইয়াছে যে, আপনি কোন বস্তু হইতেই পৃথক্ নহেন ও সর্ব্বত্র বর্ত্তমান ॥ ৪০ ॥

সখেতি মত্বা প্রসভং যদুক্তং
হে কৃষ্ণ হে যাদব হে সখেতি
অজানতা মহিমানং তবেদং
ময়া প্রমাদাৎ প্রণয়েন বাপি ॥ ৪১ ॥

প্রভু, এরূপভাবে আপনাকে আমি কখনও জানিতাম না সেই নিমিত্তই আপনার সহিত সহোদরের ন্যায় ব্যবহার করিয়াছি। উহা বড়ই অন্যায় হইয়াছে। আমি অমৃত দিয়া আঙ্গিনা ধৌত করিয়াছি, ঘোড়ার বদলে কামধেনু প্রদান করিয়াছি। পরশমণির পর্ব্বত পাইয়াছিলাম উহা চূর্ণ করিয়া গৃহের ভিত্তির গর্ত্ত পূর্ণ করিয়াছি, কল্পবৃক্ষ ভাঙ্গিয়া উহাদ্বারা ক্ষেত্রের বেড়া দিয়াছি। চিন্তামণিও পরিচয়ের অভাবে পরিত্যক্ত হয়, আপনার সান্নিধ্য লাভ করিয়াও অবহেলায় অপব্যবহার করিয়াছি। যথার্থতঃ বিচার করিলে এই যুদ্ধ অতি তুচ্ছ, হে পরব্রহ্ম, তবু আপনাকে আমার

সারথি করিয়াছি। হে দাতা, কৌরব গৃহে আপনাকে দূত স্বরূপে প্রেরণ করিয়াছি। হে জগদীশ্বর, আপনাকে যথেচ্ছ ব্যবহার করিয়াছি। আমি মূঢ়, আপনি যোগিগণের সমাধি-সুখ স্বরূপ। আপনার সমীপে কত উপরোধ করিয়াছি ॥ ৪১ ॥

যচ্চাবহাসার্থ মসৎকৃতোঽসি
বিহারশয্যাসনভোজনেষু।
একোঽথবাপ্যচ্যুত তৎসমক্ষং
তৎক্ষাময়ে ত্বামহমপ্রমেয়ম্ ॥ ৪২ ॥

এই বিশ্বের আদিকারণ আপনি কোথাও উপবেশন করিলে আমি প্রিয়-সম্বন্ধে কত আলাপ করিয়াছি। আপনার মন্দিরে প্রবেশ করিলে আমি যথাযোগ্য সম্মান পাইয়াছি, কখনও তাহার অন্যথা হইলে আমি রুষ্ট হইয়াছি। হে শার্ঙ্গপাণি, চরণ ধরিয়া ক্ষমা প্রার্থনা করা উচিত এরূপ অনেক গর্হিত কর্ম্ম করিয়াছি। স্বজনের ন্যায় আপনাকে পৃষ্ঠদেশে রাখিয়া বসিয়াছি। হে বৈকুণ্ঠ, এরূপ যোগ্যতা আমার কি করিয়া হইল? আমি ভুল করিয়াছি—হে দেব, আপনার সহিত গদাক্রীড়া করিয়াছি, মল্লক্রীড়া করিয়া পরস্পর যুঝিয়াছি, কত বিবিধ ক্রীড়া—পাশা খেলিতে খেলিতে তিরস্কার পূর্ব্বক সুবিধার ঘর দখল করিয়াছি, কোনও উৎকৃষ্ট বস্তু দেখামাত্র উহা চাহিয়া লইয়াছি। সর্ব্বজ্ঞ আপনাকে উপদেশ এবং জিজ্ঞাসা করিয়াছি, আপনি কি প্রার্থনা করেন? অপরাধ এত বৃদ্ধি পাইয়াছে যে, ত্রিভুবনেও

উহার স্থান হইবেনা। চরণ ধরিয়া নিবেদন করি, আমি অজানিত ভাবেই উহা করিয়াছি। হে দেব, ভোজনের সময় আমাকে ডাকিলেও কতদিন বৃথা অভিমানে ক্রোধ করিয়া বসিয়া রহিয়াছি! হে দেব, আপনার বিলাস-গৃহে নিঃশঙ্ক ভাবে ক্রীড়া করিয়াছি। আপনার শয্যায় আপনার পার্শ্বে শয়ন করিয়াছি। আপনাকে কৃষ্ণ বলিয়া নাম ধরিয়া ডাকিয়াছি, সাধারণ একজন যাদব বলিয়া বুঝিয়াছি, আপনি চলিয়া যাইবার উপক্রম করিলে কত শপথ করিয়াছি। আপনার সমীপে একাসনে উপবেশন, বাক্যরক্ষা না করা, ঘনিষ্ঠতা নিবন্ধন আমি কতই না করিয়াছি। হে অনন্ত, কত বিষয়ের উল্লেখ করিব, আমি পুঞ্জীভূত অপরাধ স্বরূপ। হে প্রভু, আপনার সমীপে অথবা অগোচরে যত কিছু অপরাধ করিয়াছি উহা আপনি মাতার মত দয়ায় ক্ষমা করুন। নদী কর্দ্দমময় জল লইয়া আসিলেও সমুদ্র তাহাকে গ্রহণ না করিয়া পারে না, যেহেতু তাহার উপায়ান্তর নাই। হে মুকুন্দ, প্রণয় ও প্রমোদে যাহা বলিয়াছি ক্ষমা করুন। আপনার সহনশীলতার নিমিত্তই এই ক্ষমা (পৃথিবী) প্রাণিগণের আশ্রয় স্বরূপা হইয়াছেন। হে পুরুষোত্তম, যতই মিনতি করা যাউক না কেন অতিশয় তুচ্ছ। হে অপ্রমেয়, শরণাগতজনের অপরাধ ক্ষমা করুন ॥ ৪২ ॥

পিতাঽসি লোকস্য চরাচরস্য
ত্বমস্য পূজ্যশ্চ গুরুর্গরীয়ান্‌।
ন ত্বৎসমো ঽস্ত্যভ্যধিকঃ কুতোঽন্যো
লোকত্রয়েপ্যপ্রতিমপ্রভাব ॥ ৪৩ ॥

আজ যথার্থ মহিমা জানিলাম। হে দেব, চরাচরের জন্মস্থান, হে দেব, হরি হর, প্রভৃতি সমস্ত দেবতার পরম দেবতা আপনি দেবগণেরও আদি শিক্ষাগুরু। হে শ্রীরাম, আপনি গম্ভীর, সর্ব্বভূতে সম, একরস স্বরূপ, সর্ব্বগুণে অলঙ্কৃত, অতুলনীয়, অদ্বিতীয়, আপনার সমান আর কেহ নাই ইহা বলিবার কি প্রয়োজন আছে? আপনার হেতু আকাশে এই ব্রহ্মাণ্ডের স্থান হইয়াছে, আপনার ন্যায় দ্বিতীয় বস্তু আছে এরূপ উচ্চারণ করিতেও লজ্জা হয়, বৃহত্তর কেহ নাই ইহাতে আর আশ্চর্য্য কি? ত্রিভুবনে আপনি অদ্বিতীয়। আপনার সমান বা দ্বিতীয় নাই। আপনার অপূর্ব্ব মহিমা অবর্ণনীয় ॥ ৪৩ ॥

তস্মাৎ প্রণম্য প্রণিধায় কায়ং
প্রসাদয়ে ত্বামহমীশমীড্যং
পিতেব পুত্রস্য সখেব সখ্যুঃ
প্রিয়ঃ প্রিয়ায়ার্হসি দেব সোঢ়ুম্ ॥ ৪৪ ॥

এই বলিয়া প্রণাম করিতে করিতে অর্জ্জুনের সাত্ত্বিক ভাবের বন্যা আসিল। তিনি বলিতে লাগিলেন—কৃপা করুন, কৃপা করুন, আমার কণ্ঠরোধ হইবার উপক্রম হইয়াছে। আমাকে অপরাধ সমুদ্র হইতে তুলিয়া লউন। আপনি জগদ্বন্ধু, এই কথা স্বগোত্রাভিমানে আমি পূর্ব্বে স্বীকার করি নাই। বিশ্বেশ্বর সমীপেও আপন ঐশ্বর্য্য প্রকাশ করিতেছিলাম। আপনিই বর্ণনীয় তবু সভাস্থলে আমার গুণ বর্ণনা করিয়াছেন, প্রাকৃত ক্ষোভে আমি

অধিকতর আশা করিয়াছি। হে মুকুন্দ, এই অপরাধের সীমা নাই। এই বিপদ হইতে আমাকে রক্ষা করুন। মিনতি করিবার যোগ্যতা নাই। প্রেমের বলে বালক পিতার সহিত বাদানুবাদ করে, তাহাতে খুব অপরাধ হইলেও পিতা দ্বৈতভাব ছাড়িয়া উহা সহিয়া থাকেন সেইরূপ আমার অপরাধ গ্রহণ করিবেন না। বন্ধুর উদ্ধত ব্যবহার বন্ধু শান্তভাবে সহ্য করেন, সেইরূপ আপনিও আমার অপরাধ সহ্য করিবেন। প্রেমিক প্রিয়জনের সমীপে কোনরূপ সম্মানের প্রত্যাশা করেনা, আপনিও সেইরূপ করিয়াছেন তাহার নিমিত্ত ক্ষমা প্রার্থনা করি। প্রাণ-প্রিয়ের সহিত সাক্ষাৎ হইলে অন্তরের বিগত ব্যথার কথা বলিতে সঙ্কোচ হয় না। আপন দেহ, প্রাণ, সর্ব্বস্ব সমর্পণ করিয়া পতিব্রতা পতির সহিত মিলন মাত্র আপন হৃদয়ের গোপন কথা বলে, সেইরূপ হে গোস্বামিন্, আপনার চরণে এই মিনতি করিলাম। আর একটী কথা বলিতে চাই ॥ ৪৪ ॥

অদৃষ্টপূর্ব্বং হৃষিতোঽস্মি দৃষ্ট্বা
ভয়েন চ প্রব্যথিতং মনো মে।
তদেব মে দর্শয় দেব রূপং
প্রসীদ দেবেশ জগন্নিবাস ॥ ৪৫ ॥

হে দেব, আপনার অবাধ্যতা করিয়া বিশ্বরূপ দর্শনের হঠ করিয়াছি, প্রেমময় মাতাপিতার ন্যায় আপনি সেই আশা পূর্ণ করিয়াছেন। অঙ্গনে কল্পবৃক্ষের ঝোপ্ হউক, কামধেনুর বৎস

আমার ক্রীড়া সামগ্রী হউক, খেলার জন্য চন্দ্রকিরণের গুচ্ছ পাওয়া যাউক, এরূপ অসম্ভব হঠ মাতৃ-স্বরূপ আপনি পূর্ণ করিয়াছেন। যে অমৃতের এক বিন্দুর নিমিত্ত কত কষ্ট হয়, পৃথিবীর চারিদিকে তাহার বর্ষণ করিয়া দিয়াছেন, ধরিত্রীর সর্ব্বত্র পুঞ্জ পুঞ্জ চিন্তামণি দান করিয়াছেন। এই প্রকারে হে প্রভু, আমাকে কৃতার্থ এবং আমার বালসুলভ সকল বাসনা পূর্ণ করিয়াছেন। শঙ্কর, ব্রহ্মা ও শ্রুতির অগোচর স্বরূপ আমাকে প্রদর্শন করিয়াছেন। দেখিবার কথা দূরে থাকুক্, উপনিষদ্ যাহার সাক্ষাৎ পায় নাই সেই হৃদয়ের কবাট আমার নিমিত্ত আপনি খুলিয়া দিয়াছেন। কল্পারম্ভ হইতে আজ পর্য্যন্ত আমার যত যত জন্ম হইয়াছে সেইগুলি পর্য্যালোচনা করিয়া দেখিলে মনে হয়, এরূপ অপূর্ব্ব দর্শনের কথা আর কোন জন্মে শোনা হয় নাই। বুদ্ধির জ্ঞান এই স্বরূপের আঙ্গিনায়ও প্রবেশ করিতে অসমর্থ, অন্তঃকরণ উহার ধ্বনিও শুনিতে পারে না, নেত্র আর কেমন করিয়া ইহাকে প্রত্যক্ষ দর্শন করিবে? অধিক বলিব কি? ইতিপূর্ব্বে এই রূপ আর কেহ দেখেও নাই শুনিতেও পায় নাই। বিশ্বরূপ দেখাইয়া আমাকে আনন্দিত করিয়াছেন। হে দেব, হৃদয়ে এই ইচ্ছার উদ্‌গম হইয়াছে যে, এখন আপনার সহিত একটু আলাপ এবং আলিঙ্গন করিয়া আপনার সান্নিধ্য উপভোগ করি। এই বিশ্বমূর্ত্তির সহিত তাহা কিরূপে হয়? আপনি কোন্ মুখেই বা কথা বলিবেন, আমিই বা কাহাকে আলিঙ্গন করিব? আপনার গণনা হইতে পারে না। বাতাসের সঙ্গে দৌড়াইয়া

যাওয়া, গগনকে প্রলেপ দেওয়া, সমুদ্রে জল-ক্রীড়া করা অসম্ভব। হে দেব, আপনার এই রূপ দেখিয়াও আমার ভয় হইতেছে। এখন এই রূপ সঙ্গোপন করিয়া অভিলাষ পূর্ণ করুন। কৌতুকের সহিত চরাচর অবলোকন করিয়া গৃহে প্রত্যাগমন করিলে প্রচুর আনন্দ হয়, সেইরূপ আনন্দময় আপনার চতুর্ভুজ মূর্ত্তি আমার শান্তির গৃহ স্বরূপ। যোগাদির অভ্যাস করিয়াও এই চতুর্ভুজ রূপেরই প্রতীতি; শাস্ত্রের আলোচনা করিয়াও সিদ্ধান্ত স্বরূপ ইহাকেই পাই, সর্ব্বতীর্থে ভ্রমণ এই রূপেরই নিমিত্ত, দান ও পুণ্য যাহা অনুষ্ঠান করা হয় সকলই আপনার চতুর্ভুজ রূপের দর্শন আকাঙ্ক্ষায়। এই রূপের নিমিত্ত আমার হৃদয়ে অধিক প্রেম। উহা শীঘ্র দেখিবার নিমিত্ত আকাঙ্ক্ষা হইয়াছে। অনতিবিলম্বে আমার আর্ত্তি পূর্ণ করুন হে হৃদয়জ্ঞ, বিশ্বভাবন, হে পূজ্য, হে পরমদেবতা, প্রসন্ন হউন ॥ ৪৫ ॥

কিরীটিনং গদিনং চক্রহস্তমিচ্ছামি ত্বাং দ্রষ্টুমহংতথৈব।
তেনৈব রূপেণ চতুর্ভুজেন সহস্রবাহো ভব বিশ্বমূর্ত্তে ॥৪৬॥

নীলকমল চিত্রাঙ্কনের আদর্শ স্বরূপ অঙ্গের কান্তি গগনেও গাঢ় নীলবর্ণ ঢালিয়া দেয়, ইন্দ্রনীলমণিকেও অধিকতর প্রভা প্রদর্শন করে। মনে হয়, মরকত মণি সুগন্ধ যুক্ত হইয়াছে অথবা আনন্দের হস্তোদ্‌গম হইয়াছে। ইহার চরণে পড়িয়া মদন সুশোভিত হয়। শিরোদেশ যাহার মুকুটেরও মুকুট হইয়া অলঙ্কৃত করিয়াছে, যে রূপে ভূষণকেও ভূষিত করিয়াছে, সেই অঙ্গ, হে

শার্ঙ্গপাণি, আকাশে ইন্দ্রধনু বেষ্টিত মেঘমালার ন্যায় বৈজয়ন্তী মালায় সুবেষ্টিত। গদা উদার, উহা শত্রুকেও মোক্ষ প্রদান করে। হে গোবিন্দ, আপনার চক্র কত না সৌম্য প্রকাশে শোভাময়! অধিক বলিব কি হে স্বামী, সেই রূপ দর্শনের জন্য আমার উৎকণ্ঠা হইয়াছে, প্রদর্শন করুন। এই বিশ্বরূপ দর্শন করিয়া সুখে চক্ষু জুড়াইয়া এখন কৃষ্ণ মূর্ত্তির নিমিত্ত পিপাসিত হইয়াছে। সাকার কৃষ্ণরূপের অতিরিক্ত কোনরূপ এই নয়নে ভাল লাগেনা। সেই রূপ দর্শন না হইলে এই রূপের মহিমা বুঝা যায় না। ভোগ ও মোক্ষ প্রদানকারী শ্রীমূর্ত্তি ভিন্ন কিছুই ভাল লাগেনা। অতএব চতুর্ভুজ হইয়া এই মূর্ত্তির সঙ্গোপন করুন॥ ৪৬॥

শ্রীভগবানুবাচ—

ময়া প্রসন্নেন তবার্জ্জুনেদং
রূপং পরং দর্শিতমাত্মযোগাৎ।
তেজোময়ং বিশ্বমনন্তমাদ্যং
যন্মে ত্বদন্যেন ন দৃষ্টপূর্ব্বম্॥ ৪৭॥

এইবাক্যে বিশ্বরূপ শ্রীকৃষ্ণের বিস্ময় হইল। তিনি বলিলেন এরূপ অরসিক ত দেখি নাই! কত শ্রেষ্ঠ বস্তু লাভ করিয়াছ তাহাতেও আনন্দ মনে করিতেছ না? ভীরুর ন্যায় কত কিছু বলিতেছ! আমার প্রসন্নতা অন্তরে বাহিরে চির নির্লিপ্ত। নিজের আয়ু ব্যয় করে কে? তোমার অভিলাষ পূর্ণ করিতে পরিশ্রম করিয়া আপন স্বরূপ প্রকাশ পূর্ব্বক প্রদর্শন করিয়াছি।

জানি না তোমার কেমন প্রেম যাহার প্রসন্নতা আমাকে এরূপ মত্ত করিয়াছে যে, আমার গুপ্ত স্বরূপের ধ্বজা তুলিয়া উহা জগতের সমীপে প্রকাশ করা হইয়াছে। এই স্বরূপের অধিক আর কি আছে, ইহাই পরাৎপর রূপ। ইহা হইতে অবতার সকল উৎপন্ন হইয়া থাকে। এই স্বরূপ কেবল জ্ঞানময়, বিশ্বময়, অনন্ত, অচল, এবং সকলের আদি কারণ। হে অর্জ্জুন, তুমি ভিন্ন ইহা কেহ দেখেও নাই, শোনেও নাই, কেন না ইহা সাধন দ্বারা লভ্য নয়॥ ৪৭॥

ন বেদ যজ্ঞাধ্যয়নৈর্ন দানৈ র্নচ
ক্রিয়াভির্ন তপোভি রুগ্রৈঃ।
এবংরূপঃ শক্যঃ অহং নৃলোকে
দ্রষ্টুং ত্বদন্যেন কুরুপ্রবীর॥ ৪৮॥

এই রূপের নির্ণয়ে বেদ শব্দহীন, যজ্ঞ স্বর্গ পর্য্যন্ত গমন করিয়া পিছনে হটিয়া আসিয়াছে সাধকগণ শ্রম বোধে যোগাভ্যাস ছাড়িয়া দিয়াছে। অধ্যয়নদ্বারা এই স্বরূপ প্রাপ্ত হয় না। সম্পূর্ণাঙ্গ সৎকর্ম্ম আপন শ্রেষ্ঠতায় অনেক দূর দৌড়াইয়া বহু পরিশ্রমে সত্যলোক পর্য্যন্ত যায়। তপস্যা এই রূপের ঐশ্বর্য্য দেখিয়া নিজের তীব্রতা ছাড়িয়া দিয়াছে। তপস্যা ও সাধনা হইতে অনেক দূরে অবস্থিত বিশ্বমূর্ত্তি তুমি অনায়াসে দর্শন করিয়াছ, মনুষ্যলোকে এরূপ লাভ কাহারও হয় না। জগতে এই সম্পদে ধনী একমাত্র তুমি। এরূপ শ্রেষ্ঠ ভাগ্য ব্রহ্মারও হয় নাই॥ ৪৮॥

মা তে ব্যথা মা চ বিমূঢ়ভাবো দৃষ্ট্বারূপং ঘোরমীদৃঙ্মমেদম্
ব্যপেতভীঃ প্রীতমনাঃ পুনস্ত্বং তদেব মে রূপমিদং প্রপশ্য ॥৪৯॥

বিশ্বরূপ দর্শনে আপনাকে ধন্য বলিয়া মনে কর। ইহাতে ভয়ের কিছুই নাই, ইহা সর্ব্বোত্তম, অমৃত-পূর্ণ সমুদ্রে ডুব দিতে কেহ ভয় করিবে কি? বৃহৎ এবং উচ্চ হিরণ্ময় পর্ব্বত দর্শনে আরোহণ কঠিন ভাবিয়া ত্যাগ করা কর্ত্তব্য? ভাগ্যক্রমে চিন্তামণিময় অলঙ্কার লাভ হইলে উহাকে ভার বলিয়া পরিত্যাগ করা যায় কি? পালন করিবার সামর্থ্য নাই বলিয়া কামধেনু ছাড়িয়া দেয়? গৃহের অভ্যন্তরে চন্দ্রিকা প্রবেশ করিলে কেহ কি বলে বাহির হইয়া যাও, তুমি বড় উষ্ণতা লইয়া আসিয়াছ? সূর্য্যকে কি কেহ বলে যাও সরিয়া যাও, তুমি বড় ছায়া বিস্তার করিতেছ? ঐশ্বরিক মহাতেজ অনায়াসে তোমার করতলগত হইয়াছে এবিষয়ে অনর্থক হঠ উচিত কি? হে ধনঞ্জয়, অবোধ তুমি কিছুই বুঝিতেছ না। তোমার উপর রাগ করিবার কিছুই নাই!

তুমি শরীর ছাড়িয়া ছায়াকে আলিঙ্গন করিতে চাও। এই স্বরূপকে ভয় করিয়া চতুর্ভুজমূর্ত্তিতে তোমার প্রীতি, উহাই কি আমার সত্য স্বরূপ? হে অর্জ্জুন এই বিশ্বমূর্ত্তিতে অনাস্থা করিও না। যদিও এই মূর্ত্তি ঘোরাকৃতি, উগ্র ও বিশাল, তথাপি তোমার বিশ্বাস স্থাপন করা উচিত। কৃপণের প্রাণ দ্রব্যের উপর পড়িয়া থাকে আর সে কায়িক ক্লেশ সহ্য করিয়া মরে, পক্ষিণী বৃক্ষকোটরে

অজাত-পক্ষ শাবকের পাশে আপন প্রাণ রাখিয়া শূন্য আকাশে উড়ে, গাভী পর্ব্বতের উপর আরোহণ করিলেও তাহার মন থাকে গৃহে বাছুরীর কাছে, সেইরূপ তুমি গাঢ় প্রেমে এই স্বরূপের সহিত লাগিয়া থাক আর বাহ্যতঃ সখ্যসুখ অনুভবের নিমিত্ত চতুর্ভুজরূপের চিন্তা কর। পাণ্ডব, সর্ব্বদা এই কথা মনে রাখিও, এই স্বরূপে তোমার সদ্ভাবের যেন অভাব না হয়। তুমি এ স্বরূপ কখনও দেখ নাই। তোমার ভয়োৎপন্ন হইয়াছে, ভয়ের বিনিময়ে তোমার অন্তর প্রেমপূর্ণ করিয়া লও। বিশ্বরূপ শ্রীকৃষ্ণ বলিলেন —এখন তোমার ইচ্ছানুরূপ করিতেছি, তুমি মনের সুখে আমার পূর্ব্বরূপই দর্শন কর ॥ ৪৯ ॥

সঞ্জয় উবাচ—

ইত্যর্জ্জুনং বাসুদেবস্তথোক্ত্বা
স্বকং রূপং দর্শয়ামাস ভূয়ঃ।
আশ্বাসয়ামাস চ ভীতমেনং
ভূত্বা পুনঃ সৌম্য বপুর্ম্মহাত্মা ॥ ৫০ ॥

শ্রীভগবান্ বলিতে বলিতে মনুষ্যরূপ হইয়া গেলেন। আশ্চর্য্য কিছু নয়, কেবল তাঁহার প্রেমেরই মহিমা। পরব্রহ্ম শ্রীকৃষ্ণ তাহার যথাসর্ব্বস্ব বিশ্বরূপ-সম্পৎ অর্জ্জুনের হস্তে অর্পণ করিলেন, তাহার উহা ভাল লাগিল না। দান গ্রহণ পূর্ব্বক পরিত্যাগ করিলে, কন্যারত্ন দেখিয়াও উহা আমার ভাল লাগে না বলিলে যেরূপ, অর্জ্জুনের অবস্থাও তদ্রূপ। বিশ্বরূপ প্রদর্শিত হইলে

তাহার প্রেম কতই না বৃদ্ধি পাইয়াছিল, শ্রীকৃষ্ণও তাহাকে সর্ব্বোৎকৃষ্ট উপদেশ প্রদান করিয়াছিলেন। স্বর্ণখণ্ড ভাঙ্গিয়া নির্ম্মিত অলঙ্কার ইচ্ছামত না হইলে পুনরায় গলাইয়া ফেলা হয়। সেইরূপ যিনি ভক্তের প্রেমে শ্রীকৃষ্ণ, তিনিই বিশ্বরূপ, আবার তিনিই ভক্তের সমীপে বিশ্বরূপ ভাল লাগে নাই বলিয়া শ্রীকৃষ্ণরূপ হইয়া গেলেন। শিষ্যের এরূপ হঠ সহনকারী গুরু আর কোথায়?

সঞ্জয় বলিলেন—জানিনা শ্রীকৃষ্ণের প্রেম কত! শ্রীভগবান্ যে দিব্য তেজ প্রকাশ করিয়া বিশ্ব ব্যাপিয়া ছিলেন উহা কৃষ্ণরূপে অন্তর্লীন করিলেন। সম্পূর্ণ জীব-দশা ব্রহ্মস্বরূপে, বৃক্ষের আকার বীজকণিকায়, জাগ্রৎ দশায় স্বপ্নের অন্তর্লীন হওয়ার মত শ্রীকৃষ্ণ আপন যোগ সঙ্কুচিত করিলেন। প্রভা বিম্বের মধ্যে, মেঘ আকাশে, জোয়ারের জল সমুদ্র গর্ভে, যে ভাবে বিলীন হয়, অর্জ্জুনের দর্শনাকাঙ্ক্ষায় বিস্তৃত ও প্রদর্শিত বিশ্বরূপ-বস্ত্রের বর্ণ, সূত্র ও বয়ন গ্রাহকের মনোমত না হওয়াতে পুনরায় পূর্ব্বের ন্যায় সঙ্কুচিত করিয়া রাখিলেন। এইভাবে বিশাল বিশ্বরূপ সৌম্য হইয়া গেল। শ্রীকৃষ্ণ আপন সুন্দর ক্ষুদ্রাকৃতি প্রকাশ করিয়া ভীত অর্জ্জুনকে আশ্বাস প্রদান করিলেন। স্বপ্নে স্বর্গে যাইয়া হঠাৎ নিদ্রাভঙ্গে বিস্মিতের ন্যায় অর্জ্জুন অত্যন্ত বিস্মিত হইলেন। গুরু কৃপায় সম্পূর্ণ প্রপঞ্চজ্ঞান লয় হইয়া গেলে ব্রহ্মতত্ত্ব প্রকাশিত হয়, সেইরূপ শ্রীকৃষ্ণ স্বমূর্ত্তি প্রকাশ করিলেন। অর্জ্জুন মনে মনে বলিলেন—ভাল হইল, এই সৌম্যমূর্ত্তির উপর বিশ্বরূপের যবনিকা পড়িয়াছিল উহা ভাগ্যক্রমে সরিয়া গিয়াছে।

মহাকালকে পরাজিত—মহাবায়ুকে দ্রুতগতিতে অতিক্রম অথবা সপ্ত সমুদ্র সন্তরণে উত্তীর্ণ হইলে চিত্তে যেরূপ সন্তোষ লাভের সম্ভাবনা, অর্জ্জুন শ্রীকৃষ্ণের সৌম্যমূর্ত্তি দর্শন করিয়া সেইরূপ অপরিমেয় সন্তোষ লাভ করিলেন। সূর্য্যাস্তে গগমমণ্ডলে নক্ষত্র প্রকাশ হয়, যুদ্ধক্ষেত্রেও বহুপ্রাণী দৃষ্টিগোচর হইল। এখন যে দিকে দৃষ্টি যায় 'কুরু'ক্ষেত্র। উভয় দিকেই স্বগোত্র সম্ভুত বীর পুরুষ পরস্পর যুদ্ধাবেশে পূর্ব্বের ন্যায় অস্ত্র ও শস্ত্র বর্ষণ করিতেছে। বাণ সমূহের মণ্ডপতলে রথ পূর্ব্ববৎ অবস্থিত, শ্রীকৃষ্ণ সারথির স্থানে যথারীতি উপবিষ্ট, নিজে তাহার চরণতলে॥ ৫০ ॥

অর্জ্জুন উবাচ—

দৃষ্ট্বেদং মানুষং রূপং তব সৌম্যং জনার্দ্দন।
ইদানীমস্মি সংবৃত্তঃ সচেতাঃ প্রকৃতিং গতঃ॥ ৫১ ॥

বীর বিলাসী অর্জ্জুন ইচ্ছানুরূপ দর্শন করিয়া বলিলেন—প্রভু, প্রাণ ফিরিয়া পাইলাম। আমার জ্ঞান বুদ্ধিকে পরিত্যাগ করিয়া ভয়ে অরণ্যে প্রবেশ করিয়াছিল, মন অহঙ্কারের সহিত দেশ ছাড়িয়া গিয়াছিল, ইন্দ্রিয়গণ তাহাদের প্রবৃত্তি ভুলিয়া গিয়াছিল। বাগিন্দ্রিয় কথা বলিতে অসমর্থ হইয়াছিল; শরীরের এই দুর্দ্দশা। এখন প্রকৃতিস্থ হইয়া আপনার শ্রীমূর্ত্তি দর্শনে জীবন পাইলাম। অর্জ্জুনের অন্তরে এইরূপ আনন্দানুভব! তিনি বলিলেন—মনুষ্য মূর্ত্তি দর্শন করিয়া আশ্বস্ত হইলাম। এই সৌম্যরূপ প্রদর্শন—অপরাধী শিশুকে মাতা যেরূপ বুঝাইয়া ভয়

দেখাইয়া স্তন পান করান ঠিক্ সেইরূপ। আমি বিশ্বরূপ-সমুদ্রে সন্তরণ করিয়া উত্তীর্ণ হইতে চেষ্টা করিতেছিলাম এখন সৌম্যমূর্ত্তির তীরে পৌঁছিয়াছি। হে দ্বারকাধীশ, আমি শুষ্ক বৃক্ষপ্রায় ছিলাম। বিশ্বরূপ প্রদর্শন নয়, মেঘের বর্ষণ হইল। কেননা তৃষ্ণা-বোধ থাকিলে বুঝিতাম—অমৃতের সমুদ্র প্রাপ্ত হইয়াছি। প্রাণহানির সংশয় দূর হইয়াছে। আমার হৃদয়ে হর্ষ লতিকার উদ্গম, আনন্দ ও চিত্তের সমাধান হইয়া গিয়াছে ॥ ৫১ ॥

শ্রীভগবানুবাচ—

সুদুর্দ্দর্শমিদং রূপং দৃষ্টবানসি যন্মম।
দেবা অপ্যস্য রূপস্য নিত্যং দর্শনকাঙ্ক্ষিণঃ ॥ ৫২ ॥

পার্থের পূর্ব্বোক্ত বাক্যে শ্রীকৃষ্ণ বলিলেন কি বলিতেছ—বিশ্বরূপের প্রতি প্রীতি রক্ষা করা চাই। এই মূর্ত্তিকে আলিঙ্গন করিবার নিমিত্তই তুমি এই শরীর লাভ করিয়াছ। হে সুভদ্রাপতি, তুমি কি উপদেশ ভুলিয়া গেলে? হে অর্জ্জুন—মেরু পর্ব্বতও অন্ধের সমীপে ক্ষুদ্র বলিয়া জ্ঞান হয়, উহা মনের ভ্রম। বিশ্বাত্মক-রূপ শঙ্কর এত তপস্যা করিয়াও দর্শন করিতে পারেন না। হে কিরীটি, যোগী অষ্টাঙ্গযোগ তপস্যার ক্লেশ সহিয়াও এই রূপের সন্ধান লাভ করিতে পারে না। দেবতাগণ এই বিশ্বরূপের কিঞ্চিৎ দর্শনের অভিলাষে প্রতীক্ষা করেন। চাতক হৃদয়রূপ মস্তকে আশার অঞ্জলি পাতিয়া আকাশের দিকে তাকাইয়া থাকে, সেইরূপ সুরশ্রেষ্ঠও অষ্টপ্রহর উৎকণ্ঠার বশে যে বিশ্বরূপ দর্শনের

ইচ্ছায় স্বপ্নেও দর্শন করিতে অসমর্থ সেই স্বরূপ তুমি অনায়াসে দেখিয়াছ ॥ ৫২ ॥

নাহং বেদৈর্ন তপসা ন দানেন ন চেজ্যয়া ।
শক্য এবংবিধো দ্রষ্টুং দৃষ্টবানসি মাং যথা ॥ ৫৩ ॥

হে সুভট, এই প্রাপ্তির নিমিত্ত সাধন মার্গের উদ্দেশ নাই। ষড়ঙ্গ সহিত বেদ ইহার নিরূপণে অসমর্থ। হে ধনুর্ধর, আমার বিশ্বরূপের পথে চলিবার নিমিত্ত অখিল তপস্যারও অযোগ্যতা। দান ব্রতাদি সাধনেও নিশ্চয়রূপে আমার প্রাপ্তি কঠিন! তুমি অনায়াসে আমার রূপ দেখিয়া লইয়াছ, যজ্ঞ দ্বারাও এরূপ ভাবে আমার স্বরূপ দর্শনের যোগ্যতা লাভ হয় না। একটী মাত্র রীতি অবলম্বনে আমাকে এরূপে লাভ করা যায়—উহা ভক্তি। যখন ভক্তি আসিয়া হৃদয়কে জয়মাল্য মণ্ডিত করে তখনই আমাকে এইভাবে লাভ করা যায়। ৫৩।

ভক্ত্যাত্বনন্যয়া শক্যোহ্হমেবং বিধোহর্জ্জুন ।
জ্ঞাতুং দ্রষ্টুং চ তত্ত্বেন প্রবেষ্টুং চ পরন্তপ ॥ ৫৪ ॥

পৃথিবীকে ভিন্ন বর্ষার ধারা আর কোনও গতি জানেনা, সমগ্র জল সম্পৎ লইয়া গঙ্গা সমুদ্রের অন্বেষণই করে এবং অনন্যগতি হইয়া বারবার তাহারই সহিত মিলিত হয়, এই ভক্তিও সেইরূপ হওয়া প্রয়োজন। ভক্তি নিখিল ভাবের ধারায় ভক্ত হৃদয় পূর্ণ করিয়া প্রেমের সহিত আমার স্বরূপ-ধর্ম্ম প্রাপ্ত হইয়া আমাতে

প্রবেশ করে। ক্ষীর সমুদ্র তীরে ও মধ্যে সর্ব্বত্র ক্ষীরময় আমিও সেইরূপ, আমার এই স্বরূপ হইতে ক্ষুদ্র পিপীলিকা পর্যন্ত চরাচরে ভজন নিমিত্ত দ্বিতীয় আর কোন বস্তু নাই। এরূপ ভক্তি লাভ হইলে এই রূপের জ্ঞান এবং আমার দর্শন হয়। অগ্নি সংযোগে ইন্ধন মূর্ত্তিমান অগ্নি হয়, সূর্য্যের উদয়কাল পর্য্যন্তই অন্ধকার গগনরূপ হইয়া থাকে, সূর্য্যোদয়ে সর্ব্বদিক্ প্রকাশময় হয়, সেইরূপ আমার সাক্ষাৎকারে অহঙ্কারের গমনাগমন বন্ধ এবং লয় হইলে দ্বৈত ভাবের নাশ হয়। আমিই বিশ্বের সর্ব্বত্র, এরূপ ভক্তিদ্বারা ভক্ত আমার সমরসে প্রবিষ্ট হয়॥ ৫৪॥

মৎকর্ম্মকৃন্মৎপরমো মদ্‌ভক্তঃ সঙ্গবর্জিতঃ।
নির্ব্বৈরঃ সর্ব্বভূতেষু যঃ স মামেতি পাণ্ডব॥ ৫৫॥

যে সকল কর্ম্ম সমর্পণ করিয়াছে, আমি ভিন্ন যাহার জগতে আর কিছুই উপাদেয় বলিয়া বোধ হয় না, ইহলোক পরলোকে আমি, যাহার জীবনের ফল স্বরূপেও আমিই, যে প্রাণিগণের ভেদ ভুলিয়া গিয়াছে, দৃষ্টিকে আমার রূপেই পূর্ণ করিয়াছে অতএব নির্ব্বৈর, সর্ব্বদা ভজনশীল সেই ভক্ত কফ, বাত, পিত্তাত্মক শরীর ত্যাগ করিয়া আমার স্বরূপতা লাভ করে।

সঞ্জয় বলিলেন, যিনি সমগ্র বিশ্ব উদরে ধারণ করিয়া পীবরোদর সেই করুণালয় শ্রীকৃষ্ণ এইরূপ বলিলেন। অর্জ্জুন তাঁহার বাক্য শ্রবণে আনন্দ-শ্রী মণ্ডিত হইলেন। শ্রীকৃষ্ণ চরণোপাসনায় তিনিই চতুর। ঐইরূপ দর্শনের পর চিত্তে ভাল

বিচার করিয়া অর্জ্জুন বিশ্বরূপ হইতে শ্রীকৃষ্ণরূপেই অধিকতর আনন্দ লাভ করিলেন। প্রভু তাহার জ্ঞানের প্রশংসা না করিয়া ব্যাপক স্বরূপ হইতে একদেশে প্রকাশিত স্বরূপ শ্রেষ্ঠ নয়, ইহাই বুঝাইতে চাহিলেন। এই নিমিত্ত দুই একটী যুক্তিও প্রদর্শন করিলেন। উহা শ্রবণে অর্জ্জুন মনে মনে বলিলেন,—দুই স্বরূপের কোন্‌টী শ্রেষ্ঠ তাহা পরে জিজ্ঞাসা করিব। উত্তম রীতিতে তিনি যে প্রশ্ন করেন তাহা পরে শ্রবণ করিবেন। জ্ঞানদেব বলিতেছে —সেই কথা আমি প্রেমভরে 'ওবী'ছন্দে প্রকাশ করিতেছি। প্রেমের অঞ্জলি পূর্ণ এই ওবীস্বরূপ মুক্ত-কুসুম সমূহ বিশ্বমূর্ত্তি শ্রীভগবানের চরণ যুগলে সমর্পণ করিলাম ॥ ৫৫ ॥

ইতি জ্ঞানদেব কৃত ভাবার্থ দীপিকায়াং একাদশোঽধ্যায়ঃ ॥

ভক্তিযোগ

দ্বাদশ অধ্যায়

হে নির্ম্মল, হে উদার, হে খ্যাতিমান, নিরন্তর আনন্দামৃত বর্ষণকারী মাতার ন্যায় কৃপালু গুরুদেব, আপনার জয় হউক। বিষয় সর্প জীবকে গ্রাস করিলে আপনার কৃপায় মোহপ্রাপ্ত না হইয়া সে নির্বিষ হইয়া যায়। আপনার কৃপামৃতের বন্যায় নিমগ্ন হইলে সংসার তাপ, শোক, মোহ কোনরূপ জ্বালা বা পীড়া উৎপাদন করিতে অসমর্থ হয়। হে কৃপালু, সেবক যোগসুখের আনন্দ লাভ করে। আপনি তাহার ব্রহ্মপ্রাপ্তির শিশু-সুলভ হঠ পূর্ণ করেন। প্রেমের সহিত মূলাধার শক্তিময় ক্রোড়ে গ্রহণ করিয়া আপনি তাহাকে লালন করেন এবং আপন হৃদয়াকাশের দোলায় দোল দেন। জীবাত্মভাব দূর করতঃ তাহাকে খেলা দিয়া বাল্যকালোচিত অলঙ্কার পরিধান করাইয়া থাকেন। অমৃতকলার দুগ্ধ পান করিতে দেন। অনাহতের সঙ্গীত শুনাইয়া সমাধিজ্ঞানের প্রবোধদানে বুঝ দিয়া থাকেন। আপনি সাধকের মাতা। আপনার চরণে নিখিল বিদ্যার উৎপত্তি, এই নিমিত্ত আমি আপনার পদছায়া পরিত্যাগ করি না। হে সদ্‌গুরু-কৃপাদৃষ্টি, আপনার করুণার আশ্রয়ে সাধক সর্ব্ববিদ্যার সৃষ্টিকর্ত্তা স্বরূপ হয়। হে মাতঃ, হে ভক্তগণের কল্পলতিকে, আমাকে গ্রন্থার্থ নিরূপণে আজ্ঞা দান করুন। হে অম্ব, আমাকে নব রসামৃতের

(ক) সাগর, উত্তমরত্নের আকর ও ভাবার্থের পর্ব্বতরূপে দণ্ডায়মান করুন। ভাষারূপ ধরিত্রীর বুকে অলঙ্কারের স্বর্ণখনি আবিষ্কৃত হউক এবং চারিদিকে বিবেক-লতার অঙ্কুরোদগম হউক। আমাকে নিরন্তর আজ্ঞা করুন—সংবাদ ফলের নিধান স্বরূপ সিদ্ধান্তের ঘন উদ্যান রচনা করি। পাষণ্ডমতের গর্ত্ত বন্ধ করুন, বাদানুবাদের কুটিল পথ ভাঙ্গিয়া কুতর্ক শ্বাপদের প্রাণ সংহার করুন। হে মাতঃ, আমাকে শ্রীকৃষ্ণের গুণ বর্ণনে নিরন্তর নিযুক্ত করুন এবং শ্রোতৃবৃন্দের শ্রবণ সুখের রাজপদে প্রতিষ্ঠিত করুন। এই ভাষার নগরীতে ব্রহ্মবিদ্যার সুদিন সমাগত হউক। সংসারে কেবল ব্রহ্মানন্দের আদান প্রদান চলিতে থাকুক্। হে মাতঃ, আপনার কৃপার অঞ্চল ভাগ্যবান্ আমাকে আচ্ছাদিত করিলে এই সকল অবিলম্বেই ঘটিতে পারে। এই মিনতি বাক্য শ্রবণে গুরুদেব কৃপাবলোকন করিয়া বলিলেন—আর অধিক বলিবার আবশ্যক নাই; এখন গীতার্থ বর্ণন আরম্ভ কর। জ্ঞানেশ্বর মহারাজ তখন আনন্দিত হইয়া বলিলেন—"যে আজ্ঞে,

(ক) শৃঙ্গারহাস্যকরুণা রৌদ্র বীরভয়ানকাঃ।
বীভৎসাদ্‌ভুত সংজ্ঞাশ্চেত্যষ্টৌনাট্যে রসাঃ স্মৃতাঃ॥
....
নির্বেদস্থায়ীভাবোঽস্তি শান্তোঽপি নবমোরসঃ॥

আলঙ্কারিক নব রসঃ—(১) শৃঙ্গার, (২) হাস্য, (৩) করুণ, (৪) রৌদ্র, (৫) বীর, (৬) ভয়ানক, (৭) বীভৎস, (৮) অদ্ভুত ও (৯) শান্তরস।

আমার প্রতি বিশেষ কৃপা হইয়াছে, শ্রবণ করুন এখন গ্রন্থার্থ নিরূপণ করিতেছি।”

অর্জ্জুন উবাচ—

এবং সততযুক্তা যে ভক্তাস্ত্বাং পর্য্যুপাসতে।
যে চাপ্যক্ষরমব্যক্তং তেষাং কে যোগবিত্তমাঃ ॥ ১ ॥

সর্ব্ববীরাগ্রগণ্য চন্দ্রবংশের বিজয় পতাকা পাণ্ডুনৃপাত্মজ অর্জ্জুন বলিলেন—হে কৃষ্ণ, আপনি আমাকে যে অদ্ভুত বিশ্বরূপ প্রদর্শন করিয়াছেন, উহাতে আমার চিত্ত ভয়াভিভূত হইয়াছিল। শ্রীকৃষ্ণরূপের সহিত আমার পূর্ব্ব পরিচয় আছে, অন্তর এই রূপের প্রতিই আকৃষ্ট,আপনি এই রূপে মন দিতে নিষেধ করিলেন কেন? ব্যক্ত ও অব্যক্ত উভয়ই আপনার মূর্ত্তি। (খ) ভক্তিদ্বারা ব্যক্ত ও যোগদ্বারা অব্যক্ত স্বরূপের প্রাপ্তি। হে বৈকুণ্ঠ, এই দুই পথই আপনাকে লাভের নিমিত্ত—ব্যক্ত বা অব্যক্ত স্বরূপে পৃথক্ দ্বারে যাইতে হয় মাত্র। সমগ্র স্বর্ণপিণ্ডে যে উজ্জ্বলতা উহা হইতে

(খ) দ্বে বাব ব্রহ্মণো রূপে মূর্ত্তং চৈবামূর্ত্তং চ ইতি শ্রুতিঃ।
আনন্দো দ্বিবিধঃ প্রোক্তো মূর্ত্তামূর্ত্তবিভেদতঃ।
অমূর্ত্তস্যাশ্রয়ো মূর্ত্তো মূর্ত্তানন্দোঽচ্যুতো মতঃ॥
(হয়শীর্ষ পঞ্চরাত্র)

ব্রহ্মানন্দ মূর্ত্ত ও অমূর্ত্ত দুই-ই। মূর্ত্ত আনন্দ অমূর্ত্ত আনন্দের আশ্রয়। “সত্যং শিবং সুন্দরম্” ও “সৎ চিৎ আনন্দম্” এক স্বরূপের নির্দ্দেশক। সত্য মঙ্গলময় সুন্দরই সচ্চিদানন্দ ঘন। সুন্দরের সৌন্দর্য্য মূর্ত্তানন্দ ভিন্ন থাকিতে পারে না।

পৃথক্‌কৃত এক রতি স্বর্ণেও সেই উজ্জ্বলতা। ব্যাপক বা একদেশী একই বস্তুর যোগ্যতা উভয়তঃ সমান। অমৃতের সমূদ্র হইতে যে লাভ হয়, অমৃত তরঙ্গ হইতে এক অঞ্জলি অমৃতেও সেই মহিমা পাওয়া যায়। ইহা আমার অন্তরে নিশ্চয়রূপে বিশ্বাস হইয়াছে। হে যোগেশ্বর, আপনার সমীপে পুনরায় প্রশ্নের কারণ এই যে, আমি জানিতে চাই প্রভু, ক্ষণকালের নিমিত্ত আপনি যে বিরাট্ মূর্ত্তি প্রকাশ করিলেন, উহা আপনার সত্যস্বরূপ অথবা কৌতুক করিয়া ঐ রূপ ধারণ করিয়াছিলেন। যে ভক্ত আপনাকে কর্ম্মফল সমর্পণ করে, আপনাকেই সর্ব্বশ্রেষ্ঠ জানে এবং আপন মনোধর্ম্মের বিনিময়ে ভক্তি ক্রয় করিয়া লয় আর হে শ্রীহরি,যে আপন অন্তরে আবদ্ধ আপনার স্বরূপের উপাসনা করে, যে জ্ঞানী ওঁকার লইয়া পড়িয়া আছে, বৈখরী বাণীর দুর্ঘট ও অতুলনীয় অক্ষর-অব্যক্ত-নির্ম্মল-ব্যাপক-স্বরূপে সোহংভাবে উপাসনা করে সেই জ্ঞানী ও পূর্ব্বোক্ত ভক্ত এতদুভয়ের মধ্যে যথার্থ যোগরহস্য কাহার লাভ হইয়াছে? অর্জ্জুনের এই বাক্যে জগবন্ধুর সন্তোষ হইল। তিনি বলিলেন, তুমি ত বেশ সুন্দর প্রশ্ন করিতে পার ॥ ১ ॥

শ্রীভগবানুবাচ—

ময্যাবেশ্য মনো যে মাং নিত্যযুক্তা উপাসতে।
শ্রদ্ধয়া পরয়োপেতাস্তে মে যুক্ততমা মতাঃ ॥ ২ ॥

হে কিরীটি, সূর্য্য অস্তাচলে গমন করিলে বিম্বের সহিত তাহার কিরণও যায়। হে পাণ্ডুনন্দন, বর্ষাসমাগমে নদীর বক্ষ স্ফীত হইতে

থাকে, সেইরূপ যাহার শ্রদ্ধা নিত্য নবভাবে বৃদ্ধি প্রাপ্ত হয়; সমুদ্র প্রাপ্ত হইলেও যাহার পশ্চাৎ হইতে জলের প্রবাহ আসিতেই থাকে সেই গঙ্গার ন্যায় যাহার প্রেমের প্রাচুর্য্য, যে সর্ব্বেন্দ্রিয়ের সহিত অন্তর আমাতেই রাখিয়া নিশিদিন উপাসনা করে, এইরূপ যে ভক্ত নিজেকে আমাতেই সমর্পণ করে, তাহাকেই আমি পরম যোগযুক্ত বলিয়া বুঝি ॥ ২ ॥

যে ত্বক্ষরমনির্দ্দেশ্যমব্যক্তং পর্য্যুপাসতে।
সর্ব্বত্রগমচিন্ত্যং চ কূটস্থমচলং ধ্রুবম্ ॥ ৩ ॥

হে পাণ্ডব, যে সোহংভাবে আরূঢ় হইয়া নিরাকার অক্ষর স্বরূপের ধ্যান করে, যেখানে মনের আঁচরও লাগেনা বা বুদ্ধির দৃষ্টিও পৌঁছিতে পারেনা, যাহা ইন্দ্রিয় জ্ঞানের অতীত, ধ্যানেরও দুর্লভ, যাহা কোথাও পাওয়া কঠিন, কোনরূপ আকার রহিত, সর্ব্বদা সর্ব্বরূপে বর্ত্তমান, প্রাপ্তিতে চিন্তারও স্তব্ধতা, উৎপত্তি ও বিনাশ রহিত, অস্তিত্ব বা অনস্তিত্ব হীন বলিয়া যাহার প্রাপ্তির চেষ্টা চলেনা,—অচঞ্চল, সরিয়া যায় না, যাহার সমাপ্তি নাই, দূষিত হওয়া নাই, সেই বস্তুকে যিনি আপন শক্তিতে লাভ করিয়াছেন— ॥ ৩ ॥

সংনিয়ম্যেন্দ্রিয়গ্রামং সর্ব্বত্র সমবুদ্ধয়ঃ।
তে প্রাপ্নুবন্তি মামেব সর্ব্বভূতহিতে রতাঃ ॥ ৪ ॥

যিনি বৈরাগ্য অগ্নিতে বিষয়-স্বর্ণ দগ্ধ করিয়া তপ্ত ইন্দ্রিয়কে ধৈর্য্যের সহিত বশীভূত করিয়াছেন এবং নিগ্রহ ফাঁস দিয়া

তাহার গতি ফিরাইয়া হৃদয় গুহায় আবদ্ধ করিয়াছেন, যিনি অপান বায়ুর দ্বারে আসন-মুদ্রা রচনা পূর্ব্বক মূলবন্ধ দুর্গ সুরক্ষিত করিয়াছেন,—আশার সম্বন্ধ পরিত্যাগ ও অধৈর্য্যের পথ পরিষ্কার করিয়া নিদ্রার অন্ধকার দূর করিয়াছেন,—বজ্রাগ্নির শিখায় সপ্ত-ধাতুর হোলিকা রাক্ষসীকে দগ্ধ করিয়া ব্যাধির শিরচ্ছেদ করিয়া-ছেন,—মূলাধার দীপদানে কুণ্ডলিনীর প্রদীপ জ্বালাইয়াছেন, যাহার দীপ্তিতে শিখরদেশ পর্য্যন্ত দৃষ্টিগোচর হয়; যিনি নবদ্বারের কবাটে ইন্দ্রিয় নিগ্রহের অর্গল বন্ধ করিয়া দশম দ্বারের জানালা খুলিয়া দেন, সঙ্কল্প-ছাগ হনন করিয়া প্রাণশক্তিরূপা চামুণ্ডার সমীপে মন-মহিষের মস্তক ছেদন পূর্ব্বক বলি দান করেন, চন্দ্র সূর্য্য উভয় নাড়ীর মিলনে অনাহত ধ্বনিকে উদ্বুদ্ধ করিয়া অনতি-বিলম্বে অমৃত সরোবর প্রাপ্ত হন,—সুষুম্না নাড়ীর মধ্যদিয়া ক্রমশঃ উর্দ্ধগামী হইয়া শেষ ব্রহ্ম রন্ধ্র পর্য্যন্ত গমন করেন, উপরিস্থিত দশমদ্বারের গহন পার হইয়া আকাশকে একপাশে রাখিয়া ব্রহ্ম-পদে মিলিত হন, এইরূপ সমবুদ্ধিতে আমার প্রাপ্তির নিমিত্ত নিরন্তর যোগ-দুর্গের সহায়তায় সোহংসিদ্ধি বশ করিয়া থাকেন এবং সেই অবস্থা সমর্পণ করিয়া অচিরে নিরাকার ব্রহ্ম স্বরূপ লাভ করেন, সেই ব্যক্তিও হে কিরীটি, আমাতেই পোঁছায়। যোগ বলের হেতু ভক্তের প্রাপ্তি অপেক্ষা কিছু অধিক লাভ করা যায় না, যোগসাধকের কষ্টই লাভ হয় ॥ ৪ ॥

ক্লেশোঽধিকতরস্তেষামব্যক্তাসক্তচেতসাম্‌।
অব্যক্তা হি গতির্দুঃখং দেহবদ্ভিরবাপ্যতে ॥ ৫ ॥

যে সর্ব্বপ্রাণীর উপকারক, আশ্রয় রহিত, অব্যক্তপদে ভক্তি ভিন্ন অন্য প্রকারে আসক্ত, তাহার পথে মহেন্দ্র প্রভৃতিও বিঘ্ন করেন। ঋদ্ধি সিদ্ধির লালসা তাহার পথ বিঘ্নবহুল করে ও কাম, ক্রোধ প্রভৃতি বিবিধ সঙ্কট উপস্থিত হয়। শরীর দ্বারা শূন্য বস্তুর সহিত যুদ্ধ, তৃষ্ণাকে তৃষ্ণাদ্বারা—ক্ষুধাকে ক্ষুধাদ্বারা নিবৃত্ত, নিশিদিন বাহুদ্বারা বায়ুর পরিমাপ, রৌদ্র কিরণে শয়ন, নিরোধের সহিত ক্রীড়া, বৃক্ষের সহিত হেলিয়া দুলিয়া বন্ধুভাবে আলাপ, শীতানুভূতিকে বস্ত্ররূপে পরিধান ও উষ্ণতাকে উত্তরীয় করিয়া বর্ষার গৃহে বাস, অধিক বলিব কি, হে পাণ্ডব, পতি বিনা প্রতিদিন সহমরণে যাওয়ার ন্যায় এই যোগ সাধনা সুকঠিন। ইহাতে কাহারও প্রভুত্বের কার্য্য বা কুল পরম্পরা ধর্ম্মের বন্ধন নাই, আছে প্রতিদিন নিত্য নব মৃত্যুর সাহত যুদ্ধ! মৃত্যু হইতেও তীক্ষ্ণ, কটু ও জ্বালাময় উষ্ণ বিষ কি গলাধঃকরণ করা যায়? পর্ব্বতকে গিলিতে মুখ ভাঙ্গিয়া যায় না কি? এই নিমিত্ত হে সুভট, যোগমার্গে যে অগ্রসর হয়, তাহার ভাগ্যে অধিক দুঃখই সার হয়। লোহার চানা চিবাইলে উদর পূরণ হইবে কি মৃত্যু হইবে জানিনা! বাহুবলে নির্ভর করিয়া কি সমুদ্র পারে যাইবার ভরসা করা যায়? শূন্যে কি পায়ে চলিবার পথ রচনা করা যায়? রণক্ষেত্রে আহত না হইয়া কি সূর্য্যলোক প্রাপ্তির আশা আছে? পঙ্গু বায়ুর সহিত স্পর্দ্ধা করিতে পারেনা—দেহধারী জীবও অব্যক্ত স্বরূপ লাভ করিতে অসমর্থ। অসীম ধৈর্য্যে আকাশের সহিত যুদ্ধ করিতে চাহিলে বা অব্যক্ত লাভের

চেষ্টা করিলে ক্লেশভাগীই হইতে হয়! হে পার্থ, ভক্তিপথের পথিক এরূপ দুঃখ পায় না॥ ৫ ॥

যে তু সর্ব্বাণি কর্ম্মাণি ময়ি সংন্যস্য মৎপরাঃ।
অনন্যেনৈব যোগেন মাং ধ্যায়ন্ত উপাসতে॥ ৬॥

যে কর্ম্মেন্দ্রিয় সহায়তায় বর্ণাশ্রমানুসারে ভাগ্যানুরূপ কর্ম্ম সম্পাদন করে, যথাবিধি জীবন যাপন করে, নিষিদ্ধ কর্ম্ম ত্যাগ পুরঃসর কর্ম্মফল আমাতে সমর্পণ করে, এই প্রকারে আমাতে সমর্পণ করিয়াই যে কর্ম্ম ক্ষয় করে, যাহার কায়িক, বাচিক ও মানসিক ভাবের গতি আমাকে অতিক্রম করে না, যে মৎ-পরায়ণ, নিরন্তর আমার উপাসক, ধ্যানের মধ্য দিয়া আমার গৃহস্বরূপ, যাহার প্রেম আমার সম্বন্ধ স্থাপন পূর্ব্বক দীন ভোগসুখ ও মোক্ষসুখ স্বরূপ কয়েদীকে ছাড়িয়া দেয়, এইভাবে অনন্য যোগদ্বারা যে মন প্রাণের সহিত আমার সমীপে বিক্রীত হইয়াছে, তাহার সমস্ত কর্ম্ম আমিই সম্পাদন করিয়া দিই॥ ৬॥

তেষামহং সমুদ্ধর্ত্তা মৃত্যুসংসার সাগরাৎ।
ভবামি ন চিরাৎ পার্থ ময্যাবেশিতচেতসাম্॥ ৭॥

হে ধনুর্দ্ধর, গর্ভধারিণী মাতা পুত্রের প্রতি কিরূপ স্নেহবতী তাহা জান, সেইরূপ ভক্তও আমার অত্যন্ত স্নেহের পাত্র। কলির কালপ্রভাবকে পরাভূত করিয়াও আমি তাহার পক্ষ অবলম্বন করি। আমার ভক্তের কি কোন চিন্তা আছে?

সম্পত্তিমানের স্ত্রী কি কখনও বস্ত্র-খণ্ড ভিক্ষা করে? ভক্ত আমার আত্মীয়। তাহার নিমিত্ত কোন বিষয়ে আমার লজ্জা নাই। জন্ম মৃত্যু তরঙ্গে এই সৃষ্টি নিমজ্জিত দেখিয়া আমার ভক্তও পাছে ভয় পায় এই আমার চিন্তা। এই নিমিত্ত হে পাণ্ডব, আমি মূর্ত্তি প্রকাশ করিয়া ভক্তের ঘরে ছুটিয়া আসি। সংসারে সহস্র সহস্র নামের নৌকার উপর ভক্তকে উপবেশন করাই। কাহারও হৃদয় প্রেমের নঙ্গরে বাঁধিয়া সাযুজ্য মুক্তির তীরে লইয়া আসি। শুধু এইটুকু নয়, ভক্ত পশু পাখীকেও বৈকুণ্ঠ-রাজ্য প্রাপ্তির যোগ্যতা প্রদান করি। অতএব ভক্তের চিন্তার কোন কারণ নাই। আমি সর্ব্বদাই তাহার উদ্ধারকর্ত্তা। চিত্তবৃত্তি আমাতে লাগাইবামাত্র ভক্ত আমাকে তাহার কার্য্যে নিযুক্ত করিয়া রাখে। ভক্তরাজ ধনঞ্জয়, তুমিও এই পথ অবলম্বনের রহস্য-মন্ত্র শিক্ষা কর ॥ ৭ ॥

মিয্যেব মন আধৎস্ব ময়ি বুদ্ধিং নিবেশয়।
নিবসিষ্যসি ময্যেব অত ঊর্দ্ধং ন সংশয়ঃ ॥ ৮ ॥

মনও বুদ্ধিকে আমার স্বরূপের সাক্ষী করিয়া রাখ। এই দুই প্রেমের সহিত আমাতে প্রবেশ করিলে তুমি অবশ্য আমাকে লাভ করিবে। মন ও বুদ্ধি আমাকেই গৃহস্বরূপ করিলে তোমার অহংকার দ্বৈত-ভাব কোথায় থাকিবে? প্রদীপ নিবিলে দীপ্তিও সঙ্গে সঙ্গে লোপ পায়, সূর্য্য বিম্বের সহিত প্রভা চলিয়া যায়, প্রাণ বহির্গত হওয়ার সহিত ইন্দ্রিয় শক্তি অন্তর্হিত হয়, সেইরূপ

মন ও বুদ্ধির সহিত অহঙ্কারও আমাতে মিলিত হয়। আমি শপথ করিয়া বলিতেছি—ইহাতে তুমি সর্ব্বব্যাপী মৎস্বরূপ প্রাপ্ত হইবে, এবিষয়ে কিছু মাত্র সন্দেহ নাই ॥ ৮ ॥

অথ চিত্তং সমাধাতুং ন শক্নোষি ময়ি স্থিরম্।
অভ্যাস যোগেন ততো মামিচ্ছাপ্তুং ধনঞ্জয় ॥ ৯ ॥

সম্পূর্ণ চিত্ত সর্ব্বদা আমাতে দিতে অসমর্থ হইলে অষ্টপ্রহরের মধ্যে ক্ষণকালের নিমিত্তও দাও। ইহাতে যে ক্ষণে আমার স্বরূপের সুখ অনুভব হইবে তখনই বিষয়ে অরুচি জন্মিবে। শরৎঋতু চলিয়া গেলে নদী শুষ্ক হইতে থাকে, সেইরূপ মদনুভব-সুখ চিত্তকে প্রপঞ্চ সুখ হইতে আকর্ষণ করিয়া লয়। পূর্ণিমার পরে চন্দ্রবিম্ব প্রতিদিন ক্ষীণতর হইয়া অমাবস্যাতে লীন হইয়া যায়, ভোগ হইতে বাহির হইয়া চিত্ত আমাতে প্রবেশ করিলে, পাণ্ডুনন্দন, তুমিও মদ্রূপতা লাভ করিবে। ইহাকেই বলে অভ্যাস যোগ। এই অভ্যাস যোগের সমীপে অপ্রাপ্য কিছুই নাই। অভ্যাস বলে কেহ শূন্যমার্গে গমন করে, ব্যাঘ্র ও সর্পকে বশীভূত করে, বিষকে আহার্য্য করিয়া লয়, সমুদ্রে রাস্তা করিয়া লয়, কেহ বা অভ্যাস দ্বারা শব্দব্রহ্মকেও মাধুর্য্য দ্বারা পরাভূত করে। অভ্যাস দ্বারা আমাতে মিলিত হও ॥ ৯ ॥

অভ্যাসেঽপ্যসমর্থোঽসি মৎ কর্ম্মপরমো ভব।
মদর্থমপি কর্ম্মাণি কুর্ব্বন্ সিদ্ধিমবাপ্স্যসি ॥ ১০ ॥

পুনরায় অভ্যাসের নিমিত্ত উপযুক্ত বল না থাকিলে তুমি যেথায় ইচ্ছা অবস্থান কর, ইন্দ্রিয় অবরোধ না কর, ভোগ ও অভিমান ত্যাগ না কর, আপন কুলধর্ম্ম পালন কর, বিধি নিষেধ মানিয়া চল—এই ভাবে সকল কর্ম্ম করিতেই তোমাকে অনুমতি দিতেছি, কিন্তু মন, বাক্য ও শরীর দ্বারা যাহা করিবে উহাতে "আমি করিতেছি" এরূপ ভাব রাখিওনা। করা না করা বিশ্বের নায়ক পরমাত্মাই জানেন। কর্ম্মের পূর্ণতা বা অপূর্ণতার ভাব মনে স্থান দিওনা। স্বকীয় জীবনকে পরমাত্মার সজাতীয় করিয়া রাখ। জলের প্রবাহকে উদ্যানে মালী যে দিকে টানিয়া লয় উহা অবিচারে সেই দিকেই যায়। তোমারও সেইরূপ হওয়া প্রয়োজন, প্রবৃত্তি ও নিবৃত্তির ভার বুদ্ধির মাথায় চাপাইও না। আমাতে অখণ্ডিত বুদ্ধি রক্ষা কর। হে সুভট, রাস্তা সোজা কি বাঁকা তাহা লইয়া রথ কখনও অসন্তোষ প্রকাশ করে কি? কৃত কর্ম্ম অল্প বা অধিক হউক উহার দিকে দৃষ্টি না রাখিয়া নীরবে উহা আমাতেই সমর্পণ করিবে। হে অর্জ্জুন, এই ভাবনা দ্বারা দেহ-ত্যাগান্তে আমার সাযুজ্য প্রাপ্তি হয় ॥ ১০ ॥

অথৈতদপ্যশক্তোঽসি কর্ত্তুং মদ্‌যোগমাশ্রিতঃ।
সর্ব্বকর্ম্মফলত্যাগং ততঃ কুরু যতাত্মবান্‌ ॥ ১১ ॥

আমাকে কর্ম্ম সমর্পণ করা অসম্ভব হইলে, হে পাণ্ডুতনয়! তুমি কর্ম্মেরই সেবা কর। বুদ্ধির অগ্র পশ্চাৎ ও কর্ম্মের আদি অন্তে আমার সম্বন্ধ স্থাপন কঠিন বোধ হইলে তাহাও ছাড়।

আমার মহত্ত্বের কথা থাকুক, তোমার বুদ্ধিকে ইন্দ্রিয় নিগ্রহে চালিত কর। সময়োচিত কার্য্য করিয়া ফল ত্যাগ কর। ফল পাইলে বৃক্ষ ত্যাগ করা হয়, সেইরূপ কর্ম্ম সিদ্ধ হইলে উহা ত্যাগ কর। কর্ম্মানুষ্ঠানের সময় আমার স্মরণ করা অথবা আমার প্রীত্যর্থে কর্ম্মানুষ্ঠানের প্রয়োজন নাই। সব শূন্যেই পর্য্যবসিত হউক। কর্ম্মকে প্রস্তরে বর্ষার ন্যায় অথবা অগ্নিতে উপ্ত বীজের ন্যায় বুঝিয়া লও। মনে কর উহা স্বপ্ন-দর্শন। কন্যা সম্বন্ধে পিতা নিষ্কাম, কর্ম্ম সম্বন্ধেও সেইরূপ নিরভিলাষ হও। অগ্নি-শিখা শূন্যে মিলিয়া যায়, সেইরূপ কর্ম্মকেও শূন্যে বিলীন হইতে দাও। হে অর্জ্জুন! ফল ত্যাগ সুলভ হইলেও এই যোগ সকল যোগের শ্রেষ্ঠ। ওষধিজাতীয় বৃক্ষ একবার ফল প্রসব করিয়াই বন্ধ্যা হইয়া যায়, সেইরূপ ফল ত্যাগের দ্বারা যে কর্ম্ম ত্যাগ করা যায়, উহা হইতে পুনরায় কর্ম্ম উৎপন্ন হয়না। এই শরীর ত্যাগের পর, দেহান্তর প্রাপ্তিও হয় না। জন্ম মৃত্যুর পথ বন্ধ হইয়া যায়। হে কিরীটি! অভ্যাসের পথে জ্ঞান, জ্ঞানের দ্বারা ধ্যান হওয়া চাই। ধ্যানের মধ্যে সমস্ত ভাব আলিঙ্গিত হইলে কর্ম্ম থাকে না। কর্ম্ম দূরে গেলে ফলত্যাগ আপনিই সিদ্ধ হইয়া যায়। ত্যাগেই সম্পূর্ণ শান্তি। হে সুভদ্রা পতি! শান্তি প্রাপ্তির এই ক্রম। সম্প্রতি অভ্যাস করা প্রয়োজন ॥ ১১ ॥

শ্রেয়োহি জ্ঞানমভ্যাসাজ্‌জ্ঞানাদ্ধ্যানং বিশিষ্যতে।
ধ্যানাৎ কর্ম্মফলত্যাগস্ত্যাগাচ্ছান্তিরনন্তরম্‌ ॥ ১২॥

হে পার্থ! অভ্যাস হইতে জ্ঞান কঠিন। জ্ঞান হইতে ধ্যানের মহিমা অধিক। কর্ম্ম ফলানুসন্ধান-ত্যাগ, ধ্যান হইতেও উত্তম। ত্যাগ দ্বারাই পরম শান্তি ভোগ হয়। হে সুভট! এই পথে পূর্ব্বোক্ত অবস্থাগুলি পার হইয়া যে শান্তির মধ্য-গৃহ লাভ করিয়াছে তাহার লক্ষণ, শোন!— ॥ ১২ ॥

অদ্বেষ্টা সর্ব্বভূতানাং মৈত্রঃ করুণ এব চ।
নির্ম্মমো নিরহঙ্কারঃ সমদুঃখসুখঃ ক্ষমী ॥ ১৩ ॥

সে চৈতন্য স্বরূপের ন্যায় প্রাণী মাত্রে রাগ বা দ্বেষ পোষণ করে না, আপন পর ভেদ-ভাব রাখেনা। উত্তমকে স্থান দিব এবং অধমকে ত্যাগ করিব, পৃথিবী একথা কখনও চিন্তা করেনা। সাধকও পৃথিবীর ব্যবহার অনুকরণ করে। কৃপালু প্রাণ-শক্তি কখনও ভাবে না যে, রাজ-দেহে থাকিয়াই আমি রাজ-কার্য্য করিব, দরিদ্রের দেহে থাকিবনা। জল এরূপ ব্যবহার জানে না যে, গাভীর তৃষ্ণাই মিটাইব আর বিষ হইয়া ব্যাঘ্রের প্রাণ নাশ করিব। প্রাণী মাত্রের সহিত যাহার সমান মৈত্রী, যে স্বয়ং কৃপার আশ্রয়, যাহার অহঙ্কারের লেশ নাই, নিজের বলিয়া কিছু জানে না, সুখ দুঃখ ভাবহীন, পৃথিবীর ন্যায় ক্ষমাশীল, যে সন্তোষকে ক্রোড়ীকৃত করিয়াছে—॥ ১৩ ॥

সন্তুষ্টঃ সততং যোগী যতাত্মা দৃঢ়নিশ্চয়ঃ।
ময্যর্পিত মনোবুদ্ধির্যো মদ্ভক্তঃ স মে প্রিয়ঃ ॥ ১৪ ॥

বর্ষা ভিন্নই সমুদ্র জলপূর্ণ থাকে, সেইরূপ যে উপহার বিনাই সন্তুষ্ট, অন্তঃকরণকে শপথ দিয়া অধীন রাখে, দৃঢ় প্রতিজ্ঞ, যাহার হৃদয়-ভুবনে জীব ও পরমাত্মা এক আসনে উপবিষ্ট; যোগসম্পন্ন হইলেও নিরন্তর যে মন বুদ্ধিকে আমাতে সমর্পিত রাখে, অন্তরে বাহিরে উত্তমরূপে যোগসিদ্ধি লাভ করিলেও আমার প্রতি যাহার সপ্রেম অনুরাগ, হে অর্জ্জুন, সে-ই আমার ভক্ত। সে-ই যোগী আর সে-ই মুক্ত। সে আমার বল্লভা আমি তাহার কান্ত। সে আমার প্রাণের সমান প্রিয়, ইহা বলাও অল্পকথা। প্রেমিক ভক্তের কথা আমাকে মোহিত করিবার যাদু মন্ত্র। বর্ণনার বিষয় না হইলেও উহা প্রেমের জন্য না বলিয়া পারিনা। প্রেমের বর্ণনা করা সম্ভব নয়। হে কীরিটি! প্রেমিকের কথায় প্রেমের মহিমা দ্বিগুণিত হয়, সেই কথা প্রেমিকের মুখে বর্ণিত হইলে অতুলনীয় মাধুর্য্য প্রকাশ হয়। হে পাণ্ডুনন্দন! তুমি আমার প্রেমিক, তুমিই শ্রোতা, আর প্রসঙ্গ ক্রমে প্রেমিকের কথাই আরম্ভ হইয়াছে। এই প্রসঙ্গ বর্ণন করিবার অবসর পাইয়া আমিও বড় সুখী হইলাম। শ্রীকৃষ্ণ বলিলেন, যে ভক্তকে আমি হৃদয়ে বসাই তাহার লক্ষণ বলিতেছি শ্রবণ কর ॥ ১৪ ॥

যস্মান্নোদ্বিজতে লোকো লোকান্নোদ্বিজতে চ যঃ।
হর্ষামর্ষভয়োদ্বেগৈর্মুক্তো যঃ স চ মে প্রিয়ঃ ॥ ১৫ ॥

সমুদ্রগর্জনে জলচরের ভয় হয় না। জলচর দ্বারা সমুদ্রেরও হানি হয় না। এই উন্মত্ত জগৎ হইতে যাহার খেদ উৎপন্ন হয় না,

যাহার নিমিত্ত জগতের কেহ দুঃখিত হয়না, অধিক বলিব কি, হে পাণ্ডব ! শরীর যেমন অঙ্গ প্রত্যঙ্গ হইতে ক্লেশ প্রাপ্ত হয়না, সেইরূপ স্বয়ং জীব বলিয়া যে অপর জীব হইতে দুঃখ পায় না, জগৎকে নিজের দেহ স্বরূপ মনে করে বলিয়া যাহার প্রিয় ও অপ্রিয় ভাব চলিয়া যায়, অদ্বৈত জ্ঞানে হর্য ও ক্রোধের ভেদ থাকেনা, যে সুখ ও দুঃখের দ্বন্দ্ব মুক্ত, ভয়ের আবেশ হীন, এবং আমার প্রতি ভক্তিমান, সেই ভক্তের প্রেমে আমি মোহিত। প্রেমিক আমার প্রাণের প্রাণ। যে আত্মানন্দে পরিতৃপ্ত, পূর্ণ ব্রহ্মের অবতার সদৃশ, পূর্ণতারূপ স্ত্রীর প্রাণ বল্লভ,— ॥ ১৫ ॥

অনপেক্ষঃ শুচির্দ্দক্ষ উদাসীনো গতব্যথঃ।
সর্ব্বারম্ভপরিত্যাগী যো মদ্ভক্তঃ স মে প্রিয়ঃ ॥ ১৬ ॥

হে পাণ্ডব ! তাহার হৃদয়ে বাসনা প্রবেশ করিতে পারেনা, তাহার অবস্থানে সুখের জোয়ার আসে। কাশীধাম মোক্ষ দান করিতে উদার, মোক্ষের নিমিত্ত সে স্থানে দেহ ত্যাগ করা প্রয়োজন। হিমালয় ভ্রমণ পাশ ধ্বংস করে, সেখানেও জীবনহানির আশঙ্কা। ভক্তের পবিত্রতা সেরূপ নয় ! পবিত্রতায় গঙ্গা অদ্বিতীয়। উহাতে পাশ ও সন্তাপ দূর হয়, তথায়ও ডুবিয়া যাইবার ভয় আছে। ভক্তির গভীরতার শেষ নাই, তথাপি উহাতে ডুবিয়া যাইবার ভয় নাই। মৃত্যু-ভয় বিনাই মোক্ষ লাভ হয়। সাধুর সমাগমে গঙ্গাও পাপ মুক্ত হয়, তবে দেখ দেখি, সাধু-সঙ্গের কতখানি পবিত্রতা। পবিত্রতা দ্বারা সে তীর্থেরও আশ্রয়

দাতা, মন হইতে যে পাপকে দূরে সরাইয়া দিয়াছে, অন্তরে বাহিরে সূর্য্যের ন্যায় শুদ্ধ, নির্ম্মল ও 'পায়ালু (গ) মনুষ্যের ন্যায় দিব্যদৃষ্টি সম্পন্ন আকাশের ন্যায় ব্যাপক ও উদাসীন যাহার মন, সংসারের সুখ দুঃখ যাহার চলিয়া গিয়াছে, নিরাশার অলঙ্কারে অলঙ্কৃত, ব্যাধের হস্তনির্মুক্ত পক্ষীর ন্যায় সচকিত, নিরন্তর সুখে অবস্থান হেতু যে দুঃখের বার্ত্তাও জানেনা, মৃত মনুষ্যের ন্যায় লজ্জাহীন, কর্ম্মারম্ভে নিরহঙ্কার, ইন্ধন অভাবে অগ্নি নির্ব্বাপণের ন্যায় মোক্ষের অঙ্গীভূত অনায়াস-লব্ধ শান্তি পর্য্যন্ত যে সোহং ভাব পূর্ণ, সে দ্বৈতের ওপারে ভক্তি সুখ প্রাপ্তির নিমিত্ত নিজেকেই দুই ভাগে দেখিয়া এক অংশে সেবা করে, অপর অংশকে আমার নাম দেয় এবং ভক্তি পরাঙ্মুখ জনকে উত্তম ভক্তির আচরণ প্রদর্শন করে। এরূপ যোগীতে আমার অত্যন্ত প্রীতি। সে আমার আত্মার স্বরূপ। তাহার সহিত মিলিত হইলে আমার শান্তি। তাহারই নিমিত্ত আমার রূপ প্রকাশ এবং প্রপঞ্চে অবতরণ। সে আমার এরূপ প্রিয় যে আমার প্রাণ দ্বারা তাহার নির্মঞ্ছন করি ॥ ১৬ ॥

যো ন হৃষ্যতি ন দ্বেষ্টি ন শোচতি ন কাঙ্ক্ষতি ॥
শুভাশুভপরিত্যাগী ভক্তিমান্ যঃ স মে প্রিয়ঃ ॥ ১৭ ॥

আত্মলাভের সমান যে আর কিছুই উত্তম বলিয়া মনে করে না, এই হেতু কোন বিশেষ ভোগ দ্বারা যাহার সন্তোষ হয়না,

(গ) **পায়ালু**—মাতৃগর্ভ হইতে ভূমিষ্ঠ হইবার কালে যাহার পদদ্বয় অগ্রে বহির্গত হয় তাহার বিশেষ দিব্য দৃষ্টি থাকে মহারাষ্ট্রে এরূপ বিশ্বাস ছিল।

বিশ্বময় হইয়াছে বলিয়া ভেদ ভাবহীন এবং দ্বেষ-রহিত, বাস্তব পদার্থ কল্পান্তেও ধ্বংস হয়না, ইহা জানিয়া গত বিষয়ে শোক রহিত সর্ব্বাতীত বস্তু স্বয়ং উৎপন্ন, এই নিমিত্ত কোন বস্তুর আকাঙ্ক্ষাহীন, সূর্য্যে যেরূপ রাত্রি ও দিবস পার্থক্য নাই, সেইরূপ যাহার ভাল বা মন্দ প্রতীতি হয়না, এই প্রকার কেবল শুদ্ধ জ্ঞানময় হইয়াও যে আমার ভজন করে,তোমার নামে শপথ করিয়া বলিতেছি, সে আমার অদ্বিতীয় প্রেমিক এবং স্নেহের পাত্র ॥১৭॥

সমঃ শত্রৌ চ মিত্রে চ তথা মানাপমানয়োঃ ॥
শীতোষ্ণসুখদুঃখেষু সমঃ সঙ্গবিবর্জ্জিতঃ ॥ ১৮ ॥

হে পাণ্ডব ! গৃহস্থিত মনুষ্যকেই আলোক দিব, অপরকে দিবনা, প্রদীপ এরূপ ভাবেনা। হে পার্থ ! তাহার বিষম দৃষ্টি নাই, শত্রু মিত্রে সমান দৃষ্টি, যে বৃক্ষকে কাটিবার নিমিত্ত কুঠারের আঘাত করে, আর যে বীজ বপন করিয়াছে এই উভয়কেই বৃক্ষ সমান ভাবে ছায়া দান করে, ইক্ষু ক্ষেত্র-রক্ষকের নিমিত্ত মধুর আর এবং পেষণ-কর্ত্তার নিমিত্ত কটু হয়না, হে অর্জ্জুন ! যাহার ভাব শত্রু মিত্রের বিষয়ে ও মান অপমানে সম ; তিন ঋতুকেই সমান, আকাশের ন্যায় যে শীত ও উষ্ণকে এক মনে করে ; হে পাণ্ডব ! দক্ষিণ ও উত্তর বায়ুতে অচল মেরুর ন্যায় সুখ ও দুঃখ সমাগমে যে উদাসীন ; চন্দ্রালোকের মাধুরী রাজা ও দরিদ্রের প্রতি সমান মাধুর্য্য বিস্তার করে, সেইরূপ সমস্ত প্রাণীর সমীপে একভাব ; সকল জগতের সেব্য জলের ন্যায় ত্রিভুবনে যাহার

চাহিদা, অন্তর বাহিরে বিষয়ের সঙ্গ ত্যাগ করিয়া যে আত্মাতে একান্ত ভাবে স্থির হইয়া অবস্থান করে,— ॥ ১৮ ॥

তুল্যনিন্দাস্তুতির্মৌনী সন্তুষ্টো যেন কেনচিৎ ॥
অনিকেতঃ স্থিরমতি র্ভক্তিমান্ মে প্রিয়ো নরঃ ॥ ১৯ ॥

যে নিন্দার ভয় করেনা, স্তুতিতে কৃতার্থ হয়না ; আকাশের ন্যায় নির্লিপ্ত ভাবে নিন্দা ও স্তুতিকে এক পংক্তিতে রাখিয়া সংসারে অথবা বনে বিচরণ করে ; যে সত্য বা মিথ্যা পরিত্যাগ করিয়া মৌন হইয়াছে, উন্মনা অবস্থার ভোগে যে কখনও বঞ্চিত নয় ; বর্ষার অভাবে সমুদ্র শুষ্ক হয় না, যথালাভে যে সন্তুষ্ট, অপ্রাপ্তিতে যাহার অসন্তোষ নাই ; বায়ু একস্থানে স্থির ভাবে অবস্থান করেনা সেরূপ একস্থানে আশ্রয় লইয়া যে বাস করেনা, সর্ব্ব আকাশ ব্যাপী বায়ুর ন্যায় সমগ্র জগৎ যাহার বিশ্রান্তিস্থল। বিশ্বকেই যে আপন গৃহরূপে জানিয়াছে, অধিক কি, যে নিজেই চরাচর বিশ্বরূপ, তত্বপরি আমার ভজনে যাহার বিশ্বাস আছে, তাহাকে আমি মাথার মুকুট করিয়া রাখি। উত্তম জনের সমীপে মস্তক অবনত করা আশ্চর্য্যের বিষয় নয় ; ত্রিভুবন পূর্ব্বোক্ত ভক্তের চরণামৃতকে সম্মান করে। শ্রীশঙ্করের ন্যায় গুরু হইলেই শ্রদ্ধা ও প্রেমের রীতি বোধের বিষয় হইবে। সে কথা থাকুক, কারণ শঙ্করের মহিমা বলিলে উহা আত্ম-স্তুতিই হইবে। শ্রীরমানাথ শ্রীকৃষ্ণ বলিলেন—অর্জ্জুন, এরূপ ভক্তকে আমি মাথায় করিয়া রাখি। সেই ভক্ত মোক্ষরূপ চতুর্থ পুরুষার্থের

সিদ্ধি করতলগত করিয়া ভক্তির পথে প্রবেশ করেন এবং জগতে উহা দান করেন। মোক্ষাভিমান বন্ধনমুক্ত সেই ভক্ত তদনুরূপ ব্যবহারে জলের ন্যায় নম্র স্বভাব। আমি এই নিমিত্ত তাহাকে নমস্কার করি, মাথার মুকুট করি এবং তাহার চরণ হৃদয়ে ধারণ করি। তাহার গুণের কথায় বাণীকে অলঙ্কৃত করি ও তাহার কীর্ত্তি-শ্রবণ কর্ণের ভূষণরূপে গ্রহণ করি। তাহাকে দর্শনের নিমিত্ত অচক্ষু হইলেও আমি চক্ষু ইন্দ্রিয় অঙ্গীকার করিয়াছি, হাতের লীলা কমলদ্বারা আমি তাহার পূজা করি। তাহাকে আলিঙ্গন করিবার নিমিত্ত আমি আপন দ্বিভুজের উপর আরও দ্বিভুজ প্রকাশ করিয়াছি। ভক্ত-সমাগম সুখ-লাভের নিমিত্ত দেহাতীত হইলেও দেহ প্রকাশ করি। অধিক বলিব কি, ভক্তের প্রতি আমার প্রেম অতুলনীয়। তাহাতে ও আমাতে প্রেম হইবে ইহা বিচিত্র নয়। ভক্তের চরিত্র যে শ্রবণ করে অথবা প্রশংসা করে, সেও আমার প্রাণ হইতে প্রিয়; ইহাতে কিছুমাত্র সন্দেহ নাই। হে অর্জ্জুন, সম্প্রতি ভক্তিযোগে আদ্যন্ত তোমাকে শুনাইলাম—এই যোগে স্থিত ভক্তকে আমি অত্যন্ত প্রীতি করি এবং তাহাকে সমাদরে মাথায় করিয়া রাখি॥ ১৯॥

যে তু ধর্ম্মামৃতমিদং যথোক্তং পর্য্যুপাসতে।
শ্রদ্দধানা মৎপরমা ভক্তাস্তেঽতীব মে প্রিয়াঃ॥ ২০॥

এই রমণীয় তত্ত্বকথা, ধর্ম্মানুকূল অমৃতধারা শ্রবণ পূর্ব্বক যে অনুভব করে, শ্রদ্ধার সহিত আদরের ফলে যাহার জীবনে ইহার

বিস্তার হয়, হৃদয়ে স্থির ভাবে ধারণ করে এবং অনুষ্ঠান করে, আমার বর্ণনানুসারে যাহার মনের স্থিতি, উত্তম ক্ষেত্রে উপ্তবীজের ন্যায় আমাকে অত্যন্ত শ্রেষ্ঠ মানিয়া আমার প্রতি প্রেম-ভক্তি প্রদর্শন পূর্ব্বক উহাই যথা সর্ব্বস্ব বুঝিয়া সেই প্রেম-ভক্তির পথ অবলম্বন করে ; হে পার্থ, সে-ই যোগী এবং তাহারই নিমিত্ত আমি চিরকাল উৎকণ্ঠিত। নিরন্তর ভক্তিকথায় প্রীতিমান সেই ব্যক্তিই তীর্থ এবং পুণ্যক্ষেত্র স্বরূপ জগতে পবিত্র। আমিও তাহার ধ্যান করি, উহাই আমার দেবার্চ্চনা। তাহাকে ভিন্ন আমার কিছুই ভাল লাগেনা। সে-ই আমার ব্যসন এবং সকল সামগ্রীর আশ্রয়। তাহার মিলনে ও দর্শনে আমার চিত্ত স্থির হয়। হে পাণ্ডুতনয়, যে আমার প্রেমিক ভক্তের মহিমা বর্ণনা করে, তাহাকে আমি পরম দেবতা বলিয়া মনে করি। সঞ্জয় বলিলেন— ভক্তের নয়নানন্দ জগতের আদি কর্ত্তা মুকুন্দ এইরূপ বর্ণনা করিলেন। হে রাজন্, যিনি নির্ম্মল, নিষ্কলঙ্ক, জগতের প্রতি কৃপালু, শরণাগত বৎসল, শরণ্য, দেবকার্য্য সহায়ক, বিশ্বপালন-লীলাময়, শরণাগত-রক্ষণকারী, ধর্ম্ম ও কীর্ত্তিদ্বারা বিমল, অগাধ দানশীল বলিয়া সরল, অনুপম পরাক্রমে প্রবল পরাক্রমী হইলেও ভক্তিদ্বারা দৈত্যরাজ-বলির সমীপে আবদ্ধ, ভক্তপ্রিয়, ভক্তকর্ত্তৃক অনায়াস লভ্য, ভৃত্যের সহায়, নিখিল কলাবিদ্যার ভাণ্ডার, ভক্ত রঞ্জন কারী সেই বৈকুণ্ঠের নাথ শ্রীকৃষ্ণ বলেন, আর ভাগ্যবান্ অর্জ্জুন শ্রবণ করেন। ইহার পরে আরও যাহা নিরূপিত হইয়াছে সেই রসময় কথা প্রাকৃত ভাষায় বলিতেছি শ্রবণ করুন। জ্ঞানদেব

বলিতেছে—প্রভু নিবৃত্তিদেব আমাকে এই শিক্ষা দিয়াছেন যে, গীতা-রসামোদী আপনাদের ন্যায় সাধুগণের শরণ গ্রহণ করিয়া আপনাদের সেবা করাই কর্ত্তব্য ॥ ২০ ॥

ইতি জ্ঞানদেব কৃত ভাবার্থ দীপিকায়াং
দ্বাদশোঽধ্যায়ঃ ।

ক্ষেত্র ক্ষেত্রজ্ঞ বিভাগ যোগ

ত্রয়োদশ অধ্যায়

আত্মস্বরূপ গণেশ স্মরণ পূর্ব্বক—যাঁহার স্মরণে নিখিল বিদ্যার আশ্রয়স্থল হওয়া যায়—সেই শ্রীগুরুদেবের চরণ বন্দনা করিতেছি! তাঁহার স্মরণে বাগ্মিতা লাভ হয়, এবং সমগ্রবিদ্যা রসনায় আসন করিয়া উপবেশন করে, বক্তৃতাশক্তি এরূপ মাধুর্য্যমণ্ডিত হয় যে, উহার সমীপে অমৃতের আস্বাদও বিস্বাদ বোধ হয়। প্রত্যেক অক্ষরের আশ্রয়ে রস অবস্থান করে, উদ্দেশ্য মূর্ত্তিমান হইয়া অনুভবের চিহ্ন প্রকাশ করে। সম্পূর্ণ আত্মজ্ঞান করতলগত হয়। গুরুকে হৃদয়ে ধরিলে এরূপ জ্ঞানোদয়ের সৌভাগ্য। তাঁহার চরণে নমস্কার। প্রজাপতি পিতা শ্রীপতি কৃষ্ণ বলিলেন,—

শ্রীভগবানুবাচ

ইদং শরীরং কৌন্তেয় ক্ষেত্রমিত্যভিধীয়তে।
এতদ্ যো বেত্তি তং প্রাহুঃ ক্ষেত্রজ্ঞ ইতি তদ্‌বিদঃ ॥১॥

হে পার্থ, এই দেহকে ক্ষেত্র বলে, যে ইহার তত্ত্ব অবগত সে-ই ক্ষেত্রজ্ঞ ॥১॥

ক্ষেত্রজ্ঞঞ্চাপি মাং বিদ্ধি সর্ব্বক্ষেত্রেষু ভারত।
ক্ষেত্রক্ষেত্রজ্ঞয়োর্জ্ঞানং যত্তজ্‌জ্ঞানং মতং মম ॥২॥

ক্ষেত্রজ্ঞ বলিতে সর্ব্বক্ষেত্র পালনকারী আমাকেই জানিবে। ক্ষেত্র ও ক্ষেত্রজ্ঞ ভাল করিয়া জানাই আমার মতে যথার্থ জ্ঞান।

তৎ ক্ষেত্রং যচ্চ যাদৃক্ চ যদ্‌বিকারি যতশ্চ যৎ।
স চ যো যৎপ্রভাবশ্চ তৎ সমাসেন মে শৃণু ॥৩॥

শরীরের **ক্ষেত্র** আখ্যা বর্ণনা করিতেছি। এই দেহকে কেন ক্ষেত্র বলে, কিরূপে ইহার উৎপত্তি, বিকার ও বৃদ্ধি হয়? ইহা সার্দ্ধ তিন হস্ত পরিমিত বা কত বড়? কত ভারী? উষর বা নীরস এবং ইহা কাহার? দেহের সম্বন্ধে যত ভাব উহা বিস্তৃতরূপে বর্ণন করিতেছি; শ্রবণ কর, সর্ব্বদা বেদ এই বিষয়ে উপদেশ করেন; তর্কশাস্ত্রও ইহারই নির্দ্ধারণে বাচাল। ষড়্‌বিধ শাস্ত্র এই বিষয়ের বর্ণনায় নিযুক্ত, তথাপি এ পর্য্যন্ত দ্বন্দ্বের মীমাংসা হইল না। এই এক বিষয়েই শাস্ত্রের সগোত্রতা ভঙ্গ হইয়াছে। ইহারই নিমিত্ত জগতে বিরুদ্ধবাদ। একের সহিত অপরের মুখ মিলে না এবং যুক্তিও নানাপ্রকার। অযথা গণ্ডগোল করিয়া পরাজিত হয়। দেহ কাহার সে বিষয়ে জ্ঞান নাই অথচ প্রত্যেক দেহে মহাপরাক্রম প্রকাশ করিয়া অহঙ্কার প্রবেশ করে। প্রতিজ্ঞাপূর্ব্বক বলি একথা মিথ্যা নয়। পাষণ্ডগণের মধ্যে কেহ কেহ দিগম্বর মুণ্ডিতশির তাহারা যে বিতণ্ডা উপস্থিত করে, উহা

অনায়াসে খণ্ডিত হইয়া যায়। দেহের বল মৃত্যুর ভয়ে নিরর্থক নষ্ট হয়, অতএব যোগ সাধনার দ্বারা মৃত্যু হইতে রক্ষা পাও। যোগী এই যুক্তি প্রদর্শন করেন। তাহারা মৃত্যু হইতে পার পাইয়া নিশ্চিত বস্তুর সেবা ও যম নিয়ম অভ্যাস করেন। ক্ষেত্রের অভিমান দূর করিবার জন্য শঙ্কর রাজভোগসুখ ত্যাগ করিয়া শ্মশানে বাস করেন। অভিমান ত্যাগের প্রতিজ্ঞায় তিনি দশদিক্‌কেই অঙ্গের আচ্ছাদন বস্ত্র করিয়াছেন। প্রলুব্ধ করিবে এই আশঙ্কায় কামকে দগ্ধ অঙ্গাররূপে পরিণত করিয়াছেন। এই বিষয়ে নির্দ্ধারণ করিবার নিমিত্ত ব্রহ্মারও চতুর্ম্মুখ হইয়াছে। তবুও তিনি সম্যক্ জ্ঞানলাভ করিয়াছেন বলা যায় না ॥৩॥

ঋষিভির্বহুধা গীতং ছন্দোভির্বিবিধৈঃ পৃথক্।
ব্রহ্মসূত্রপদৈশ্চৈব হেতুমদ্ভির্বিনিশ্চিতৈঃ ॥ ৪ ॥

কেহ বলেন—দেহভূমি জীবের ক্ষেত্র। আর আশ্রিত প্রাণ জীবের কয়েদী। প্রাণের গৃহে আরও চারিটি সহোদর আছে—মন তাহার কৃষক ভৃত্য। ইন্দ্রিয় বলদ নিশিদিন বিষয় ক্ষেত্র কর্ষণ করে। কর্ত্তব্য অঙ্কুর ধ্বংস করিয়া অন্যায়-বীজ বপন করিলে—কুকর্ম্মের সার প্রয়োগে; পাপই উৎপন্ন হয়। জীব কোটী জন্ম দুঃখ ভোগ করে। শাস্ত্রাজ্ঞার সূর্য্য কিরণে সৎকর্ম্মের বীজ বপন করিলে কোটী জন্ম পর্য্যন্ত সুখ লাভ হয়। অপর কেহ বলে—উহা হইতে পারে না। এই ক্ষেত্রের মালিক জীব

নয়। জীব প্রবাসীর ন্যায় এই রাস্তায় ভ্রমণ করিতে কোন এক দেহে আশ্রয় লইয়া বসিয়াছে। প্রহরী প্রাণ জাগিয়া আছে বলিয়াই দেহকে চেতনময় বোধ হয়। সাংখ্য শাস্ত্রকার যাহাকে **প্রকৃতি** বলেন, তাহারই বৃত্তিবিশেষ এই ক্ষেত্র। এই প্রকৃতির গৃহে কৃষিকার্য্যের সকল উপাদানই আছে। এই নিমিত্ত নিজেই ক্ষেত্রের কার্য্য করে। প্রকৃতির গর্ভজাত **গুণত্রয়** সংসার কৃষি কার্য্যের মুখ্য উপাদান। রজোগুণে বপন, সত্ত্বে রক্ষণাবেক্ষণ এবং উপযুক্ত কালে তম শস্য কর্ত্তন করে। মহৎতত্ত্বের বিস্তীর্ণ স্থানে কালরূপ বলদ দিয়া বৃন্ত হইতে শস্য পৃথক্ করিয়া অব্যক্তের স্তূপ করা হয়।

কোনো বুদ্ধিমান ব্যক্তি পূর্ব্বোক্ত বাক্য নিন্দা করিয়া বলেন —এইভাবের কল্পনা অর্ব্বাচীন। পরতত্ত্বের সমীপে প্রকৃতির স্থান নাই। এই ক্ষেত্র সম্বন্ধে আমার উপদেশ স্থির ভাবে শ্রবণ কর। **অব্যক্তের** শয়ন-মন্দিরে প্রলয়-শয্যায় সৃষ্টির-সঙ্কল্প গাঢ় নিদ্রায় অভিভূত ছিল। অকস্মাৎ নিদ্রা ভঙ্গ হইল। অত্যন্ত উৎসাহী বলিয়া তাহার ইচ্ছানুরূপ সম্পৎ লাভ হইল। পরব্রহ্মের ত্রিভুবন-গৃহ তাহার উদ্যমে 'আমার' বলিয়া বোধ হইল। সে মহাভূতের বেড়া দিয়া ভূত সমুদয়কে চারিভাগে বিভক্ত করিল। প্রথমতঃ পৃথক্ পৃথক্ পাঞ্চভৌতিক ভেদের বাঁধ তাহার উভয় দিকে কর্ম্ম ও অকর্ম্মের প্রস্তর। উষর, সরস, ভূমি ও বন প্রভৃতি নির্ম্মিত হইল। এই স্থানে গমনাগমন করিবার নিমিত্ত **সঙ্কল্প** শূন্যপথে সুন্দর সুরঙ্গ নির্ম্মাণ করিল

তাহার জন্ম ও মৃত্যু। সে অহঙ্কার ও বুদ্ধির সহিত যাবজ্জীবন চরাচর লইয়া ব্যবহার করিতে লাগিল। এইভাবে জগতে সঙ্কল্পের শাখা প্রশাখা বিস্তৃত হইয়াছে। সঙ্কল্পই প্রপঞ্চের মূল।

পূর্ব্বোক্ত মতবাদীকে অপরে পরাভূত করে। তাহারা বলে—আপনারা কিরূপ বিবেকী? ব্রহ্মের সঙ্কল্প-শয্যা স্বীকার করিলে প্রকৃতিকে স্বীকার করিতে কি দোষ? থাকুক্, এ বিষয়ে যুক্তি প্রদর্শনের প্রয়োজন নাই। শ্রবণ করুন—আকাশকে কে মেঘপূর্ণ করে? অন্তরীক্ষে নক্ষত্র মালাকে কে ধারণ করে? আকাশের চাঁদোয়া কবে কে টাঙ্গাইয়াছিল? বায়ুকে ভ্রমণে আজ্ঞা দিয়াছে কে? রোমের বীজ কে বপন করে? সমুদ্রকে জলদ্বারা পূর্ণ করে কে? বর্ষার ধারাগুলিকে পৃথক্ পৃথক্ নির্ম্মাণ করে কে? এগুলি স্বভাবতই হইয়া থাকে। দেহক্ষেত্রও স্বভাবতঃ উৎপন্ন হইয়াছে। ইহা কাহারও বৃত্তি নয়। যে ইহা কাজে লাগাইবে তাহাকেই ফল দিবে, অন্যকে দিবে না।

এই কথায় ক্রোধ পূর্ব্বক অপর কেহ বলে—আমি দেহ ক্ষেত্রের ভোক্তা **কাল** ভিন্ন অপর কাহাকেও দেখিতে পাই না। কালের আঘাত অনিবার্য্য। অভিমানী আপন মতের বড়াই করে। কালকে মৃত্যু-সিংহের গুহা বলিয়া জানিবে। বৃথা তর্কের সমীপে কাল তাহার কি প্রভাব দেখাইবে? কাল মহাকল্পের পর সত্য লোককেও গ্রাস করিয়া বশে আনে। কাল

স্বর্গারণ্যে নিত্য নব লোকপাল ও দিগ্‌গজ সমূহকে বিনাশ করে। অন্য জীবপশু ইহার অঙ্গের বাতাস লাগিতেই নির্জীব ভাবে জন্ম মৃত্যুর ঘুর্ণাগর্ভে পড়ে। দেখ, কাল বৃহৎ ফাঁদ পাতিয়া জগদাকার হাতীকে বদ্ধ করিয়াছে। অতএব ক্ষেত্রের উপর কালের সম্পূর্ণ অধিকার ইহাই যথার্থ মত। হে পাণ্ডুসুত, ক্ষেত্র সম্বন্ধে এরূপ বহুবাদ আছে। নৈমিষারণ্যবাসী ঋষিগণ এ বিষয়ে বহু বাদ-বিবাদ করিয়াছেন। পুরাণেও বিবিধ মতবাদ দেখা যায়। এই মতগুলি অতি দক্ষতার সহিত অনুষ্টুভ্ প্রভৃতি ছন্দে, বহু প্রবন্ধে, বিবিধ গ্রন্থে আজ পর্য্যন্ত নিবদ্ধ করা হইতেছে। বেদের অন্তর্গত অত্যন্ত পবিত্র বৃহৎসাম নামক সূক্ত দ্বারাও এই ক্ষেত্র সম্বন্ধে জ্ঞান হয় নাই। দূরদর্শী মহাকবিও কেহ কেহ বুদ্ধি প্রয়োগ করিয়াছেন কিন্তু এ বিষয় এরূপ দুরূহ যে, “ইহা কিরূপ” অথবা “অমুকের” এই প্রকার নির্দ্ধারণ হয় নাই। আমার মত তোমার সমীপে প্রকাশ করিতেছি ॥ ৪ ॥

মহাভূতান্যহঙ্কারো বুদ্ধিরব্যক্তমেব চ
ইন্দ্রিয়াণি দশৈকঞ্চ পঞ্চ চেন্দ্রিয়গোচরাঃ ॥ ৫ ॥

৫ ৬ ৭ ৮ ১৮
পঞ্চমহাভূত, অহঙ্কার, বুদ্ধি, অব্যক্ত, দশ ইন্দ্রিয় একা-
১৯ ২৯ ৩০ ৩১ ৩২ ৩৩ ৩৪ ৩৫
দশেন্দ্রিয় মন, দশ বিষয়, দ্বেষ, সুখ, দুঃখ, সংঘাত, ইচ্ছা, চেতনা, ও ধৃতি এতগুলি (৩৬) তত্ত্ব ব্যক্ত ক্ষেত্রে অবস্থান করে, তোমাকে
৩৬

ইহা সংক্ষেপে পূর্ব্বে বলিয়াছি, এখন তাহা পৃথক্ পৃথক্ বলিতেছি। জাগ্রদ্দশায় স্বপ্ন লুকাইয়া থাকে, অমাবস্যা তিথিতে চন্দ্র গুপ্ত থাকে, শিশুর অঙ্গে তারুণ্য লীন হইয়া থাকে, অবিকশিত কুসুম কলিকায় কুসুমের গন্ধ অবস্থান করে, হে কিরীটি, কাষ্ঠে অগ্নি লুকাইয়া থাকে। যে যেরূপ সে সেই প্রকৃতির উদরে গোপনে অবস্থান করে। ধাতুগত জ্বর কুপথ্যের অপেক্ষায় লুকাইয়া থাকে, কুপথ্য হইলেই অন্তরে বাহিরে প্রকাশিত হয়। সেরূপ **পঞ্চভূতের** সম্মেলনে প্রকাশিত দেহকে যে চারিদিকে নৃত্য করাইতে থাকে; তাহাকে অহঙ্কার বলে। অহঙ্কারের অপূর্ব্বতা এই যে, উহা প্রায়শঃ অজ্ঞানীর নিকট না যাইয়া জ্ঞানীর গলায় ফাঁসী দেয়, তাহাকেই নানা বিপদে ফেলে। যদুপতি বলিলেন—**বুদ্ধিকে** লক্ষণ দ্বারা বুঝিবে। কামের বলে ও ইন্দ্রিয় বৃত্তির সমাগমে বিষয় সমুদয় একত্রিত হয়, ইহা দ্বারা জীবনের সুখ-দুঃখ অনুভূত হইলে উভয় বিষয়ের তুলনা,—ইহার নাম সুখ, ইহার নাম দুঃখ, এই পাপ, এই পুণ্য, ইহা মলিন, উহা নির্ম্মল, ভাল, মন্দ, ছোট, বড়, জ্ঞানের মূল্য, সত্ত্বগুণের বৃদ্ধি-কারক, আত্মা ও জীবের সংযোগকে **বুদ্ধি** বলিয়া জানিবে।

অব্যক্তের লক্ষণ শ্রবণ কর, হে মহামতি, সাংখ্যবাদীরা যাহাকে প্রকৃতি বলে তাহাকেই সম্প্রতি অব্যক্ত আখ্যা দেওয়া গিয়াছে।

সাংখ্য মতানুসারে তোমাকে প্রকৃতির যে বর্ণনা শুনাইয়াছি এবং উহার মধ্যে দুই প্রকার প্রকৃতির কথা বলিয়াছি তাহাতে

যে সূক্ষ্ম জীবদশা বলা হইয়াছে, হে বীর শ্রেষ্ঠ, উহাকেই এই পর্য্যায়ে অব্যক্ত নাম দেওয়া হইয়াছে। নিশিশেষে প্রাতঃকাল হইতেই আকাশে নক্ষত্র লুপ্ত, সূর্য্যাস্তের পর প্রাণিগণের দৈনন্দিন ব্যবহার বন্ধ, হে কিরীটি, দেহত্যাগান্তে দেহের উপাধি কৃতকর্ম্মের উদরে লীন হয়, বীজে ক্ষুদ্রাকারে সম্পূর্ণ বৃক্ষ গোপন ভাবে অবস্থান করে, বস্ত্রের আকার সূত্রের দশায় লীন থাকে, সেইরূপ স্থূলধর্ম্ম ত্যাগপূর্ব্বক মহাভূত ও প্রাণ সমুদয় সূক্ষ্মরূপে যাহাতে লীন হইয়া যায়, তাহারই নাম অব্যক্ত।

ইন্দ্রিয়ের পরিচয় শ্রবণ কর। কর্ণ, চক্ষু, ত্বক্, নাসিকা ও রসনা এই পঞ্চজ্ঞানেন্দ্রিয়। বুদ্ধি ইহাদের দ্বারা সুখ-দুঃখের বিচার করে। বাক্, পাণি, চরণ, উপস্থ ও পায়ু এই পঞ্চ-কর্ম্মেন্দ্রিয়। কৃষ্ণ বলিলেন—প্রাণের প্রিয়া ক্রিয়াশক্তি দেহে অবস্থান পূর্ব্বক এই পঞ্চদ্বারে গমনাগমন করে। এই ত গেল দশেন্দ্রিয়ের কথা।

এখন **মন** কিরূপ বলিতেছি। মন দশ ইন্দ্রিয় ও বুদ্ধির সন্ধিক্ষেত্রে রজোগুণের শাখাবলম্বনে দোল দেয়। আকাশের নীলিমা ও মৃগতৃষ্ণিকার তরঙ্গের ন্যায় এই মন বৃথা বায়ুরূপে প্রতিভাত এবং শুক্রশোণিত মিলনে পঞ্চতত্ত্বের আকার প্রকাশ মাত্র মন দশধা বিভক্ত হইয়া দেহের ধর্ম্মাশ্রয়ে পৃথক্ পৃথক্ অঙ্গে অবস্থান করে। তাহাদের মধ্যে একরূপে কেবল চঞ্চল থাকে উহাই রজোগুণের সামর্থ্য রক্ষা করে। সে বুদ্ধির সীমার বাহিরে অহঙ্কারের সহিত সম্মিলিত ভাবে মধ্যস্থ হইয়া অবস্থান-

পূর্ব্বক পরাক্রম প্রকাশ করে। উহাকে মন বলা বৃথা। মূর্ত্তিমতী কল্পনা এই মনের সংসর্গে ব্রহ্ম ও জীবদশা প্রাপ্ত। প্রকৃতির মূল, কামের বল, অহংকারের স্পর্দ্ধা ইচ্ছার বৃদ্ধিকারক, আশার ভরসা দাতা, ভয়ের অনুগামী, দ্বৈতোৎপাদক, অবিদ্যার শক্তি সম্পাদক, ইন্দ্রিয়কে বিষয়ে নিমজ্জনকারক, সঙ্কল্প মাত্র স্রষ্টা, বিকল্প দ্বারা অনায়াসে ধ্বংসকারী, মনোরথের হাঁড়ি রক্ষক, ভ্রমের ভাণ্ডার, বায়ুতত্ত্বের সার, বুদ্ধির দ্বার রোধক এই মন। হে কিরীটি, যথার্থ কথাই বলিলাম।

বিষয়ের পরিচয় শ্রবণ কর। স্পর্শ, শব্দ, রূপ, রস ও গন্ধ জ্ঞানেন্দ্রিয় গ্রাহ্য পঞ্চ বিষয়। জ্ঞান এই দ্বারে বাহিরে ছুটিয়া আসে। গুল্মলতা দেখিলে পশু অধীর ভাবে ছুটিয়া আসে সেইরূপ।

স্বর, ব্যঞ্জন ও বিসর্গাদির উচ্চারণ, বস্তুর গ্রহণ ও ত্যাগ, চলাফেরা ও মল মূত্র ত্যাগ করা কর্ম্মেন্দ্রিয়ের পঞ্চকর্ম্ম। দেহে পূর্ব্বোক্ত দশ বিষয়ের অবস্থান ॥ ৫ ॥

ইচ্ছা দ্বেষঃ সুখং দুঃখং সঙ্ঘাতশ্চেতনা ধৃতিঃ।
এতৎ ক্ষেত্রং সমাসেন সবিকারমুদাহৃতম্ ॥ ৬ ॥

ইচ্ছার নির্ণয় করিতেছি—যে বৃত্তিতে বিগত বিষয়ের স্মরণ সম্ভব, কর্ণদ্বারে শব্দ প্রবেশ করিতেই যাহার চেতনা, ইন্দ্রিয় ও বিষয় সংসর্গমাত্র যে কামের হস্ত প্রসারিত করিয়া দাঁড়ায়, যাহার উত্থান মাত্র মন এদিক্ ওদিক্ ছুটাছুটি করে, ইন্দ্রিয় অবাধ

গতিতে প্রধাবিত হয়, যে বৃত্তির প্রেমে মুগ্ধ বুদ্ধি উন্মাদগ্রস্ত, বিষয়ের সহিত যাহার অত্যন্ত প্রীতি, তাহারই নাম ইচ্ছা। ইচ্ছার উদ্‌গম মাত্র বিষয় ভোগ না পাইবার যে ব্যাপার উহাকেই **দ্বেষ** বলিয়া জানিবে।

যাহার প্রাপ্তি মাত্র জীব আর সকল ভুলিয়া যায়, তাহাকেই **সুখ** বলিয়া বুঝিবে। মন, বাক্য ও শরীরকে যে আপন শপথ দিয়া দেহ-স্মৃতির আকাঙ্ক্ষা মিটাইয়া দেয়, যাহার উৎপত্তি মাত্র প্রাণ পঙ্গু, সাত্ত্বিক ভাব দ্বিগুণিত ভাবে প্রাপ্ত, যে সকল ইন্দ্রিয় বৃত্তিকে হৃদয়ে একান্ত ভাবে লুকাইয়া রাখে, অধিক বলিব কি, জীবের আত্মস্বরূপ লাভের সময় যাহার উৎপত্তি তাহাকেই সুখ বলে। হে পার্থ, এরূপ অবস্থা লাভ না করিয়া জীবিত থাকিবার অবস্থাকে **দুঃখ** বলিয়া জানিবে। সুখ বাসনা বা বিষয় সঙ্গে অবস্থিত নয়, বাসনা ও সঙ্গ না থাকিলে সুখ প্রাপ্তই আছে। ঐহিক সুখ ও দুঃখের কারণ বাসনা ও সঙ্গ।

হে পাণ্ডুসুত, অসঙ্গ ও সাক্ষীভূত রূপে এই দেহাশ্রয়ে চৈতন্যের যে সত্ত্বা উহা **চেতনা**। পদনখাগ্র হইতে কেশাগ্র ভাগ পর্য্যন্ত সর্ব্ব শরীরে জাগ্রৎ, স্বপ্ন ও সুষুপ্তি তিন অবস্থাতে যাহার অবস্থান্তর, রূপান্তর হয় না, যাহা দ্বারা মন, বুদ্ধি প্রভৃতি পরিপূর্ণ, প্রকৃতির উপবনে যে বসন্ত ঋতুর সমাগম সদৃশ, যে স্থাবর ও জঙ্গম সর্ব্বত্র সমভাবে সঞ্চারিত, উহাই চেতনা! নৃপতি বা তাঁহার পরিবারবর্গ কিছু না করিলেও রাজাজ্ঞায় শত্রুর পরাজয় হয়, পূর্ণচন্দ্রের উদয় মাত্রই সমুদ্রে বান ডাকে, লৌহখণ্ড

চুম্বকের সন্নিধান মাত্র আকৃষ্ট হয়, সূর্য্যের উদয় হেতু সঙ্গলাভ করিয়াই জীবগণ কর্ম্মে প্রবৃত্ত হয়, মুখে স্তনের স্পর্শদান ভিন্নই কূর্ম্মী শুধু নিরীক্ষণ দ্বারা আপন শাবকের পোষণ করে, সেরূপ দেহে যে আত্মার সঙ্গমাত্রই জড়েরও সজীবতা হয়, হে অর্জ্জুন, তাহাকেই চেতনা বলে।

ধৃতির কথা শ্রবণ কর। তত্ত্বগণের মধ্যে কি পরস্পর জাতি স্বভাব হেতু বৈরভাব প্রকাশ হয় না? জল কি পৃথ্বীকে নাশ করে না? জলকে অগ্নি জ্বালাইয়া ফেলে। অগ্নির সহিত বায়ুর বিরোধ, সে অগ্নিকে নির্ব্বাপিত করে। আকাশের স্বাভাবিক ধর্ম্মে বায়ুকে গ্রাস করে, নিজে কখনও কাহারও সহিত মিলিত না হইয়া সর্ব্ব ব্যাপকরূপে স্বতন্ত্র অবস্থান করে। এই রীতিতে পঞ্চতত্ত্বের একটি অপরটিকে সহ্য করে না বরং একে অপরের সহিত মিলিত হইয়া যায়। আবার বৈরভাবের বিবাদ পরিত্যাগ করিয়া একস্থানে অবস্থান পূর্ব্বক একে অপরের পোষণ করে। মিলন যোগ্য ভাবের অভাবেও যে ধৈর্য্যের কারণে মিলন সম্ভব হয়, তাহাকেই আমি ধৃতি বলি। হে পাণ্ডব, জীবের সঙ্গে পূর্ব্বোক্ত ছয়ত্রিশ তত্ত্বের মিলনের নাম **সংঘাত**। সংঘাতে নির্ম্মিত ক্ষেত্র।

হে পাণ্ডব, রথের সমগ্র অঙ্গের মিলনে রথ, অবয়বের সমষ্টি দেহ, চতুরঙ্গের বল সেনা, অক্ষরের পুঞ্জ বাক্য, জলধর সমুদয় অভ্র, এই সমগ্র লোকের নাম জগৎ; তৈল, সলিতা ও অগ্নির একত্রাবস্থানের নাম প্রদীপ। সেরূপ ছয়ত্রিশ তত্ত্বের একত্র

মিলন হইলে সেই সমষ্টি ভাবকে ক্ষেত্র বলা হয়। ভৌতিক দেহ-ব্যাপার সম্বন্ধে ইহাতে পাপ ও পুণ্যের ফল পরিপক্ক হয়। এই হেতুও ইহাকে আমি কৌতুকের সহিত ক্ষেত্র বলি। কেহ বলে দেহ। ইহার অনেক নাম আছে। পরতত্ত্ব ভিন্ন স্থাবর পর্য্যন্ত উৎপন্ন সকলই ক্ষেত্র। দেবতা, মনুষ্য, সর্প প্রভৃতি যোনি বিভাগ ইহারই গুণ ও কর্ম্ম সঙ্গে উৎপন্ন। হে অর্জ্জুন, এই গুণের বিচার পরে করিব সম্প্রতি জ্ঞানের বর্ণনা করিতেছি। বিস্তারিত ভাবে সর্ব্বপ্রকার বিকারের সহিত ক্ষেত্রের বিচার আমি করিয়াছি।

উত্তম **জ্ঞানের** কথা শ্রবণ কর। জ্ঞানের নিমিত্ত যোগী স্বর্গের আঁকা বাঁকা পথে আকাশকে পর্য্যন্ত গ্রাস করিতে প্রযত্ন করে, ঋদ্ধির মর্য্যাদা বা সিদ্ধির ইচ্ছা রাখে না; কঠিন যোগমার্গকেও তুচ্ছ মনে করে, তপস্যা দুর্গ উল্লঙ্ঘন করিয়া কোটি যজ্ঞ সাধনকেও অবহেলা করে, কর্ম্মের বীজ তুলিয়া ফেলে, বিবিধ ভজন পথ হইতে মুক্তি পাইয়া সুষুম্না নাড়ীর সুরঙ্গ মধ্যে প্রবেশ করে, যে জ্ঞান প্রাপ্তির উৎকট আকাঙ্ক্ষায় মুনীশ্বরও বেদতরুর প্রতি পত্রে পত্রে ভ্রমণ করিয়া অন্বেষণ করে, বুদ্ধিদ্বারা বা গুরু-সেবাদ্বারা উহা হস্তগত হইবে ভাবিয়া যে জীবন যাপন করে, যে জ্ঞানের প্রবেশ মাত্র অবিদ্যা পলায়ন করে—জীব ও পরমাত্মার মিলন হয়—ইন্দ্রিয়ের দ্বার বন্ধ হয়, যে প্রবৃত্তির পা ভাঙ্গিয়া দেয়, মনের দৈন্য দূর করে. যে জ্ঞানের ফলে দ্বৈত ভাবের দুর্ভিক্ষ উপস্থিত হয়, অদ্বৈত ভাবের সুদিন আসে, যে

মদভাবের চিহ্ন মিটাইয়া দেয়, মহামোহকে গ্রাস করে, আপন পর ভেদ ভাবের নামও রাখে না, সংসারের উন্মূলন করে, সে সঙ্কল্পের কর্দ্দম পরিষ্কার করিয়া সর্ব্বব্যাপক পরব্রহ্মের দর্শন করাইয়া দেয়। তাহার উৎপত্তি মাত্র প্রাণ পঙ্গু হয়, কৌশলে জগতের ব্যাপার চলে, প্রকাশে বুদ্ধির চক্ষু খুলিয়া যায়, জীব আনন্দের ক্রোড়ে লুটাপুটি খায়, পবিত্রতার পরমাশ্রয় এই জ্ঞান। সামীপ্য হেতু জীব—বুদ্ধিরূপ ক্ষয়রোগগ্রস্ত আত্মা নীরোগ হয়, সেই জ্ঞানের বর্ণনা অসম্ভব হইলেও বর্ণনা করিতেছি। শ্রবণ দ্বারা বুদ্ধিসহায়ে জ্ঞানের নির্দ্ধারণ প্রয়োজন। উহাকে অন্য প্রকারে চক্ষুর সম্মুখে দেখাইবার নয়। এই শরীরে জ্ঞান প্রভাব প্রকাশ করিলে ইন্দ্রিয়গণের ব্যাপার মধ্যে উহা দর্শনের বিষয় হয়। বৃক্ষে নব পত্র পুষ্প বিকাশ-শোভা দর্শনে বসন্ত সমাগম অনুমিত হয়, সেরূপ ইন্দ্রিয় ব্যাপারে জ্ঞানের পরিচয়। বৃক্ষের মূল মৃত্তিকার অভ্যন্তরে রস লাভ করে, উহা শাখা-বিস্তারে বুঝা যায়। ভূমির মৃদুতা অঙ্কুরের কোমলতায় প্রকাশ, উত্তম কুল প্রসূত মনুষ্যের শ্রেষ্ঠতা তাহার আচরণে প্রকাশ পায়। আদর আতিথ্যের বৈশিষ্ট্য দ্বারা স্নেহ বুঝা যায়। দর্শন মাত্রই পুণ্যবান পুরুষের পরিচয় হয়। সুগন্ধ দ্বারাই বৃক্ষের অভ্যন্তরস্থ কর্পূরের উৎপত্তি অনুমিত হয়। কাচের আবরণে প্রদীপ রাখিলে প্রভা বাহিরে ছড়াইয়া পড়ে। দেহের অভ্যন্তরস্থ জ্ঞানের লক্ষণ বিশেষ মনোযোগ সহকারে শুন ॥ ৬ ॥

অমানিত্বমদম্ভিত্বমহিংসা ক্ষান্তিরার্জবম্ ।
আচার্য্যোপাসনং শৌচং স্থৈর্য্যমাত্মবিনিগ্রহঃ ॥ ৭ ॥

কাহারও সমতুল হওয়া যাহার ভাল লাগে না, বড় হওয়ার ভাব যাহার ভারী বোঝা বলিয়া অনুমান হয়, নিজগুণের প্রশংসা, সম্মান বা যোগ্যতার বর্ণনা শুনিলে যে অত্যন্ত আকুলিত হয় ; ব্যাধের জালে পতিত হরিণের ন্যায় ছট্‌ফট্‌ করে, ঘূর্ণিপাকে সন্তরণ করিতে করিতে ভীত হওয়ার ন্যায় হে পার্থ, সম্মান পাইলে যাহার বিপদ উপস্থিত হয়, যে গরিমার ভার কাছে ঘেঁসিতে দেয় না, 'লোকের সমীপে পূজনীয়ত্বের পরিচয় হউক', এরূপ যে কখনও ইচ্ছা করে না, 'আমার কীর্ত্তি তাহাদের কর্ণদ্বারে উপস্থিত না হউক বা আমি অমুক ইহা তাহাদের গোচরীভূত না হউক' যে ব্যক্তি এরূপ ভাবনা করে, তাহাকে সংকৃত করিবার কি আছে ? আদর কে গ্রহণ করে ? নমস্কার করিলে সে মৃত্যু বলিয়া মনে করে। বৃহস্পতির ন্যায় সর্ব্বজ্ঞতা লাভ করিলেও সে ভয়ে পাগলের ন্যায় বিচরণ করে, চাতুর্য্য গোপন করিয়া রাখে, শ্রেষ্ঠতা লোপ করিয়া প্রেমে উন্মাদের ব্যবহার করে, লৌকিকতার নিয়মে আকুলিত সে শাস্ত্রের বিধিকেও উপেক্ষাপূর্ব্বক অনাড়ম্বর জীবন যাপন করে। সমগ্র জগৎ তাহাকে অপমানিত করুক, বান্ধবগণ কিছুমাত্র মানিয়া না চলুক এইভাবে প্রণোদিত হইয়া সে এরূপ কর্ম্মে প্রবৃত্ত হয় যাহাতে তাহার লঘুতা এবং দীনতার অলঙ্কার আবিষ্কৃত হয়।

তাহার এরূপ ইচ্ছা হয় 'আমি জীবিত আছি কি মৃত এ বিষয়ে লোকের সন্দেহ হউক। আমার এরূপ দশা হউক যাহাতে আমি চলিতেছি না স্থির আছি, অথবা বাতাসে ভর করিয়া আছি, এ বিষয়ে লোক ভুল করুক। আমার অস্তিত্ব, নাম, রূপ লোপ হইয়া যাউক আর কোন প্রাণী যেন আমার নিমিত্ত ভয় প্রাপ্ত না হয়।' একান্তে অবস্থান ও গতায়াত, নির্জ্জনে বাসের নিমিত্তই দেহ ধারণ, বায়ুর সহিত বান্ধবতা, আকাশের সহিত কথা বলিবার ইচ্ছা, বৃক্ষ যাহার প্রাণ ও জীবন হইতেও প্রিয়, অধিক বলিব কি, যে পুরুষে এই সকল চিহ্ন দেখিবে তাহাকে জ্ঞানের শয্যায় শায়িত জানিবে। লোকের **অমানিত্ব** গুণ পূর্ব্বোক্ত লক্ষণে বুঝিবে।

অদম্ভিত্বের রহস্য বলি। লোভী প্রাণান্তেও রক্ষিত সামগ্রী বাহির করে না, সেরূপ প্রাণসঙ্কট উপস্থিত হইলেও যে আত্মকৃত প্রশংসনীয় কর্ম্মের কথা প্রকাশ করে না, তাহাকেই দম্ভহীন জানিবে। হে অর্জ্জুন, দুষ্ট গাভী বাটের দুগ্ধ লুকাইয়া রাখে। বেশ্যা আপন বয়স গোপন করে। বন প্রদেশে নিঃসঙ্গ ধনবান ব্যক্তি আপন ধনাঢ্যতা প্রকাশ করে না। কুলবতী কামিনী আপন অবয়ব আবৃত করিয়া রাখে। কৃষক ক্ষেত্রে উপ্ত বীজ লুকাইয়া রাখে। সেরূপ যে ব্যক্তি আত্মকৃত দান ও ব্রতের কথা লুকাইয়া রাখে, বাহ্য দেহই সুশোভিত করে না, লোকের খোসামোদ করে না, শুধু বাক্যের ধ্বজা তুলিয়া ধর্ম্মকে রক্ষা করে না, পরোপকার করিয়া উহা বলিয়া বুঝায় না, স্বকৃত অভ্যাস প্রদর্শন

করিয়া বাহাত্বরী লয় না, স্বকীর্ত্তি স্থাপনের নিমিত্ত কৃতপুণ্যের বিক্রম প্রকাশ করিতে অসমর্থ, যে দৈহিক সুখোপভোগে বিমুখ, ধর্ম্মবিষয়ে অল্পাধিক বিচারশূন্য, গৃহে দারিদ্র্য, দেহে দুর্ব্বলতা থাকিলেও দানে কল্পবৃক্ষের সহিত প্রতিযোগিতা করে, অধিক বলা নিষ্প্রয়োজন, স্বধর্ম্মাচরণে যে শ্রেষ্ঠ, উদার এবং আত্ম-বিদ্যাচর্চ্চায় নিপুণ, অন্য বিষয়ে উন্মাদের ন্যায় বাহিরে জলে পূর্ণ দেখিলেও কদলীবৃক্ষের ফলের ন্যায় সুস্বাদু রসপূর্ণ। মেঘ এরূপ হাল্‌কা যে উহাকে বায়ু উড়াইয়া লইয়া যায়, কিন্তু সেও মূষল-ধারে বর্ষণ করে। পূর্ণতার দৃষ্টিতে দেখিলে যাহার দর্শনে বাসনা পূর্ণতা লাভ করে, অন্যথা যাহার কথা বলিতে বাণীও কুণ্ঠিত হয়, এরূপ লক্ষণের উৎকর্ষ যাহাতে দেখিবে তাহারই জ্ঞানলাভ হইয়াছে বুঝিবে। ইহাকেই অদাম্ভিকতা বলে।

অহিংসার লক্ষণ শুন। অহিংসার বর্ণনা নানাপ্রকার। শাখাছেদনপূর্ব্বক সেই বৃক্ষেরই চারিদিকে বেড়া দেওয়া, নিজের বাহুর মাংস রন্ধন করিয়া ক্ষুধার নিবৃত্তি করা বা মন্দির ভাঙ্গিয়া বাসগৃহ নির্ম্মাণ করার ন্যায় কর্ম্মকাণ্ডের বর্ণিত অহিংসা। তাহারা বলে—হিংসা হইতেই অহিংসা উৎপন্ন। কর্ম্মকাণ্ডে নির্দ্দেশ আছে—অনাবৃষ্টিতে বিশ্ব পীড়িত হইলে বহু সংখ্যক পর্জন্যেষ্টি যাগ করা প্রয়োজন। এই যজ্ঞের মূলে পশুহিংসা, উহা দ্বারা অহিংসার তটে কিরূপে পৌঁছা সম্ভব? হিংসা বপন করিলে অহিংসা উৎপন্ন হইবে কি? যাজ্ঞিকগণের ধৈর্য্য অতুলনীয়। হে পাণ্ডব, সমগ্র আয়ুর্ব্বেদেও এই পথের নির্দ্দেশ

করা হইয়াছে যে, জীবরক্ষার নিমিত্ত জীব হত্যা করা যায়। বহু রোগদ্বারা ব্যাকুল দর্শন করিয়া চিকিৎসক রোগের হিংসার কবল হইতে রোগীকে বাঁচাইতে চিকিৎসা করেন, চিকিৎসার পূর্ব্বেই তিনি কাহারও মূল, কাহারও পত্রপুষ্পসহিত কন্দ উৎপাটন করিয়া থাকেন। কাহারও মধ্য হইতে শাঁস, কোন বৃক্ষের বল্কল আর কোন সগর্ভ জীবকে পুটপাক করিয়া গ্রহণ করিতে হয়। কোন অজাতশত্রু বৃক্ষের সমগ্র প্রাণরস বাহির করিয়া উহাকে শুষ্ক করিতে হয়। জঙ্গম পশুর প্রতিও হস্তক্ষেপপূর্ব্বক তাহার পিত্ত বাহির করিয়া তদ্দ্বারা অন্য জীবকে পীড়া হইতে রক্ষা করিতে হয়। পল্লীর গৃহগুলি ভাঙ্গিয়া মন্দির নির্ম্মাণ করা, ব্যবসায় বন্ধ করিয়া অন্নছত্র খোলা, মস্তক আচ্ছাদনপূর্ব্বক অধোভাগ অনাবৃত রাখা, ঘর ভাঙ্গিয়া নাট্যমন্দির নির্ম্মাণ করা, পরিধানের কাপড় জ্বালাইয়া আগুন পোহান, হাতীকে স্নান করান, বলদ বেচিয়া কৃষকের গৃহ তৈরী করা, পোষা তোতাপাখীটিকে অপরের সমীপে বন্ধক রাখিয়া ভাল খাঁচা তৈরী করা কি কখনও প্রশংসনীয়? ইহাতে কি হাস্যাস্পদ হইতে হয় না?

কোন কোন ধর্ম্মসম্প্রদায়ের রীতি অনুসারে জল ছাঁকিয়া পান করিতে হয়, তাহাতে ছাঁকিবার কষ্টেই কোন কোন প্রাণীর মৃত্যু হইয়া যায়। কেহ কেহ হিংসা করিবার ভয়ে রন্ধন না করিয়াই শস্যকণা ভোজন করিয়া থাকে, ইহাতে স্বকীয় প্রাণের পীড়া দেওয়া হয়। উহাও হিংসা। হে প্রসন্নচিত্ত অর্জ্জুন, কর্ম্মকাণ্ডের মত সমালোচনা করিলে দেখা যায় হিংসাই অহিংসা। অহিংসার

কথা বলিতেই আমি উহা বর্ণনা করিব বলিয়া মনে করিয়াছি। কর্ম্মকাণ্ডোক্ত অহিংসা ত্যাগ করিবার নিমিত্ত উহা বর্ণনার প্রয়োজন হইয়াছে। আমি মনে করিয়াছিলাম যে, তোমার এই মতসম্বন্ধে অভিজ্ঞতা আছে। হে কিরীটি, এই হেতু আমি সেই মতবাদ পূর্ব্বে প্রকাশ করি নাই। তাহা না হইলে কি আর বাঁকা পথে ছুটাছুটি করিতে হয়? হে ধনুর্ধর, স্বমত স্থাপনের নিমিত্ত পর মতের বিচার করিতে হয়। সিদ্ধান্ত প্রকাশের এই রীতি। এ বিষয়ে আমার প্রধান মত অভিব্যক্ত করিতেছি, অহিংসার রীতিতে দেখিলে আন্তর জ্ঞানে উপলব্ধি হইবে। অহিংসা শরীরে ব্যাপক ভাবে রহিয়াছে কিনা উহা আচরণেই বুঝা যায়। নিকষ পাথরে স্বর্ণের পরিচয়।

হে কিরীটি, অহিংসা কিরূপ?—তরঙ্গকে লঙ্ঘন না করিয়া, লহরীকে পা দিয়া না ভাঙ্গিয়া, জলের স্থিরতা নষ্ট না করিয়া মৎস্যের প্রতি একান্ত দৃষ্টি রাখিয়া বক যেরূপ ক্ষিপ্রতার সহিত অথচ অতি সন্তর্পণে পা ফেলে এবং ভ্রমর কেশর ভঙ্গের ভয়ে কমলের বুকে অতি সতর্কতার সহিত পদক্ষেপ করে সেইভাবে প্রতি ধূলিকণার মধ্যেও অতি ক্ষুদ্র ক্ষুদ্র জীবের বাসস্থান, এরূপ জানিয়া যে ব্যক্তি কারুণ্যপূর্ণ হৃদয়ে আপন পদক্ষেপ করেন—পথে চলিতে পথ করুণা দিয়া ভরিয়া দেন—দৃষ্টিপাত করিতে দিক্সমূহকে প্রেমপূরিত করেন—অন্য জীবের চরণ তলায় যিনি নিজের জীবন ছড়াইয়া দেন, এই প্রকার পার্থ, যত্নপূর্ব্বক তাহার গতির বর্ণনা অথবা প্রেমের পরিমাণ করা যায় না।

বিড়াল প্রেমের সহিত ছানাকে দাঁতে ধরিয়া স্থানান্তরে লইয়া যায়, উহাতে কিছু ব্যথা লাগে না। প্রীতিময়ী মাতা সন্তানের পথ চাহিয়া থাকিবার কালে তাঁহার দৃষ্টিতে কোমলতা ফুটিয়া উঠে, কমলদলকে ধীরে ধীরে নৃত্য করাইয়া বায়ুর মৃদুতা নয়নের আনন্দ বর্দ্ধন করে। সেই মৃদুতা লইয়া যিনি ভূমিতে পদক্ষেপ করেন তাহার চরণস্পর্শমাত্র জীবের সুখানুভব হয়। হে পাণ্ডুনন্দন, সেই অহিংস-প্রাণ পথে চলিতে ক্ষুদ্র কীট দেখিলেও অন্য দিকে পা ফেলিয়া চলেন। তিনি মনে ভাবেন—জোরে পা ফেলিলে ইহার নিদ্রা ভঙ্গ হইয়া শান্তির ব্যাঘাত হইবে। সন্ত্রস্ত হইয়া তিনি বরং পিছনের দিকে ফিরিয়া যান। ইনি কাহারও উপর পা রাখিয়া চলেন না—জীব বলিয়া জানিয়া তৃণকেও লঙ্ঘন করেন না—জীবের অবমাননার কথাতো দূরে। ক্ষুদ্র কীট মেরু লঙ্ঘন করিতে—মশক সমুদ্রের পরপারে যাইতে অসমর্থ। অহিংস ব্যক্তিও রাস্তায় পতিত জীবকে অতিক্রমে অসমর্থ। তাহার প্রতিটি ব্যবহারে কৃপার কুসুম ও ফলোদ্গম হয়, বাচিক কর্ম্ম পর্য্যালোচনায় মনে হয়, ইহার বাণীতে দয়া জীবন ধারণ করিতেছেন। তাহার শ্বাস লওয়াও অতি সন্তর্পণে। যাহার বদন প্রেমের আতিথ্য-পূর্ণ ভাণ্ডার, দন্তসমূহ মাধুর্য্যের অঙ্কুরোদ্গম, প্রসন্নতা বাণীর অগ্রদূত, অক্ষর তাহার পশ্চাদ্বর্ত্তী, কৃপা সর্ব্ব প্রথমে প্রকাশ হইয়া পরে শব্দোচ্চারণ হয়। কিছু বলিলে পাছে কাহারও প্রাণে লাগে এই ভাবিয়া কিছু বলা হয় না। যদি কখনও কিছু বলা হয়, সেই সময় অধিক শব্দ

ব্যবহার করিলে এই কথাই তিনি ভাবিয়া থাকেন যে, আমার কথায় যেন কাহারও মর্ম্মপীড়া উৎপন্ন না হয়, অথবা সন্দেহ উৎপন্ন না হয়; আমার কথায় যেন প্রচলিত কোন কথার বিরোধ, কাহারও ভয়, অথবা পথ ভুল না হয়, কাহারও ক্লেশ না হয়, কেহ বিরক্তির সহিত দৃষ্টিপাত না করে, কথা বলিবার সময় শ্রোতৃবৃন্দে যেন মাতা পিতার ন্যায় প্রীতিময় ভাব থাকে। তাহার কথা মূর্ত্তিমান শব্দব্রহ্ম, গঙ্গার উচ্ছলিত প্রবাহ অথবা পতিব্রতার বৃদ্ধাবস্থার সেবা। তাহার প্রযুক্ত প্রত্যেক শব্দ সত্য, মৃত্ত, পরিমিত, সরল ও অমৃতের তরঙ্গে লীলায়িত। বিরুদ্ধ বাদ প্রতিবাদের পরাক্রম, প্রাণীকে ব্যাকুলিত, উপহসিত, প্রতারিত, মর্ম্মবেদন যুক্ত করা, প্রতিজ্ঞা, অবসাদ, কপটতা, আশা, আশঙ্কা ও ছলনা আদি দুর্গুণের আভাষও তাহার বাক্যে থাকে না।

হে কিরীটি, ভূতমাত্র পরম ব্রহ্ম এই ভাবে যাহার স্থির দৃষ্টি, পাছে আসক্তি হয় এই আশঙ্কায় যে এদিক্ ওদিক্ দৃষ্টি করে না, কখনও নয়ন মেলিয়া চাহিলে যাহার নেত্র হইতে অগোচরে সুধাধারা বিগলিত হয়। চন্দ্রবিম্ব হইতে অদৃশ্যরূপে বিগলিত অমৃতধারা আস্বাদনের নিমিত্ত চকোর আনন্দে আত্মহারা হয়, সেরূপ তাহারও দৃষ্টিমাত্র প্রাণিগণ আনন্দে আপন হারা হইয়া থাকে। কোন দিকে দৃষ্টি পড়িলে উহাতে এরূপ গাঢ় প্রেমের পরিচয় পাওয়া যায় যে, প্রীতিময়ী কূর্ম্মীও সেরূপ দৃষ্টি জানে না। বলিব কি? জীব মাত্রের প্রতি এরূপ দৃষ্টি। তাহার কর যুগলও স্থির। সিদ্ধ পুরুষ কৃতকৃত্য হইয়া গেলে তাহার মন

আর কোন কর্ম্ম করিতে চাহে না, তাহার হস্তও ক্রিয়া রহিত, কর্ম্ম সাধনে অসমর্থ এবং কর্ম্মত্যাগ করে। ইন্ধন রহিত অগ্নি নির্ব্বাপিত হয়। মূকের মৌনব্রত স্বরূপ তাহার করযুগল কোনও কর্ত্তব্য না রাখিয়া অকর্ত্তারূপে পর ব্রহ্মের পদে আসিয়া বিশ্রাম করে। বায়ুর আঘাত লাগিবে, আকাশে নখাঘাত লাগিবে এই বিবেচনায় হস্তকে কম্পিতও করে না; শরীরে মশা মাছি বসিলে উহাকে তাড়ান, চক্ষের মধ্যে কীট প্রবেশ করিলে উহাকে দূর করা এবং পশু পাখীকে ভয় দেখান সে একেবারেই ত্যাগ করে। তাহার দণ্ড অথবা কোনরূপ সঙ্গী ভাল লাগে না। হে কিরীটি, শস্ত্রের কথা দূরে। ছিন্ন হইবে বা বিদ্ধ হইবে বলিয়া লীলাকমল দ্বারা ক্রীড়া অথবা পুষ্পমালা ধারণ করেন না, দেহের রোম নড়িবে ভাবিয়া শরীরে হস্ত স্থাপন করেন না। তাহার অঙ্গুলিতে নখের পিণ্ড নির্ম্মিত হয়, তাহার কোনও কর্ত্তব্য অবশিষ্ট থাকে না বরং অবসর মত চিরাভ্যাসানুসারে কর যুগল সম্পুটিত হইয়া থাকে। অভয় প্রদানের নিমিত্ত উত্তোলিত হয়, পতিতকে তুলিবার নিমিত্ত অগ্রসর হয়, আর্ত্তকে কোমলতার স্পর্শদান করে, তাহার করযুগল এই কর্ম্মেও অতি সাবধান। আর্ত্তের দুঃখ দূর করিতে চন্দ্রকিরণের স্নিগ্ধতাও তাহার তুল্য নয়। তিনি পশুর শরীরেও হস্ত স্থাপন করিতে মলয়ানিল হইতেও কোমল স্পর্শদান করেন। সুশীতল চন্দনবৃক্ষ ফলবান না হইলেও নিষ্ফল নয়। তিনি মুক্ত। বাক্ চাতুর্য্য থাকুক, তাহার করতল সাধুর স্বভাবের ন্যায় নির্ম্মল।

তাহার মনের বর্ণনা করি। এইমাত্র যাহার কথা বলিলাম সে কে? শাখা সমষ্টিই কি বৃক্ষ নয়, সাগর কি জল ভিন্ন সম্ভব হয়, তেজ ও সূর্য্য কি ভিন্ন বস্তু, অবয়ব ও শরীর কি পৃথক্? রস ও জলে কি ভেদ? পূর্ব্বোক্ত বাহ্যভাব সমষ্টিই মূর্ত্তিমান মন। যে বীজ ভূমিতে বপন করা হয় উহাই বৃক্ষরূপে উদ্ভিন্ন হয়, ইন্দ্রিয়ের দ্বারে যাহার বিকাশ উহা মন। মনের মধ্যে অহিংসার ন্যূনতা থাকিলে বাহিরে কি প্রকাশ হইবে? হে কিরীটি, যে কোন বৃত্তি প্রথমতঃ মনোমধ্যে উদিত হইয়া বাক্য, দৃষ্টি ও কর্ম্মের মধ্যে প্রকাশিত হয়। মনোমধ্যে অস্তিত্ববিহীন বস্তু বাক্যে প্রকাশিত হয় না। বীজ ভিন্ন ভূমিতে অঙ্কুরোদ্গম অসম্ভব। মনের ধ্বংস হইলে সূত্রধার ব্যতিরেকে কাষ্ঠপুত্তলিকার ন্যায় ইন্দ্রিয়গণ অকর্ম্মণ্য হইয়া পড়ে। প্রথমাবির্ভাবে যে সুখ প্রবাহ থাকে উহার অন্যথা হয় না। প্রাণের বহির্গমনে দেহে কি আর চেতনা থাকে? হে পাণ্ডব, মনই সর্ব্ব ইন্দ্রিয়ের ভাবের মূল। সে-ই ইন্দ্রিয়দ্বারে কর্ম্ম করে। মন যে সময় যেভাবে ভিতরে থাকে বাহিরে তদনুরূপ কর্ম্মের অভিব্যক্তি হয়। মনে পরিপূর্ণ অহিংসা থাকিলে অবশ্যই সুপক্ক ফলের সুগন্ধের ন্যায় উহা প্রেমের সহিত প্রকাশিত হইবে। ইন্দ্রিয়গণ মনের মূলধন লইয়া অহিংসার বাণিজ্য করে। সমুদ্রে বান ডাকিলে নদী পূর্ণ হয়, মনও সেই রীতিতে আপন সম্পদ্দ্বারা ইন্দ্রিয়পূর্ণ করে। বলা নিষ্প্রয়োজন, গুরুমহাশয় বালকের হস্তধারণ করিয়া নিজেই বর্ণমালার স্পষ্ট রেখাপাত করেন, সেরূপ মনও আপন

দয়ালুতা হস্তপদাদিতে সংক্রামিত করে, তাহাতে অহিংসা প্রকাশিত হয়। হে কিরীটি, মনের দ্বারাই ইন্দ্রিয়ের ক্রিয়া। কায়মনোবাক্‌কৃত সমস্ত হিংসার ত্যাগী আনন্দময় পুরুষকে জ্ঞানের গৃহস্বরূপ বুঝিবে। তিনি মূর্ত্তিমান জ্ঞান। বহুশ্রুত ও শাস্ত্রনির্দ্দিষ্ট অহিংসা প্রত্যক্ষ করিতে হইলে এই পুরুষেই উহা হইবে।

শ্রীকৃষ্ণ বর্ণিত অহিংসার কথা এক কথাতেই বলা যাইত, আমি উহা বিস্তার করিয়াছি সেজন্য ক্ষমা করিবেন। পশু গুল্ম-লতা দেখিলে পিছনের পথের কথা ভুলিয়া যায়, বায়ুর বেগে পক্ষী আকাশে বিপরীত ভাবে উৎপতিত হয়, প্রেমের স্ফূর্ত্তিতে রসাস্বাদন বৃত্তির বিস্তার হওয়াতে আমার বুদ্ধিও আর আমার বশ ছিল না। শুধু ইহাই নয় বিস্তৃত বর্ণনার আরও হেতু আছে। "অহিংসা" শব্দটা তিন অক্ষরের সমষ্টি। উচ্চারণেও অতি অল্প। কিন্তু ইহার তাৎপর্য্য বুঝিতে ভ্রমময় মতবাদ খণ্ডনের প্রয়োজন। প্রচলিত মতান্তরের উপেক্ষা করিয়া শুধু স্বমত খ্যাপন করিলে উহা আপনাদের অভিমত হইবে না। জহুরীর গ্রামে রত্ন বিক্রয় করিতে গিয়া স্ফটিকের স্তুতি করিলে চলিবে না। সেখানে শালগ্রামেরই মহিমা বর্ণনা প্রয়োজন। কর্পূরের চাহিদা না থাকিলে উহাতে সুগন্ধ থাকুক বা না থাকুক লাভ কি?

হে পূজনীয় শ্রোতৃবৃন্দ, এই সভায় বাগ্মিতার আধিক্যে বক্তৃত্বের কিছু মূল্যাধিক্য হইবে না। সাধারণ ও বিশেষ সকল কথা একত্র সমাবেশ করিলে উহা অবশ্যই আপনাদিগকে শ্রবণ

সুখের দ্বারে পৌঁছাইয়া দিবে। সন্দেহের কালিমা লিপ্ত হইয়া শুদ্ধ প্রমেয় মলিন হইলে তত্ত্বজ্ঞান পশ্চাতে পয়ায়ন করে। শৈবাল সমাচ্ছাদিত জল কি রাজহংসের দৃষ্টি আকর্ষণ করে?—মেঘাবৃত চন্দ্রামৃত লালসায় চকোর কি তাহার চঞ্চুপুট বিস্তৃত করে? সিদ্ধান্তও নির্দ্দোষ না হইলে আপনারা দৃষ্টিপাত বা অঙ্গীকার করিবেন না বরং বিরক্তি প্রকাশ করিবেন। মতান্তর বুঝাইয়া—সন্দেহের সম্বন্ধ ধ্বংস করিয়া ব্যাখ্যা না করিলে আপনারা শ্রবণ করিবেন কেন? এই প্রসঙ্গে সাধুগণ সর্ব্বদা আমার সমীপে অবস্থান করিবেন। আপনারা যথার্থতঃ গীতার্থ প্রেমিক। এই হেতু আমিও গীতারসের বর্ণনায় হৃদয় ঢালিয়া দিয়াছি। সাধুগণ তাহাদের সর্ব্বস্ব ধন আমাকে সমর্পণ করিলে এই গীতা প্রত্যর্পণ করিব। ইহা গ্রন্থ মাত্র নয় ইহা বন্ধকী মালের ন্যায়। আপন সর্ব্বস্বের লোভে বন্ধকী গীতা—সামগ্রীর উপেক্ষা করিলে জানিবেন গীতার যে গতি আমারও সেই গতি অর্থাৎ উপেক্ষিত। বলিব কি, আমার প্রতি আপনাদের কৃপার প্রয়োজন আছে বলিয়াই আমি এই ভাবে গ্রন্থ নিরূপণের ধারা অবলম্বন করিয়াছি। রসজ্ঞগণের উপযুক্ত ব্যাখ্যা না করিলে চলিবে কেন? এই নিমিত্ত মতান্তরের উল্লেখ করিয়াছি। ইহাতে কথা বিস্তৃত হইয়াছে এবং শ্লোকার্থ দূরে রহিয়াছে—অল্পমতি আমার সেই দোষ আপনারা ক্ষমা করিবেন। দাঁতের গোড়ার কাঁকর দূর করা অবশ্য প্রয়োজন। সাধু বেশ ধারী চোরের কবল হইতে মুক্ত শিশুকে মাতা সযত্নে নির্মঞ্ছন করিয়া

ঘরে লইবেন। তাহার প্রতি ক্রোধ করা উচিত নয়। মনে হয় আপনারা ক্ষমা করিয়াছেন।

শ্রীকৃষ্ণ বলিলেন—হে জ্ঞানোত্তমনয়ন অর্জ্জুন, অবহিত হও, জ্ঞানের পরিচয় প্রদান করিতেছি। দুঃখরহিত ক্ষমাতে জ্ঞানের স্পষ্ট স্থিতি। অগাধ সরোবরে কমল ও ভাগ্যবানের গৃহে সম্পদের ন্যায়, হে পার্থ, নিরন্তর যাহার ক্ষমাগুণ বৃদ্ধি প্রাপ্ত হয়, ও আচরণে ক্ষমার পরিচয় হয়, সে জ্ঞানী। **ক্ষমার** লক্ষণ বলি। অতিশয় প্রিয় অলঙ্কার যে ভাবে লইয়া অঙ্গে ধারণ করা হয়, সেইভাবে যে সকল কষ্ট ও অত্যাচার সহ্য করে,—আধ্যাত্মিক, আধিদৈবিক ও আধিভৌতিক এই ত্রিবিধ তাপ-প্রধান উপদ্রব সমুদয় মাথায় আসিয়া পড়িলেও যে তিলমাত্র বিচলিত হয় না, —অভিলষিত সামগ্রী অঙ্গীকার সময়ে অথবা অনভীষ্টের অভিনন্দনে যে সমান সন্তোষ প্রকাশ করে,—মান অপমান সহ্য করে; যাহাতে সুখ দুঃখ উভয়ের সমন্বয় হয়, যে নিন্দাস্তুতিতে দ্বিধা করে না, উষ্ণতায় তাপ বা শীতল স্পর্শে কম্প অনুভব করে না,—কোনরূপ সঙ্কটে যাহার ভীতি উপস্থিত হয় না—মেরু নিজের শৃঙ্গ ভার বোধ করে না—পৃথিবী সমগ্র চরাচর ভূতগণের ভারে ঝুঁকিয়া পড়ে না, সেইরূপ সুখ দুঃখের দ্বন্দ্বে যাহার ক্লেশ হয় না, —নদ ও নদীর মিলনে সমুদ্র জলের প্রবাহকে অনায়াসে আত্মসাৎ করে,—সেইরূপ যে অসহ্যের কথাই জানে না,—আমি কিছু সহ্য করিয়াছি এরূপ স্মৃতিও যাহার থাকে না, দেহ যাহা প্রাপ্ত হয়, তাহাকেই যে আপনার করিয়া রাখে—উহা সহিয়া যে অভিমানের

বশীভূত হয় না,—সেই দুঃখ-রহিত ক্ষমাশীল ব্যক্তি হইতেই জ্ঞানের মহিমা বৃদ্ধি পায়। হে প্রিয়োত্তম পাণ্ডব সে-ই জ্ঞানের অধীন।

আর্জব বা সরলতার বর্ণনা করি। প্রাণশক্তি সমুদয় জীবের নিমিত্ত সমান সৌজন্য প্রকাশ করে, সূর্য পক্ষপাতিত্ব করিয়া আলোক বিতরণ করে না, আকাশ জগৎকে একই প্রকার অবকাশ দান করে। যাহার মন বিভিন্ন ব্যক্তির প্রতি বিভিন্ন-ভাব পোষণ করে না, সমগ্র সংসারে একভাবে পরিচিত, সকলেরই পুরাতন বান্ধবের ন্যায় আপন পর বুদ্ধি রহিত, সকলের সহিত প্রণয়বদ্ধ, জলের ন্যায় নম্র স্বভাব, ক্লেশানুভবেও অক্ষুব্ধচিত্ত, বায়ুবেগের ন্যায় সরলভাব, নিঃসন্দেহ ও নিঃশঙ্ক, মাতার সমীপে নিঃসন্দেহ বালকের ন্যায় যাহাকে দ্বিধাভাব রহিত হইয়া মন সমর্পণ করা যায়; হে ধনুর্ধর, বিকশিত কমল পুনরায় মুকুলিত হয় না, সেইরূপ যে মনোবিকার এদিক্ ওদিক্ গোপন করিতে জানে না—সুন্দর রত্ন হইতে তাহার সুন্দর উজ্জ্বলতা অধিক। যাহার মন অগ্রগামী ও ক্রিয়া পশ্চাদ্‌গামী, যে শঙ্কিতচিত্তে বিচার করে না, সে অনুভবানন্দে তৃপ্ত, অন্তঃকরণে কোন বিচার করার কথা ভুলিয়া গিয়াছে, দৃষ্টি অকপট, বাক্য নিঃসংশয়, দুষ্টবুদ্ধির ব্যবহারও জানে না, দশ ইন্দ্রিয়বৃত্তি সরলতাময়, নিষ্কপট ও নির্ম্মল;—যাহার পঞ্চপ্রাণ অষ্টপ্রহরই মুক্ত, অমৃতের ধারার ন্যায় সরল অন্তর, বলিব কি এই সমুদয় চিহ্নের যে উৎপত্তি স্থান, হে সুভট, আর্জবের মূর্ত্তি, সে-ই জ্ঞানের গৃহ স্বরূপ।

হে চতুর নাথ, এখন তোমাকে **আচার্য্যোপাসনা** বলিতেছি। গুরুভক্তি সম্পূর্ণ ভাগ্যের জন্মভূমি। ইহা শোকগ্রস্ত মানুষকেও ব্রহ্মস্বরূপ করিয়া দেয়। গুরুভক্তির সিদ্ধান্ত করিতেছি মনোযোগ করিয়া শ্রবণ কর। গঙ্গা সম্পূর্ণ জল-সম্পদ্ লইয়া সমুদ্রে মিলিত হয়, ব্রহ্মপদে শ্রুতির গতি, প্রিয়া নিজের গুণাগুণ প্রিয়পতিকে সমর্পণ করে; সেইরূপ নিজের শরীর ও মন যে ব্যক্তি গুরুকুলে সমর্পিত করিয়া স্বয়ং ভক্তির গৃহস্বরূপ হইয়া যায়; প্রিয়তম চিন্তায় বিরহিণীর মত যে গুরুদেবের বাসস্থানে মনটিকে ফেলিয়া রাখে, সেইদিক্ হইতে প্রবাহিত বায়ুকে ছুটিয়া গিয়া যে প্রণাম করে, এবং নিজের ঘরে ডাকিয়া আনে;—যে প্রেমের বিহ্বলতায় গুরু সম্বন্ধেই আলাপ আলোচনা করিতে অভিলাষী,—আপন হৃদয়কে যে গুরুগৃহের সাক্ষীরূপে রাখে,—যে গলায় বাঁধা বাছুরীর মত উৎকণ্ঠিত ভাবে গুরু আজ্ঞায় স্বগ্রামে বাস করিতে বাধ্য হয়,—সর্ব্বদা সেই বন্ধন ছিন্ন করিবার কথা মনে ভাবে,—কোন্‌দিন প্রভুর দর্শন হইবে এই ভাবনায় যাহার একটি পলকেও যুগের অধিক মনে করে,—গুরুদেবের গ্রাম হইতে কেহ আসিলে অথবা কেহ প্রেরিত হইলে মৃত শরীরে প্রাণ সঞ্চারের মত যে পুলকিত হয়,—শুষ্ক অঙ্কুরে অমৃত ধারার মত—ক্ষুদ্র জলাশয়ের মৎস্য সমুদ্রে পতিত হওয়ার মত—দরিদ্রের ধন প্রাপ্তির মত—অন্ধের চক্ষু পাওয়ার মত—চির দুঃখীর ইন্দ্রপদ লাভের মত যে গুরুকুলের নাম শ্রবণে অত্যন্ত আনন্দে পুলকিত,—সে আনন্দে আকাশকে আলিঙ্গন করিতে

উৎসুক। এরূপ প্রেম যাহাতে দেখিবে, বুঝিবে জ্ঞান তাহার সেবা করে।

মনে মনে যে গুরুরূপের ধ্যান উপাসনা করে—শুদ্ধ হৃদয় মন্দিরে আরাধ্য গুরু মূর্ত্তিকে স্থির করিয়া ধনী হয়, সদ্ভাব সহিত যে নিজেই গুরুর পরিকর হয়—চৈতন্য গৃহে আনন্দ মন্দিরে যে গুরুমূর্ত্তি শিবের উপর ধ্যানের পঞ্চামৃত বর্ষণ করে—জ্ঞান সূর্য্যের উদয়ে যে বুদ্ধির ডালা হইতে সাত্ত্বিক ভাবের লক্ষ পুষ্পাঞ্জলি অর্পণ করে—শিবপূজার শুভক্ষণে নিরন্তর যে জীবদশার ধূপ প্রজ্জ্বলিত করে—অখণ্ড অদ্বৈত ভাবের নৈবেদ্য দান করে—নিজে পূজক হইয়া গুরুকে শিব ভাবনা করে—অথবা মনের শয্যায় গুরুকে পতিরূপে সেবা করে—যাহার বুদ্ধি প্রেমের সন্তোষে পূর্ণ—যে অন্তরের প্রেমকে ক্ষীর সমুদ্র মনে করিয়া গুরু ধ্যানের অনন্ত শয্যায় গুরুমূর্ত্তি বিষ্ণুর পদসেবাকারী লক্ষ্মীরূপ ধারণ করে—অথবা তাঁহার নাভি কমল জাত ব্রহ্মার রূপ ধারণ করে—গুরুমূর্ত্তির এরূপ বিচিত্র ধ্যানে আনন্দিত হয়—কোনো সময় গুরুকে মাতারূপে ভাবনা করিয়া স্বয়ং তাঁহার স্তন্যপায়ী শিশুর মত কোলে লুটাইয়া পড়ে—হে কিরীটি, চৈতন্য কল্পবৃক্ষের তলায় আবদ্ধ গোমাতার ন্যায় গুরুকে ভাবিয়া নিজে তাঁহার বৎসরূপে ভাবনা করে—কখনও গুরু কৃপা ও স্নেহজলে বিহারশীল মীন স্বরূপে নিজেকে মনে করে—কখন নিজে বৃক্ষ হইয়া গুরুকৃপাকে অমৃত বৃষ্টি ভাবনা—যাহার মনের সঙ্কল্প এরূপ—দেখ, কি অসীম প্রেম! কখন নিজে

পক্ষ ও দৃষ্টিহীন ক্ষুদ্র পক্ষি শাবক, গুরু মাতা-পক্ষী যে নিজ মুখে আহার যোগায়; গুরু নৌকা যাহার সাহায্যে পারে যাওয়া যায়—প্রেমে একটির পর একটি ভাবনা হয় পূর্ণ, সমুদ্রে একটির পর একটি তরঙ্গ উঠে, অধিক বলিব কি, গুরুমূর্ত্তির সেবায় এরূপ আন্তরিক সুখ অনুভব হয়।

এখন গুরুদেবের বাহ্য সেবা বর্ণন করিতেছি। গুরুদেব সন্তুষ্ট হইয়া বর দানের নিমিত্ত ইচ্ছুক হইবেন, এরূপ উত্তম সেবার নিমিত্ত যে দৃঢ়নিশ্চয় হয়—মনের মত সেবায় গুরুকে প্রসন্ন করিয়া সে বিনয়ের সহিত বলে—প্রভো, আমি আপনার সকল আত্মীয়ের স্থান পূর্ণ করিব—আপনার পূজার সামগ্রী সকলই আমি হইয়া যাইব। গুরুদেব অনুমোদন করিলে আমি তাঁহার সকল আত্মীয় হইয়া থাকিব—পূজার দ্রব্য হইয়া যাইব; তখন ভক্তির কৌতুক দেখা যাইবে।

গুরু অনেকের মাতা, আমি কৃপামূর্ত্তি গুরুকে সেবায় সন্তুষ্ট করিয়া শপথ করাইব, তিনি একা আমার হইয়া থাকিবেন। তাঁহাকে প্রেমের মোহ লাগাইয়া দিব, এক পত্নী ব্রতধারী করাইব, প্রীতির লোভে অন্যস্থান সম্বন্ধে নিস্পৃহ করাইয়া আমার নিকট ক্ষেত্র-সন্ন্যাসী করাইব। গুরুকৃপা পিঞ্জর স্বরূপ আমার সমীপে তাঁহাকে বন্ধ করিয়া রাখিব। বাহিরের বাতাস তাঁহার গায়ে লাগিতে দিব না। গুরু-সেবারূপা প্রভু-পত্নীকে নানা গুণের অলঙ্কারে অলঙ্কৃত করিব—আমি গুরুভক্তির উড়নি হইয়া যাইব—গুরুস্নেহ বর্ষণের ক্ষেত্র হইয়া থাকিব। এরূপ

মনোময়ী সহস্রসৃষ্টি শিষ্য রচনা করে। সে বলে—আমি গুরুগৃ
হইব, আমিই সেবক হইয়া সেবা করিব, যাতায়াতের সময় ে
দেউল লঙ্ঘন করিয়া যান আমি গুরুদেবের সেই দেউল হইব—
তাঁহার দ্বার এবং দ্বারপাল হইব। আমি তাঁহার পাদুকা হই
এবং পাদুকা পায়ে দিয়া দিব। আমি ছত্র ও ছত্রধারী হইব
আমি চোপ্‌দার হইয়া উঁচু নীচু স্থান দেখাইয়া সঙ্গে যাইব
চামরধারী হইয়া হাত ধরিয়া লইয়া যাইব। আমি মশালধারী
হইব—পিক্‌দানী হইয়া তাহাতে আচমন করাইব। স্নানের
কার্য্যও আমি করাইব। গুরুদেবের আসন, অলঙ্কার, বস্ত্র, চন্দন
ইত্যাদি সকল দ্রব্যই আমি হইব। আমি পাচক হইয়া রন্ধন
করিব, পরিবেশন করিব, আরতি করিব তাঁহাকে। গুরুদেবের
ভোজনের পর ভোজন করিব। তাম্বূল দিব, তাঁহার উচ্ছি
পরিষ্কার করিব, শয্যা রচনা করিব। পদসেবা করিব। আ
নিজেই সিংহাসন হইয়া তাহাতে গুরুদেবকে বসাইয়া সেবা
পূর্ণতা অনুভব করিব। শ্রীগুরুদেবের যে বস্তু চমৎকৃতি উৎপাদ
করে, আমি তাহাই হইয়া যাইব। তাঁহার শ্রবণ যুদ্ধে আ
অক্ষৌহিণী সৈন্য হইয়া হরি কথাই তাহাকে শুনাইব। তিনি ে
বস্তু স্পর্শে আনন্দিত আমি উহার রূপ ধারণ করিব। রসনা
রুচিজনক রস ও তাঁহার ঘ্রাণেন্দ্রিয়ের সুখদায়ক গন্ধ হইয়া আ
সেবা করিব। আমি তাঁহার বাহ্য ও অন্তর সর্ব্বপ্রকার সে
দ্রব্য হইব। যতদিন দেহ আছে আমি এইভাবে সেবা করি
আমার মৃত্যুর পরেও সেবার নিমিত্ত মনোবৃত্তি রক্ষা করিব।

শ্রীগুরুর চরণ স্পৃষ্ট ভূমিতে আমার দেহাবশেষ মৃত্তিকার অংশ, তাঁহার স্পর্শসুখদায়ক জলে জলীয় অংশ, তাঁহার আরতির দীপশিখায় তেজ অংশ, তাঁহার চামর বা পাখার বাতাসে প্রাণবায়ুর অংশ দিয়া সেবা করিব। তিনি যে অবকাশে অবস্থান করেন, উহাতে আমার আকাশের অংশ মিলাইয়া দিব। এইভাবে জীবন মরণ কোনো অবস্থায় গুরু সেবা ছাড়িব না। ক্ষণকালের নিমিত্ত অপরকে সেবার অবসর না দিয়া কোটি কল্প আমিই সেবা করিব। যিনি এইভাবে গুরু সেবায় অতুলনীয় মানসিক ধৈর্য্য ধারণ করেন, দিবস রজনী—অল্প বাঅধিক বিচার না করিয়া গুরু আজ্ঞা বলে হৃষ্টপুষ্ট থাকেন, সেই ব্যক্তি আকাশ হইতেও মহান্ হইয়া একাই সর্ব্বকার্য্য সমাধান করেন। মনোবৃত্তির পূর্ব্বেই তার দেহ সেবার নিমিত্ত ছুটিয়া গিয়া মনের সহিত বড়াই করিয়া কর্ত্তব্য সাধন করে।

কোনো সময় সে গুরুলীলার নিমিত্ত নিজের জীবনকে অবলীলাক্রমে দান করে। এইভাবে গুরুসেবায় যে কৃশ হইয়াছে—গুরুপ্রেমে পুষ্ট হইয়াছে—যে গুরু আজ্ঞার নিবাসস্থান—যে গুরুকুলের গৌরবে গৌরবান্বিত—গুরু সম্বন্ধি বান্ধবের সৌজন্যে সুজন—অনবরত গুরুবিলাসে বিলাসী—গুরু সম্প্রদায়ের ধর্মই যাহার বর্ণাশ্রম—গুরুপরিচর্য্যা নিত্যকর্ম্ম—গুরুই ক্ষেত্রধাম, গুরুই দেবতা, গুরুই পিতামাতা, গুরুসেবা ভিন্ন যে অপর কিছু জানে না সে-ই জ্ঞানী। গুরুদ্বার যাহার সর্ব্বস্ব, গুরুসেবক সহোদর সদৃশ, যাহার মুখে গুরু নাম মন্ত্রজপ,

গুরুবাক্য ভিন্ন শাস্ত্র অস্পৃশ্য, গুরু চরণস্পৃষ্ট যে কোনো জল তীর্থসলিল, গুরুর উচ্ছিষ্ট সমাধির অমৃতানুভব, যে ব্যক্তি গুরু গমনের সময় পশ্চাতে উত্থিত পদরেণু স্পর্শে কৈবল্যের আনন্দ অনুভব করে, হে কিরীটি, সেই ব্যক্তি জ্ঞানী।

গুরুভক্তি অপার। যাহার গুরুসেবার এরূপ ইচ্ছা এবং প্রেম, যাহার ইহা ভিন্ন আর মধুরতর কিছু নাই তাহাকেই তত্ত্বজ্ঞানী বলিয়া বুঝিবে। /জ্ঞানের শোভা গুরুভক্তের সেবায়। জ্ঞান তাহার সেবক, গুরুভক্ত জ্ঞানের উপাস্য দেবতা। গুরু-ভক্তের সমীপে জ্ঞানের মুক্তদ্বার। এই গুরুসেবার জন্য আমার মন অভিলাষী সেই জন্য ব্যাখ্যার সরল পথ ছাড়িয়া এই পথে ভ্রমণ করিলাম। আমার হস্ত অবশ, ভজন বিষয়ে আমি অন্ধ, সেবা সম্বন্ধে পঙ্গু হইতেও মন্দগতি, গুরু বর্ণনে মৌনী, আলস্য-পরায়ণ, বৃথাপুষ্ট দেহ ধারণ করিতেছি—আমার মন প্রেমপূর্ণ। জ্ঞানদেব বলে এই নিমিত্ত আমার দেহ পোষণ আবশ্যক হইয়াছে। আমার বাচালতার নিমিত্ত ক্ষমা করুন এবং সেবার অবসর দিন।

এখন আমি গ্রন্থার্থ বর্ণন করিতেছি। সকল জীবের আশ্রয় বিষ্ণু বলিয়া খ্যাত শ্রীকৃষ্ণ বলিতেছেন আর অর্জ্জুন শ্রবণ করিতেছেন। **শুচিত্ব** কিরূপ? যে শুচি তাহার মন কর্পূরের মত অথবা অন্তরে বাহিরে নির্ম্মল রত্নের ন্যায় সর্ব্বদা একপ্রকার থাকে। বাহিরে কর্ম্মদ্বারা ও অন্তরে জ্ঞানদ্বারা তাহার নির্ম্মলতা ও প্রকাশ। বেদমন্ত্র, মৃত্তিকা ও জল বাহ্য

শৌচের উপকরণ; কিন্তু বুদ্ধি না হইলে কিছুই নয়। দর্পণের ধূলি পরিষ্কার করা যায়। রজকের ক্ষার দ্বারা বস্ত্র পরিষ্কার করা যায়। সেইরূপ বাহ্যতঃ যে দেহকে শুদ্ধ রাখে ও অন্তরে জ্ঞানদীপ প্রজ্বলিত করে তাহাকে শুচি বলিতে হইবে। হে পাণ্ডুসুত, অন্তর শুদ্ধ না হইলে বাহ্যিক শৌচকর্ম্মাদি বিড়ম্বনা। মৃত মনুষ্যকে অলঙ্কৃত করা, গাধাকে তীর্থস্নান করান, কটুস্বাদ বস্তুর উপর গুড়ের প্রলেপ, শূন্যগৃহে তোরণ নির্ম্মাণ, উপবাসী ব্রতীর সমীপে অন্নপ্রদান, বিধবার ললাটে সিঁদুর দান, মাটীর খেল্না ফল অনর্থক। কেবল বাহ্য শৌচানুষ্ঠানকারীকে শ্রেষ্ঠ বলা যায় না। গঙ্গাজলে ডুবাইয়া লইলেও মদিরা ভাণ্ড পবিত্র হয় না। অন্তরে জ্ঞানের প্রয়োজন। বহিঃশৌচ অভ্যাস লভ্য। জ্ঞান কর্ম্মসাধ্য নয়। উত্তম কর্ম্মানুষ্ঠানে বাহ্যদেহ নির্ম্মল এবং জ্ঞানদ্বারা অন্তঃকরণের কলঙ্ক শোধিত হইলে বাহ্য ও আন্তর ভেদ দূর হইয়া এক নির্ম্মলতা বা শুচিত্বই অবশিষ্ট থাকে। স্ফটিক নির্ম্মিত গৃহস্থিত প্রদীপের প্রভার ন্যায় অন্তরের ভাব সমূহ বাহিরে দৃষ্টিগোচর হয়। বিবিধ বিকল্প উৎপাদক, মিথ্যা বিকারের জন্মদাতা, কুকর্ম্মের অঙ্কুরোদ্গম কারক বিষয় শুচি পুরুষ শ্রবণ, দর্শন ও ব্যবহার করে। মেঘের বিচিত্র বর্ণে আকাশ মলিন হয় না। পবিত্র মনও বিষয়ের রাগে দুষ্ট হয় না। ইন্দ্রিয় সঙ্গে বিষয়ের মধ্যে মাখামাখি করিলেও বিকার দোষে সে লিপ্ত হয় না। পথচারিণী স্ত্রীলোক উত্তম বর্ণের কি নীচ বর্ণের সাধু তাহার খোঁজ নেয় না।

সেইরূপ শুচি পুরুষও বিকার রহিতভাবে বিষয় ব্যবহার করিয়া থাকে। একই তরুণী পতিকেও আলিঙ্গন করে, পুত্রকেও আলিঙ্গন করে, পুত্র ভাবের মধ্যে কাম গন্ধও প্রবেশ করিতে পারে না ; শুচি ব্যক্তির হৃদয়ও বিষয় সম্পর্কে সেইরূপ শুদ্ধ থাকে। সে সঙ্কল্প-বিকল্প ও কর্ত্তব্যাকর্ত্তব্য সম্বন্ধে বিশেষ জ্ঞান লাভ করে। হীরক খণ্ডের মধ্যে জল প্রবেশ করিতে পারে না। প্রস্তর খণ্ডও জলে গলিয়া যায় না, সেইরূপ কোন বিকল্পদ্বারা তাহার মনোবৃত্তি লিপ্ত হয় না। হে পার্থ, ইহাকেও পূর্ণ শৌচ বলা যায়। এই ভাব দেখিলে বুঝিবে তথায় জ্ঞান আছে। এবিষয়ে যে চিত্তকে স্থির করিয়াছে তাহাকে জ্ঞানের জীবন বলিয়া জানিবে।

দেহ আপন রীতিতে কর্ম্ম করে, মন তাহার নিশ্চলতা ত্যাগ করে না। গাভীর প্রেম গৃহে বদ্ধ বাছুরী ছাড়িয়া বনে যায় না, সতীর ভোগবাসনা পতি ভিন্ন অন্যত্র যায় না, লোভী দূরে গেলেও মৃত্তিকায় প্রোথিত ধনে মন পড়িয়া থাকে, দেহের বিক্রিয়াতে স্থির পুরুষের চিত্ত বিকার হয় না। দ্রুতগামী মেঘ খণ্ডের সহিত আকাশ ছুটিয়া যায় না, ভ্রমণশীল গ্রহ চক্রের গতির সহিত ধ্রুব নক্ষত্রও ভ্রামিত হয় না, হে ধনুর্ধর পথিকের গমনাগমনের সহিত পথ চলাফিরা করে না, বৃক্ষ আসা যাওয় জানে না, সেইরূপ এই পঞ্চভূতাত্মক চলায়মান দেহ সম্ভূত ভূতবিকার তরঙ্গ দ্বারা স্থির পুরুষ বিকারগ্রস্ত হয় না। ঝঞ্ঝা প্রবল বায়ুভরে পৃথিবী কম্পিত হয় না। যে ব্যক্তি উপদ্রবে

ক্ষোভে অবিচলিত, দারিদ্র্য দুঃখেও অতপ্ত, ভয় শোকে অকম্পিত, মৃত্যুভয় রহিত, চিত্তের সরলগতি হেতু দুঃখ ও আশার দুরন্ত প্রভাব এবং অল্পায়ু বা ব্যাধির ভীতিপ্রদ গর্জন যাহার দৃষ্টি পিছনের দিকে ফিরাইতে পারে না, নিন্দা, অপমান, কাম ও লোভের অধীনতা স্বীকার করিলেও তাহার মন কিছুমাত্র বিকৃত হয় না। আকাশ ভাঙ্গিয়া পড়ুক, পৃথিবী গলিয়া যাউক তথাপি তাহার চিত্তবৃত্তির বিপরীত ভাব হওয়া অসম্ভব। পুষ্পাঘাতে হস্তী পশ্চাতে ফিরিয়া যায় কি? দুর্বচন শল্যদ্বারা ছলনা করিলেও স্থিরচিত্ত পশ্চাৎপদ হয় না। মন্দরাচল ক্ষীর সাগরের বক্ষ তরঙ্গায়িত করিতে অসমর্থ দাবাগ্নিদ্বারা গগনমণ্ডল দগ্ধ হওয়া অসম্ভব। সেইরূপ বৃত্তি সমূহের গমনাগমনে তাহার মনের ক্ষোভ অসম্ভব। কল্পান্তেও তাহার ধৈর্য্যচ্যুতি হয় না। হে জ্ঞানী, আমি স্থৈর্যের অবস্থা বিস্তৃত বর্ণনা করিলাম। যে দেহ ও মনে এই পরাক্রমশীল **স্থৈর্য্যের** অনুশীলন করে সে-ই জ্ঞানের গৃহ স্বরূপ। ব্রহ্মরাক্ষস গৃহ ছাড়িয়া অন্যত্র যাইতে চায় না, যোদ্ধা অস্ত্র ত্যাগ করে না, লোভী আপন ভাণ্ডার ছাড়ে না, মাতা বালকের মোহ ত্যাগ করিতে পারে না, মধুমক্ষিকা চিরদিনই মধুর নিমিত্ত লুব্ধ হইয়া থাকে, হে অর্জ্জুন, কামের বাতাস লাগে বা আশা ডাকিনীকে দেখিয়া ভয় পায় এই ভয়ে যে মনকে ইন্দ্রিয়দ্বারে দণ্ডায়মান হইতে দেয় না, শাসনক্ষম পতি যেরূপ ব্যভিচারিণী স্ত্রীকে বন্ধনে রাখে সেইরূপ যে আপন প্রবৃত্তি নিরোধ করে, সচেতন দেহ কৃশ হইয়া ক্রমশঃ

বিনষ্ট হওয়া পর্য্যন্ত যে বিবেকের সহিত ইন্দ্রিয়সংযম করে, শরীরে মনের মহাদ্বারে প্রত্যাহারের প্রহরী কার্য্যে যম নিয়মকে নিযুক্ত করে, মূলাধারে নাভিস্থানে ও কণ্ঠে যথাক্রমে বজ্রাসন, উড্ডীয়ান এবং জালন্ধর সেনার ভ্রমণ করায়। ইড়া পিঙ্গলার সহিত চিত্তকে শাসন করে ও সমাধির শয্যায় বন্ধন করিয়া দেয় তাহার চিত্তবৃত্তি চৈতন্যময় এক রসে মগ্ন থাকে। এই অন্তর নিগ্রহ থাকিলে জ্ঞান লাভ হয়। যাহার আজ্ঞা অন্তঃকরণ শিরোধার্য্য করে তাহাকে মনুষ্যাকারে মূর্ত্তিমান জ্ঞান বলিয়া জানিবে ॥ ৭ ॥

ইন্দ্রিয়ার্থেষু বৈরাগ্যমনহঙ্কার এব চ।
জন্ম-মৃত্যু-জরা-ব্যাধি-দুঃখ-দোষানুদর্শনম্ ॥ ৮ ॥

তাহার মনে বিষয় সম্বন্ধে পূর্ণ ও উত্তম বৈরাগ্য জাগ্রত থাকে। বান্ত অন্নের নিমিত্ত রসনা লোলুপ হয় না, মৃতদেহের আলিঙ্গনে ইন্দ্রিয়বান যত্ন করে না, কেহ আদর করিয়া বিষ খায় না, জ্বলন্ত গৃহে কেহ স্বেচ্ছায় প্রবেশ করে না, ব্যাঘ্র-গুহায় কেহ বাসস্থান নির্দ্দেশ করে না, তাপ তরলায়িত লৌহের ভাণ্ডে কেহ লম্ফ প্রদান করে না, অজগর সর্পকে কেহ উপাধান করে না, হে অর্জ্জুন, যে ব্যক্তির সমীপে বিষয় বার্ত্তা পরিত্যজ্য, ইন্দ্রিয়ের মুখে যে কোন ভোগ্য প্রদানে বিমুখ, বিষয় ভোগে মন অলস, দেহ অত্যন্ত কৃশ, শম ও দমে অধিক প্রীতি, হে পাণ্ডব, তপস্যা ও ব্রত তাহার নিকটে অবস্থান করে। তাহার

আগমনে গ্রামে যুগান্তর অনুভূতি হয়, যোগাভ্যাসে তাহার তীব্র লালসা, নির্জন প্রদেশে তাহার মন পড়িয়া থাকে। সে ভোগীর নামও সহিতে পারে না, ভোগকে যে শরশয্যার ন্যায় দুঃখদায়ক, পূয রক্তময় কর্দ্দমে লুণ্ঠন এবং স্বর্গ সুখের কথা কুকুরের পচা মাংস বলিয়া মনে করে এরূপ আচরণই তাহার বিষয় বৈরাগ্য। ইহা দ্বারাই ব্রহ্মানন্দের সৌভাগ্য ও যোগ্যতা লাভ করে। ইহলোক ও পরলোকে ভোগের প্রতি দোষ-দর্শন-বৃত্তি জাগিলে মানুষ জ্ঞানের নিবাস হয়।

সকাম মনুষ্যের ন্যায় সে যজ্ঞাদি সমস্ত কর্ম্মানুষ্ঠান করে কিন্তু কিছু মাত্র কর্ত্তৃত্বের অভিমান করে না। বর্ণাশ্রম ধর্ম্মানুকূল নিত্য নৈমিত্তিক অনুষ্ঠানে কিছুমাত্র ন্যূনতা দেখা যায় না, অথচ সে আপন বাসনায় এরূপ ভাব রাখে না যে, আমি করিয়াছি বা আমার হেতু হইয়াছে। বায়ু স্বভাবতঃ সর্ব্বত্র ভ্রমণ করে, সূর্য্য নিরভিমানে প্রকাশিত হয়, শ্রুতি স্বাভাবিক ভাবে বলেন, গঙ্গা কোন কর্ত্তব্যের প্রেরণা না থাকিলেও প্রবাহিত হন, সেরূপ যাহার আচরণ অহঙ্কার রহিত, কর্ম্মে বৃক্ষের ন্যায় বৃত্তি—(বৃক্ষ ঋতু সমাগমে ফল প্রসব করে অথচ আমি ফল প্রদান করিয়াছি বলিয়া অভিমান করে না); কণ্ঠহারের ডোর খুলিয়া লওয়ার মত কায়, মন ও বাক্যে যাহার অহঙ্কারের চিহ্ন পর্য্যন্ত লোপ পায়, নিরালম্বন মেঘের ন্যায় সে দৈহিক কর্ম্মানুষ্ঠান করে। মদ্যপ আপন বস্ত্রের সন্ধান-হীন, চিত্র হস্তস্থিত অস্ত্রের বিষয়ে জ্ঞানহীন, পৃষ্ঠে বহন করিয়াও বলদ শাস্ত্রের খবর রাখে না, সেরূপ

যে ব্যক্তি দেহে অবস্থান করিলেও নিজের অস্তিত্বের কথা স্মরণ রাখে না, সেই পুরুষের স্থিতির নাম নিরহঙ্কারিতা। সম্পূর্ণরূপে নিরহঙ্কারিতা যেখানে জ্ঞানও সেখানে; ইহার অন্যথা হয় না।

জন্ম, মৃত্যু, জরা, দুঃখ, রোগ বার্দ্ধক্য প্রভৃতি পাপের মূর্ত্তিকে আক্রমণের পূর্ব্বেই যে দূর হইতে দেখে, সাধক যে ভাবে পিশাচকে চিনিতে পারে, যোগী উপদ্রবকে জানে, কোণ-যন্ত্র হইতে সূত্রধরের পরিচয় হয়; সর্প পূর্ব্ব জন্মের বৈর ভাবও বিস্মৃত হয় না, সেরূপ পূর্ব্ব জন্মের পাপ ভুলিয়া যায় না, নেত্রাভ্যন্তরে ও ক্ষতস্থানে ধূলিকণা সহ্য হয় না, সেরূপ পূর্ব্ব জন্ম ও দুঃখ সে ভুলিয়া যায় না, যে মনে মনে এরূপ বিচার করে—"হায় আমি পূয পরিপূর্ণ গর্ত্তে প্রবেশ করিয়াছিলাম, মূত্র দ্বার হইতে বাহির হইয়াছি, হায় হায় আমি কুচস্বেদ লেহন করিয়াছি" জন্ম সম্বন্ধে সে ভয় পাইয়া বলে—"আবার জন্ম গ্রহণ করিতে হয় আমি এমন কর্ম্ম করিব না।" অপহৃত ধন পুনঃ প্রাপ্তির নিমিত্ত অক্ষক্রীড়ক পুনরায় দান ফেলে, পুত্র পিতার শত্রুকে মনে রাখে। স্বপক্ষীয় আহত ব্যক্তির স্থানে আঘাতকারীকে উপস্থিত করিতে চেষ্টা করে। সে ও সাবধানতার সহিত জন্ম ব্যাপারে পিছনে লাগিয়া থাকে। সম্মানিত জন অখ্যাতি সহ্য করিতে পারে না তাহাকেও জন্ম জনিত লজ্জা পরিত্যাগ করে না। ভবিষ্যৎ মৃত্যু যে দিনই হউক সে বিষয়ে যে সর্ব্বদা অবহিত; হে পাণ্ডুসুত, নদীমধ্যে অগাধ জল হইবে বুঝিয়া সে তীরে অবস্থান পূর্ব্বক কোমরের কাপড় শক্ত করিয়া বাঁধিয়া লয়।

যুদ্ধে যাইবার পূর্ব্বে বুক বাঁধিয়া সাহস করিতে হয়, আঘাত লাগিবার পূর্ব্বে ঢাল সম্মুখে ধরিতে হয়, গৃহের সমীপে ঘাতক থাকিলে পূর্বেই সাবধান হওয়া উচিত। জীবনান্ত হওয়ার পূর্ব্বেই ঔষধের নিমিত্ত ছুটিতে হয়, গৃহের অগ্নি জ্বলিতে থাকিলে কূপ খননে প্রবৃত্ত হওয়া বাতুলতা, গভীর জলে প্রস্তরের ন্যায় মগ্ন ব্যক্তির চিৎকারে কি লাভ? লোকশত্রু অষ্ট প্রহরই শস্ত্র গ্রহণ পূর্ব্বক আঘাতের জন্য প্রস্তুত থাকে, বিবাহ যোগ্য কন্যা সর্ব্বদা মনে মনে বিবাহের কথা আলোচনা করে। এই প্রকারে জন্ম গ্রহণ পূর্ব্বক যে জন্ম নিবারণের উপায় অন্বেষণ করে, মৃত্যু সহায়ে মৃত্যুর অন্ত্যেষ্টি করিয়া জীবন ধারণ করে, তাহার সমীপে সত্য সত্যই জ্ঞানের অভাব নাই। যাহার জন্ম মৃত্যুর শল্য উৎপাটিত, যে বৃদ্ধকালাগমনের পূর্ব্বেই আপন দেহের তারুণ্য সৌন্দর্য্য দর্শন পূর্ব্বক বলে বর্ত্তমানে যে শরীর পুষ্ট ইহাই শুষ্ক হইয়া অতি ক্ষীণ হইবে। দুর্ভাগ্যের কর্ম্ম স্থগিতের ন্যায় হস্ত পদ অচল হইবে। শারীর বল মন্ত্রী মনের সহিত নৃপতির নির্বিকার আত্মার সমত্বলাভ করিবে। কুসুম মালিকায় প্রীতিযুক্ত আমার উত্তমাঙ্গ উষ্ট্রের জানুর ন্যায় কুৎসিত ও আষাঢ় মাসের বায়ুতে পশুর ক্ষুরে ঘা হওয়ার ন্যায় ইহার পরিণাম হইবে। কমল শোভা স্পর্দ্ধি নয়ন যুগল গলিত পত্রের ন্যায়, ভ্রূ হইতে লোল চর্ম্ম বল্কলের ন্যায় ঝুলিবে—অশ্রুতে বক্ষস্থল প্লাবিত হইবে—জিয়ল গাছের গোড়ায় কাটিয়া দিলে এদিক ওদিকে যেভাবে পিচ্ছিল আঠা লাগিয়া থাকে—সেইরূপ মুখ বিবর

থুথুতে পরিপূর্ণ থাকিবে। রান্নঘরে চুল্লীর ধারে কোন ফেন পূর্ণ নর্দ্দমার ন্যায় নাসাছিদ্র নিরন্তর কফপূর্ণ থাকিবে। তাম্বূল সেবন করিয়া ওষ্ঠাধর রঞ্জিত করা হইয়াছে, হাস্যবিকাশ মাত্র দন্তপংক্তি দৃষ্টিগোচর হইয়াছে, মনোহর শব্দ ঝঙ্কার শ্রুত হইয়াছে, সেই মুখে লালা বহিবে, দাঁত ও মাড়ি সকলই যাইবে, ঋণ পীড়িত অধমর্ণ অথবা শীতার্ত্ত পশুর ন্যায় রসনা বাক্য উচ্চারণ করিতে অসমর্থ হইবে, বায়ুবেগে শুষ্ক তৃণের ন্যায় শ্মশ্রু যাইবে, পর্ব্বত শিখর হইতে আষাঢ় মাসের বর্ষার জলের ন্যায় দাঁতের মূল দিয়া লালা প্রবাহিত হইবে। কথার শক্তি যাইবে, কর্ণরন্ধ্র বন্ধ হইবে, বৃদ্ধ মর্কটের ন্যায় দেহ, ক্ষেত্রস্থিত তৃণনির্ম্মিত বায়ু সঞ্চালিত মনুষ্যাকৃতির মত কম্পিত হইবে, জঙ্ঘায় জঙ্ঘা ঠেকিতে শুরু করিবে, হস্ত বাঁকা হইবে এবং সর্ব্বাঙ্গের অন্তিম কাল উপস্থিত হইবে। মলমূত্র দ্বার সামর্থ্যহীন হইবে, লোকে মৃত্যু কামনা করিবে। তখন দেখিয়া লোকে ঘৃণায় থুথু ফেলিবে, মৃত্যুই অপেক্ষণীয় হইবে, আত্মীয়গণ দূরে সরিয়া যাইবে, স্ত্রীলোক পিশাচের ন্যায় মনে করিবে, বালক দেখিয়া ভয়ে মূর্চ্ছিত হইবে, বলিব কি এ দেহ সকলেরই ঘৃণার পাত্র হইবে। শ্বাস কাসে দম বন্ধ হইবার উপক্রম হইলে পার্শ্ববর্ত্তী গৃহে শায়িত লোকেরা মনে মনে বলিবে এই বৃদ্ধ বড়ই জ্বালাতন করিতেছে— এই প্রকার বার্দ্ধক্যের সূচনা যে ব্যক্তি আপনার তারুণ্য দশায় অনুমান করিতে সমর্থ এবং মনে মনে উহা চিন্তা করিয়া বলে "আমার এই অবস্থা আসিবে অতএব সময়টুকু বৃথা উপভোগে

কাটাইলে কি লাভ?" এই নিমিত্ত বধির হওয়ার আগেই যে শ্রোতব্য বিষয় সমুহ শুনে, পঙ্গুতা না আসিতে তীর্থযাত্রা, দর্শনীয় বস্তুর দর্শন ও বাক্‌শক্তি বন্ধ হইবার পূর্ব্বেই বাণীকে সুভাষিত দ্বারা অলঙ্কৃত ও করযুগল অবশ না হইতে সম্পূর্ণ দান করিয়া ফেলে। স্থবির দশায় মন ভ্রান্তিযুক্ত হওয়ার পূর্ব্বে সে নির্ম্মল আত্মজ্ঞান চিন্তা করে, আগামী দিবসে চোর ও লুণ্ঠনকারী হইতে সাবধান হওয়ার নিমিত্ত পূর্ব্ব দিবসেই গৃহের সামগ্রী সরাইয়া রাখা প্রয়োজন। দিয়াশলাই লুকাইয়া রাখিতে হয়। সেরূপ বার্দ্ধক্য উপস্থিত হইলে জন্ম বৃথা যাইবে এই ভাবিয়া প্রথম হইতেই সাবধান হওয়া উচিত। সন্ধ্যা সমাগত দেখিয়া পাখীদের বাসায় প্রত্যাবর্ত্তনের সহিত যে পথিক নিরাপদ স্থান আশ্রয় খুঁজিয়া না লয়, সে চোরের হাতে পড়ে। বুদ্ধিমান লোক মুঢ়ের ন্যায় এরূপ ভাবে না যে, শতবর্ষ অতীত হইবে তবে বার্দ্ধক্য, এখন আর ভয় কি?

একবার তিলের গাছ হইতে তিল বাহির করিয়া লইলে দ্বিতীয়বার উহা মাড়াইলে আর তিল পাওয়া যাইবে না। যত্ন পূর্ব্বক রক্ষা করিলে অগ্নিও পোড়াইতে পারে না। তাৎপর্য্য এই—বার্দ্ধক্যের স্মৃতি রাখিয়া যে উহার বশীভূত হয় না, সে-ই জ্ঞানী। নানারোগ দেহকে আক্রমণ করিবার পূর্ব্বেই স্বাস্থ্য সুখ ভোগ। সর্পমুখ হইতে নিপতিত বিষকে জ্ঞানীলোক সাবধানতার সহিত পরিহার করে। সেইরূপ বিয়োগ দুঃখ, বিপত্তি ও শোক উৎপন্ন হওয়া মাত্র যে সেই স্নেহ পরিত্যাগ

করিয়া উদাসীন ভাবে অবস্থান করে, যে ইন্দ্রিয় দ্বারে পাপ শিরোত্তোলন করিবে সেই সেই দ্বারে নিয়মের প্রস্তর নিক্ষেপ করে ; যাহার এরূপ চাতুর্য্যপূর্ণ আচরণ দেখিবে, বুঝিবে সে জ্ঞান সম্পন্ন। হে ধনঞ্জয়, এখন আরও একটী অসাধারণ লক্ষণ বলি ॥ ৮ ॥

অসক্তিরনভিষ্বঙ্গঃ পুত্রদার গৃহাদিষু।
নিত্যঞ্চ সমচিত্তত্বমিষ্টানিষ্টোপপত্তিষু॥ ৯ ॥

প্রবাসীর ন্যায় এই দেহে উদাসীন, পথের ধারে প্রাপ্ত বৃক্ষ-ছায়ার ন্যায় গৃহের প্রতি আস্থাহীন, ছায়ার প্রতি বৃক্ষের ন্যায় আবেশহীন, জ্ঞানী স্ত্রীর প্রতিও অলোলুপ। বৃক্ষ ছায়ায় আশ্রিত পশুর ন্যায় সে সন্তানের প্রতিও অনাসক্ত। হে পাণ্ডুসুত, সম্পত্তির মধ্যে অবস্থান করিলেও পথিক সাক্ষীর মত যাহার নির্লিপ্ত ভাব, পিঞ্জরাবদ্ধ শুক যেরূপ গৃহস্বামীর আজ্ঞা মানে সেইরূপ যে বেদানুশাসনের ভয় করে, স্ত্রী, গৃহ পুত্রে আসক্তি শূন্য সেই ব্যক্তি জ্ঞানের অধিষ্ঠান। গ্রীষ্ম ও বর্ষায় সমুদ্রের ন্যায় ইষ্ট বা অনিষ্টে যাহার সমভাব, ভূত ভবিষ্যৎ বর্ত্তমানে সূর্য্যের ন্যায়, সুখ দুঃখে যাহার ভাবান্তর বা আকাশের ন্যায় যাহার সমতার হানি হয় না, তাহাকে শুদ্ধ জ্ঞানী বলিয়া জানিবে ॥ ৯ ॥

ময়ি চানন্যযোগেন ভক্তিরব্যভিচারিণী।
বিবিক্তদেশসেবিত্বমরতির্জ্জনসংসদি ॥ ১০ ॥

কায়মনোবাক্যে যে নিশ্চয় বুঝিয়াছে, সংসারে আমি ভিন্ন উত্তম বস্তু কিছু নাই, যে শপথ গ্রহণ করিয়া আমাকে ভিন্ন অন্য পদার্থ দর্শন করে না, যাহার অন্তর আমার সমীপে পৌঁছিয়াছে, যে তাহার হৃদয়ে আমার নিমিত্ত একতার শয্যা রচনা করিয়াছে, বল্লভের সমীপে কান্তা দেহ ও মনের কোন অংশ লুকায় না, সেইভাবে সে আমাকে ভজন করে। সমুদ্রে মিলিত হইয়াও গঙ্গা অনবরত মিলিতেই থাকে, সেই ভাবে সে আমাতে মিলিত হইয়াও আমাকে ভজন করিতে থাকে। সূর্য্যোদয়ে উৎপন্ন ও অস্তকালে বিলুপ্ত হওয়ার একতা সূর্য্যকিরণের শোভাই বর্দ্ধন করে। জলের ভূমিকায় তরঙ্গ-হিল্লোল পৃথক্ নাম হইলেও উহা জল ভিন্ন পৃথক্ বস্তু নয়। এই ভাবে একনিষ্ঠ মদ্রূপতা প্রাপ্ত যে আমাকে ভজন করে তাহাকেই মূর্ত্তিমান জ্ঞান বলিয়া বুঝিবে। তীর্থ, পবিত্র স্থান, নির্ম্মল তপোবন ও গুহায় প্রীতিপদ বাস, পাহাড়ের গুহা ও জলাশয়ের সমীপস্থ স্থানে সুখ, নগরে সে আসে না। একান্ত ভাবনিষ্ঠ লোকালয়ে উদ্বিগ্ন হয়। সে মনুষ্যাকারে জ্ঞানের মূর্ত্তি। হে সুমতি, এখন জ্ঞানের সিদ্ধান্ত বুঝিবার নিমিত্ত আর একটী লক্ষণ বর্ণনা করি ॥ ১০ ॥

অধ্যাত্ম জ্ঞাননিত্যত্বং তত্ত্বজ্ঞানার্থদর্শনম্।
এতজ্ জ্ঞানমিতি প্রোক্তমজ্ঞানং যদতোঽন্যথা ॥১১॥

জ্ঞানে পরমাত্মার দর্শন হয়। যে জানে এই এক বস্তু ভিন্ন স্বর্গাদি জ্ঞান অজ্ঞান—স্বর্গ-গতির উপায় যে পরিত্যাগ

করিয়াছে সংসার বিষয়ে বিরক্ত ও অধ্যাত্ম জ্ঞানের সদ্ভাবে যে মগ্ন হইয়া থাকে, কুটিল পথ ছাড়িয়া সরল রাজপথ অনুসরণের ন্যায় যে সকল জ্ঞানকে এই রীতিতে চালিত করে, সকল বস্তু পৃথক্ করিয়া "আত্মজ্ঞান সত্য, অপর সকলই ভ্রমাত্মক" বুঝিয়া মন ও বুদ্ধিকে সেই অধ্যাত্ম জ্ঞানেই নিযুক্ত করে, এই বিষয়ে যে দৃঢ়তার সহিত সিদ্ধান্ত করিয়া লয়, ধ্রুবতারার ন্যায়—যাহার সিদ্ধান্ত অচল, সে যে জ্ঞানী একথা মিথ্যা নয়। মন জ্ঞানে লগ্ন হওয়া মাত্র সে মদ্রূপতা লাভ করে। ভোজনোপবেশনে যে সুখ উহা আহারেই, শুধু ভোজনের কথায় নয়। জ্ঞানেরও সেই অবস্থা। তত্ত্বজ্ঞানে যে নির্ম্মল ফল ফলে উহা জ্ঞেয় বস্তুর প্রতি সরল দৃষ্টি রাখার ফল। অন্যথা জ্ঞানের বোধ হইতে যদি অন্তঃকরণে জ্ঞেয় বস্তুর দর্শন না হয় তবে জ্ঞান হইল না বুঝিবে। অন্ধের হস্তে প্রদীপে কি লাভ? জ্ঞেয় বস্তু দেখা না গেলে সম্পূর্ণ জ্ঞানের সিদ্ধান্ত বৃথা। জ্ঞানের প্রকাশে পরতত্ত্ব পর্য্যন্ত দৃষ্টি না পৌঁছিলে জ্ঞানকে অন্ধ বলিয়া জানিবে। জ্ঞান যে জ্ঞেয় বস্তুর নির্দ্দেশ করে উহা সম্পূর্ণরূপে দেখিবার সামর্থ্যে যোগীর নির্ম্মল বুদ্ধির প্রয়োজন; জ্ঞেয় বস্তু দর্শনের যোগ্য-বুদ্ধি জ্ঞানের সঙ্গে বৃদ্ধি প্রাপ্ত হয়। এরূপ বুদ্ধিমানই জ্ঞানী তাহা বলা নিষ্প্রয়োজন। জ্ঞানের প্রকাশে যাহার বুদ্ধি জ্ঞেয় বস্তুতে প্রবেশ করে সে পরতত্ত্বকে প্রত্যক্ষ অনুভব করে। হে পাণ্ডুসুত, উহা জ্ঞানময় অনুভব ইহাতে আশ্চর্য্য কি? সূর্য্যকে সূর্য্য বলিবার প্রয়োজন আছে কি?

শ্রোতৃবর্গ বলিলেন—এখন থাকুক, আর অধিক বর্ণনা নিষ্প্রয়োজন। গ্রন্থার্থের বাধা করিবেন না। জ্ঞানের সম্বন্ধে বিস্তৃত বর্ণনা হইয়াছে। বাগ্মিতায় আমরা খুব তৃপ্তি লাভ করিয়াছি। অন্য কবির ন্যায়—এক রসেরই অনাবশ্যক আধিক্য দ্বারা নিমন্ত্রিত জনগণের সুখের হানি করিবেন না। ভোজনে বসাইয়া খাদ্য সামগ্রী লইয়া পরিবেশনকারী যদি পলাইয়া যায় তবে সেই খাদ্যে প্রয়োজন কি আর উহার আদরই বা কেন? সব ভাল অথচ দোহনের সময় বাটে হাত দিতে দেয় না এরূপ দুষ্ট গাভী কে পালন করে? জ্ঞান বিষয়ে যাহাদের বুদ্ধির বিকাশ নাই এরূপ কবি এ বিষয়ে নানা জল্পনা করে। সুন্দর বর্ণনা হইয়াছে। যোগাদি পরিশ্রম জ্ঞানের অংশ মাত্র প্রাপ্তির নিমিত্ত কৃত হইলেও তৃপ্তির হেতু। সে বিষয়েও যে বর্ণনা উহা সপ্তাহব্যাপী অমৃতময় ঝড়ের ন্যায়, উহাতে সুখের শতলক্ষ দিবস অতিবাহিত হওয়ার অনুভূতি হইয়াছে। নির্বাধ পূর্ণচন্দ্রের সহিত এক যুগ কাটিয়া গেলেও চকোর কি সেই চন্দ্রের দিকেই চাহিয়া থাকিবে না? জ্ঞানেরও অপূর্ব্ব সরস বর্ণনা শ্রবণে কে বলিবে আর প্রয়োজন নাই? শ্রীমান্ জামাতা গৃহে উপস্থিত হইলে আর ঘরে ভাল পরিবেশনকারী থাকিলে সারাদিনে রন্ধনই শেষ হয় না। সম্প্রতি ব্যাপার সেই ভাবেরই হইয়াছে—আমাদের জ্ঞানের রুচি আছে আর আপনার বর্ণনায় প্রীতি অতএব ব্যাখ্যানে চতুর্গুণ আনন্দ বৃদ্ধি পাইয়াছে। ইহাতে "আর নয়" এরূপ বলা যায় না। জ্ঞানিপ্রবর, অনন্তর শ্লোকস্থ পদের

তাৎপর্য্য স্ববুদ্ধিবলে প্রকাশ করুন। সাধুগণের এই বাক্য শ্রবণে নিবৃত্তিদাস জ্ঞানেশ্বর বলিলেন—আমার ইচ্ছাও অনুরূপ, তাহাতে আপনাদের আজ্ঞা, বৃথা বাগ্‌জাল আর বিস্তার করিব না।

শ্রীকৃষ্ণ বলিলেন—অষ্টাদশ লক্ষণ দ্বারা জ্ঞানকে বুঝিবে। করতলগত আমলকের ন্যায় তোমাকে জ্ঞানের প্রত্যক্ষ করাইয়াছি। এখন হে ধনঞ্জয়, হে মহামতি, অজ্ঞানের লক্ষণ বলিতেছি। জ্ঞান স্পষ্ট হইলেই অজ্ঞানের পরিচয় হয়, কেন না জ্ঞান ভিন্ন যাহা কিছু উহাই অজ্ঞান। দিন গেলে রাত আসে, তৃতীয় কোন বস্তু থাকে না; সেইরূপ জ্ঞান না থাকিলে অজ্ঞানই অবশিষ্ট থাকে। তবুও উহার চিহ্ন কিছু বলিতেছি।

যে প্রতিষ্ঠার নিমিত্ত জীবন ধারণ করে, সম্মানের পথ চাহিয়া থাকে, সংকৃত হইলেই যে সন্তোষ লাভ করে, গর্ব্বে যে পর্ব্বতশিখরের ন্যায় উচ্চ, যে অবনত হয় না, তাহাতেই পূর্ণ অজ্ঞান বর্ত্তমান। স্ববাক্য দেবদারু পাতায় যে স্বধর্ম্মের তোরণ সজ্জা করে, মন্দিরস্থ চামরের ন্যায় সর্ব্বদাই যে আপন বিদ্যার বিস্তার বিজ্ঞাপন করে, পরোপকারের ঘোষণা করে, কীর্ত্তির নিমিত্ত কর্ম্মানুষ্ঠান করে, লোক দেখাইয়া অঙ্গে ভস্ম মাখে এবং লোকের পূজা পাইবার নিমিত্ত কপটতার আশ্রয় গ্রহণ করে, তাহাকে অজ্ঞানের খনি বলিয়া জানিবে। দাবানলে অভিতপ্ত বন্য পশুপাখীর ন্যায় যাহার আচরণে অপরের দুঃখ উপস্থিত হয়, কৌতুক করিয়া যাহা পরামর্শ দেয় উহা তীক্ষ্ণ বলিয়া বিঁধে

এবং যাহার সঙ্কল্প বিষ হইতেও মারাত্মক তাহাকে অত্যন্ত অজ্ঞানী বলিয়া বুঝিবে। সে অজ্ঞতার গৃহস্বরূপ। যাহার জীবন হিংসার আশ্রয়, ভস্ত্রা যেরূপ বায়ুর দ্বারা পুষ্টতা লাভ করে ও উহা ছাড়িয়া নীচু হইয়া যায় সেইরূপ যে লাভ বা ক্ষতিতে সন্তোষ বা দুঃখ মনে করে, বায়ুর পাকে পড়িয়া গগনোত্থিত ধূলির ন্যায় প্রশংসাবাক্যে অতিশয় হর্ষ ও অল্পমাত্র নিন্দাতেই শিরে করাঘাত করে—জল পাওয়ামাত্র কর্দ্দম গলিয়া যায়, পুনরায় বাতাস লাগিলেই শুকাইয়া যায়, সেই প্রকার মান ও অপমানের উপর নির্ভর করিয়াই যাহার স্থিতি, যে কাহারও ক্ষোভ সহ্য করিতে অসমর্থ, তাহাকে পূর্ণ জ্ঞানী জানিবে। বাহিরে বাক্য ও দৃষ্টি সরল থাকিলেও যাহার মন গ্রন্থিল, যে দৈহিক সম্বন্ধে মিলিত হইলেও অন্তরে অন্তরে বিরুদ্ধতা সাধন করে, ব্যাধ যেরূপ মৃগকে আহার্য্য দান করে সেইরূপ যাহার অন্নদান বা পালন, সে ভাল মনকেও বিপরীত ভাবাপন্ন করিয়া দেয়। শ্বেতবর্ণ প্রস্তর শৈবাল দ্বারা আবৃতের ন্যায় যাহার বাহ্য ক্রিয়া, তাহাতে যে অজ্ঞান আছে ইহা মিথ্যা নহে।

যে গুরুকুলের কথা কহিতে লজ্জা পায়, গুরুভক্তিতে বিরক্ত হয়, গুরুর সমীপে বিদ্যা প্রাপ্ত হইয়া অভিমান করে, তাহার কথা বলিতে অপবিত্র অন্ন গ্রহণ করার ন্যায় বাণী লজ্জিতা হয়। লক্ষণান্তর কহিতে এতটুকু না বলিলে নয়। এখন আমি গুরু-ভক্তের বর্ণনা করিয়া বাণীকে প্রায়শ্চিত্ত করাইব। গুরুভক্তের নাম সূর্য্যের ন্যায়। গুরু বিদ্বেষীর নাম উচ্চারণে বাণীর যে

পাপ বা দোষ হয়, গুরুভক্তের নাম হইতে উহা দূর হয়। গুরুদ্রোহীর নাম উচ্চারণে যে পাপ উহাও এই ভক্তের নাম কীর্ত্তনে দূর হয়। এখন অজ্ঞানের আর আর লক্ষণ বলিব। যে কর্ম্মে আলস্য পরায়ণ, মনে বিকল্প পরিপূর্ণ, উপরে কণ্টক ভিতরে হাড় পরিপূর্ণ বনমধ্যস্থ অন্ধকূপের ন্যায় যাহার অন্তর বাহির অশুচি ; আবৃত ও অনাবৃত কিছুমাত্র বিচার না করিয়া কুকুর যেমন খাদ্য পাইলেই গ্রাস করে, সেইরূপ আপন পর বিচার না করিয়া যে দ্রব্য গ্রহণ করে ; কুকুর যেমন কুকুরীর পিছনে ভাল মন্দ অবিচারে ধাবিত হয়, স্ত্রী গ্রহণ বিষয়েও যে সেইরূপ অবিচারক ; কর্ম্মের সময় চলিয়া গেলে, নৈমিত্তিক কর্ম্ম পড়িয়া রহিল, তথাপি যাহার মনে ক্ষোভ উৎপন্ন হয় না ; পাপ আচরণে নির্লজ্জ, পুণ্য হইতে ভ্রষ্ট, বিকল্প দ্বারা মন আন্দোলিত এরূপ লোককে অজ্ঞানের পুত্তলিকা বলিয়া জানিবে।

যে নয়নে বিত্তলাভের আশা চশমা বান্ধিয়াছে। একটি পিপীলিকার ভারে কম্পিত তৃণের ন্যায় অল্পমাত্র স্বার্থের সন্ধানে যাহার চিত্ত বিচলিত, পদক্ষেপ মাত্র পচা জল ঘোলা হইবার মত, অল্পভয়ে যাহার চাঞ্চল্য, মন যাহার সঙ্কল্পের প্রবাহে বন্যার জলে ভাসমান হাঁড়ির ন্যায় ভাসিয়া যায়, বায়ুবেগে দিগন্তের উড্ডীন ধূলিরাশির ন্যায় দুঃসংবাদে যাহার চাঞ্চল্য উপস্থিত হয়, অন্ধের ন্যায় আশ্রয়হীন, ক্ষেত্রে, তীর্থে, নগরে, কোথাও স্থান পায় না ; উন্মত্ত কৃকলাস বার বার বৃক্ষে আরোহণ করে ও নীচে অবতরণ করে, তাহার ন্যায় যে সর্ব্বদাই পরিভ্রমণ করে ; সে

অত্যন্ত অজ্ঞানী। যে চাঞ্চল্যে মর্কটের ভ্রাতৃসদৃশ, হে ধনুর্ধর, যাঁর অন্তঃকরণে সংযমের বাঁধ নাই; নালার মধ্যে প্রবিষ্ট বন্যার জল বালুর বাঁধকে যেরূপ মানে না, নিষেধকেও সেইরূপ যে ভয় করে না; যাহার কর্ম্ম ব্রতের বিধি ভাঙ্গিয়াছে, স্বধর্ম্মকে উল্লঙ্ঘন করিয়াছে, আশা ছাড়িয়াছে; পাপে নির্ভয়, পুণ্যের আর্দ্রতাহীন, লজ্জাহীন, কুলাচারের বিপরীত ভাবাপন্ন, বেদ আজ্ঞার বহির্ভূত, কর্ত্তব্যাকর্ত্তব্য বিচার শূন্য, ষাঁড়ের ন্যায় মুক্তগতি, বায়ুর ন্যায় বিস্তৃত, দিক্‌হারা উৎসের জলের ন্যায়, অন্ধ মত্ত হস্তীর ন্যায়—অথবা দাবাগ্নি দীপ্ত পর্ব্বতের ন্যায় তাহার চিত্ত বিষয়ে যথেচ্ছ বিচরণ করে। অপবিত্র স্থানে কি ফেলা না হয়? খোলা জায়গা দিয়া কে না আসা যাওয়া করে? নগর দ্বারের দেহলী কে না লঙ্ঘন করে? অন্নকূট মহোৎসবের অন্ন কে না গ্রহণ করে? সাধারণ লোক অধিকার পাইলে কাহার উপর তাহা প্রয়োগ না করে? বণিকের দোকানে কে না যায়? যাহার অন্তঃকরণ পূর্ব্বোক্তরূপ তাহাকে অজ্ঞানের সম্পত্তি বলিয়া বুঝিবে। মরুক বা বাঁচুক যে বিষয়ের আবেশ ছাড়ে না, স্বর্গের জন্যও যে উহা কামনা করে না, ভোগের নিমিত্তই শ্রম করে, কাম ক্রীড়া ও ব্যসন পরায়ণ; বৈরাগ্যবান লোক দেখিয়া যে সরিয়া যায়, বিষয় চলিয়া গেলেও যে উহা ছাড়িতে চায় না, সর্ব্বদা অসাবধান, কুষ্ঠ রোগগ্রস্তের গলিত হস্তে অন্ন গ্রহণের ন্যায় শত কণ্টক উপস্থিত হইলেও যে কর্ম্মফল ত্যাগ করিতে পারে না, গর্দ্দভ লাফ দিয়া নাক মুখে ক্ষত করিয়াও

পেছনে ফিরে না, সেইরূপ বিষয়ের আকাঙ্ক্ষায় সে অগ্নিতেও লাফাইয়া পড়ে। ব্যসন অলঙ্কার পরিধান করে, মুখ ক্ষত না হওয়া পর্য্যন্ত যেরূপ পশুর মৃগ তৃষ্ণিকার ভ্রম ঘুচে না, সেইরূপ আমরণ বিবিধ বিষয়ে ব্যাকুল হইয়াও তাহার বুদ্ধি স্থির হয় না, বরং উহাতে অধিক আসক্ত হয়। বাল্যাবস্থায় মাতা পিতার স্নেহের ভ্রম ঘুচিতে না ঘুচিতেই স্ত্রীর মোহে পড়িয়া স্ত্রীর সঙ্গ করিতে না করিতেই বৃদ্ধাবস্থা উপস্থিত হয়—তখন সেই ভ্রম পুত্রস্নেহে পর্য্যবসিত হয়। অন্ধের পুত্রের ন্যায় যে মোহান্ধ জীব স্বপুত্রকে আলিঙ্গন করিয়া মৃত্যু পর্য্যন্ত বিষয় বৈরাগ্য হইতে বঞ্চিত থাকে, তাহাকে অজ্ঞানী বলিয়া জানিবে।

আমি আরও কিছু লক্ষণ বলিতেছি। দেহই আত্মা, এই বুদ্ধিতে যে কর্ম্ম আরম্ভ করে এবং ভাল মন্দ যাহাই করুক, উহার বড়াই করে; শিরে প্রসাদের থালা ধারণ করিয়া পূজারীর গর্ব্বের ন্যায় যে বিদ্যা ও বয়সের অহঙ্কারে মনে করে আমি ধনবান, আমার ন্যায় সম্পত্তি বা চাল চলন কাহার? আমার ন্যায় কেহ নাই, আমি সর্ব্বজ্ঞ শিরোমণি সর্ব্ববিষয়ে যে এরূপ গর্ব্বিত। রোগীর উপভোগ সয় না, সে পরের ভাল দেখিতে পারে না; প্রদীপ তাহার সলিতা গ্রাস করে, এবং তেল জ্বালাইয়া ফেলে এবং উহা যেখানে রাখা যায় সেই স্থানটী কালো করিয়া দেয়, জল দিলে পুট্ পুট্ শব্দ করে, বাতাস দিলে প্রাণ যায়, কিন্তু কাহাকেও কাছে পাইলে জ্বালাইতে ছাড়ে না, অন্ধকারে আলো দেয়,—কিন্তু উহাতেই উষ্ণ বোধ করায়, যে

সেই প্রদীপের ন্যায়। তরুণ সর্দ্দিতে ঔষধের নামেও দুগ্ধ পান করিলে উহা বিষরূপে পরিণত হয়, সেইরূপ সদ্‌গুণে যাহার মাৎসর্য্য, বিদ্যায় অহঙ্কার, তপস্যায় ও জ্ঞানে অভিমান। নীচ প্রকৃতি লোককে সিংহাসনে বসাইলে অথবা অজগর কোন স্থূল বস্তু গ্রাস করিলে যেরূপ পুষ্ট হয় সেরূপ সে অহঙ্কারে পুষ্ট, রুটির আটা বেলিয়াও বেলন নম্র হয় না, প্রস্তর ঘর্ম্মাক্ত হয় না, বিষধর সর্প বাজীকরের বশ হয় না—যে ব্যক্তি গুণীর বশীভূত হয় না, তাহার কাছেই অজ্ঞান বৃদ্ধি পায়।

হে অর্জ্জুন, গৃহ ও দেহাসক্তিতে তাহার পূর্ব্বজন্ম স্মৃতি থাকে না। অকৃতজ্ঞ পূর্ব্বোপকার ভুলিয়া যায়। ধন গ্রহণ করিয়া চোর গৃহস্থের উপরই অস্ত্র ধারণ করে। নির্লজ্জ পূর্ব্বপ্রশংসা মনে রাখে না। কুকুরকে তাড়া করিলেই পুনরায় লেজ নাড়িয়া ফিরিয়া আসে। সর্পের গ্রাসে থাকিয়াও ভেক্ ক্ষুদ্র পতঙ্গকে খাইতে চায়। তদ্রূপ নবদ্বারযুক্ত মূর্ত্তিমান ক্ষয়ের লীলাক্ষেত্র দেহ ধারণ করিয়াও সেই কথা একবারও মনে করে না। বিষ্ঠা ক্রিমিপূর্ণ মাতৃগর্ভ যাতনা নয়মাস ভুগিয়া ভূমিষ্ঠ হওয়াকালীন ব্যথার কথা মনে রাখে না। ক্রোড়স্থিত মলমূত্রে লুণ্ঠিত বালককে দেখিয়াও নিজের অবস্থা স্মরণে উৎকণ্ঠিত হয় না, অতি অল্প সময়ের মধ্যেই জন্মগ্রহণ ও মৃত্যু এই কথা বিচার করে না। জীবন ক্ষণস্থায়ী দেখিয়াও মৃত্যুর কথা ভাবে না, জীবনের মোহে মৃত্যু ভুলিয়া যায়। অল্পজল-সঞ্চারী মৎস্য ভাবে এই জলটুকু আর শুষ্ক হইবে না—সে গভীর জলাশয়ে আশ্রয় না

লইয়া প্রাণে মরে ? ব্যাধের সঙ্গীতের মোহে মুগ্ধ মৃগ ব্যাধের দিকে দৃষ্টি করে না। মীন টোপের বুকে কাঁটার সন্ধান না রাখিয়া আমিষটুকু গলাধঃকরণ করে। অগ্নি দগ্ধ করিবে পতঙ্গ একবারও এই চিন্তা করে না, অবুঝের ন্যায় ঝাঁপাইয়া পড়ে। তন্দ্রাসুখে নিমগ্ন মূঢ় গৃহের অগ্নি সংযোগ দেখিতে পায় না। বিষ মিশ্রিত অন্ন না জানিয়া খাইতে হয়। মানুষ রজোগুণে মিশ্রিত সুখে মুগ্ধ হইয়া জীবনের ছলে মৃত্যু কি ভাবে গ্রাস করে তাহা বুঝিতে পাার না। শরীরের বৃদ্ধি, দিবারাত্রির লাভ এবং বিষয় সুখের শ্রেষ্ঠতাকেই সত্য বলিয়া মনে করে। বেচারা জানে না যে, তনু মন ধন বেশ্যাকে সমর্পণ করাই লুণ্ঠিত হওয়া ; সাধু বেশধারী কপটীর সঙ্গই মৃত্যু, চিত্র মুছিয়া ফেলাই উহাকে ধ্বংস করা, পাণ্ডুরোগে শরীর বৃদ্ধিই উহার ক্ষয়। আহার নিদ্রাসুখে মুগ্ধ সে জানে না সমুপস্থিত শূলের উপর দৌড়াইয়া গেলে মৃত্যু সমীপবর্ত্তী হয়, দেহের বৃদ্ধির সহিত দিন গত হইলে ও দেহসুখের আনুকূল্য ঘটিলেও প্রতিপদে আয়ুক্ষয় হয়। লবণ জলে গলিয়া যায়, জীবনও কালের সহিত নষ্ট হইয়া যায়। কালের গতির দিকে দৃষ্টি রাখা কর্ত্তব্য। একথা অনেকে বুঝে না। হে পাণ্ডব, বিষয় মোহে দেহে নিত্য নূতন মূর্ত্তিতে মৃত্যুকে সে দেখিতে পায় না। সে অজ্ঞান রাজ্যের রাজা ইহা ধ্রুব সত্য। জীবনের সন্তোষে সে মৃত্যুর দিকে লক্ষ্য করে না—তারুণ্যের সন্তোষে বার্দ্ধক্যের কথা ভাবে না। পর্ব্বত পার্শ্বে গাড়ী উল্টাইয়া গেলে, শিখর হইতে প্রস্তর পতিত হইলে সম্মুখের কোন বাধা মানে না ; সেরূপ

যে ভবিষ্যৎ অমঙ্গলের চিন্তা করে না, বনের নালায় বন্যার জল খুব বেগে প্রবেশ করে, লড়াই করিবার সময় মহিষ মত্ত হইয়া যায় ; সেরূপ যৌবনের মত্ততা যাহাকে মোহিত করিয়া রাখে, দেহ ক্ষীণতর হইতে থাকিলে, কান্তি মলিন, শিরঃকম্পন, শ্মশ্রু শুভ্র হইয়া কম্পিত অঙ্গের নিষেধ সত্ত্বেও গায়া বিস্তার করে। অপর ব্যক্তি পায়ের উপর পড়িলেও দৃষ্টিহীন অন্ধের ন্যায়, অগ্নি সংযোগ দেখিয়াও গায়ে পতিত হওয়া পর্য্যন্ত অপেক্ষাকারী গৃহ শায়িত অলসের ন্যায়—বর্ত্তমান উপভোগ্য যৌবনমদে যে সমীপাগত বার্দ্ধক্যের কথা ভাবে না, সে অজ্ঞানী। অসমর্থ ও পঙ্গুকে দেখিয়া যে তাহাকে ঠেলিয়া ফেলে, একবারও ভাবে না —আগামী কল্য আমারও এরূপ অবস্থা হইবে, দেহে বৃদ্ধাবস্থা-স্বরূপ মৃত্যুর চিহ্ন অভিব্যক্ত দেখিয়াও যৌবনের মোহ যায় না, সে অজ্ঞানী ইহা যথার্থ। তাহার আরও বড় বড় লক্ষণ শোন—যে বনে বাঘ আছে সেখানে অপর পশু হঠাৎ প্রবেশ করিয়া ভয়ে ভয়ে ছুটিয়া পালায়। সর্পের গর্ত্তস্থিত দ্রব্য বিপন্ন না হইয়া একবার আনিতে পারিলে সেখানে সর্পস্থিতি সম্বন্ধে অবিশ্বাস হয়। দুই একবার সম্পত্তি লাভ ঘটিলে সেই গর্ত্তে যে সর্প বাস করে ইহা মানিতেই চায় না। শত্রু ঘুমাইয়া আছে ভাবিয়া নিশ্চিন্ত হইলে গৃহস্থ সন্তান সন্ততি সহিত বিনষ্ট হয়। সেইরূপ আহার নিদ্রার বন্যায় ব্যাধির অনাগমন পর্য্যন্ত যে নিশ্চিন্ত থাকে, স্ত্রী-পুত্রাদি সহিত—সম্পত্তির প্রাচুর্য্যে ও চিন্তায় যাহার নেত্র অন্ধ, শীঘ্রই সব ফুরাইবে, দিবাবসানের সহিতই বিপদ আসিবে জানিয়াও যে দুঃখ

দূর করিবার চেষ্টা করে না, সে জ্ঞানহীন। ইন্দ্রিয়কে যে যথেচ্ছ ব্যবহারে বাধা দেয় না, যৌবন ও ধনমদে ভোগ্যাভোগ্য, কর্ত্তব্যা-কর্ত্তব্য, শোচ্যাশোচ্য, চিন্তনীয়, বর্ণনীয়, গ্রহণীয়, স্পৃশ্য, জ্ঞাতব্য, দ্রষ্টব্য, খাদ্য, সদসৎসঙ্গ, সম্বন্ধ, ব্যবহার, শ্রোতব্য ও বক্তব্য বিষয়ে বিচারহীন, কোন্ কার্য্যে পাপ হয় তাহা না বুঝিয়া দেহ ও মনের আরামপ্রদ কর্ম্মে প্রবৃত্ত ও কর্ত্তব্যের নামে বিপরীত ব্যবহার, পাপ হইবে অথবা নরকযাতনা ভোগ হইবে এ সম্বন্ধে অবিবেকীর প্রাচুর্য্যে জগতে অজ্ঞান এরূপ বৃদ্ধি পাইয়াছে যে, উহারা জ্ঞানীর সহিত লড়াই করিতেও প্রস্তুত। যাক্, অজ্ঞানের আরও চিহ্ন বলি উহাতে ভালরূপ বুঝিতে পারিবে। নবোদ্গত কুসুম রেণুতে ভ্রমরীর ন্যায় গৃহেই যাহার পূর্ণ আসক্তি; মিশ্রির উপর হইতে মক্ষিকা নড়িয়া বসিতে চায় না, সেরূপ যাহার মন স্ত্রী-চিত্তে আসক্ত, কফের মধ্যে মশক, কর্দ্দম কুণ্ডে পতিত ভেক্, কর্দ্দমে আবদ্ধ পশুর ন্যায় যে মনে প্রাণে গৃহ হইতে বাহির না হইয়া সর্পের ন্যায় বাস করে, প্রিয়তমের কণ্ঠালিঙ্গনের ন্যায় গৃহে যাহার অত্যন্ত ভালবাসা, মধু মক্ষিকার ন্যায় যত্ন পূর্ব্বক যে আপন গৃহ সঙ্গোপনে রক্ষা করে, বৃদ্ধকালে জাত সন্তানের প্রতি স্নেহের ন্যায় গৃহাসক্তি, যে স্ত্রীকে ভিন্ন আর কিছুই চিন্তা করে না, স্ত্রীর দেহেই যার মন পড়িয়া আছে, কে আমি কি কর্ত্তব্য এই সম্বন্ধে কোন সন্ধান রাখে না, ব্রহ্মরূপ হইলে চিত্ত তদ্ব্যতিরিক্ত অপর ব্যবহার পরিহার করে, তদ্রূপ ক্ষতি, লজ্জা, নিন্দা প্রশংসা কিছুমাত্র অপেক্ষা না

করিয়া সর্ব্বদা যাহার ইন্দ্রিয় স্ত্রী সেবায় একান্ত নিযুক্ত, কামিনীর কাম সেবায় বাজীকরের বানরের ন্যায় নৃত্য পরায়ণ, নিজের ও বন্ধুবান্ধবের দুঃখের হেতু হইলেও লোভীর ধন বৃদ্ধির ন্যায় দানপুণ্য পরিত্যাগ এবং আত্মীয় স্বজনকে বঞ্চনা পূর্ব্বক স্ত্রীর প্রার্থনা পূরণকারী অজ্ঞানী। পূজনীয় দেবতার সম্বন্ধে নানা ছল উপস্থিত করিয়া বাক্য দ্বারা গুরুকেও বঞ্চনা পূর্ব্বক, মাতাপিতার সমীপেও দারিদ্র্য প্রদর্শন অথচ স্ত্রীর উপভোগ্য বিবিধ সামগ্রী দৃষ্টিগোচর হওয়া মাত্র উপায়নরূপে যে উপস্থিত করে, কুলদেবতার ভজনকারী প্রেমিক ভক্তের ন্যায় একান্ত ভাবে স্ত্রীর সেবার বহুমূল্য উত্তম সামগ্রী দিয়া পরিবারস্থ অপর আত্মীয়কে যথা নির্ব্বাহ সামগ্রীও প্রদান করে না, সে মনে করে আমার পত্নীর সহিত কেহ বিরোধ করিলে আমি প্রলয় বাঁধাইব, কীটের ভয়ে নাগকুসুমে হাত দেওয়া যায় না, সেইরূপ পত্নীর মনোগত বিষয়ের পূর্ণতার নিমিত্ত সে সর্ব্বদাই সন্ত্রস্ত, হে ধনঞ্জয়, অধিক বলিব কি, স্ত্রী যাহার সর্ব্বস্ব, এবং তদুৎপন্ন বালককেই একমাত্র সম্পত্তি মনে করিয়া মোহে আবদ্ধ হয়— তাহাকে অজ্ঞানী বলিয়া জানিবে। তাহার ব্যবহারেই অজ্ঞান সামর্থ্য লাভ করে। বিক্ষুব্ধ সমুদ্রে তরঙ্গান্দোলিত নৌকার ন্যায় প্রিয় ও অপ্রিয় বস্তুর প্রাপ্তি বা অপ্রাপ্তিতে সর্ব্বদা যাহার চিত্ত আন্দোলিত সে অজ্ঞানী। ধন প্রাপ্তির আশায় বৈরাগ্যের ছদ্মবেশ ধারণ ও ফলপ্রাপ্তির আশায় ভক্তি পরায়ণতা অজ্ঞানীর চিহ্ন। ব্যভিচারিণী হৃদয়ে জারের প্রতি ভাব রাখিয়া ব্যবহারে

পতির মনোমত চলে, তদ্রূপ হে কিরীটি, যে আমাকে ভক্তি করিয়া বিষয়ের দিকে নজর রাখে, বিষয় প্রাপ্তি না ঘটিলে ভজন পরিত্যাগ করে, আড়ম্বরপূর্ণ গুরুর পথানুসরণ করে, সেই মন্ত্র শিক্ষা পূর্ব্বক আড়ম্বরশূন্য গুরুর মন্ত্র-জপ ছাড়িয়া দেয়, প্রাণীর প্রতি নিষ্ঠুর ব্যবহার করিয়া প্রস্তরখণ্ডে নিষ্ঠা রক্ষা, এক নিষ্ঠতায় আশা মিটে না, আমার বিগ্রহ গৃহের কোণে রাখিয়া স্বয়ং অন্য দেবতার যাত্রা মহোৎসব করিয়া ফিরে, প্রতিদিন আমারই পূজা করে কিন্তু কোন কোন সময় কুলাচার বিহিত অপর দেবতারও ভজন করে, পর্ব্ব বিশেষে ভিন্ন ভিন্ন দেবতার পূজা করে, আমাকে মন্দিরে স্থাপন করিয়াও মানত করে অপর দেবতার সমীপে, শ্রাদ্ধকালে পিতৃপুরুষের ভক্ত হইয়া যায়, একাদশী দিনে আমাকে যে ভাবে আদর করে, নাগ পঞ্চমীতে নাগের পূজাতেও ততখানি আদর, চতুর্থী আসিতেই পুনরায় গণেশ্বর ভক্ত হইয়া যায়, চতুর্দ্দশী দিন সমাগত হইলে বলে দুর্গে আমি তোমারই, যে নিত্য ও নৈমিত্তিক কর্ম্ম ত্যাগ পূর্ব্বক নবরাত্রে চণ্ডীপাঠ ইত্যাদি করে, রবিবারে ভৈরবের নামে থালা পরিবেশন করে, সোমবার সমাগমে শিবের মাথায় বিল্বপত্র অর্পণ করে, এই প্রকার এক জনই সকল দেবতার সেবা করে, গ্রাম্য বারবণিতা—সকল পুরুষকেই ভালবাসে, তদ্রূপ যে সকল দেবতাকেই ভজন করে, ক্ষণকালের নিমিত্তও স্থির চিত্ত নয়, এইভাবে চারিদিকে ছুটাছুটি করিতে দেখিলে তাহাকে অজ্ঞানের অবতার বলিয়া বুঝিবে।

(নির্জনতা, সুপবিত্র তপোবন, তীর্থ অথবা নদীতীরে যাহার রুচি নাই তাহাকেও অজ্ঞানী বলিয়া বুঝিও।) মুখর-পল্লীতে বাস এবং জন সমাগম যাহার আনন্দপ্রদ তাহাকেও ঐরূপ জানিবে। সে সংসারীর প্রশংসা পছন্দ করে। পরমাত্ম দর্শনের কথা শুনিয়া যে খুব বড় বড় তার্কিকের মত যা খুসী তাই বলিতে থাকে, যে উপনিষৎ কখনও পড়ে না, যোগশাস্ত্রে অরুচি, আধ্যাত্মিক জ্ঞানে যাহার মন লাগে না। আত্মানাত্ম বিচার দ্বার ভাঙ্গিয়া যে যথেচ্ছ ব্যবহারে প্রবৃত্ত, সে কর্মকাণ্ডে নিপুণ হউক, পুরাণ কণ্ঠস্থ থাকুক, জ্যোতিষী হউক, শিল্পশাস্ত্রনিষ্ণাত, সূপশাস্ত্রে প্রবীণ, অথর্ববেদ বিধিজ্ঞ, কামশাস্ত্র অধীত, সম্পূর্ণ মহাভারত পঠিত, ধর্মশাস্ত্র অনুশীলিত, নীতিশাস্ত্রে অভিজ্ঞ, চিকিৎসা বিজ্ঞানে অভ্যস্ত, কাব্যনাটকে সুচতুর, বেদপাঠে নিরত, বাজীকরণে সমর্থ, নিরুক্ত, ব্যাকরণ, ন্যায় সকল শাস্ত্রই পাঠ করিয়া পণ্ডিত হউক কিন্তু অধ্যাত্ম জ্ঞান যাহার নাই তাহার মুখ দর্শনও করা উচিত নয়। মূলা নক্ষত্রে যে সন্তান জন্মগ্রহণ করে, সে যেমন অমঙ্গল-দর্শন সেরূপ অধ্যাত্ম জ্ঞানবিহীন ব্যক্তিরও অবস্থা। আত্মজ্ঞান ভিন্ন সকল শাস্ত্রের সিদ্ধান্ত-জ্ঞান নিরর্থক। ময়ূরের অঙ্গে নেত্রের আকার বহুপুচ্ছ কিন্তু উহাতে তাহাদের দৃষ্টিশক্তি নাই সেইরূপ আত্মজ্ঞান হীন ব্যক্তির অন্য সকল শাস্ত্র অধ্যয়ন বৃথা। পরমাণু পরিমাণও অমৃত সঞ্জীবনী মূল পাওয়া গেলে গাড়ী বোঝাই অন্য কোনো মূলেরই আদর থাকে না। ক্ষীণায়ু ব্যক্তির দেহে সুলক্ষণ, কবন্ধের অলঙ্কার

সজ্জা, বরবধূ হীনাবস্থায় বিবাহ-মঙ্গল গান নিরর্থক, তেমনই হে পার্থ, অধ্যাত্মশাস্ত্র ভিন্ন সকল শাস্ত্র অপ্রমাণ। যে শাস্ত্রমূঢ় জনের আত্মজ্ঞান নাই তাহার শরীর ধারণ অজ্ঞান বীজবৃদ্ধির হেতু। তাহার বিদ্যাবত্তা অজ্ঞানের বৃক্ষ। তাহার কথা সেই বৃক্ষের ফুল, তাহার পুণ্যআচরণ উহার ফল। যে অধ্যাত্মজ্ঞান সম্বন্ধে শ্রদ্ধা করে না, তাহার যে কোনো তত্ত্বজ্ঞানই হয় না, ইহা বলিবার আর প্রয়োজন কি? যে এপারের খবর না লইয়া পশ্চাৎপদ হইয়া যায়, তাহার সমীপে ওপারের খবর আর কেমন করিয়া পাওয়া যাইবে বল। দ্বারে যাহার শিরচ্ছেদ করা হইয়াছে সে ব্যক্তি গৃহের ভিতরে কি আছে জানিবে কি করিয়া? সেইরূপ হে ধনঞ্জয়, অধ্যাত্ম জ্ঞানহীনের তত্ত্বজ্ঞান একান্ত অসম্ভব। একথা আর অধিকতর স্পষ্ট করিয়া বলিবার আবশ্যকতা কি যে এইরূপ অজ্ঞানী জ্ঞানতত্ত্ব সম্বন্ধে অন্ধ? গর্ভিণীকে ভাল খাওয়ানোই যেমন গর্ভস্থ সন্তানের তৃপ্তি বিধান তেমনই জ্ঞানের সম্বন্ধে যে সব কথা বলা হইয়াছে তাহাতে অজ্ঞানের কথাও বলা হইয়া গিয়াছে। পুনরায় পৃথক্‌ভাবে উহার আলোচনার প্রয়োজন ছিল না। অন্ধকে নিমন্ত্রণ করিলে তাহার সঙ্গে একজন দৃষ্টিসম্পন্ন লোক আসিবেই তথাপি আমি অমানিত্ব প্রভৃতি লক্ষণ বলিয়া পূর্ব্বোক্ত কথাই ব্যতিরেক মুখে বলিয়াছি। কেননা জ্ঞানের অষ্টাদশ লক্ষণকে বিপরীত করিয়া লইলেই অজ্ঞান পাওয়া যায়। একাদশ শ্লোকের উত্তরার্দ্ধে এইজন্যই কৃষ্ণ বলিয়াছেন যে, জ্ঞানের বিপরীতই অজ্ঞান।

আমিও সেজন্য এই বিস্তৃত ব্যাখ্যা করিয়াছি। অন্যথা দুগ্ধে বেশী করিয়া জল মিশানোর কোন সার্থকতা নাই। আমি অধিক কথা বলিতে চাই না শুধু পদ প্রয়োগের মর্য্যাদা আমি ত্যাগ করিতে পারি না। মূল শ্লোকের ধ্বনি হইতে তাৎপর্য গ্রহণে আমার ভাষা নিমিত্তমাত্র। শ্রোতৃবৃন্দ বলিলেন—হে কবিকুল পোষক জ্ঞানেশ্বর, তোমার এরূপ পরিহার বাক্যের কি আবশ্যক আছে? বৃথা ভয় কর কেন শ্রীকৃষ্ণই যে তোমাকে আদেশ করিয়া বলিতেছেন 'গীতার অভিপ্রায় আমি যাহা গোপন রাখিয়াছি তুমি উহা প্রকাশ করিয়া বল।' প্রভুর মনের ভাব তুমিই যে আমাদের কাছে খুলিয়া বলিতেছ। যা'হউক এ সকল কথা শুনিয়া হয়তো তুমি আবার প্রেমে বিভোর হইয়া যাইবে অতএব আর বলিব না, তবে এটুকু না বলিয়া পারি না যে, আমরা শ্রবণসুখদায়ক তোমার মধ্যে জ্ঞানের নৌকা লাভ করিয়াছি। এখন ইহার পর শ্রীহরি যাহা বলিয়াছেন তাহা প্রকাশ করিয়া শীঘ্র বল। সাধুদের এইরূপ কথা শুনিয়া নিবৃত্তি-দাস বলেন—মহাশয়গণ শুনুন, প্রভু কৃষ্ণ বলিলেন,—পাণ্ডব, তোমাকে অজ্ঞানের লক্ষণ বলিলাম। এই অজ্ঞানকে পিছনে রাখিয়া জ্ঞান সম্বন্ধে দৃঢ়তা অবলম্বন করিবে। শুদ্ধ জ্ঞানের দ্বারা অন্তরে জ্ঞেয় বস্তুর প্রাপ্তি হইবে। এই জ্ঞেয় জ্ঞানের নিমিত্ত অর্জ্জুন আশা করিয়াছিলেন। তাহার ভাব বুঝিয়া সর্বজ্ঞ শ্রীকৃষ্ণ বলেন, এখন আমি জ্ঞেয় বিষয়ের অভিপ্রায় প্রকাশ করিব। ১১।

জ্ঞেয়ং যত্তৎ প্রবক্ষ্যামি যজ্ জ্ঞাত্বাঽমৃতমশ্নুতে।
অনাদিমৎ পরং ব্রহ্ম ন সত্তন্নাসদুচ্যতে ॥ ১২ ॥

জ্ঞান ভিন্ন পাওয়া যায় না বলিয়াই পরব্রহ্মকে জ্ঞেয় বলে। তাঁহাকে জানিলে অন্য কর্ত্তব্য অবশিষ্ট থাকে না, জ্ঞানেই তদাকারতা প্রাপ্তি হয়, জ্ঞাতা সেই জ্ঞানে সংসার মোহ দূরে রাখিয়া নিত্যানন্দোদরে ডুবিয়া যায়। উহার আরম্ভ নাই, উহা সহজ, উহাকে অনস্তিত্ব বলিলে দোষ হয়, কেননা উহা বিশ্বাকারে প্রকাশিত, শুধু বিশ্বই এরূপ বলিলে যথার্থ বলা হয়না, যেহেতু বাস্তব দৃষ্টিতে বিশ্ব মায়িক। জ্ঞেয় বস্তুর প্রাকৃত রূপ, বর্ণ বা ব্যক্তি নাই, উহা অদৃশ্য; দ্রষ্টার অভাব বলিয়া উহা কিরূপ বা কে?—নির্ণয় হয় না। উহার সত্ত্বা না মানিলেও চলে না। মহত্তত্ত্ব ইত্যাদি কাহার আশ্রয়ে দৃষ্ট হয়?—উহা ভিন্ন কোন বস্তুরই প্রকাশ যে অসম্ভব! উহার দর্শনে অস্তি বা নাস্তি বলিতে বাণী শব্দ হীনা, বিচারের পথরুদ্ধ, ছোট বড় মৃন্ময় ঘটে এক মৃত্তিকাই বিভিন্ন আকারে, তদ্রূপ সেই জ্ঞেয় বস্তু সর্ব্বত্র সর্ব্বরূপে অবস্থিত ॥ ১২ ॥

সর্ব্বতঃ পাণিপাদং তৎ সর্ব্বতোঽক্ষিশিরোমুখম্।
সর্ব্বতঃ শ্রুতিমল্লোকে সর্ব্বমাবৃত্য তিষ্ঠতি ॥ ১৩ ॥

সর্ব্বদেশ ও কালে দেশকাল হইতে অভিন্ন স্থূল সূক্ষ্ম ক্রিয়া তাহার অধীন। তিনি বিশ্ববাহু—সর্ব্বরূপ—সর্ব্বদা সকল কর্ম্মের কর্ত্তা, হে ধনঞ্জয়, একসময়ে যুগপৎ সর্ব্বদিকে অবস্থিত—

বিশ্বপাদ; পৃথক্ চক্ষুর অস্তিত্ব না থাকিলেও সূর্য্যের ন্যায় স্বাভাবিক ভাবে সর্ব্বদ্রষ্টা, বেদ অচক্ষু বর্ণন করিলেও তিনি বিশ্বচক্ষু। সকলের শিরোভাগে অবস্থিত তিনি বিশ্বমূর্দ্ধা। তাঁহার মূর্ত্তিই মুখ কেননা অগ্নির ন্যায় সর্ব্বতঃ অখিল-ভোক্তা, হে পার্থ, শ্রুতি তাহাকে বিশ্বতোমুখ বলিয়াছে। বস্তুমাত্রে অনুপ্রবিষ্ট আকাশের ন্যায় তিনি শব্দমাত্রই শ্রবণ করেন। এই হেতু তিনি সর্ব্বশ্রোতা। হে মহামতি, শ্রুতি বিশ্বতশ্চক্ষু আখ্যা-দ্বারা তাহার সর্ব্বব্যাপকত্ত্বই সিদ্ধ করিয়াছে। তাহাতে হস্ত পদাদির সংস্থান ও গণনা কিরূপে সম্ভব?—তিনি যে সকল শূন্যতার সার স্বরূপ। এক তরঙ্গ অপরকে গ্রাস করিল আপাততঃ এরূপ দেখিলেও গ্রাসকারী তরঙ্গ ও যাহাকে গ্রাস করে, উহারা পৃথক্ নয়। যথার্থ অদ্বৈত তত্ত্বে ব্যাপ্য ও ব্যাপক কি করিয়া বলি? তবে বলিয়া বুঝাইতে হইলে কিছু বর্ণনা চাই। শূন্য দেখাইতে হইলে একটী বর্ত্তুল নির্ম্মাণ করিতে হয়। অদ্বৈতের বর্ণনা করিতেও দ্বৈত স্বীকার প্রয়োজন। হে পার্থ, অন্যথা গুরুশিষ্য সম্প্রদায় সর্ব্বথা বাধাপ্রাপ্ত হইবে এবং তত্ত্ব নিরূপণ অসম্ভব হইবে। শ্রুতি এই হেতু দ্বৈত দ্বারা অদ্বৈত বুঝাইবার রীতি দেখাইয়াছে। এখন সেই জ্ঞেয় দৃশ্যাকারে কিভাবে পূর্ণ হইয়া আছে তাহা শ্রবণ কর ॥ ১৩ ॥

সর্ব্বেন্দ্রিয়গুণাভাসং সর্ব্বেন্দ্রিয় বিবর্জ্জিতম্।
অসক্তং সর্ব্বভৃচ্চৈব নির্গুণং গুণভোক্তৃ চ ॥ ১৪ ॥

হে কিরীটি, উহা অবকাশে আকাশ অথবা পটে তন্তুর ন্যায় ব্যাপক। জলে রস, প্রদীপ শিখায় তেজ, কর্পূরে সুগন্ধ, দেহে কর্ম্ম, সুবর্ণে উহার পরমাণু যেভাবে মিলিত হইয়া অবস্থান করে অদ্বৈত সেইরূপ জগতে মূর্ত্তিমান হইয়া আছে। স্বর্ণকণা স্বর্ণ হইতে পৃথক্ নয়। হে সুহৃদ্, প্রবাহ ঋজু কুটিল গতিতে যাইতে পারে জল তরল ও সরল। লৌহে অগ্নি ব্যাপ্ত হইলেও লৌহের বিনাশ হয় না। ঘটাকারে আকাশ গোলাকার, মঠে উহাই চতুষ্কোণ। সেই ঘটাকাশ বা মঠাকাশ মহাকাশ নয়, যে পদার্থ বিকৃত রূপ ধারণ করিলেও স্বয়ং অবিকারী, হে ধনঞ্জয়, যেখানে মন মুখ্য, ইন্দ্রিয় ও সত্যে যাহার স্বরূপ অভিব্যক্ত, অথচ গুড়ের মধুরতা যেরূপ চিটার মধ্যে পাওয়া যায় না সেরূপ যাহাতে গুণ ও ইন্দ্রিয় স্থান পায় না। দুগ্ধের মধ্যে ঘৃতই দুগ্ধাকারে অবস্থান করে, হে কপিধ্বজ, তাহা বলিয়া ঘৃতই দুগ্ধ নয়, তদ্রূপ বিকারময় রাজ্যে অবস্থান করিলেও অবিকৃত স্বরূপই জ্ঞেয়। সোনার ফুল অলঙ্কার বিশেষ, মূলধাতু স্বরূপে অবিকৃত। হে ধনঞ্জয়, স্পষ্টরূপে জ্ঞেয় বস্তুর গুণ ও ইন্দ্রিয়ের পার্থক্য বুঝিয়া লইবে। নাম, রূপ, জাতি ও ক্রিয়ার ভেদ সকলই আকারের সংজ্ঞা, ব্রহ্মের নয়। ব্রহ্ম গুণাতীত। গুণের সহিত তাহার সম্বন্ধ নাই। তবে তাহাতে গুণের আভাস দৃষ্ট হয় বলিয়া অজ্ঞানী মনে করে ব্রহ্মে এই গুণ সকল আছে। আকাশ নির্লিপ্ত ভাবে মেঘকে, দর্পণ মুখের প্রতিবিম্বকে, জল সূর্য্যমণ্ডলের আকারকে, সূর্য্যকিরণ মৃগতৃষ্ণিকাকে ধারণ করে; তদ্রূপ নির্গুণ ব্রহ্ম

সম্বন্ধভিন্নই সকল বস্তুকে ধারণ করে, উহারা ভ্রমময় দৃষ্টির ফল। দীনদরিদ্রের স্বপ্নে রাজ্যভোগের ন্যায় নির্গুণের গুণসঙ্গ। অতএব নির্গুণের গুণসঙ্গ অথবা ভোগময় সম্বন্ধ বলা উচিত নয়॥ ১৪॥

বহিরন্তশ্চ ভূতানামচরং চরমেব চ।
সূক্ষ্মত্বাৎ তদবিজ্ঞেয়ং দূরস্থং চান্তিকে চ তৎ ॥১৫॥

হে পাণ্ডুনন্দন, অগ্নিতে উষ্ণতার ন্যায় সূক্ষ্মদশায় অবস্থান করিয়া যে চরাচর সর্ব্বভূতে ব্যাপক তাহাকেই জ্ঞেয় বলিয়া জানিবে। অন্তরে, বাহিরে, সমীপে ও দূরে, তাহাতে এক ভিন্ন দ্বিতীয় কথা নাই। ক্ষীর সমুদ্রের মাধুর্য্য মধ্যে অধিক ও তীরের সমীপে অল্প হয় না সেইরূপ যিনি সর্ব্বতঃ একরূপ পূর্ণ। স্বেদজ, অণ্ডজ, প্রভৃতি পৃথক্ পৃথক্ যোনিতে তাহার অখণ্ড ব্যাপ্তি। ভিন্ন ভিন্ন সহস্র ঘটে প্রতিবিম্বিত চন্দ্রিকার ন্যায় স্বরূপে অভিন্ন। লবণরাশির মধ্যে যে ক্ষার, লবণ কণার মধ্যেও উহাই। সকল ইক্ষুতেই মধুর রস এক ॥১৫॥

অবিভক্তঞ্চ ভূতেষু বিভক্তমিব চ স্থিতম্।
ভূতভর্ত্তৃ চ তজ্‌জ্ঞেয়ং গ্রসিষ্ণু প্রভবিষ্ণু চ ॥১৬॥

বিভিন্ন জাতির প্রাণিসমুদয়ে এক তত্ত্বই ব্যাপক হইয়া আছে। হে সুমতি, বিশ্বকার্য্যের কারণ অতএব ভূতাকার উৎপত্তির মুলাধার, তরঙ্গের আধার সমুদ্রের ন্যায়, বাল্যাদি অবস্থাত্রয়ে একই দেহের ন্যায় উৎপত্তি, স্থিতি ও সংহারে

অখণ্ড স্বরূপ, প্রাতঃ, মধ্যাহ্ন বা সায়ংকালে অপরিবর্ত্তিত আকাশের ন্যায় হে প্রিয়তম, সৃষ্টির প্রথমে তাহাকে ব্রহ্মা, স্থিতিতে বিষ্ণু ও সংহারে রুদ্র বলা হয়। গুণত্রয়ের ধ্বংস হইলে যে মহা শূন্যতা আকাশের শূন্যতাকেও ধ্বংস করিয়া অবশিষ্ট থাকে উহাই শ্রুতি বাক্য স্বীকৃত ব্রহ্ম ॥১৬॥

জ্যোতিষামপি তজ্জ্যোতিস্তমসঃ পরমুচ্যতে।
জ্ঞানং জ্ঞেয়ং জ্ঞানগম্যং হৃদি সর্ব্বস্য ধিষ্ঠিতম্ ॥১৭॥

অগ্নির তেজ, চন্দ্রের প্রাণ, সূর্য্যের চক্ষু, নক্ষত্রের প্রকাশ, মহাতেজের প্রভা, সকলের মূল, আদি, বৃদ্ধির বর্দ্ধনকারী বুদ্ধির প্রকাশক, অন্তঃকরণের চেতনাদাতা, মনের মন, নেত্রের দৃষ্টিশক্তি, কর্ণের শ্রবণ, বাণীর বাক্‌শক্তি, প্রাণের প্রাণ, গতির চলনশক্তি, ক্রিয়ার কর্ত্তৃত্ব, আকারের আকৃতি, বিস্তৃতি, হে পাণ্ডুকুমার, সংসারে মারকশক্তি, পৃথিবীর ধারণশক্তি, জলের জীবনীশক্তি, জলের রস, দীপের প্রভা, বায়ুর প্রাণবায়ু, গগনের অবকাশ, অধিক বলিব কি সম্পূর্ণ আভাসের আশ্রয়, হে পাণ্ডব, সর্ব্বরূপাধার, দ্বৈতহীন, দর্শন মাত্র দৃশ্য ও দ্রষ্টার একরসে মিলন কারক, জ্ঞান, জ্ঞাতা ও জ্ঞেয়ের ঐক্য বিধায়ক, নিদান স্বরূপ, সংখ্যামাত্রের সমষ্টিরূপের ন্যায় সাধ্য সাধনাদির একত্ব কারক, অদ্বৈত ও সর্ব্বহৃদয়াধিবাসস্বরূপ ব্রহ্ম ॥ ১৭ ॥

ইতি ক্ষেত্রং তথা জ্ঞানং জ্ঞেয়ঞ্চোক্তং সমাসতঃ।
মদ্ভক্ত এতদ্‌বিজ্ঞায় মদ্ভাবায়োপপদ্যতে ॥১৮॥

বন্ধো, ক্ষেত্র সম্বন্ধে পূর্ব্বে উপদেশ করিয়াছি। তত্নপরি জ্ঞানও বর্ণিত হইয়াছে। তোমার ইচ্ছানুরূপ অজ্ঞানেরও নিরূপণ হইয়াছে। অধুনা জ্ঞেয় বিষয়েও সযুক্তিক বিস্তৃত বিবরণ দেওয়া হইল। হে অর্জ্জুন, এই সিদ্ধান্ত সমূহ বুদ্ধির আধারে রক্ষা করিয়া, দেহ আবেশ ত্যাগ করিয়া আমাকে যে অন্তঃকরণের বৃত্তির ন্যায় করিয়া লয়, হে কিরীটি, সে মৎস্বরূপ অবগত হইয়া অন্তঃকালে মদ্রূপতা প্রাপ্ত হয়। মৎস্বরূপ প্রাপ্তির প্রধান এবং অতি সুলভ রীতি আমি রচনা করিয়াছি। গিরিবত্মে' আরোহণের নিমিত্ত সোপান, উচ্চ স্থানে উঠিবার নিমিত্ত মঞ্চ, জলের গভীরতা পরিমাপের নিমিত্ত নৌকার সাহায্য লইতে হয়, হে বীরাগ্রগণ্য, শুধু সকলই পরমাত্মা এইরূপ বলিয়া দিলেই ঐ স্বরূপকে তোমার বুদ্ধি ধারণা করিতে পারিত না। বুদ্ধির অসামর্থ্য দেখিয়াই ব্যাপক বস্তুকে চারিটী বিভাগ পূর্ব্বক বলিয়াছি। বালকের ভোজন সময়ে এক গ্রাসকে কুড়ি গ্রাস করা প্রয়োজন তদ্রূপ আমিও এক বস্তুকেই ক্ষেত্র, জ্ঞান, অজ্ঞান, জ্ঞেয় এই চারি বিভাগ করিয়া বলিয়াছি। হে পার্থ, ইহাতেও বোধ না হইলে আরও একবার বলিতেছি। এখন চারি বিভাগ করিব না। সকলই আত্মা এই কথা বলিয়াও ক্ষান্ত হইব না। আত্মা ও অনাত্মার বিচার করিব। তোমার পূর্ণ মনোযোগ প্রার্থনীয়। শ্রীকৃষ্ণ রোমাঞ্চিত কলেবরে—"চিত্ত অস্থির হইও না" বলিয়াই হৃদয়ের আবেগ সম্বরণ পূর্ব্বক পুনরায় বলিলেন—প্রকৃতি ও পুরুষের বিভাগ বর্ণনা করিব। এই মার্গকে যোগী সাংখ্য

বলে—উহার বর্ণন নিমিত্ত আমিই কপিল হইয়াছিলাম। প্রকৃতি পুরুষের নির্ম্মল বিচার শ্রবণ কর। ॥ ১৮ ॥

প্রকৃতিং পুরুষঞ্চৈব বিদ্ধ্যনাদী উভাবপি।
বিকারাংশ্চ গুণাংশ্চৈব বিদ্ধি প্রকৃতিসম্ভবান্ ॥ ১৯ ॥

পুরুষ অনাদি প্রকৃতিও তদ্রূপ। রাত্রি ও দিবস পরস্পরের সঙ্গ ছাড়া থাকে না। হে ধনঞ্জয়, ছায়া রূপ না হইলেও রূপের সঙ্গে বৃথা লাগিয়া থাকেই। শস্যের সহিত উহার খোসার বৃদ্ধি হয়। তদ্রূপ এই প্রকৃতি পুরুষ যুগল অনাদি কাল একত্র আছে। প্রকৃতিকেই ক্ষেত্র নামে বর্ণনা করিয়াছে। পুরুষকেই ক্ষেত্রজ্ঞ বলা হইয়াছে স্থিরভাবে মনকে এদিকে রাখিও, নাম পৃথক্ হইলেও বস্তু পৃথক্ পৃথক্ নয়। হে পাণ্ডুসুত, অস্তিত্ব স্বরূপ পুরুষ, আর সমস্ত ক্রিয়া স্বরূপ প্রকৃতি। বুদ্ধি, ইন্দ্রিয়, অন্তঃকরণ ইত্যাদি বিকারের উৎপত্তি ও সত্ত্বাদি গুণত্রয় মিলিত হইয়া কর্ম্ম। ইহাদের মূল কারণ এই প্রকৃতি ॥ ১৯ ॥

কার্য্যকারণকর্ত্তৃত্বে হেতুঃ প্রকৃতিরুচ্যতে।
পুরুষঃ সুখদুঃখানাং ভোক্তৃত্বে হেতুরুচ্যতে ॥ ২০ ॥

যে প্রথমতঃ অহঙ্কার সঙ্গে ইচ্ছা ও বুদ্ধিকে উৎপন্ন করে ও কারণরূপ হয়। সেই কারণ প্রাপ্তির উপায়ভূত অবলম্বনকে কার্য্য বলে। প্রকৃতি প্রবল ইচ্ছার সহায়ে—মনের উদ্বোধন করে—মন ইন্দ্রিয় দ্বারা ব্যাপারে লিপ্ত হইয়া উহাকে কর্ত্তৃত্ব প্রদান করে। সিদ্ধেশ্বর শ্রীকৃষ্ণ বলিলেন—কার্য্য, কারণ ও

কর্ত্তৃত্বের মূল প্রকৃতি। এই সমষ্টি কর্ম্ম এবং বিশেষ বিশেষগুণে বিবিধ প্রকার সত্ত্বগুণে বলে সৎকর্ম্ম, রজোগুণে মধ্যম ও তমোগুণোৎপন্ন নিন্দ্য বা অধর্ম কর্ম্ম। ভাল মন্দ কর্ম প্রকৃতির। উহাই সুখ ও দুঃখ। ভাল কর্ম্মে সুখ, মন্দ কর্ম্মে দুঃখ। পুরুষই উহা ভোগ করে। সুখ ও দুঃখময় ব্যাপারে প্রকৃতি উদ্যম প্রকাশ করিয়া পুরুষকে ভোগ করায়! প্রকৃতি পুরুষের কৃষি বলিলে দোষ হয় না; কেননা সুখ দুঃখ প্রকৃতিই আনয়ন করে পুরুষ বসিয়া উহা ভোগ করে মাত্র। এই স্ত্রী পুরুষের কখনও সঙ্গম সম্বন্ধ হয় না; তথাপি আশ্চর্য্য জগৎ এই প্রকৃতি স্ত্রী দ্বারা উৎপন্ন হয় ॥ ২০ ॥

পুরুষঃ প্রকৃতিস্থো হি ভূঙ্‌ক্তে প্রকৃতিজান্ গুণান্।
কারণং গুণসঙ্গোঽস্য সদসদ্‌যোনিজন্মসু ॥ ২১ ॥

নিরাকার, অনাসক্ত, নিঃসঙ্গ, প্রাচীন, অতিবৃদ্ধাতিবৃদ্ধকে পুরুষ বলা হয়। বস্তুতঃ সে স্ত্রী বা নপুংসক নয়। উহার যথার্থ স্বরূপ অনির্ণীত। উহা নয়ন, শ্রবণ বা চরণ রহিত। রূপ, বর্ণ, বা নামহীন। হে অর্জ্জুন, তাহার কিছু নাই তবু তাহাকেই প্রকৃতির ভর্ত্তা ও সুখ দুঃখ ভোগের কর্ত্তা বলা হয়। অকর্ত্তা, উদাসীন, অভোক্তা হইলেও পতিব্রতা প্রকৃতি তাহাকে ভোগ করায়। প্রকৃতিই আপন গুণবৈষম্যে অপূর্ব্ব ক্রীড়া প্রদর্শন করে। এই হেতু তাহাকে গুণময়ী বলে। সে গুণের প্রতিমা, প্রতিক্ষণে রূপ ও গুণের নব নব মূর্ত্তি ধারণ করে। জড়বস্তুও

সেই মোহে মত্ত হয়। উহারই নাম প্রসিদ্ধ হয়, ভালবাসা সুখের হয়, ইন্দ্রিয় জাগ্রত হয়। নপুংসক মনকে ত্রিলোকে ভ্রমণ করায়। তাহার কার্য্য এইরূপ অলৌকিক। প্রকৃতি ভ্রমের মহাদ্বীপ। ব্যাপ্তির রূপ ও অপরিমিত বিকৃতির জন্মভূমি। কামনার মণ্ডপ, মোহোদ্যান শোভা, সেই মায়া দৈবী বলিয়া প্রসিদ্ধ। উহা শব্দ সৃষ্টি, বৃদ্ধি ও সাকারতা উৎপন্নকারিণী প্রপঞ্চ মহারাক্ষসী। নিখিল কলাবিদ্যা, ইচ্ছা, জ্ঞান ও ক্রিয়ার জন্ম এই মায়ায়। ধ্বনির টাঁকশালা, চমৎকৃতির আবাস, মায়ার লীলাক্ষেত্র অখিল জগৎ। উৎপত্তি ও প্রলয় তাহার প্রভাত ও সন্ধ্যাকাল। অদ্ভুত চরিত্র এই প্রকৃতি-মোহিনী! অদ্বিতীয়ের দ্বিতীয়া, নিঃসঙ্গের আত্মীয়া প্রকৃতি শূন্যাশ্রয়ে গৃহ নির্ম্মাণ করিয়া অবস্থান করে। তাহার সৌভাগ্য-মহিমা অনির্ব্বাচ্য, যেহেতু পুরুষকে আলিঙ্গন করিয়া থাকিলেও স্বরূপতঃ অবর্ণনীয়। পুরুষ স্বরূপে কিছু না থাকিলেও প্রকৃতিই তাহার সকল। স্বয়ংসিদ্ধের উৎপত্তি, নিরাকারের আকার, চিরপ্রতিষ্ঠের প্রতিষ্ঠাভূমি, ইচ্ছা-রহিতের ইচ্ছা, পূর্ণের পরিতৃপ্তি, কুলরহিতের জাতি ও গোত্র, এই প্রকৃতিই রচনা করে। অনির্ব্বচনীয়ের লক্ষণ, অপারের প্রমাণ, মনরহিতের মন ও বুদ্ধি, অমূর্ত্তের মূর্ত্তি, অক্রিয়ের ক্রিয়া, নিরহঙ্কারের অভিমান, নাম ও জন্মরহিতের নাম, জন্ম ও কর্ম্ম এই প্রকৃতিই সম্পাদন করে। নির্ম্মলের গুণ, চরণ, শ্রবণ ও নয়ন রহিতের তত্তৎ ইন্দ্রিয়, ভাবাতীতের ভাব, নিরবয়বের অবয়ব এবং অন্যান্য বিকার দ্বারা সর্ব্বব্যাপিকা প্রকৃতি

পুরুষকেও বিকারের বশ করিয়া লয়। অমাবস্যা তিথিতে চন্দ্রবিম্বের ন্যায় প্রকৃতি-স্থিতিতে পুরুষের পুরুষত্ব লোপ হইয়া যায়। অল্প মূল্যের স্বর্ণ কিঞ্চিৎ পরিমাণে মিশ্রিত করিলেও বহুমূল্য স্বর্ণের দর কমিয়া যায়, সন্ধ্যার অন্ধকারে সাধুও অপবিত্র গর্ত্তে পড়িতে পারে, প্রকাশময় দিবসেও মেঘের অন্ধকার আকাশ ঢাকিয়া ফেলে। পশুর শরীরে দুগ্ধ, কাষ্ঠে অগ্নি, বস্ত্রাচ্ছাদিত রত্নপ্রদীপ, পরাধীন নৃপতি, রোগাক্রান্ত সিংহের ন্যায় প্রকৃতির সঙ্গে পুরুষের তেজোহীন অবস্থা। নিদ্রাভিভূত মানুষ স্বপ্নের সুখ দুঃখ ভোগের অধীন হয়, পুরুষও প্রকৃতির হেতু গুণ বিকার ভোগ করে। উদাসীন সাধুও স্ত্রীসঙ্গে তাহার বশীভূত হয়, অজ পুরুষের অবস্থাও তদ্রূপ। গুণ সঙ্গেই জন্ম মৃত্যুর আঘাত। হে পাণ্ডব, তপ্ত লৌহকে আঘাত করিলে অগ্নিকেই আঘাত করা হইল বলা যায়। জল চঞ্চল হইলে চন্দ্রের প্রতিবিম্ব এদিক্ ওদিক্ নড়ে তাহাতে বহু চন্দ্র দেখা যায়। দর্পণের সম্মুখে দাঁড়াইলে দুইটী মুখ প্রতীতি হয়। কুঙ্কুম রঞ্জিত স্ফটিক রক্তবর্ণ দেখা যায়। গুণ সঙ্গেও জন্ম রহিত পুরুষ জন্মাদি লাভ করে এরূপ প্রতীতি হয়। পুরুষের ভালমন্দ জন্ম স্বপ্নে সন্ন্যাসীর শূদ্র হওয়ার ন্যায় অলীক, যথার্থতঃ পুরুষের জন্ম বা ভোগ নাই, শুধু গুণ সঙ্গে ঐরূপ প্রতীতি হয়॥ ২১॥

উপদ্রষ্টানুমন্তা চ ভর্ত্তা ভোক্তা মহেশ্বর।
পরমাত্মেতি চাপ্যুক্তো দেহেঽস্মিন্ পুরুষঃ পরঃ॥ ২২॥

বিল্ব বৃক্ষের আশ্রয়ে যূঁথিকা লতার ন্যায় পুরুষের আশ্রয়ে প্রকৃতি। তুএর আকাশ পাতাল প্রভেদ। হে কিরীটি, প্রকৃতি নদীর তটে পুরুষ মেরু পর্ব্বতের ন্যায়—প্রতিবিম্বিত হইলেও জলপ্রবাহ তাহাকে ভাসাইয়া নিতে পারে না। জন্মমৃত্যু প্রকৃতির, পুরুষ চিরদিন একরূপ হইয়া আব্রহ্ম নিখিল বিশ্বের শাসনকর্ত্তা। তাহারই আশ্রয়ে প্রকৃতির জীবন এবং জগৎ সৃষ্টি ; এই নিমিত্ত পুরুষ তাহার ভর্ত্তা। অনন্তকাল সৃষ্ট ব্রহ্মাণ্ডসমূহ কল্পান্তে যাহার উদরে প্রবিষ্ট হয় সেই মায়াভর্ত্তা ব্রহ্মাণ্ডপতি অপার স্বরূপ। দেহাভ্যন্তরে পরমাত্মা বলিয়া তাহাকেই নির্দ্দেশ করা হয়। প্রকৃতির পরতর এই পুরুষই ॥ ২২ ॥

য এবং বেত্তি পুরুষং প্রকৃতিঞ্চ গুণৈঃ সহ।
সর্ব্বথা বর্ত্তমানোঽপি ন স ভূয়োঽভিজায়তে ॥ ২৩ ॥

গুণময় কর্ম্ম প্রাকৃত, এইটি যথার্থ রূপ—ঐটী ছায়া, এই জল—ঐ মৃগতৃষ্ণিকা, এরূপভাবে প্রকৃতি ও পুরুষের তত্ত্বজ্ঞানী-ব্যক্তি সকল প্রকার কর্ম্ম করিলেও ধূলিদ্বারা অমলিন গগনের ন্যায় গুণসঙ্গ রহিত হইয়া অবস্থান করে। শরীর ধারণ করিয়া মোহ প্রাপ্ত না হইলে দেহান্তে আর জন্ম হয় না। প্রকৃতি পুরুষবিবেক দেহধারীর অলৌকিক উপকার সাধন করে। ভাস্করের ন্যায় নির্ম্মল এই জ্ঞান লাভের অনেক উপায় আছে উহা বলিতেছি ॥ ২৩ ॥

ধ্যানেনাত্মনি পশ্যন্তি কেচিদাত্মানমাত্মনা।

অন্যে সাংখ্যেন যোগেন কর্ম্মযোগেন চাপরে॥ ২৪ ॥

হে সুযোদ্ধা, বিচারের অগ্নিতে আত্মার সহিত অল্পমূল্যের স্বর্ণসদৃশ অনাত্ম বস্তু গলাইয়া ছয়ত্রিশ প্রকার কসের ভেদ দূর করিয়া (১) কেহ শুদ্ধ আত্মার—উজ্জ্বল স্বর্ণের পরিচয় লাভ করে, (২) কেহ আত্ম-ধ্যান দ্বারা আত্মাতে আত্মার দর্শন করে, (৩) ভাগ্যবশে সাংখ্য-যোগ-রীতি বা (৪) কর্ম্ম আশ্রয়ে কেহ আত্মার সন্ধানে চিত্ত সংযোগ করে। এই চারি প্রকারের মধ্যে যে আমাতে পূর্ণরূপে মিলিত হয় তাহার আর ভোক্তব্য থাকে না॥ ২৪ ॥

অন্যে ত্বেবমজানন্তঃ শ্রুত্বান্যেভ্য উপাসতে।

তেঽপি চাতিতরন্ত্যেব মৃত্যুং শ্রুতিপরায়ণাঃ॥ ২৫ ॥

পূর্ব্বোক্ত উপায়ে সাধক নিশ্চয় ভ্রান্তিময় সংসারের পরপারে যাইতে পারে। কেহ অভিমান ত্যাগপূর্ব্বক শ্রুতির একটি বাক্যে বিশ্বাস করিয়াও আমার উপাসনা করে। হিতাহিত বিবেচক, হানি দর্শনে দয়ার্দ্র, দুঃখীর দুঃখমোচনে ব্যগ্রচিত্ত, সুখদানে সচেষ্ট, তাহার মুখ নির্গলিত বাক্য প্রীতির সহিত শ্রবণে উন্মুখ ও তদনুসারে আচরণ করে, সাধুমুখের বাক্য-সুধা পানের নিমিত্ত যে অপর সকল কর্ম্ম দূরে ত্যাগ করে, প্রতি বাক্যে মনের সবখানি ঢালিয়া দেয়, সেই ব্যক্তি হে কপিধ্বজ, মৃত্যুময় সংসার সমুদ্র সুখে উত্তীর্ণ হইয়া যায়। একই বস্তু জানিবার এরূপ বহু

উপায় নির্দ্দিষ্ট আছে। এখন সকল বিষয়ের মন্থন করিয়া নবনীতের ন্যায় সিদ্ধান্ত বলিলে তুমি অনুভূতির আনন্দ পাইবে এবং সকল দুঃখ দূর হইবে। বিভিন্ন মতবাদ খণ্ডন করিয়া শুদ্ধ জ্ঞানের অনুকূল সিদ্ধান্তই বলিতেছি। ২৫ ॥

যাবৎ সঞ্জায়তে কিঞ্চিৎ সত্ত্বং স্থাবর জঙ্গমম্।
ক্ষেত্র ক্ষেত্রজ্ঞ সংযোগাৎ তদ্‌বিদ্ধি ভরতবর্ষভ ॥ ২৬ ॥

ক্ষেত্রজ্ঞ শব্দে যে আত্মস্বরূপের বর্ণনা করিয়াছি এবং ক্ষেত্র নামে যাহার নির্দ্দেশ করিয়াছি এই দুইএর মিলন সমগ্র ভূত-সৃষ্টি। বায়ুসঙ্গে জলের তরঙ্গ। সূর্য্য কিরণ ও বালুকারাশির সংযোগে মৃগতৃষ্ণিকা। বর্ষার ধারা সহযোগে সিক্ত ধরার বুকে অঙ্কুরোদ্‌গম। বিশ্বে জীব নামে প্রসিদ্ধ সকলেই তদ্রূপ পুরুষ ও প্রকৃতির মিলনের ফল। হে অর্জ্জুন, ভূতপ্রপঞ্চ পুরুষ প্রকৃতি হইতে ভিন্ন নয় ॥ ২৬ ॥

সমং সর্ব্বেষু ভূতেষু তিষ্ঠন্তং পরমেশ্বরম্।
বিনশ্যৎস্ববিনশ্যন্তং যঃ পশ্যতি স পশ্যতি ॥ ২৭ ॥

বস্ত্র তন্তু নয়, কিন্তু তন্তু ভিন্ন উহাতে অপর কিছু নাই। এইভাবে সূক্ষ্মদৃষ্টিতে ঈশ্বর ও সৃষ্টির একতা বুঝিতে হইবে। প্রাণী অগণিত, এক হইতে অপরের উৎপত্তি। অনুভূতি কিন্তু প্রত্যেকের পৃথক্ পৃথক্। নাম, ক্রিয়া, রূপও পৃথক্ বলিয়া হে পাণ্ডব, ইহাদের স্বরূপ ও জাতির ভেদ মনে করিলে কোটি জন্মেও শেষ করিতে পারিবে না। লম্বা লাউ, বাঁকা,

গোলাকার এরূপ বিভিন্ন আকৃতির হইলেও একই প্রয়োজন সিদ্ধ করে তদ্রূপ প্রাণিগণ বিভিন্ন প্রকার হইলেও ব্রহ্ম এক। অগ্নি স্ফুলিঙ্গের প্রত্যেকটিতেই উষ্ণতা একরূপ, অনন্ত জীবের মধ্যে পরমেশ্বর সমান ভাবেই আছেন। বর্ষার প্রত্যেক ধারায় এক জলই বর্ষিত হয়, সেইরূপ ভূতাকারের সকলই পরমেশ্বর। —প্রাণিগণ ভিন্ন, ব্রহ্ম, ঘট ও মঠের আকাশের ন্যায় সর্ব্বত্র সমান। ভূতাকাশ ধ্বংস হয়, অবিনাশী আত্মা চিরদিন একরূপ। বিভিন্ন অলঙ্কার পরিণামে স্বর্ণরূপেই অবস্থান করে। জীবধর্ম্মরহিত ব্রহ্মকে যে জীবাভিন্ন দর্শন করে সে-ই উত্তম জ্ঞানী। হে বীরশ্রেষ্ঠ, জ্ঞানীর মধ্যে সে-ই দ্রষ্টা ইহা অতিস্তুতি নয়, সে যথার্থতঃ অতিশয় ভাগ্যবান ॥ ২৭ ॥

সমং পশ্যন্ হি সর্ব্বত্র সমবস্থিতমীশ্বরম্।
ন হিনস্ত্যাত্মনাত্মানং ততো যাতি পরাং গতিম্ ॥২৮॥

গুণ ও ইন্দ্রিয়ের পুঁটুলী, বাত পিত্ত কফ এই ধাতুত্রয় ও পঞ্চ মহাভূতের এক বিশ্রী মিশ্রণ এই দেহ। পঞ্চমুখী বৃশ্চিকের ন্যায় শরীরে পঞ্চস্থানে দংশন অনুভব হয়। জীব ব্যাঘ্রের শিকার মিলিবার স্থান দেহ, অনিত্য হইলেও নিত্যজ্ঞান ছুরিকা দ্বারা কেহ ইহাকে নষ্ট করে না। হে পাণ্ডব, দেহে অবস্থান করিয়াও যে আত্মঘাতী না হইয়া অন্তে পরমপদে মিলিত হয়, যোগী যোগ ও জ্ঞান মহিমায় কোটি জন্মভোগ উল্লঙ্ঘন পূর্ব্বক যাহার ধারণায় ডুবিয়া থাকে, আকারের অতীত, ধ্বনির পরম

সীমা, পরব্রহ্মের তুরীয় অবস্থার মধ্যগৃহ, সাগরে গঙ্গাদি নদীর ন্যায় মোক্ষ সহিত সকল গতির বিশ্রান্তি, যে সুখময় পদ—সদ্‌গুরুর সেবাদ্বারা বৈষম্য দৃষ্টি রহিত সাধক উহা এই দেহেই লাভ করিতে পারে। প্রত্যেক প্রদীপে একই তেজ, তদ্রূপ সর্ব্বত্র সমভাবে ঈশ্বর দর্শন করিয়া জীবন ধারণ করিলে জীব জন্ম মৃত্যুর বশ হয় না। এই হেতু সমতার শয্যায় শায়িত ভাগ্যবানের মহিমা বারংবার বর্ণনা করিতেছি ॥ ২৮ ॥

প্রকৃত্যৈব চ কর্ম্মাণি ক্রিয়মানানি সর্ব্বশঃ।
যঃ পশ্যতি তথাত্মানমকর্ত্তারং স পশ্যতি ॥ ২৯ ॥

মন ও বুদ্ধিকে লইয়া জ্ঞানেন্দ্রিয় ও কর্ম্মেন্দ্রিয় যাহা করে সকলই প্রকৃতির কর্ম্ম। ঘরের লোকেই কর্ম্ম করে, ঘর কিছু করে না। মেঘ আকাশে এদিক্ ওদিক্ যায় আসে, আকাশ স্থির। আত্মার প্রকাশে প্রকৃতিও সেইরূপ বিবিধ কর্ম্মের নিমিত্ত গুণ সঙ্গে বিচলিত হয়। কে কি করিল তাহা আশ্রয় স্তম্ভ সদৃশ আত্মার জানিবার প্রয়োজন নাই। এরূপ সিদ্ধান্তবিদ্ অকর্ত্তা, নিশ্চয় আত্মার দর্শন লাভ করে ॥ ২৯ ॥

যদা ভূত পৃথগ্‌ভাবমেকস্থ মনুপশ্যতি।
তত এব চ বিস্তারং ব্রহ্ম সম্পদ্যতে তদা ॥ ৩০ ॥

হে অর্জ্জুন, ভিন্ন ভিন্ন ভূতাকার একরূপ দর্শন করিলে জীব ব্রহ্ম-সম্পন্ন হয়। জলের তরঙ্গ, ভূমির পরমাণু, সূর্য্যের কিরণ, দেহের অবয়ব, মনের ভাব, অগ্নির স্ফুলিঙ্গ, তৎ তৎ কারণ

জলাদি হইতে পৃথক্ নয়। এই একতার সন্ধানে ব্রহ্ম-সম্পত্তির পোত-আশ্রয় হয়। সর্ব্বত্র ব্রহ্ম দর্শনে অপার সুখ। হে পার্থ, আশাকরি তুমি প্রকৃতি ও পুরুষ তত্ত্ব বুঝিয়াছ। অঞ্জলি পূর্ণ অমৃত, অথবা বহুমূল্য দ্রব্যের খনি দর্শনের ন্যায় এই জ্ঞানকে জানিবে। এই অনুভূতির বলে তুমি মনে মনে যে বিচার করিতেছ, উহা এখন থাকুক্। আমি তোমাকে আরও দুই একটি গূঢ় বিষয়ে উপদেশ করিব মনোযোগ পূর্ব্বক শ্রবণ কর। প্রভু এই ভাবে পুনরায় বলিতে আরম্ভ করিলেন। অর্জ্জুনও সর্ব্ব অঙ্গকে শ্রবণেন্দ্রিয় মনে করিয়া শুনিতে লাগিলেন ॥ ৩০ ॥

অনাদিত্বান্নির্গুণত্বাৎ পরমাত্মায়মব্যয়ঃ।

শরীরস্থোঽপি কৌন্তেয় ন করোতি ন লিপ্যতে ॥৩১॥

পরমাত্মা সূর্য্যের ন্যায়। জলে থাকিলেও সূর্য্য জলদ্বারা লিপ্ত নয়, জলের পূর্ব্বে ও পরেও তাহার স্থিতি। জলে যে দেখা যায়, তাহা অপরের দৃষ্টি সাহায্যেও নয়। আত্মাও শরীরে অবস্থান করিতেছে এরূপ বলা সমুচিত হয় না। উহা যেখানে থাকিবার সেখানেই আছে। দর্পণে প্রতিবিম্বিত মুখমণ্ডলের ন্যায় আত্মাও শরীরে বাস করে বলিয়া প্রতীত হয়। উহার দেহ সম্বন্ধ সর্ব্বথা অমূলক। বায়ু ও বালুকার সংযোগ হয় কি? অগ্নি ও কার্পাস একত্র থাকিতে পারে? আকাশ ও পৃথ্বী একত্র মিশ্রিত করা যায়? পূর্ব্ব ও পশ্চিম যাত্রী দুই জনের মিলনের ন্যায় দেহ আত্মার সম্বন্ধ—অনিত্য। আলোক ও অন্ধকার,

জীবিত ও মৃত, দিবস ও রাত্রি, সুবর্ণ ও কার্পাস যেরূপ সমান নয়, তদ্রূপ আত্মা ও দেহের তুলনা হয় না। দেহ পঞ্চমহাভূতোৎপন্ন, কর্ম্মরজ্জুতে আবদ্ধ, জন্মমৃত্যুর চক্রে স্থাপিত ও ঘূর্ণায়মান। কালের অগ্নিকুণ্ডে নিক্ষিপ্ত মাখনের লাড্ডুর মত। মক্ষিকার পক্ষ ঝাড়িতে যে ক্ষুদ্র সময় উহাতেই দেহান্ত হয়, কখনও অগ্নিতে পড়িয়া ভস্ম অথবা কুকুরের ভক্ষ্য হইয়া কখনও বিষ্ঠারূপে তাহার পরিণতি। ভস্ম বা বিষ্ঠা না হইলে কীটরূপে দেহের শেষ পরিণাম। দেহের এই দুর্দ্দশা। (আত্মা অনাদি, সহজ, নিত্য ও শুদ্ধ। উহা নির্গুণ বলিয়া পূর্ণ, অপূর্ণ, ক্রিয়ারহিত, ক্রিয়াযুক্ত, সূক্ষ্ম, বা স্থূল নয়। নিরাকার বলিয়া ভাসমান, ভাসরহিত, প্রকাশিত, অপ্রকাশিত, অল্প বা বহু নয়। শূন্যরূপ বলিয়া রিক্ত, পূর্ণ, রহিত, সহিত, ব্যক্ত বা অব্যক্ত নয়। আত্মা বলিয়া সানন্দ, আনন্দরহিত, এক, অনেক, মুক্ত বা বদ্ধ নয়। লক্ষণ রহিত বলিয়া এতটুকু, অতটুকু, কৃত, অকৃত, বাগ্মী বা মৌনী নয়। সৃষ্টি প্রারম্ভে উৎপত্তি ও প্রলয়ে তাহার ধ্বংস হয় না। উৎপত্তি ও প্রলয়ের লয়স্থান এই আত্মা। অব্যয় বলিয়া অপরিমেয় অবর্ণনীয়। তাহার ক্ষয় বৃদ্ধি নাই।) ক্ষীণ হওয়া বা খরচ হওয়া তাহাতে নাই। হে প্রিয়োত্তম, এরূপ আত্মাকে দেহী মনে করা আর আকাশকে মঠ মনে করা এক কথা। তাহার অখণ্ডতায় দেহাকার উৎপন্ন ও বিলীন হয়। হে সুমতি, সে আকার ধারণ বা ত্যাগ করে না পূর্ব্বাপর একরূপ থাকে। আকাশে দিবস ও রাত্রির ন্যায় আত্মার সত্ত্বায় শরীরের উৎপত্তি।

আত্মা দেহে থাকিয়া কোন কর্ম্ম করে না বা কোন কর্ম্মে আসক্ত হয় না। স্বরূপ হইতে উহাকে ন্যূন বা পূর্ণ বলা যায় না, দেহের কর্ম্মে সে লিপ্ত হয় না ॥ ৩১ ॥

যথা সর্ব্বগতং সৌক্ষ্ম্যাদাকাশং নোপলিপ্যতে।
সর্ব্বত্রাবস্থিতো দেহে তথাত্মা নোপলিপ্যতে ॥ ৩২ ॥

আকাশ কোথায় না আছে? কোথায় না প্রবেশ করে? উহাদ্বারা কখনও কাহারও পীড়া উৎপন্ন হয় না। আত্মা আকাশের ন্যায়—সর্ব্বত্র সর্ব্বদেহে অবস্থান করিয়াও কাহারো সঙ্গদোষলিপ্ত হয় না এ সম্বন্ধে স্থির সিদ্ধান্ত এই যে—ক্ষেত্রজ্ঞ ক্ষেত্র হইতে ভিন্ন ॥ ৩২ ॥

যথা প্রকাশয়ত্যেকঃ কৃৎস্নং লোকমিমং রবিঃ।
ক্ষেত্রং ক্ষেত্রী তথা কৃৎস্নং প্রকাশয়তি ভারত ॥ ৩৩ ॥

চুম্বক আকর্ষণে লোহকে চঞ্চল করে। লোহ চুম্বক নয়। ক্ষেত্র ও ক্ষেত্রজ্ঞের পার্থক্যও তদনুরূপ। প্রদীপের আলোকে গৃহ আলোকিত হয়, প্রদীপ ও গৃহে পার্থক্য অনেকখানি। হে কিরীটি, কাষ্ঠে অগ্নি আছে কিন্তু উহা অগ্নি নয়। এই দৃষ্টিতে আত্মার দর্শন করিবে। শূন্য ও নীলাকাশে, সূর্য্য ও মৃগতৃষ্ণিকাতে যে ভিন্নতা ক্ষেত্রজ্ঞেও সেইরূপ। এক সূর্য্যই গগনে অবস্থান করিয়া পৃথিব্যাদি প্রকাশ করে, তদ্রূপ ক্ষেত্রজ্ঞ ক্ষেত্রাভাসের প্রকাশক। আশাকরি আর প্রশ্নের আশঙ্কা রহিল না ॥ ৩৩ ॥

ক্ষেত্রক্ষেত্রজ্ঞয়োরেবমন্তরং জ্ঞানচক্ষুষা ।
ভূতপ্রকৃতিমোক্ষঞ্চ যে বিদুর্যান্তি তে পরম্ ॥ ৩৪ ॥

হে শব্দতত্ত্বসারজ্ঞ, যে ক্ষেত্র ক্ষেত্রজ্ঞ বিভেদ জানে সে জ্ঞানী। চতুর লোক এই তত্ত্ব জানিবার জন্য জ্ঞানীর দ্বারে শরণাপন্ন হয়। হে সুমতি, ইহারই নিমিত্ত শাস্ত্র সম্পত্তি সংগ্রহ এবং শাস্ত্রসিদ্ধান্তামৃত পানকারী গো (বেদশাস্ত্র) পালন। ইহারই আশায় যোগাকাশে ধৈর্য ধারণ পূর্ব্বক আরোহণ। দেহকে তৃণের ন্যায় তুচ্ছ জ্ঞান এবং মনে প্রাণে সাধুগণের চরণ শিরে ধারণ। যে জীব বিবিধ উপায়ে জ্ঞান লাভে শান্তি পায় এবং ক্ষেত্রজ্ঞ বিভাগ বুঝিয়া লয় তাহার জ্ঞানকে আমি আরতি করি। যে এই মিথ্যাভূত বিবিধ বস্তুতে ভিন্ন ভিন্ন রূপে বিস্তৃত, বিনা সম্বন্ধেও বন্ধনকারী পাখী-ধরা ফাঁদের ন্যায় প্রকৃতিকে জানে, যাহার রত্নহারে মিথ্যা সর্পবুদ্ধি অথবা শুক্তিতে মিথ্যা রজত বুদ্ধি দূর হইয়া তৎতৎ বস্তুর যথার্থ স্বরূপ প্রকাশের ন্যায় প্রকৃতির পরিচয় লাভ হইয়াছে, আমার মতে সে ব্রহ্মরূপতা প্রাপ্ত হয়। আকাশ হইতে বৃহত্তর, অব্যক্তের অতীত, সমবিষমভাব রহিত, আকারের পরসীমা, জীবনের পরমাশ্রয়, দ্বৈতবিহীন, অদ্বিতীয়, আত্মানাত্ম বিচার-পরায়ণ রাজহংস, সর্ব্বতোভাবে সে—ই পরমতত্ত্বের স্বরূপতা লাভ করে।

একটী কলসীর জল অপর কলসে ঢালিয়া দিবার মত শ্রীকৃষ্ণ স্বানুভবামৃত নিঃশেষে পাণ্ডবের অন্তরে দান করিলেন। যথার্থতঃ কে কাহাকে দান করে? যিনি নর তিনিই নারায়ণ, শ্রীকৃষ্ণও

অর্জ্জুনকে আপন বিভূতি বলিয়া জানেন। যাউক, এই কথা অজিজ্ঞাসিত হইয়াও আমি বলিতেছিলাম। শ্রীভগবান অর্জ্জুনকে আপন সর্ব্বস্ব দান করিলেন। তথাপি তাহার মন তৃপ্ত হইল না। তৃষ্ণা ক্রমশঃ বাড়িল। তৈল অধিক পাইলে প্রদীপ অধিকতর আলোক প্রদান করে, শ্রীকৃষ্ণের বাক্য শ্রবণেও অর্জ্জুনের মনে অধিকতর শ্রবণেচ্ছা উৎপন্ন হইল। নিপুণ ও উদার রন্ধনকারিণী রসজ্ঞ ভোজনকারী পাইলে যেরূপ ধীরে ধীরে পরিবেশন করে শ্রীকৃষ্ণের অবস্থাও তদ্রূপ। অর্জ্জুনের মনোযোগের উৎসুকতা দর্শনে শ্রীকৃষ্ণের ব্যাখ্যা চতুর্গুণ বৃদ্ধি পাইয়াছে। অনুকূল বায়ুতরঙ্গে মেঘসমূহ একত্রিত হয়, চন্দ্র দর্শনে সমুদ্র স্ফীত হয়, সেইরূপ শ্রোতার প্রীতিতে বক্তার রসবৃদ্ধি হয়।

সঞ্জয় বলিলেন—রাজন্, শ্রীকৃষ্ণ যে কথায় বিশ্বকে আনন্দময় করিয়া দিবেন এখন সেই কথা শ্রবণ করুন। অপর বুদ্ধিমান ব্যাসদেব মহাভারতে ভীষ্মপর্ব্বে যাহা বর্ণনা করিয়াছেন সেই কৃষ্ণার্জ্জুন সংবাদ প্রাঞ্জল করিয়া 'ওবীছন্দে' বর্ণন করিতেছি। আমি কেবল শান্তির কথাই বলিব, উহা কুৎসিত কামের মস্তকে পদাঘাত করে। প্রাকৃত হইলেও এরূপ প্রেমময় ভাষা বলিব যে, সাহিত্য শিক্ষালাভ করিবে এবং মাধুর্য্যে অমৃত আখ্যা পাইবে। শব্দবিন্যাস আর্দ্রতাগুণে চন্দ্রের আদর্শে রসরঙ্গ ভুলাইয়া নাদ মাধুর্য্যাস্বাদন করাইবে। পিশাচের মনেও সাত্ত্বিক ভাব আনয়ন করিবে আর দেবতার শ্রবণমাত্র সমাধি সুখ লাভ হইবে। এই প্রকার বাগ্‌বিলাস বিস্তারে আমি বিশ্বকে

গীতার্থপূর্ণ করিয়া জগতের চতুর্দ্দিকে আনন্দ গৃহ রচনা করিব। বিবেকের দীনতা মিটিয়া যাউক, কাম ও মনের জন্ম সফল হউক, ব্রহ্মবিদ্যার খনি আবিষ্কৃত হউক। পরতত্ত্বের দর্শন, সুখের সমারোহ, বিশ্বের মহাবোধোদয়ের সুপ্রভাত যাহাতে হয়, আমি বাণীর সেইরূপ ব্যবহার করিব। আমি পরম দেবতার নিবৃত্তিনাথের আশ্রয় পাইয়াছি। উৎকৃষ্ট পদ, উপমা এবং কবিতা সৃষ্টি করিয়া আমি প্রতি পদে গ্রন্থার্থ প্রকাশ করিব। শ্রীগুরুরাজ আমাকে বিদ্যাদ্বারা পরিপূর্ণ করিয়াছেন। তাঁহার কৃপায় এই সাধু সমাজে আমার বাক্যের সমাবেশ হইয়াছে এবং গীতার্থ বর্ণনের সৌভাগ্য লাভ হইয়াছে। তদুপরি আপনাদের ন্যায় সাধুগণের চরণ প্রাপ্ত হওয়ায় আমার আর কিছুই কণ্টক রহিল না। শ্রোতৃবৃন্দ, সরস্বতীর গর্ভে কখনও মূক উৎপন্ন হয় না, লক্ষ্মীর পুত্র সামুদ্রিক লক্ষণহীন হইতে পারে না, তদ্রূপ আপনাদের সন্নিধানে অজ্ঞানের লেশও থাকিতে পারে না। আমি নব রসের বর্ষণ করিব। জ্ঞানদেব বলিলেন—কৃপাপূর্ব্বক সুন্দররূপে গ্রন্থ নিরূপণে আপনারা আমাকে অবসর প্রদান করুন। ॥ ৩৪ ॥

ইতি জ্ঞানদেবকৃত ভাবার্থদীপিকায়াং ত্রয়োদশোঽধ্যায়ঃ।

গুণত্রয় বিভাগ যোগ

চতুর্দ্দশ অধ্যায়

হে গুরো, সকলদেবদেব, বোধোদয়ে সূর্য্যস্বরূপ, হে আনন্দদাতা, আপনাকে নমস্কার। আপনি সকলের বিশ্রান্তিস্থান, সোহং ভাব শোভাকারী, লোকতরঙ্গের আশ্রয় সমুদ্র, আপনার জয় হউক। হে দীনবন্ধু, নিরন্তর দয়ার সাগর, হে শুদ্ধ বিদ্যাবধূর জীবনবল্লভ, অবধান করুন, আপনার অপ্রকাশে প্রপঞ্চের দর্শন হয়, আর প্রকাশকালে সমগ্র জগন্ময় আপনারই রূপ দৃষ্ট হয়। জগতে অপরের দৃষ্টি বন্ধ করিবার নিমিত্ত ধূলিপড়া দেয়—আপনার অপূর্ব্ব চাতুর্য্য কেননা আপনি নিজেকেই গোপন করিয়া রাখেন। একমাত্র আপনিই ভুবনময়—অথচ জীব কেহ জ্ঞানী কেহ মায়াবদ্ধ। এই সকলই লীলা। আপনাকে নমস্কার। জগতে জলের আর্দ্রতা ও মাধুর্য্য, পৃথিবীর সহনশীলতা সকলই আপনার প্রভাবে। চন্দ্র, সূর্য্য, আপনার সম্মুখে দণ্ডায়মান পরিচারকের ন্যায়, ত্রিলোক উদ্ভাসক প্রভা আপনার। বায়ুর বল, আকাশের আশ্রয়, হে দেব আপনি। মায়ার তত্ত্ববোধ আপনার কৃপায়। শ্রুতি শ্রম করিয়া আপনার স্বরূপ দর্শনে অশেষ চাতুর্য্য প্রকাশ পূর্ব্বক তত্ত্বদর্শনে বর্ণনায় অসমর্থ হইলে মৌন হইয়া যায়—আমার দশাও

সেইরূপ। সম্পূর্ণ জগৎ জলময় হইলে প্রলয়ের মেঘও সেখানে কাজে লাগে না—সেখানে মহানদী আর কি করিবে? সূর্য্যোদয়ে চন্দ্র খদ্যোতের ন্যায়, তদ্রূপ আপনার তত্ত্ববর্ণনে বেদ! আমার কথা ত বহু দূরে। যেখানে দ্বৈতের চিহ্ন নাই, বৈখরী বাণী লুপ্ত, সেই আপনার স্বরূপ আমি কোন মুখে বর্ণনা করিব? অতএব স্তুতি ছাড়িয়া মৌনভাবে আপনার চরণে মাথা নোয়াইয়া রাখাই আমি ভাল মনে করি। হে গুরুরাজ, আপনার স্বরূপ যেরূপই হউক না কেন আপনাকে নমস্কার। গ্রন্থবর্ণনে সাফল্য সম্বন্ধে আপনি আমার মহাজন। আপনার কৃপার মূলধনে বুদ্ধির থলে পূর্ণ করিয়া জ্ঞানময় কাব্য রচনার মহৎ লাভ করাইয়া দিন। এই কৃপায় আমার নিজের অবস্থা বুঝিয়া লইব এবং সাধুগণকে সুলক্ষণ বিবেকময় কর্ণভূষণে অলঙ্কৃত করিব। মহারাজ, আমার চক্ষুতে কৃপার অঞ্জন পরাইয়া দিন, উহাতে আমি গীতার্থের পরিচয় পাইব। করুণা সূর্য্যের উদয় হউক্—তবেই সম্পূর্ণ শব্দসৃষ্টি দৃষ্টিগোচর হইবে। হে প্রেমিক শিরোমণি, আপনি বসন্ত ঋতুরূপ ধারণ করিলে আমার বুদ্ধির বৃক্ষে—কাব্য শ্রীফল ধরিবে। হে উদার, আপনার প্রেমময় দৃষ্টি এরূপভাবে বর্ষণ করুন যেন, আমার বুদ্ধি গঙ্গায় বান ডাকিয়া আনে। হে বিশ্বৈকধাম, কৃপাচন্দ্রমা কাব্যস্ফূর্ত্তির পৌর্ণমাসী হউক, উহার দর্শনে আমার জ্ঞানসমুদ্র রসিকতায় স্ফীত হইয়া আমাকে ভাসাইয়া লইয়া যাউক। স্তুতি ও মিনতির মধ্যে দ্বৈতভাব প্রকাশ হইতে দেখিয়া শ্রীগুরুদেব বলিলেন—বৃথা

কথা থাকুক, ভাল করিয়া জ্ঞেয়-বিষয়ের বর্ণনাপূর্ব্বক গ্রন্থার্থ প্রকাশ কর, উৎকণ্ঠা ভঙ্গ করিও না।

তখন শ্রীজ্ঞানেশ্বর বলিলেন, প্রভু, আমিও আপনার শ্রীমুখে গ্রন্থ বর্ণনে আজ্ঞার অপেক্ষা করিতেছিলাম। এই সিদ্ধান্ত আমি করিলাম বা উহা আমার হেতু হইয়াছে, এরূপ ভাব আমি মনে স্থান দিই না। দূর্ব্বাঙ্কুর স্বভাবতঃ অমর হইলেও উহার উপর অমৃত বর্ষণের মত আপনার কৃপায় গীতা শাস্ত্রের মূলপদ স্পষ্টতর ও বিস্তৃতভাবে প্রকাশ করিব। যাহাতে অন্তরের সন্দেহ নৌকা ডুবিয়া যাইবে এবং উত্তরোত্তর শ্রবণের আকাঙ্ক্ষা বৃদ্ধি পাইবে আমার এরূপ বাণী গুরুকৃপা-গৃহে ভিক্ষা লাভ করিয়া মধুর হইয়া প্রকাশিত হইবে। পূর্ব্ব অধ্যায়ে শ্রীকৃষ্ণ বাক্যের মর্ম্ম এই যে, ক্ষেত্র ও ক্ষেত্রজ্ঞ সম্বন্ধে এই জগৎ উৎপন্ন—গুণ সঙ্গে আত্মার সংসার। মায়োপাধি দ্বারা আত্মা সুখ দুঃখ ভোগ করে। শুদ্ধ আত্মা গুণাতীত অবস্থায় থাকে। অসঙ্গের সঙ্গ কিরূপ, ক্ষেত্র ক্ষেত্রজ্ঞ সংযোগ কি, সুখ দুঃখ ভোগ কি প্রকারে হয়, গুণ কি ও কত প্রকার, তাহাদের বন্ধন কিরূপ, গুণাতীতের লক্ষণ প্রভৃতি বর্ণনা এই চতুর্দ্দশ অধ্যায়ের বিষয়। বৈকুণ্ঠাধিবাস শ্রীকৃষ্ণ সেই বিষয়ে ভূমিকা করিতেছেন। তিনি বলিলেন—অর্জ্জুন, মনোযোগের সেনা সমবেত করিয়া জ্ঞানের সহিত যুদ্ধ কর। পূর্ব্বে বহু যুক্তিদ্বারা এই জ্ঞানতত্ত্ব বুঝাইয়াছি। এখনও উহা তোমার অনুভবে প্রবিষ্ট হয় নাই।

পরং ভূয়ঃ প্রবক্ষ্যামি জ্ঞানানাং জ্ঞানমুত্তমম্ ।
যজ্‌জ্ঞাত্বা মুনয়ঃ সর্ব্বে পরাং সিদ্ধিমিতো গতাঃ ॥১॥

এজন্য বেদবর্ণিত পরজ্ঞান পুনরায় বলিতেছি। জ্ঞানের নিজেরই এক স্বরূপকে "পর" বলিবার হেতু এই যে, অহংজ্ঞান স্বর্গে ও সংসারে রতি জন্মাইয়াছে। পরজ্ঞানই পরম জ্ঞান। এই জ্ঞান অগ্নিতুল্য অপরটি তৃণের ন্যায়। সংসার ও স্বর্গ গমনাগমনের জ্ঞান যাহা যজ্ঞকেই শ্রেষ্ঠ বুঝিয়া লইয়াছে এবং দ্বৈত লইয়াই ব্যবহার করে, উহা পরজ্ঞানের সমীপে স্বপ্নের ন্যায় অলীক। বায়ুতরঙ্গকে মহাশূন্য গ্রাস করে, সূর্য্যোদয়ে চন্দ্রের প্রভা লুপ্ত হয়, জলের প্রলয়ে নদ নদী থাকিতে পারে না, তদ্রূপ এই শ্রেষ্ঠ জ্ঞানোদয়ে অপর সমুদয় জ্ঞান বিলীন হইয়া যায়। হে পাণ্ডুনন্দন, নিজের অনাদিমুক্ত স্বভাব এই জ্ঞানেই পাওয়া যায়। এই অনুভূতি বলে বিবেকী জন্মমৃত্যুকে মাথা তুলিতে দেয় না। বিচারদ্বারা নিয়মনের ফলে স্বাভাবিক বিশ্রাম লাভ করিলে তাহার মন দেহ ধারণ করিয়াও দেহাভিমান শূন্য এবং দেহান্তে যোগ্যতায় আমার মত হইয়া যায়। ১ ॥

ইদং জ্ঞানমুপাশ্রিত্য মম সাধর্ম্ম্যমাগতাঃ ।
সর্গেঽপি নোপজায়ন্তে প্রলয়ে ন ব্যথন্তি চ ॥ ২ ॥

হে পাণ্ডব, সে আমার নিত্যতায় নিত্য, পূর্ণতায় পরিপূর্ণ এবং মৎসদৃশ আনন্দযুক্ত ও সত্যপ্রতিজ্ঞ হয়। তাহাতে আমাতে পার্থক্য থাকে না। সে আমার স্বরূপ লাভ করে। ঘট ভাঙ্গিলে

ঘটাকাশ মহাকাশ হইয়া যায়। প্রদীপশিখা মূলজ্যোতিতে মিলিয়া যে স্থিতি লাভ করে, তাহারও সেইরূপ স্থিতি। হে অর্জ্জুন, তাহার নিমিত্ত দ্বৈতের খেয়া বন্ধ; "আমি" "তুমি" ভেদ দূর হইয়া নাম ও পদার্থ এক পংক্তিতে অবস্থান করে। এই হেতু সৃষ্টির মূল কল্পনার কালেও যে কল্পিত বা সৃষ্টির প্রারম্ভে যে সৃষ্ট হয় না, প্রলয়ে তাহার ধ্বংসই বা হইবে কি প্রকারে? হে ধনঞ্জয়, উক্ত জ্ঞানের অনুসরণে জন্ম ও মৃত্যু আমার স্বরূপতা লাভ করে। শ্রীকৃষ্ণ এইরূপে অর্জ্জুনের জ্ঞানের নিমিত্ত উহার মহিমা কীর্ত্তন করিলেন। উহাতে অর্জ্জুনেরও অবস্থান্তর হইল। তাহার এরূপ মনোযোগ দৃষ্ট হইল যেন তাহার সর্ব্বশরীরে শ্রবণেন্দ্রিয় উৎপন্ন হইয়াছে। শ্রীকৃষ্ণের হৃদয়ও উহাতে পূর্ণ হইয়া গেল এবং বর্ণনেচ্ছা অফুরন্ত আকাশেও ধরিল না। তিনি বলিলেন—হে প্রজ্ঞাকান্ত, আমার বাগ্মীতা সফল হইল যেহেতু বর্ণনানুরূপ শ্রোতা লাভ করিয়াছি। আমি এক, তথাপি ত্রিগুণে বহু দেহ। ক্ষেত্র সংযোগে আমি কিভাবে জগৎ সৃষ্টি করি, এখন উহা শ্রবণ কর। ক্ষেত্র বলিবার উদ্দেশ্য ইহাতেই আমার সঙ্গ ও বীজে প্রাণিজগৎ উৎপন্ন হয়॥ ২॥

মম যোনির্মহদ্ব্রহ্ম তস্মিন্ গর্ভং দধাম্যহম্।
সম্ভবঃ সর্ব্বভূতানাং ততো ভবতি ভারত॥ ৩॥

ইহার নাম মহৎব্রহ্ম কারণ মহত্তত্ত্ব প্রভৃতির বিশ্রান্তিও ইহাতেই। বিকারগুলিকে বহুপ্রকারে বৃদ্ধি করে বলিয়াও

ইহাকে মহৎব্রহ্ম বলা হয়। অব্যক্তবাদী ইহাকেই অব্যক্ত বলে। সাংখ্যবাদী বলে প্রকৃতি। হে জ্ঞানীশ্রেষ্ঠ, বৈদান্তিক ইহাকে মায়া বলে। অধিক বলিব কি? ইহারই নাম অজ্ঞান। হে ধনঞ্জয়, স্ব-স্বরূপের বিস্মৃতিই এই অজ্ঞানের স্বরূপ। তবে একটি কথা, দীপ-প্রকাশে অন্ধকারের ন্যায় আত্মজ্ঞানে এই অজ্ঞান থাকে না। দুধ ক্রমাগত নাড়িলে সর জমিতে পারে না, স্থির থাকিলেই উহা জমে। জাগৃতি না থাকিলেই স্বপ্ন সম্ভব, সমাধি না হইলেই নিদ্রা হইতে পারে। বায়ুর তরঙ্গানুভব না হইলে আকাশকে বন্ধ্যার ন্যায় মনে হয়। অজ্ঞানের রীতি ঠিক সেই প্রকার। সম্মুখের বস্তুটি স্তম্ভ অথবা মনুষ্য ঠিক্ না দেখা গেলেও একটা কিছু এরূপ বোধ হয়। ব্রহ্মের যথার্থ স্বরূপ দর্শন না হইলেও ভিন্ন পদার্থ বলিয়া প্রতীতি হয়। দিবাও নয়, রাত্রিও নয়, এরূপ সময়কে সন্ধ্যা বলা হয়। উহারই মত বিপরীত জ্ঞানও নয়, আত্মজ্ঞানও নয়—এরূপ অনির্ব্বচনীয় দশাকে অজ্ঞান বলা হয়। আর যে চৈতন্যের উপর সেই অজ্ঞানের আবরণ তাহাকে ক্ষেত্রজ্ঞ বলে। অজ্ঞানের প্রতিষ্ঠা বৃদ্ধি করা এবং স্বস্বরূপের অজ্ঞানই ক্ষেত্রজ্ঞের রূপ। এই দুইএর সংযোগ ভাল করিয়া বুঝিয়া লও। ইহাই মায়ার নৈসর্গিক বৃত্তি। ব্রহ্ম স্বরূপই ভুলে নিজেকে অজ্ঞানীর ন্যায় বুঝিয়া বহু রূপ ধারণ করিতে থাকে। কোনও দরিদ্র ভ্রমে পতিত হইয়া বলে "আমি রাজা হইয়াছি", মূর্চ্ছিত দশায় কেহ স্বর্গে গমন করে, উহা অলীক। আত্মদৃষ্টি বঙ্কিম হইলে যাহা দৃষ্ট হয় উহাই সৃষ্টিরচনা। উহাও

আমিই উৎপন্ন করি। স্বপ্নে একাই বহু দর্শন করে, আত্মস্মৃতি রহিত জীবাত্মার অবস্থাও তদ্রূপ। এই সিদ্ধান্ত পরে আরও বলিব। এখন তুমি এইটুকু বুঝিয়া লও যে, এই অবিদ্যা আমার গৃহিণী, অনাদি, তরুণী এবং অনির্ব্বচনীয় গুণসম্পন্না। ইনি মূর্ত্তিমতী অভাব। আকৃতি স্থূল এবং অজ্ঞানীর সঙ্গিনী। আমার শয়নে তাহার জাগরণ, শুধু আমার সত্তার সম্ভোগেই সে গর্ভিণী, মহৎব্রহ্মোদরে অষ্টপ্রকার বিকার দ্বারা প্রকৃতি গর্ভের পোষণ করে। আত্মা ও প্রকৃতি এই দুইএর সঙ্গফলে বুদ্ধিতত্ত্বের উৎপত্তি। বুদ্ধি হইতে মন। মনের স্ত্রী মমতা অহঙ্কার তত্ত্ব রচনা করে, এই সেই অহঙ্কার হইতে পঞ্চ মহাভুত।

ভোগ্য বিষয় ও ইন্দ্রিয় উৎপন্ন হইয়া বাসনার প্রকাশ করে। জল সংযোগ মাত্রই বীজ কণিকা বৃক্ষের আকারকে যেন একবার ভাবিয়া লয়, ঠিক সেই প্রকার আমারই সঙ্গহেতু অবিদ্যা বহুরূপ জগতের অঙ্কুর ধারণ করে। হে সুজনশ্রেষ্ঠ, সেই গর্ভগোলক কি ভাবে প্রকাশিত হয় তাহা শ্রবণ কর। অণ্ডজ, স্বেদজ, উদ্ভিজ্জ ও জরায়ুজ বিবিধ অবয়ব। আকাশ ও বাতাসের সহায়ে রসবৃদ্ধি হইলে অণ্ডজের উৎপত্তি রজঃ ও তমোগুণে জল ও অগ্নি সহযোগে স্বেদজ, জল ও পাথিব অংশ মিলনে তমোগুণ প্রভাবে স্থাবর উদ্ভিজ্জ এবং কর্ম্ম ও জ্ঞানেন্দ্রিয় মন, বুদ্ধি প্রভৃতির সমবায়ে জরায়ুজ দেহের উৎপত্তি। এই সৃষ্টি চতুষ্টয় যাহার কর চরণ, মহা প্রকৃতি মস্তক, প্রবৃত্তি উদর, নিবৃত্তি পৃষ্ঠদেশ, যাহার উত্তমাঙ্গ অষ্টপ্রকার দেব-যোনি, আনন্দময় স্বর্গলোক কণ্ঠ, মৃত্যু মধ্যভাগ,

পাতাল নিতম্ব, এরূপ সুন্দর একটি শিশু মায়া হইতে জন্ম পাইয়াছে—ইহার বাল্যসুলভ পুষ্টি ত্রিলোকে বিস্তৃত, চৌরাশীলক্ষ যোনি অঙ্গুলির পর্ব্ব। এই অদ্ভুত শিশু প্রতিদিন বর্দ্ধিত হইতেছে। বিবিধ দেহ আকার প্রভৃতির নামরূপ অলঙ্কার পরাইয়া মায়া নিত্য নূতন মোহময় স্তন্য পান করাইয়া তাহাকে পালন করিতেছে। পৃথক্ পৃথক্ সৃষ্টি এই শিশুর অঙ্গুলি ও ভিন্ন ভিন্ন দেহাভিমান উহার অঙ্গুরীয়ক সদৃশ। সুন্দর চরাচররূপী অজ্ঞানী ও মহান্ পুত্র প্রসব করিয়া মায়া প্রতিষ্ঠিত। এই বালকের প্রাতঃকাল ব্রহ্মা, মধ্যাহ্ন বিষ্ণু ও সন্ধ্যা শঙ্কর। মহাপ্রলয়ের শয্যায় ক্রীড়া করিতে করিতে শান্ত হইয়া নিদ্রিত হয় এবং তাহার বিষম-জ্ঞানে কল্পারম্ভে নিদ্রাভঙ্গ হয়। হে অর্জ্জুন, যুগ যুগান্তর পদক্ষেপ করিয়া সে ক্রীড়া করে। সঙ্কল্প তাহার বন্ধু, অহঙ্কার পরিচায়ক এবং জ্ঞান তাহার অন্তক।

বিশ্বসৃষ্টি ব্যাপারে আমার সত্তাই মায়ার সহকারিণী। ৩।

সর্ব্বযোনিষু কৌন্তেয় মূর্ত্তয়ঃ সম্ভবন্তি যাঃ।
তাসাং ব্রহ্ম মহদ্‌যোনি রহং বীজপ্রদঃ পিতা। ৪।

হে পাণ্ডব, (আমি পিতা, প্রকৃতি মাতা, এই জগৎ আমাদের পুত্র।) দেহ ভিন্ন বলিয়া ভিতরে ভিন্ন নয়। জগতের মন, বুদ্ধি ও প্রাণ এক। একই দেহে পৃথক্ পৃথক্ অঙ্গের ন্যায় বিশ্ব বিচিত্র হইলেও এক বীজ উহাদের মূল। মৃত্তিকা হইতে উৎপন্ন মৃদ্‌ঘটকে যে ভাবে মৃত্তিকার পুত্র বলা যায়, বস্ত্রকে কার্পাসের

পৌত্র বলা যায়, তরঙ্গ সমূহকে সমুদ্রের সন্ততি বলা যায় তদ্রূপ আমার সহিত এই বিশ্বের সম্বন্ধ। অগ্নি ও জ্বালা পৃথক্ নয়। আমিই সমগ্র জগৎ। অপর সম্বন্ধ মিথ্যা। যদি মনে কর জগৎ উৎপন্ন হইলে আমার স্বরূপ নষ্ট নয়, উহা ভ্রম কেন না জগৎ প্রকাশিত হইবে কেমন করিয়া? মহামণিমাণিক্য প্রভা বিকিরণ করে বলিয়া নিজে নষ্ট হইয়া যায় না। সুবর্ণ অলঙ্কাররূপে পরিণত হয় বলিয়া তাহার সুবর্ণত্ব বিনষ্ট হয় না। কমল বিকশিত হইয়াছে বলিয়া উহার কমলত্ব বঞ্চিত হয় না। হে ধনঞ্জয়, অবয়বী মানুষের অবয়ব আচ্ছাদন রহিয়াছে উহাই তাহার রূপ। বল দেখি ভাই, ভুট্টার বীজ বপনে যে ভুট্টা পাওয়া যায় তাহাতে বীজের ক্ষতি হয় না বৃদ্ধি হয়? অতএব বুঝিয়া লইও আমি এমন নই যে, জগৎকে পৃথক্ করিলে আমাকে দর্শন করা যায়। আমিই সম্পূর্ণ জগৎ। হে বীর অর্জ্জুন, তুমি এই সত্যটিকে এবং নিশ্চিন্ত সিদ্ধান্তটিকে তোমার অন্তরের অঞ্চলে বাঁধিয়া লও। আমি ভিন্ন ভিন্ন শরীরে নিজেকে প্রকাশিত করিয়াছি গুণময় সৃষ্টি আমার রচনা তথাপি আমিই যেন ত্রিগুণরজ্জুতে বাঁধা পড়িয়াছি এরূপ দেখা যায়। হে কপিধ্বজ, স্বপ্নে মানুষ নিজের মৃত্যুদুঃখ ভোগ করে, পাণ্ডু-রোগাক্রান্তব্যক্তির দৃষ্টিতে শুভ্রবর্ণও পীতবর্ণ দেখায় এবং এই পীতবর্ণজ্ঞানও সেই চক্ষুর হয়, সূর্য্য প্রকাশময়, মেঘের উদয়ে সেই প্রকাশময় সূর্য্যেরও অদর্শন বা অস্তগমন পরিদৃষ্ট হয়, ইহাতে মূল বস্তুর কোনো ক্ষতি হয় না।

ভগবান্ বলেন—

স্বদেহের প্রতিবিম্ব দর্শনে ভীত হইলে উহাকে দ্বিতীয় বস্তু বলা যায় না। আমি একাই বহু শরীর প্রকাশ পূর্ব্বক বহুরূপ হইয়া নিজেই এই ভাব দর্শন করি। এই বহুরূপের সম্বন্ধ থাকিলেও উহাতে আবদ্ধ না হওয়াই আমার জ্ঞান। মৎসম্বন্ধি জ্ঞানের অভাবেই বন্ধন হয়। হে অর্জ্জুন, কোন্ গুণে কিরূপ বন্ধনের প্রতীতি, গুণ কয়টি, তাহাদের লক্ষণ ও নাম, রূপ, উৎপত্তির রহস্য বলিতেছি ॥ ৪ ॥

সত্ত্বং রজস্তম ইতি গুণাঃ প্রকৃতিসম্ভবাঃ।
নিবধ্নন্তি মহাবাহো দেহে দেহিনমব্যয়ম্ ॥ ৫ ॥

গুণ তিনটি। উহাদের নাম সত্ত্ব, রজঃ ও তম। প্রকৃতি উহাদের জন্মভূমি। সত্ত্ব উত্তম, রজঃ মধ্যম ও তম স্বভাবতঃ কনিষ্ঠ। একই বৃত্তিতে এই গুণত্রয়কে দেখা যায়। এক দেহেরই তিন অবস্থা। উত্তম স্বর্ণের সহিত যে পরিমাণে মিশাল দেওয়া যায়, উহার মূল্য তদনুসারে অল্পতর হইতে থাকে। জাগ্রদ্দশায় অলস প্রকৃতির লোক নিদ্রায়ও গভীর ভাবে অচেতন হয়। অজ্ঞানের অঙ্গীকারে যে বৃত্তির উৎপত্তি, উহাতে সত্ত্ব, রজঃ ও তমের বিস্তার হয়। পার্থ, এখন এই গুণের বন্ধনের লক্ষণ বলিতেছি। আত্মা কিয়ৎ পরিমাণে ক্ষেত্রজ্ঞ দশায় প্রবেশ পূর্ব্বক আমরণ দেহধর্ম্মের সম্পূর্ণ পরিচয় না পাইয়া সর্ব্বদা আমি দেহ হইতে অভিন্ন এরূপ কল্পনা করে। মীনের

মুখে টোপ প্রবেশ করিলেই ধীবর বংশদণ্ড টানিয়া উহাকে আবদ্ধ করে। তদ্রূপ সত্ত্বগুণ-ব্যাধ সুখ ও জ্ঞানের রজ্জু দিয়া আত্মাকে টানিয়া লয় ॥ ৫ ॥

তত্র সত্ত্বং নির্ম্মলত্বাৎ প্রকাশকমনাময়ম্।
সুখসঙ্গেন বধ্নাতি জ্ঞানসঙ্গেন চানঘ ॥ ৬ ॥

সে জালবদ্ধ মৃগের ন্যায় ছট্‌ফট্‌ করিয়া জ্ঞানের নিমিত্ত ক্ষুব্ধ হয়। জ্ঞাতৃত্বের মধ্য দিয়া আত্মসুখ প্রবাহিত করে। কেহ তাহার জ্ঞানের সম্মান করিলে সে সন্তোষ লাভ করে। অল্প লাভে সন্তুষ্ট হয়। মনে করে অল্প লাভে সন্তুষ্ট অতএব আমি ধন্য, কত সৌভাগ্য, আজ আমার সমান কে? এভাবের অষ্ট সাত্ত্বিক ভাবে সে পুলকিত হয়। শুধু এই নয়, সে আরও আবদ্ধ হয়। তাহার দেহে জ্ঞানাভিমানীর ভূতাবেশ হয়। স্বয়ং জ্ঞানস্বরূপ হইয়াও সেই অবস্থার অস্মৃতিতে তাহার দুঃখ হয় না। বিষয় জ্ঞানেই সে আকাশ হইতে বড় হয়। স্বপ্নের মধ্যে রাজা দরিদ্র হইয়া অপর দাতার ক্ষুদ্র দান গ্রহণেও ইন্দ্রের ন্যায় সন্তোষ লাভ করে। হে পাণ্ডব, দেহাতীত দেহবন্ধন প্রাপ্ত হইলে বাহ্য জ্ঞানে এরূপই হয়। সে প্রবৃত্তি-শাস্ত্র নির্ণয় করে, যজ্ঞবিদ্যা জ্ঞানে স্বর্গেরও জ্ঞান লাভ করে। মনে করে আমার ন্যায় জ্ঞানী কেহ নাই। চাতুর্য্য-চন্দ্রের নিমিত্ত আমার চিত্ত গগনসদৃশ অর্থাৎ আমি খুব চতুর। সত্ত্বগুণ এই ভাবে জীবকে সুখ ও জ্ঞানের রজ্জুবদ্ধ করতঃ অসমর্থ লোকের বলদের ন্যায় করে। রজোগুণে কিরূপ বন্ধন হয় শ্রবণ কর ॥ ৬ ॥

রজো রাগাত্মকং বিদ্ধি তৃষ্ণাসঙ্গসমুদ্ভবম্ ।
তন্নিবধ্নাতি কৌন্তেয় কর্ম্মসঙ্গেন দেহিনম্ ॥ ৭ ॥

জীবকে মোহিত করে বলিয়া ইহার নাম রজঃ। সর্ব্বদা সে পূর্ণাভিলাষ যুবার ন্যায়। জীবে কিঞ্চিন্মাত্র প্রবেশ করিতেই সে কামনার মোহে পড়ে এবং তৃষ্ণার বায়ুতে আরূঢ় হয়। বাসনা এরূপ প্রবলরূপ ধারণ করে যে, ঘৃত-প্রজ্বলিত অগ্নিকুণ্ডও তাহার কাছে অতিশয় তুচ্ছ। তৃষ্ণার বৃদ্ধিতে মেরুপর্ব্বতকে লাভ করিয়াও সে আরও বেশিকিছু পাইবার আশা করে। কাণাকড়ির নিমিত্ত সে প্রাণ দিতে পশ্চাৎপদ হয় না, একটি তৃণ পাইয়াও সে কৃতার্থ মনে করে। আশার মোহে সে নানাপ্রকার কল্পনা করে, আর ভাবে গাঁঠের পয়সা খরচ করিয়া ফেলিলে ভবিষ্যতে কি করিব ? স্বর্গে গেলে খাইব কি ?—অতএব যজ্ঞ করিতে চেষ্টা করে, ক্রমশঃ বৃহত্তর ব্রত ধারণ করে, আর যজ্ঞ কর্ম্ম কামনামাত্রেই পর্য্যবসিত হয়। গ্রীষ্মান্তের বায়ু বিশ্রাম জানে না, রজোগুণীও লাভের বিষয়ে মত্ত হইলে রাত্রি দিন বিশ্রাম জানে না। মীনও তাহার তুলনায় স্থির স্বভাব। স্বর্গ বা সংসারের আশায় সে কর্ম্মবহ্নিতে স্ত্রীলোকের কটাক্ষের মত চঞ্চলগতিতে ঝাঁপাইয়া পড়ে। এরূপ চাঞ্চল্য বিদ্যুতেরও নয়। দেহাতীত জীব দেহে প্রবেশ পূর্ব্বক তৃষ্ণার শৃঙ্খল নিজের গলায় পরিতে চায়। এইরূপ রজোগুণে দেহীর দেহে বন্ধন হয় এখন তমোগুণের চাতুর্য্য বলিতেছি ॥ ৭ ॥

তমস্ত্বজ্ঞানজং বিদ্ধি মোহনং সর্ব্বদেহিনাম্
প্রমাদালস্যনিদ্রাভিস্তন্নিবধ্নাতি ভারত ॥ ৮ ॥

যাহার প্রভাবে চক্ষুর উপর মোহের পরদা পড়িয়া দৃষ্টিশক্তিকে ক্ষীণ করিয়া দেয়, মোহ রাত্রির কালোমেঘের ন্যায়, অজ্ঞানময় জীবনাবলম্বন, নিখিল বিশ্বের উন্মাদক, অবিচারের মহামন্ত্র, মূর্খতা মদিরার পূর্ণপাত্র, জীবের মোহনাস্ত্র, হে পার্থ, এই তমোগুণ। দেহাত্মবাদীকে তম পূর্ব্বোক্ত ভাবে চরিদিক্ দিয়া বন্ধন করে। সে একা হইলেও বিশ্ব-চরাচরে সর্ব্বত্র অবস্থান করে। জগতে সে ভিন্ন আর দ্বিতীয় কে আছে? ইহা দ্বারাই মানুষের সকল ইন্দ্রিয় জড় হয়, মনে মূঢ়তা স্থান পায়, এবং প্রচুর আলস্যের উদয় হয়। দৈহিক সমস্ত কর্ম্মে অরুচি ও শিথিলতার উদ্ভব হয়। হে কিরীটি, চক্ষু খুলিয়াও সেই জীব দৃষ্টিহীন, অজিজ্ঞাসিত হইলেও মুখর এবং অধঃপতিত প্রস্তর খণ্ডের ন্যায় একভাব। পৃথিবী রসাতলে যাউক বা আকাশ ভাঙ্গিয়া মাথায় পড়ুক, সে ভাবান্তররহিত। উচিত অনুচিত বলিয়া সে কিছু বিবেচনা করে না, যেখানে সেখানে বসিয়া পড়ে। হস্তে গণ্ড স্থাপন করিয়া সে বসিয়া থাকে, নিদ্রা তাহার অত্যন্ত প্রিয়। ঘুমাইতে পারিলে সে স্বর্গকেও তুচ্ছ জ্ঞান করে। ব্রহ্মার আয়ু পাইলে ঘুমাইয়া সাধ মিটিত, এইরূপ ভাবিয়া সে দিন যাপন করে। পথে চলিতে কোথাও বসিয়া একটু চক্ষু

লাগিয়া আসিলে, সে উহা অমৃতের ন্যায় মনে করে। কর্ম্মে নিযুক্ত হইলে উহা বিচারহীন ব্যাপারে পরিণত হয়। কিভাবে চলা উচিত, কি বলা উচিত, অথবা সাধ্য বা অসাধ্য কি, তাহা সে জানে না। পক্ষদ্বারা নিভাইতে চেষ্টা করিয়া পতঙ্গ দাবানলে জ্বলিয়া মরে, সেইরূপ মোহগ্রস্ত ব্যক্তি নিষিদ্ধ বিষয়ে প্রবৃত্ত হওয়ার ফলে বিনষ্ট হয়। তাহার বিবিধ প্রমাদ উপস্থিত হয়। শুদ্ধ নিরুপাধি আত্মার তমোগুণজাত নিদ্রা, আলস্য ও প্রমাদ ত্রিবিধ বন্ধনহেতু। কাষ্ঠে অগ্নি প্রবেশ করিলে অগ্নি কাষ্ঠাকার ধারণ করে, ঘটাকাশে আকাশ ঘটের রূপ ধারণ করে। সরোবরে চন্দ্রের প্রতিবিম্ব দৃষ্ট হয়, আত্মাও গুণপাশে আবদ্ধ বলিয়া প্রতীতি হয় ॥৮॥

সত্ত্বং সুখে সঞ্জয়তি রজঃ কর্ম্মণি ভারত।
জ্ঞানমাবৃত্য তু তমঃ প্রমাদে সঞ্জয়ত্যুত ॥৯॥
রজস্তমশ্চাভিভূয় সত্ত্বং ভবতি ভারত।
রজঃ সত্ত্বং তমশ্চৈব তমঃ সত্ত্বং রজস্তথা ।১০।

কফ ও বাতকে অভিভূত করিয়া পিত্ত প্রবল হইলে দেহের তাপ বৃদ্ধি পায়। গ্রীষ্মকালের অন্তে শীতের প্রাদুর্ভাবে দিক্‌সমূহ হিমে আচ্ছন্ন হয়। স্বপ্ন ও জাগ্রদবস্থার পর সুষুপ্তিতে কিছুকালের নিমিত্ত চিত্তবৃত্তি তদ্রূপতা লাভ করে। রজ ও তমকে পরাভূত করিয়া সাত্ত্বিক ভাবের প্রতিষ্ঠায় জীব বলে "আমি সুখী"। সত্ত্ব ও রজের প্রভাব নীচে রাখিয়া তমোভাব

প্রবল হইলে জীব স্বাভাবিক ভাবে অসাবধান হইয়া পড়ে। সত্ত্ব ও তমোভাবকে গ্রাস করিয়া রাজোগুণের বৃদ্ধিতে জীব কর্ম্মভিন্ন আর কিছু ভাল বলিয়া মনে করে না। পূর্ব্ব শ্লোকে এই তিনগুণের বিবৃতি হইয়াছে। এখন গুণত্রয়ের বৃদ্ধির লক্ষণ বলিব ॥১০॥

সর্ব্বদ্বারেষু দেহেস্মিন্ প্রকাশ উপজায়তে।
জ্ঞানং যদা তদা বিদ্যাদ্বিবৃদ্ধং সত্ত্বমিত্যুত ।১১।
লোভঃ প্রবৃত্তিরারম্ভঃ কর্মণামশমঃ স্পৃহা।
রজস্যেতানি জায়ন্তে বিবৃদ্ধে ভরতর্ষভ ॥১২॥
অপ্রকাশোঽপ্রবৃত্তিশ্চ প্রমাদোমোহ এব চ।
তমস্যেতানি জায়ন্তে বিবৃদ্ধে কুরুনন্দন ॥১৩॥
যদা সত্ত্বে প্রবৃদ্ধে তু প্রলয়ং যাতি দেহভৃৎ।
তদোত্তমবিদাল্লোকানমলান্ প্রতিপদ্যতে ॥১৪॥
রজসি প্রলয়ং গত্বা কর্মসঙ্গিষু জায়তে।
তথা প্রলীনস্তমসি মূঢ়যোনিষু জায়তে ॥১৫॥

রজঃ ও তমকে পরাজিত করিয়া সত্ত্বের প্রাবল্যে নিম্নোক্ত লক্ষণ প্রকাশ পায়;—বসন্ত সমাগমে কমলের সুগন্ধের ন্যায় সত্ত্বগুণাশ্রিতের প্রজ্ঞা বাহিরে প্রকাশিত হয়। সর্ব্বেন্দ্রিয়দ্বারে বিবেক প্রহরী থাকে। কর চরণেরও চক্ষু উৎপন্ন হয়। রাজহংসের ওষ্ঠস্পর্শে নীর ও ক্ষীরের স্বরূপ নির্ণয়ের ন্যায় ইন্দ্রিয়

সমূহ দোষগুণ বিচার করিয়া লয়। নিয়ম তাহার নিয়মিত সেবায় নিযুক্ত হয়।

অশ্রাব্য বিষয় কানের কাছেও আসে না। অসৎ দৃশ্য অন্তরালে গমন করে এবং বাক্ অবাচ্য বিষয় ত্যাগ করে। নিষিদ্ধ বিষয় তাহার ইন্দ্রিয়ের সম্মুখে আসে না। বর্ষাকালে মহানদীর প্রবল বন্যার ন্যায় সমগ্র শাস্ত্রবিষয়ে তাহার বুদ্ধির প্রখরতা দৃষ্ট হয়। পৌর্ণমাসীর চন্দ্রালোকের ন্যায় তাহার জ্ঞানবৃত্তি সমগ্র বিষয়ে বিস্তার লাভ করে। তাহার বাসনা সঙ্কুচিত, প্রবৃত্তি স্থগিত, এবং বিষয়ে বিরক্তি। সত্ত্বগুণের বৃদ্ধিতে উপরোক্ত লক্ষণ প্রকাশিত হয়। সেই সময় মৃত্যু হইলে বড়ই সৌভাগ্য। শুভক্ষণ সমাগত, গৃহে পক্বান্ন প্রস্তুত, লোকান্তর হইতে কোন প্রেমিক অতিথির সমাগম। এসময় তাহাকে গৃহজাত পক্বান্নাদির দ্বারা সংবর্দ্ধনা পূর্ব্বক কীর্ত্তি ও পরলোক প্রাপ্তির সুযোগই উপস্থিত নয় কি? হে ধনঞ্জয়, সত্ত্বগুণে যুক্ত থাকিয়া মৃত্যুকালে আর কোথায় যাইবে? তখন ভোগময় দেহ ত্যাগ করিয়া সত্ত্বমূর্ত্তি ধারণপূর্ব্বক জ্ঞানীর গৃহে জন্ম লাভ করে! রাজ্য সুপ্রতিষ্ঠিত রাখিয়া নৃপতি পর্ব্বতাশ্রয় করিলেও দোষ হয় না। এ দেশের প্রদীপ স্পর্শমণিময় দেশে লইয়া গেলেও প্রদীপের কার্য্য সাধন করিবেই! শুদ্ধ সত্ত্বের প্রাচুর্য্যও উন্নততর জ্ঞান বৃদ্ধি করিয়া বুদ্ধিকে বিচার সমুদ্র পারে লইয়া যায় এবং পরিশেষে বিবেক উৎপাদন করিয়া আত্মজ্ঞানে লীন করে। ছয়ত্রিশ তত্ত্বের পরবর্ত্তী সপ্তত্রিংশ অথবা সাংখ্য

মতানুসারে চব্বিশ তত্ত্বের পর পঞ্চবিংশ এবং দেহত্রয়ের অন্তরালে তুরীয় পদার্থ উহা একমাত্র সত্ত্বগুণযুক্ত পুরুষই লাভ করিতে পারে।

সে সময় তম এবং সত্ত্বগুণকে অধোমুখী করিয়া রজোগুণ প্রতিষ্ঠা লাভ করে, দেহ-গ্রামে জীব কর্ত্তব্য পালনে প্রমাদগ্রস্ত হয়, সেই সময় এই লক্ষণ প্রকাশ পায়। ধূলি উড়িয়া আসিয়া অবিচারে সকল বস্তুর উপরই পড়ে, তদ্রূপ বিষয়-ভোগে রজোগুণীর ইন্দ্রিয়ের অবাধ-গতি। পরদারাভিগমন প্রভৃতিও বিরুদ্ধ আচরণ বলিয়া বিচার হয় না। তৃণলোভী ছাগের ন্যায় তাহার লোলুপ ইন্দ্রিয় যথেচ্ছ ভোগে প্রবৃত্ত হয়। ব্যবহার ভীষণমূর্ত্তি ধারণ করে। মনে হয়, যে তাহার সংস্পর্শে না আসিল, সে-ই বাঁচিয়া গেল। হে ধনঞ্জয়, যে কোনও উদ্যমের কর্ম্মে সে ঝাঁপাইয়া পড়ে। গৃহ-নির্ম্মাণ বা অশ্বমেধাদি যজ্ঞানুষ্ঠান এরূপ কোন দুর্ঘট ব্যাপারে সে আত্মনিয়োগ করে। নগর প্রতিষ্ঠা, জলাশয় খনন, বৃহৎ উদ্যান বা অন্যান্য বৃহৎ কার্য্যসম্পাদনে নিযুক্ত হয়। পরলোকের কথা তাহার কাছে স্থান পায় না। তাহার অফুরন্ত লোভের কাছে সমুদ্র বা অগ্নিও পরাজিত হয়। তাহার মনের আগে আগে বাসনা আশাময়ী হইয়া ছুটিয়া চলে এবং সমগ্র বিশ্বকে তাহার বাসনার পদতলে বিস্তীর্ণ করিয়া দেয়। রজোগুণ বৃদ্ধির সহিত এই লক্ষণ দেখা দেয়। এই অবস্থায় মৃত্যু হইলে সেই ভাব লইয়া পুনরায় মনুষ্য দেহ প্রাপ্তি হয়। দরিদ্র রাজগৃহের সুখ ভোগ করিলেও রাজা হইতে পারে না!

রজোগুণযুক্ত ব্যক্তি সঙ্গসুখে মত্ত হইয়া দিবারাত্রি বিশ্রাম করিবার সুযোগ পায় না। রজোগুণময় সরোবরে ডুবিয়া যাহার দেহান্ত হয়, সে জন্মান্তরেও জড় কর্ম্মনিষ্ঠগণের কুলেই জন্মগ্রহণ করে।

রজঃ ও সত্ত্বগুণকে অভিভূত করিয়া তমোগুণের অভ্যুদয় হইলে অন্তর্বাহ্যে যে সকল লক্ষণ প্রকাশ পায়, তাহা বলি। সূর্য্যালোক বা চন্দ্রালোকাভাবে অমাবস্যা রাত্রির অন্ধকারের ন্যায় তমোগুণের প্রভাবে মনের অবস্থা। অন্তরে স্ফুর্ত্তির অভাব, শুধু বিরাট শূন্যতা এবং বিচারহীনতা। বুদ্ধির জড়তায় প্রস্তর জ্ঞানও লোপ পায়, স্মৃতি দূরে চলিয়া যায়। অবিবেকের মাদকতায় তাহার দেহ মন অবসাদ গ্রস্ত হয়। মূর্খতা তাহাকে আলিঙ্গন করে। মূর্ত্তি ধরিয়া আচারহীনতা তাহার ইন্দ্রিয়ের সঙ্গ লয়। মৃত্যুপর্য্যন্ত সকলকর্ম্মেই অনাচার প্রবেশ করে। পেচক অন্ধকারেই দেখে। তমোগুণীর চিত্তও দুষ্কর্ম্মেই উৎফুল্ল হয়। নিষিদ্ধ বস্তুর যেটিকে সে আকাঙ্ক্ষা করে ইন্দ্রিয়ও তদনুধাবন করে। মদিরা বিনা মাদকতা, সান্নিপাত বিনা প্রলাপ, প্রেম বিনা উন্মত্ততা, তমোগুণ প্রভাবেই হয়। চিত্ত বিষয়ে লাগেনা বলিয়া সেই অবস্থাকে উন্মনার দশাও বলা যায় না! উহা একটা মোহময় মাদকতার দশা। তমোগুণ বৃদ্ধি পাইলে তখন এই অবস্থা। মৃত্যু ঘটিলে তমোগুণেই জন্মান্তর হয়। সরিষার বীজ ধ্বংস হইয়া অঙ্কুররূপে পুনরায় জন্মগ্রহণ করিলে উহাতে সরিষার ফসলই হয়। অগ্নি হইতে গৃহীত শিখা অন্যত্র সংযুক্ত হইলে সকলই অগ্নিময় হইয়া যাইবে। পূর্ব্ব অগ্নি নির্ব্বাপিত হইলেই

বা কি? সঙ্কল্পকে পুটুঁলীতে লইয়া মৃত্যুর অতিথি হইলে দেহান্তরেও তমোগুণের দেহ লাভ হয়। পশু, পক্ষী, গুল্মলতা বা বৃক্ষরূপে তাহার জন্ম॥ ১৫ ॥

কর্ম্মণঃ সুকৃতস্যাহুঃ সাত্ত্বিকং নির্ম্মলং ফলম্।
রজসস্তু ফলং দুঃখমজ্ঞানং তমসঃ ফলম্॥ ১৬।

বেদে সত্ত্বগুণোৎপন্নকে সুকৃত বলা হইয়াছে। স্বভাবতঃ সুখ এবং জ্ঞানের নির্ম্মল সাত্ত্বিক ফল তাহারই প্রাপ্য। রজোগুণময় কর্ম্মে লিপ্ত ব্যক্তি ইন্দ্রায়ণ (মাকাল) (L. Cucumis colocynthis) ফলের ন্যায় আপাত রমণীয় বোধ হইলেও পরিণামে দুঃখময়। নিম্বফলের ন্যায় দেখিতে সুন্দর হইলেও রজোগুণের ফল তিক্তস্বাদ। বিষের কন্দ হইতে বিষই উৎপন্ন হয়। সেরূপ তামস কর্ম্মের ফলও অজ্ঞানময়॥ ১৬ ॥

সত্ত্বাৎ সংজায়তে জ্ঞানং রজসো লোভ এবচ।
প্রমাদমোহৌ তমসো ভবতোঽজ্ঞানমেব চ। ১৭।

হে অর্জ্জুন, সূর্য্যই দিবসের জ্ঞাপক—সত্ত্বগুণই জ্ঞানের নির্দ্দেশক। আত্মতত্ত্বের বিস্মরণই দ্বৈতের হেতু। রজোগুণই লোভের কারণ। হে প্রবুদ্ধ, মোহ, অজ্ঞান, প্রমাদ প্রভৃতি মলিন দোষসমূহের হেতু তমোগুণ। হস্তামলকের ন্যায় গুণত্রয়ের বিচার আমি পৃথক্ পৃথক্ উপস্থাপিত করিয়াছি। উহাতে বুঝিয়াছ, রজঃ ও তমোগুণে পতন হয়, সত্ত্বগুণ ভিন্ন মানুষ

জ্ঞানের দিকে অগ্রসর হইতে পারে না। যথার্থ জ্ঞানী অপর সকল সাধন পরিত্যাগ করিয়া তুর্য্যা ভক্তিকে অঙ্গীকার করিয়া লয়; কেহ কেহ আজন্ম সাত্ত্বিক ভাবে জীবন যাপনের ব্রত ধারণ করে। ১৭ ॥

ঊর্দ্ধং গচ্ছন্তি সত্ত্বস্থা মধ্যে তিষ্ঠন্তি রাজসাঃ।
জঘন্য গুণবৃত্তিস্থা অধোগচ্ছন্তি তামসাঃ ॥ ১৮ ॥

সত্ত্বাচরণশীল দেহান্তে স্বর্গাদি ঊর্দ্ধলোকে গমন করে। রজোগুণে জীবনান্তে মর্ত্ত্যে মনুষ্যযোনি লাভ হয়। মর্ত্ত্যলোকে একই দেহথালায় সুখদুঃখ মিশ্রখিচুরী খাইয়া মৃত্যুর দ্বারে যাইতে হয়। তমোগুণে দেহান্ত হইলে নরকদ্বারে যাইবার পরোয়ানা আসে। গুণত্রয় সম্পূর্ণ জগতের হেতু। সৎবস্তু স্বস্বরূপে পূর্ণ হইলেও গুণত্রয়ের সংস্পর্শে নিজেকে গুণরূপ বুঝিয়া গুণময়-কার্য্যের অনুকরণ করে। স্বপ্নে দৃষ্ট শত্রু জয়ে নিজেই নিজের জয় পরাজয় দর্শন করে। স্বর্গ, মর্ত্ত্য ও নরক গুণের বৃত্তিভেদ মাত্র। সেই দৃষ্টি ত্যাগ করিলে এক সত্য-ব্রহ্মেরই দর্শন হয়। ১৮।

নান্যং গুণেভ্যঃ কর্ত্তারং যদা দ্রষ্টানুপশ্যতি
গুণেভ্যশ্চ পরং বেত্তি মদ্ভাবং সোঽধিগচ্ছতি। ১৯।

সর্ব্বদাই চিন্তা করিবে ব্রহ্মাতিরিক্ত কিছুই নাই। এই নিমিত্ত আমার পূর্ব্বোক্তি পুনরায় শ্রবণ কর। ব্রহ্মের সত্তাদ্বারাই গুণত্রয় দেহাশ্রয়ে উৎপন্ন হয়। অগ্নি ইন্ধনের আকারে, পৃথিবীর

রস বৃক্ষাকারে, দুগ্ধ দধিরূপে এবং মধুর রস ইক্ষুদণ্ডরূপে মূর্ত্তিমান। গুণত্রয়ও মূর্ত্তি ধরিয়া দেহরূপ ধারণ করে। বন্ধনের কারণ উহাই।

হে ধনুর্ধর, কি আশ্চর্য্য মোক্ষমার্গের বিস্তার কম নয়। গুণত্রয় স্ব স্ব ধর্ম্মানুসারে সঞ্চিত ও ক্রিয়মাণ কর্ম্ম করিলেও জ্ঞানী গুণাতীত দশা লাভ করে। তুমি জ্ঞানাম্বুজের মত্তমধুকর, কিভাবে জ্ঞানী অনায়াসে মুক্তি লাভ করে, এখন তাহাই বলিব। পূর্ব্বে বলিয়াছি, গুণের অন্তরালে যে সৎ বস্তু আছে উহা গুণময় নয়। উহার জ্ঞান হইলে জাগ্রত দশায় স্বপ্নের অলীকতার ন্যায় গুণময় সংসারের অসারত্ব উপলব্ধি হয়। তীরে উপবিষ্ট ব্যক্তি তরঙ্গাঘাতে বারংবার কম্পিত নিজের প্রতিবিম্ব দেখিয়াও বুঝিতে পারে, প্রতিবিম্বই কাঁপিতেছে সে নয়। নিপুণভাবে বেশ পরিবর্ত্তন করিয়া দিলেও অভিনেতা নিজেকে বিস্মৃত হয় না। জ্ঞানীও গুণসমূহের দ্বারা অভিভূত না হইয়া ইহাদের সাক্ষীস্বরূপে অবস্থান করে। ঋতুত্রয়ের পরিবর্ত্তনে আকাশ স্ব স্বরূপের পরিবর্ত্তন ঘটিতে দেয় না। গুণাতীত, গুণসিদ্ধ ও মূল অহঙ্কারের অহঙ্কারদাতা আমিও সাক্ষীস্বরূপ অকর্ত্তা। সত্ত্ব, রজঃ ও তমোগুণের কর্ম্ম তৎতৎগুণের বিকার। বনশোভার প্রকাশক বসন্ত ঋতুর ন্যায় গুণবিকাশের হেতু আমিই। আকাশে নক্ষত্রের অদর্শন, সূর্য্যকান্তমণির প্রকাশিত হওয়া, কমলের বিকাশ এবং অন্ধকার বিনাশ ইহাদের কোন কাজ সূর্য্য করে না। তথাপি সূর্য্যকেই কর্ত্তা বলে, সূর্য্যের ন্যায় আমি অকর্ত্তা হইয়াও দেহে

সত্তাস্বরূপ গুণ প্রকাশিত করিয়াও আমি তাহাদের সাক্ষীস্বরূপ। গুণধর্ম্মের পোষণ আমার জন্য সম্ভব হয় এবং উহারা নিবৃত্ত হইলে অবশিষ্ট যাহা থাকে উহাও আমি। হে ধনঞ্জয়, এই প্রকার বিবেক উদয়ে ঊর্দ্ধপথে গুণাতীত অবস্থা লাভ হয় ॥ ১৯ ॥

গুণানেতানতীত্যৈতান্ দেহী দেহসমুদ্ভবান্।
জন্মমৃত্যুজরাদুঃখৈর্বিমুক্তোঽমৃতমশ্নুতে ॥ ২০ ॥

নির্গুণ ব্রহ্মের জ্ঞানে সেই অবস্থার লোক ব্রহ্মরূপতার জয়টিকা ধারণ করে। হে পাণ্ডব, সমুদ্রমিলিত নদীর ন্যায় সে আমার ভাব প্রাপ্ত হয়। ফাঁদ হইতে উড়িয়া বৃক্ষশাখায় উপবিষ্ট মুক্তপক্ষীর ন্যায় সে মদ্রূপতার মূল অহঙ্কারে প্রতিষ্ঠিত হয়। হে জ্ঞানী পার্থ, অজ্ঞান নিদ্রায় গাঢ়ভাবে অভিভূত ব্যক্তিও আত্মস্বরূপের জ্ঞানে জাগ্রত হইয়া উঠে। হে বীরাগ্রগণ্য, জ্ঞান দর্পণ হস্তস্খলিত বলিয়া প্রকৃতির মুখের আভাস সুখদুঃখ দর্শন হইতে সে মুক্ত হয়। হে বীর, দেহাভিমান বায়ু থামিয়া গেলে জীব-তরঙ্গ ও ঈশ্বর-সমুদ্রের কোন পার্থক্য থাকে না। বর্ষার শেষে আকাশে মেঘের লীন হওয়ার মত গুণাতীত ব্যক্তি আমার সহিত মিলিত হইয়া থাকে। স্বরূপ প্রাপ্ত হইয়া দেহে অবস্থান করিলেও গুণের সঙ্গে অভিভূত হয় না। কাঁচের ঘরে আলোক ধারাকে বাধা দেওয়া যায় না, সমুদ্রে বাড়বানলকে নির্ব্বাপিত করা অসম্ভব। আগন্তুক ও বিনাশশীল গুণদ্বারাও জ্ঞানকে মলিন করা সম্ভব নয়। গগনে থাকিয়াও নির্লিপ্ত চন্দ্রের ন্যায় তাহার

দেহস্থিতি। গুণত্রয় আপন প্রভাবে নানা আকৃতির দেহ উৎপন্ন করিয়া তাহাদিগকে নৃত্য করায় জ্ঞানী অভিমানাশ্রয়ে উহা দেখিবার নিমিত্ত কিছুমাত্র আকৃষ্ট হয় না। অন্তরাত্মায় নিশ্চল-রূপে অবস্থান পূর্ব্বক দেহে কি হয়, না হয় সেদিকে সে দৃকপাতও করে না। সর্প খোলস ত্যাগ করিয়া গর্ত্তে প্রবেশ করে, পরিত্যক্ত খোলস রক্ষার নিমিত্ত কিছুমাত্র চিন্তা করে না। শুষ্ক জীর্ণ কমলের গন্ধ শূন্যে মিলিয়া যায়, সে কমলে ফিরিয়া আসে না। গুণাতীতের অবস্থাও তদনুরূপ। সে আত্মস্বরূপে মিলিয়া যায় আর ফিরিয়া আসে না। সেই অবস্থায় শরীরের লক্ষণের দিকে তাহার কিছুমাত্র অভিনিবেশ থাকে না। জন্ম, জড়া, মৃত্যু ইত্যাদি শরীর-ধর্ম্ম **ছয়টি** শরীরেই থাকে। উহাদের সহিত জ্ঞানের কোন সম্বন্ধ থাকে না। ঘট ভাঙ্গিয়া গেলে ঘটাকাশ মহাকাশ হইয়াই থাকে দেহ বুদ্ধি ধ্বংস হইলে আত্ম-স্মৃতির উদয়ে আত্মস্বরূপ ভিন্ন আর অবশিষ্ট কি থাকিবে? এই শ্রেষ্ঠ-জ্ঞান লইয়া দেহে অবস্থান করে বলিয়া তাহাকে গুণাতীত বলিয়াছি। মেঘ-গর্জ্জনে ময়ূরের ন্যায় শ্রীকৃষ্ণ বাক্যে অর্জ্জুন পরমানন্দিত হইলেন ॥ ২০ ॥

অর্জ্জুন উবাচ—

কৈর্লিঙ্গৈস্ত্রীন্ গুণানেতান তীতো ভবতি প্রভো
কিমাচারঃ কথং চৈতাংস্ত্রীন্ গুণানতিবর্ত্ততে ॥ ২১ ॥

আনন্দমগ্ন অর্জ্জুন পুনরায় জিজ্ঞাসা করিলেন, এরূপ জ্ঞান

কোন লক্ষণে জানা যায়? নির্গুণ ব্যক্তির ব্যবহার কিরূপ? কিরূপে গুণাতীত হওয়া যায়? হে দয়াময়, অনুগ্রহ পূর্ব্বক বর্ণনা করুন। প্রশ্নোত্তরে ষড়্‌গুণাধীশ শ্রীকৃষ্ণ বলিলেন, পার্থ, তোমার প্রশ্নে আশ্চর্য্যান্বিত হইলাম। তুমি কি মনে করিয়াছ গুণাতীত হওয়া খুবই কঠিন? আমি যাহাকে গুণাতীত বলি সে কোনও গুণের অধীন নয়, এমন কি গুণময় ব্যবহার করিলেও গুণের বশ নয়। গুণ ব্যবহারে থাকিলেও উহার অধীন না হওয়া বা বশীভূত না হওয়া কিরূপে জানা যাইতে পারে, তোমার যদি এই সন্দেহ হইয়া থাকে তবে শ্রবণ কর। ২১।

শ্রীভগবানুবাচ—

প্রকাশঞ্চ প্রবৃত্তিঞ্চ মোহমেব চ পাণ্ডব।
ন দ্বেষ্টি সংপ্রবৃত্তানি ন নিবৃত্তানি কাঙ্ক্ষতি ॥ ২২ ॥

রজোগুণ প্রভাবে দৈহিক কর্ম্ম উৎপন্ন হইলে বা প্রবৃত্তি গেলেও গুণাতীত, কর্ম্ম-সাফল্যে অভিমানী ও বিফলতায় উদ্বিগ্ন হয় না। সাত্ত্বিক ভাবোদয়ে ইন্দ্রিয়দ্বারে জ্ঞান প্রকাশের সন্তোষে গর্ব্ব অথবা তমোগুণ প্রভাবে মোহ, ভ্রম ও অজ্ঞানের উদয়ে উহাদিগকে অঙ্গীকার করিয়া সে দুঃখ অনুভব করে না। মোহের দশায় জ্ঞান প্রাপ্তি ও জ্ঞানের সময় কর্ম্ম ত্যাগের নিমিত্ত সে ক্ষুব্ধ হয় না। প্রাতঃ, মধ্যাহ্ন বা সন্ধ্যা হওয়া না হওয়ার দিকে সূর্য্য কিছুমাত্র লক্ষ্য করে না, গুণাতীতের অবস্থাও তদ্রূপ। তাহার আত্ম-জ্ঞান অপর জ্ঞানের অপেক্ষা রাখে না। সমুদ্র বর্ষার জলে

পূর্ণ হয় না। কর্ম্মে প্রবৃত্ত হইলেও তাহার কর্ম্মঠতা জানা যায় না। হিমালয় হিমের প্রকোপে কম্পিত হয় না। প্রাকৃত মোহ তাহার নির্ম্মল জ্ঞানকে আবৃত করিতে পারে না। তাপ কি মহাগ্নিকে জ্বালাইতে পারে? ২২।

উদাসীনবদাসীনো গুণৈর্যো ন বিচাল্যতে।
গুণা বর্ত্তন্ত ইত্যেবং যোঽবতিষ্ঠতি নেঙ্গতে॥ ২৩॥

দোষ ও গুণের কর্ম্ম স্বাভাবিক, উহাদের পার্থক্য নাই। পথ চলিতে চলিতে বাধাপ্রাপ্ত স্থগিত গতি কোনও পথিকের মত সে পূর্ব্বোক্ত অনুভূতি লইয়া দেহে নামমাত্র অবস্থান করে। রণভূমিতে যোদ্ধার ন্যায় তাহার জয় বা পরাজয় হয় না। জ্ঞানী গুণের বশ হইয়া কর্ম্মে প্রবৃত্ত হয় না। দেহে প্রাণবায়ু, গৃহাগত অতিথি বা চতুষ্পথের স্তম্ভের ন্যায় সে উদাসীন। হে পাণ্ডব, মৃগতৃষ্ণিকার জলে মেরুপর্ব্বত ডুবিয়া যায় না, গগন পবনবেগে কম্পিত হয় না, অন্ধকার সূর্য্যকে গ্রাস করিতে পারে না। জাগ্রত ব্যক্তির স্বপ্নভ্রম ছুটিয়া যায়। গুণত্রয়ের গমনাগমনে সে কোন বাধা পায় না। গুণের বশ না হইয়া পুতুল নাচের দ্রষ্টা হইয়া সে দূরে অবস্থান করে। সৎকর্ম্ম দ্বারা সত্ত্বে, রাজসিক কর্ম্ম দ্বারা রজোগুণে এবং তামসিক মোহের বিষয়ব্যবহারেও সাক্ষীস্বরূপ সূর্য্যের ন্যায় সে নিশ্চিত ভাবে জানে যে, ঐ ব্যবহার গুণময়। সমুদ্রে জোয়ার ভাঁটা হয়, চন্দ্রকান্ত মণি বিগলিত হয়, কুমুদ বিকশিত হয়, কিন্তু চন্দ্র কোন কার্য্য করে না; পবন

প্রবাহিত হউক বা বন্ধ থাকুক্ আকাশ সর্ব্বদা একরূপ ; গুণত্রয় ক্ষোভে যাহার কিছুমাত্র ক্ষোভ হয় না, বা চাঞ্চল্য হয় না, হে অর্জ্জুন, সে গুণাতীত। এখন তাহার আচরণ বর্ণনা করিব ॥২৩॥

সমঃ দুঃখসুখঃ স্বস্থঃ সমলোষ্ট্রাশ্মকাঞ্চনঃ।

তুল্য প্রিয়াপ্রিয়ো ধীর স্তুল্যো নিন্দাত্মসংস্তুতিঃ ॥২৪॥

হে কিরীটি, সূত্র ভিন্ন বস্ত্রখণ্ডে আর কিছু নাই এই বিশ্বে গুণাতীতব্যক্তি আমাকে ভিন্ন আর কিছু দেখে না। আমার সমীপে শত্রু বা মিত্র বলিয়া পৃথক্ দৃষ্টি নাই। তাহার কাছেও সুখ দুঃখ সমান। দেহাবেশে সুখ দুঃখ ভোগ। সে যে দেহাভিমান ত্যাগ করিয়াছে। তুষ ফেলিয়া শস্য গ্রহণের ন্যায় সে তত্ত্বজ্ঞান লাভ করিয়াছে। গঙ্গা সমুদ্রে মিলিত হইলে চঞ্চলতা থাকে না, হে ধনঞ্জয়, সে ব্যক্তিও আত্মস্বরূপ প্রাপ্ত, সে সুখ দুঃখ সমান দেখে। স্তম্ভের রাত্রি বা দিবস ভেদ নাই। কালসর্প বা উর্ব্বশী অপ্সরা স্পর্শ করুক্, সুপ্ত ব্যক্তির দুইই সমান। স্বরূপস্থিত ব্যক্তি সুখদুঃখ, সুবর্ণ ও গোময়, রত্ন ও প্রস্তর খণ্ডে ভেদ করে না। স্বর্গ প্রাপ্তি হউক বা ব্যাঘ্র আক্রমণ করুক, তাহার বুদ্ধির ব্যতিক্রম হয় না। মৃতের বাঁচিয়া উঠা বা ভাজা শস্যের অঙ্কুরোদ্‌গম হওয়ার ন্যায় তাহার একরূপতার স্থিতি ভঙ্গকরা অসম্ভব। "আপনি ব্রহ্মা" "তুই অতি নীচাশয়" এরূপ স্তুতি নিন্দা কোনটিই তাহাকে বিচলিত করে না। সূর্য্যের গৃহে অন্ধকার থাকে না—দিয়াশলাই এর প্রয়োজনও পড়ে না ॥ ২৪ ॥

মানাপমানয়ো স্তুল্য স্তুল্যো মিত্রারিপক্ষয়োঃ।
সর্ব্বারম্ভ পরিত্যাগী গুণাতীতঃ স উচ্যতে ॥ ২৫ ॥

ঈশ্বর বুদ্ধিতে তাহার পূজা কর। চোর মনে করিয়া ক্লেশ প্রদান কর। বৃষ, হস্তী, রাজ্যৈশ্বর্য্য দান কর, মিত্র বা শত্রু, সমাগত হউক, সূর্য্য যেরূপ রাত্রিদিবস জানে না, তাহারও তদ্রূপ। ছয়ঋতুতে সমানভাবে নির্লিপ্ত আকাশের মত গুণাতীত-পুরুষ বিষমতাবুদ্ধিহীন। কর্ম্ম করিলেও সে কর্ম্মারম্ভবাসনা-ত্যাগের প্রভাবে অকর্ম্ম। প্রবৃত্তির লয়ে তাহার কর্ম্মফল দগ্ধ হইয়া যায়। সংসার বা স্বর্গ কোন বাসনা তাহার থাকে না। স্বভাবতঃ প্রাপ্ত অবস্থাই সে ভোগ করে। প্রস্তরের ন্যায় সুখদুঃখহীন হইয়া কর্ত্তব্যাকর্ত্তব্য ত্যাগ করে। অধিক বর্ণনার প্রয়োজন নাই। বুঝিয়া লও যথার্থ গুণাতীত কিরূপ। মানুষ গুণসমুদ্র কি উপায়ে পার হইতে পারে, শ্রীকৃষ্ণ পুনরায় তাহাই বলিতে লাগিলেন ॥ ২৫ ॥

মাঞ্চ যোঽব্যভিচারেণ ভক্তিযোগেন সেবতে।
স গুণান্ সমতীত্যৈতান্ ব্রহ্মভূয়ায় কল্পতে ॥ ২৬ ॥

যে ব্যক্তি চিত্তে দ্বিতীয় বস্তুর অভিনিবেশ ত্যাগপূর্ব্বক ভক্তিযোগে আমার সেবা করে, সে অনায়াসে গুণত্রয়ের প্রভাব নষ্ট করিতে পারে। আমি কিরূপ, ভক্তি কাহাকে বলে, একনিষ্ঠ ভক্তির লক্ষণ কি, এ সকল বিষয় স্পষ্ট বর্ণন করা প্রয়োজন। হে পার্থ, রত্ন ও তাহার লাবণ্য পৃথক্ করা যায়

না ; জল ও রস আকাশ ও অবকাশ, মাধুর্য্য ও শর্করা ভিন্ন নয়। অগ্নি ও জ্বালা, কমলদল ও কমল, বৃক্ষ ও শাখা পুষ্পাদি, হিম ও হিমালয়, দুধ ও দধির ন্যায়, আমি ও বিশ্ব। বিশ্বের নামে আমিই প্রকাশ হইয়াছি। চন্দ্র হইতে চন্দ্রকলাকে পৃথক্ করিবার প্রয়োজন নাই, জমাট ঘৃত না গলাইলেও ঘৃতত্বের হানি হয় না, কঙ্কণ গলিত না করিলেও উহা স্বর্ণই, বস্ত্রের সূত্র ভিন্ন না করিলেও উহা সূত্রই ; ঘট চূর্ণ না করিলেও উহা মাটি। তদ্বত আমিও এমন নই যে, বিশ্বত্ব দূর করিলেই আমার দর্শন হইবে। সমগ্র বিশ্ব সহিত আমিই। এই ভাবে আমাকে পরিজ্ঞাত হওয়াকেই অব্যভিচারিণী ভক্তি বলা হয়। সংসারে কিছু ভিন্ন দেখা গিয়াছে, কি অমনি ব্যভিচার হইয়াছে। অতএব ভেদবুদ্ধি ত্যাগ করিয়া নিজেকে পর্য্যন্ত আমার মধ্যে বুঝিয়া লও। সোনার মাদুলীতে সোনারই কুন্দন, সেইরূপ নিজেকেও আমা হইতে অপর কিছু ভাবিও না। কিরণ সূর্য্যেরই, সূর্য্যেই তাহার উৎপত্তি, তবে উহা সূর্য্য হইতে ভিন্ন হইয়া প্রকাশ পায়। নিজেকে সেইরূপ ভাবনা কর। পৃথিবীর বুকে পরমাণু, হিমাচলে হিমকণা। তরঙ্গ ক্ষুদ্র বা বৃহৎ সমুদ্রেই থাকে। যখন এই ভাবের একতার দৃষ্টি খুলিয়া যায় যে, আমি ঈশ্বর হইতে উৎপন্ন, ঈশ্বর হইতে উৎপন্ন ঈশ্বরেরই আশ্রিত অতএব পৃথক্ নই—তখন তাহাকে আমি ভক্তি বলি। জ্ঞানের উৎকর্ষেও এই স্থিতি বুঝিয়া লওয়া প্রয়োজন—যোগের সর্ব্বস্বও এই দৃষ্টি। সমুদ্র ও মেঘের মধ্যে অখণ্ডধারা বর্ষণ হইলে উহাদের ভেদব্যবধান অন্তর্হিত হয়।

ভক্তির প্রবৃত্তিও তদনুরূপ। কূপের মুখ ও আকাশে ব্যবধান থাকে না—ভক্ত ও পরমপুরুষেরও অবস্থা সেইরূপ। সূর্য্যের মণ্ডল হইতে জলে তাহার প্রতিবিম্ব পর্য্যন্ত সকলই সূর্য প্রভাব —উৎকর্ষ। ভক্তের "সোহং" বৃত্তিও ঈশ্বরের মহিমা প্রকাশক। ঈশ্বর পর্য্যন্ত এই বৃত্তি প্রসারিত হইলে বৃত্তিসহিত ঈশ্বরে লয় হয়। সৈন্ধব জলে গলিয়া শেষ হইয়া যায়, তৃণ ভস্ম করিয়া অগ্নি নিবিয়া যায়, ভেদবুদ্ধি দূর করিয়া জ্ঞানও সেইরূপ থাকে না। ভেদ না থাকিলে আমি আর দূরে থাকি না। ভক্ত ও আমি একত্র থাকি। গুণময় যতকথা সকল দূর হইয়া যায়। তখন একতা প্রাপ্তির চেষ্টাও বন্ধ হইয়া যায়। এইরূপ দশাকেই ব্রহ্মত্ব-ব্রহ্মসাম্য বলে। আমার ভক্ত এই দশা লাভ করে। ব্রহ্মতা পতিব্রতা কামিনীর তুল্য, উক্ত লক্ষণাক্রান্ত ভক্তের সেবা করে। গঙ্গার খাতে প্রবাহিত জলের একমাত্র উপযুক্ত গম্যস্থল সমুদ্র, তদ্রূপ হে কিরীটি, জ্ঞানদৃষ্টিতে যে আমাকে ভক্তি করে, সে আমার ব্রহ্মতা মুকুটের চূড়ামণি। এই ব্রহ্মত্বে লয়ের নাম সাযুজ্য মুক্তি বা চতুর্থ পুরুষার্থ। ইহাতে মনে করিওনা আমার সেবা ব্রহ্মত্বে পৌঁছিবার উপায়, আমি ব্রহ্মত্ব লাভের সাধন মাত্র, কেন না ব্রহ্ম আমা হইতে অতিরিক্ত কোন দ্বিতীয় বস্তু নয়॥ ২৬॥

ব্রহ্মণো হি প্রতিষ্ঠাঽহমমৃতস্যাব্যয়স্য চ।
শাশ্বতস্য চ ধর্ম্মস্য সুখস্যৈকান্তিকস্য চ॥ ২৭॥

হে পাণ্ডব, ব্রহ্ম শব্দের তাৎপর্য্যও আমাতেই। এই শব্দ

দ্বারা আমারই ব্যাপক স্বরূপের বর্ণনা করা হয়। হে মর্ম্মজ্ঞ, চন্দ্রমণ্ডল ও জ্যোৎস্না দুই বস্তু নয়। (তেমন আমাতে ও ব্রহ্মে দুই জ্ঞান করিওনা। নিত্য, অচল, অনাবৃত্ত, ধর্ম্মরূপ, অপার, অদ্বিতীয়, জ্ঞান ধ্বংস হইয়া যে অপরিমেয় স্বরূপে লীন হয়, সেই ব্রহ্ম তত্ত্ব আমিই।)

একনিষ্ঠ ভক্তপ্রিয় শ্রীকৃষ্ণ বীর অর্জ্জুনকে এই ভাবে বুঝাইলেন। তখন ধৃতরাষ্ট্র সঞ্জয়কে বলিলেন, আমি কি তোমাকে সেই কথা জিজ্ঞাসা করিয়াছি? অজিজ্ঞাসিত এ সকল বলিতেছ কেন? আমার চিন্তা দূরকর বিজয় বার্ত্তা বল। সঞ্জয় মনে মনে ভাবিলেন বিজয়ের কথা দূরে যাউক্। কৃষ্ণার্জ্জুন সংবাদের রসে বিস্ময়ে ডুবিয়া সঞ্জয় বলিলেন, ধৃতরাষ্ট্রের কি দুর্ভাগ্য! এই রসের সন্ধান পাইলনা। সে শুধু যুদ্ধের চিন্তা করিতেছে। কৃপালু ভগবান্ প্রসন্ন হইয়া তাহাকে এই জ্ঞান দান করুন। তাহার মোহ মহারোগ দূর হইয়া যাউক্। এই ভাবিতেই শ্রীকৃষ্ণের উপদেশের দিকে চিত্ত লাগিয়া গেল। তিনি আনন্দে ডুবিলেন। এখন সেই আনন্দের তিনি বর্ণনা করিবেন। নিবৃত্তিনাথের জ্ঞানদেব তাহার শব্দের ভাব আপনাদের হৃদয়ঙ্গম করাইতেছে॥ ২৭।

ইতি—শ্রীজ্ঞানদেব কৃত ভাবার্থদীপিকায়াং চতুর্দ্দশোঽধ্যায়ঃ॥

পুরুষোত্তম যোগ

পঞ্চদশ অধ্যায়

আমার হৃদয়ের মনোরম সিংহাসনে শ্রীগুরুর পাদুকা প্রতিষ্ঠিত করিতেছি। ঐক্যভাবের অঞ্জলিতে সর্ব্বেন্দ্রিয় পুষ্পাদি অর্ঘ্য প্রদানপূর্ব্বক অনন্যভাবের সলিলে স্নান করাইয়া গুরুনিষ্ঠার বাসনা-চন্দন লেপন করিতেছি। শ্রীগুরুর সুকুমার চরণযুগলে প্রেমময় বিশুদ্ধ স্বর্ণনূপুর এবং পদঅঙ্গুলিতে অনুরাগের অঙ্গুরীয়ক অর্পণ করি। সাত্ত্বিক ভাবে বিকশিত আনন্দময় সুগন্ধি অষ্টদল-কমল তাঁহার মস্তকের ভূষণ করি। সম্মুখে অহঙ্কার ধূপ এবং নিরভিমান প্রদীপে আরতি করিয়া ঐক্যভাবে তাঁহাকে আলিঙ্গন করি। শ্রীগুরুচরণে নিজদেহ ও প্রাণময়-পাদুকা পরাইয়া ভোগ ও মোক্ষময় সর্ষপ লবণ দিয়া তাঁহার নির্মঞ্জন করিতেছি। এইপ্রকার শ্রীগুরুসেবার ফলে নিখিল পুরুষার্থ আমার পট্টাভিষেক করিবে। আমার জ্ঞান প্রখর হইয়া ব্রহ্মে বিশ্রান্তি লাভ করিবে এবং বাক্য অমৃত-সমুদ্রে পরিণত হইবে। ব্যাখ্যা প্রসঙ্গে শব্দঝঙ্কারে মাধুর্য্য বর্ষণে চন্দ্রও পরাজিত হইবে। সূর্য্যোদয়ে পূর্ব্বদিক্-বধূকে জগৎপ্রকাশসম্পত্তি অর্পণের ন্যায় তখন আমার বাণী শ্রোতৃহৃদয়ে জ্ঞানের দীপালিতে তত্ত্ব-দর্শন করাইবে। সেই সৌভাগ্যোদয়ে বেদ হইতেও গভীরার্থ পূর্ণ

বাণীর সম্পৎ লাভ করিব। কৈবল্যও সুখদায়ক হইবে না। সেই বাণী-লতিকার শোভা এরূপ হইবে যে, শ্রবণ-সুখময় মণ্ডপে বসন্ত ঋতুর উপভোগ হইবে। আরও বিস্ময়ের কথা শুনুন। যাঁহাকে না পাইয়া বাণী মনের সহিত ফিরিয়া আসে, সেই পরমেশ্বরও বাণীর বশীভূত হইয়া যাইবেন। জ্ঞানাতীত, ধ্যানের অগম্য সেই অবাঙ্‌মনসোগোচরও বাণীর দ্বারে প্রকাশিত হইবেন। শ্রীগুরুপদকমলে অনুরাগের ফলে বাণী এই সৌভাগ্য লাভ করে। শ্রীজ্ঞানদেব বলিতেছে—শ্রীগুরুকৃপা আজ পূর্ণরূপে বর্ষিত হইতেছেন। আমিই তাঁহার একমাত্র ক্ষুদ্র বালক, অতএব আমার প্রতিই তাঁহার পূর্ণকৃপা। এই ভরসায় আমি গীতামাধুর্য্য-আস্বাদনে বাক্যপ্রয়োগ করিতেছি। প্রারব্ধ অনুকূল হইলে মৃত্তিকাই রত্নরূপে পরিণত হয়, আয়ুর বল থাকিলে মৃত্যুও প্রেম করে, গরম-জলে কাঁকর সিদ্ধ করিয়া লইলেও শ্রীজগন্নাথের কৃপায় উহা ক্ষুধার সময় অমৃততুল্য হইতে পারে। শ্রীগুরু যাঁহাকে অঙ্গীকার করেন, তাহার সংসার মোক্ষময়। দেখুন, অর্জ্জুনের দুরবস্থার কথা শ্রীকৃষ্ণ-কৃপায় পুরাণ-কথায় স্থান পাইয়াছে। শ্রীগুরু নিবৃত্তিরাজ আমার অজ্ঞানকেও জ্ঞানের যোগ্যতা দিয়াছেন। এই প্রেমের কথা যত বলিব শেষ হইবার নয়।

শ্রীগুরু-মহিমা বর্ণনা করিতে কত উল্লাস! আমি সেই উল্লাসে গীতার ভাবার্থ লইয়া সাধুগণের চরণ আশ্রয় করিতেছি। পূর্ব্ব-অধ্যায়ের শেষভাগে কৈবল্যপতি শ্রীকৃষ্ণ বলিয়াছেন—

জ্ঞানী মোক্ষ লাভ করিতে পারে! যাজ্ঞিক স্বর্গ সম্পত্তি লাভ করে, ব্রহ্মকর্ম্ম করিয়া ব্রহ্মের স্বরূপ প্রাপ্ত হয়। নেত্রবান সূর্য্যের প্রকাশ দেখে। জ্ঞানই মোক্ষের জীবন। তবে জ্ঞানের যোগ্যতা লাভসম্বন্ধে বিচার করিলে দেখা যায় যে, কেবল একটি উপায়ে উহা পাওয়া যায়। চক্ষুতে দিব্যাঞ্জন প্রয়োগে ভূবিবরস্থ বস্তুর দর্শন হয়—জ্ঞানদ চক্ষুর দৃষ্টি বিপরীত হওয়া প্রয়োজন। জ্ঞানে মোক্ষ প্রাপ্তি হয়। মন নির্ম্মল হইলে জ্ঞান স্থির হইবে। শ্রীকৃষ্ণ বিচার করিয়া দেখাইয়াছেন বৈরাগ্যভিন্ন জ্ঞানের স্থিরতা সম্ভব নয়। কিরূপ মনে বৈরাগ্যের উদয় হয়, তাহা সর্ব্বজ্ঞ শ্রীহরি নির্ণয় করিয়াছেন। ভোজনে বসিয়াও খাদ্যদ্রব্যে বিষ দেওয়া আছে জানিলে তৎক্ষণাৎ উহা ত্যাগ করিয়া যাওয়া কর্ত্তব্য। এই সংসারের অনিত্যতার জ্ঞান হইলেই বৈরাগ্য উপস্থিত হয়। সংসারের অনিত্যতা শ্রীকৃষ্ণ একটি উপমা দিয়া এই অধ্যায়ে বুঝাইয়াছেন। বৃক্ষউৎপাটন করিলে সহজেই উহা শুষ্ক হইয়া যায়। এই সংসার-বৃক্ষ সেরূপ নয়। সংসারে যাওয়া আসা বন্ধ করিবার নিমিত্ত একটি রূপকের আশ্রয়ে সিদ্ধান্ত প্রকাশ করিতেছেন। সংসারের মিথ্যাত্ব সিদ্ধি করিয়া অহঙ্কারকে স্বস্বরূপে স্থাপনই এই অধ্যায়ের বিশেষ উদ্দেশ্য।

আমি সেই গূঢ় অভিপ্রায় সহৃদয়তার সহিত বিশদ্ ভাবে বর্ণনা করিতেছি, অবধান করুন। মহানন্দ-সমুদ্রের পরমোল্লাসক পূর্ণিমার অকলঙ্ক চন্দ্র দ্বারকাধীশ শ্রীকৃষ্ণ বলিলেন,—পাণ্ডব, স্বস্বরূপের গৃহাভিমুখে অগ্রসর হইতে এই বিরাট্ বিশ্বাভাসই

প্রধান প্রতিবন্ধক। এই সংসার এক সুবৃহৎ বৃক্ষ। অপর বৃক্ষের ন্যায় নীচে মূল উপরে শাখা বিস্তার নয় বলিয়া ইহাকে বৃক্ষরূপে প্রতীতি হয় না। মূলের দিকে অগ্নি সংযোগ অথবা কুঠারের আঘাত করিলে উপরের দিকে বৃক্ষ যত বৃহৎ বা বিস্তৃত হউক ভূমিতে পতিত হয়। মূল ছিন্ন হইলে শাখা প্রশাখা উহাকে ধরিয়া রাখিতে পারে না। সংসারবৃক্ষ সেরূপ নয়। ইহা ছিন্ন হইবার নয়। হে অর্জ্জুন, অতি রহস্যের কথা এই বৃক্ষের বিস্তার নীচের দিকে! সূর্য্য কত উঁচুতে আছে তাহা জানা না থাকিলেও কিরণ যে নীচের দিকে সুপ্রসারিত তাহা সকলেই অনুভব করে; তদ্রূপ এই আশ্চর্য্যজনক সংসারবৃক্ষ। ইহা কল্পান্তের জলের ন্যায় সর্ব্বব্যাপক। সূর্য্যাস্তের অন্ধকারের ন্যায় ইহার বিস্তার। তবে ইহাতে সুখাদ্য কোন ফল বা সুগন্ধি কোন কুসুম হয় না। উহার মূল উপরের দিকে বলিয়া মনে করিও না উহাকে কেহ উৎপাটিত করিয়া রাখিয়াছে। এই বৃক্ষ সর্ব্বদাই পত্রাদিতে পরিপূর্ণ রহিয়াছে। যদিও বলিয়াছি উপরের দিকে ইহার মূল, নীচের দিকেও যে কিছু মূল না আছে তাহা নয়। ইহার বিশালতায় চারিদিকেই মূল প্রসারিত করিয়াছে, ঠিক্ অশ্বত্থ বৃক্ষের ন্যায়। মধ্যে মধ্যে শাখার বিস্তার, সঙ্গে সঙ্গে মূলের বিস্তার।

হে ধনঞ্জয়, শাখা যে শুধু নীচের দিকেই বিস্তৃত তাহাও নয়, উপরের দিকেও অগণিত শাখা আছে। মনে হয়, আকাশই পল্লবিত, বায়ু বৃক্ষাকারে পরিণত অথবা জাগ্রৎ, স্বপ্ন ও সুষুপ্তি

অবস্থাত্রয় মূর্ত্তি পরিগ্রহ করিয়াছে। ইহার ঊর্দ্ধে কি, মূল কোথায়, অধোমুখতা ও শাখা বিস্তার কি, নিম্ন দিকের মূল ও ঊর্দ্ধে বিস্তৃত শাখার পরিচয়, অশ্বত্থ নামের সার্থকতা, আত্ম-জ্ঞানীর অভিমত প্রভৃতি যাহাতে অনায়াসে তুমি বুঝিতে পার, আমি সেই ভাবে বর্ণনা করিতেছি। হে সুভগ, ইহা তোমারই শ্রবণের যোগ্য। অন্তঃকরণের সহিত সর্ব্বেন্দ্রিয় অবধানময় করিয়া লও। যদুবীর শ্রীকৃষ্ণের এই বাক্যে অবধান যেন অর্জ্জুনরূপে মূর্ত্তিমান হইল। অর্জ্জুনের গগনচুম্বি মনোযোগ এত বৃদ্ধি পাইল যে, তাহার তুলনায় ভগবানের বর্ণনাও অল্প বলিয়া প্রতীতি হয়। শ্রীকৃষ্ণের সিদ্ধান্ত সাগরের নিমিত্ত অর্জ্জুন দ্বিতীয় অগস্ত্যের ন্যায় এক অঞ্জলিতে উহা পান করিতে ব্যগ্র হইল। এই অবস্থা দর্শনে শ্রীকৃষ্ণ অনির্ব্বচনীয় আনন্দে মগ্ন হইলেন।

শ্রীভগবানুবাচ—

ঊর্দ্ধমূলমধঃ শাখমশ্বত্থং প্রাহুরব্যয়ম্।
ছন্দাংসি যস্য পর্ণানি যস্তং বেদ স বেদবিৎ॥ ১॥

তিনি বলিলেন, হে ধনঞ্জয়, এই বৃক্ষের নিমিত্ত ঊর্দ্ধদিকের পরিচয় হয়। ইহার ঊর্দ্ধ, অধঃ মধ্যআদি ভেদ নাই। অদ্বৈত তত্ত্বের সহিত ইহার একতা। অশ্রুতশব্দ, অনাঘ্রাত গন্ধ, রতিভিন্ন আনন্দ, পারাপার রহিত, অগ্রপশ্চাৎহীন, দৃশ্যের অভাবেও দ্রষ্টা, যাহার উপাধিদ্বৈতের সহযোগে নামরূপময় সংসার; জ্ঞাতা ও জ্ঞেয় ভিন্ন কেবল জ্ঞান, সুখের নির্য্যাস,

পরিপূর্ণ গগন মণ্ডল, কার্য্য কারণতার অতীত, দ্বৈতও নয়, অদ্বৈতও নয়, এরূপ আত্মতত্ত্ব বিজ্ঞাতা পরব্রহ্ম পরমাত্মা এই বৃক্ষের ঊর্দ্ধ। ইহার মূল হইতে অঙ্কুর উদ্গম কিরূপে হয়, তাহা বলিব। বাস্তবিক কোন বস্তু না হইয়াও মায়া নামে প্রসিদ্ধ, বন্ধ্যার পুত্রের ন্যায় যে সত্যও নয়, অসত্যও নয়, যাহার স্বরূপ বিচারসহ নয়, অথচ অনাদি, বহুসিদ্ধান্তের পেটারিকা, জগৎ-অভ্রের—মেঘের আকাশ, আকারময় বস্তুর আবরণ বস্ত্র, সংসারবৃক্ষের বীজ, প্রপঞ্চ চিত্রাঙ্কণের ক্ষেত্র, বিপরীতজ্ঞানের প্রকাশক প্রদীপ এই মায়া, ব্রহ্মের সমীপে নাই বলিয়াই প্রতীতি হয়। ইহা দ্বারা ব্রহ্মেরই প্রভাব প্রকাশিত হয়। নিদ্রা মোহিত করে,—দীপশিখায় কজ্জল হয়, ঘুমের সময় নিকটে শায়িত তরুণী প্রিয়তমকে জাগাইয়া আলিঙ্গন বিনাও আলিঙ্গিত হয় এবং কামবাসনা জাগ্রত করায়। সেইরূপ মায়া ব্রহ্মে অবস্থান করে। হে ধনঞ্জয়, স্ব-স্বরূপের অজ্ঞানই এই সংসার-বৃক্ষের আদি মূল। ব্রহ্মস্বরূপের আত্ম-মায়াই ইহার ঊর্দ্ধভাগে ঘনীভূত কন্দ। ইহাকেই বেদান্তে সংসারবীজ বলা হয়। ঘোর অজ্ঞানের সুষুপ্তিই বীজাঙ্কুরভাব এবং স্বপ্ন ও জাগৃতি উহার ফলভাব এরূপ বলা যায়; বেদান্তে এরূপ সিদ্ধান্ত আছে। সম্প্রতি বুঝা গেল, সংসারবৃক্ষের মূল অজ্ঞান। উহার ঊর্দ্ধে নির্ম্মল আত্মা এবং চারিদিকে মায়ার আলবাল; উহা হইতে চারিদিকে মূল বিস্তৃত। প্রথমতঃ বিভিন্ন সন্দেহরূপে ইহারা ছড়াইয়া পড়ে এবং চারিদিকে অঙ্কুরিত হইয়া

নীচে বিস্তৃত হয়। এইরূপে সংসারবৃক্ষের মূল উপরের দিক্ হইতে বৃদ্ধি পাইলে নীচের দিকে অঙ্কুর উদ্‌গত হয়। উহার প্রথম জ্ঞানবৃত্তি-মহৎতত্ত্ব এক কোমল বিলসিত-পত্র। সত্ত্ব, রজঃ ও তমোময় অহঙ্কারের ত্রিপত্রযুক্ত অঙ্কুর নীচের দিকে বিস্তৃত। বুদ্ধিশাখাবলম্বনে উহা বিবিধ ভেদাঙ্কুরের বিস্তার করে। উহারা পুষ্ট হইলে মনের বৃহৎশাখা বহির্গত হয়। মূল হইতে তাহার দৃঢ়তা এবং ভেদময় কোমলরসে অন্তঃকরণ চতুষ্টয়ের শাখা বিস্তার হয়। আকাশ, বায়ু, তেজ, জল এবং পৃথ্বী এই পঞ্চ মহাভূতের সুন্দর সরল নবাঙ্কুর উদ্‌গমে উহা হইতে শ্রবণাদি ইন্দ্রিয় ও ভোগ্য রূপ, রসাদি বিষয়, কোমল ও বিচিত্র পত্র জন্মায়। শব্দাঙ্কুর প্রকাশ মাত্র শ্রবণেন্দ্রিয় অগ্রসর হইয়া শ্রবণেচ্ছা পূর্ণ করে। স্পর্শাঙ্কুরের দিকে ত্বগিন্দ্রিয়পত্রে নব নব নানাবিধ বিকার উৎপন্ন করে। রূপের পত্রবিকাশে চক্ষু প্রসারিত হইয়া বিশেষ করিয়া মোহ উৎপন্ন করে। রসের শাখার বৃদ্ধির সহিত স্বাদেচ্ছারও অনেক পল্লব জন্মে। গন্ধের অঙ্কুরের সহিত ঘ্রাণের শাখা খুব দৃঢ় হয় এবং লোভ সমুদয় আসিয়া উপস্থিত হয়। মহত্তত্ত্ব, অহংবুদ্ধি, মন এবং মহাভূত পঞ্চক এই সংসারের সীমান্ত পর্য্যন্ত বিস্তৃত হইতে থাকে। সংসার এই আট প্রকারেই বিস্তৃত। শুক্তিতে রৌপ্যভ্রমের ন্যায় এবং তরঙ্গের সহিত সমুদ্রের বিস্তারের ন্যায় ব্রহ্মকেই অজ্ঞানমূল সংসারের স্বরূপ দেখা যায়। স্বপ্ন-দৃষ্ট সকল বস্তুই স্বপ্ন-দ্রষ্টা নিজে। ব্রহ্মও স্বয়ং এই জগৎ-আকার ধারণ

করিয়াছেন। মহত্তত্ত্বাদি অঙ্কুর ও নীচে বিবিধ শাখাযুক্ত এক অভিনব বৃক্ষ। জ্ঞানীরা ইহাকে অশ্বত্থ কেন বলেন তাহা বলিতেছি। "অ+শ্ব+ত্থ" ইহার অর্থ পরদিন প্রাতঃকালে যে একরূপ থাকে না। অতি অল্প সময়ের মধ্যে মেঘ নানা বর্ণ ধারণ করে, বিদ্যুৎ এক পলকও দাঁড়ায় না; কম্পিত কমলদলে জলের মত অস্থির, ব্যাকুল মানুষের চিত্তের মত চঞ্চল, এই সংসারবৃক্ষ। ক্ষণে ক্ষণে ইহার ধ্বংস হয়, এই নিমিত্ত ইহাকে অশ্বত্থ বলা হইয়াছে। অশ্বত্থ শব্দ দ্বারা সাধারণতঃ যে বৃক্ষকে বুঝায় শুধু ঐটুকুই শ্রীহরির অভিপ্রেত নয়। বিষয়সংসারকে বৃক্ষ বলিয়া বর্ণনা করিলে আমাদের নিকট ভালই বোধ হইবে, কিন্তু ভগবানের এই শব্দ প্রয়োগে কিছু বিশেষ অভিপ্রায় বুঝিতে হইবে। অলৌকিক গ্রন্থের তাৎপর্য্য বুঝা যায় না। সংসারকে ক্ষণিকতার নিমিত্তই অশ্বত্থ বলা হইয়াছে। ইহার অবিনাশিতারও প্রসিদ্ধি আছে। "অ+শ্ব+ত্থ" অর্থাৎ শুধু কাল পর্য্যন্ত যে থাকে না—অনেক দিন থাকে, তবে উহার ভিতরকার কথা এই যে, সমুদ্র একদিকে বাষ্পাকারে শুষ্ক হইয়া যায়—অন্যদিকে নদী দ্বারা পূর্ণ হয়, ইহাতে সর্ব্বদাই সে পূর্ণ থাকে। কখনও অল্পতা বা বৃদ্ধি হয় না। যতদিন মেঘ ও নদীর আদান প্রদানের পরিচয় না হয়, ততদিন এই ক্রম থাকিবেই। সংসার বৃক্ষের উৎপত্তি ও নাশ এত তাড়াতাড়ি ঘটে যে, উহা বুঝা যায় না। তাই সংসারকে অব্যয় বলিয়া মনে হয়।

দানশীলের খরচের তালিকা দেখিলে মনে হয় যে, তিনি

বহু অর্থশালী ও সঞ্চয়ী। এই বৃক্ষেরও নিরন্তর ব্যয় দেখিয়া ইহাকে অব্যয় বলিয়া মনে হয়। বেগে ধাবিত রথচক্র ভূমি স্পর্শ করিল কিনা বুঝা যায় না। সেইরূপ জীবশাখা কালপ্রভাবে নষ্ট হইতে না হইতে নবাঙ্কুর উদ্গম হয়। আষাঢ় মাসের মেঘের মত কোথা দিয়া একটি যায়, কোথা হইতে একটি আসে, কিছু বুঝা যায় না। মহাকল্পান্তরে সৃষ্টি ধ্বংস হইলে পুনরায় নব সৃষ্টি বিস্তার হয়, প্রচণ্ড প্রলয় বায়ুতে প্রলয়ান্ত হইয়া গেলে নবকল্পের সূচনায় নবপত্র প্রকাশ হয়, ইক্ষুর বৃদ্ধির সহিত গাঁট বাড়িতে থাকে, এক মনুর পর অপর মনু আগমন করেন, বংশের পর বংশোত্তর উৎপন্ন হয়। কলিযুগের অন্তে পুরাণ চতুর্যুগের বল্কল পড়িয়া গেলে কৃতযুগের নব বল্কল জন্মায়। বর্ত্তমানবর্ষের শেষ হইতেই নববর্ষের আরম্ভ হয়। বায়ু তরঙ্গের আগাগোড়া পাওয়া যায় না। সেইরূপ এই সংসারের অনন্ত শাখার উত্থান পতন অবর্ণনীয়। এক দেহাঙ্কুর নষ্ট হইতে না হইতে অগণিত দেহাঙ্কুর উৎপন্ন হয়। এই ভাবে ইহাকে অব্যয় বলিয়া প্রতীতি হয়। প্রবাহের জল নিরন্তর অগ্রসর হইয়া চলিলেও পশ্চাৎ হইতে ক্রমাগত পুষ্টিলাভ করিয়া স্থির বলিয়াই প্রতীয়মান হয়। সংসারের স্থিরতাও সেইরূপ। পলকে সমুদ্রের তরঙ্গ সহস্রবার উঠে সহস্রবার পড়ে—অজ্ঞানী লোক উহাই নিত্য বলিয়া মনে করে। কাকের একটি অক্ষিগোলককেই দুইচক্ষু মনে হয়। লাটিম বেগে ঘূর্ণিত হয় বলিয়া ভূমির উপর স্থিরভাবে দণ্ডায়মান। বেগের আধিক্যে সংসারের উৎপত্তি বা লয়ও ধরা পড়ে না।

অন্ধকারে জ্বলন্ত শিখা ভ্রামিত করিলে চক্রাকার মনে হয়। সংসারের প্রতিক্ষণে উৎপত্তি ও লয়ের কথা ভুলিয়া মানুষ উহাকেই অব্যয় বলিয়া ধরিয়া লয়। ইহার বেগের সহিত পরিচিত ব্যক্তি ক্ষণিক এবং নিমেষে সহস্রবার উৎপন্ন ও বিনষ্ট বলিয়াই ইহাকে জানে। অজ্ঞানভিন্ন ভব-বৃক্ষের মূলে কি আছে? বাস্তবদৃষ্টিতে ইহার অস্তিত্ব মিথ্যা। এই ক্ষণিকতার সহিত পরিচিতকে হে পাণ্ডব, আমি জ্ঞানী মনে করি। সে-ই বেদের বাক্যে বন্দনীয়। সে-ই যোগসম্পত্তি লাভ করিয়াছে। অধিক বলিব কি, জ্ঞান তাহার নিমিত্তই জীবন ধারণ করে। এই জ্ঞানীর বর্ণনা করে কাহার সাধ্য? ১॥

অধশ্চোর্দ্ধ্বং প্রসৃতাস্তস্য শাখা
গুণপ্রবৃদ্ধা বিষয়প্রবালাঃ।
অধশ্চ মূলান্যনু সন্ততানি
কর্ম্মানুবন্ধীনি মনুষ্যলোকে ॥২॥

অধোমুখ এই প্রপঞ্চ বৃক্ষের বহুশাখা উপরের দিকেও প্রসারিত। পূর্ব্বে আমি বলিয়াছি যে নীচের দিকে প্রসারিত শাখাপল্লবাদি পরিশোভিত হইয়া মূলরূপে পরিণত হয়—এখন সরল ভাবে উহা বুঝাইয়া দিতেছি। অজ্ঞানমূল দৃঢ় হইলেই বেদের বিরাট্ বনের শোভার সহিত মহত্তত্ব প্রভৃতির প্রকাশ হয়। উহার মুল হইতে প্রথম স্বেদজ, জরায়ুজ, উদ্ভিদ এবং অণ্ডজ জীবের বিরাট্ শাখাচতুষ্টয় বিস্তৃত হয়। উহাদের এক

এক শাখায় চতুরশীতি লক্ষ প্রশাখা জন্মে। সরল শাখা হইতে তির্য্যক্ শাখার উদ্গম হয়। স্ত্রী, পুরুষ, নপুংসকভেদে স্বাভাবিক বিকৃতির ভারে শাখা নত হইয়া আন্দোলিত হয়। বর্ষাকালে মেঘের ন্যায় অজ্ঞান সকলকেই আবৃত করে। শাখাগুলি পরস্পর আন্দোলিত হইয়া গুণক্ষোভের বায়ু উৎপন্ন করে। গুণের অপারিমিত ক্ষোভে এই বৃক্ষ তিন স্থানে ফাটিয়া যায়। রজোগুণে অত্যন্ত আন্দোলিত হইলে মনুষ্য জাতির শাখা উচ্চ হয়। উহা উপরেও নয়, নীচেও নয়, মধ্যস্থলে অবস্থান করে। উহাতে চারি বর্ণের শাখা বিস্তার হয়। বেদের বিধিনিষেধ বাক্যের অপূর্ব্ব পল্লব অঙ্কুরিত হইয়া উঠে। অর্থ ও কামের নবপল্লব দেখা দেয়। প্রবৃত্তি মার্গের বৃদ্ধির সহিত শুভ ও অশুভ কর্ম্মের অগণিত ক্ষুদ্র শাখাও দেখা যায়। এইভাবে পূর্ব্বভোগ ক্ষীণ হইলে শরীরের শুষ্কশাখা পতিত হইয়া নবদেহপ্রাপ্তির সূচনা করে। মনোমুগ্ধকরশব্দ ও স্বাভাবিক মোহের বিবিধ বিষয়ের নবপল্লব জন্মায়। রজোগুণের প্রবল বায়ুতে মনুষ্য জাতির শাখাগুলি বৃদ্ধিপ্রাপ্ত হয়। উহাই মর্ত্ত্য বা মনুষ্যলোক। ক্ষণেকের নিমিত্ত রজোগুণের বেগ মন্দ হইয়া আসিলে তমোগুণের প্রবলবায়ু প্রবাহিত হইয়া মনুষ্য শাখার নীচে কুকর্ম্মের শাখায় বাসনার পল্লব জন্মে। কুমার্গের অঙ্কুর উদ্গত হয় এবং প্রমাদের পত্র, পল্লব ও শাখার বিস্তার হয়। সাম ও যজুর্ব্বেদোক্ত নিষেধ বাক্যের অগ্রভাগে স্থিত এই পল্লব। অপরের পীড়াদায়ক মারণাদি অভিচার প্রতিপাদকশাস্ত্র বাসনার অনুরূপ অকর্ম্ম ও

বারংবার জন্ম মৃত্যুর শাখা বৃদ্ধি পায়। কর্ম্মভ্রষ্ট হইয়া জীব ভ্রম প্রযুক্ত নীচ জাতিতে, পশু, পক্ষী, শূকর, ব্যাঘ্র, বৃশ্চিক সর্পাদির যোনিতে জন্মগ্রহণ করে ও সেই শাখার গুচ্ছ বৃদ্ধি করে। এই শাখায় নিত্যনূতন নরকের ফল ফলে।

হিংসা বিষয়ে প্রবৃত্তির উদয় এবং কুকর্ম্ম অঙ্গ দ্বারা যে জন্ম লাভ উহারও অঙ্কুর দেখা দেয়। তরু, তৃণ, লৌহ মৃত্তিকা, প্রস্তররূপের শাখায় অনুরূপ ফল লাভ হয়—হে অর্জ্জুন, মনুষ্য হইতে স্থাবর পর্য্যন্ত এইভাবে শাখা বিস্তৃত। মনুষ্য-শাখার নীচের শাখাকেই এই সংসার বৃক্ষের মূল বলিয়া জানিবে। উহা হইতেই এই সংসার। হে পার্থ, উপরের দিকে চাহিয়া মুখ্য মূলে দৃষ্টি করিলে নীচের শাখাকে মধ্যস্থ বলিয়া মনে হইবে। তামসী, সাত্ত্বিক অথবা ভালমন্দ মিশ্রিত অঙ্কুর নীচেই জন্মে। হে অর্জ্জুন, বেদত্রয়-পত্র শুধু মনুষ্যজাতির শাখায় জন্মে যেহেতু তাহারাই বেদবিধির অধীন। মানব দেহের মূল উপরের দিকে থাকিলেও ইহাই কর্ম্মবৃদ্ধির হেতু। শাখার সহিত যোগে মূলের দৃঢ়তা হয়। যে দিকে মূল দৃঢ়, সেই দিকেই বৃক্ষ বিস্তৃত হয়। এই দেহেরও কর্ম্মের সহিত বৃদ্ধি। দেহ লাভ করিয়া কর্ম্ম ত্যাগ করাও সম্ভব নয়। জগৎপিতা শ্রীকৃষ্ণ বলিলেন—পার্থ, মনুষ্য দেহই যে অপর কর্ম্মময় শাখার মূল ইহা অস্বীকার করা যায় না। তমোগুণের গাঢ় অন্ধকার দূর হইয়া সত্ত্বগুণের বাতাস প্রবাহিত হইলে নরদেহাশ্রয়েই সৎবাসনার অঙ্কুর এবং সুকৃতির নবপল্লব দেখা দেয়। জ্ঞানবৃদ্ধির সহিত প্রজ্ঞাকৌশলের

তীক্ষ্ণ শাখা বিস্তৃত হয়। বুদ্ধির দীর্ঘ-শাখা স্ফূর্ত্তির বলে দৃঢ় এবং বুদ্ধি বলে বিবেক পর্য্যন্ত প্রসারিত। বুদ্ধিরসে পুষ্ট শ্রদ্ধার পত্র ও সুশোভিত দীর্ঘ সদ্‌বৃত্তির অঙ্কুর। সদাচারের বহু নবপত্র জন্মিয়া বেদ বাক্য ধ্বনির দ্বারা 'সন্ সন্' শব্দ করে। শিষ্টাচার ও যজ্ঞাদি কর্ম্মময় বহু পত্রও উহাতে জন্মে। যম, নিয়মের গুচ্ছযুক্ত তপস্যার শাখা বৃদ্ধি পাইয়া প্রেমভরে বৈরাগ্য শাখার সহিত সংলগ্ন হয়। বিশিষ্টব্রতের বৃহৎ শাখা ধৈর্য্যের সহিত যুক্ত হইয়া জন্মমৃত্যুর বেগের উপরে যায়—মধ্যস্থলে অবস্থিত বেদময় পত্রসমূহ সুবিদ্যার বাতাসে সত্ত্বগুণের উদয় কালে ঝির্ ঝির্ নড়িতেই থাকে। ধর্ম্মময় শাখা হইতে জন্মের সরল প্রশাখা বহির্গত হয়, উহার ফল স্বর্গাদি সুখ। উপরতির লোহিতবর্ণরঞ্জিত ধর্ম্ম ও মোক্ষ শাখার পত্র নিত্যনূতন ভাবে বৃদ্ধি পায়।

চন্দ্র, সূর্য্য, গ্রহ, পিতৃগণ, ঋষি, বিদ্যাধর প্রভৃতির শাখা প্রশাখা এবং উহা হইতে উচ্চতর গুহ্যফলের গুচ্ছ হইতে ইন্দ্রাদির মহাশাখা উৎপন্ন হয়। উহারও উপরে তপোধন ঋষিগণের শাখা। মরীচি, কশ্যপ প্রভৃতি সেই উপরের শাখায় আছেন—এইভাবে শাখার উপর শাখা জন্মায়। ঊর্দ্ধ-শাখার বিস্তার মূলে অল্প, কিন্তু অগ্রভাগে শ্রেষ্ঠ ফলদায়ক। ইহারও উপরের শাখায় ব্রহ্মা ও শঙ্কররূপ অঙ্কুর। ফলে ফলে বৃক্ষশাখা হেলিয়া মূলের সহিত মিলিত হইতে চায়। হে পাণ্ডব, জ্ঞানবৃদ্ধির শাখা সংসারের মূল পর্য্যন্ত সেইভাবে হেলিয়া পড়ে। কিন্তু ব্রহ্মা ও শিবের পর আর জীবগণের বৃদ্ধি হয় না। উহার পর কেবল ব্রহ্মই

আছেন। তাহা হইলেও ব্রহ্মাদি সামর্থ্যে ব্রহ্মের সহিত তুলিত হইতে পারেন না। উচ্চ শাখাস্থিত প্রসিদ্ধ সনকাদি ফল বা মূল স্পর্শ করিয়া ব্রহ্মময় হইয়া আছেন। মনুষ্য হইতে ব্রহ্মলোক পর্য্যন্ত শাখাবিস্তার। ব্রহ্মাদির শাখার মূলেও মনুষ্য, এই নিমিত্তই আমি নীচের দিকে মূল বলিয়াছি। ঊর্দ্ধমূল এই সংসার-বৃক্ষের উপরে ও নীচে উভয়দিকেই অগণিত শাখার বিস্তার। ইহা অলৌকিক। আরো যে বলিয়াছি নীচের দিকেও মূল প্রসারিত, উহার তাৎপর্য্যও বলিব। এখন এই বৃক্ষকে উৎপাটিত করিবার উপায় শ্রবণ কর ॥২ ॥

ন রূপমস্যেহ তথোপলভ্যতে নান্তো নচাদির্নচ সংপ্রতিষ্ঠা।
অশ্বত্থমেনং সুবিরূঢ়মূলমসঙ্গশস্ত্রেণ দৃঢ়েন ছিত্বা ॥ ৩ ॥

হে কিরীটি, মনে করিতে পার, এই বৃহৎ বৃক্ষ কি প্রকারে উৎপাটন সম্ভব হয়? উপরের শাখা ব্রহ্মলোকে ব্যাপ্ত এবং মূল নিরাকার ব্রহ্মে। নীচেও বহু শাখা, মধ্যভাগে মনুষ্য জাতির দ্বিতীয় মূল। এই দৃঢ় ও বিস্তৃত বৃক্ষের বিনাশ কে করিবে? এরূপ কল্পনা মনে স্থান দিওনা। ইহার উৎপাটনে এমন কি পরিশ্রম? বালকের ভূতের ভয় দূর করা কি খুব কঠিন কাজ? গগনতলে কল্পিত অভ্রময় দুর্গকে কি আক্রমণ করিয়া চূর্ণ করিতে হয়? শশকের শৃঙ্গ কি ভাঙ্গিতে হয়? আকাশ পুষ্পের অস্তিত্ব থাকিলেই না উহা চয়ন করিবার কথা উঠিতে পারে! হে বীর, সংসার সত্য সত্যই কোন বৃক্ষ নয়, তবে আর উহার উৎপাটনে

কি পরিশ্রম ? আমি শাখা ও মূলের কথা যাহা বলিয়াছি উহা বন্ধ্যার ঘরভরা ছেলের কথার মতই জানিবে। স্বপ্নের কথা কোন্ কাজে আসে ? এই সংসার বৃক্ষের কথাও তদ্রূপ নির্ম্মূল। আমার বর্ণনানুরূপ দৃঢ় মূল বিস্তৃত শাখা সমন্বিত বৃক্ষ সত্য হইলে কোন্ মায়ের ছেলে উহা উৎপাটন করিতে সমর্থ ? ফুৎকারে আকাশকে উড়াইয়া দেওয়া যায় কি ? হে ধনঞ্জয়, আমি মায়ারই বর্ণনা করিয়াছি। যেমন রাজাকে কচ্ছপের ঘৃতের তৈরী জলখাবার দিয়াছে বলিলে অসম্ভব কথাই বলা হয় কেননা কচ্ছপের দুগ্ধই হয় না, তাহার আবার ঘৃত হইবে কিরূপে ? মৃগজলের সরোবর দূর হইতেই দেখা যায়। ধান্য বা কদলী বৃক্ষের দ্বারা কাষ্ঠের কার্য্য হয় না। মূল অজ্ঞানই মিথ্যা উহার কার্য্য কিরূপে সত্য হইবে ? সংসার বৃক্ষ নিশ্চয়ই মিথ্যা। তবে উহাকে অনন্ত বলিয়া যে বলা হইয়াছে একদিক্ দিয়া সেই কথাও যথার্থ। চৈতন্য না হওয়া পর্য্যন্ত নিদ্রার শেষ হয় কি ? রাত্রি শেষ হওয়ার পূর্ব্বেই প্রভাত হইতে পারে ? হে পার্থ, সেইরূপ বিবেক উদয় না হওয়া পর্য্যন্ত এই সংসার বৃক্ষের শেষ হয় না। বায়ু স্তব্ধ না হওয়া পর্য্যন্ত উহার তরঙ্গকে অনন্তই বলিতে হয়, সূর্য্যাস্তের সঙ্গে সঙ্গে মৃগজলের আভাস দূর হইয়া যায়। প্রদীপ নির্ব্বাণে প্রভাও নষ্ট হয়। মুল অজ্ঞানের বিনাশে জ্ঞানের প্রকাশ হইলে সংসার বৃক্ষ শেষ হইয়া যায়। এই বৃক্ষকে অনাদি বলা হইয়াছে, উহা পূর্ব্বোক্ত অভিপ্রায় অনুসারে মিথ্যা নয়। সংসার বৃক্ষে কিছুমাত্র সত্যতা নাই। যাহার

অস্তিত্বই নাই, তাহার আরম্ভ কিরূপে সম্ভব? সত্য উৎপত্তির স্থানকে আদি বলা যায়। বস্তুতঃ যাহার উৎপত্তিই নাই, তাহা আদি কিরূপে নির্দ্ধারিত হইবে? যাহার জন্ম হয় নাই ব অস্তিত্ব নাই, তাহার মাতা কে? ইহার জন্ম হয় নাই বলিয় অনাদি বলা হয়। বন্ধ্যা পুত্রের জন্ম পত্রিকা কিরূপে নির্ম্মা করা যায়? আকাশে নীলবর্ণ কল্পনাকে সত্য বলা যায় কিরূপে আকাশ কুসুমের বৃন্ত ছিন্ন করিতে কে সমর্থ? ঘটের উৎপত্তি বিনাই ঘটের প্রাগভাব সিদ্ধ হইয়া থাকে তদ্রূপ এই সম্পূ বৃক্ষটিকে অনাদি অভাব বলিয়া বুঝিবে। হে অর্জ্জুন, ইহার আদি অন্ত নাই। মধ্যেই ইহার অস্তিত্ব প্রতীতি হয়, উহাও মিথ্যা মৃগজল কৈলাস পর্ব্বত হইতে পতিত হয় না বা সমুদ্রে যাইয়া মিলিত হয় না, শুধু মধ্যে মধ্যে মিথ্যা প্রতীতি হয়। সংসারেরও আদি বা অন্ত নাই, উহা কখনও সত্যও নয়, শুধু মিথ্যাশ্রয়ে প্রতিভাত হয় মাত্র। ইন্দ্রধনু বহুবর্ণে বিচিত্র দেখা যায়, তদ্রূপ এই বৃক্ষ অজ্ঞানে সত্যের ন্যায় প্রতিভাত হয়। সংসার বহুরূপীর ন্যায় অজ্ঞানীকে ভ্রমে ফেলে। আকাশে না থাকিলেও নীলব দেখা যায়। সংসার না থাকিলেও প্রতিক্ষণে উৎপন্ন ও বিলীন বোধ হয়। স্বপ্ন মিথ্যা বলিয়া কি এক প্রকার হয়, তাহা হয়না? এই আভাসও ক্ষণ মধ্যে বিলীন হয়। ইহার অস্তিত্ব সরোবরে চন্দ্রের প্রতিবিম্বের ন্যায়, উহা ধরিতে গেলে, প্রতিবিম্বকে সত্য মনে করিলে, সত্যকে ধরা যায় না। সমুদ্রের তরঙ্গ হইতেও অতি দ্রুততর ইহার উৎপত্তি ও লয়। ইহার সহিত চঞ্চলতায়

বিদ্যুৎ পরাজিত হয়, গ্রীষ্মকালের অন্তে বায়ুর পরিবর্ত্তন নিশ্চিত। সংসার মহাবৃক্ষেরও পরিবর্ত্তন সুনিশ্চিত। এই বৃক্ষের আদি, অন্ত, স্থিতি বা রূপ নাই। তবে উহার উৎপাটনে কি পরিশ্রম? যে না জন্মিয়াও অজ্ঞান হেতু বৃদ্ধি পাইয়াছে, হে কিরীটি, উহাকে আত্মজ্ঞানের শস্ত্রদ্বারা বিনাশ কর। জ্ঞান ভিন্ন অপর কোনো উপায়ে ইহাকে নষ্ট করিতে পারিবে না, বরং ইহার মূল দৃঢ় হইবে। উহার উচ্চ ও নিম্ন শাখায় ভ্রমণ করিতে থাকিবে। অতএব মূল অজ্ঞানকে যথার্থ জ্ঞান দ্বারা কর্ত্তন কর। রজ্জু সর্প বলিয়া প্রতীতি জাগাইলে উহাকে বিনাশ করিবার জন্য দণ্ড অন্বেষণ করা বৃথা। মৃগজলের পরপারে যাইবার নিমিত্ত নৌকা খুঁজিয়া সত্য সত্য বনের প্রান্তে জলে ডুবিয়া যাইতে পারে; তদ্রূপ মিথ্যা সংসার নাশের নিমিত্ত অন্য উপায় অন্বেষণ করিতে করিতে মানুষ নিজেরই অনিষ্ট করিয়া অধিকতর ভ্রমে পতিত হয়। হে ধনঞ্জয়, স্বপ্নে প্রাপ্ত আঘাতের ঔষধ জাগ্রৎ ভিন্ন আর নাই— অজ্ঞান মূল সংসারেও একমাত্র শস্ত্র জ্ঞান। বৈরাগ্য বলে বুদ্ধি পরিপুষ্ট হইলে এই শস্ত্র অনায়াসে চলিতে পারে। বৈরাগ্য উদয় মাত্র ধর্ম্ম, অর্থ ও কামনাকে কুকুরের বান্তের ন্যায় ঘৃণ্য বলিয়া ত্যাগ করিতে হইবে। হে পাণ্ডব, সর্ব্বত্র বৈরাগ্য চাই। দেহাভিমানের কোষ হইতে 'আমি আত্মা' এই জ্ঞানের শস্ত্র লইয়া বিবেকের প্রস্তরে শানিত করিয়া লও। তখন 'ব্রহ্মাস্মি' জ্ঞানের তীক্ষ্ণ শস্ত্র আত্মজ্ঞানের তৈলাক্ত পদার্থ লাগাইয়া হাতে তুলিয়া লও; তুই একবার নিশ্চয় বুদ্ধির মুষ্টি

দ্বারা উহা পরীক্ষা করিয়া শুদ্ধ মননের ওজন বুঝিয়া লইবে। জ্ঞান-শস্ত্র ও তুমি, নিদিধ্যাসনে এক বুঝিলে প্রহারের আর অপর চেষ্টা বাকী থাকিবে না। এইরূপ আত্মজ্ঞানের শস্ত্র অদ্বৈত জ্ঞানের সার, উহা সংসার বৃক্ষকে জীবিত রাখে না। শরতের বায়ু আকাশের মেঘ উড়াইয়া নেয়, সূর্য্য উদিত হইয়া অন্ধকার ধ্বংস করে, জাগৃতির সহিত স্বপ্নের ঘোর কাটিয়া যায়। আত্মানুভবের সুতীক্ষ্ণ শস্ত্রেও সংসার বৃক্ষের নাশ হয়। চন্দ্রালোকে মৃগজলের ভ্রম হয় না। সেই অবস্থায় উচ্চ নীচ, শাখা, প্রশাখার গণনা থাকে না। হে বীরশ্রেষ্ঠ, আত্মজ্ঞানের খড়্গদ্বারা ঊর্দ্ধমূল অশ্বত্থ সংসার ছেদন কর। ৩।

ততঃ পদং তৎ পরিমার্গিতব্যং
যস্মিন্ গতা ন নিবর্ত্তন্তি ভূয়ঃ।
তমেব চাদ্যং পুরুষং প্রপদ্যে
যতঃ প্রবৃত্তিঃ প্রসৃতা পুরাণী ॥ ৪ ॥

ইদং—এই বৃত্তির পর যে অহংতা রহিত প্রসিদ্ধ রূপ আছে, সেই স্ব স্বরূপ নিজেরই দেখিতে হইবে। মূঢ় লোক দর্শনে একরূপকেই ভিন্নভাবে দর্শন করে, তদ্রূপ আত্ম স্বরূপকে ভিন্ন বলিয়া দেখিবে না। হে বীর, জলস্রোত দ্বারা কূপ পরিপূর্ণ করিবার ইচ্ছা করা মাত্রই উহা পূর্ণ হইয়া যায়। জল শুষ্ক করিয়া সূর্য্যের কিরণ সূর্য্য বিম্বেই আশ্রয় লয়। ঘটাকাশ মহাকাশেই মিলিত হয়। ইন্ধনাংশ শেষ হইলে অগ্নি নিজ-

স্বরূপ-ময় হইয়া যায়। রসনা নিজেরও আস্বাদ লয়, চক্ষু নিজেরও রূপ দেখে। আত্মস্বরূপ দর্শনও তদ্রূপ। নিশ্চয় বলিতেছি দ্রষ্টা না হইয়াও দর্শন করা চাই, কোন বস্তুর জ্ঞাতা না হইয়া জ্ঞান লাভ চাই, সেই আদি পুরুষ যাহার সম্বন্ধে বেদও উপাধির আশ্রয়, নাম রূপের বর্ণনা করে, মুমুক্ষু ব্যক্তি সংসার ও স্বর্গ ত্যাগপূর্ব্বক যোগ জ্ঞানের আশ্রয়ে অপুনরাবর্ত্তনের প্রতিজ্ঞা করিয়া বহির্গত হয়, বিরক্ত-জন সংসার জয়পূর্ব্বক ব্রহ্মলোকময় কর্ম্ম পর্ব্বতও উল্লঙ্ঘন করিয়া অগ্রসর হয়, জ্ঞানী অহংতা প্রভৃতি সমুদয় বৃত্তি ছাড়িয়া আশ্রয় অন্বেষণ করে, যাহা হইতে এই সংসার দুর্ভাগার রসশূন্য আশা বৃদ্ধির ন্যায় প্রকাশ, যাহার অজ্ঞানে মহান্ সংসারের জ্ঞান এবং জগতে অলীক "আমি তুমি" ভাবের ব্যবহার, সেই আদ্য বস্তুতে নিজেকেও দেখা প্রয়োজন। শীতের সময় দেখা যায়, একখণ্ড কুয়াসা বিরাট্ কুয়াসায় লীন হয়। ইহাও তদ্রূপ 'হে ধনঞ্জয়' উহার একটি বিশেষত্ব, উহাতে একবার মিলিত হইয়া পুনরাবর্ত্তন হয় না। জ্ঞানে যে ব্যক্তি সর্ব্বত্র একদৃষ্টি লাভ করিয়াছে, মহাপ্রলয়ে যেমন জল ভিন্ন কিছু থাকে না সেইরূপ সে তাঁহার সহিত মিলিত হইতে পারে। ৪।

নির্ম্মানমোহা জিতসঙ্গদোষা
অধ্যাত্মনিত্যা বিনিবৃত্তকামাঃ।
দ্বন্দ্বৈর্বিমুক্তাঃ সুখদুঃখ সংজ্ঞৈ
র্গচ্ছন্ত্যমূঢ়াঃ পদমব্যয়ং তৎ ॥ ৫ ॥

অদ্বৈত ভাব প্রাপ্ত ব্যক্তির অবস্থা শ্রবণ কর। বর্ষান্তে মেঘ আকাশ ছাড়িয়া চলিয়া যায়, সেইরূপ তাহার মনের কোণেও মোহ এবং মান থাকে না। অত্যন্ত দরিদ্র লোক আত্মীয়ের শত তিরস্কার শুনিয়াও অন্যত্র যাইতে পারে না, দরিদ্রতার মত ইহার বন্ধন নাই। একবার ফল দিয়াই ক্ষান্ত কদলীবৃক্ষের ন্যায় আত্মস্বরূপ লাভে তাহার সকল ক্রিয়া একবার প্রবল হইয়া ধীরে ধীরে বন্ধ হইয়া যায়। বৃক্ষকে অগ্নিদগ্ধ দেখিয়া পক্ষী এদিক্ ওদিক্ চলিয়া যায়, সেইরূপ তাহার দর্শনে বিকল্প দূর হইয়া যায়।

সে তৃণের ন্যায় তুচ্ছ দোষ উৎপাদক পৃথিবীর ভেদ বুদ্ধিহীন। সূর্য্যোদয়ে রাত্রির ন্যায় তাহার দেহাভিমান ও অবিদ্যার অভাব। পরমায়ুরহিত ব্যক্তির দেহত্যাগের মত মোহজনক দ্বৈত-ভাব সে ছাড়িয়া দেয়। স্পর্শমণি লৌহ স্পর্শের সৌভাগ্য পায় না, সূর্য্য অন্ধকার দেখিতে পায় না, তদ্রূপ সেই ব্যক্তিরও দ্বৈতবুদ্ধির দারিদ্র্য। সুখ দুঃখের দ্বন্দ্ব তাহার সম্মুখীন হয় না। স্বপ্নের রাজ্য বা মৃত্যু জাগ্রত হইলে হর্ষ বা শোক উৎপন্ন করে না, গরুড় কখনও সর্পের নিকট পরাভূত হয় না। সুখ দুঃখ পাপ পুণ্যও পূর্ব্বোক্ত ব্যক্তিকে বশীভূত করিতে পারে না। সেই বিবেকী পরমহংস অনাত্ম-জল ত্যাগ পূর্ব্বক আত্মরসময় দুগ্ধ পান করে। বর্ষণের পর পুনরায় জল আকর্ষণে সূর্য্যের ন্যায় আত্মভ্রমে অনেক বস্তুরূপে বিস্তৃত ব্রহ্মকে জ্ঞানদৃষ্টি দ্বারা সে এক করিয়া লয়। গঙ্গায় সমুদ্র-প্রবেশের

ন্যায় তাহার বিবেক আত্ম-নিশ্চয়ে ডুবিয়া থাকে। ইতস্ততঃ গমনাগমন রহিত আকাশের ন্যায় তাহার কোন অভিলাষ বাকী থাকে না। অগ্নিময় পর্ব্বতে বীজের অঙ্কুরোদ্গম অসম্ভব; তাহারও মনের বিকার হওয়া অসম্ভব। মন্দরাচল তুলিয়া লইলে মথিত ক্ষীর সমূদ্র নিশ্চলভাব ধারণ করিয়াছিল জ্ঞানীর হৃদয়ও কাম-তরঙ্গহীন স্থির। ষোড়শ-কলা পূর্ণচন্দ্রের তুলনায় তাহার ন্যূনতা নাই, যেহেতু সে অন্যনিরপেক্ষ এবং অনুপম। প্রবল বায়ুর সম্মুখে ধূলি-পরমাণু থাকিতে পারে না, তাহার সমীপেও বিষয়ের নাম আসিতে পারে না। আত্মজ্ঞানাগ্নি দগ্ধ পূর্ব্বোক্ত গুণযুক্ত ব্যক্তির **তৎপদে** মিলন ঠিক্ স্বর্ণের সহিত স্বর্ণের মিলনের ন্যায়। **তৎপদ** বলিতে সেই অবিনাশীকে বুঝায় দৃষ্টবস্তু দ্বারা তাহাকে দেখানো যায় না। জ্ঞেয় বস্তুর দ্বারা তাহাকে জানা যায় না। তাহা অমুক বস্তু এরূপ নির্দ্দেশও করা যায় না।

ন তদ্ভাসয়তে সূর্য্যো ন শশাঙ্কো ন পাবকঃ ॥ ৫ ॥
যদ্গত্বা ন নিবর্ত্তন্তে তদ্ধাম পরমং মম ॥ ৬ ॥

প্রদীপ, চন্দ্র বা সূর্য্যালোকে দৃশ্য পদার্থ দর্শন তাঁহার দর্শন হয় না। তাঁহার অদর্শনেই বিশ্বের আভাস। শুক্তির ভ্রম দূর হইলে ক্রমশঃ রৌপ্যের সত্য স্বরূপ প্রকাশ পায়—রজ্জুভাব দূরে গেলে সত্য সর্প-জ্ঞান হয়, চন্দ্র সূর্য্যাদি উজ্জ্বল গ্রহমণ্ডল তাঁহার অধিষ্ঠানে প্রকাশিত হয়। উহা যে এক বিরাট্

তেজঃপুঞ্জ। সর্ব্বত্র সমভাবে সর্ব্বভূতে অবস্থিত। চন্দ্র সূর্য্যেরও অন্তরে তিনি, উহারা তাহার ছায়ার ন্যায়। তেজোময় পদার্থে তাঁহারই প্রভা। সূর্যোদয়ে চন্দ্রমাসহ নক্ষত্র অস্ত যায়, তাঁহার প্রকাশেও চন্দ্র সূর্য্য সহিত সমগ্র জগৎ অস্ত যায়। জাগ্রত হওয়া মাত্র স্বপ্নের শকট ধ্বংস হয়, সন্ধ্যা হওয়া মাত্র মৃগজল লুপ্ত হয়—সেইরূপ আমার স্বরূপেও কোন প্রকার আভাস থাকিতে পারে না। উহাই আমার মুখ্যধাম। যে ব্যক্তি অগ্রগামী হইয়া সেই স্বরূপে মিলিত হয়—সমুদ্রগামী নদীর ন্যায় সে আর ফিরিয়া আসে না। সৈন্ধব নির্ম্মিত হস্তী অবগাহন করিতে সিন্ধুতে নামিয়া প্রত্যাবর্ত্তন করে না। অগ্নিশিখা উপর দিকেই উঠে নীচে যাইতে জানে না। অগ্নিতপ্ত লৌহের উপর জল-বিন্দুকে খুঁজিয়া পাওয়া যায় না। যে ব্যক্তি শুদ্ধ জ্ঞানদ্বারা আমার সহিত এক হয় তাহার জন্মমৃত্যু বন্ধ হইয়া যায়। জ্ঞান-রাজ্যের রাজা অর্জ্জুন বলিলেন—প্রভু, আপনার বড়ই কৃপা। আমার একটি মিনতি শ্রবণ করুন। হে দেব, আপনার সহিত এক হইয়া সে তো আর ফিরিয়া আসে না, কিন্তু সে আপনার সহিত ভিন্ন অথবা অভিন্ন ভাবে থাকে? অনাদিসিদ্ধ ভিন্ন ভাবে থাকিলে—"সে ফিরিয়া আসে না" একথা যুক্তিযুক্ত হয় না। আবার ভ্রমর পুষ্পের মধু আস্বাদন করিতে গিয়া কি পুষ্প হইয়া যায়? লক্ষ্য হইতে ভিন্ন থাকিলে বাণ লক্ষ্যকে স্পর্শ করিয়া ভূমিতে পড়ে। মনে হয়, ভিন্ন থাকিলে সেও ফিরিয়া আসে। যদি সে আপনারই রূপ হয়, তবে কে আর

কাহার সহিত মিলিত হইবে? শস্ত্র নিজের অঙ্গে নিজে বিঁধিবে কি প্রকারে? অতএব প্রভু দেহের অবয়ব এবং মস্তকের ন্যায় আপনার ও ভিন্ন জীবের সংযোগ বা বিয়োগ কিছুই বলা যায় না। সর্ব্বদা ভিন্ন রূপ হইলে তো আপনার সহিত একরূপ হওয়াই অসম্ভব। সে ফিরিয়া আসে কি না সে কথাও একেবারেই অনর্থক! হে সর্ব্বতোমুখী প্রভু, কে ফিরিয়া আসে, আর কে আসেনা তাহা আমাকে বুঝাইয়া দিন। অর্জ্জুনের এই আক্ষেপ বিচার করিয়া সর্ব্বজ্ঞ মুকুটমণি শ্রীকৃষ্ণ শিষ্যের জ্ঞানের পরিচয়ে সন্তোষ লাভ করিলেন।

তিনি বলিলেন—মহামতি, সে আমাকে লাভ করিয়া আর ফিরিয়া আসে না, সে ভিন্ন ও অভিন্ন দুই ভাবেই থাকে। গভীর ভাবে বিচার করিয়া দেখিলে বুঝিবে আমি ও সে স্বভাবতঃ এক, অন্যথাভাব ঔপাধিক উহাতেই ভিন্ন মনে হয়। চঞ্চল তরঙ্গকে জল হইতে পৃথক্ দেখা গেলেও বস্তুতঃ উহা ভিন্ন নয়। ভিন্ন ভিন্ন স্বর্ণালঙ্কার একই স্বর্ণের। হে কিরীটি, জ্ঞান দৃষ্টিতে মুক্ত পুরুষ ও আমি অভিন্ন, তবে অজ্ঞানের হেতু ভিন্ন মনে হয়। সত্য বস্তুর বিচারে বুঝিবে আমি ভিন্ন দ্বিতীয় কিছু নাই, তবে ভেদাভেদ কাহার সহিত হইবে? সূর্য্যের বিম্ব আকাশের সর্ব্বত্র ব্যাপ্ত হইয়া থাকিলে প্রতিবিম্ব কোথায় পড়িবে, কিরণই বা কোথায় যাইবে? কল্পান্তের প্রলয় জলে কোন্ স্থান অপূর্ণ থাকে? অদ্বৈত অবিক্রিয় মৎস্বরূপের অংশ কিরূপে কল্পনা করা যায়? তবে সরল জলের ধারা অপর ধারার

সহিত মিলিত হইয়া কুটিল পথে যায়। জলে প্রতিবিম্বিত সূর্য্যকে ভিন্ন দেখায়। ঘটাকাশ মঠাকাশ দ্বারা আকাশ চতুষ্কোণ বা গোলাকার বলা হয়। স্বপ্নে নৃপতি হইলে তাহার সাম্রাজ্যও স্বপ্ন এবং মিথ্যাই হয়। অশুদ্ধ স্বর্ণের সহিত মিলিত হইলে শুদ্ধ স্বর্ণের দাগকেও ভিন্ন ভিন্ন দেখায়। শুদ্ধ স্বরূপ স্বমায়াদ্বারা আচ্ছাদিত হইলে অজ্ঞান উপস্থিত হয়। উহাতে আমার স্মৃতি বাধা পাইয়া দেহে আত্মবুদ্ধির উদয় হয়। ৬।

মমৈবাংশো জীবলোকে জীবভূতঃ সনাতনঃ।
মনঃষষ্ঠানীন্দ্রিয়াণি প্রকৃতিস্থানি কর্ষতি ॥ ৭ ॥

আত্মা শরীর পরিমিত বিবেচিত হইলে অল্পতা দর্শনে উহাকে আমার অংশ বলা হয়। বায়ুভরে সমুদ্রজল তরঙ্গায়িত হইলে উহাকে সমুদ্রের এক ক্ষুদ্র অংশ বলিয়া মনে হয়। হে পাণ্ডুনন্দন, এই জীবলোকে চৈতন্যদাতা আমিই দেহে অহং বুদ্ধির উদয়কারী জীব। জীবলোকে শব্দে জীবের বুদ্ধি-গোচর ব্যাপারকে বুঝায়। যে স্থানে মনে হয়, উহাই জীবলোক। জলে চন্দ্রের প্রতিবিম্বের ন্যায় জীবলোকে আমি আছি। হে পাণ্ডব, স্ফটিক-খণ্ড কুঙ্কুমের উপর স্থিত হইলে উহাকে আরক্ত দেখায়, বাস্তবিক উহা রঞ্জিত হয় না। আমারও অনাদিত্বের ভঙ্গ হয় না, অক্রিয়ত্ব খণ্ডিত হয় না, আমাতে কর্ত্তৃত্ব বা ভোক্তৃত্ব আরোপও ভ্রান্তি। শুদ্ধআত্মা প্রকৃতির সহিত মিলিত হইয়া জীবভাবে নিজের উপর প্রকৃতির ধর্ম্ম আরোপ করে। প্রকৃতি হইতে উৎপন্ন শ্রবণাদি

ইন্দ্রিয়ে আত্মবোধে আমিই কর্ম্ম করি বলিয়া কর্ম্মে প্রবৃত্ত হয়। স্বপ্নে সন্ন্যাসীও যেমন নিজেই নিজের আত্মীয় হয় এবং তাহাদের মোহে এদিক্ ওদিক্ ভ্রমণ করে সুখদুঃখ ভোগ করে, তদ্রূপ আত্মা স্বস্বরূপ বিস্মৃত হইয়া প্রকৃতিরূপে অনুরক্ত হয়। মনের রথে চড়িয়া শ্রবণদ্বারে বহির্গত হয় এবং শব্দময় কাননে প্রবেশ করে। প্রকৃতির বন্ধন রজ্জু তাহাকে ত্বগিন্দ্রিয়ের দিকে টানিয়া স্পর্শসুখের ঘোরবনে নিয়া ফেলে। কখনও সে নেত্রদ্বারে বহির্গত হইয়া রূপের পর্ব্বতে ছুটাছুটি করে। হে সুভট, রসনার পথে যে রসের গুহায় প্রবেশ করে অথবা ঘ্রাণপথে বাহিরে আসিয়া সুগন্ধের বনের একপ্রান্তে চলিয়া যায়। দেহ ও ইন্দ্রিয়ের নায়ক জীব এইভাবে মনের সহিত মিলিত হইয়া শব্দাদি বিষয় ভোগে লিপ্ত হয়॥ ৭॥

শরীরং যদবাপ্নোতি যচ্চাপ্যুৎক্রামতীশ্বরঃ।
গৃহীত্বৈতানি সংযাতি বায়ুর্গন্ধানিবাশয়াৎ॥ ৮॥

জীবের এই কর্ত্তৃত্ব বা ভোক্তৃত্ব যতদিন শরীরে অবস্থান। হে ধনঞ্জয়, রাজযোগ্য স্থানে বসতি কালেই কোন ব্যক্তিকে সম্পত্তিমান বলিয়া জানা যায়। দ্রষ্টার অহংকার বুদ্ধি এবং বিষয়েন্দ্রিয়ের চাঞ্চল্য জীব দেহেই প্রকাশ পায়। দেহ ত্যাগ করিয়াও জীব ইন্দ্রিয় সংঘাত সম্পত্তি সঙ্গে লইয়া যায়। অতিথির অপমানকারীর পুণ্য অতিথিই লইয়া যায়, কাঠের পুতুলকে সূত্রদ্বারা এদিক্ ওদিক্ ইচ্ছামত আকর্ষণ করা যায়,

অস্তগামী সূর্য্য লোকের দৃষ্টির আলোকও লইয়া যায়, পবন কুসুমের সুগন্ধ হরণ করিয়া যায়, হে ধনঞ্জয়, দেহের রাজা জীবও দেহ ত্যাগ কালে ইন্দ্রিয়গণের ষষ্ঠ মনকে পর্য্যন্ত সঙ্গে লইয়া যায়।

শ্রোত্রং চক্ষুঃ স্পর্শনং চ রসনং ঘ্রাণমেব চ।
অধিষ্ঠায় মনশ্চায়ং বিষয়ানুপসেবতে ॥ ৯ ॥

এই সংসারে বা স্বর্গে যেরূপ দেহই প্রাপ্তি হউক মন ইত্যাদি সর্ব্বেন্দ্রিয় সর্ব্বত্র পূর্ব্বের ন্যায় প্রবৃত্ত হয়। প্রদীপ নিভাইলে প্রভা সহিত অদৃশ্য হয়, পুনরায় জ্বালাইলে পূর্ব্বের ন্যায়ই আলোক দেয়। হে কিরীটি, অবিবেকী এইরূপই দেখে, যেহেতু সে আত্মার দেহাশ্রয়, বিষয়ভোগ ও দেহান্তর প্রাপ্তি, সত্য বলিয়া মনে করে। জন্ম, মৃত্যু, কর্ম্ম, ভোগ প্রভৃতি ধর্ম্ম প্রকৃতির। আত্মার অবস্থিতি উহা বুঝাইয়া দেয় মাত্র ॥৯

উৎক্রামন্তং স্থিতং বাপি ভুঞ্জানং বা গুণান্বিতং।
বিমূঢ়া নানুপশ্যন্তি পশ্যন্তি জ্ঞানচক্ষুষঃ ॥ ১০ ॥
যতন্তো যোগিনশ্চৈনং পশ্যন্ত্যাত্মন্যবস্থিতং।
যতন্তোঽপ্যকৃতাত্মানো নৈনং পশ্যন্ত্যচেতসঃ ॥ ১১ ॥

দেহাকারে চেতনার সঞ্চার—জন্ম, উহার সহিত মিলিত ইন্দ্রিয়ের বিষয়ে ব্যাপৃত হওয়া ভোগ। হে সুভদ্রা পতি, ভোগান্তে ক্ষীণ দেহ ছুটিয়া গেলে চেতনাকে লক্ষ্য করা যায় না,

উহাই মৃত্যু। হে পাণ্ডব, বৃক্ষ আন্দোলিত হইলেই বায়ু প্রবাহিত হয়, আর উহা স্থির থাকিলে বায়ু থাকে না? দর্পণের সম্মুখে নিজের প্রতিবিম্ব দেখিয়া কি বলিবে তখনই উহার উৎপত্তি হইল, পূর্ব্বে কি উহা ছিল না? দর্পণ স্থানান্তরিত করিলে স্বরূপাভাস লোপ হয় বলিয়া কি কেহ মনে করে—আমি নাই? শব্দের উৎপত্তিস্থান আকাশ, উহা মেঘে আরোপ করা হয়। মেঘের গতিতে চন্দ্রকে গতিশীল মনে হয়। অজ্ঞানী দেহের উৎপত্তি ও লয়কে মোহের বশে অবিকারী আত্মসত্ত্বায় আরোপ করে। আত্মা নিজের স্থানেই আছে। শারীর ধর্ম্ম শরীরেই আছে। দৃষ্টি জ্ঞানশুদ্ধ এবং শরীরে আবদ্ধ না হইলে এই ভাব দর্শন হয়। গ্রীষ্মকালের প্রখর সূর্য্যকিরণের ন্যায় প্রখর জ্ঞানদৃষ্টি সম্পন্ন এবং বিবেকের স্ফূর্ত্তিতে স্বরূপে প্রতিষ্ঠিত সেই জ্ঞানীর ভ্রম হয় না। সমুদ্রে প্রতিবিম্বিত গগনের নক্ষত্র সমুদ্রে ছুটিয়া পড়ে না, দেহাভাসেও আত্মার চ্যুতি হয় না। আকাশ তাহার নিজের স্থানেই থাকে, সমুদ্রও তাহার নিজের স্থানে থাকে। সমুদ্রবক্ষে নক্ষত্রমণ্ডল মিথ্যা—তদ্রূপ দেহে আত্মবুদ্ধি মিথ্যা। চন্দ্রিমা চন্দ্রেই থাকে, প্রবাহের স্বচ্ছতা হেতু উহাতে প্রতিবিম্ব দেখা যায়—উহা বাস্তব নয়। গহ্বরের অন্ধকার গেল কি না গেল তাহাতে সূর্য্যের কোন হানি বৃদ্ধি নাই; সূর্য্য একরূপ। দেহের জন্ম মৃত্যু হইলেও জ্ঞানী আত্মার অবিক্রিয়তা দর্শন করে। ঘট বা মঠ ভাঙ্গিয়া যায়, আকাশ যেমন তেমনই থাকে। জ্ঞানী জানে আত্মসত্ত্বা চিরকাল একরূপ

অখণ্ড, অজ্ঞান দৃষ্টিতে জন্ম মৃত্যুর কল্পনা হয়। শুদ্ধ আত্মজ্ঞানে সে জানে, আত্মার বৃদ্ধি বা হ্রাস হয় না—সে কর্ত্তা বা কারয়িতাও নয়। তবে জ্ঞান লাভ করিয়া বুদ্ধি পরমাণু গ্রহণ করিবার মত সূক্ষ্ম হইলেও অথবা সমগ্র-শাস্ত্র রহস্য লাভ করিলেও সেই জ্ঞানের অনুরূপ অন্তঃকরণে বৈরাগ্যের প্রবেশ না হইলে সর্ব্বাত্মাস্বরূপ আমার দর্শন হয় না। মুখে বিবেকের বাণী, অন্তরে বিষয়ের বোঝা লইয়া, হে ধনুর্ধর, কেহ আমাকে পায় না। স্বপ্নের প্রলাপময় গ্রন্থে কি সংসারে জ্ঞানের পিপাসা মিটে? গ্রন্থ স্পর্শ করিয়াই কি উহা পাঠের ফল লাভ করা যায়? চক্ষু বন্ধ করিরা মুক্তা নাসিকার অগ্রে ধারণ করিলে উহার মূল্য নির্দ্ধারণ করা যায় কি? চিত্তে অহঙ্কার রাখিয়া মৌখিক শাস্ত্রের অভ্যাসে কোটী জন্ম কাটিয়া গেলেও আমার প্রাপ্তি হয় না। আমি অদ্বৈত এবং ভূত মাত্র ব্যাপক ॥ ১১ ॥

যদাদিত্যগতং তেজো জগদ্ ভাসয়তেঽখিলং।
যচ্চন্দ্রমসি যচ্চাগ্নৌ তত্তেজো বিদ্ধি মামকম্ ॥ ১২ ॥

যাহা হইতে সূর্য্যসহ সম্পূর্ণ বিশ্বের রচনা সেই আদ্যন্ত আকাশ আমি। যে সূর্য্য জল শুষ্ক করিয়া অস্ত যায়, তাহার জ্যোতি পুনরায় যে আর্দ্রতা প্রদান করে চন্দ্রের সেই কান্তি আমিই। যে নিরন্তর দহন ও পচন ক্রিয়া করে সেই অগ্নির দীপ্তিও আমারই ॥ ১২ ॥

গামাবিশ্য চ ভূতানি ধারয়াম্যহমোজসা।
পুষ্ণামি চৌষধীঃ সর্ব্বাঃ সোমো ভূত্বা রসাত্মকঃ ॥ ১৩ ॥

ভূতলে আমিই প্রবেশ করিয়াছি। সমুদ্রের জলরাশি এই নিমিত্ত পৃথিবীর রজঃকণা সমষ্টিকে গলাইয়া ফেলেনা। স্থাবর জঙ্গম প্রাণী ধারণ করিবার সামর্থ্য পৃথিবীকে আমিই দিয়াছি— হে পাণ্ডু নন্দন, গগনেও চন্দ্ররূপে অমৃতের সরোবর হইয়া রহিয়াছি। কিরণরূপে অনন্ত রস প্রবাহদ্বারা আমিই ওষধির কোষ পূর্ণ করি। ধান্য প্রভৃতি ফসলের পুষ্টি এবং অন্নে জীবনী শক্তি আমিই দান করি। ভুক্ত অন্ন পরিপাক করিবার নিমিত্ত কি উপায় করা যায়? ১৩ ॥

অহং বৈশ্বানরো ভূত্বা প্রাণিনাং দেহমাশ্রিতঃ।
প্রাণাপান সমায়ুক্তঃ পচাম্যন্নং চতুর্বিধম্ ॥ ১৪ ॥

এই ভাবিয়া প্রাণিগণের নাভি কুণ্ডে জঠরাগ্নি হইয়া আমিই অবস্থান করি। আমিই প্রাণ ও অপান দুই বায়ুর ফুৎকার দিয়া অগ্নিকে প্রজ্জ্বলিত রাখি এবং দিবা রাত্রি শুষ্ক স্নিগ্ধ, সুখকর অথবা দগ্ধ, চর্ব্ব্য, লেহ্য বা পেয় চতুর্ব্বিধ অন্ন জীর্ণ করি। প্রাণিগণের ভিতরে বাহিরে আমিই। আমার ব্যাপকতার বিষয় অধিক কি বলিব? সংসারে দ্বিতীয় বস্তু নাই। সর্ব্বত্র আমাকেই দেখ। কোন প্রাণী সুখী, কেহ দুঃখী ইহার কারণ কি? নগরের সকল প্রদীপই এক প্রদীপ হইতে প্রজ্বলিত করা হইলে একস্থানে অন্ধকার রহিবে কেন? এরূপ শঙ্কা করিলে

তাহারও মীমাংসা করিতেছি। সর্ব্বত্রই আমি আছি এই উক্তি মিথ্যা নয়। তবে প্রাণিগণের বুদ্ধি অনুসারে কোথাও প্রকাশ কোথাও অপ্রকাশ। আকাশের গুণ ধ্বনি এক হইলেও পৃথক্ পৃথক্ বাদ্যযন্ত্রে ভিন্ন ভাবে শব্দিত হয়। সূর্য্য এক হইলেও ভিন্ন ভিন্ন লোকে বিভিন্ন প্রকারে তাহাদের প্রয়োজন সিদ্ধি করে। একই জল বীজ ধর্ম্মের অনুরূপ অঙ্কুরই উদ্গম করায়। আমার স্বরূপও বিভিন্ন জীবরূপে পরিণত হইয়াছে। অজ্ঞানীর সমীপে গলার হার সর্প বলিয়া প্রতীতি হয়, জ্ঞানীর নিমিত্ত উহাই সুখের হেতু হয়। স্বাতী নক্ষত্রের বৃষ্টির জল শুক্তিতে মুক্তার উদ্ভব করে, সর্পের কিন্তু বিষই বৃদ্ধি করে। তদ্রূপ জ্ঞানীর সমীপে আমি সুখস্বরূপ অজ্ঞানীর দুঃখরূপ ॥ ১৪ ॥

সর্ব্বস্য চাহং হৃদি সন্নিবিষ্টো মত্তঃ স্মৃতির্জ্ঞানমপোহনংচ।
বেদৈশ্চ সর্ব্বৈরহমেব বেদ্যো
বেদান্ত কৃদ্বেদবিদেব চাহম্ ॥ ১৫ ॥

প্রাণিগণের অন্তরে "আমি অমুক" এই বুদ্ধি রূপে দিনরাত্রি আমিই আছি। সৎসঙ্গ, যোগাভ্যাস ও জ্ঞান লাভের সহিত শ্রীগুরুর সেবা দ্বারা সদনুষ্ঠানে অশেষ অজ্ঞান বিনষ্ট হইলে যাহার বুদ্ধি আত্মস্বরূপে বিশ্রাম লাভ করে সেই ব্যক্তিই আত্ম-দর্শন পূর্ব্বক সর্ব্বদা সুখী হয়। সেই সুখ আমার স্বরূপাতিরিক্ত অপর কিছু নয়। হে ধনঞ্জয়, সূর্য্যোদয়ে সূর্য্যের আলোকেই সূর্য্যদর্শন। আমাকে দর্শন আমার হেতু। দেহাভিমানীর সেবা

দ্বারা ও সংসারের কথা শুনিয়া শুনিয়া যাহার অহংভাব দেহ বুদ্ধিতেই ডুবিয়া থাকে—স্বর্গ ও সংসার সুখ লাভের নিমিত্ত কর্ম্ম-মার্গে ছুটিয়া ছুটিয়া দুঃখ ভাগী হয়। অর্জ্জুন, অজ্ঞানীর দুঃখ প্রাপ্তির মূলও আমি। নিদ্রার মূল জাগরণ, মেঘদ্বারা সূর্য্য আচ্ছাদিত হইলেও সূর্য্য ভিন্ন মেঘ কোথা হইতে আসিবে? আমাকে না জানিয়া জীবের বিষয় ভোগ তার মূলেও আমি। হে ধনঞ্জয়, নিদ্রা ও জাগরণের মূল জ্ঞান, তদ্রূপ জীবের জ্ঞান বা অজ্ঞানের মূল আমি। সর্পত্ব বা রজ্জুত্ব দুই এরই অধিষ্ঠান রজ্জু—সংসারের জ্ঞান বা অজ্ঞানেরও সিদ্ধি এক আমাতে। আমার যথার্থ স্বরূপ সন্ধান করিতে না পারিয়া বেদ বিভক্ত হইয়া গিয়াছে। পশ্চিম ও পূর্ববাহিনী উভয় নদীর এক গন্তব্য সমুদ্রের ন্যায় আপাততঃ বিরোধী শাখা ভেদযুক্ত বেদের একমাত্র জ্ঞাতব্য আমি।

আকাশে সুগন্ধযুক্ত বায়ু তরঙ্গের খোঁজ করিলেও উহা পাওয়া যায় না, তদ্রূপ মহাসিদ্ধান্তের সমীপবর্ত্তী হইতে হইতে শব্দ সহিত বেদের গতি স্তম্ভিত হইয়া যায়। সমগ্র শ্রুতি যেখানে লজ্জিত ভাবে অবস্থান করে, সেই রহস্য বস্তু আমি বর্ণনা করিতেছি। শ্রুতি সহিত সমস্ত বিশ্ব যেখানে নিঃশেষ বিলীন হইয়া যায়, সেই শুদ্ধ আত্মজ্ঞান প্রকাশকও একমাত্র আমি। স্বপ্নোত্থিত ব্যক্তির সমীপে স্বপ্নদৃষ্ট দ্বৈতের লেশমাত্রও অবশিষ্ট থাকে না—নিজের একতার বোধ হয়, সেই বোধেরও অন্তরালে জ্ঞাতা স্বরূপে আমি। কর্পূর জ্বলিয়া কজ্জ্বল হয় না, অগ্নিও

অবশিষ্ট থাকে না। তদ্রূপ অবিদ্যার বিনাশ করিয়া জ্ঞানও যে অবস্থায় ক্ষান্ত হয়, তখন অভাব বা ভাব অবশিষ্ট রহিল তাহা বলিবে কে? যে সংসারনামের চিহ্ন পর্য্যন্ত লোপ করিয়া দেয়, সেই মহাচৌরের সন্ধান করিবে কে? এই স্বরূপে স্থিতিই নির্ম্মল-নির্দ্দোষ।

কৈবল্যপতি শ্রীকৃষ্ণ জড় অজড়ে ব্যাপ্তির পরিচয় দিয়া নিজের উপাধি রহিত স্বরূপে আসিয়া শেষ করিলেন। সেই জ্ঞান অর্জ্জুনের হৃদয় পটে চিত্রিত হইয়া রহিল। যেন গগনোদিত চন্দ্রের প্রতিবিম্ব ক্ষীর সাগরে পড়িয়াছে। উজ্জ্বল ভিত্তিতে সম্মুখস্থ চিত্রপট যেরূপ প্রতিবিম্বিত দেখায় তদ্রূপ এই জ্ঞান অর্জ্জুন ও শ্রীকৃষ্ণের মধ্যে প্রকাশ পাইতেছিল। বস্তুস্বভাব অত্যন্ত শ্রেষ্ঠ। উহার পরিচয়ে মাধুর্য্য বাড়ে। অনুভব রাজ্যের রাজা অর্জ্জুন বলিলেন,—হে দেব, আপনার বিভুত্ব বর্ণন প্রসঙ্গে যে নিরুপাধিক স্বরূপের বর্ণনা করিয়াছেন, একবার সেই স্বরূপটি ভাল করিয়া বুঝাইয়া দিন। শ্রীদ্বারকানাথ বলিলেন—বেশ তাহাই হইবে। হে অর্জ্জুন, আমারও বলিবার আশা মিটে নাই। তোমার ন্যায় প্রশ্নকর্ত্তা দুর্ল্লভ। অদ্য আমার আশা সফল হইল যেহেতু তোমার ন্যায় প্রশ্নকর্ত্তা পাইয়াছি। অদ্বৈতের উপরেও যে অনুভূতি তাহার সূচনা করিয়া তুমি যে প্রশ্ন করিয়াছ ইহাতে আমার বড়ই সুখ হইল। দর্পণের সমীপে দাঁড়াইলে নিজের নেত্র দৃষ্টি গোচর হয়। হে নির্ম্মল সিদ্ধান্ত শিরোমণি, তুমি আমার প্রেমময় দর্পণ সদৃশ। হে বন্ধু, তোমাতে আমাতে

এরূপ সম্বন্ধ নয় যে, জ্ঞানের অভাবে প্রশ্ন করিতেছ বা আমি উহার সমাধান করিতেছি। এই বলিতে বলিতে শ্রীকৃষ্ণ অর্জ্জুনকে বক্ষে ধারণ করিলেন এবং কৃপাদৃষ্টিতে চাহিয়া বলিলেন,—দুই ওষ্ঠে পরস্পর সহায়তা করিয়া একই শব্দ উচ্চারণ করে, দুই চরণ একই গতি দান করে, তোমার প্রশ্ন ও আমার সিদ্ধান্তও একই বস্তুর সন্ধান দেয়। তুমি ও আমি ভিন্ন নই। প্রশ্নকর্ত্তা ও উত্তর দাতা এখানে অভিন্ন। এই বলিয়া প্রেমমুগ্ধ শ্রীকৃষ্ণ অর্জ্জুনকে আলিঙ্গন পূর্ব্বক চুপ্ করিয়া রহিলেন। পুনরায় শঙ্কিত হইয়া বলিলেন—না, এত প্রেম ভাল নয়। ইক্ষুরস জ্বাল দিয়া গুড় করিবার সময় উহাতে একটু লবণ দিতে হয়; তদ্রূপ ঘনীভূত আস্বাদময় অবস্থায় দ্বৈতের একটু ভাব না থাকিলে উহা নষ্ট হইয়া যাইবে। (অর্জ্জুন ও আমি নর-নারায়ণ, অতএব দুই জনে ভেদ নাই।) তথাপি প্রেমাবেগ যে পর্য্যন্ত পৌঁছিয়াছে, এখানেই রাখিতে হইবে। শ্রীকৃষ্ণ বলিলেন, হে বীরাগ্রগণ্য, তুমি কি প্রশ্ন করিলে? অর্জ্জুনও এ সময় শ্রীকৃষ্ণ স্বরূপে ডুবিয়া গিয়াছিলেন। পুনরায় প্রশ্নের কথায় তাহার দেহস্মৃতি ফিরিয়া আসিল। অর্জ্জুন গদ্ গদ কণ্ঠে বলিলেন,—প্রভু আপনি নিরুপাধি স্বরূপের বর্ণনা করুন। তখন শার্ঙ্গী শ্রীকৃষ্ণ উপাধির দুই প্রকার বর্ণনা করিয়া সেই নিরুপাধি স্বরূপ নির্দ্ধারণ করিতে আরম্ভ করিলেন।

কেহ বলিতে পারেন প্রশ্ন নিরুপাধি স্বরূপ সম্বন্ধে, তবে উপাধি বর্ণনায় প্রয়োজন কি? তদুত্তরে বলি—দধি হইতে

ঘোলকে পৃথক্ করার নামই মাখন তোলা। উত্তম স্বর্ণকে বাহির করিবার নিমিত্তই নিকৃষ্ট স্বর্ণ পৃথক্ করিতে হয়। শৈবাল দূর করিয়া দিলেই স্বচ্ছ জল দেখা দেয়। মেঘ চলিয়া গেলে স্বতঃসিদ্ধ আকাশ আপনিই প্রকাশ পায়। তুষ উড়াইয়া দিলে তণ্ডুল কণা খুঁজিতে আর কষ্ট হয় না। বিচারদ্বারা উপাধি ও উপহিত বস্তুর নিরাকরণ করিলে নিরুপাধি বস্তুই অবশিষ্ট থাকে। ইহাতে আর সন্দেহ কি? কুলস্ত্রী নাম উল্লেখ না করিয়াও আপন পতির নির্দ্দেশ করিয়া দেয়—শব্দও স্তব্ধ হইয়া অবর্ণনীয় বস্তুর নির্দ্দেশ করে। সেই স্বরূপ অনির্ব্বাচ্য। পূর্ব্বোক্ত রীতিতেই তাহার বর্ণনা। এই নিমিত্ত প্রথমে উপাধি লক্ষণ বলা প্রয়োজন। প্রতি পদের চন্দ্র রেখা দেখাইতে বৃক্ষের শাখার নির্দ্দেশ করিয়া ধীরে ধীরে দেখাইতে হয়। উপাধির বর্ণনাও তদ্রূপ ॥ ১৫ ॥

দ্বাবিমৌ পুরুষৌ লোকে ক্ষরশ্চাক্ষর এব চ।
ক্ষরঃ সর্ব্বাণি ভূতানি কূটস্থোঽক্ষর উচ্যতে ॥ ১৬ ॥

শ্রীকৃষ্ণ বলিলেন,—সব্যসাচী, এই সংসার সাগরে অতি অল্প লোকের বাস অর্থাৎ কেবল দুই পুরুষ এখানে বাস করে। আকাশে রাত্রি ও দিবসের ন্যায় এখানেও দুই পুরুষ। তৃতীয় পুরুষ একজন থাকিলেও তাহার নাম ইহাদের অগোচর। তৃতীয় পুরুষের উদয় মাত্র এই দুই পুরুষের সংসার সহিত মায়া ধ্বংস হইয়া যায়। সেই কথা এখন থাকুক। প্রথমতঃ এই দুইজনের

কথা বলি। সংসার ভোগের নিমিত্ত ইহাদের আগমন। ইহাদের একজন অন্ধ পঙ্গু ও ভ্রমযুক্ত। দ্বিতীয় জন পূর্ণাঙ্গ, সবল ও সুস্থ। গ্রাম সম্বন্ধে ইহাদের পরিচয়। একজনের নাম ক্ষর, অপর অক্ষর। এই দুই সংসার পূর্ণ করিয়া আছে। এখন ক্ষর ও অক্ষরের পূর্ণ পরিচয় দিব। হে ধনুর্ধর, মহদহঙ্কার হইতে ক্ষুদ্র তৃণ পর্য্যন্ত ক্ষুদ্র বা বৃহৎ, স্থাবর, জঙ্গম বা মনো বুদ্ধির গোচর, পঞ্চ মহাভূতের অন্তর্ভূক্ত, নাম রূপের সীমায় স্থিত বা ত্রিগুণের টাঁকশালে নির্মিত, যে সুবর্ণ দ্বারা ভূতাকৃতি মুদ্রা তৈরী হইয়াছে—যে সম্পৎদ্বারা মহাকাল জুয়া খেলে, বিপরীত জ্ঞানদ্বারা যাহার তত্ত্ব জানা যায়—ভ্রান্তিময় কাননের যে কাষ্ঠদ্বারা সৃষ্টির রূপ নির্মাণ, যাহার নাম জগৎ, যাহাকে প্রকৃতি নামে অষ্টপ্রকারে পৃথক্ বর্ণনা করিয়াছি, যাহাকে ক্ষেত্র নাম দিয়া ছয়ত্রিশ্ বিভাগ করিয়াছি—এই অধ্যায়ে রূপকদ্বারা যাহাকে বৃক্ষরূপে বর্ণনা করিয়াছি, সেই সম্পূর্ণ সাকার বস্তুকে নিজের বাসস্থান মনে করিয়া চৈতন্য তদনুরূপ হইয়া গিয়াছে। কূপে স্বপ্রতিবিম্ব দর্শন করিয়া ক্ষুব্ধ সিংহ কূপে লম্ফ প্রদান করে, শূন্য সর্ব্বতোব্যাপী হইলেও জলে আকাশের প্রতিবিম্ব পড়ে, সেইরূপ অদ্বৈত হইলেও চৈতন্য দ্বৈতের আশ্রয় গ্রহণ করে। হে অর্জ্জুন, সাকার নগরের কল্পনা করিয়া আত্মা উহাতে বিস্মৃতির নিদ্রা আনে। এই দেশে আত্মার শয়ন স্বপ্নদৃষ্ট শয্যায় নিদ্রার ন্যায়। নিদ্রিত আত্মা সুখী বা দুঃখী এবং অহংতা, মমতা যুশব্দ দ্বারা অভিক্ত হয়। আমার পিতা, আমার মাতা, আমি

সুন্দর, আমি অঙ্গহীন, আমার পুত্র, ধন বা কান্তা, ইহারা কি আমারই নয়?—এইরূপ স্বপ্নের আশ্রয়ে সংসার ও স্বর্গের উপবনে ছুটাছুটি করে যে চৈতন্য, তাহাকে ক্ষরপুরুষ বলে। যাহাকে ক্ষেত্রজ্ঞ নামে অভিহিত করা হয়, যে অবস্থাকে জীব দশা বলা হয়, যাহার আত্মবিস্মৃতি হেতু বৈশ্যতা স্বীকার করিতে হয়, সেই আত্মাই ক্ষরপুরুষ। পূর্ণ বলিয়া এবং দেহ পুরীতে শয়ন করে বলিয়া ইহাকে পুরুষ বলা হয়। ক্ষরতার মিথ্যা-জাল বয়নে আত্মার উপাধি নির্ম্মিত হইয়াছে। তরঙ্গায়িত জলে প্রতিবিম্বিত চন্দ্র আন্দোলিত দেখায়। আত্মাও উপাধির বিকারে বিকৃত প্রতিভাত হয়। জল শুকাইয়া গেলে প্রতি-বিম্বিত চন্দ্র লুপ্ত হয়। উপাধির নাশ হইলে উপহিত আত্মা অদৃশ্য হয়। উপাধির হেতু আত্মার ক্ষণিকতা ও বিনাশিত্ব। অতএব তাহার নাম ক্ষরপুরুষ। জীব-চৈতন্যমাত্রই ক্ষর পুরুষ। এখন আমি অক্ষর সম্বন্ধে বলিব।

হে ধনুর্দ্ধর, অক্ষর নামে যে দ্বিতীয় পুরুষ উহা পর্ব্বতের মধ্যে মেরুর ন্যায় মধ্যস্থ। মেরু পর্ব্বত স্বর্গ, মর্ত্ত্য, পাতাল তিন লোক হইতে পৃথক্ নয়। অক্ষর পুরুষও জ্ঞান অজ্ঞান হইতে ভিন্ন নয়। যথার্থ জ্ঞানে অদ্বৈত রূপ হওয়া এবং অজ্ঞান দ্বারা অনেক রূপ ধারণ করাই অক্ষরের কার্য্য। তাহার অবস্থা ধূলিকণার স্বরূপ, শুদ্ধ স্বরূপ নষ্ট হইয়া কর্দ্দমে পরিণত অথচ ঘটাদির স্বরূপ অপ্রাপ্ত এক মৃত্তিকা পিণ্ডের ন্যায়। সরোবর শুষ্ক হইলে তরঙ্গ বা জল থাকে না। অক্ষরেরও এইপ্রকার

আকাররহিত স্থিতি। হে পার্থ! জাগৃতির নাশ হইলে স্বপ্নে প্রবেশের পূর্ব্ব পর্য্যন্ত যে নিদ্রার অবস্থা, অক্ষরের স্বরূপ উহাই। সম্পূর্ণ বিশ্বের লয়ে আত্মবোধের পূর্ব্ব পর্য্যন্ত যে স্থিতি, তাহারই নাম অক্ষর। অমাবস্যা তিথিতে কলাহীন চন্দ্রের চন্দ্রত্বই অবশিষ্ট থাকে, অক্ষরের স্বরূপও সেইরূপ। নিখিল উপাধি নাশ হইলে জীবদশা যাহাতে প্রবেশ করে, বৃক্ষ ফলে বীজরূপে অবস্থান করে, তদ্রূপ উপাধিগত চৈতন্য উপাধি সহিত যে অবস্থায় প্রবেশ করে, তাহাকেই অব্যক্ত বলা হয়। ঘোর অজ্ঞানকে বীজভাব বলা যায়। স্বপ্ন ও জাগৃতি ফলভাব। বেদান্তে যাহাকে বীজভাব বলা হইয়াছে, তাহাই অক্ষর পুরুষের স্থান। ইহা হইতেই বিপরীত জ্ঞানের বিকাশ—জাগ্রৎ, স্বপ্ন এবং বুদ্ধিবৃত্তির বিশাল ক্ষেত্র প্রকাশ হয়। হে কীরিটি, উৎপন্ন সংসার এবং অভিব্যক্ত জীবত্বের লয়স্থান এই অক্ষর পুরুষ। ক্ষর নামে জাগ্রৎ ও স্বপ্ন-দেহে ক্রীড়াপরায়ণ প্রসিদ্ধ পুরুষ যাহা হইতে উৎপন্ন হয়, অজ্ঞান, ঘোর সুষুপ্তি ইত্যাদি নামে বিখ্যাত, যাহার অন্তরালে কেবল ব্রহ্মপ্রাপ্তি, যে অবস্থায় স্বপ্ন ও জাগরণ না থাকিলে সত্য সত্য ব্রহ্মভাবই বলা যাইত, যে পূর্ণতা অবলম্বন করিয়া প্রকৃতি ও পুরুষ দুইয়ের উৎপত্তি করে, ক্ষেত্র ও ক্ষেত্রজ্ঞের স্বপ্নভূমি ঊর্দ্ধমূল, অধঃশাখ বৃক্ষের মূল, উহাই অক্ষর পুরুষ। বঞ্চনা পূর্ব্বক নিদ্রা এবং মায়াপুরীতে শয়ন হেতু ইহাকে পুরুষ বলা হয়। যে সুষুপ্তিতে বিকারের গমনাগমন বা অন্যথা জ্ঞানের ভাব থাকে না, উহাই এই পুরুষের স্বরূপ।

আপনা আপনিই ইহার বিনাশ হয় না। জ্ঞান ভিন্ন অন্য বস্তু দ্বারা উহা অসম্ভব। বেদান্তে অক্ষর পুরুষ সম্বন্ধে এই সিদ্ধান্তই প্রকাশ করে। অল্প কথায় জীবরূপ-কার্য্যের কারণ মায়াসঙ্গী-চৈতন্যই অক্ষর পুরুষ ॥ ১৬ ॥

উত্তমঃ পুরুষস্ত্বন্যঃ পরমাত্মেত্যুদাহৃতঃ।
যো লোকত্রয়মাবিশ্য বিভর্ত্ত্যব্যয় ঈশ্বরঃ ॥১৭॥

সংসারে জাগ্রত ও স্বপ্ন দুই অবস্থা। উহা ঘোর অজ্ঞান সুষুপ্তি তত্ত্বে বিলীন হয়। সেই অজ্ঞান জ্ঞানে লয় পায়। তখন কেবল জ্ঞানই অবশিষ্ট থাকে। কাষ্ঠাংশ জ্বলিয়া অগ্নিই অবশিষ্ট থাকে। সেইরূপ জ্ঞান অজ্ঞানের নাশ করিয়া ব্রহ্ম-স্বরূপের পরিচয় দিলে জ্ঞাতৃত্ব অভিমান রহিত যে জ্ঞাতা থাকে উহাই উত্তমপুরুষ। ইনিই তৃতীয় বা অন্তিম পুরুষ, পূর্ব্ব দুই পুরুষ হইতে পৃথক্। জাগ্রৎ অবস্থা সুষুপ্তি ও স্বপ্ন হইতে সম্পূর্ণ ভিন্ন। সূর্য্য কিরণ ও মৃগজল হইতে সূর্য্য মণ্ডল নিতান্ত পৃথক্। অগ্নি কাষ্ঠে থাকিলেও কাষ্ঠ হইতে ভিন্ন। সেইরূপ উত্তমপুরুষ ক্ষর ও অক্ষর হইতে ভিন্ন। কল্পান্তে সমুদ্র সীমা লঙ্ঘন করিয়া নদ নদীকে একত্র করে, প্রলয় কালে রাত্রিদিন শেষ হইয়া যায়। উত্তম পুরুষের সমীপেও জাগ্রৎ, স্বপ্ন ও সুষুপ্তির কথা থাকে না। যেখানে একত্ব বা দ্বৈত অথবা কিছু আছে বা নাই, ইহাও বুঝা যায় না। এইরূপ এক অনির্ব্বচনীয় স্থিতিই উত্তম পুরুষ বা পরমাত্মা। হে পাণ্ডুসুত। উহার

বর্ণনা জীব অভিমানেই সম্ভব। মগ্নপ্রায় মনুষ্যের বর্ণনা তটস্থ ব্যক্তি করিলে যেমন হয়, উহা সেইরূপ। বেদ ও বিবেকের সমুদ্রের তীরে দাঁড়াইয়া মানুষ অপরতীরস্থ পরমাত্মার বর্ণন করে। ক্ষর ও অক্ষর দুই পুরুষই প্রকৃতির এই পারে, এই নিমিত্ত উত্তমপুরুষকে অপর তীরস্থ বলা হইল। হে অর্জ্জুন। পরমাত্মা শব্দ দ্বারা পুরুষোত্তমেরই সূচনা। মৌনই তাহার শব্দ, প্রাকৃত কোন বস্তুর জ্ঞান না হওয়াই তাঁহার জ্ঞান। কোন শব্দার্থের স্বরূপ বোধ না হওয়াই তাঁহার অস্তিত্ব। তাহাতে সোহং ভাবেরও লয়। বক্তা সেখানে বক্তব্যরূপ ধারণ করে, দৃশ্য দ্রষ্টার সহিত লয় পায়। বিম্ব ও প্রতিবিম্বের মধ্যস্থলস্থিত প্রভাকে ধারণ করিতে না পারিলেও যেমন তাহাকে অস্বীকার করা যায় না। নাসিকা ও কুসুমের মধ্যস্থলস্থিত সুগন্ধ দেখা না গেলেও উহার অস্তিত্ব উড়াইয়া দেওয়া যায় না, সেই প্রকার দ্রষ্টা ও দৃশ্য বিলীন হইয়া গেলে অবশিষ্ট যাহা থাকে তাহা কে বলিবে? কিন্তু সেই স্থিতির প্রতীতিই পুরুষোত্তমের রূপ। প্রকাশ্য বস্তু ভিন্নও তাঁহার প্রকাশতা, শাসিতব্য ভিন্নও তাঁহার শাসকতা। তিনি আকাশকে সুগন্ধযুক্ত করেন, নাদকেও শুনাইবার উপযুক্ত নাদময়, সুস্বাদকেও চাখাইবার উপযুক্ত স্বাদময়, আনন্দকে ভোগ করাইবার উপযোগী আনন্দময়, পূর্ণতার পরিণাম, সর্ব্ব পুরুষ শ্রেষ্ঠ, বিশ্রান্তির বিশ্রাম স্থল, সুখের প্রাপ্ত সুখস্বরূপ, তেজের উপলব্ধ তেজ। তাঁহার মহাশূন্যতায় আকাশও লয় পায়, তিনি স্বয়ং বিকশিত হইলেও অবশিষ্ট

থাকেন, এবং সংহারকে সংহার করিয়া অবস্থান করেন। তিনি বৃহৎ হইতেও বৃহত্তম। শুক্তি রৌপ্য না হইয়াও অজ্ঞানীর চক্ষে রৌপ্যের ন্যায় প্রতিভাত হয়, সুবর্ণ অলঙ্কারের রূপে আত্মগোপন করে, সেইরূপ তিনি বিশ্ব না হইয়াও বিশ্বকে ধারণ করেন। জল ও তরঙ্গে প্রভেদ নাই, তদ্রূপ তিনিই জগতের সত্তা ও প্রকাশ। হে বীরাগ্রগণ্য। জলে প্রতিবিম্বিত চন্দ্রের কারণ গগনের চন্দ্রই, সেইরূপ তিনিই নিজের উদয় ও অস্তের কারণ। বিশ্বের প্রকাশে বা অপ্রকাশে তাঁহার অভ্যুদয় বা ক্ষয় হয় না। রাত্রি ও দিনের পার্থক্য হইলেও সূর্য্যের পার্থক্য হয় না। কোন কারণে তাঁহার ক্ষয় হয় না। তাঁহার তুলনা তিনিই।

যস্মাৎক্ষরমতীতোঽহমক্ষরাদপি চোত্তমঃ
অতোঽস্মি লোকে বেদে চ প্রথিতঃ পুরুষোত্তমঃ ॥১৮॥

হে ধনঞ্জয়! স্বয়ং প্রকাশ অদ্বিতীয় উপাধিরহিত (আমিই ক্ষর ও অক্ষর পুরুষ হইতে উত্তম। এই নিমিত্ত বেদ ও শাস্ত্র আমাকেই পুরুষোত্তম বলে। ১৮।)

যো মামেবমসংমূঢ়ো জানাতি পুরুষোত্তমং
স সর্ব্ববিদ্ভজতি মাং সর্ব্ব ভাবেন ভারত ॥ ১৯ ॥

হে ধনঞ্জয়! জ্ঞান সূর্য্যের প্রকাশে পুরুষোত্তম আমাকে যে চিনিয়া লয়, জাগ্রৎ দশায় স্বপ্নের ন্যায় তাঁহার সমীপে

ত্রিভুবনের জ্ঞান লুপ্ত হয়। গলার হার হাতে তুলিয়া লইলে সর্পভয় থাকে না। আমার জ্ঞানেও মিথ্যা-জ্ঞান অভিভূত করিতে পারে না। অলঙ্কারে সুবর্ণের পরিচয়ে অলঙ্কারতা মিথ্যা বোধ হয়। ভেদবুদ্ধি ত্যাগে সর্ব্বত্র সচ্চিদানন্দ স্বরূপে আমার সত্তা-জ্ঞানে অভিন্নতা বোধই পূর্ণ জ্ঞান। এরূপ জ্ঞানী দ্বৈতের লেশও শেষ রাখে না। হে অর্জ্জুন! সেই জ্ঞানী আমার ভজনের উপযুক্ত। গগনকে আলিঙ্গন করিতে গগনই উপযুক্ত। ক্ষীর সাগরকে সৎকার করিতে ক্ষীর সাগরই সমর্থ। অমৃত হইলেই অমৃতে মিলন সম্ভব। খাঁটি সোনাতে খাঁটি সোনাই মিশাইতে হয়। সমুদ্র হইতে ভিন্ন হইলে গঙ্গা কেমন করিয়া সমুদ্রে মিলিত হইত? মৎস্বরূপতা লাভ না করিয়া আমাকে ভক্তি করাও কেবল সম্বন্ধ পাতানো মাত্র। তরঙ্গ সর্ব্বপ্রকারে সমুদ্র হইতে অপৃথক্ হইয়া থাকে। আমার ভজন পরায়ণ ব্যক্তির সহিত আমিও সেইভাবে থাকি। আমার মনে হয়, যে প্রেমে সূর্য্য ও প্রভাকে একত্র করিয়া রাখে। সেই প্রেমই ভক্ত ও আমাকে এক করিয়া রাখে। ১৯।

ইতি গুহ্যতমং শাস্ত্রমিদমুক্তং ময়ানঘ।
এতদবুদ্ধ্বা বুদ্ধিমান্ স্যাৎ কৃতকৃত্যশ্চ ভারত ॥ ২০ ॥

এই অধ্যায়ের প্রারম্ভ হইতে এই পর্য্যন্ত যে সিদ্ধান্ত নিরূপণ করা হইয়াছে, উহাতে সকল শাস্ত্রের সমন্বয় আছে। উহা উপনিষদ্‌রূপ কমলদলের সুগন্ধে আমোদিত। আমি

শ্রীব্যাসদেবের জ্ঞান ভাণ্ডার হইতে শব্দ ব্রহ্মকে মন্থন করিয়া উহার সারভূত নবনীত তুলিয়াছি। জ্ঞানামৃত পরিপূর্ণ গঙ্গা। বিবেকরূপ ক্ষীর সমুদ্রের নবলক্ষ্মী।

শ্রীকৃষ্ণ বলিলেন, এই গীতা পদে, বর্ণে, অর্থে, জীবনে, প্রাণে, আমাকে ভিন্ন দ্বিতীয় বস্তু জানে না। উহার সম্মুখীন হইতেই ক্ষর ও অক্ষরের পুরুষত্ব নষ্ট হইয়া গিয়াছে এবং যথা সর্ব্বস্ব পুরুষোত্তম আমাতে সমর্পিত হইয়াছে। যে গীতা এখন তুমি শুনিলে, আমার নিমিত্তই উহা জগতে পতিব্রতা বলিয়া খ্যাতিসম্পন্না। যথার্থতঃ এই শাস্ত্র শব্দ দ্বারা ব্যাখ্যার যোগ্য নয়। ইহা এই সংসারের পরাভবকারী শাস্ত্র। ইহা অক্ষর আত্মার প্রকাশকারী মন্ত্র। হে অর্জ্জুন! তোমাকে যে আমি এই গীতার কথা বলিলাম, উহা যেন আমার গুপ্তধন হরণ করিয়া লইল। হে পার্থ! চৈতন্য-শঙ্কর স্বরূপ আমার মস্তকে গীতা গঙ্গা স্বরূপ যে সম্পৎ রাখিয়াছিলাম উহার নিমিত্ত তুমি আজ শ্রদ্ধানিধি* গৌতম হইলে। হে ধনঞ্জয়। স্বচ্ছতা হেতু যাহার সহায়তায় নিজের রূপ দেখা যায়, তুমি আজ আমার সমীপে সেইরূপ দর্শনের কার্য্যসিদ্ধ করিয়াছ। চন্দ্র ও নক্ষত্র সহিত আকাশকে সমুদ্র নিজের বুকের মধ্যে স্থান দেয়, তুমিও গীতা সহিত আমাকে তোমার অন্তরে রাখিয়াছ। হে বীর! তোমার ত্রিবিধ পাপ দূর হইয়াছে। তুমি গীতা সহিত আমার বসতিস্থান হইয়াছ। গীতা আমার জ্ঞানলতা। ইহাকে যে জানে সে অজ্ঞান হইতে সম্পূর্ণ মুক্ত হয়। হে পাণ্ডুনন্দন। সেবন করিলে

এই অমৃতের নদী রোগ বিনাশ করিয়া যোগ্য ব্যক্তিতে অমৃতত্ব সমর্পণ করে। ইহার জ্ঞানে মোহনাশ হইবে, উহাতে আর বিচিত্র কি? যে আত্মজ্ঞানে কর্ম্মের ধ্বংস উহা গীতায় লাভ হয়। হে বীরবিলাসী অর্জ্জুন। নষ্ট বস্তু প্রাপ্ত হইলে উহার খোঁজ আর থাকে না, সেইরূপ কর্ম্মময় মন্দিরের উপর জ্ঞানও মঙ্গল-কলস স্বরূপে উঠিয়া বসিলে জ্ঞানীর কর্ম্ম সমাপ্ত হইয়া যায়।

অনাথ বন্ধু শ্রীকৃষ্ণ এইভাবে বলিলেন। শ্রীমুখের অমৃত পার্থের হৃদয়ে স্থান না হওয়াতে পড়িয়া যাইতেছিল, এই নিমিত্ত শ্রীব্যাসের কৃপায় সঞ্জয়েরও উহা লাভ হইল। সঞ্জয় ধৃতরাষ্ট্রকে উহা পান করাইতেছিলেন। এই নিমিত্ত প্রাণান্তেও কষ্টপ্রদ হয় নাই। প্রথমতঃ গীতা শ্রবণে তাহাকে অনধিকারী মনে করিলেও তিনি অন্তকালে অধিকারীর যোগ্য উত্তম গতি লাভ করিয়াছিলেন। দ্রাক্ষালতার মূলে দুগ্ধ ঢালিয়া উহা বৃথা গেল মনে হইলেও পরিণামে উহা দ্বিগুণিত লাভ দেখায়। সঞ্জয় শ্রীহরির বাক্য প্রেমের সহিত বর্ণন করিলে যথাকালে ধৃতরাষ্ট্রেরও আনন্দ হইল। সেই কথা স্থূল জ্ঞানে যেটুকু বুঝিয়াছি না বুঝিয়াছি, মহারাষ্ট্র ভাষার তাহাই আপনাদের নিকট নিবেদন করিলাম।

সেঁউতি ফুলের রূপ দেখিয়া অরসিকের কিছু আনন্দ না হইলেও উহার বিশেষত্ব সুগন্ধ হরণকারী ভ্রমরই জানে। যে সিদ্ধান্ত রসিকগণের আদরণীয় উহাই আপনারা গ্রহণ করিবেন।

যাহা অযৌক্তিক তাহা ছাড়িয়া দিবেন। বালক স্বভাবতঃই অজ্ঞান, অজ্ঞানী হইলেও তাহাকে দেখিয়া পিতামাতা হৃষ্ট হৃদয় হন এবং তাহাকে অত্যন্ত কৌতুকপ্রদ মনে করেন। সাধু আপনারা আমার পিতা মাতা সদৃশ। আপনাদের দর্শনে আমি আনন্দে বলিতেছি। গ্রন্থতো কেবল উপলক্ষ্য মাত্র। জ্ঞানদেব বলিলেন, বিশ্বাত্মক আমার প্রভু শ্রীনিবৃত্তিরাজ এই বাণীর পূজা গ্রহণ করুন ॥২০॥

ইতি শ্রীজ্ঞানদেব কৃত ভাবার্থদীপিকায়াং
পুরুষোত্তম যোগো নাম পঞ্চদশোঽধ্যায়ঃ।

দৈবাসুরসম্পদ বিভাগ যোগ

ষোড়শ অধ্যায়

যাঁহার উদয়ে অদ্বৈত জ্ঞানের কমল বিকসিত হয় এবং বিশ্বাভাস অস্ত যায়, সেই নির্ম্মল সূর্য্যকে আমি বন্দনা করি। আমার গুরু শ্রীনিবৃত্তিনাথই সেই জ্ঞান সূর্য্য। তাঁহার উদয়ে অবিদ্যারাত্রি শেষ হয়। জ্ঞানাজ্ঞানদ্বন্দ্ব-চন্দ্রালোক লোপ পায়। জ্ঞানীর নিমিত্ত আত্মবোধের সুদিন সমাগত হয়। প্রভাত হওয়ামাত্র জীবপক্ষী আত্মজ্ঞানের চক্ষু উন্মীলিত করে, দেহাভিমান-কুলায় হইতে বাহির হয়। সূক্ষ্মদেহ কমলকোষে অবস্থিত দুর্ব্বল জীব-চৈতন্য-ভ্রমর বন্ধন-মুক্ত হয়। ভেদবুদ্ধি-নদীর উভয় তীরে পরস্পর বিরোধি শাস্ত্রবাক্যের কর্দ্দমময়-ভূমিতে চক্রবাক মিথুনের মত বিরহে ব্যাকুল, জ্ঞান ও বুদ্ধির আর্ত্তনাদ থামাইয়া চিদাকাশ ভুবনের প্রদীপস্বরূপ সমাধানের ও সুসিদ্ধান্তের মিলনসুখ ভোগ করায়। প্রভাতের আলোক সম্পাতমাত্র ভেদবুদ্ধি-চোরের অবস্থান কাল অতীত হইয়া যায়, পথিক-যোগী আত্মসাক্ষাৎকারের পথে চলিতে পারে। বিবেক-কিরণে জ্ঞান সূর্য্যকান্ত-মণির স্ফুলিঙ্গ বহির্গত হইয়া সংসার-অরণ্য প্রজ্বলিত করিয়া দেয়। তাহার তীব্র কিরণপাতে আত্মস্বরূপের কঠিন ভূমিতে মহাসিদ্ধি মৃগ-জলের আভাসবন্যা আনে। সোহং

জ্ঞানের মধ্যাহ্ন কালে আত্মবোধ শিখরে সূর্য্য আরোহণ করিলে আত্মভ্রমের ছায়া পদতলে মিলিয়া যায়। সেই সময় মায়ার রাত্রিই থাকে না। বিশ্বস্বপ্নময় অন্যথাজ্ঞানের নিদ্রা আর কোথায় আশ্রয় পাইবে? তখন অদ্বৈত-জ্ঞান-নগরে মহানন্দের হিড়িক পড়ে এবং বিষয় সুখানুভবের আদান প্রদান মন্দা পড়িয়া আসে। যাহার উদয়ে এইরূপ শুভদিবসের আগমনে কৈবল্য লাভ হয়, যিনি নিজধাম মহাকাশের রাজা, সর্ব্বদা সমুদিত, উদয়ে পূর্ব্বাদি দিক্ সমূহের উদয় অস্তলোপকারী, জ্ঞানাজ্ঞান উভয়ের অপ্রকাশিত বস্তুর প্রকাশকারী, সেই জ্ঞানসূর্য্য দিন ও রাত্রির অন্তরালে অবস্থিত। তাহাকে দর্শন করিতে.কে সমর্থ? প্রকাশিতব্য বস্তুভিন্নও যাহার প্রকাশ, সেই জ্ঞানসূর্য্য নিবৃত্তিকে আমি বারংবার নমস্কার করি।

তাঁহার স্তুতি করা কেবল শব্দ দ্বারা বাধা সৃষ্টি করা। প্রভুর মহিমা অনুযায়ী স্তুতি, স্তবের বিষয়গুলি বুদ্ধির সহিত বিলীন হইলেই সম্ভব হয়। সমগ্র বিষয় সম্বন্ধের ত্যাগেই যাঁহার জ্ঞান, মৌনতার আলিঙ্গনেই যাঁহার স্তুতি, অন্যরূপ না ধরিলেই যাঁহার প্রতীতি, যাহার স্তবে বৈখরী, মধ্যমা এবং পশ্যন্তীকে গ্রাস করে এবং ধরার সহিত নিজেও লোপ পায়, হে গুরুদেব, আমি দাস্যভাবে আপনাকে এই বাক্যময় স্তুতির অলঙ্কার পরিধান করাইতেছি।

হে অদ্বয়ানন্দ, ইহা আপনি অঙ্গীকার করুন, এরূপ প্রার্থনাও অন্যায়। তবে দরিদ্র অমৃতের সমুদ্র দর্শন করিলে কি ভাবে

তাহার উপযুক্ত অভ্যর্থনা করিবে তাহা ভুলিয়া তাহার সাধারণ শাক ভাজা লইয়াই তাহাকে আতিথ্য গ্রহণ করাইতে ব্যাকুল হয়। তাহার সাধারণ সেই শাকান্নকেই বহু মনে করিয়া গ্রহণ করা চাই। তাহার আনন্দ উচ্ছ্বাসের দিকে দৃষ্টি করা উচিত। আরাত্রিকদ্বারা দিব্যস্বরূপ দেবতার প্রকাশ করার চেষ্টায় আরাত্রিককারীর ভক্তিই দর্শনীয়। বালকের যোগ্যাযোগ্য বিচার থাকিলে তাহাকে আর বালক বলে কে? মাতা তাহার সকল ব্যবহারেই সন্তুষ্ট থাকেন। গঙ্গার পিছনে ক্ষুদ্র নালার জল আসিয়া মিলিত হইলে গঙ্গা কি তাহাকে অপবিত্র বলিয়া দূরে সরিয়া যাইতে বলেন? ভৃগুমুনি কত অপরাধ করিলেন, কিন্তু শার্ঙ্গপাণি তাহা প্রেমের উপচার মনে করিয়া তাহার গুরুত্বে সন্তুষ্ট রহিলেন। অন্ধকারময় আকাশ দিনমণির সমীপে আসিলে তাহাকে অন্ধকারের দোষে দূরে সরাইয়া দেয় না। আমিও ভেদবুদ্ধির তুলনায় রাখিয়া আপনাকে সূর্য্যের উপমায় পরিমাপ করিতে চেষ্টা করিয়াছি সেই অপরাধ ক্ষমা করুন। যিনি আপনাকে ধ্যাননেত্রে দর্শন করিয়াও বেদবাক্য দ্বারা স্তুতি করিয়াছেন সেই ব্রহ্মাকে আপনি ক্ষমার চক্ষে দেখিয়াছেন। আমাকেও সেইভাবে ক্ষমা করুন। (আমি সামান্য মানুষ হইয়া আপনার গুণলুব্ধ হইয়াছি—অপরাধ লইবেন না। আপনি যাহাই করুন না আমি অতৃপ্ত থাকিয়া ক্ষান্ত হইব না। আপনার মধুর প্রসাদামৃত গীতাবর্ণনায় উন্মত্ত হইয়া ভাগ্যবলে আমি দ্বিগুণিত বল পাইয়াছি। আমার বাণী কত কল্প সত্যালাপ

তপস্যা আচরণ করিয়াছে তাহার ফলেই এই গীতা মহাদ্বীপ প্রাপ্তি।)অসংখ্য অসাধারণ পুণ্যানুষ্ঠানের ফলস্বরূপ আপনার গুণবর্ণনের সামর্থ্য পাইয়াছি। জীবনের অরণ্যে মৃত্যুর গ্রামে আসিয়া পৌঁছিলাম। এখন সেই সঙ্কট দূর হইয়াছে। (গীতা নামে প্রসিদ্ধ অবিদ্যা পরাভবকারী আপনার কীর্ত্তি সর্ব্বদা স্তুতির যোগ্য।) নির্ধনের গৃহে মহালক্ষ্মী কৌতুক করিয়াও আসিয়া বসিলে তাহাকে আর নির্ধন বলা যায়? অন্ধকার স্থানে ভাগ্যবশে সূর্য্যের আগমন হইলে অন্ধকারই তখন সংসারের নিমিত্ত আলোকময় হয় না কি? যাঁহার মহিমার সমীপে সমগ্র বিশ্ব ধূলিকণার ন্যায় তাহাকেও ভক্তি বলেই পাওয়া যায় না কি? বস্তুতঃ গীতাসিদ্ধান্ত প্রকাশ করা আমার সমীপে আকাশ কুসুমের ঘ্রাণ লওয়ার ন্যায় অসম্ভব হইলেও সর্ব্বশক্তিমান আপনি উহা পূর্ণ করিলেন। (জ্ঞানদেব বলিলেন—আপনার কৃপায় অগাধ গীতা-শ্লোকার্থ আমি নিরূপণ করিতেছি।)

পঞ্চদশ অধ্যায়ে শ্রীকৃষ্ণ অর্জ্জুনের প্রতি শাস্ত্র সিদ্ধান্ত উপদেশ করিয়াছেন। উত্তম চিকিৎসক প্রথমতঃ দেহের দোষ বর্ণনা করেন। শ্রীকৃষ্ণও সম্পূর্ণ উপাধিকে বৃক্ষের উপমায় বলিয়াছেন। অবিনাশী জীবাত্মাকে পুরুষরূপে বর্ণনায় তাহার উপাধিগত চৈতন্য স্বরূপ স্পষ্ট বুঝাইয়াছেন। অনন্তর উত্তমপুরুষ বর্ণনায় পরমাত্মতত্ত্ব প্রকাশ করিয়াছেন। আত্ম-প্রাপ্তির আন্তরিক ও শ্রেষ্ঠ সাধন জ্ঞানেরও স্বরূপ বিশদ ভাবে বলিয়াছেন। অতএব এই অধ্যায়ে নিরূপণ করিবার আর কিছু বাকী রহিল না।

কেবল গুরু ও শিষ্যের প্রেমের পরিচয়ই দেওয়া হইতেছে, কেহ কেহ হয়তো এরূপ বুঝিবেন কিন্তু ইহাতে অন্য মুমুক্ষু শঙ্কিত হইবেন। ত্রিলোক নামক শ্রীকৃষ্ণ পঞ্চদশঅধ্যায়ে একটি শ্লোকে এইরূপ বলিয়াছেন যে, পুরুষোত্তম ভগবানের মিলনেই সর্ব্বজ্ঞতা সিদ্ধি এবং ভক্তির পরিণতি। উহাতে সন্তুষ্ট হৃদয়ে জ্ঞানেরই প্রশংসা করা হইয়াছে। দ্রষ্টা জীব যে জ্ঞানে প্রপঞ্চের বিনাশ করিয়া দর্শনের সঙ্গে সঙ্গে দৃষ্টরূপ হইয়া আনন্দ সাম্রাজ্যে আরূঢ় হয়, সেই বলবত্তর উপায় জ্ঞানের অতিরিক্ত আর দ্বিতীয় নাই।

প্রভু বলিলেন, যথার্থ জ্ঞান সকল উপায়ের শ্রেষ্ঠ। আত্মজিজ্ঞাসু প্রসন্ন হৃদয়ে সেই জ্ঞানের নিমিত্ত নিজের জীবনকে উৎসর্গ করিবে। তবে প্রেমের চিহ্ন এই যে, প্রীতি হইলে উহা ক্রমশঃ বৃদ্ধি পায়। জিজ্ঞাসুরও ভাল করিয়া জ্ঞানের প্রতীতি না হওয়া পর্য্যন্ত অপ্রাপ্ত জ্ঞান-প্রাপ্তি ও প্রাপ্ত-জ্ঞান রক্ষার নিমিত্ত অবশ্যই উৎকণ্ঠা থাকিবে। এই নিমিত্ত জ্ঞান যথার্থ কিভাবে লাভ করা যায়, উহার বিরোধী কে আছে—যে জ্ঞানোদয়ে বাধা প্রদান করে, অথবা উদিত হইলেও কুটিল পথে লইয়া যায়, ইত্যাদি কেমন করিয়া জানা যায়? জ্ঞানের বিঘ্নকারীকে পথেই পরিবর্জ্জন পূর্ব্বক সহায়ক সম্বন্ধে বিশেষ বিচার করা প্রয়োজন। জিজ্ঞাসু-গণের হৃদয়ে যে এরূপ ইচ্ছার উদয় হইয়াছে, তাহা পূর্ণ করিবার নিমিত্ত শ্রীলক্ষ্মীপতি পুনরায় বলিতেছেন।

জ্ঞানী যাহাদ্বারা উৎকৃষ্ট জন্ম লাভ করে এবং শান্তির বৃদ্ধি হয় এখন সেই দৈবী সম্পদের মহিমা বলিব। অজ্ঞানের অধীন

হইয়া যাহাদ্বারা রাগ ও দ্বেষ উৎপন্ন হয়, সেই আসুরী সম্পদের ব্যাখ্যাও করিব। ইষ্ট ও অনিষ্ট কারক এই সম্পত্তির কথার উপক্রম নবম-অধ্যায়ে করা হইয়াছে। উহা পরে বলিব, তবে অন্য প্রসঙ্গ আসিয়া উপস্থিত হইয়াছে। এখন প্রসঙ্গ অনুসারেই নিরূপণ করিব। পূর্ব্বোক্ত সিদ্ধান্তের নিমিত্ত ষোড়শ অধ্যায়ের সহিত সমন্বিত করিয়া বুঝিতে হইবে। পূর্ব্বাধ্যায়ের প্রস্তাবিত জ্ঞানের হিত বা অহিত সাধনে দৈবী ও আসুরী দুই সম্পদ্ সমর্থ। ইহাদের মধ্যে প্রথমতঃ দৈবী সম্পদ্। সে মুমুক্ষুর পথে পৌঁছায় এবং মোহ রাত্রিতে ধর্ম্মের মশাল ধরে, যে একটি বস্তু অনেক বস্তুর প্রাপ্তি ঘটায় তাহাকেই সংসারে সম্পত্তি বলে। দৈবী-সম্পদ্বলে সুখপ্রাপ্তি হয়। দৈবগুণ একমাত্র আশ্রয়যোগ্য উহা বর্ণন করিতেছি—

অভয়ং সত্ত্বসংশুদ্ধি র্জ্ঞানযোগব্যবস্থিতিঃ।
দানং দমশ্চ যজ্ঞশ্চ স্বাধ্যায়স্তপঃ আর্জবম্॥ ১॥

শ্রবণ কর। সেই দৈবগুণের সর্ব্বপ্রথম 'অভয়'১। বন্যায় ঝাঁপাইয়া না পড়িলে ডুবিবার ভয় কি?—সুপথ্য সেবনকারীর গৃহে রোগের সম্ভাবনা আছে কি?—সেইভাবে অহঙ্কারের কর্ম্মাকর্ম্মে মনকে যাইতে না দিয়া সংসারভয় ত্যাগ করিতে হয়। ঐক্যভাবের বিস্তার দ্বারা সমগ্র জগৎকে আত্মস্বরূপ জানিয়া ভয়বার্ত্তাকে দূরে তাড়াইয়া দিবে। লবণখণ্ড জলে ডুবিয়া জলাকার হয়, সেইরূপ জীবাভিমানখণ্ড অদ্বৈতে ডুবিয়া গেলে

ভয় থাকে না। উহাই "অভয়"। সম্যক্ জ্ঞান লাভের সীমা এই। সত্ত্বশুদ্ধি এই লক্ষণেই জানিয়া লইবে।

ভস্ম জ্বলেও না নিভেও না। চন্দ্র অমাবস্যায় ক্ষয়ের হানি বা প্রতিপদের বৃদ্ধি অপেক্ষা না করিয়া মধ্যস্থ হইয়া সূক্ষ্ম অবস্থায় থাকে, গঙ্গা বর্ষার অন্তে গ্রীষ্মের পূর্ব্ব পর্য্যন্ত নিজের স্বরূপেই থাকে, তাহার হ্রাস বা বৃদ্ধি হয় না, তদ্রূপ সঙ্কল্প বা বিকল্পদ্বারা আকৃষ্ট না হইয়া রজঃ ও তমোগুণের প্রবৃত্তি ত্যাগ পূর্ব্বক বুদ্ধি আত্মানন্দের উপভোগ করে। ইন্দ্রিয়গণ অনুকূল বা প্রতিকূল বিষয় উপস্থিত করিলে বা কেহ কোন অনিষ্ট করিলেও বিস্মিত হয় না। প্রোষিতভর্তৃকা নারীর ন্যায় বিরহ-দুঃখের সমীপে লাভ ও হানি সত্ত্বশুদ্ধ জীব কিছুই গণনা করে না। সৎস্বরূপের রুচিতে অনন্য বুদ্ধি লাভের অবস্থাই "সত্ত্বশুদ্ধি"২।

কেশিনিসূদন শ্রীকৃষ্ণ এই প্রকার বলিলেন। আত্মলাভের নিমিত্ত জ্ঞান বা যোগ যেদিকে প্রাণের অভিলাষ হয়, সম্পূর্ণ চিত্ত বৃত্তি সমর্পণ করিবে। উহা ঠিক নিষ্কাম মনুষ্যের পূর্ণাহুতির ন্যায় হওয়া প্রয়োজন। কুলীন আপন কন্যাকে উত্তম কুলেই সমর্পণ করে। শ্রীলক্ষ্মী শ্রীমুকুন্দেই স্থির হইয়া অবস্থান করেন। প্রভু শ্রীকৃষ্ণ বলিলেন—বিকল্প রহিত হইয়া যোগ ও জ্ঞানেই বৃত্তিস্থ হইয়া থাকিবে। ইহাই তৃতীয় গুণ "জ্ঞান-যোগ-ব্যবস্থিতি"৩।

কায়মনোবাক্যে যথাপ্রাপ্ত ধনদ্বারা শক্র হইলেও আর্ত্তকে বঞ্চনা না করা দান। হে ধনঞ্জয়, পথিককে বৃক্ষ যেরূপ অবিচারে

ফুল, ফল, ছায়া, মূল ও পত্রে আপ্যায়িত করে সেই রীতি অনুসারে যথাবসরে মন ও ধনদ্বারা দুঃখীর সহায়তা করাকে "দান"[৪] বলা হয়। ইহাকে মোক্ষ প্রকাশকারক অঞ্জন বলা যায়। এখন দমের লক্ষণ শ্রবণ কর। উহাতে ভোগ্য বিষয় ও ইন্দ্রিয়কে নিয়মিত করে। নির্মলীফল বা ফিট্‌কারী জলের গন্দ পৃথক্ করিয়া দেয়। দম ইন্দ্রিয় দ্বারে বিষয় মাত্রের বাতাস লাগিতে দেয় না। উহাদিগকে বন্ধন করিয়া প্রত্যাহারের হস্তে সমর্পণ করিয়া দেয়। প্রবৃত্তিগুলিকে চিত্তে প্রবেশ করিতে বাধা দিয়া দশ ইন্দ্রিয় দ্বারে বৈরাগ্যের অগ্নি জ্বালাইয়া দেয়। প্রত্যেকটি শ্বাসের সহিত বহু কঠিন ব্রতাচরণ করিতে হয়, দিনরাত্রি এই ব্রতে থাকিয়া অবকাশ পাওয়া যায় না। ইহাকেই "দম"[৫] বলা যায়

এখন সংক্ষেপে যজ্ঞের অর্থ বলিব। ব্রাহ্মণ হইতে স্ত্রীলোক পর্যন্ত আপন আপন অধিকার অনুসারে যথোপযুক্ত সর্ব্বোত্তম আচরণ এবং যথা নির্দ্দিষ্ট ধর্ম্ম ও দেবতাকে শাস্ত্রানুসারে বিধি পূর্ব্বক যথারীতি যজন করিবে। ব্রাহ্মণের যজনাদি ষট্ কর্ম্মানুষ্ঠান ও শূদ্রের ভগবদ্‌বন্দন এই উভয় যজ্ঞই সমান ফলদায়ক। সকলেরই নিজের নিজের অধিকার অনুসারে যজ্ঞ করা কর্ত্তব্য। উহাতে ফলের আশারূপ বিষ মিশ্রিত করা উচিত নয়। আমি এই যজ্ঞ করিতেছি, এই ভাব প্রকাশ করা উচিত নয়। নিজে বেদজ্ঞানের আশ্রয়স্থান হইয়া থাকিবে। হে অর্জ্জুন, শাস্ত্রোক্ত "যজ্ঞ"[৬] ইহাকে বলে। মোক্ষ পথে যজ্ঞ এক জ্ঞানবান সঙ্গী।

খেলিবার গোলককে (বল) ভূমিতে আঘাত করা আঘাত নয়। উহা পুনরায় হাতে লইবার চেষ্টা। ক্ষেত্রে বীজ ছড়াইয়া দেওয়া—ছড়াইয়া ফেলা নয়। উহা ফসলের নিমিত্ত বীজ বপন। রক্ষিত বস্তুর অন্বেষণের নিমিত্তও প্রদীপের প্রয়োজন হয়। ফল প্রাপ্তির আশায় বৃক্ষের মূলে জল সেচন করিতে হয়। নিজের মুখ ভাল করিয়া দেখিবার জন্যই দর্পণ বারবার আদর করিয়া পরিষ্কার করা হয়। সেইরূপ শাস্ত্র-প্রতিপাদ্য ঈশ্বরের পরিচয় লাভের নিমিত্ত নিরন্তর শ্রুতির অভ্যাস করা প্রয়োজন। ব্রাহ্মণ ব্রহ্মসূত্র পাঠ করিবেন। অপরে তত্ত্বলাভ করিবার নিমিত্ত স্তোত্র এবং নাম মন্ত্র পাঠ করিবে। ইহাকেই হে পার্থ, "স্বাধ্যায়"৭ বলা হয়।

এখন তপঃ শব্দের অভিপ্রায় বলিতেছি—যথাসর্ব্বস্ব দান, অন্যথা খরচ করাকে বৃথা মনে করা, বনস্পতির ন্যায় ফল প্রসব করিয়া নিজে নিজেই শুষ্ক হওয়া, ধূপের ন্যায় নিজে অগ্নিতে জ্বলিয়া অপরকে গন্ধদান করা, চন্দ্রের ন্যায় কৃষ্ণপক্ষকে বৃদ্ধি করিয়া নিজে হ্রাস পাওয়ার রীতিতে—হে বীর, আত্মস্বরূপের প্রাপ্তির নিমিত্ত দেহ, প্রাণ, ইন্দ্রিয় বৃত্তিকে হ্রাস করাই "তপস্যা"৮। তপস্যার রূপ ভিন্ন প্রকারও আছে, তথাপি রাজহংসের দুধ ও জল পৃথক্ করার ন্যায় দেহ ও জীবের সংগঠন ভাঙ্গিয়া যায়, এরূপ বিবেককেই তপঃ বলিয়া বুঝিবে। জাগ্রত অবস্থায় স্বপ্নের ঘোর থাকেনা। সেইরূপ যাহার আত্মার দিকে

দৃষ্টি প্রসারিত হইতেই বুদ্ধির সঙ্কোচ হয়, এরূপ আত্মাবলোকনের প্রবৃত্তিই তপস্যা।

বালকের হিতের নিমিত্তই মাতার বক্ষে অমৃত—সকল ভূতেই চৈতন্যের সমভাবে অধিষ্ঠান—সেই ভাবে সকল প্রাণীর প্রতি সৌজন্যই "আর্জব"৯ ॥ ১ ॥

অহিংসা সত্যমক্রোধস্ত্যাগঃ শান্তিরপৈশুনম্।
দয়া ভূতেষ্বলোলুপত্বং মার্দ্দবং হ্রীরচাপলম্ ॥ ২ ॥

কায়মনোবাক্যে জগতের সুখের হেতু চেষ্টা করাকে "অহিংসা"১০ বলে। যে তীক্ষ্ণ অথচ মৃদু, চামেলির প্রস্ফুটিত কলির ন্যায় সুগন্ধি, চন্দ্রালোকের ন্যায় শীতল স্পর্শ, যাহার দর্শনমাত্র রোগ নিবারণ করে, রসনায় কটু অনুভব হয় না, পরমৌষধের ন্যায়। মৃদু স্বভাব জলের মত যে কমলদলকে নাচাইয়া দেয়, পাহাড়কেও কাঠিন্যে চূর্ণ করিতে পারে, সন্দেহ দূর করিতে লৌহ হইতেও সুকঠিন, শ্রবণীয় গুণে মধুরও লজ্জা সম্পাদক, যাহার শ্রবণমাত্র কর্ণেরও কথা কহিবার ইচ্ছা জন্মে, সত্যের বলে ব্রহ্মের ন্যায়, সকলেই প্রিয় বলিয়া কাহারও সহিত যে প্রতারণা করে না, যথার্থ হইলেও কাহারও মর্ম্মে আঘাত করে না, ব্যাধের সঙ্গীত মধুর হইলেও প্রাণ-নাশক, অগ্নি দ্বারা কার্য্যসকল সুসম্পন্ন হইলেও উহাতে তাপ আছে, শ্রবণে মধুর হইলেও মর্ম্মন্তুদ বাণী রাক্ষসীর তুল্য, অপরাধ করিলে বাহিরে ক্রোধ প্রকাশ করিয়াও লালনের কালে মাতা শিশুর প্রতি কুসুমকোমল।

যে সুখদায়ক এবং পরিণামে যথার্থরূপে পরিণত উহাকেই 'সত্য'১১ বলিয়া জানিবে। প্রস্তরে জলসেচন করিলে অঙ্কুর উদ্গমের সম্ভাবনা নাই। কাঁজীর জল মন্থন করিলে নবনীত পাওয়া যায় না। সর্পের খোলসের শিরে পদাঘাত করিলেও উহা ফণা তুলিয়া দাঁড়ায় না। বসন্তকাল সমাগমেও আকাশে কুসুম বিকসিত হয় না। স্বর্বেশ্যা রম্ভাও শুকদেবের মনে কামনা জাগ্রত করিতে অসমর্থা। ভস্মে ঘৃতাহুতি দিলে উহা জ্বলিয়া উঠে না। যেসকল কথায় বালকেরও ক্রোধ হয়, উহা একত্র করিলেও যাহার ক্রোধ হয় না। ব্রহ্মার পাদস্পর্শেও মৃতমানুষ জীবন পায় না। চেষ্টাসত্ত্বেও যাহার ক্রোধকে উদ্দীপ্ত করা যায় না। তাহারই 'অক্রোধ'১২ ভাব। মৃত্তিকার ত্যাগে মৃন্ময় ঘট, তন্তু ত্যাগে বস্ত্র, বীজ ত্যাগে বৃক্ষ, নিদ্রা ত্যাগে নানা স্বপ্ন, জলত্যাগে তরঙ্গ, বর্ষা ত্যাগে মেঘ, এবং ধন ত্যাগে উপভোগ পরিত্যক্ত হয়। সেইরূপ বুদ্ধিমান ব্যক্তি দেহাত্মবুদ্ধি ত্যাগ করিয়া সম্পূর্ণ সংসারের বিষয় 'ত্যাগ'১৩ করিবে।

ইহা শ্রবণে ভাগ্যবান্ অর্জ্জুন বলিলেন, সুন্দর হইয়াছে, এখন শান্তি কাহাকে বলে বুঝাইয়া দিন। শ্রীকৃষ্ণ বলিলেন— বেশ শ্রবণ কর। জ্ঞেয় ও জ্ঞাতাকে বিলীন করিয়া জ্ঞানও বিলীন হইয়া গেলে শান্তি বলা যায়। প্রলয়ের জল নিখিল বিশ্ব প্লাবিত করিয়া নিজেই মেঘ পূর্ণ করে। কোথায় কাহার উদ্গম, কোন্ দিকে প্রবাহ, সমুদ্রই বা কোথায় এই ব্যবহারিক ভেদ লোপ পায়; তখন সকলই জল কিনা উহা দেখিবারও

লোক বাঁচিয়া থাকে না। সেইরূপ জ্ঞেয়ের আলিঙ্গন মাত্র জ্ঞাতৃত্ব লোপ পায়, হে কিরীটি, ইহাই "শান্তির"১৪ স্বরূপ। সুচিকিৎসক কষ্টদায়ক রোগ নিবারণের পূর্ব্বে এই ব্যক্তি আপন, ঐ ব্যক্তি পর, এরূপ বিবেচনা করেন না, বা কর্দ্দমে পতিত গাভীর দুর্দ্দশায় করুণ হৃদয় ব্যক্তি এরূপ চিন্তা করেনা যে, গাভীটি দুগ্ধবতী কিনা? জলে মজ্জমান ব্যক্তিকে বাঁচাইতে গিয়া কৃপালু ব্যক্তি জিজ্ঞাসা করে না "তুমি ব্রাহ্মণ না শূদ্র!" তাঁহাকে বাঁচাইবার নিমিত্ত সে সর্ব্বতোভাবে যত্ন করে। দুর্ভাগ্যক্রমে কোনও পতিব্রতাকে পাপিষ্ঠ ব্যক্তি নগ্ন করিলে শিষ্টব্যক্তি তাহাকে বস্ত্রপরিধান করাইয়া তৎপর বাক্যালাপ করে। অজ্ঞান, প্রমাদ প্রভৃতি দোষের হেতু অথবা জন্মান্তরের দুষ্কৃতিবশে নিন্দনীয় বিষয়ে মগ্ন ব্যক্তিকেও সুন্দরভাবে সহায়তা করিয়া সেই দুঃখ ভুলাইয়া দেওয়া—অপরের দোষ নিজের দৃষ্টি দ্বারা শোধন পূর্ব্বক কৃপা করা, পূজার পরে পুনরায় দেবদর্শনের ন্যায়—বপনের পর ক্ষেত্রে গমনের ন্যায়—অতিথিকে ভোজন করাইয়া প্রসাদ লওয়ার ন্যায়—নিজের গুণে অপরের ন্যূনতা দূর করিয়া তাহার দিকে দৃষ্টিপাত করা—কখনও কাহারও প্রাণে ব্যথা না দেওয়া—দুষ্কর্ম্ম প্রকাশ না করা—পতিতকেও পুনরায় তুলিয়া লইবার চেষ্টা করা—হৃদয়ে ক্ষত না করা—নীচকেও উত্তমের ন্যায় দেখিতে কুণ্ঠিত না হওয়াকে হে কিরীটি, অপৈশুন্যের লক্ষণ জানিবে। এই 'অপৈশুন্য'১৫ মোক্ষপথে প্রধান শিবিকা।

এখন "দয়ার"১৬ কথা বলিব। পূর্ণচন্দ্র শীতলজ্যোৎস্না

বিতরণে বড় ছোটর বিচার করে না। সমর্থব্যক্তি দুঃখ-মোচনেও উত্তম অধমের বিচার করে না। জল নিজে নষ্ট হইয়াও মুমূর্ষু তৃণের প্রাণটিকে রক্ষা করে। দয়ালু অপরের দুঃখ দূর করিতে ব্যাকুল হইয়া নিজের প্রাণদানকেও তুচ্ছ মনে করে। গর্ত্ত পূর্ণ না করিয়া জল বাহিরে যায় না। দয়ালুও লোকের সন্তোষ বিধান না করিয়া অগ্রসর হয় না। সে পরের দুঃখে পদে কণ্টক বিদ্ধের ন্যায় যন্ত্রণা অনুভব করে এবং পরের সুখে সুখী হইয়া শীতল বস্তুর স্পর্শের ন্যায় উৎফুল্ল হয়। তৃষিতের নিমিত্তই জল, দয়ালুর জীবনও দুঃখীর জন্য। মূর্ত্তিমান দয়াস্বরূপ পরহিতব্রতে রত ব্যক্তির জন্ম হইতেই আমি তাহার সমীপে ঋণী।

কমল প্রাণে প্রাণে সূর্য্যের অনুসরণ করে। সূর্য্য তাহার সুগন্ধ কিন্তু স্পর্শও করে না। বনশোভা বসন্তের অনুগামিনী হয়, বসন্ত সে দিকে লক্ষ্য না করিয়া চলিয়া যায় মহাবিষ্ণু মহাসিদ্ধির সহিত লক্ষ্মীকে প্রাপ্ত হইয়াও বিচলিত হন না। ঐহিক পারলৌকিক ভোগ স্বেচ্ছায় সেবক হইয়া থাকিলেও উপভোগের আকাঙ্ক্ষা করা উচিত নয়। যে অবস্থায় রহস্যের মধ্য দিয়াও অন্তরে বিষয়ের অভিলাষ উপস্থিত না হয়, তাহাকেই 'অলোলুপতা'[১৭] বলিয়া জানিবে।

মধুমক্ষিকার মৌচাক, জলচরের জল, পক্ষীর বাধাশূন্য অনন্ত আকাশ অথবা স্নেহবতী মাতার শিশুর প্রতি যে স্নেহ—বসন্তের স্পর্শযুক্ত মলয় হিল্লোল, প্রিয়জনের দর্শন, শিশুর প্রতি দৃষ্টির ন্যায় কোমলতার সহিত জীবের প্রতি ব্যবহার করিবে। স্পর্শে

অতি মৃত্ব, আস্বাদে মধুর, ঘ্রাণে সুগন্ধি, কান্তিতে উজ্জ্বল, কর্পূর অধিক পরিমাণে গলাধঃকরণ করিলে যদি হানিকর না হইত তবেই কর্পূরের সহিত তাহার কোমলতার তুলনা হইত। মহাভূতকে আকাশ যেমন স্থান দিয়াছে অথচ প্রতি পরমাণুর মধ্যে প্রবেশ করিয়া বিশ্বরূপ ধারণ করিয়াছে, সেইভাবে বিশ্বের জীবনের অনুসারে জীবন ধারণ "মার্দ্দব"১৮।

নৃপতি পরাজয়ে লজ্জায় তুঃখিত হয়। সম্ভ্রান্তলোক নীচ অবস্থায় পড়িলে তেজোহীন হয়। অকস্মাৎ শ্বপচের ঘরে উঠিয়া সন্ন্যাসী লজ্জিত হয়। যুদ্ধে পরাঙ্মুখ ক্ষত্রিয়ের লজ্জা রাখিবার স্থান থাকে না। পতিব্রতাকে যদি বিধবা নিমন্ত্রণ করে, রূপবতীর মহারোগ উৎপন্ন হয়, কোন মাননীয় সজ্জনে নিন্দনীয় দোষারোপ করে, তবে কিরূপ সঙ্কট উপস্থিত হয়? এই সার্দ্ধত্রিহস্ত পরিমিত দেহে শবের ন্যায় অবস্থান, বার বার জন্ম মৃত্যু, গর্ভস্থ মূত্ররসে মূর্ত্তি ধরিয়া থাকা, দেহ ধারণ করিয়া নামরূপ স্বীকার করা হইতে আর অধিক লজ্জাস্পদ কি আছে? পূর্ব্বোক্ত দোষ স্মরণ করিয়া দেহসংযোগ হইতে সাধুগণ সঙ্কুচিত হন, ইহাকেই "লজ্জা"১৯ বলে। নির্লজ্জের সমীপে উহাই ভাল লাগে।

সূত্র ছিন্ন হইলে কাষ্ঠপুত্তলী নৃত্য করে না। প্রাণায়ামে কর্ম্মেন্দ্রিয় ব্যবহার বন্ধ হইয়া যায়। সূর্য্য অস্ত গেলে কিরণ বিস্তার বন্ধ হয়। মনোজয়ে বুদ্ধি ও ইন্দ্রিয়ের অবস্থাও সেইরূপ। মন ও প্রাণকে সংযত করিলে দশ ইন্দ্রিয়ের পঙ্গু হইয়া যাওয়ার ভাবটিকেই "অচাপল্য"২০ বলে॥ ২॥

তেজঃ ক্ষমা ধৃতিঃ শৌচমদ্রোহো নাতিমানিতা।
ভবন্তি সম্পদং দৈবীমভিজাতস্য ভারত ॥ ৩ ॥

ঈশ্বর প্রাপ্তির নিমিত্ত জ্ঞানযোগে প্রবৃত্ত হইলে ধৈর্যের অভাব থাকে না। মৃত্যু হইবে জানিয়াও পতিব্রতা প্রাণপতির নিমিত্ত অগ্নিপ্রবেশ দুঃখকে কিছুমাত্র ভয় করে না। বিষয়-বিষ ত্যাগ করিয়া নিজের প্রভুকে লাভ করিবার নিমিত্ত শূন্যমার্গেও ছুটিবার অভিলাষ হয়। যখন কোনও নিষেধ প্রতিবন্ধক হয় না, বিধির মর্য্যাদা রক্ষা চলেনা, এমন কি মহাসিদ্ধির লোভও প্রলুব্ধ করে না, এইভাবে যখন মন স্বভাবতঃ ঈশ্বরের দিকে ধাবিত হয়, তখন আধ্যাত্মিক "তেজে"র২১ পরিচয় পাওয়া যায়।

সহনশীলগণের মধ্যে শ্রেষ্ঠ হইয়াও যাহার মনে কিছু মাত্র গর্ব্বানুভব নাই তাহার ভাবকেই "ক্ষমা"২২ বলে।

ইন্দ্রিয়ের বৃত্তি নষ্ট হইয়া যাউক, প্রারব্ধানুসারে রোগ আক্রমণ করুক, সর্ব্বপ্রকার মঙ্গলময় অবস্থা লাভ হউক, অথবা সকল দুঃখ দূর হইয়া যাউক, তথাপি যে অগস্ত্য ঋষির ন্যায় ধৈর্য্যবান হইয়া স্থির থাকে, গগনে ধূম রেখাকে বায়ু ক্ষণকালের মধ্যে উড়াইয়া লইয়া যায়, তদ্রূপ হে পাণ্ডব, ত্রিবিধ দুঃখকে ক্ষণকালে যে উড়াইয়া দেয় এবং চিত্তক্ষোভের কালেও যে ধৈর্য্য ধারণ করিয়া স্থির থাকে তাহার ভাবকেই "ধৃতি"২৩ বলে।

শৌচ গঙ্গাজল পূর্ণ শুদ্ধ স্বর্ণ কলসের ন্যায়। কামনা-শূন্য দৈহিক কর্ম্মানুষ্ঠান ও অন্তরে শুদ্ধ বিবেক পোষণকে অন্তর্ব্বাহ্য "শৌচ"২৪ বলা যায়।

গঙ্গা পাপ ও সন্তাপ দুইই দূর করে, তটে বৃক্ষকে পোষণ করে এবং সমুদ্রের দিকে প্রবাহিত হয়। সূর্য্য সংসারের অন্ধকার দূর করিয়া সম্পদ্ প্রাসাদ প্রকাশ করিয়াও পৃথিবী প্রদক্ষিণ করে, সেইরূপ বদ্ধকে মুক্ত, নিমগ্নকে উদ্ধার, দুঃখীর দুঃখ দূর করিয়া দিনরাত্রি অপরের সুখ বৃদ্ধিকরা এবং নিজের স্বার্থের নিমিত্ত অপরের অহিতচিন্তা দ্বারাও বাধা না দেওয়াকে "অদ্রোহ"২৫ বলে।

আমার সমীপে এগুলি যে ভাবে অনুভূত হইয়াছে, বর্ণনা করিলাম। হে পার্থ, শঙ্করের শিরে পোঁছিয়া গঙ্গা সঙ্কুচিত হইয়াছিলেন। সম্মান প্রাপ্তিতেও হে সুমতি, লজ্জানুভব করাকেই "নিরভিমানিতা"২৬ বলিয়া বুঝিবে। পূর্ব্বে আমি ইহার অনেক বর্ণনা করিয়াছি। এখানে উহারই পুনরুক্তি মাত্র। ব্রহ্মসম্পদ্ এই অভয় হইতে নিরভিমানিতা পর্য্যন্ত ষড়্‌বিংশতি গুণযুক্ত। ইহারা মোক্ষনৃপতির অগ্রদূত। এই দৈবী সম্পৎ বৈরাগ্যসাগর মিলিতা তীর্থময়ী নিত্য নবগঙ্গা। মুক্তিরূপা বালিকা এই গুণময় পুষ্পমাল্য নিরপেক্ষ বৈরাগ্য-বরের কণ্ঠে দিতে উৎকণ্ঠিতা। এই ষড়্‌বিংশতি গুণরত্নপ্রদীপ লইয়া গীতা নিজপতি পরমাত্মার আরাত্রিক করিতে সুসজ্জিতা। গীতাসমুদ্রে দৈবীসম্পদ্-শুক্তিতে এই মহামূল্য গুণ মুক্তামণির জন্ম। ব্রহ্মসম্পদ্ এই প্রকার অনির্ব্বচনীয়। দৈবীসম্পদ্ বর্ণনার পরে দোষকণ্টকাকীর্ণ আন্তরিকদুঃখের মুকুলসদৃশ আসুরীসম্পদ্ বর্ণনা করিব। অনুপযোগী হইলেও ত্যাজ্যবস্তু ত্যাগের নিমিত্ত জানা প্রয়োজন।

মনোযোগ পূর্ব্বক শ্রবণ কর। ঘোর পাপসমূহ নরকদুঃখ বৃদ্ধি-করিবার নিমিত্ত যে সংসার গঠন করিয়াছে, উহাই আসুরী সম্পদ্। বিষবর্গের নামই কালকূট। দোষের সমষ্টিই আসুরী সম্পদ্ ॥৩॥

দম্ভো দর্পোঽভিমানশ্চ ক্রোধ পারুষ্যমেব চ।
অজ্ঞানং চাভিজাতস্য পার্থ সম্পদমাসুরীম্ ॥৪॥

ইহাদের মধ্যে যে বীরের শ্রেষ্ঠ কীর্ত্তি তাহার নাম দম্ভ। মাতা তীর্থরূপা হইলেও তাহার নগ্নমূর্ত্তি দেখিলে পতিত হইতে হয়। গুরূপদিষ্ট বিদ্যা ইষ্টদা হইলেও চতুষ্পথে চীৎকার করিয়া উহা প্রকাশ করিলে অনিষ্ট হয়। যে নৌকা বন্যার জলেও অনায়াসে পরপারে লইয়া যায়, মাথায় করিয়া লইলে উহা লইয়া জলে ডুবিতে হয়। হে পাণ্ডুনন্দন, জীবন প্রদায়ক অন্নেরও সেবার সময় উহার বর্ণনায় উহা বিষের মত হয়। ইহলোক পরলোকের সঙ্গী পরিত্রাণকারী ধর্ম্মকে লইয়া বড়াই করিলেও পাপ হয়। ধর্ম্মের বাণী চতুষ্পথে শুনাইতে গেলে উহা অধর্ম্মই হয়। উহাকেই "দম্ভ" বলিয়া জানিবে।

মূর্খের রসনায় চারিটি অক্ষরের বিন্দু পতিত হইতেই সে তত্ত্বজ্ঞানীর সভাকেও হীন বলিয়া মনে করে। মদ্যপায়ী অশ্ব-চালকের ঘোড়া ঐরাবতকেও তুচ্ছ মনে করে। কণ্টক বৃক্ষে থাকিয়া গিরগিটি স্বর্গকেও তুচ্ছ মনে করে। তৃণ মাত্র ইন্ধন

পাইয়াই অগ্নি প্রজ্বলিত হইয়া আকাশ ছুঁইতে চায়। ডাবরের জলেই ক্ষুদ্র মীন সমুদ্রের গর্ব্ব অনুভব করে।

ভাগ্যবশে দরিদ্র একদিন সুখাদ্য সুপেয় পাইয়াই মত্ত হয়। যে লোক স্ত্রী, ধন, বিদ্যার প্রশংসা শুনিলে প্রমত্ত, মেঘের ছায়া দেখিয়া বাসগৃহ ভাঙ্গিয়া ফেলে, মৃগ-তৃষ্ণিকার দর্শনে গৃহস্থ কূপ বন্ধ করে বা সম্পত্তির আশায় উন্মত্ত হয় তাহার ভাবকে "দর্প" বলে।

সংসারে বেদে বিশ্বাসী লোক আছে। শ্রদ্ধার সহিত ঈশ্বর আরাধনা করে, এরূপ লোকের অভাব নাই। সূর্য্যই একমাত্র আলোকদাতা। সার্বভৌমপদই স্পৃহনীয় বস্তু। জীবিত থাকাই সর্ব্বাপেক্ষা প্রিয়। এই সকল বর্ণনায় যাহার মাৎসর্য্য ভাবের উদয় হয়। যে বলে তোমার ঈশ্বর আমি গিলিয়া খাই। যে আমার মর্য্যাদাকে খর্ব্ব করে সেই বেদকে বিষ দিয়া হত্যা কর; পতঙ্গের চক্ষে দিনের আলোকজ্যোতি ভাল লাগে না, খদ্যোৎ সূর্য্যকে ঘৃণা করে, টিট্টিভ সমুদ্রের সহিত স্পর্দ্ধা করে, সেইরূপ অভিমানের মোহে ঈশ্বরের নামও যাহার সহ্য হয় না; পিতাকেও যে শত্রু বলিয়া মনে করে, নিজের গরিমায় এরূপ অভিমানীর "অভিমান" রৌরব নরকের একটি প্রশস্ত পথ।

অপরের সুখ দেখামাত্র যাহার মনোবৃত্তিতে ক্রোধের বিষ উঠিতে থাকে। তপ্ত তৈলে পতিত শীতল জলের দুরবস্থা। চন্দ্রোদয়ে শৃগালের ক্ষুব্ধতা। বিশ্ব প্রকাশক সূর্য্য দেখিয়াও প্রাতঃকালে পেচকের চক্ষু জ্বালা। সুখময় প্রভাত চোরের

নিকট মৃত্যু হইতেও নিকৃষ্ট। সর্প দুধ পান করিলেও উহা বিষরূপেই পরিণত হয়। বাড়বানল সমুদ্রে জলপান করিয়াও জ্বলিতে থাকে কখনও তাহার শান্তি নাই। সেইরূপ অপরের বিদ্যা, বিনোদ, ঐশ্বর্য্য, সৌভাগ্যাদি দর্শনে অধিক ক্ষোভ উৎপন্ন হয়, তাহারই নাম 'ক্রোধ'। যাহার মন সর্পের গর্ত্ত, চক্ষু জ্যামুক্ত বাণ, বাক্য বৃশ্চিকের বর্ষণ, অন্যান্য ব্যবহার লৌহময় করাত, যাহার অন্তর ও বাহিরে এই প্রকার তীক্ষ্ণতা তাহাকে অত্যন্ত নীচ "পারুষ্যের" মূর্ত্তি বলিয়া জানিবে।

অজ্ঞতার লক্ষণ শ্রবণকর। শীতল বা উষ্ণ স্পর্শের ভেদ প্রস্তর জানে না। জন্মান্ধ রাত্রি ও দিনের পার্থক্য বুঝে না। উদরে অগ্নি জ্বলিয়া উঠিলে খাদ্যাখাদ্য বিচার থাকে না। স্পর্শমণি স্বর্ণ বা লৌহের বিচার করে না। চামচ বহু রসে প্রবেশ করিলেও কাহারও আস্বাদ লইতে সমর্থ নয়। বায়ু ভাল মন্দ পথের বিচারহীন। কর্ত্তব্যাকর্ত্তব্য বিষয়ে অন্ধ বালকের ন্যায় ভাল মন্দ না দেখিয়া অবিচারে মুখে দেওয়ার মত পাপ পুণ্যের খিচুড়ী খাইয়া মধুর বা তিক্ত বিচারের অক্ষমতার দশাই "অজ্ঞান"।

ছয় প্রকার দোষের কথাই বলিলাম। ইহাদের আশ্রয়েই আসুরী-সম্পদ্ বৃদ্ধি প্রাপ্ত হয়। সর্পের আকার ছোট হইলে কি হয়, উহার বিষ খুব বেশী। অগ্নির তিনটি কুণ্ড ছোট দেখিলে কি হয়, উহার প্রাণাহুতির নিমিত্ত বিশ্বও অল্প। ত্রিদোষ সান্নিপাত হইলে ব্রহ্মার শরণেও মৃত্যু অনিবার্য্য।

ত্রিদোষের দ্বিগুণ ছয় দোষ সেইরূপই জানিবে। ইহারাই সম্পূর্ণ আসুরী-সম্পদের মহিমা প্রচার করে ; ইহাদের অল্প মনে করিও না। দুঃখের দিনে মন্দ গ্রহগণ এক রাশিতে মিলিত হয়। নিন্দুকের সমীপে সকল পাপই পৌঁছিয়া যায়। মুমূর্ষুর সকল রোগ একবারে দেখা দেয়। খারাপ সময়ে ক্রূর যোগ উপস্থিত হয় ;- বিশ্বস্ত জন চোরের হাতে পড়ে। ভীত মানুষ হঠাৎ বন্যায় ভাসিয়া যায়। এই দোষেও হঠাৎ মানুষের অনিষ্ট উৎপাদন করে। মৃত্যু সমাগত হইলে সুপ্ত বৃশ্চিকও দংশন করিয়া মৃগকে মারিয়া ফেলে। অবোধ মানুষও তদ্রূপ এই ছয়টি দোষের কবলে পড়ে। মোক্ষপথে যে তিলাঞ্জলি দিয়াছে, সংসারের বন্ধন ছিন্ন করিতে অক্ষম হইয়া সংসারে ডুবিয়া আছে ; অধম যোনি হইতে উঠিতে গিয়া যে স্থাবরেরও হীন হইয়াছে। তাহাতেই এই আসুরী-সম্পদ্ অত্যন্ত বৃদ্ধি পায়। দুই প্রকার সম্পদের কথাই আমি পৃথক্ পৃথক্ বর্ণনা করিলাম ॥ ৪ ॥

দৈবী সম্পদ্ বিমোক্ষায় নিবন্ধায়াসুরী মতা।
মা শুচঃ সম্পদং দৈবীমভিজাতোঽসি পাণ্ডব ॥ ৫ ॥

দৈবী সম্পদ্ মোক্ষ-সূর্য্যের অরুণোদয়। আসুরী-সম্পদ্ মোহময় লৌহ শৃঙ্খল। ইহাতে ভীত হইও না। দিবা কখনও রাত্রির ভয়ে ভীত হয় না। হে ধনঞ্জয়, এই ছয় দোষকে আশ্রয় দিলেই বন্ধন করে। হে পাণ্ডব, দৈবীসম্পদের বলে তুমি কৈবল্য-সুখ লাভ কর ॥ ৫ ॥

দ্বৌ ভূতসর্গৌ লোকেস্মিন্ দৈব আসুর এব চ।
দৈবো বিস্তরশঃ প্রোক্ত আসুরং পার্থ মে শৃণু॥ ৬॥

উভয় সম্পত্তিমান মনুষ্যের ব্যবহারের পরিচয় অনাদিসিদ্ধ। নিশাচর রাত্রিতেই বহির্গত হয়, মনুষ্য দিবাভাগে কার্য্য করে। হে কিরীটি, এই সংসারেও দৈবী ও আসুরী উভয় সৃষ্টির জীব আপন আপন বৃত্তি অনুসারে চলে। দৈবীসৃষ্টির কথা পূর্ব্বে জ্ঞানের পরিচয় দেওয়ার প্রসঙ্গে বিস্তৃতভাবে বলিয়াছি। আসুরীসৃষ্টির কথা বলিব। বিশেষ মনোযোগ পূর্ব্বক শুনিও। বাদ্য বিনা ধ্বনি শুনাইবে কে? পুষ্পভিন্ন মকরন্দ মিলিবে কোথায়? দুই একটি দেহ ধারণ না করিলেও এই আসুরী প্রকৃতির পরিচয় হয় না। ইন্ধনে প্রকাশ পাইলে অগ্নি দৃষ্টিগোচর হয়। প্রাণীর মধ্যে অভিব্যক্ত হইলেই আসুরী প্রকৃতির পরিচয় পরিস্ফুট হয়। সেই সময় দেহের অবস্থা ইক্ষুর ন্যায়। বর্ষার সঙ্গে সঙ্গে ইক্ষুর রস বৃদ্ধির ন্যায় আসুরী-প্রকৃতি জীবের দেহদশায় বৃদ্ধি পায়। সেই দোষযুক্ত ব্যক্তির কথা শ্রবণ কর॥ ৬॥

প্রবৃত্তিং চ নিবৃত্তিঞ্চ জনা ন বিদুরাসুরাঃ।
ন শৌচং নাপি চাচারো ন সত্যং তেষু বিদ্যতে॥ ৭॥

পুণ্য বা পাপে প্রবৃত্ত হইব এ সম্বন্ধে তাহার মন অন্ধকারাবৃত। গুটি পোকা ভিতরে যাওয়া বা বাহিরে আসিবার পথ চিন্তা না করিয়া বিপদে পড়ে। মুর্খ ঋণ শোধ

হইবে কিনা উহা বিচার না করিয়াই চোরের হাতে ধন সমর্পণ করে। আসুরজনও প্রবৃত্তি নিবৃত্তির খবর রাখে না—শুচিতার কথা স্বপ্নেও জানে না। কোকিল কৃষ্ণবর্ণ ত্যাগ করিতে পারে, কাক শুভ্র হইতে পারে, রাক্ষসও মাংস ত্যাগ করিতে পারে, হে ধনঞ্জয়, মদ্য পাত্র কখনই পবিত্র হয় না, সেইরূপ আসুরী প্রকৃতিরও শৌচ থাকে না। বৈধ কর্ম্মে বাসনা, পূর্ব্বপুরুষের রীতি অনুসারে জীবন যাপন, শাস্ত্রোক্ত কর্ম্মানুষ্ঠান সে পছন্দ করে না। ছাগলের গতি, বায়ুর প্রবাহ বা অগ্নির জ্বালার কোনও স্থিরতা নাই; আসুরজনও স্বেচ্ছাতন্ত্রে জীবন যাপন করে। সত্যের সহিত তাহার নিত্য বৈর-ভাব। বৃশ্চিক বিষময় দংশনে সুড়সুড়ি দিয়াছে, ইহা যদি সত্য মনে হয়, তবেই তাহার সমীপে সত্য কথার সম্ভাবনা। অপান দ্বারে সুগন্ধের নির্গমন অসম্ভব—আসুরজনের সমীপেও সত্য পাওয়া দুর্ঘট। সে স্বভাবতঃ কুৎসিত আচারযুক্ত। তাহার কথা কেমন? উটের শরীর কত মসৃণ হইবে? তাহারও অবস্থা সেইরূপ। ধূম বিনির্গমের পথে যেমন বক্ বক্ করিয়া ধূম নির্গত হয়, তাহার কথাও সেইরূপ ॥ ৭ ॥

অসত্যমপ্রতিষ্ঠং তে জগদাহুরনীশ্বরম্ ।
অপরস্পরসম্ভূতং কিমন্যৎ কামহৈতুকম্ ॥৮॥

জগতের অনাদি নিয়ন্তা ঈশ্বর। ন্যায় ও অন্যায় আচরণের নির্ণয় বেদের বিচারালয়েই হয়। বেদ বিচারে অন্যায়কারীর

নরক-ভোগ দণ্ড। ন্যায়পরায়ণের সুখময় জীবন—স্বর্গের পুরস্কার। হে পার্থ! বিশ্বের এই অনাদি ব্যবস্থাকে অসুর প্রকৃতির লোক মনে করে বৃথা। তাহারা বলে, মূর্খকে ঠকাইবার নিমিত্ত যজ্ঞ অনুষ্ঠান। প্রতিমায় বা প্রতীকে দেবতা থাকে না, উহাতে বিশ্বাস উৎপাদন করাইয়া ভাবুক লোককে প্রতারণা করার ফন্দী। গৈরিকবসন পরিষ্কার করিয়া যোগী সমাধির ভ্রমে পতিত হয়। নিজের বাহুবলে যাহা সংগ্রহ করা যায়, উহা উপভোগ করা হইতে অধিক পুণ্য কি আছে? দুর্ব্বলতার নিমিত্ত বিষয় উপার্জ্জন করিতে না পারিয়া বিষয়সুখ হইতে বঞ্চিত হওয়াই পাপভোগ। ধনবানকে হত্যা করা যদিও পাপ, তাহার সর্ব্বস্ব আত্মসাৎ করা পুণ্যের ফল। দুর্ব্বলকে খাওয়া যদি বলবানের নিষিদ্ধ হইত তবে মৎস্যকুল নির্ব্বংশ হইয়া যাইত। যদি বল যে, সন্তান প্রাপ্তির নিমিত্ত উচ্চ কুল দেখিয়া কুমার কুমারীর শুভ মূহূর্ত্তে বিবাহ দেওয়া উচিত, তদুত্তরে বলা যায় পশু পক্ষীর বিবাহ—যাহাদের সন্ততি অগণিত—কোন্ বিধি বিধান পূর্ব্বক শুভ লগ্নে সম্পাদিত হয়? চুরি করিয়া অর্থ যোগার করিলে কি উহা বিষ হইয়া যায়? স্বেচ্ছানুসারে ব্যভিচার করিয়া কি কেহ মহারোগগ্রস্ত হয়? ঈশ্বর, প্রভু, তাঁহারই নির্দ্দেশ অনুসারে ধর্ম্মাধর্ম্ম, তদনুসারেই পরলোকে সুখদুঃখ বিধান, ইহা স্বীকার্য্য নয়। পরলোক এবং দেবতা প্রত্যক্ষ গোচর নয় বলিয়া বৃথা।. মৃত্যু সকলেরই অনিবার্য্য, ভোগের স্থান আর কোথায়? উর্ব্বশীর সঙ্গে ইন্দ্র যেরূপ সুখী

হয়, বিষ্ঠার কৃমিকীট নরকেও সেইরূপ সন্তোষ লাভ করে। অতএব নরক বা স্বর্গ, পাপ বা পুণ্যের স্থান নয়। উভয় স্থানেই কাম-সুখ-ভোগ। সকাম স্ত্রী ও পুরুষের মিলনে সম্পূর্ণ জগতের সৃষ্টি। স্বার্থ পরতন্ত্র হইয়া কখনও কোন বস্তুর পোষণ আর পরস্পর দ্বেষ বশতঃ কোন বস্তুর ধ্বংস তাহাদের কামেরই ফল। অতএব কাম ভিন্ন এই জগতের মূল আর কিছু নাই। আসুর প্রকৃতির এই মত। এই নিন্দনীয় বিষয়ের বিস্তারে প্রয়োজন নাই ॥ ৮ ॥

এতাং দৃষ্টিমবষ্টভ্য নষ্টাত্মানোঽল্পবুদ্ধয়ঃ।
প্রভবন্ত্যুগ্রকর্ম্মাণঃ ক্ষয়ায় জগতোঽহিতাঃ ॥৯॥

এই আসুরজন ঈশ্বরের বিরুদ্ধে তর্ক বিতর্ক করে। অন্তরে কোন সিদ্ধান্ত পোষণ করে না। নিজেকে খোলাখুলি ভাবে পাষণ্ডী বলাইয়া নাস্তিকতার নিশান উড়ায়। স্বর্গের নিমিত্ত আদর অথবা নরকের ভয়ের অঙ্কুর পর্য্যন্ত ধ্বংস হয়। বন্ধু, সে কেবল দেহ আশ্রয়ে বিষয়পাকে অপবিত্র জলে বুদ্বুদের মত অবস্থান করে। জলচরের মৃত্যু সমাগত হইলেই ধীবর উপস্থিত হয়। মৃত্যু কালেই রোগের উদয় হয়। জগতের অমঙ্গলের জন্যই ধূমকেতুর উদয় হয়। আসুর প্রকৃতির ব্যক্তিও লোকের মৃত্যুর নিমিত্ত জন্মগ্রহণ করে। অশুভ বৃক্ষের অঙ্কুরের ন্যায় তাহার জীবন, অথবা সে চলন্ত পাপময় কীর্ত্তিস্তম্ভ। অগ্নি 'অগ্রপশ্চাৎ জ্বালাইয়া দেওয়া' ভিন্ন আর কিছু জানে না। সে-ও

লোকের অমঙ্গল ছাড়া কিছু করে না। শ্রীকৃষ্ণ পার্থকে বলিলেন, যাহার বলে সে এইরূপ করে উহা বলিতেছি ॥৯॥

কামমাশ্রিত্য দুষ্পূরং দম্ভমানমদান্বিতাঃ।
মোহাদ্ গৃহীত্বাঽসদ্গ্রাহান্ প্রবর্ত্তন্তেঽশুচিব্রতাঃ ॥১০॥

জলে জাল পূর্ণ হয় না, ইন্ধনে অগ্নি শান্ত হয় না, কামের ক্ষুধাও কখনো দূর হয় না—সে সর্ব্বাপেক্ষা অধিক পাপী। হৃদয়ে তাহাকে স্থান দিও না। হে পাণ্ডব, দম্ভ, অভিমান প্রভৃতি সকলকেই কাম একত্র করে। হস্তী মত্ত হইলেই মদিরার গুণ বুঝা যায়, বার্দ্ধক্য উপস্থিত হইলেই কামুক ব্যক্তির অভিমান পুষ্ট হইতে থাকে। আগ্রহও বৃদ্ধি পায়; সঙ্গে সঙ্গে মূর্খতা আসিয়া মিলিত হয়। তাহার বুদ্ধির কথা আর বলিব কি, যাহাতে অপরের দুঃখ হয়, পরের প্রাণ ব্যাকুল হয়, সেই কর্ম্মেই তাহার উৎসাহ। নিজের কর্ম্ম সম্বন্ধে গর্ব্ব, সকল সংসারকে ধিক্কার দেওয়া তাহার স্বভাব হইয়া দাঁড়ায়। চারিদিকে নিজের বাসনার জাল ফেলিয়া গুণের প্রচার করিয়া পাপের মহিমা বিস্তার করে। সূর্য্যের ষাঁড় ক্ষেত্র নষ্ট করে, তাহার অবস্থাও সেইরূপ ॥ ১০ ॥

চিন্তামপরিমেয়াং চ প্রলয়ান্তামুপাশ্রিতাঃ।
কামোপভোগপরমা এতাবদিতি নিশ্চিতাঃ ॥ ১১ ॥

পূর্ব্বোক্ত সহায় লইয়া তাহার কর্ম্ম-প্রবৃত্তি। জীবনের পরপারও চিন্তা যে সে না করে তাহা নয়। পাতাল হইতেও

গভীর, আকাশ হইতেও বিশাল, ত্রিলোক হইতেও বৃহৎ, ভোগরূপ বস্ত্রের পরিমাপক সেই ব্যক্তি। স্ত্রীলোক প্রিয়তমের চিন্তা যেমন ছাড়িতে পারেনা, সেইরূপ অসার বিষয়ের চিন্তাকেই সে সর্ব্বদা হৃদয়ে পোষণ করে। বামাকণ্ঠের সঙ্গীত শ্রবণ, রমণীর রূপ দর্শন, সর্ব্বাঙ্গে স্ত্রীলোকের আলিঙ্গন, অমৃত হইতেও সুখময় স্ত্রীসঙ্গ—এই বুদ্ধিই তাহার হৃদয়ে স্থির হইয়া থাকে। সেই স্ত্রী ভোগের নিমিত্ত স্বর্গ মর্ত্ত্য পাতালের সীমাকেও অতিক্রম করিতে প্রস্তুত হয়। ১১ ॥

আশাপাশশতৈর্বদ্ধাঃ কামক্রোধপরায়ণাঃ।
ঈহন্তে কামভোগার্থমন্যায়েনার্থসঞ্চয়ান্ ॥ ১২ ॥

মৎস্য বড় আশায় বিনা বিচারে আমিষ টোপ্ গিলিয়া লয়, বিষয়ের আশায় পূর্ব্বোক্ত ব্যক্তিরও অনুরূপ অবস্থা। আশানুরূপ বস্তু প্রাপ্তি তো ঘটেই না, বরং শুষ্ক আশার তন্তু বাড়াইয়া গুটিপোকার মত চারিদিক হইতে আবদ্ধ হয়। অভিলাষ পূর্ণ না হইলে দ্বেষ উপস্থিত হয়। কাম ও ক্রোধ ভিন্ন তাহার অন্য পুরুষার্থ নাই। প্রহরী দিনের বেলা প্রভুর অনুগমন করে, রাত্রিকালে প্রহরীর কার্য্যে নিযুক্ত থাকে—দিবা রাত্রি কোন সময়েই তাহার বিশ্রাম নাই। হে পাণ্ডব! সেই ব্যক্তিও কামের দ্বারা আহত হইয়া ক্রোধে পতিত হয়। রাগ ও দ্বেষের নিমিত্ত অঙ্গে ব্যথা অনুভব করে না। অভিলাষ অনুসারে বিষয় বাসনা একত্র হইলেও তাহার শান্তি নাই।

ভোগের দ্রব্য উপার্জ্জন করিবার নিমিত্ত সে সংসারের চারিদিকে ছুটাছুটি করে। সুযোগ পাইলে কাহাকেও হত্যা করে, কাহারও সর্ব্বস্ব লুণ্ঠন করে, কাহারও প্রাণ লইবার নিমিত্ত নানা যন্ত্রের যোগাড় করে। ব্যাধ বনে যাইবার সময় ফাঁদ, ডুরি, জাল, কুকুর, বাজপাখী, শূল, ফলা প্রভৃতি সঙ্গে লইয়া যায়। উদর পূরণের নিমিত্ত দলে দলে প্রাণী বধ করে। আসুর প্রকৃতির লোকও এই প্রকারে নিকৃষ্ট কর্ম্মে রত হয়। অপরের প্রাণহানি করিয়াও দ্রব্য লাভে তাহার অত্যন্ত সন্তোষ ॥ ১২ ॥

ইদমদ্য ময়া লব্ধমিদং প্রাপ্স্যে মনোরথম্।
ইদমস্তীদমপি মে ভবিষ্যতি পুনর্ধনম্ ॥১৩॥

সে মনে ভাবে আজই আমি বহু সম্পত্তি হস্তগত করিব। আমি ধন্য। সে আত্ম-প্রশংসা এবং নব নব অভিলাষ পোষণ করে। আবার ভাবে আগামী কল্য অন্য কাহারও সম্পত্তি হস্তগত করিব; যতই ধন প্রাপ্তি হয়, ততই আশা বাড়ে এবং মনে করে, আমিই সংসারের সমস্ত সম্পত্তির মালিক হইব, আর কাহাকেও বাঁচিতে দিবনা ॥১৩॥

অসৌ ময়া হতঃ শত্রুর্হনিষ্যে চাপরানপি।
ঈশ্বরোহমহং ভোগী সিদ্ধোঽহং বলবান্ সুখী ॥১৪॥

যাহাকে বধ করিয়াছি সে তুচ্ছ, আরও অনেককে হত্যা করিতে হইবে। একা আমারই প্রতিষ্ঠা হইবে। আমার

আজ্ঞা অনুসারে যে চলে তাহাকেই রাখিব অপরকে ধ্বংস করিব। (সংসারে ঈশ্বর আমিই, ভোগ রাজ্যের রাজা আমিই। আমিই সকল সুখের আশ্রয় ; ইন্দ্র অতি তুচ্ছ। কায়মনোবাক্যে আমি যাহা চাহিব তাহাই পূর্ণ হইবে। আমার সহিত কাহার তুলনা? কাল ততদিনই বলবান্ যতদিন আমি সে দিকে দৃষ্টিপাত না করি। আমিই মূর্ত্তিমান সুখরাশি।১৪॥)

আঢ্যোঽভিজনবানস্মি কোঽন্যোঽস্তি সদৃশো ময়া
যক্ষ্যে দাস্যামি মোদিষ্য ইত্যজ্ঞানবিমোহিতাঃ ॥১৫॥

কুবের ধনাঢ্য, কিন্তু আমার সমান নয়। বিষ্ণুরও আমার ন্যায় সম্পত্তি নাই। আমার কুলের মহিমা, জাতি ও গোত্রের তুলনায় ব্রহ্মাণ্ড হীন। ঈশ্বর নাম বৃথা; কেহই আমার সমান নয়। লুপ্ত গুপ্ত মন্ত্র আমি উদ্ধার করিব। শত্রু নাশক যজ্ঞের উদ্যাপন করিব। আমার স্তাবক, ভাট, অভিনেতা, নর্ত্তক, নর্ত্তকীকে তাহাদের ইচ্ছামত দান করিব। মাদক দ্রব্য পান, ভোজন করিয়া স্ত্রীলোকের আলিঙ্গনে আনন্দে থাকিব। অধিক বলিব কি, আসুরী প্রকৃতিতে উন্মত্ত ব্যক্তি এই প্রকার অপরিমিত অভিলাষের বশবর্ত্তী হইয়া আকাশ কুসুমেরও গন্ধ লইতে চায় ॥১৫॥

অনেকচিত্তবিভ্রান্তা মোহজালসমাবৃতাঃ।
প্রসক্তাঃ কামভোগেষু পতন্তি নরকেঽশুচৌ ॥১৬॥

জ্বরের প্রকোপে রোগী প্রলাপ বকে, কামনার বশ আসুর জনেরও এই প্রকার প্রলাপ। অজ্ঞান ধূলির সহিত মিলিত

হইয়া আশা অন্ধকার সঙ্গে কামনার আকাশে উড়িতে থাকে। আষাঢ়ের মেঘ নিরন্তর বৃদ্ধি পায়, সমুদ্রের তরঙ্গের বিশ্রাম নাই। তাহারও আকাঙ্ক্ষা সীমাশূন্য। তাহার বাসনা হৃদয়ে জালের মত বিস্তৃত হইয়া কণ্টকে কমল দলের ন্যায় ছিন্ন ভিন্ন হয়। হে পার্থ! প্রস্তরে পতিত মৃন্ময় পাত্র খণ্ড খণ্ড হইয়া যায় পূর্ব্বোক্ত ব্যক্তির অন্তরও শতধা বিদীর্ণ হয়। রাত্রির সঙ্গে সঙ্গে অন্ধকার বৃদ্ধির ন্যায় তাহার অন্তরে মোহ বৃদ্ধি পায়। মোহের সহিত ক্রমশঃ বিষয় প্রীতিও বৃদ্ধি পায়। বিষয়ে প্রীতি হইলে পাপ আসিবেই। বহুপাপ মিলিত ভাবে বল প্রকাশ করিলে সাক্ষাৎ নরকেই উপস্থিত হয়। হে সুমতি! কামনার পোষণে নরকেই বাসা। অসির ন্যায় তীক্ষ্ণ পত্রের বন, প্রজ্বলিত খদির কাষ্ঠের পর্ব্বত, তপ্তৈতেলের উদ্বেলিত সমুদ্র, যাতনার শ্রেণী নিত্য নব যমদণ্ড পরিপূর্ণ সেই দারুণ নরকই তাহার গতি। নরকে বিশিষ্ট যাতনাময় স্থানে জন্ম হইলেও সে যাগ যজ্ঞাদি ক্রিয়ায় নিরত হয় না। যজ্ঞাদি অনুষ্ঠান করিলেও অসুর প্রকৃতির উহা অভিনয় মাত্র, তাহার সমস্ত ক্রিয়া বিফল। কুলটা স্ত্রীলোক উপপতির প্রীতি সম্পাদন করিয়া পতির অস্তিত্ব মাত্রেই সন্তুষ্ট থাকে। পূর্ব্বোক্ত ব্যক্তিও নিজে নিজেই শ্রেষ্ঠ মনে করিয়া অসাধারণ অভিমান করে ॥১৬॥

আত্মসম্ভাবিতাঃ স্তব্ধা ধনমানমদান্বিতাঃ
যজন্তে নাম যজ্ঞৈস্তে দম্ভেনাবিধি পূর্ব্বকম্ ॥১৭॥

লৌহ স্তম্ভ, উচ্চ পর্ব্বত, নম্র হইতে জানেনা, তাহারও সেই অবস্থা। সে নিজের ভালতেই সন্তুষ্ট। অপরকে তৃণের ন্যায় জ্ঞান করে। হে ধনুর্দ্ধর, ধনমদিরায় মত্ত হইয়া সে কর্ত্তব্যাকর্ত্তব্য ভুলিয়া যায়। এই প্রকার ব্যক্তির কাছে যজ্ঞের কথা বলা বৃথা। পাগল কি না করে? মুর্খতার মদিরায় মত্ত হইয়া সে যজ্ঞাদির অবহেলা করে। কুণ্ড, বেদী, মণ্ডপ নির্ম্মাণ করে না। উপযুক্ত সামগ্রী সংগ্রহ করে না। বিধির সহিত তাহার চির-কালের বিরোধ। দেবতা বা ব্রাহ্মণের নাম লইলে বাতাসও ছাড় পায় না, তাহাদের আর প্রয়োজন কি? কৃত্রিম বৎস নির্ম্মাণ করিয়া চতুর লোক গাভী দোহন করে। আসুর প্রকৃতির লোকও মহত্ত্বের আকাঙ্ক্ষা হৃদয়ে ধারণ করিয়া যজ্ঞের নামে সকলকে নিমন্ত্রণ পূর্ব্বক অপরের অর্থ লুণ্ঠন করে। নিজের উৎকর্ষের নিমিত্ত হরণ করিয়া অপরের ধ্বংসই কামনা করে ॥১৭॥

অহঙ্কারং বলং দর্পং কামং ক্রোধঞ্চ সংশ্রিতাঃ।
মামাত্মপরদেহেষু প্রদ্বিষন্তোঽভ্যসূয়কাঃ ॥১৮॥

যজ্ঞানুষ্ঠাতার ডঙ্কা বাজাইয়া সংসারে সকলের নিকট অহঙ্কার করে। অন্ধকারকে কাজলের প্রলেপ দিলে যেরূপ অবস্থা, তাহার মুর্খতাও ঘনীভূত হইয়া সেইরূপ ঔদ্ধত্যকে বৃদ্ধি করে এবং অহঙ্কার ও অবিচারকে পোষণ করে। অপরের বল পরাভূত করিবার উপযুক্ত বলও সে পায়। অহঙ্কার ও বল একত্র হইয়া দর্প সমুদ্রকে সীমা লঙ্ঘন করায়। উহাতে কামনার

পিত্ত প্রকুপিত হয়, ক্রোধাগ্নিকে প্রজ্বলিত করে। গ্রীষ্মঋতুতে তৈল বা ঘৃত ভাণ্ডারে প্রখর অগ্নি সংযোগ হইলে, প্রচণ্ড বায়ু প্রবাহিত হইলে উহা দাউ দাউ করিয়া জ্বলিয়া উঠে। হে বীরাগ্রগণ্য, বল, দর্প, কাম, ক্রোধ একত্র হইলে স্বেচ্ছাচারী জীব হিংসায় নিরত হয়। হে ধনুর্দ্ধর ; জারণ মারণাদি অভিচার কর্ম্মে প্রথমে সে নিজের শোণিতই ব্যয় করে। উহাতে দেহের ক্লেশ উৎপন্ন হয়, দেহ স্থিত আত্মা আমাকেই সেই আঘাত সহ্য করিতে হয়। তৎকৃত উপদ্রব চৈতন্য স্বরূপ আমাকেই ক্লেশ দেয়। অভিচারেও মৃত্যু না হইলে তাহার উপর দুর্জ্জনতার প্রস্তর নিক্ষিপ্ত হয়। পতিব্রতা নারী, সাধু পুরুষ, দানশীল যাজ্ঞিক, তপস্বী, অসাধারণ সন্ন্যাসী, কোনও ভক্ত মহাত্মা প্রভৃতি বা বেদবিহিত হোমাদি দ্বারা শুদ্ধ আমার নিবাসস্থান। সেই দুর্জ্জন হিংসার তীব্র কালকূট লেপন করিয়া দুর্ব্বচনের তীক্ষ্ণবাণ নিক্ষেপ করে ॥১৮॥

তানহং দ্বিষতঃ ক্রূরান্ সংসারেষু নরাধমান্।
ক্ষিপাম্যজস্রমশুভানাসুরীষ্বেব যোনিষু ॥১৯॥

সর্ব্বতোভাবে আমার প্রতি বৈরাচরণশীল পাপীকে কিরূপ শাস্তি দিই শ্রবণ কর। তাহাকে মনুষ্য-দেহ আচ্ছাদনে তুষ্ট হওয়ার যোগ্যতা হরণ করি। ক্লেশময় সংসারে ভ্রমণ করাইয়া সংসার সমুদ্রের পথের ধারে তমোযোনিতে জন্মগ্রহণ করাই। ভোজন যোগ্য তৃণাদির অভাবযুক্ত কাননে তাহাকে ব্যাঘ্র বৃশ্চিকাদি

যোনিতে রাখিয়া দিই। ক্ষুধায় অত্যন্ত কাতর হইয়া স্বদেহের মাংসদ্বারা উদর পূর্ণ করিয়া সে বার বার জন্মে এবং মরে। কখনও সর্প যোনিতে জন্ম হয়, গর্ত্তে থাকিয়া নিজের বিষের জ্বালায় নিজের দেহকেই জ্বালায়। একটি নিঃশ্বাসের কালও সেই দুর্জ্জন শান্তিময় অবসর পায় না। এই ক্লেশে কোটি কল্প তাহাকে রাখিয়া দিই। পরে আরও দুঃখময় স্থানে তাহার গতি হয়; সে শেষ পর্য্যন্ত যে দুঃখ পায় তাহার তুলনা নাই ॥১৯॥

আসুরীং যোনিমাপন্না মূঢ়া জন্মনি জন্মনি।
মামপ্রাপ্যৈব কৌন্তেয় ততো যান্ত্যধমাং গতিম ॥২০॥

আসুরী সম্পদ্ এই প্রকার ভয়ানক। উহাকে সম্পদ্ বলা উচিত নয়, উহা অধোগতি। ব্যাঘ্র প্রভৃতির দেহে যে একটু শান্তি থাকা উচিত কিছু পরে উহাও আমি হরণ করিয়া লই। তখন তাহার নিমিত্ত সকলই অন্ধকারময় হইয়া যায়, অন্ধকারের অঙ্গেও কালি লাগে এইরূপ ভীষণ অবস্থা হয়। উহাতে মলও মলিন হয়, সন্তাপও সন্তপ্ত, নামোচ্চারণে মহাভয়ের কম্প, পাপের শিহরণ, অমঙ্গল গুণহীন, অস্পৃশ্যেরও অস্পৃশ্যতা বোধ হয়। তামসযোনি ভোগের পর তাহার পূর্ব্বোক্ত নিকৃষ্ট জন্ম হয়। উহার বর্ণনায় বাণী ক্রন্দন পরায়ণা। স্মরণে মন সঙ্কুচিত। হায়, এই মূর্খ কতই না পাপ সঞ্চয় করিয়াছে। কেন সে আসুরী সম্পদ সংগ্রহ করে— উহাদ্বারা অধোগতি ভিন্ন আর কি লাভ হয়? হে ধনুর্দ্ধর, যে পথে আসুরী প্রকৃতির লোক গমনাগমন

করে, সেই পথে কখনও যাওয়া উচিত নয়। যাহাতে দম্ভাদি দোষ দেখিবে অতি সন্তর্পণে তাহার সম্বন্ধ ত্যাগ করিবে। আমি যথার্থ কথাই বলিব ॥২০॥

ত্রিবিধং নরকস্যেদং দ্বারং নাশনমাত্মনঃ।
কামঃ ক্রোধস্তথা লোভ স্তস্মাদেতৎত্রয়ং ত্যজেৎ ॥২১॥

কাম, ক্রোধ ও লোভ বৃদ্ধির সহিত অশুভই জন্মগ্রহণ করে। হে ধনঞ্জয়, সর্ব্বপ্রকার দুঃখ দর্শন দিবার নিমিত্ত এই তিন জনকে পথ প্রদর্শক নিযুক্ত করিয়াছে। পাপীকে নরকে যন্ত্রণাভোগের নিমিত্ত লইতে সংসারে ইহাদের সমবায় প্রতিষ্ঠিত। এই তিনটির মিলনে নরক গ্রন্থের বর্ণনায় পর্যবসিত হয়। ইহারাই বিপদের সুযোগ করিয়া দেয়। ইহাদের গুণে যাতনা শান্তি বোধ করে। অপর কোন অনিষ্ট ইহাদের সমান নয়। এই তিনের সমষ্টি পূর্ব্ব-বর্ণিত নরকের দ্বার। কাম, ক্রোধ ও লোভের সেবায় নরক সমীপস্থ হয়। হে কিরীটি, সর্ব্বাপেক্ষা নিকৃষ্ট এই কামাদি ত্রয়কে পরিত্যাগ করা উচিত ॥২২॥

এতৈর্বিমুক্তঃ কৌন্তেয় তমোদ্বারৈস্ত্রিভির্নরঃ।
আচরত্যাত্মনঃ শ্রেয়স্ততো যাতি পরাং গতিম্ ॥২২॥

ইহাদের ত্যাগেই ধর্ম্ম, অর্থ, কাম ও মোক্ষ—এই পুরুষার্থ চতুষ্টয়ের যে কোনটি লাভ করিবার যোগ্যতা হয়। কামাদিত্রয় হৃদয়ে থাকিলে দেবতাও কল্যাণের বার্ত্তা শ্রবণে অযোগ্য। যাহার আত্মপ্রীতি আছে, যে আত্ম বিনাশকে ভয় পায়, তাহার

এই পথ হইতে সাবধানে দূরে থাকা কর্ত্তব্য। বুকে পাথর বাঁধিলে সমুদ্রের পরপারে যাওয়া হয় না। বাঁচিয়া থাকিবার জন্য বিষ খাওয়া বিপরীত ফলদায়ক। কামাদি দ্বারা কার্যসিদ্ধির আশা বিপরীত ভাবে ফলে। এই তিনগুণের শৃঙ্খল ছিন্ন করিয়া সুখময় পথে চলা যায়। এই ত্রিদোষ দূর হইলে পরনিন্দা, চুরি ও লম্পটতার দোষত্রয় হইতে দেহনগর-মুক্ত হয়। অন্তঃকরণে আধ্যাত্মিক, আধিভৌতিক ও আধিদৈবিক ত্রিবিধ সন্তাপ শান্তরূপ ধারণ করে। উহাদের ত্যাগে সংসার সুখময় হয়, মোক্ষমার্গে সাধুগণের সঙ্গ লাভ হয়। সৎসঙ্গে ও সৎ-শাস্ত্রের সহায়তায় জন্ম মৃত্যুর ঘোর বন পার হওয়া যায়। নিরন্তর আত্মানন্দ পরিপূর্ণনগর একমাত্র শ্রীগুরুকৃপাতে লাভ হয়। সেখানে পরম স্থানে উপনীত প্রেমিক পরমাত্মার সহিত মিলিত হইয়া তাঁহার হৃদয় স্পর্শ করিতেই সংসার কোলাহল মিটিয়া যায়। কামাদি ত্যাগ পূর্ব্বক দূরে অবস্থান করিলে এই অনুভূতি লাভ করা যায়॥ ২২॥

যঃ শাস্ত্রবিধিমুৎসৃজ্য বর্ত্ততে কামকারতঃ।
ন স সিদ্ধিবমাপ্নোতি ন সুখং ন পরাং গতিম্॥ ২৩॥

কামাদির ক্রোড়ে মস্তক রাখিয়া যে নিদ্রা যায়, কৃপালু, হিতাহিত প্রদর্শক শ্রেষ্ঠ প্রদীপ বেদের অবমাননা করে, বিধির সীমা লঙ্ঘন করে, আত্মহিতে যত্ন শীল হয় না, ইন্দ্রিয়ের বাসনা বৃদ্ধি করে, কাম ক্রোধাদির অনুগমন পরিত্যাগ করে না, স্বেচ্ছাচারের বনে প্রবেশ করে, মুক্তি নদীর অমৃত স্বাদুজল

পান করা তাহার ভাগ্যে কখনো ঘটেনা। সেই সুখের কথা তাহার নিকট স্বপ্নেও দুর্লভ। তাহার পরলোকের সুখ ত থাকেই না, ঐহিক ভোগেও সে শান্তি পায় না। মৎস্যের লোভে ব্রাহ্মণ ধীবরের সহিত মিলিত হইলে তৎকর্ত্তৃকও নাস্তিক বলিয়া নিন্দিত হয়। বিষয় ভোগের লোভে পরলোক নষ্ট করিলে মৃত্যু তাহাকে আরও দূরে নরকে লইয়া যায়। ফলে সে স্বর্গ, পারলৌকিক সুখ বা ঐহিক ভোগ হইতে বঞ্চিত হয়, মোক্ষের কথা ত বহু দূরে। কামের অধীন হইয়া বলপূর্ব্বক বিষয় ভোগে লিপ্ত হইলে বিষয় এবং স্বর্গ উভয় কূল নষ্ট হয়—উদ্ধারের উপায় থাকে না ॥ ২৩ ॥

তস্মাচ্ছাস্ত্রং প্রমাণং তে কার্য্যাকার্য্যব্যবস্থিতৌ।
জ্ঞাত্বা শাস্ত্রবিধানোক্তং কর্ম্ম কর্ত্তুমিহার্হসি ॥২৪॥

বৎস, মঙ্গলকামী বেদাজ্ঞার নিন্দা করিও না। পতির সম্মতি অনুসারে জীবন যাপন করিয়া পতিব্রতা মঙ্গল প্রাপ্ত হয়। শিষ্য শ্রীগুরুর বাক্যানুসারে যত্ন পরায়ণ হইয়া আত্মানন্দের মন্দিরে প্রবেশ করে। প্রদীপ হাতে করিয়া রক্ষিত ধন অন্বেষণ করিতে হয়। হে পার্থ, পুরুষার্থ প্রাপ্তির নিমিত্তও শ্রুতি স্মৃতিকে মাথায় করিয়া অগ্রসর হওয়া কর্ত্তব্য। শাস্ত্র যাহা ত্যাগ করিতে বলেন, উহা, সাম্রাজ্য হইলেও তৃণের ন্যায় ত্যাগ করিবে। শাস্ত্র বিষ গ্রহণ করিতে বলিলে তাহাই অবিচারে গ্রহণ করিবে। "শাস্ত্র আজ্ঞা বিরুদ্ধ হইবে না" বেদের প্রতি এরূপ নিষ্ঠা হইলে অনিষ্ট প্রাপ্তির সম্ভাবনা নাই।

অমঙ্গলের পথ হইতে টানিয়া লইয়া হিতোপদেশ দ্বারা সমৃদ্ধ করিতে শ্রুতিমাতা অদ্বিতীয়া। ব্রহ্মৈক্যের পূর্ব্ব পর্য্যন্ত শ্রুতিকে ত্যাগ করা অনুচিত। হে অর্জ্জুন, তুমিও ইহার বিশেষ সেবা করিবে। বর্ত্তমানে তুমি ধর্ম্মবলে বলীয়ান্। শাস্ত্র-তাৎপর্য সার্থক করিবার নিমিত্তই তোমার জন্ম। তুমি ধর্ম্মরাজের ভ্রাতা। তুমি বেদের বিরুদ্ধ আচরণ করিতে পার না। কর্ত্তব্যাকর্ত্তব্য বিচার শাস্ত্রদ্বারাই হইবে। শাস্ত্রের অনুশাসনে অকর্ত্তব্য দূরে রাখিবে। নির্দ্ধারিত কর্ত্তব্য দেহদ্বারা অতি নিপুণভাবে আচরণ করিবে। হে সুবুদ্ধি, বিশ্বের সম্মুখে তুমি আদর্শের প্রমাণ স্বরূপ রহিয়াছ। লোকসংগ্রহে তুমিই উপযুক্ত। শ্রীকৃষ্ণ অর্জ্জুনকে আসুর মার্গ পরিহার পূর্ব্বক কি ভাবে চলিতে হইবে, তাহার নির্দ্ধারণ করিয়া দিলেন। অর্জ্জুন ইহার পর নিজের মনের ভাবটি যে ভাবে প্রকাশ করিবেন, তাহা খুব মনোযোগ পূর্ব্বক শ্রবণ করুন।

শ্রীব্যাসের আজ্ঞায় সঞ্জয় ধৃতরাষ্ট্রের কাল যে ভাবে অতীত করিয়াছিলেন, আমিও শ্রীনিবৃত্তির কৃপায় আপনাদের সমীপে সেইভাবে নিবেদন করিতেছি। আমি অভিমানের পর্ব্বতের ন্যায়, সাধুগণ কৃপাদৃষ্টি অমৃত বর্ষণ করিয়া আমাকে তাঁহাদের যোগ্য করিয়া লইবেন। জ্ঞানদেব বলিলেন—আপনাদের অবধান-প্রসাদ আমাকে দিলেই আমি কৃতার্থ হইব ॥ ২৪ ॥

ইতি শ্রীজ্ঞানদেবকৃত ভাবার্থদীপিকায়াং

ষোড়শোঽধ্যায়ঃ।

শ্রদ্ধাত্রয় বিভাগ যোগ

সপ্তদশ অধ্যায়

হে গুরুরাজ গণনায়ক, আপনার যোগনিদ্রায় জগতের বিকশিত রূপ মলিন হয়। আপনাকে নমস্কার। ত্রিগুণের জগৎ ত্রিপুর দুর্গ মধ্যে আবদ্ধ জীব শঙ্করস্বরূপ আপনার স্মরণ মাত্র মুক্ত হয়। শঙ্করের তুলনায় আপনারই গুরুত্ব। আপনি গুরু, আপনার লঘুত্বও অসীম, মায়ানদী পারের একমাত্র নৌকা। অজ্ঞের সমীপে আপনি বক্রতুণ্ড, জ্ঞানীর নিকট অতীব সরল। ক্ষুদ্র নেত্রের সূক্ষ্ম দৃষ্টিতে সৃষ্টি, নিমীলনে প্রলয়। "প্রবৃত্তি-কর্ণের" আন্দোলনে মদ গন্ধযুক্ত বায়ুতে আকৃষ্ট জীব-ভ্রমর গণ্ডস্থলে শোভা পায়, মনে হয়, কে যেন নীল কমলে আপনার পূজা করিয়াছে। "নিবৃত্তি-কর্ণের" আঘাতে ভ্রমর উড়িয়া পূজার বিসর্জ্জন হইলে আপনার নির্মুক্ত অঙ্গের লাবণ্য প্রকাশ পায়। বামা মায়ার নৃত্যক্রীড়া এই জগদাভাস। নৃত্যকলার নৈপুণ্যে সে আপনারই নৈপুণ্যের পরিচয় দেয়। হে আশ্চর্য্যকর্ত্তা, আপনার বন্ধুত্ব লাভে জীব বন্ধুত্ব ব্যবহারে বঞ্চিত হয়। বন্ধন-মুক্ত দশায় আপনার জগদ্বন্ধু ভাবে জীব আপনাতেই আনন্দে ডুবিয়া থাকে। হে দেবরাজ, দ্বৈত জ্ঞানের সহায়ক তাহার দেহটি পর্য্যন্ত থাকে না। পৃথক্ ভাবিয়া বিবিধ সাধন করে তাহাতে আপনি পিছনে লুকাইয়া থাকেন। ধ্যানে আপনাকে

মনে ধারণের চেষ্টা করিতে আপনি সেই প্রদেশ ছাড়িয়া যান। ধ্যানকেও যে ভুলিয়া যায়, তাহারই সহিত আপনার প্রেম। সিদ্ধ সর্ব্বজ্ঞতার অভিমানে আপনাকে জানিতে পারে না। বেদের বাণীও ততদূর পৌঁছেনা। "মৌন" আপনার রাশিনাম। আমি আর কি স্তুতি করিব? দৃশ্য জগৎ মায়া, আমি কাহার ভজন করি? আপনি প্রভু আমি সেবক, এই ভেদে দোষ থাকিবে?—প্রভু আমি আপনার কেহ নহি! হে অদ্বয় আরাধ্য মূর্ত্তি, আপনার কেহ না হইলেও আপনাকে পাওয়া যায়। আমি ইহাই বুঝি। লবণ ভিন্ন না হইয়াও জলের মধ্যে অবস্থান করে। আমিও আপনার মধ্যে থাকিয়াই আপনার নমস্কার করি। ছিদ্রপূর্ণ কলসীও সমুদ্রে ডুবাইলে পূর্ণ হইয়া যায়। ছোট প্রদীপও অন্য আলোকের সহিত প্রজ্বলিত হইয়া আলোক দেয়। হে নিবৃত্তি, আপনাকে প্রণাম করিতে করিতে আমিও পূর্ণতা লাভ করিয়াছি।

এখন গীতার্থ প্রকাশ করি। ষোড়শ অধ্যায়ের অন্তিম শ্লোকে শ্রীকৃষ্ণ এই সিদ্ধান্ত করিয়াছেন যে, কর্ত্তব্যাকর্ত্তব্য নির্দ্ধারণে সর্ব্বতোভাবে শাস্ত্রই প্রমাণ। ইহাতে অর্জ্জুন মনে মনে ভাবিলেন, শাস্ত্র ভিন্ন উপায় না থাকিবার কারণ কি? মানুষ সর্পের মাথার মণি লইয়া সিংহের নাসিকাগ্র হইতে রোম সংগ্রহ করিয়া উহাতে সেই মণি গাঁথিয়া অলঙ্কার ধারণ করিবে ইহাও কি সম্ভব? উহা ভিন্ন কি তাহার রিক্তকণ্ঠই থাকিতে হইবে? শাস্ত্র অনন্ত—উহাদ্বারা কে কবে নিজের কর্ম্মের ব্যবস্থা

সংগ্রহ করিয়া লইতে পারে? বিরুদ্ধ শাস্ত্রের একবাক্যতা সম্পাদনে কে কবে সমর্থ হইয়াছে? সমাধান করিলেও তদনুসারে অনুষ্ঠানে সামর্থ্য কার? জীবন কতদিন স্থায়ী? শাস্ত্রপরিচয়, দ্রব্য সংগ্রহ, দেশ ও কালের আনুকূল্য প্রভৃতি সুযোগ সকলে পায় কি? শাস্ত্রানুসারে সাধন অসম্ভব। এই অবস্থায় অবিদ্বান্ মুমুক্ষুর উপায় কি? এই অভিপ্রায়ে সপ্তদশ অধ্যায়ের ভূমিকায় অর্জ্জুনের বাক্য। সর্ব্ব বিষয়ে নিরাকাঙ্ক্ষ, নিখিলকলানিপুণ, শ্রীকৃষ্ণের চিত্ত আকর্ষণকারী অপূর্ব্ব অর্জ্জুন-কৃষ্ণ, শূরতার অধিষ্ঠান, সোমবংশ শোভা, ক্রীড়াছলেও যিনি পরোপকার ব্রত পরায়ণ, প্রজ্ঞাবধূর প্রাণবল্লভ, ব্রহ্মবিদ্যার বিশ্রান্তিস্থান, শ্রীকৃষ্ণের সহচর মনোধর্ম্মস্বরূপ অর্জ্জুন বলিলেন,—

অর্জ্জুন উবাচ—

> যে শাস্ত্রবিধিমুৎসৃজ্য যজন্তে শ্রদ্ধয়ান্বিতাঃ।
> তেষাং নিষ্ঠা তু কা কৃষ্ণ সত্ত্বমাহো রজস্তমঃ॥১॥

হে তমালপত্রশ্যামল কৃষ্ণ, ইন্দ্রিয়গোচর পরব্রহ্ম, আপনার বাক্যে আমার সন্দেহ বৃদ্ধি পাইল। শাস্ত্র ভিন্ন কোন প্রকারে মোক্ষলাভ হয় না, এভাবের কথা বলিবার উদ্দেশ্য কি? আপনার কথা সত্য হইলে যাহার শাস্ত্রানুকূল দেশে জন্ম হয় নাই, শাস্ত্রাভ্যাসের উপযুক্ত আয়ু লাভ হয় নাই, তদুপদেষ্টা উপযুক্ত গুরু পায় নাই, অভ্যাসের উপযোগী দ্রব্য যথাকালে সংগৃহীত হয় নাই, প্রারব্ধ অনুকূল নয়, বুদ্ধি সহায়ক নয়, এই ভাবে শাস্ত্রা-

নুসারে চলিতে অক্ষম, শাস্ত্রে যে দন্তস্ফুট করিতে অসমর্থ, শাস্ত্রের চর্চ্চা যে কোনও দিন করেনা, অথচ বিধি অনুসারে চলিয়া যাহারা পরলোকে গমন করিয়াছে, তাহাদের সমান অবস্থা লাভ করিবার নিমিত্ত মনে আকাঙ্ক্ষা পোষণ করে এবং তাহাদের আচরিত পন্থানুসরণ করে ; হে গুরুদেব, লিপির অক্ষর দেখিয়া নীচে নীচে অনুকরণ কারী বালকের ন্যায়, অথবা চক্ষুষ্মান্ ব্যক্তির অনুগমন-কারী দৃষ্টিহীন ব্যক্তির ন্যায় যে, সর্ব্ব শাস্ত্রনিপুণ লোকের আচরণ প্রমাণরূপে গ্রহণ করিয়া শ্রদ্ধা করে, শ্রদ্ধাপূর্ব্বক শিবাদি দেবতার পূজা, ভূমি প্রভৃতি মহাদান, অগ্নিহোত্রাদি যজ্ঞ অনুষ্ঠান করে, হে পুরুষোত্তম, তাহার সাত্ত্বিক, রাজসিক অথবা তামসিক গতি লাভ হয়, তাহা বুঝাইয়া দিন।

অনন্তর বৈকুণ্ঠভূমির মুখ্য দৈবত, শ্রুতিকমল পরাগ, যাহার অঙ্গচ্ছটায় জগৎ জীবন ধারণ করে, সহজ ভাবে বৃদ্ধিপ্রাপ্ত কাল অলৌকিক ভাবে বিস্তৃত হয়, সেই অদ্বিতীয় গূঢ় আনন্দামৃত মেঘ, বলীয়ানের বলস্বরূপ শ্রীকৃষ্ণ বলিলেন— ॥১॥

ত্রিবিধা ভবতি শ্রদ্ধা দেহিনাং সা স্বভাবজা।
সাত্ত্বিকী রাজসী চৈব তামসী চেতি তাং শৃণু ॥২॥

হে পার্থ, তোমার অভিপ্রায় আমার অবিদিত নয়। শাস্ত্রাভ্যাসকে তুমি এক প্রতিবন্ধক বলিয়া মনে কর। কেবল শ্রদ্ধার বলে পরম পদ লাভ করিতে ইচ্ছা কর। হে প্রবুদ্ধ, উহা এত সহজ নয়। হে কিরীটি, শ্রদ্ধার উদয় হইলেও উহা নির্ম্মল

হওয়া কঠিন। অপবিত্র সংসর্গে ব্রাহ্মণও কি অপবিত্রত্ব প্রাপ্ত হয় না? সুরাপাত্রের গঙ্গাজলও পান করিতে নাই। অগ্নি সম্বন্ধে শীতল চন্দনও কি দাহকরূপে পরিণত হয় না? হীন সুবর্ণ গলাইয়া উহাতে উত্তম স্বর্ণ মিলাইয়া লইলেও কি ঠকিতেই হয় না? শ্রদ্ধা ভক্তি অত্যুৎকৃষ্ট হইলেও স্বভাবিক পবিত্র শ্রদ্ধাকে জীবগণ অনাদি মায়া প্রভাবে ত্রিগুণে মিশ্রিত করিয়া ফেলে। উহাদের মধ্যে দুইটি গুণ নীচে চাপা পড়িলে উন্নত গুণানুসারে জীবের বৃত্তি অনুসারে তাহার মন, মনের অনুসারে ক্রিয়া আর ক্রিয়া অনুসারে মৃত্যুর পর দেহ প্রাপ্তি। বীজ নষ্ট হইয়াও বৃক্ষকে রাখিয়া যায়, বৃক্ষ বীজে লয় পায়। এই রীতিতে কোটি কল্প অতীত হইলেও জাতির ধ্বংস হয় না। প্রাণিগণের বহু জন্মান্তর হউক কিন্তু ত্রিগুণের প্রভাব দূর হয় না। তাহাদের শ্রদ্ধা গুণত্রয় অনুসারেই হয়। শুদ্ধ সত্বগুণ বৃদ্ধি হইলে জ্ঞান হয়। অপর দুইগুণ সর্ব্বদা জ্ঞানবিরোধী। সত্বগুণে শ্রদ্ধা মোক্ষফল লাভে প্রবৃত্ত হইলে রজঃ ও তমঃ চুপ্ করিয়া বসিয়া থাকেনা। রজঃ প্রবল হইলে শ্রদ্ধা কর্ম্মময় হয়। তমঃ প্রবল হইলে উক্ত শ্রদ্ধা বহু ভোগ বাসনার উৎপাদন করে ॥২॥

সত্ত্বানুরূপা সর্ব্বস্য শ্রদ্ধা ভবতি ভারত।
শ্রদ্ধাময়োঽয়ং পুরুষো যো যচ্ছ্রদ্ধঃ স এব সঃ ॥৩॥

হে জ্ঞানী, জীবগণের শ্রদ্ধা ত্রিগুণাতীত হয় না। প্রায়শঃ তাহাদের শ্রদ্ধা ত্রিগুণাত্মিকা। জলই জীবন কিন্তু বিশেষ

সংযোগে উহাই মৃত্যু কারক, মরিচের সহিত ঝাল ও ইক্ষুর সহিত মিষ্ট। তমোগুণ প্রভাবে যাহার জন্মমৃত্যু তাহার শ্রদ্ধাও তদনুরূপ। কজ্জল ও অন্ধকারের ভেদ নাই, তেমন তাহার শ্রদ্ধা ও তামসী বৃত্তির পার্থক্য দেখা যায় না। রাজস জীবের শ্রদ্ধা রাজসিকী এবং সাত্ত্বিক জীবের শ্রদ্ধা সাত্ত্বিকী। জগতে সকলেরই কিছু না কিছু শ্রদ্ধা আছে, কিন্তু উহা গুণময়। ফুলেই গাছের পরিচয় হয়, বাক্যদ্বারা মানুষের মনের ভাব জানা যায়, ভোগের দ্বারা পূর্ব্বজন্মের কর্ম্ম অবগত হওয়া যায়। যে চিহ্ন দ্বারা সেই শ্রদ্ধার পরিচয় হয়, তাহা শ্রবণ কর ॥৩॥

যজন্তে সাত্ত্বিকা দেবান্ যক্ষ রক্ষাংসি রাজসাঃ।
প্রেতান্ ভূতগণাংশ্চান্যে যজন্তে তামসা জনাঃ ॥৪॥

সাত্ত্বিক জীবের বুদ্ধি প্রায়শঃ স্বর্গ বিষয়ে ধাবিত হয়। সে বিদ্যানুশীলন করে, উত্তম যজ্ঞানুষ্ঠানাদিতে রত হয়, এবং দেবলোক প্রাপ্ত হয়। হে বীরেশ, রাজসিক শ্রদ্ধায় রাক্ষস পিশাচাদির পূজায় ইচ্ছা হয়। তামসী শ্রদ্ধার বিষয় শ্রবণ কর। পাপের মূর্ত্তি, নির্দ্দয়, কর্কশস্বভাব যে, যে ব্যক্তি জীবহত্যা পূর্ব্বক বলি দেয়, শ্মশানে রাত্রিকালে অমঙ্গল ভূত, প্রেত, পিশাচাদির পূজা করে, তাহাকেই তমোগুণোৎপন্ন জানিবে। তাহার শ্রদ্ধা তামসী। ত্রিবিধ লক্ষণে ত্রিবিধ শ্রদ্ধার পরিচয়। হে প্রবুদ্ধ, ইহা বর্ণনার প্রয়োজন এই যে, সাত্ত্বিকী শ্রদ্ধা অনুশীলন ও অপর দুইটি ত্যাগ করা প্রয়োজন। সাত্ত্বিকবুদ্ধি

সহায়ক হইলে কৈবল্য ভয়ানক বলিয়া মনে হয় না। ব্রহ্মসূত্র না পড়িলেও নিখিল শাস্ত্র না দেখিলেও, সিদ্ধান্ত না জানিলেও যাহার রূপে শ্রুতি স্মৃতি তাৎপর্য্য মূর্ত্তিমান, শাস্ত্রানুসারে অনুষ্ঠান হেতু প্রসিদ্ধ সেই সৎপুরুষের আচরণ করিয়া যে সাত্ত্বিক প্রকৃতির জীব চলে, তাহার শীঘ্রই সিদ্ধি লাভ ঘটে, মনে হয়, যেন তাহার নিমিত্ত উহা সযত্নে রক্ষিত ছিল।

বহু পরিশ্রমে কেহ প্রদীপ ধরাইলে অপরে অল্পয়াসেই সেই প্রদীপ হইতে নিজের প্রদীপ ধরাইয়া লইতে পারে। অল্পায়াস বলিয়া সে বঞ্চিত হয় না। এক ব্যক্তি বহু অর্থ ব্যয়ে গৃহ নির্ম্মাণ করিলে উহার সুখ কি সেই গৃহে স্থিত অপর লোক ভোগ কবিতে পারে না? জলাশয় শুধু খনন কর্ত্তারই তৃষ্ণা দূর করে না। গৃহে রন্ধন হইলে কেবল পাচকেরই ক্ষুধা নিবৃত্তি হয় না। অধিক বলিব কি, গঙ্গা শুধু * গৌতমের

* গঙ্গা দ্বিবিধা জাতা ভাগীবথী গৌতমীচ তদুক্তং ব্রহ্মাণ্ডপুবাণে।
একমেব জটাজুটে শম্ভোবাসীন মহজ্জলম্।
অৰ্দ্ধং ভগীবথানীতং অৰ্দ্ধং তদ্ গৌতমাহৃতম॥”

গৌতমমুনি ব্রহ্মগিবির আশ্রমে আছেন। ভয়ানক দুর্ভিক্ষ। চতুর্দ্দিকে হাহাকার। বশিষ্ঠ সশিষ্য গৌতমের অতিথি। প্রতিদিন সকালে গৌতম বীজ বপন করেন সন্ধ্যায় ফসল ঘরে আনিয়া নিয়মিত ভাবে অতিথিকে ভোজন করান। বহুদিন এই ভাবে অতিবাহিত করার পর বশিষ্ঠ যাইতে চাহিলেন। গৌতম অনুরোধ করিয়া আরও কিছুদিন থাকিতে বলিলেন। ইতিমধ্যে গণপতির নির্দ্দেশ অনুসারে কার্ত্তিকেয়

নিমিত্তই জগতে আসেন না, সকলের জন্যই গঙ্গা। শ্রদ্ধার সহিত শাস্ত্রানুষ্ঠানে নিপুণ ব্যক্তির অনুসরণ করিলে মূর্খও উদ্ধার হয় ॥৪॥

অশাস্ত্র বিহিতং ঘোরং তপ্যন্তে যে তপো জনাঃ।
দম্ভাহঙ্কার সংযুক্তাঃ কামরাগবলান্বিতাঃ ॥ ৫ ॥

সারাজীবন যে ঘৃণার সহিত শাস্ত্রের নামও করে না—নিজের ত্রিসীমানায় উহাদের আসিতে দেয় না—পূর্ব্বপুরুষগণের ক্রিয়া সম্বন্ধে বিদ্রূপ করে—পণ্ডিতগণকে তুরী দিয়া উড়াইয়া দেয়—নিজের গৌরব ও সম্পদের অভিমান করে—পাষণ্ডের আদর করে—যাজ্ঞিকের বেশ রহস্য পূর্ব্বক নিজে এবং সঙ্গীদের ধারণ করাইয়া যজ্ঞ পাত্রে রক্ত মাংস পূর্ণ করিয়া অগ্নিতে ঢালে—অভিচারের দেবতার মুখে স্পর্শ করায়, মানত শিশু বলি দেয়,

---

গোমূর্ত্তি ধরিয়া গৌতমমুনির শষ্যক্ষেত্রে শষ্য নষ্ট করিতেছিল। মুনি সেই দিকে দৃষ্টিমাত্র গরুটি মৃতের মত ভূমির উপর পড়িয়া রহিল। বশিষ্ঠ এবং অন্যান্য মুনিরা বলিলেন, এই ভূমি গোহত্যা পাপে কলঙ্কিত হইল, আমরা অন্যত্র চলিয়া যাই। গৌতম তাহাদিগকে ভূমি-শোধনের আশ্বাস দিয়া ত্র্যম্বক পর্ব্বতে যাইয়া তপস্যায় প্রবৃত্ত হইলেন। শঙ্কর সন্তুষ্ট হইয়া গঙ্গাকে দিতে স্বীকৃত হইলেন। গৌতম বলিলেন—গঙ্গা যেন আমার আশ্রমের পার্শ্ব দিয়া প্রবাহিত হইয়া আমার ক্ষেত্র পবিত্র করিয়া আমার নামে প্রসিদ্ধ হয়। শঙ্কর তথাস্তু বলিয়া গঙ্গাকে মুক্ত করিয়া দিলেন। দক্ষিণ সমুদ্রের দিকে প্রবাহিত হইয়া গঙ্গার নাম হইল গৌতমী গঙ্গা গোদাবরী।

ক্ষুদ্র দেবতার বর প্রাপ্তির নিমিত্ত সাত দিন পর্য্যন্ত অন্ন ত্যাগ করিয়া থাকে, সে তমোগুণের ক্ষেত্রে নিজের ও পরের পীড়াদায়ক বীজ বপন করে এবং অনুরূপ ফল লাভ করে। হে ধনঞ্জয়, বাহুহীন ব্যক্তি নৌকা ভিন্ন সমুদ্র পারে যাইবার ভরসা করিতে পারে কি?—যে রোগী চিকিৎসকের উপদেশ লয় না, ঔষধ পদাঘাত করিয়া ফেলিয়া দেয়, তাহার অবস্থা যে শোচনীয় হইবে তাহাতে সন্দেহ কি?—উপায়ান্তর গ্রহণ না করিয়া নিজের চক্ষু তুলিয়া ফেলিলে নিজের হাতে নিজের অন্ধতাকেই ডাকিয়া আনা হয়। শাস্ত্রীয় ব্যবস্থার নিন্দাপরায়ণ আসুর প্রকৃতিরও এই দুরবস্থা দাঁড়ায়। সে মোহাচ্ছন্ন হইয়া ছুটাছুটি করে। কামের প্রবৃত্তি বশে সে কর্ম্ম করে, ক্রোধ যাহার প্রতি হিংসা দ্বেষ যাহা করায় সে তাহাই করে এবং আমার হৃদয়েও দুঃখের বোঝা চাপাইয়া দেয় ॥৫॥

কর্শয়ন্তঃ শরীরস্থং ভূতগ্রামমচেতসঃ।
মাং চৈবান্তঃ শরীরস্থং তান্ বিদ্ধ্যাসুর নিশ্চয়ান্ ॥৬॥

সে নিজের বা পরের যত দুঃখ ব্যবস্থা করে সেইগুলি আমাতেই লাগে। সেই পাপীর কথা মুখেও উচ্চারণ করা উচিত নয়। আমি যে বর্ণনা করিতেছি, উহা শুধু তাহাকে ঘৃণা পূর্ব্বক ত্যাগ করাইবার নিমিত্ত। মৃতকে বাহির করিয়া ফেলিতে হয়, সম্ভাষণে নীচ বলিয়া প্রতিপন্ন হইলে তাহার সঙ্গ ত্যাগ করিতে হয়, হস্তে কর্দ্দম লাগিলে ধুইয়া ফেলিতে হয়, চিত্তে শুদ্ধ হওয়ার

আকাঙ্ক্ষা থাকে বলিয়া অপবিত্রতার সংসর্গে দোষ হয় না। সেইরূপ পাপীকে ত্যাগ করিবার নিমিত্তই আমি পূর্ব্বোক্ত বর্ণনা করিয়াছি। হে অর্জ্জুন, এই প্রকার লোক দেখিলে তুমি আমার স্মরণ পূর্ব্বক পবিত্র হইবে, কেননা ইহা ভিন্ন আর কোন উপযুক্ত প্রায়শ্চিত্ত নাই। সাত্ত্বিক শ্রদ্ধাকেই যত্ন পূর্ব্বক রক্ষা করা কর্ত্তব্য। যাহার সম্বন্ধে সাত্ত্বিক ভাবের পুষ্টি হয়, তাহারই সংসর্গ রাখিবে। তদনুকূল সাত্ত্বিক আহার করিবে। আহার্য্য নির্ব্বাচনই স্বভাব গঠনে সর্ব্বাপেক্ষা শ্রেষ্ঠ সাধন। হে বীর, ভাল মানুষও মদিরা পানে উন্মত্ত হইয়া যায়। শ্যামাধান্যের অন্ন ভোজনে বাত এবং শ্লেষ্মা দোষ হয়। জ্বর হইলে দুধে কি রোগ দূর করে? মৃত্যু হইলে অমৃত কোন প্রয়োজনে লাগে? বিষ নিজের ক্রিয়া করিবেই। আহারের অনুরূপ দেহের ধাতু এবং চিত্তবৃত্তি উৎপন্ন হয়। পাত্র উষ্ণ করিলে তন্মধ্যস্থ জলও উষ্ণ হয়—ধাতুর অনুরূপ মনোবৃত্তির পরিণাম। সাত্ত্বিক অন্ন গ্রহণে সাত্ত্বিক বৃত্তি এবং তদ্ভিন্ন অন্নে রাজস বা তামস ভাব উৎপন্ন করে। সাত্ত্বিক আহার কি? রাজস ও তামস আহারই বা কি তাহা বলিতেছি ॥৬॥

আহারস্ত্বপি সর্ব্বস্য ত্রিবিধো ভবতি প্রিয়ঃ।
যজ্ঞস্তপস্তথা দানং তেষাং ভেদমিমং শৃণু ॥ ৭ ॥

হে বীর, একই আহার্য্য ত্রিবিধ কিরূপে হইল তাহাও বলিতেছি। ভোজন কর্ত্তার রুচি অনুসারেই রন্ধনাদি হইয়া

থাকে। ভোজন কর্ত্তা গুণের অধীন। ত্রিগুণের প্রভাবে ভোজনকর্ত্তা তিন শ্রেণীতে বিভক্ত। আহারও ত্রিবিধ। যজ্ঞ, তপস্যা, দান প্রত্যেকটি তিন প্রকার। প্রথমতঃ আহারের বর্ণনাই করিব ॥ ৭ ॥

আয়ুঃ সত্ত্ববলারোগ্যসুখপ্রীতিবিবর্দ্ধনাঃ।
রস্যাঃ স্নিগ্ধাঃ স্থিরা হৃদ্যা আহারাঃ সাত্ত্বিকপ্রিয়াঃ ॥৮॥

ভোজন কর্ত্তা সত্ত্বগুণে আকৃষ্ট হইলে তাহার রুচি মধুর রসের দিকেই বৃদ্ধি পায়। সুরস, সুমিষ্ট, রসপূর্ণ, পরিপক্ক বৃহদাকার নয় অথচ অত্যন্ত কোমল স্পর্শ এবং রসনার তৃপ্তি দায়ক, আগা-গোড়া মৃদু রসে পূর্ণ, দ্রবভাব যুক্ত হইলেও অগ্নির উত্তাপে শুষ্ক, শ্রীগুরুদেবের অল্পাক্ষর উপদেশের ন্যায় ক্ষুদ্রাকার হইয়াও অপার তৃপ্তিদায়ক, উপরে সুন্দর, ভিতরে মধুর, আহার্য্যের প্রতিই সাত্ত্বিক লোকের রুচি। এই প্রকার আহার্য্যই সাত্ত্বিক, তাহাতে আয়ু নিত্য নব ভাবে সুরক্ষিত হয়। সাত্ত্বিক রসের বর্ষণ হইলে দেহস্থ আয়ু নদী প্রতিদিন বৃদ্ধিপ্রাপ্ত হয়। হে সুমতি, দিবসের নিমিত্ত সূর্য্য, সত্ত্বগুণের বৃদ্ধির নিমিত্ত এরূপ আহার্য্যের প্রয়োজন। ইহাতে দেহ মন উভয়ই বল পায়। রোগ আর আসিতে পারে না। সাত্ত্বিক আহার্য্যে সুস্থতার সৌভাগ্যের জগৎ সুখময় হয় এবং আনন্দের সহিত বন্ধুতা বৃদ্ধি পায়। দেহ ও অন্তরের উপকারী এই সাত্ত্বিক আহার। রজোগুণ-যুক্ত ব্যক্তি যে রসে রুচি সম্পন্ন প্রসঙ্গ ক্রমে উহাই বলিব ॥ ৮ ॥

কট্বম্ললবণাত্যুষ্ণ তীক্ষ্ণ রুক্ষ বিদাহিনঃ।
আহারা রাজসস্যেষ্টা দুঃখ শোকাময়প্রদাঃ ॥৯॥

মারকগুণ ব্যতিরিক্ত বিষের ন্যায়, চুনের মত দাহক, অম্লযুক্ত, অধিক লবণযুক্ত এবং উহার সহিত অন্য দ্রব্য মিশ্রিত, অত্যন্ত জ্বালাময় পদার্থ, রাজস প্রকৃতির আহার। রাজসিক প্রকৃতির লোক উষ্ণ পদার্থের ব্যপদেশে মনে হয়, অগ্নি গলাধঃকরণ করে। এরূপ উষ্ণ পদার্থে তাহার রুচি যে তাহার যে বাষ্প উঠে উহাতে দিয়াসলাই জ্বালানো যায়। প্রস্তর তুলিবার লৌহাস্ত্র না হইলেও রাজসিক লোকের ভুক্ত অতি তীক্ষ্ণ পদার্থ ক্ষত না করিয়াও বিদীর্ণ করে। ভস্ম হইতেও রুক্ষ, ভিতরে ও বাহিরে রসশূন্য চাট্নীর উপর তাহার লোভ থাকে। দণ্ডের আঘাত হয়, এমন পদার্থ চিবাইতে তাহার আনন্দ। সরিষা পূর্ণ খাদ্য যাহাতে নাকে মুখে ঝাঁজ লাগে, অগ্নি হইতেও জ্বালাকর আচার প্রভৃতি তাহার প্রিয়। ইহাতেও তৃপ্তি না হইলে সাক্ষাৎ অগ্নিতুল্য ভোজনে যন্ত্রণায় অস্থির হইয়া ছট্ফট্ করে এবং অধিক পরিমাণে জল পান করিতে থাকে। উহাকে ভোজ্য না বলিয়া ব্যাধিরূপ সর্পকে জাগ্রত করিবার নিমিত্ত মাদক দ্রব্য বলাই উচিত। তখন একটি রোগ দেখা দেয় এবং দুঃখময় ফল উৎপাদন করে। রাজস আহার ও তাহার পরিণাম এই। অনন্তর তামস প্রকৃতির আহার্য্য বলিব, শুনিতে ঘৃণা করিওনা। মহিষ উচ্ছিষ্ট খায়, তাহারই মত তামস প্রকৃতির লোক উচ্ছিষ্ট ও পচা অন্ন খাইতে দ্বিধা করে না॥ ৯ ॥

যাতযামং গতরসং পূতিপর্য্যুষিতং চ যৎ।
উচ্ছিষ্টমপি চামেধ্যং ভোজনং তামসপ্রিয়ম্ ॥ ১০ ॥

যে খাদ্য রন্ধনের পর দুইপ্রহর বা একদিন অতীত হইয়াছে, অর্দ্ধসিদ্ধ অবস্থায় রহিয়াছে, জল শুষ্ক হয় নাই, একেবারে শুষ্ক রসশূন্য হইয়াছে এরূপ অন্ন তামস প্রকৃতির রুচিজনক। ভাল-ভাবে পাককরা রসযুক্ত অন্ন তাহার ভাল লাগে না। ভাল খাদ্য ভাগ্যবশে জুটিলেও উহাতে পচা দুর্গন্ধ বাহির না হওয়া পর্য্যন্ত ভোগে আসে না। ব্যাঘ্রের রীতিও এইপ্রকার। কিছুদিনের পর্য্যুসিত, বিস্বাদ, শুষ্ক, পচা অথবা গলিত অন্ন খাইবার সময়ও তামসিক প্রকৃতির লোক বালকের মত এটা ওটা পাঁচটায় মিলাইয়া গরুর মত এক থালাতে স্ত্রীর সহিত ভোজন-নিরত হয়। নিন্দনীয় আহারেই তাহার সন্তোষ। ইহাতেও সেই পাপীর নিষ্কৃতি নাই। নিষিদ্ধ পদার্থ, দুষ্ট খাদ্য, অপেয়, অখাদ্যের নিমিত্তই তাহার অত্যাগ্রহ। তামস-প্রকৃতি এই প্রকার। এই ভোজনের ফল পাইতে দেরী হয় না, অপবিত্র পদার্থ মুখে স্পৃষ্ট হওয়া মাত্র তাহার পাপভোজন হয়। উহা উদর পূরণ মাত্র শিরচ্ছেদের পরিণাম বা অগ্নিপ্রবেশের ফল সে অনুভব করিতে থাকে। অর্থাৎ মৃত্যুকেই সে স্বেচ্ছায় ডাকিয়া আনে। শ্রীকৃষ্ণ বলিলেন—অর্জ্জুন, তামস আহার সাত্ত্বিক ও রাজসিক খাদ্য হইতে সম্পূর্ণ পৃথক্ ফল উৎপন্ন করে। আহারের ন্যায় যজ্ঞও তিন প্রকার। উহাদের মধ্যে প্রথমতঃ সাত্ত্বিক যজ্ঞের মর্ম্ম শ্রবণ কর। ॥ ১০ ॥

অফলাকাংক্ষিভির্যজ্ঞো বিধিদিষ্টো য ইজ্যতে।
যষ্টব্যমেবেতি মনঃ সমাধায় স সাত্ত্বিকঃ ॥ ১১ ॥

পতিব্রতা নারী প্রিয়পতি ভিন্ন অপর পুরুষের কামনা করে না। গঙ্গা সমুদ্রে প্রবেশ করিয়া আর অগ্রসর হয় না। বেদ আত্মদর্শন করিয়া স্তব্ধ হয়। আত্মহিতে চিত্তবৃত্তি লাগাইয়া ফলের নিমিত্ত অভিমান করিবে না। বৃক্ষের মূলে অগ্রসর হইয়া জল আর ফিরিয়া আসে না, বৃক্ষেই শুষ্ক হয়। কায়মনে যজ্ঞাদিতে নিমগ্ন হইলে বিষয়ান্তর মনের কোণে স্থান দেওয়া অনুচিত। যে স্বধর্ম্ম ভিন্ন অন্য বিষয়ে বিরক্ত, নিষ্কাম ও সর্ব্বাঙ্গ-সুন্দর যজ্ঞে নিরত, দর্পণে স্বমুখ অথবা করস্থিত রত্নের দর্শনের ন্যায় সূর্য্যোদয়ে আলোকিত পথের ন্যায়,বেদোপদিষ্ট কুণ্ড, মণ্ডপ, বেদী ও অন্যান্য সামগ্রী সে এরূপভাবে সংগ্রহ করে যে মনে হয়, বেদ স্বয়ং ঐ কার্য্য করিয়াছে। দেহের যথাস্থানে বিন্যস্ত অলঙ্কারের ন্যায় যজ্ঞস্থলীতে নিপুণ ভাবে দ্রব্যাদির সংস্থান দেখিয়া মনে হয়, ভূষণাদি যজ্ঞীয় দ্রব্যব্যপদেশে সেই স্থানকে শোভিত করিয়াছে। সেই ব্যক্তি প্রতিষ্ঠার লোভ ত্যাগ পূর্ব্বক সর্ব্বাঙ্গ পরিপূর্ণ এরূপ যজ্ঞানুষ্ঠান করে। ফল ফুলের আশা না থাকিলেও অন্যান্য বৃক্ষ হইতে অধিকতর যত্নের সহিত তুলসীর রক্ষার ন্যায়, ফলাকাঙ্ক্ষাহীন ঐরূপ যজ্ঞানুষ্ঠান সাত্ত্বিক ॥১১॥

অভিসন্ধায় তু ফলং দম্ভার্থমপি চৈব যৎ।
ইজ্যতে ভরতশ্রেষ্ঠ তং যজ্ঞং বিদ্ধি রাজসম্ ॥ ১২ ॥

হে বীরেশ, পূর্ব্বোক্ত প্রকারে যজ্ঞ অনুষ্ঠান করিয়াও যদি মনে করে—শ্রাদ্ধ দিনে রাজার নিমন্ত্রণ করিলে রাজার আগমনে ধনপ্রাপ্তিও হইবে লোকের কাছেও নাম হইবে। সেরূপ এই যজ্ঞে স্বর্গ প্রাপ্তিতো ঘটিবেই ইহলোকেও সকলের সমীপে সম্মান পাইব ; হে পার্থ, এরূপ ফলের আশা বা সংসারে গৌরবের আকাঙ্ক্ষায় বা প্রসিদ্ধির লোভে সেই অনুষ্ঠান করিলে উহা রাজস যজ্ঞ ॥ ১২ ॥

বিধিহীনমসৃষ্টান্নং মন্ত্রহীনমদক্ষিণম্ ।
শ্রদ্ধাবিরহিতং যজ্ঞং তামসং পরিচক্ষতে ॥ ১৩ ॥

পশু পক্ষীর বিবাহে কাম ভিন্ন পুরোহিত থাকে না। তামস যজ্ঞে আগ্রহই মুখ্য। বায়ু পথ খুঁজিয়া পায় না, মৃত্যু শুভলগ্নের প্রতীক্ষা করে, অগ্নি নিষিদ্ধ পদার্থ জ্বালাইতে ভয় পায়, এই সকল অঘটনীয় ঘটিলেও তামস লোকের ব্যবহারের বিধি ব্যবস্থার ঠিক পাওয়া যায় না। তাহার মন্ত্রাদির প্রয়োজন নাই। মক্ষিকার ন্যায় তাহার মুখ সর্ব্বপ্রকার খাদ্যেই খোলা আছে। তাহার যজ্ঞে ব্রাহ্মণের সহিত শত্রুতা, দক্ষিণার মৃত্যু। অন্ধ অগ্নি হাতে পাইলে সকল সংসার দগ্ধ করে। শ্রদ্ধা না থাকিলেও সে যথাসর্ব্বস্ব খরচ করিয়া ফেলে। মৃত্যুর পর অপুত্রকের সম্পত্তি যেমন দশ জনে লুণ্ঠন করে, তাহার সেইরূপ অবস্থা। লক্ষ্মী-নিবাস শ্রীকৃষ্ণ বলিলেন, এই ভাবের যজ্ঞাভাসকে তামস যজ্ঞ বলা হয়। একই গঙ্গা জল পৃথক্ পৃথক্ নালায় প্রবাহিত

হইয়া কোথাও স্বচ্ছ, কোথাও ঘোলা দেখায়, তদ্রূপ ত্রিগুণের প্রভাবে তপস্যাও ত্রিবিধ মূর্ত্তি ধারণ করিয়াছে। উহাদের একটি পাপ, অপরটি উদ্ধার করে। হে সুবুদ্ধি, উহা জানিতে হইলে প্রথমটি শ্রবণ কর। তপস্যা কাহাকে বলে তাহাও বলিব। উত্তম তপস্যাও শারীরিক, মানসিক ও বাচিক ভেদে তিন প্রকার? শারীরিক তপস্যা দ্বারা শঙ্কর ও শ্রীহরি প্রিয় হন—উহার রূপ শ্রবণ কর॥ ১৩॥

দেবদ্বিজগুরুপ্রাজ্ঞপূজনং শৌচমার্জ্জবম্।
ব্রহ্মচর্য্যমহিংসা চ শারীরং তপ উচ্যতে॥ ১৪॥

ঐরূপ তপস্যাপরায়ণ ব্যক্তি দেবতার মন্দিরাদিতে যাইবার নিমিত্ত অষ্টপ্রহরই অবৈতনিক ভৃত্য পদদ্বয়কে নিযুক্ত করিয়া রাখিয়াছে। হস্তদ্বয় দেবতার অঙ্গন শোভা সম্পাদনে, গন্ধ, পুষ্পাদি সংগ্রহে এবং আজ্ঞা প্রতিপালনে নিযুক্ত। দৃষ্টিতে শিবাদির শ্রীমূর্ত্তি দর্শনমাত্র সে দণ্ডবৎ ভূমিতে লুণ্ঠিত হয়। বেদ বিনয়সম্পন্ন ব্রাহ্মণ সজ্জনের সেবা, প্রবাস ক্লেশপ্রাপ্ত, রোগগ্রস্ত, বা সঙ্কটাপন্ন ব্যক্তির সুখদান, সর্ব্বতীর্থশ্রেষ্ঠ মাতাপিতার সেবায় আত্মনিয়োগ, দর্শনমাত্র অপার দুঃখহরণকারী জ্ঞানদাতা—করুণাময় শ্রীগুরুর ভজন, হে সুভট, স্বধর্ম্মাগ্নিতে স্থূলদেহবুদ্ধি পান (মিশ্রস্বর্ণ) অভ্যাস-যোগ পুটে রাখিয়া জ্বালাইয়া দেওয়া, প্রাণিমাত্রে ভগবদধিষ্ঠান বুঝিয়া সর্ব্বত্র প্রণতি, পরোপকার দ্বারা উহাদের সেবা, স্ত্রীবিষয়ে ইন্দ্রিয় সংযম, জন্মসময়ে স্ত্রীদেহ স্পর্শ

হইয়াছে, সম্পূর্ণ জীবন আমি উহা হইতে দূরে থাকিব, এরূপ ভাবনা, সকলের মধ্যেই প্রাণ আছে জানিয়া তৃণটিকেও আঘাত না দেওয়া, কাহারও ছেদ বা ভেদ না করা প্রভৃতি শুদ্ধ ব্যবহারে দেহকে নিযুক্ত রাখিলে শারীরিক তপস্যা পূর্ণতা লাভ করিল বুঝিতে হইবে। এই সকল ব্যাপারে শরীরের প্রাধান্য বলিয়া ইহাদিগকে শারীরিক তপস্যা বলে। এখন নিষ্পাপ বাঙ্ময় বা বাচিক তপস্যা বলিতেছি ॥ ১৪ ॥

অনুদ্বেগকরং বাক্যং সত্যং প্রিয়হিতং চ যৎ।
স্বাধ্যায়াভ্যসনং চৈব বাঙ্‌ময়ং তপ উচ্যতে ॥ ১৫ ॥

স্পর্শমণি সংযোগে লৌহের পরিমাণ না কমিয়াও উহা স্বর্ণরূপে পরিণত হয়। যাহার বাক্য এরূপ সাধুতা পূর্ণ যে, উহা কাহাকেও দুঃখ দেয় না, অথচ শ্রবণ মাত্র স্বাভাবিক সুখের উদয় করে। বৃক্ষের নিমিত্ত প্রদত্ত জল ভূমি স্থিত তৃণকেও সজীব রাখে—সেরূপ যে বাণী আলাপকারী এবং অন্যান্য সকলেরই হিতকারী, অমৃতের গঙ্গায় স্নান মাত্র অমরতা লাভ, পাপ ও সন্তাপ হরণ এবং মাধুর্য্য আস্বাদনের ন্যায় যে বাণীতে কর্ণগোচর হওয়ামাত্র অবিচার দূর হইয়া আত্মার অনাদি স্বরূপের স্ফূর্ত্তি এবং অমৃতাস্বাদনের ন্যায় কথারুচি জন্মে তাহাকে বাচিক তপস্যা জানিবে। এই ভাবেই প্রশ্নের উত্তর দেওয়া, অন্যথা বেদ বা ভগবন্নাম জপ করা—বাক্যরূপ মন্দিরে ঋগাদি তিন বেদের পাঠশালা স্থাপন, অথবা শিব, বিষ্ণু কাহারও নাম রসনায়

প্রতিষ্ঠিত করাই বাচিক তপস্যা। লোকপালপ্রভু শ্রীকৃষ্ণ বলিলেন, অধুনা মানসিক তপস্যা নিরূপণ করিব ॥ ১৫ ॥

মনঃ প্রসাদঃ সৌম্যত্বং মৌনমাত্মবিনিগ্রহঃ।
ভাবসংশুদ্ধিরিত্যেতত্তপো মানসমুচ্যতে ॥ ১৬ ॥

নিস্তরঙ্গ সরোবর, মেঘমুক্ত আকাশ, সর্পরহিত চন্দনবন, কলার অপূর্ণতা রহিত চন্দ্র, নিশ্চিন্ত রাজা, মন্দরাচল রহিত ক্ষীর সমুদ্রের ন্যায় বিবিধ বিকল্প জাল একেবারে দূর হইয়া গেলে মন যখন স্বরূপাকারে অবস্থান করে, তখন মনের অবস্থা কিরূপ হয়?—উষ্ণতা শূন্য প্রকাশ, জড়তাহীন রস, শূন্যতাহীন আকাশের ন্যায় মন স্বস্বরূপে অবস্থান করিয়া চাঞ্চল্য ত্যাগ করে। হিম নিজের শরীরে ঠাণ্ডা লাগিতে দেয় না। কলঙ্করহিত, নিশ্চল, নিত্য এবং পরিপূর্ণ চন্দ্রের ন্যায় মনও শুদ্ধ ও উল্লসিত থাকিলে বৈরাগ্যজনিত ক্লেশ দূর হয়। তখন হৃদয়ের শঙ্কা থাকে না। আত্মবোধের পূর্ণতা লাভ হয়। শাস্ত্রপরিশীলনের —প্রয়োজনীয় বাক্যেরও প্রয়োজনীয়তা থাকে না। লবণ মূলআশ্রয় জল পাইলে আত্মস্বরূপকে স্বতন্ত্র রাখিতে পারে না, সেইরূপ আত্মলাভে মন নিজের সত্ত্বাকে রক্ষা করিতে অসমর্থ হইলে ইন্দ্রিয় দ্বারে ছুটিয়া বিষয় ভোগের ভাবোদয় কিরূপে সম্ভব? পূর্ব্বোক্ত ব্যক্তির মন রোমবিহীন করতলের ন্যায় ভাবশুদ্ধ—উহাতে অসৎভাব স্থান পায় না। অর্জ্জুন, মনের এই অবস্থাকে মানসিক তপস্যা নামে অভিহিত করা যায়। প্রভু

বলিলেন, মানসিক তপস্যার কথা এই পর্য্যন্ত। কায়মনোবাক্যে যে সামান্য তপ করা যায়, আমি উহাই বলিয়াছি। তিনটি গুণের প্রভাবে, উহারাই তিন তিন প্রকারের মূর্ত্তি ধারণ করে। নিজের বুদ্ধি দ্বারা উহা বুঝিয়া লইবে ॥ ১৬ ॥

শ্রদ্ধয়া পরয়া তপ্তং তপস্তত্রিবিধং নরৈঃ।
অফলাকাংক্ষিভির্যুক্তৈঃ সাত্ত্বিকং পরিচক্ষতে ॥ ১৭ ॥

হে জ্ঞানি, ফলাকাঙ্ক্ষা রহিত হইয়া পূর্ব্বোক্ত অনুষ্ঠান কর্ত্তব্য। সত্ত্বশুদ্ধির নিমিত্ত আস্তিক্য বুদ্ধিতে অনুষ্ঠিত হইলে উহা সাত্ত্বিক ॥ ১৭ ॥

সৎকারমানপূজার্থং তপো দম্ভেন চৈব যৎ।
ক্রিয়তে তদিহ প্রোক্তং রাজসং চলমধ্রুবম্ ॥ ১৮ ॥

তপস্যাদ্বারা ভেদবুদ্ধির মণ্ডন পূর্ব্বক মহত্ত্বের পর্ব্বত শিখরে স্থাপিত হইবার অভিসন্ধি থাকিলে উহা রাজসিক। ত্রিভুবনে সকলেই আমাকে সম্মান করুক, ভোজনে শ্রেষ্ঠ স্থান লাভ হউক, জগতের লোক আমার মহিমা কীর্ত্তন করুক, সকল লোক আমার কাছে আগমন করুক, সকল প্রকার পুজা লাভ করি, উত্তম সামগ্রী উপভোগ করি, এই ভাবনা করিয়া প্রসাধন-দ্বারা নিজের জরা গোপনকারিণী বৃদ্ধা বেশ্যার ন্যায় মহত্ত্ব প্রদর্শন করিবার নিমিত্ত যে, দেহ, বাক্য ও মনকে তপস্যার জলে গিল্টী করিয়া লয় এবং সম্পদের আশায় তপস্যার কষ্ট সহ্য

করে, তাহার তপস্যা রাজসিক। এক জাতীয় কীট আছে, উহারা গাভীর বাট হইতে অলক্ষিতে দুগ্ধ পান করে। এরূপ কীটভুক্ত গাভী প্রসবের পরও দুগ্ধ দেয় না। পরিপক্ক শস্যক্ষেত্রে পশু প্রবেশ করিলে কি শস্য ঘরে আসে?—তপস্যার বড়াই করিলেও উহার ফল সম্পূর্ণ নষ্ট হইয়া যায়। নিস্ফলতা দেখিয়া অনেকে মধ্য পথে তপস্যা ছাড়িয়া দেয়। অকালমেঘ আকাশ অন্ধকার করিয়া গর্জ্জন করিলেও অধিকক্ষণ স্থায়ী হয় না। রাজস তপস্যা ফলোৎপাদনে অসমর্থ এবং ক্ষণস্থায়ী। তামসিক তপস্যায় কিন্তু ইহলোক পরলোক দুইই নষ্ট হয় ॥১৮॥

মূঢ়গ্রাহেণাত্মনো যৎপীড়য়া ক্রিয়তে তপঃ।
পরস্যোৎসাদনার্থং বা তত্তামসমুদাহৃতম্ ॥১৯॥

হে ধনুর্ধর, তামস প্রকৃতি তপস্বী অন্তরে মূর্খতাকে বৃদ্ধি করিয়া শরীরকে শত্রুর ন্যায় প্রজ্জ্বলিত পঞ্চাগ্নিতে তাপিত করে, দেহকে ইন্ধন করিয়া অগ্নিতে প্রদান করে, মস্তকের উপর ধূপ অগ্নি প্রজ্জ্বলিত করে, কণ্টক আসনে উপবেশন করে, দেহকে অঙ্গারে পরিণত করে, শ্বাস প্রশ্বাস বন্ধ করিয়া বৃথা উপবাস, ঊর্দ্ধপদ হেঁঠমুণ্ডে কনক ধূমপান, শীতকালে হিমজলে আকণ্ঠ নিমজ্জিত হইয়া দণ্ডায়মান, অনাবৃত স্থানে নদীতীরে বা ময়দানে অবস্থান, জীবদ্দশায়ই স্বদেহের মাংস চ্ছেদন প্রভৃতি নানা প্রকার দৈহিক ক্লেশ উৎপন্ন করিয়া অপরের অনিষ্টের নিমিত্ত তপস্যা করে। হে ধনঞ্জয়, স্বস্থানচ্যুত প্রস্তর পতিত হইতে হইতে

অন্য বস্তুকেও পিষিয়া চলে, নিজেও খণ্ড খণ্ড হইয়া যায়, সেইরূপ নিজে ক্লেশ ভোগ করিয়া যে সুখী হয় এবং অপর লোককে দুঃখ প্রদান করে, সেই ক্লেশদায়ক তপস্বীর তপস্যা তামসিক। সাত্ত্বিকাদি ভেদে ত্রিবিধ তপস্যা বর্ণনার পর ত্রিবিধ দানের লক্ষণ বলিব। গুণত্রয় হেতু ত্রিবিধ দানের মধ্যে সাত্ত্বিক দানের কথা বলিতেছি ॥১৯॥

দাতব্যমিতি যদ্দানং দীয়তেঽনুপকারিণে।
দেশে কালে চ পাত্রে চ তদ্দানং সাত্ত্বিকং স্মৃতম্ ॥২০॥

স্বধর্ম্মানুষ্ঠানের প্রাপ্ত ধন আদরপূর্ব্বক দান করিবে। উৎকৃষ্ট বীজ হস্তগত হইলে অনুকূল ক্ষেত্রাদি না পাইলে বড়ই খেদের বিষয়। বহুমূল্য রত্ন লাভ করিয়াও যদি স্বর্ণের অনটন হয়, অথবা রত্ন ও স্বর্ণ উভয়ের প্রাপ্তির পর দেহ অলঙ্কার ধারণে অসমর্থ হয়, তবে কেমন হইল?—উৎসবের দিন, স্বজন ও সম্পত্তি পরম সৌভাগ্যোদয়েই এই তিনের একত্র মিলন ঘটে! দান বিষয়েও সত্ত্বগুণের সহায়তায় উপযুক্ত দেশ, কাল, পাত্র এবং দ্রব্য মিলিতে পারে। কুরুক্ষেত্র বা কাশীর ন্যায় দেশ, সূর্য্য বা চন্দ্রগ্রহণের ন্যায় পুণ্যকাল এবং দান গ্রহণের নিমিত্ত মূর্ত্তিমান পবিত্রতা যদি পাওয়া যায়—শুদ্ধাচরণের ভূমিকা, বেদের আবাসস্থানের ন্যায় দ্বিজকুলমণি লাভ করিলে নিজের সামগ্রী কিছু দানকরা একান্ত কর্ত্তব্য। প্রিয় পতির সমীপে কান্তা গমন করে, গচ্ছিত সামগ্রী প্রত্যর্পণে ঋণমুক্ত হয়,

নৃপতিকে তাম্বূল অর্পণ করিয়া ভৃত্য কর্ত্তব্য সম্পাদন করে, সেইরূপ নিষ্কামবুদ্ধিতে ভূমি প্রভৃতি দান কর্ত্তব্য। অন্তরে যেন কোনরূপ কামনা স্থান না পায়। যাহাকে দানকরা যায় তিনিও এরূপ লোক হইবেন, যাহার সমীপে প্রত্যুপকারের কোন প্রত্যাশা নাই। শূন্যে ধ্বনি করিলে উহার প্রতিধ্বনি হয় না, দর্পণের পশ্চাৎ দিকে দৃষ্টি করিলে মুখ দেখা যায় না। জলে বল ছুঁড়িলে উহা লাফাইয়া হাতে আসেনা। ষাঁড়কে আদর করিলে বা কৃতঘ্ন মানুষের উপকার করিলে প্রত্যুপকারের কিছুমাত্র আশা নাই। সেইরূপ যাহাকে দান করিবে তাহার সমীপে কোন প্রকার উপকার প্রত্যাশা করিবে না। এইভাবে সামগ্রী দান হইলে উহা সাত্ত্বিক ॥২০॥

যত্তু প্রত্যুপকারার্থং ফলমুদ্দিশ্য বা পুনঃ।
দীয়তে চ পরিক্লিষ্টং তদ্দানং রাজসং স্মৃতম্ ॥২১॥

দেশ, কাল, পাত্র এবং দ্রব্যশুদ্ধি পাইয়াও দুগ্ধের আশায় গো-সেবার ন্যায়, প্রত্যুপকারের আশায় দান, রাজসিক। ক্ষেত্রপালক ক্ষেত্রকে রক্ষার নিমিত্তই তৃণ দ্বারা মনুষ্যাকৃতি নির্ম্মাণের পরিশ্রম স্বীকার করে। আত্মীয়কে লৌকিকতার খাতিরেই নিমন্ত্রণ খাওয়াইতে হয়। পূজার বাড়ীতে খাদ্য সামগ্রী পাঠাই, তার মূলে আশা থাকে, আবার উহা প্রসাদরূপে ফিরিয়া আসিবে। লাভের অংশ বাক্সে তুলিয়া রাখিয়া লোক খাতির দেখায়। অর্থের বিনিময়ে চিকিৎসক ঔষধ প্রদান

করে। দান দেওয়ার সময় যদি মনের ভাব থাকে যে, আমার প্রদত্ত অর্থ দ্বারাই ইহার দিন নির্ব্বাহ হইবে, বার বার আমার নাম করিবে এবং যশের প্রতিষ্ঠা হইবে, তবে উহা রাজসিক। হে পাণ্ডব, পথে চলিতে প্রত্যুপকারের আশা রহিত হইয়া উত্তম ব্রাহ্মণ দর্শনে এককড়ি দান পূর্ব্বক তাহার সমীপে সকল আত্মীয়ের পাপমোচন কামনা করিলে বা একজনেরও উদর পূরণের অনুপযোগী অন্নদান করিয়া বিবিধ প্রকার স্বর্গীয় সুখের আশা করিলে অথবা দান গ্রহণ করিয়া ব্রাহ্মণ গৃহে যাইবার সময় তাহাকে দ্রব্য হরণকারী বলিয়া চিন্তা করিলে—সেই দানকে রাজসিক বলা হয় ॥২১॥

অদেশকালে যদ্দানমপাত্রেভ্যশ্চ দীয়তে।
অসৎকৃতমবজ্ঞাতং তত্তামসমুদাহৃতম্ ॥২২॥

অপবিত্র লোকের বসতিতে, বনে, অপবিত্র স্থানে, তাঁবুতে, নগরের চতুষ্পথে অথবা তদনুরূপ স্থানে, সন্ধ্যায়, রাত্রিতে, চৌর্য্য বা ছলনালব্ধ ধন, স্তাবক, বাজীকর, বেশ্যা, দ্যূতক্রীড়াসক্ত, ভ্রমোৎপাদক, নৃত্য, যাদুবিদ্যা ও বৃথা স্তুতিদ্বারা প্রলোভনকারীকে দান তামসিক। পুষ্প ও অন্যান্য সুগন্ধি দ্রব্যদ্বারা দাতার মনোমুগ্ধকারী দাতার ভ্রম উৎপন্ন করিয়া ধনবানকে লুণ্ঠন করে এবং বহু অর্থের বলে লোকোচ্ছেদকারীদের নিমিত্ত অন্নসত্র খুলিয়া বসে। এই প্রকার দান তামসিক। কখনও ভাগ্যবশে অন্যথাও ঘটে। ঘুণে ধরিয়া কাঠের উপর যেরূপ কোন সময়

অক্ষরের ন্যায় অঙ্কন করে (উহাকে ঘুণাক্ষর ন্যায় বলে) অথবা হাততালি দেওয়ার সঙ্গে সঙ্গে কাক পতিত হয়, (কাকতালীয় ন্যায়) সেইরূপ তামসিক লোকেরও ভাগ্যবশে কোন সময় পুণ্যক্ষেত্র ও দানের উপযোগী শুভ মূহূর্ত্ত মিলিয়া যায়। সেই ক্ষেত্রে কেহ তাহার সমীপে দান গ্রহণের নিমিত্ত অগ্রসর হইলে সে অভিমানে প্রমত্ত হইয়া মনে শ্রদ্ধা রাখিতে অসমর্থ হয়। যাচকের সম্মুখে মস্তক অবনত করেনা, অর্ঘ্যাদি দ্বারা স্বয়ং অথবা কাহারও দ্বারা মর্য্যাদা করায় না, গন্ধ অক্ষতের কথা দূরে থাকুক বসিবারও আসন দেয় না ; উপযুক্ত ক্ষেত্রেও তামসিক লোক এরূপ অনুচিত ব্যবহার করে। উত্তমর্ণকে ঋণের অল্পকিছু দিয়া বিদায় করিবার মত সেই যাচককে বঞ্চনা করে—বার বার 'আচ্ছা' বলিয়া বিদায় দেয়। হে কিরীটি, সে দান করিয়াও যাচককে অপমান, অবহেলা ও দুর্ব্বচন দ্বারা ব্যথিত করে। এরূপ ভাবে অর্থব্যয় করাকে তামসিক দান বলে। হে নৃপনন্দন অর্জ্জুন—তিন প্রকার দানই স্ব স্ব লক্ষণদ্বারা ব্যাখ্যাত হইল।

সাত্ত্বিক কর্ম্মই সমর্থ, তবে বৃথা কেন দোষযুক্ত বিরুদ্ধ কর্ম্মের বর্ণনা। ভূতকে অপসারিত না করিলে ভূ-বিবরস্থ দ্রব্যলাভ করা যায় না, ধূম সহ্য করিতে অসমর্থ হইলে অগ্নি জ্বালানো যায় না। শুদ্ধ সত্ত্বের মধ্যেও রজঃ ও তমের দাগ লাগিয়াছে, অতএব উহাদের বর্ণনা অপ্রাসঙ্গিক নয়। শ্রদ্ধাপূর্ব্বক দান পর্য্যন্ত সকলই গুণত্রয় বিশিষ্ট, ইহা বলিবার উদ্দেশ্য সত্ত্বগুণেরই পরিচয় দেওয়া। তবে অপর দুইটির বর্ণনা না করিলে উহার সম্যক্

পরিচয় পাওয়া যায় না। ঐ দুইটি ত্যাগ করিলেই সাত্ত্বিক ভাব উদয়ের সম্ভাবনা। দিবস ও রাত্রি ত্যাগ করিলে তৃতীয় সন্ধ্যার পরিচয় হয়, তদ্রূপ রজঃ ও তম দূর করিলে তৃতীয় সত্ত্বগুণের পরিচয় হয়। সত্ত্বগুণের পরিচয়ের নিমিত্তই রজঃ ও তমের বর্ণনা। উহাদিগকে পরিত্যাগ পূর্ব্বক সত্ত্ব গুণে যজ্ঞাদি কর্ম্মে প্রবৃত্ত হও, তবেই স্বস্বরূপ সাক্ষাৎকার হইবে। সূর্য্য উদয় হইলেই দৃষ্টি গোচর হয়। সত্ত্বগুণের কর্ম্মও সকলই সফল হয়। ফল প্রাপ্তি করাইবার উপযুক্ত সামর্থ্য সত্ত্বগুণেই রহিয়াছে। মোক্ষলাভ কিন্তু সম্পূর্ণ পৃথক্ বস্তু। উহার পৃথক্ উপায় আছে। একমাত্র তাহারই অবলম্বনে মোক্ষ গ্রামে পৌঁছা যায়। স্বর্ণ বিভিন্ন প্রকারের হইলেও উহাতে রাজমুদ্রার অক্ষর মুদ্রিত না হইলে "সিক্কা" নামে অভিহিত হয় না—স্থানান্তরের জল, নির্ম্মল, শীতল, সুগন্ধি ও সুখদায়ক হইলেও তীর্থ সম্বন্ধেই উহার পবিত্রতা—নদী যত বড়ই হউক গঙ্গা অঙ্গীকার না করিলে সমুদ্রে মিলন হয় না। সেইরূপ হে কিরীটি, সাত্ত্বিক কর্ম্ম মোক্ষপথে অগ্রসর হইতে পারে, কোন প্রতিবন্ধক নাই। কিন্তু মোক্ষ-প্রাপ্তির নিমিত্ত উহা ভিন্ন আরও কিছুর প্রয়োজন আছে। এই বাক্য শ্রবণমাত্র অর্জ্জুনের হৃদয়ে উৎকণ্ঠা বৃদ্ধি পাইল। তিনি বলিলেন,—প্রভু, কৃপা পূর্ব্বক উহা বর্ণনা করুন। পরমকৃপালু শ্রীকৃষ্ণ তখন বলিলেন—যে মুক্তিরত্নকে দেখাইয়া দেয় সেই সাত্ত্বিক কর্ম্ম শ্রবণ কর ॥ ২২ ॥

ওঁ তৎসদিতি নির্দ্দেশো ব্রহ্মণস্ত্রিবিধঃ স্মৃতঃ।
ব্রাহ্মণাস্তেন বেদাশ্চ যজ্ঞাশ্চ বিহিতাঃ পুরা ॥ ২৩ ॥

(জগদাশ্রয় পরব্রহ্মের নাম এক হইলেও তিন প্রকার ব্যবহার। ব্রহ্ম বস্তুতঃ নাম ও জাতি রহিত হইলেও অনাদি অবিদ্যার রাত্রিতে তাঁহাকে চিনিয়া লইবার নিমিত্ত বেদ তাঁহার নাম প্রকাশ করিয়াছেন।) বালক উৎপন্ন হওয়ার সহিত তাহার নাম হয়। লোকে যে নাম ধরিয়া ডাকে সেই নামের সহিত সে প্রত্যুত্তর দেয়। সংসার-দুঃখে ক্লিষ্ট জীব নিজের দুঃখ নিবেদন করিবার নিমিত্ত তাঁহার সমীপে গমনপুর্ব্বক যে নামে ডাকিলে তিনি প্রত্যুত্তর প্রদান করেন, সেই নামই সত্য। কৃপালু বেদ বিচার পূর্ব্বক এরূপ একটি মন্ত্র প্রকাশ করিয়াছেন, যাহাতে তাঁহার অনির্ব্বাচ্যতা মিটিয়া গিয়া অদ্বৈতরূপে প্রাপ্তি হয়। সেই বেদোপদিষ্ট মন্ত্র উচ্চারণ করিলেই তিনি লীলায় সম্মুখে অথবা পশ্চাতে আসিয়া দাঁড়ান। তবে যে ব্যক্তি বেদপর্ব্বতশিখরে উপনিষদের তাৎপর্য্যময় নগরে ব্রহ্মের পংক্তিতে উপবেশন করেন, তাহারই সেই প্রতীতি লাভ হয়। প্রজাপতি ও শক্তির সৃষ্ট এই জগৎ, সেই এক নাম সাধনেরই ফল। হে বীরোত্তম, সৃষ্টির আদিতে ব্রহ্মা উন্মত্তের ন্যায় ছিলেন। তিনি পরমেশ্বরকে জানিতেন না। দৃষ্টির সামর্থ্যও তাহার ছিল না। এই এক নাম সাধনই তাঁহাকে শ্রেষ্ঠ করিয়াছে। অন্তরে এই নামের চিন্তা করিয়া নামাক্ষর জপ করিতে করিতে তাঁহার বিশ্বরচনার যোগ্যতা লাভ হইয়াছে। নাম সাধনের ফলে তিনি ব্রাহ্মণ জাতি

উৎপন্ন করিয়া বেদের উপদেশ দ্বারা তাহাদের আচরণ নিয়মিত করিয়াছিলেন। তাহার গ্রাসাচ্ছাদনের নিমিত্ত যজ্ঞাদির ব্যবস্থা দিয়াছিলেন। অনন্তর অগণিত লোক সৃষ্টি করিয়া ত্রিভুবন তাহাদিগকে উপহার প্রদান করেন। শ্রীলক্ষ্মীপতি বলিলেন, ব্রহ্মাও যে নাম মন্ত্রদ্বারা এরূপ শ্রেষ্ঠতা লাভ করিয়াছেন, তাহার স্বরূপ শ্রবণ কর। (সর্ব্বমন্ত্রের রাজা ওঁকার। উহা আদি অক্ষর। তৎকার দ্বিতীয়, আর সৎকার তৃতীয় অক্ষর। এইভাবে ব্রহ্মের নাম "ওঁ তৎসৎ" এই তিন অক্ষরে।) উপনিষদ এই মনোরম নাম কুসুমের গন্ধময়। এই নামের সহিত সাত্ত্বিক কর্ম্মানুষ্ঠান হইলে অনুষ্ঠানকারী মোক্ষমন্দিরের সেবক হইয়া যায়। কর্পূর নির্ম্মিত অলঙ্কার পাইয়াও উহা ধারণ করিবার রীতি না জানিলে সকলই বৃথা। সৎকর্ম্মানুষ্ঠান হইতে পারে, ব্রহ্মের নাম জপও চলিতে পারে, তবে উহাদের প্রয়োগরীতি পরিজ্ঞাত না হইলে উপযুক্ত ফলপ্রাপ্তি কিরূপে সম্ভব? গৃহে বহু সাধুর সমাগমেও তাহাদের সম্মান না করিলে পুণ্যের ক্ষয় হয়। সুন্দর অলঙ্কার পরিধানের ইচ্ছায় কতগুলি রত্ন ও স্বর্ণ কেহ গলায় বাঁধিয়া রাখিলে পরিহাসের কারণ হয়। মুখে ব্রহ্মনাম জপ এবং করে সৎকর্ম্মানুষ্ঠান চলিলেও উহার ব্যবহার রীতি না জানিলে সকলই বৃথা। খাদ্য ও ক্ষুধা দুই থাকিলেও খাওয়ার রীতি না জানিয়া শিশু অভুক্ত থাকে। তৈল, সলিতা, অগ্নি থাকিলেও প্রদীপ জ্বালাইবার রীতি না না জানিলে আলো পাওয়া যায় না। যথাসময়ে কর্ম্মানুষ্ঠান এবং

স্মৃতিতে মন্ত্র থাকিলেও উহার প্রয়োগ-অপরিজ্ঞানহেতু উহা নিষ্ফল হয়। এই নিমিত্ত পরব্রহ্মের নাম এই তিনটি অক্ষরে বিনিয়োগ প্রদর্শিত হইতেছে ॥ ২৩ ॥

তস্মাদোমিত্যুদাহৃত্য যজ্ঞদান তপঃ ক্রিয়াঃ।
প্রবর্ত্তন্তে বিধানোক্তাঃ সততং ব্রহ্মবাদিনাম্ ॥ ২৪ ॥

এই নামের অক্ষর তিনটিকে কর্ম্মের আরম্ভে, মধ্যে এবং অন্তে যথাক্রমে প্রয়োগ করিবে। হে কিরীটি, এই যুক্তিবলে ব্রহ্মজ্ঞানী ব্রহ্মের সাক্ষাৎকার লাভ করে। ব্রহ্মানুভব প্রাপ্তিহেতু সে শাস্ত্রোপদিষ্ট যজ্ঞ ত্যাগ করে না, বরং প্রথমতঃ ধ্যানের দ্বারা ওঁকার প্রত্যক্ষ করিয়া ওঁকারের স্পষ্ট উচ্চারণপূর্ব্বক কর্ম্ম আরম্ভ করে। কর্ম্মের আরম্ভে ওঁকার অন্ধকারে প্রবেশকালে অখণ্ড প্রদীপ, অরণ্য পথে বলবান্ সঙ্গীসদৃশ। ব্রহ্মজ্ঞানী বেদোক্ত দেবতার উদ্দেশ্যে সদ্ভাবে উপার্জ্জিত বহু দ্রব্য ব্যয়-পূর্ব্বক ব্রাহ্মণদ্বারা যজ্ঞানুষ্ঠান করাইয়া থাকেন। আহবনীয়, গার্হপত্য ও দক্ষিণ এই তিন অগ্নিতে বিধিপূর্ব্বক দক্ষতার হোম হয়। যজ্ঞাদির সহায়তার নিমিত্ত অপ্রিয় উপাধি ত্যাগ করে। ন্যায়োপার্জ্জিত ভূমি ও অন্যান্য দ্রব্যাদি শুদ্ধ দেশে যথাকালে সৎপাত্রে দানাদি করে। একদিন অন্তর কৃচ্ছ্র চান্দ্রায়ণাদি ব্রত ও উপবাসাদি দ্বারা দেহের ধাতু শোধন পূর্ব্বক তপস্যায় বিরত হয়। এই প্রকার যজ্ঞ দান, তপস্যা প্রভৃতি যাহা বন্ধনের হেতু বলিয়া উক্ত হইয়াছে; তাহাও ব্রহ্মজ্ঞানীর নিমিত্ত মোক্ষের

সুলভ সাধনরূপে পরিণত হয়। যেখানে নৌকা চলে না সেখানে পায়ে হাঁটিয়াই জল পার হইতে হয়। সেইরূপ এই নামদ্বারা বন্ধনকারক কর্ম্মও মুক্তির হেতু হয়। এই যজ্ঞ দানাদি ক্রিয়া ওঁকার সহিত আরব্ধ হইলে পর "তৎ" শব্দ প্রয়োগ করিতে হইবে ॥২৪॥

তদিত্যনভিসন্ধায় ফলং যজ্ঞতপঃ ক্রিয়াঃ।
দানক্রিয়াশ্চ বিবিধাঃ ক্রিয়ন্তে মোক্ষকাঙ্ক্ষিভিঃ ॥২৫॥

নিখিল বিশ্বের অতীত সর্ব্বসাক্ষী পরব্রহ্ম তৎশব্দের বাচ্য। জ্ঞানী তাহাকেই সকলের আদি জানিয়া অন্তঃকরণে তাঁহার রূপ ধ্যান করে এবং উচ্চারণ দ্বারা বাচিক প্রত্যক্ষ করে। সে বলে সকল কর্ম্ম ফলের সহিত তৎস্বরূপ ব্রহ্মে অর্পিত হউক। আমার নিমিত্ত উহার ফল কিছুমাত্রও যেন অবশিষ্ট না থাকে। 'তৎ'স্বরূপ ব্রহ্মকে নিখিল কর্ম্ম সমর্পণ পূর্ব্বক ইহার কিছুই আমার নয়, এইরূপ বলিয়া সে সকল কর্ম্ম হইতে স্বতন্ত্র হইয়া যায়। 'ওঁ'কারের সহিত আরব্ধ কর্ম্ম 'তৎ'কার দ্বারা সমর্পিত হইলে সেই কর্ম্ম ব্রহ্মাকার হইয়া যায়। এই অবস্থায়ও দ্বৈত থাকে বলিয়া উহাদ্বারা সাফল্য লাভ হয় না। জলে গলিয়া গেলেও নুনের ক্ষার আস্বাদ অবশিষ্ট থাকে, সেইরূপ ব্রহ্মাকার কর্ম্মেও দ্বৈতভাব থাকিয়া যায়। বেদবাণী বলিয়াছেন—দ্বৈত থাকা পর্য্যন্ত সংসার ভয় থাকে। অতএব পরব্রহ্মকে বুঝাইবার নিমিত্ত কর্ম্মানুষ্ঠানকারীরও এই সৎ শব্দ দ্বারা পরমাত্মাতে পর্য্যবসান

নির্দ্দিষ্ট হইয়াছে। ‘ওঁ’কার ও ‘তৎ’কারের প্রভাবে যে কর্ম্ম ব্রহ্মাকার হইয়াছে সেই প্রশংসিত কর্ম্মেই ‘সৎ’ শব্দের প্রয়োগ হয় ॥ ২৫ ॥

সদ্ভাবে সাধুভাবে চ সদিত্যেতৎ প্রযুজ্যতে।
প্রশস্তে কর্ম্মণি তথা সচ্ছব্দঃ পার্থ যুজ্যতে ॥২৬ ॥

সৎশব্দ দ্বারা অসৎ মুদ্রা ত্যাগ ও নিষ্কলঙ্ক সত্ত্বার স্বরূপ প্রকাশ হয়। কোন কালে কোন দেশে যে নিজের স্বরূপ ত্যাগ করে না, উহাই সৎ। উহা অখণ্ড। দৃষ্ট বস্তুমাত্র অনিত্য অতএব অসৎ, এই জ্ঞান হইলে যে ব্রহ্মপ্রাপ্তি হয়, উহাদ্বারা সর্ব্বাত্মক ব্রহ্মস্বরূপাকার হইয়া প্রশস্ত কর্ম্মের সাম্য বিধানপূর্ব্বক অভিন্নতা দর্শন করা কর্ত্তব্য। ওঁকার ও তৎকারদ্বারা কর্ম্ম ব্রহ্মাকার হইলে সদ্রূপতা প্রাপ্তি হয়। সৎ শব্দের বিনিয়োগ এই প্রকার। শ্রীরঙ্গনাথ এই প্রকার বলিলেন। আমি জ্ঞানেশ্বর নই। যদি বলি, আমি বলিয়াছি, তবে শ্রীরঙ্গ বিষয়ে দ্বৈত ভাব থাকিবে এই নিমিত্ত পূর্ব্বোক্ত বিচার শ্রীকৃষ্ণেরই বুঝিতে হইবে। এই সৎ শব্দ সাত্ত্বিক কর্ম্মের আরও এক প্রকারে উপকার করে। উত্তম সৎকর্ম্ম অধিকার অনুসারে কৃত হইলেও কোন প্রকারে উহাতে কিছু ন্যূনতা থাকিলে উহার অবস্থা কিরূপ হয়? সর্ব্বাঙ্গ সুন্দর হইয়াও এক অঙ্গহীন হইলে তাহাকে দিয়া কাজ চলে না। চক্রহীন রথ চলে না। সেইরূপ কোন একটি গুণের অভাবে সৎকর্ম্মও অসৎ মূর্ত্তি ধারণ করে। সেই সময়

ওঁকার ও তৎকারের সহিত সৎশব্দ যুক্ত হইয়া কর্ম্মের ক্রটি পূর্ণ করিয়া দেয়। সৎশব্দ সেই অসৎ স্বরূপ দূর করিয়া সত্তাবলে সদ্ভাবে স্থিতি আনিয়া দেয়। দিব্যৌষধি কৃশরোগীর সহায়তা করে, সেইরূপ ন্যূনাঙ্গ কর্ম্মের নিমিত্ত সৎ শব্দ। কোন প্রমাদবশে কর্ম্মের মর্য্যাদা হানি হইয়া নিষিদ্ধ শ্রেণীতে গিয়া পড়ে; কেননা পথিকের পথ ভুল হইতে পারে—পরীক্ষা করিতে গিয়াও ভুল হয়, অতএব এইপ্রকার অবিচারের নিমিত্ত কর্ম্ম নিজের সীমা ছাড়িয়া অসৎ কর্ম্মের অন্তর্ভুক্ত হয়; তখন হে প্রবুদ্ধ, ওঁকার ও তৎকার হইতেও এই সৎ শব্দের বলেই উহার সাধুতা সিদ্ধ হয়। লৌহ স্পর্শমণির সংযোগে, নালার জল গঙ্গার প্রবাহে মিলিত হইলে, মৃতের উপর অমৃত বর্ষণ হইলে, যেরূপ কৃতার্থতা, হে বীরেশ, সৎশব্দ যোগেও অসাধু কর্ম্মের সেইরূপ উপকার। নামের মহিমা এইপ্রকার। পূর্ব্বোক্ত সিদ্ধান্তের মর্ম্ম বুঝিয়া এই নামের বিচার করিলে বুঝিতে পারিবে উহা ব্রহ্মস্বরূপ। ওঁ তৎসৎ এই অক্ষর মুমুক্ষুকে পরিদৃশ্যমান জগতের মুল স্থানে লইয়া যায়। সেই মূল অপরিচ্ছিন্ন শুদ্ধ পরব্রহ্ম। ওঁ তৎসৎ তাঁহার স্বরূপান্তর্গত এবং স্বরূপব্যঞ্জক নাম। আকাশের আশ্রয় আকাশই, তদ্রূপ এই নামের আশ্রয় নামরহিত পরব্রহ্মই। উহা নাম হইতে অভিন্ন। আকাশে উদিত হইয়া সূর্য্যই সূর্য্যকে প্রকাশ করে, সেইরূপ পরব্রহ্মকে এই নামই প্রকাশ করে। নাম তিনটি অক্ষরের, একটি শব্দ মাত্র নয়, উহা পরব্রহ্ম স্বরূপ ॥ ২৬ ॥

যজ্ঞে তপসি দানে চ স্থিতিঃ সদিতি চোচ্যতে।
কর্ম্ম চৈব তদর্থীয়ং সদিত্যেবাভিধীয়তে ॥ ২৭ ॥

অনুষ্ঠিত কর্ম্ম, যজ্ঞ, দান, কৃচ্ছ্র তপস্যা পূর্ণ বা অপূর্ণ হউক, স্পর্শমণির নিকষ পাথরে যেরূপ উত্তম বা হীন স্বর্ণের ভেদ থাকে না, সেইরূপ নিখিল কর্ম্ম ব্রহ্মে সমর্পিত হইলে ব্রহ্মময় হইয়া যায়। সমুদ্রে মিলিত হইলে নদীসমূহের পার্থক্য থাকে না—ব্রহ্মে মিলিত হইলেও পূর্ণ অপূর্ণের ভেদ থাকে না। হে পার্থ, হে জ্ঞানি, ব্রহ্মনামের বর্ণনা যুক্তির সহিত বর্ণিত হইল। হে বীর, প্রত্যেকটি অক্ষরের পৃথক্ পৃথক্ প্রয়োগ আমি বলিয়াছি। সঞ্জয় বলিলেন—রাজন্, এখন আপনি বুঝিলেন তো ব্রহ্মনাম কত শ্রেষ্ঠ। আজ হইতে এই নামের মহিমা বিস্তার করিবার সহায়তা করুন। উহাতে আপনার জন্মান্ধ দোষ দূর হইয়া যাইবে। যে কর্ম্মে এই নামের উত্তম প্রয়োগ হইবে উহাই বৈদিক অনুষ্ঠানের সমান হইবে। ॥ ২৭ ॥

অশ্রদ্ধয়া হুতং দত্তং তপস্তপ্তং কৃতং চ যৎ।
অসদিত্যুচ্যতে পার্থ ন চ তৎ প্রেত্য নো ইহ ॥২৮॥

এই পথ এবং শ্রদ্ধার আশ্রয় ত্যাগ করিয়া দুরাগ্রহের সীমা বাড়াইয়া কোটি অশ্বমেধযজ্ঞ, রত্নসহিত পৃথিবীর দান, অগ্নিকুণ্ডে দাঁড়াইয়া সহস্রবৎসর তপস্যা, জলাশয়ের স্থলে নব সমুদ্র খনন করিলেও সকলই বৃথা। প্রস্তরে বর্ষণ, ভস্মে আহুতি প্রদান,

ছায়াকে আলিঙ্গন, আকাশকে চপেটাঘাতের ন্যায় শ্রদ্ধাহীনের কর্ম্ম বৃথা। ঘানিতে প্রস্তরখণ্ড দিয়া তৈল পাওয়ার আশা করা বিড়ম্বনা। শ্রদ্ধাহীন কর্ম্মের ফলও শুধু দরিদ্রতা। অঞ্চলে ইষ্টক খণ্ড বাঁধিয়া লইয়া দেশে বা বিদেশে কোথাও উহার বিনিময়ে আহার্য্য পাওয়া যায় না। পূর্ব্বোক্ত কর্ম্মদ্বারা ইহলোকেই কোন ভোগের আশা নাই, পরলোকের কথাতো দূরে। ব্রহ্মনামে শ্রদ্ধাহীন হইয়া যে কর্ম্মই করা যাউক না কেন, উহা ইহলোক বা পরলোকে কেবল কষ্টদায়ক হয়।

পাপদ্বিরদারি হরি, ত্রিতাপান্ধকারের রবি, কমলাপতি নিখিল বীরেন্দ্র শ্রীকৃষ্ণ, এই প্রকারে উপদেশ করিলে চন্দ্রালোকে চন্দ্রের ন্যায় অর্জ্জুন অসীম আত্মানন্দে ডুবিয়া রহিলেন। অতি আশ্চর্য্যের বিষয় যে, কুরুক্ষেত্র যুদ্ধের মত একটা কঠিন সময়েও অর্জ্জুনের স্বানন্দরাজ্যের ভোগ হইতেছিল। অন্য কোথাও কাহারো এরূপ ভাগ্যোদয় হয় নাই। সঞ্জয় বলিলেন —হে কৌরবরাজ, শত্রু হইলেও তাহার সদ্‌গুণে আমাকে আনন্দিত করিতেছে। অর্জ্জুন আমার সেই আনন্দ উপভোগ করাইবার গুরুরূপ ধারণ করিয়াছে। অর্জ্জুন প্রশ্ন না করিলে শ্রীকৃষ্ণ কি এই ভাবে সিদ্ধান্ত সমূহ প্রকাশ করিতেন। আমি এই পরমার্থ কোথায় পাইতাম? অজ্ঞান অন্ধকারে পতিত আমাকে জন্মকীট দংশন করিতেছিল, অর্জ্জুনই আমাকে আত্মজ্ঞানের মন্দিরে আনয়ন করিয়াছে। সে আমার ও আপনার উভয়ের এই উপকার করিয়াছে; গুরুত্ব দৃষ্টিতে সে ব্যাসের

সহোদর স্বরূপ। এই বলিতে বলিতে সঞ্জয় ভাবিলেন—আমি কি বলিতেছি? উহা রাজা ধৃতরাষ্ট্রের মনে ভাল লাগিতেছে না! যাক্ আর বলিয়া প্রয়োজন নাই। অর্জ্জুন শ্রীকৃষ্ণকে অপর যে প্রশ্ন করিয়াছেন, উহাই বলি। নিবৃত্তিনাথের জ্ঞানদেব বলিতেছে—সঞ্জয়ের পদাঙ্কানুসরণ করিয়া আমিও সেই কথা বর্ণনা করি ॥ ২৮ ॥

ইতি শ্রীজ্ঞানদেবকৃত ভাবার্থ দীপিকায়াং
সপ্তদশোঽধ্যায়ঃ।

মোক্ষসন্ন্যাস যোগ

অষ্টাদশ অধ্যায়

জয় জয় দেব নির্ম্মল। নিজ জনাখিল মঙ্গল। জন্মজরা-
জলদজাল প্রভঞ্জন ॥ ১ ॥

জয় জয় দেব প্রবল।
বিদলিতামঙ্গল কুল।
নিগমাগমদ্রুম ফল।
ফলপ্রদ ॥ ২ ॥

জয় জয় দেব সকল।
বিগত বিষয় বৎসল।
কলিতকাল কৌতূহল।
কলাতীত ॥ ৩ ॥

জয় জয় দেব নিশ্চল।
চলচিত্ত পান তুন্দিল।
জগদুন্মীলনাবিরল।
কেলিপ্রিয় ॥ ৪ ॥(ক)

জয় জয় দেব নিখল।
স্ফুরদমন্দানন্দ বহল। (খ)
নিত্য নিরস্তাখিল মল।
মূলভূত ॥ ৫ ॥

জয় জয় দেব স্বপ্রভ।
জগদম্বুদ গর্ভ নভ।
ভুবনোদ্ভবারম্ভ স্তম্ভ।
ভব ধ্বংস ॥ ৬ ॥

(ক) চঞ্চল চিত্ত, জীবের চাঞ্চল্য পান করিয়াই তুমি স্থূলোদর হইয়াছ। জগতের সৃষ্টি প্রভৃতি লীলায় তুমি অনবরত আনন্দের অনুভব কর।

(খ) বহল = প্রচুর।

জয় জয় দেব বিশুদ্ধ ।
বিত্তুদয়োত্থান দ্বিরদ । (গ)
শম দম মদন মদ ।
দয়ার্ণব ॥ ৭ ॥

জয় জয় দেবৈকরূপ ।
অতিকৃত কন্দর্প সর্প দর্প । (ঘ)
ভক্তভাব ভুবন দীপ ।
তাপাপহ ॥ ৮ ॥

জয় জয় দেব অদ্বিতীয় ।
পরিণতোপরমৈকপ্রিয় । (ঙ)
নিজ জন জিত ভজনীয় ।
মায়াগম্য ॥ ৯ ॥

জয় জয় দেব শ্রীগুরো ।
অকল্পনাখ্য কল্পতরো ।
স্ব সম্বিদ্‌ক্রম বীজপ্ররো-
হণাবনী ॥ ১০ ॥(চ)

হে নির্মল দেবতা, নিজভক্ত সকলের মঙ্গলদাতা, জন্মজরা মেঘ দূর করিতে ঝড়ের তুল্য, শক্তিমান, অমঙ্গল ধ্বংস করিতে সমর্থ, বেদ বেদান্ত কল্পবৃক্ষের ফলদাতা ও ফলস্বরূপ, তোমার জয় হউক। তুমি অচঞ্চল, চঞ্চল-চিত্ত সাধকের চঞ্চলতা উদরস্থ করিয়া তুমি স্থূলোদর। জগতের সৃষ্টি স্থিতি প্রলয় খেলা তোমার প্রিয়। অখণ্ডস্বরূপ তুমি, বিষয় সংসর্গ রহিত বাৎসল্যপূর্ণ কালের সাক্ষী এবং কলাতীত। সকল কপটতা রহিত তুমি অফুরন্ত আনন্দ প্রকাশক। নিত্যই সর্বপ্রকার পাপকে

(গ) বিৎ=অবিদ্যা। অবিদ্যা উত্থান দলনকারী মাতঙ্গ।

(ঘ) কন্দর্প সর্পের দর্প চূর্ণ করিয়াছ।

(ঙ) পরিপূর্ণ শান্তিপূর্ণ ভক্তের একান্ত প্রিয়।

(চ) অচিন্ত্যশক্তিযুক্ত অদ্ভুত কল্পতরু যিনি স্বাত্ম-জ্ঞানের বীজ অঙ্কুরিত হইবার পরম অনুকূল ক্ষেত্র স্বরূপ।

দূরে রাখ, তুমিই সকলের মূল। স্বপ্রকাশ, সকল জগৎমেঘের গর্ভস্থান বিমল আকাশস্বরূপ, ভুবন সৃষ্টির পরমাশ্রয় প্রথম স্তম্ভ অথচ তুমিই সংসার ধ্বংসের কারণ। বিশুদ্ধ তোমার রূপ, অজ্ঞানের উদ্যান সংসার দলনে মহামাতঙ্গ, শম দম তোমার রূপ, মদনের দর্পহারী, দয়ার সাগর। প্রধান দেবতা তুমিই কন্দর্প সর্পের অহঙ্কার চূর্ণ করিয়াছ। তুমিই ভক্তভাব ধারণ করিয়া অন্ধকার সংসারে প্রদীপ স্বরূপ। তুমি তাপও হরণ করিয়াছ। অদ্বিতীয় দেবতা তুমি। তোমার একান্ত ভক্তগণের প্রিয়। তাহাদের সমীপে ভক্তিতে পরাজিত তুমি। ভজনীয়, মায়ার অগম্য তোমার স্বরূপ। হে শ্রীগুরুদেব, কল্পনার অতীত কল্পবৃক্ষ তুমি। আত্মজ্ঞানের বীজ অঙ্কুরিত করাইবার জন্য নিজেই ক্ষেত্ররূপ হইয়াছ। তোমার জয় জয়কার হউক।

হে নির্বিশেষ, বিবিধ শব্দ দ্বারা পৃথক্ ভাবে তোমার স্তুতি আর কত করিব! যে বিশেষণদ্বারাই স্তব করা হউক না কেন আমি জানি, তাহাতে তোমার যথার্থ রূপ বর্ণনা অসম্ভব! এই হেতু স্তব করিতেও আমি লজ্জিত হইতেছি। সমুদ্র মর্য্যাদা লঙ্ঘন করে না, এইকথা পূর্ণচন্দ্রোদয়ের পূর্ব্বাবধি সত্য। চন্দ্রকান্তমণি চন্দ্রকিরণে স্বেদযুক্ত হয়, উহা চন্দ্রকে অর্ঘ্যার্পণ করিবার নিমিত্ত তাহাই নহে, বরং চন্দ্রই তাহাকে বিগলিত করিয়া থাকে। বসন্তসমাগমে অকস্মাৎ বৃক্ষের এরূপ অঙ্কুরোদ্গম হয় যে, বৃক্ষ তদনুরূপ মুকুলে আর কখনও শোভিত হয় না।

সূর্য্যকিরণ প্রাপ্তিমাত্র পদ্মিনী লজ্জা ত্যাগ পূর্ব্বক প্রফুল্লিত হয়, জলস্পর্শমাত্র লবণ আপন দেহের অস্তিত্ব ভুলিয়া যায়, সেইরূপ তোমার স্মরণমাত্র আমি নিজেকে ভুলিয়া যাই। ভোজনে তৃপ্ত ব্যক্তিকে আরও কিছু খাদ্য দিতে চাহিলে সে চিৎকার করে, সেইরূপ আমিও তৃপ্তির সহিত তোমার স্তব করিতেছি। উন্মাদ নিরন্তর বকিতেই থাকে, আমারও অহন্তাকে দূর করিয়া বাণীকে তোমার স্তুতিতে নিযুক্ত করিয়াছ। আত্মস্মৃতি রাখিয়া স্তুতি করিলে তোমার গুণ ও অবগুণ বিচার উঠিবে, তুমিত একরসাত্মক তোমার গুণাগুণ বিভাগ কিরূপে সম্ভব? মুক্তামণি কি বিভক্ত করিয়া খণ্ডিত করা উচিত? অখণ্ড রাখাই ভাল। তুমিই পিতা, তুমিই মাতা, ইহা বলিলেও তোমার স্তুতি হয় না, কেননা, ইহাতে আমি যে বালক এই বালক, উপাধি তোমাতে গিয়া স্পর্শ করে। তুমি যে আমার প্রভু আর আমি যে সেবক ইহাতে আর বলিবার কি আছে? তবু এই উপাধি দ্বারা কেন তোমাকে দূষিত করি। যদি বলা যায় সকলই আত্মারূপে ব্যাপিয়া আছ, তাহাতেও তুমি যে অন্তর্য্যামীরূপে অন্তরে আছ, তাহাকে বাহিরে আনা হইল বলিয়া মনে হয়। এই হেতু তোমাকে স্তুতি করিবার উপযুক্ত বাণী দেখি না। মৌন ভিন্ন অপর কোন অলঙ্কারও দেখিনা। কিছু না বলাই বাস্তব পক্ষে তোমার স্তুতি, কিছু না করাই তোমার পূজা, আর কিছুতেই সন্নদ্ধ না হওয়াই তোমার স্বরূপে অবস্থিতি। ভ্রমের বশে উন্মাদের বৃথা প্রলাপের ন্যায় আমার স্তুতি। অধুনা আমার

বাণীকে গীতার্থ প্রকাশ মুদ্রায় এরূপ সুসজ্জিত করিয়া দাও যাহাতে সে সজ্জন সভায় সম্মান লাভে সমর্থা হয়।

শ্রীনিবৃত্তিদেব বলিলেন—বারবার এরূপ প্রার্থনায় প্রয়োজন কি? স্পর্শমণিতে লৌহ খণ্ড ঘর্ষণ করিতে হয় না। জ্ঞানদেব বলিলেন—বুঝিলাম, আপনার প্রসাদ লাভ করিয়াছি। দেব, অধুনা গ্রন্থের বিষয়ে মনোযোগ করুন।

অষ্টাদশ অধ্যায় চিন্তামণি-বিনির্ম্মিত গীতারত্ন মন্দিরের শিরোদেশস্থিত কলশ। ইহা সমগ্র গীতা দর্শনের মুকুট। দূর হইতে মন্দিরের কলশ দৃষ্টি গোচর হইলে উহাতে দেবতা দর্শনের ফল প্রাপ্তি হয়। এই অধ্যায় সম্বন্ধেও সেই কথা। এই এক অধ্যায় দর্শনে সম্পূর্ণ গীতাশাস্ত্র অবগত হওয়া যায়। এই নিমিত্ত শ্রীব্যাসদেব বিরচিত গীতামন্দিরের অষ্টাদশ অধ্যায়কে আমি উপরিস্থিত কলশরূপে বুঝিয়াছি। মন্দিরের শিরোদেশে কলশ স্থাপনের পর আর কোনও কার্য্য অবশিষ্ট থাকে না; এই অধ্যায়ও গীতা সমাপ্তির দ্যোতক। শ্রীব্যাসদেব স্বভাবতঃ বড় শ্রেষ্ঠশিল্পী। তিনি বেদরত্ন পর্ব্বতোপরি উপনিষদার্থ বহু মূল্য প্রস্তর একত্রিত করিয়া মূল ভূমির উপর ধর্ম্ম, অর্থ ও কামের অনুপযোগী মৃত্তিকা খনন পূর্ব্বক মহাভারত স্বরূপ দেবায়তনের ভিত্তি স্থাপন করিয়াছেন। সেই দেবায়তনের মধ্যদেশে কৃষ্ণার্জ্জুন সংবাদময় অখণ্ড আত্মজ্ঞানের শুদ্ধ ও অতি উত্তম মর্ম্মর মন্দির বিশেষ নৈপুণ্যের পরিচায়ক। ইহাতে নিবৃত্তির সূত্র ধরিয়া তাঁহার সহায়তায় মোক্ষমর্য্যাদার আকার সিদ্ধ হইয়াছে। এইভাবে

গীতামন্দির রচনায়—পঞ্চদশ অধ্যায়ে পঞ্চদশ স্তর নির্ম্মিত হইয়াছে। ষোড়শ অধ্যায়ে সেই মন্দিরের ঘণ্টা ও সপ্তদশ অধ্যায় বেদী, তাহার উপর এই অষ্টাদশ অধ্যায় যেন কলশ স্থাপন পূর্ব্বক শ্রীব্যাসদেব গীতা নামাঙ্কিত ধ্বজা-আরোপণ করিয়াছেন। এই অধ্যায় বুঝাইতেছে পূর্ব্বে অধ্যায়ের পর অধ্যায় স্থাপিত হওয়ার পরিপূর্ণতা সাধিত হইল। কলশ স্থাপনের পরে আর কিছুই গোপন থাকে না, বরং সকলই প্রকাশিত হয়, সেইরূপ অষ্টাদশ অধ্যায় সম্পূর্ণ গীতাশাস্ত্রকে প্রকাশ করিয়াছে। শ্রীব্যাসদেব অতিকৌশলে গীতামন্দির রচনাপূর্ব্বক প্রাণিগণকে বহু প্রকারে রক্ষা করিয়াছেন। কেহ ইহা পাঠ করে অর্থাৎ বাহিরে থাকিয়া প্রদক্ষিণ করে। কেহ গীতা শ্রবণ অর্থাৎ এই মন্দিরের ছায়া সেবন করে। কেহ অবধানের তাম্বূল ও দক্ষিণা গ্রহণ পূর্ব্বক অর্থজ্ঞান—গর্ভ মন্দিরে প্রবেশ করিয়া অনতিবিলম্বে আত্মজ্ঞান লাভে পরমাত্মা শ্রীহরির সহিত মিলিত হয়। এই মোক্ষ মন্দিরে সকল প্রকার সাধনেরই সমান যোগ্যতা। মহতের গৃহে পংক্তি-ভোজনে উপবিষ্ট উচ্চ নীচ সকলেই সমান ভোজ্য পায়। সেইরূপ গীতার শ্রবণ, অর্থজ্ঞান অথবা শুধু পাঠমাত্রই মোক্ষ লাভ হয়। এই পরিচয় পাইয়াছি বলিয়াই আমি ইহাকে বিষ্ণু মন্দির আখ্যা প্রদানপূর্ব্বক অষ্টাদশ অধ্যায়কে কলশ বলিয়াছি।

কিভাবে অষ্টাদশ অধ্যায়ের অবতারণা করা হইয়াছে, উহা আমি যেটুকু বুঝিয়াছি তাহাই বলিব। গঙ্গা ও যমুনার জল প্রবাহভেদে ভিন্ন প্রতীতি হইলেও জলত্ব বিষয়ে উভয়ে এক।

অর্দ্ধনারীনটেশ্বর মূর্ত্তিতে পুরুষ প্রকৃতি দুই আকৃতির কিছু হানি হয় না, উভয়ের মিলনেই একমূর্ত্তি। চন্দ্রকলা দিনে দিনে বৃদ্ধি পাইয়া চন্দ্রে বিস্তৃত হইল বলিয়া মনে হয়, যথার্থতঃ পূর্ব্বাপর এক এক কলা পৃথক্ পৃথক্‌রূপে চন্দ্রে মিলিত হয় না। গীতার অন্তর্গত প্রতি অধ্যায়স্থিত প্রতিশ্লোকের প্রত্যেকটী চরণ পৃথক্ পৃথক্ মনে হয়; উহারা যে সিদ্ধান্ত প্রকাশ করে উহা বিচারে বুঝা যায়, উহাদের রূপ ভিন্ন নয়। বহু সংখ্যক মণি ধারণ করিয়া এক সূত্রেই মুক্তাদাম গ্রথিত এক কণ্ঠহারের অখণ্ডিত শোভা বিতরণ করে, কুসুমমালিকায় বহু কুসুম থাকিলেও উহার গন্ধাস্বাদ একটী কুসুমেরই পাওয়া যায়। সেইরূপ অধ্যায়ান্তর্গত শ্লোক-গুলির সম্বন্ধেও বুঝিয়া লইবে। সপ্তশত শ্লোক, অষ্টাদশ অধ্যায়ে শ্রীকৃষ্ণ যে তত্ত্বের নিরূপণ করিয়াছেন উহা এক, অদ্বিতীয়। আমিও সেই পন্থানুসরণ পূর্ব্বক গ্রন্থার্থ স্পষ্টরূপে বর্ণনা করিতেছি। সপ্তদশ অধ্যায়ের অন্তিম শ্লোকে শ্রীকৃষ্ণ বলিয়াছেন,—অর্জ্জুন, ব্রহ্মনাম বিষয়ে অশ্রদ্ধালুর অনুষ্ঠিত কর্ম্মমাত্রই অসৎ কর্ম্ম। উহাতে অর্জ্জুন আনন্দিত হইয়া ভাবিলেন—শ্রীকৃষ্ণ কর্ম্মনিষ্ঠ-দিগকে নিন্দা করিয়াছেন। অজ্ঞানমুগ্ধ সম্মুখে দণ্ডায়মান পরমেশ্বরকেই চিনে না, তাঁহার নামের শ্রেষ্ঠতা আর কি করিয়া বুঝিবে? রজঃ ও তমোগুণ দূর না হওয়া পর্য্যন্ত শ্রদ্ধা ক্ষীণা থাকে, এই অবস্থায় ব্রহ্মনামে অনুরক্তি হয় না। শস্ত্র আলিঙ্গন করা, সংবাদমাত্র ছুটিয়া যাওয়া ও সর্পিণীকে পোষণ করা মৃত্যুর হেতু হয়, দুর্ঘট কর্ম্মানুষ্ঠানও সেইরূপ জন্মান্তর প্রাপ্তির

কারণ হয়। কর্ম্মের পরিণতি দুঃখময়। ভাগ্যবশে যথারীতি কর্ম্ম সমাপ্ত হইলে উহা হইতে জ্ঞানোদয় হয়, অন্যথা উহাতে নরক। কর্ম্মে এত বিপদের সম্ভাবনা থাকিলে মোক্ষ লাভের সুযোগ কোথায়? কর্ম্মের পরাধীনতা দূর করিতে হইলে সম্পূর্ণ কর্ম্ম ত্যাগ পূর্ব্বক পূর্ণ-সন্ন্যাস গ্রহণ করাই শ্রেয়ঃ। কর্ম্ম বাধার সর্ব্বপ্রকার ভয়রহিত, আত্মজ্ঞান লাভের উপায়, জ্ঞানের আবাহন মন্ত্র, জ্ঞানের উত্তম ক্ষেত্র, জ্ঞানাকর্ষণ সূত্র, কি ভাবে সেই সন্ন্যাস ও ত্যাগের অনুষ্ঠানে সংসার হইতে মুক্তি পাওয়া যায়, এই কথা ভালরূপে স্পষ্ট জিজ্ঞাসা করিব। এই ভাবিয়া পার্থ ত্যাগ ও সন্ন্যাস সম্বন্ধে বিশদ উপদেশ দানের নিমিত্ত শ্রীকৃষ্ণকে প্রশ্ন করিলেন। এতৎসম্বন্ধে শ্রীকৃষ্ণের বাক্য এই অষ্টাদশ অধ্যায়। এইরূপ জন্যজনকভাবে এক অধ্যায় হইতে অপরটীর প্রকাশ। অধুনা প্রশ্নটী ভাল করিয়া শুনুন। শ্রীকৃষ্ণের পূর্ব্ববাক্যশ্রবণে পার্থের দুঃখ হইয়াছে। তত্ত্ব বিষয়ে যথার্থতঃ সে তো চুপ্ করিয়াই ছিল, কিন্তু শ্রীকৃষ্ণও যে চুপ্ করিয়া থাকিবেন, ইহা তাহার সহ্য হইল না। বৎস দুগ্ধপানে পরিতৃপ্ত হইলেও গাভীটীর কাছে থাকিতেই ইচ্ছা করে। অনন্য প্রীতির এই রীতি। প্রেমিকের সাধ প্রেমপাত্র অকারণেও প্রেমালাপ করিতে থাকুক্, দেখা হইলেও চক্ষের আড়াল না হউক্। ইহার তাৎপর্য্য এই যে, প্রেমাস্বাদ করিতে মনের আকাঙ্ক্ষা দ্বিগুণিত হয়। প্রেমের স্বভাবই এই—পার্থতো মূর্ত্তিমান প্রেমই। এই নিমিত্ত শ্রীকৃষ্ণের তুষ্ণীম্ভাব তাহার ভাল লাগিল না। দর্পণে আত্মরূপ দর্শনের ন্যায়

শ্রীকৃষ্ণ-সংবাদে নিষ্কর্ম্ম পরব্রহ্মের উপদেশ। সংবাদ বন্ধ হইলে সেই আস্বাদন বন্ধ হইয়া যায়। যাহার একবার সুখাস্বাদন ঘটিয়াছে, উহার বিরহ সে কিরূপে সহ্য করে? ত্যাগ ও সন্ন্যাস সম্বন্ধে প্রশ্নের ব্যপদেশে পার্থ শ্রীকৃষ্ণকে সেই নিমিত্তই গীতার্থ স্পষ্টীকরণে প্রবৃত্ত করিলেন। অষ্টাদশ অধ্যায়কে একাধ্যায়ী গীতা বলিয়াই বুঝিবে। বৎস গাভীর বাঁটে মুখ দিলে সময় অসময় লাগে না—অর্জ্জুনও গীতা কথা সমাপ্তির কালে পুনরায় গীতা বলাইয়াছেন। দাসের প্রশ্নে প্রভু উত্তর না দিয়া থাকিতে পারেন? পার্থ বলিলেন—হে বিশ্বেশ্বর, দয়া করিয়া শুনুন,—

অর্জ্জুন উবাচ—

সন্ন্যাসস্য মহাবাহো তত্ত্বমিচ্ছামি বেদিতুম্।
ত্যাগস্য চ হৃষীকেশ পৃথক্ কেশিনিষূদন ॥ ১ ॥

প্রভু, সন্ন্যাস ও ত্যাগ এই দুএর এক অর্থই আমার প্রতীতি হইয়াছে। সঙ্ঘাত ও সঙ্ঘ যেরূপ সমুদয় অর্থে ব্যবহৃত হয়। ত্যাগ ও সন্ন্যাস এই দুই শব্দও সেইরূপ ত্যাগকেই বুঝায় না কি? ইহারা ভিন্নার্থ বোধক হইলে উহা স্পষ্ট করিয়া বলুন। শ্রীমুকুন্দ বলিলেন, শব্দ ভিন্ন হইলেও অর্জ্জুন, ত্যাগ ও সন্ন্যাস দুইএর অর্থ এক বলিয়াই বোধ হয়, আমি ইহা বেশ জানি। তবে সর্ব্বথা কর্ম্মত্যাগকে সন্ন্যাস ও কেবল ফল ত্যাগকে ত্যাগ বলা হয়। অধুনা কোন্ কর্ম্মে ফল ত্যাগ ও কোন্ কর্ম্ম সর্ব্বথা ত্যাগ করিতে হইবে, তাহা বিশদ করিয়া বলিতেছি। বনে ও

পর্ব্বতে স্বভাবতঃ অগণিত বৃক্ষ উৎপন্ন হয়, ধান্যক্ষেত্র ও কুসু-মোদ্যানে সেরূপ হয় না। কৃষি ভিন্নও ঘাস যেখানে সেখানে জন্মে, ধান্য তেমনভাবে হয় না। দৈহিক সৌন্দর্য্য প্রকৃতির দান, অলঙ্কার স্বকীয় উদ্যমের ফল। নদীর প্রবাহ স্বাভাবিক, কূপ খনন করিতে হয়। সেইরূপ নিত্য নৈমিত্তিক কর্ম্ম স্বাভাবিক, আর সকাম কর্ম্ম কামনার সহিত সংস্পৃষ্ট ॥১॥

শ্রীভগবানুবাচ—

কাম্যানাং কর্ম্মণাং ন্যাসং সন্ন্যাসং কবয়ো বিদুঃ।
সর্ব্বকর্ম্মফলত্যাগং প্রাহুস্ত্যাগং বিচক্ষণাঃ ॥ ২ ॥

অশ্বমেধাদি যাগ কামনার সমুচ্চয়। কূপ, তরাগ, উদ্যান এবং গ্রাম-দানাদি ইষ্টাপূর্ত্ত বা অন্যান্য ব্রতাচরণের মূল কামনা, এই সকল কর্ম্মানুসারে ফলপ্রাপ্তি অবশ্যম্ভাবী। হে ধনঞ্জয়, দেহগ্রামে আসিয়া জন্মমৃত্যুর সংস্কার দূরকরা কঠিন, —অদৃষ্টের লেখা খণ্ডন করা অসম্ভব, —মনুষ্যের কৃষ্ণবর্ণ ও গৌরবর্ণ ধুইয়া ফেলা যায় না, —সকামকর্ম্ম সেইরূপ ধন্না দিয়া বসিয়াছে ; যেন মহাজনের গোমস্তা খাতকের টাকা আদায় করিতে আসিয়াছে। কামনা ভিন্নও সেই কাম্য কর্ম্ম অনুস্মৃত হইলে উহার ফল-ভোগের অন্যথা হয় না—ক্রীড়ারণ কালেও কোন বাণ বিদ্ধ হইলে উহাতে মৃত্যু হইতে পারে। অজ্ঞাতসারেও মুখে গুড় লাগিলে উহা মিষ্ট বোধ হইবে—প্রজ্বলিত অগ্নিতে জানিয়া শুনিয়া হাত দিলেও হাত পুড়িবে। সেই রূপ কাম্য কর্ম্মের ফলভোগ

রানো স্বাভাবিক। মুমুক্ষু কৌতুক করিয়াও কর্ম্ম করিবেন না। হ পার্থ, অঙ্কুরায়মান বিষকন্দের ন্যায় কাম্যকর্ম্ম পরিত্যজ্য। র্ব্বস্রষ্টা শ্রীকৃষ্ণ বলিলেন, অন্তর্দৃষ্টিতে বিষবৎ এই কাম্যকর্ম্ম ত্যাগকেই সন্ন্যাস বলে। দ্রব্যত্যাগে চৌরভয় যায়, কাম্যকর্ম্ম ত্যাগে কামনার ভয় যায়। চন্দ্রসূর্য্যোপরাগে শ্রাদ্ধদানাদি, াতাপিতার মৃত্যু তিথির সম্মান, অতিথির সৎকার প্রভৃতি কর্ত্তব্য কর্ম্মকে নৈমিত্তিক কর্ম্ম বলিয়া জানিবে।

বর্ষার আগমনে গগন ক্ষুব্ধ হয়, বসন্তে বনে বনে কুসুম বিকশিত হয়, যৌবনে অঙ্গের সৌন্দর্য্য প্রকাশিত হয়, চন্দ্রকান্ত-ণি চন্দ্রোদয়ে বিগলিত হয়, সূর্য্যোদয়ে কমল প্রফুল্লিত হয়, হাতে তত্তৎ বস্তুতে বিদ্যমান গুণাবলীরই বিস্তার হয়। উহারা াগন্তুক নয়। সেইরূপ নিত্যকর্ম্ম। কোনও নিমিত্ত উপলক্ষ্য করিয়া নিয়ম পূর্ব্বক অনুষ্ঠিত হইলে উহা শ্রেষ্ঠ বলিয়া বিবেচিত য় এবং এই নিমিত্ত তাহাকে নৈমিত্তিক কর্ম্ম বলা হয়।

প্রতিদিন প্রাতঃ, মধ্যাহ্ন ও সন্ধ্যায় সন্ধ্যাবন্দনাদি কর্ত্তব্য-র্ম্মকে নিত্যকর্ম্ম বলে। চক্ষুতে দর্শনশক্তি, চরণে গমনশক্তি, াপকলিকায় প্রভা ও চন্দনে সুগন্ধের ন্যায় ব্যাপক স্বরূপ প্রকাশ র্ম্মই নিত্যকর্ম্ম। হে পার্থ, নিত্য ও নৈমিত্তিক উভয়বিধ র্ম্মের পার্থক্য বুঝিলে তো? এই উভয় কর্ম্ম অবশ্য কর্ত্তব্য। কেহ ইহাদিগকে নিষ্ফল বলিয়া মনে করে। ভোজনদ্বারা তৃপ্তি ও ক্ষুধা নিবৃত্তির ন্যায় নিত্য ও নৈমিত্তিক কর্ম্ম সর্ব্বতোভাবে লদায়ক। নিকৃষ্ট স্বর্ণ অগ্নিতে নিক্ষেপ করিলে উহার মল

নাশ হয় ও গুণ বৃদ্ধি পায়,• নিত্য নৈমিত্তিক কর্ম্মের ফলকে সেইরূপ বুঝিবে। প্রত্যেকটা পাপ ধ্বংসের সহিত জীব এ একটী অধিকার এবং সদ্‌গতি লাভ করে। নিত্য নৈমিত্তি কর্ম্মের ফল এইরূপ বিরাট হইলেও মূলানক্ষত্রে জাত বালকবে যেরূপ ত্যাগ করা হয়, সেইরূপ ত্যাগ করিবে। (ভক্ত কা তুলসীদাস মূলা নক্ষত্রে জন্মিয়াছিলেন বলিয়া পরিত্যক্ত হইয় ছিলেন এরূপ প্রসিদ্ধি আছে। মূলা নক্ষত্রে পুত্র হইলে পিত মাতার মৃত্যু হয়, এরূপ বিশ্বাস ছিল।) বসন্ত-সমাগমে সক বৃক্ষই নবপল্লব মণ্ডিত হয়, আম্রবৃক্ষেও নবমুকুল দেখা দেয় ঋতুরাজ কিন্তু কাহাকেও স্পর্শ না করিয়া আপন মনে চলি যায়। কর্ম্মের সীমা উল্লঙ্ঘন না করিয়া নিত্যনৈমিত্তিক কর্ম সাধন করিবে কিন্তু ফলের আশাকে অতি ঘৃণিত বলি জানিবে। জ্ঞানী এই কর্ম্মফল ত্যাগ করে—উহাকেই ত্যা বলে। ত্যাগ ও সন্ন্যাসের তাৎপর্য্য শুনাইলাম। সন্ন্যাস করি কাম্য কর্ম্ম বাধা দিতে পারে না। নিষিদ্ধ বলিয়া নিষিদ্ধ কর্ম স্বভাবতঃ পরিত্যক্ত হয়। নিত্যকর্ম্ম যাহা থাকে উহাদের ফলত্যাগে ত্যাগ সিদ্ধ হয়। কর্ম্ম নিঃশেষ হইলে পরিশে দেহেরও নাশ হইয়া যায়। পরিপক্ক হইলে ধান্য ঘরে আসে সম্পূর্ণ কর্ম্মের অন্তে আত্মজ্ঞান নিজেই খুঁজিয়া সাধকের দ্বা উপস্থিত হয়। পূর্ব্বোক্ত যুক্তির সহিত ত্যাগ ও সন্ন্যাস করি আত্মজ্ঞানের যোগ্যতা লাভ হয়। বিচার ভুলিয়া অনুমা কর্ম্মত্যাগ করিলে ত্যাগ মোটেই হয় না, বরং ঝঞ্ঝাট বৃদ্ধি পায়

রোগের অনুপযোগী ঔষধ খাইলে উহা বিষরূপে ক্রিয়া করিতে পারে—অন্ন ত্যাগ করিয়া ক্ষুধায় মৃত্যু হয়। অতএব ত্যাজ্য কর্ম্মকে ত্যাগ করিবে, উহার দিকে কিছুমাত্র লোভ করিবে না। ত্যাগের সূক্ষ্ম পথে ভ্রম হইলে পরিত্যক্ত কর্ম্মগুলিও ভার হয়। বৈরাগ্যবান নিরন্তর নিষিদ্ধ কর্ম্ম হইতে দূরে থাকিবে ॥২॥

ত্যাজ্যং দোষবদিত্যেকে কর্ম প্রাহুর্মনীষিণঃ।
যজ্ঞদানতপঃকর্ম ন ত্যাজ্যমিতি চাপরে ॥৩॥

যাহারা কর্ম্মত্যাগের কৌশল জানে না, তাহারা বলে,—কর্ম্ম বন্ধনের হেতু। স্বয়ং উলঙ্গ হইয়া অপরকে ঝগড়াটে স্বভাব বলিয়া যাহারা দোষ দেয়, ইহাদিগকে তাহাদের সহিত তুলনা করা যায়। হে ধনঞ্জয়! রসনা-লম্পট-রোগী বিবিধ প্রকার খাদ্যের দোষ দেয়, কুষ্ঠরোগগ্রস্ত ব্যক্তি স্বকীয় দেহের উপর ক্রুদ্ধ না হইয়া মক্ষিকার উপর ক্রোধ প্রকাশ করে। ফলাকাঙ্ক্ষার অধীন ব্যক্তি কর্ম্মের নিন্দা করে ও কর্ম্ম ত্যাগকরা কর্ত্তব্য এই সিদ্ধান্ত করে। কেহ বলে, যজ্ঞাদি কর্ম্ম ভিন্ন চিত্তশুদ্ধিকারক উপায়ান্তর নাই; অতএব সেই অনুষ্ঠান অবশ্য কর্ত্তব্য। মনের শোধন পথে বিজয় লাভ করিতে অভিলাষী হইলে কর্ম্মশস্ত্র হস্তে গ্রহণ একান্ত আবশ্যক। কেবল অগ্নিদ্বারাই স্বর্ণশুদ্ধি হয়, দর্পণ স্বচ্ছ করিতে ধূলির প্রয়োজন, বস্ত্র পরিষ্কার করিতে হইলে রজকের ক্ষারকে অপবিত্র মনে করিবে না, সেইরূপ কর্ম্মকেও ক্লেশকর বলিয়া অনাদর করিবে না। ভাল

খাদ্য চাহিলে রাঁধিতে হইবেই। পূর্ব্বোক্ত বাক্যদ্বারা প্রবোধ পাইয়া কেহ কেহ কর্ম্মপ্রবৃত্তির প্রতিপাদন করে। ত্যাগ সম্বন্ধে বিরুদ্ধবাদ প্রবেশ করিয়াছে—যাহাতে সেই প্রতিবাদ মিটিয়া যায় এবং ত্যাগের যথার্থ তাৎপর্য্য বোধগম্য হয়, আমি সেইটী ভাল করিয়া বুঝাইতেছি ॥৩॥

নিশ্চয়ং শৃণু মে তত্র ত্যাগে ভরতসত্তম।
ত্যাগো হি পুরুষব্যাঘ্র ত্রিবিধঃ সম্প্রকীর্ত্তিতঃ ॥৪॥

হে পাণ্ডব, সংসারে ত্যাগ তিন প্রকার। উহা পৃথক্‌ভাবে বর্ণন করিতেছি। ত্রিবিধ বর্ণিত হইলেও মূলতঃ তাৎপর্য্য ও নিষ্কর্ষ অল্পে বুঝিয়া লও। যে নিশ্চয়বুদ্ধিদ্বারা সর্ব্বজ্ঞস্বরূপ আমার বিষয় বুদ্ধির গ্রহণ যোগ্য হয়—উহাই প্রথমে শোন। সদাজাগ্রৎ মুমুক্ষু সর্ব্বদা আমার নির্দ্দেশানুসারে জীবন যাপন করে ॥৪॥

যজ্ঞোদানংতপঃকর্ম্ম ন ত্যাজ্যং কার্যমেব তৎ।
যজ্ঞোদানং তপশ্চৈব পাবনানি মনীষিণাম্ ॥৫॥

পাউল—পায়ে চলিবার পথ ছাড়িয়া চলা পথিকের অনুচিত, সেইরূপ যজ্ঞ, দান, তপস্যাদি আবশ্যক কর্ম্ম ত্যাগ করা অনুচিত। হারানো জিনিষ ফিরিয়া না পাওয়া পর্য্যন্ত খুঁজিয়া দেখা কর্ত্তব্য, পরিতৃপ্ত না হওয়া পর্য্যন্ত সম্মুখস্থ পাত্র পরিত্যাগ করা অনুচিত, রক্ষিত সামগ্রী না পাওয়া অবধি হস্তস্থিত প্রদীপ রাখিয়া দেওয়া হয় না, সেইরূপ আত্মজ্ঞান সম্বন্ধে উত্তম সিদ্ধান্ত

লাভ না করা পর্য্যন্ত যজ্ঞাদি কর্ম্মে ঔদাসীন্য অনুচিত। স্ব স্ব অধিকারানুসারে আগ্রহের সহিত যজ্ঞ দান প্রভৃতি কর্ম্মানুষ্ঠান সম্পাদন করা কর্ত্তব্য। খুব বেগে চলিয়া পরিশেষে বিশ্রামের প্রয়োজন হয়—কর্ম্মাতিশয়ও তদ্রূপ নিষ্কর্ম্মতার হেতু হয়। ঔষধ গ্রহণের ধৈর্য্যবৃদ্ধির সহিত রোগও শীঘ্র পলাইতে চায়। বিধিপূর্ব্বক বার বার কর্ম্মানুষ্ঠানের সঙ্গে রজঃ ও তম ভাবও দূর হইয়া যায়। গলিত স্বর্ণে বারংবার ক্ষার প্রদান করিলে অনতি-বিলম্বে উহা নির্দ্দোষ হয়—নিষ্ঠার সহিত অনুষ্ঠিত কর্ম্ম রজঃ ও তম ধ্বংসপূর্ব্বক সত্ত্বশুদ্ধি করে। হে ধনঞ্জয়, কামীর সমীপে কর্ম্ম তীর্থস্বরূপ। তীর্থজল বাহিরের মল ধ্বংস করে কর্ম্মানুষ্ঠান অন্তরের উজ্জ্বলতা বিধান করে। সৎকর্ম্ম নির্ম্মল তীর্থস্বরূপ। মরুভূমিতে চলিতে উত্তপ্ত বায়ুপ্রবাহ পথিকের পিপাসা নিবৃত্তির নিমিত্ত অমৃতবর্ষণকারী রূপে পরিণত হয়, অন্ধের সূর্য্যালোক দর্শনের সামর্থ্য হয়, জলে মগ্ন ব্যক্তিকে নদীই রক্ষা করে—ভূপতিত জনকে পৃথিবী কৃপাপূর্ব্বক ধরিয়া সহায়তা করে—মুমূর্ষুকে স্বয়ং মৃত্যু আসিয়া দীর্ঘায়ু প্রদান করে—হে পাণ্ডুসুত, কৌশলে, অনুষ্ঠিত কর্ম্মও মুমুক্ষুকে কর্ম্মপাশ হইতে মুক্ত করিয়া দেয়; রসায়ন প্রক্রিয়ায় নিপুণতার সহিত গৃহীত বিষও রোগীকে মৃত্যুর গ্রাস হইতে রক্ষা করে। ধনঞ্জয়, কর্ম্মানুষ্ঠানেরও এরূপ কৌশল আছে, যাহাতে উহা বন্ধনমুক্ত করিতে সমর্থ হয়। হে কিরীটি, সেই রীতি অনুসারে কর্ম্ম করিলে কর্ম্ম বন্ধন ছুটিয়া যায় ॥৫॥

এতান্যপি তু কর্ম্মাণি সঙ্গং ত্যক্ত্বা ফলানি চ।
কর্ত্তব্যানীতি মে পার্থ নিশ্চিতং মতমুত্তমম্ ॥৬॥

মহাযাগের অনুষ্ঠানকালেও আমি এই যজ্ঞের কর্ত্তা এই অভিমান অনুচিত। অপরের অর্থসাহায্যে যে তীর্থযাত্রা করে সে কখনও অহঙ্কার করিতে পারে না যে, আমি অমুক তীর্থে চলিলাম। কেহ রাজ-আজ্ঞায় একাকী অপর কোন ব্যক্তিকে ধরিয়া লইয়া আসিলে সে এরূপ গর্ব্ব করিতে পারে না যে, আমি উহাকে পরাজিত করিয়া আনিয়াছি। যে অপরের সহায়তায় পরপারে যায়, সে সন্তরণপূর্ব্বক আসিয়াছি এ অভিমান করে না। পুরোহিত দাতৃত্বের অভিমান করিতে পারে না। সেইরূপ কর্ত্তৃত্বের অভিমান ত্যাগ করিয়া যথাকালে কর্ম্মানুষ্ঠান প্রসঙ্গ সম্পন্ন করিবে। হে পাণ্ডব, কৃতকর্ম্মের ফলের দিকেও চিত্ত দিবে না। প্রথম হইতেই ফলাশা ত্যাগ করিয়া ধাই-মা যেরূপ অপরের বালকের যত্ন করিয়া থাকে, সেইরূপ কর্ম্ম করা উচিত। ফলপ্রাপ্তির আশায় কেহ পিপ্পল বৃক্ষকে সেচন করে না। কর্ম্মানুষ্ঠানেও সেইরূপ ফলের আশা রাখিও না। দুধের আশা না থাকিলেও শুধু গোচারণের জন্য রাখালবালক গ্রামের গরুগুলি একত্র করে। ফলাশার সন্ধান না রাখিয়াও কর্ম্মানুষ্ঠানতৎপর জন আত্মজ্ঞান লাভ করিবে। ফলাশা ও দেহাভিমান ত্যাগপূর্ব্বক কর্ম্ম করিও, ইহা আমার সদুপদেশ। যে জীব বন্ধনের জ্বালায় কষ্টভোগ করে, আমি বারংবার তাহাকে বলি, সে যেন অন্যথাচরণ করে না ॥৬॥

নিয়তস্য তু সন্ন্যাসঃ কর্ম্মণো নোপপদ্যতে।
মোহাৎ তস্য পরিত্যাগস্তামসঃ পরিকীর্ত্তিতঃ ॥৭॥

অন্ধকারের প্রতি ক্রুদ্ধ হইয়া আপন চক্ষু উৎপাটন করার ন্যায় দ্বেষ পূর্ব্বক কর্ম্মত্যাগ করাকে তামস ত্যাগ মনে করি। অধিককাল মাথাধরার নিমিত্ত কেহ মাথাটাকে বেশী করিয়া কম্পিত করিতে থাকিলে উহা আরও বৃদ্ধি পায়।

রাস্তা ভাল না হইলে পায়ে হাটিয়াই যাইতে হয়। পথের উপর রাগ করিয়া কেহ নিজের পা কাটিয়া ফেলে না। ক্ষুধার্ত্তের সম্মুখস্থ অন্ন উষ্ণ হইলেও উহা বুদ্ধিপূর্ব্বক চিন্তা না করিয়া নির্ব্বোধের ন্যায় লাথি মারিয়া ফেলিয়া দিলে ক্ষুধায় কষ্ট পাইতে হয়। কর্ম্মের বাধা কর্ম্মানুষ্ঠানের রহস্য-বিজ্ঞানের দ্বারা দূর করিতে হয়। তামস প্রকৃতির লোক ভ্রমে মত্ত হইয়া সেই পথ পায় না। তামসিক জন স্বাভাবিকভাবে তাহার কর্ত্তব্য কর্ম্মও ত্যাগ করে। এইরূপ তামস ত্যাগের বশ হইও না ॥৭॥

দুঃখমিত্যেব যৎ কর্ম্ম কায়ক্লেশভয়াৎ ত্যজেৎ।
স কৃত্বা রাজসং ত্যাগং নৈব ত্যাগফলং লভেৎ ॥৮॥

যে আপন অধিকার সম্বন্ধে অবহিত, বিহিত কর্ম্ম সম্বন্ধেও অবহিত কর্ম্মানুষ্ঠানের কঠোরতায় তাহার ভয় হয়। রুটি বাঁধিয়া লইবার সময় ভারী বোধ হয়, প্রথমে নিম্ব তিক্ত, হরিতকী কষায় বোধহয়, এইরূপ কর্ম্মও আরম্ভে কিছু কঠিন বোধ

হয়, গাভী দোহনারম্ভে উহার শিংএর ভয়, শেউতি ফুল তুলিতে গেলে কণ্টকের ভয়, ভোজন সুখ উপভোগের পূর্ব্বে রন্ধনের কষ্ট, আমিও বার বার সেই কথাই বলিতেছি যে, আরম্ভকালে কর্ম্মকে কষ্ট সাধ্য বলিয়াই মনে হয়। যে কর্ম্মী কর্ম্মজনিতশ্রমে কাতর হইয়া উহাকে কঠিন মনে করে—বিহিত বোধে প্রবৃত্ত হইয়াও ক্লেশ উপস্থিত হইলে আরব্ধ কর্ম্ম ত্যাগপূর্ব্বক অগ্নিতাপতপ্ত ব্যক্তির মত পলাইয়া যায়, এবং বলে—বহুভাগ্যে এই দেহ ইন্দ্রিয় পাইয়াছি পাপীর ন্যায় অনর্থক কেন কর্ম্ম করিয়া এই দেহকে ক্লেশ দিব ? কর্ম্মফল না হয় ভোগ না হইল, বর্ত্তমানে যে ভোগ্য উপস্থিত, উহাই ভোগ করি না কেন ? হে বীরেশ, শারীর ক্লেশের ভয়ে কর্ম্মত্যাগ রাজস। উহাতে ত্যাগ ফল পাওয়া যায় না। দুগ্ধ উদ্বেলিত হইয়া আগুনে পড়িলে হোমফল পাওয়া অসম্ভব। জলে ডুবিয়া মৃত্যু সলিলসমাধি নয়, উহা অপমৃত্যু। আলস্যহেতু কর্ম্মত্যাগ নিষ্ফল। প্রাতঃকালে নক্ষত্রের অদর্শন। আত্মজ্ঞানোদয়ে কারণ সহিত কর্ম্মলোপ। ত্যাগের ফল মোক্ষ। অজ্ঞানী উহা পায় না। রাজসিক ত্যাগীও উহা হইতে বঞ্চিত। যে ত্যাগে মোক্ষ হয়, তাহা বলি ॥৮॥

কার্য্যমিত্যেব যৎকর্ম্ম নিয়তং ক্রিয়তেঽর্জ্জুন।
সঙ্গংত্যক্ত্বা ফলঞ্চৈব স ত্যাগঃ সাত্ত্বিকো মতঃ ॥৯॥

আপন অধিকার অনুসারে স্বভাবত প্রাপ্তকর্ম্ম—বিধিবিধান সহিত আচরণ এবং 'আমি এই কর্ম্ম করিতেছি' এই অভিমান

ত্যাগ ও ফলাশায় তিলাঞ্জলি প্রদান করা কর্ত্তব্য। মাতাকে অবজ্ঞা করা অথবা কুৎসিতভাব পোষণ করা অধোগতির হেতু—এই দুই পাপ ত্যাগপূর্ব্বক মাতার সেবা করা কর্ত্তব্য; গাভীর মুখ অপবিত্র বলিয়া উহাকে কেহ ত্যাগ করে না। কোন সুস্বাদু ফলের খোসা ও আঁটিতে রস নাই বলিয়া কেহ কি সমগ্র ফলকেই ত্যাগ করিবে?

কর্ত্তৃত্বাভিমান ও কর্ম্মফলের আকাঙ্ক্ষা এই দুইই কর্ম্মের বন্ধন। পিতা যেরূপ আপন দুহিতার সম্বন্ধে নিরভিলাষ সেইরূপ এই দুই সম্বন্ধে নিরভিলাষ হইয়া যে ব্যক্তি কর্ম্ম করে তাহার কোনও দুঃখ উপস্থিত হয় না। এই ত্যাগ মোক্ষফল প্রসবকারী এক মহাদ্রুম সদৃশ। এই ত্যাগকে সাত্ত্বিক ত্যাগ বলে। বীজ দগ্ধ করিলে বৃক্ষ নির্ব্বংশ হয়। ফলত্যাগ পূর্ব্বক কর্ম্মত্যাগ করিলেও স্পর্শমণির স্পর্শমাত্র লৌহের কলঙ্ক দোষ দূর হওয়ার ন্যায় রজঃসত্ত্বতমঃ দূরে যায়। শুদ্ধ সত্ত্বোদয়ে আত্মজ্ঞানের চক্ষু খুলিয়া যায়; সন্ধ্যার সময় মৃগতৃষ্ণিকার জলাভাস দেখা যায় না, সাত্ত্বিক মনুষ্যের বুদ্ধির সমীপে এই বিরাট বিশ্বাভাস শূন্যের ন্যায় কোথাও দৃষ্টিগোচর হয় না ॥৯॥

ন দ্বেষ্ট্যকুশলং কর্ম্ম কুশলে নানুষজ্জতে।
ত্যাগী সত্ত্বসমাবিষ্টো মেধাবী ছিন্নসংশয়ঃ ॥১০॥

প্রারব্ধ অনুসারে ভাল মন্দ সকল কর্ম্মই—আকাশে মেঘের ন্যায় সাত্ত্বিক মনুষ্যের দৃষ্টি প্রভাবে নির্ম্মল হইয়া যায়। সুখ

দুঃখে সে সন্তুষ্ট অথবা দুঃখী হয় না। সে শুভ কর্ম্মের জ্ঞান হইলে আনন্দের সহিত উহার অনুষ্ঠান ও অশুভকর্ম্মকে দ্বেষ করে না। জাগ্রতের স্বপ্ন সম্বন্ধে যেরূপ নিঃসন্দেহ ভাব, সাত্ত্বিক লোকেরও শুভাশুভ কর্ম্ম সম্বন্ধে সেইরূপ ভাব। হে পাণ্ডুসুত, কর্ম্ম ও কর্ত্তা এই দ্বৈতভাব ত্যাগ করাই সাত্ত্বিক ভাব। এই ভাব ত্যাগ করিলেই সর্ব্বতোভাবে কর্ম্মত্যাগ হয়, অন্যথা ত্যাগেও অধিক বন্ধনগ্রস্ত হইতে হয় ॥১০॥

ন হি দেহভৃতাশক্যং ত্যক্তুং কর্ম্মাণ্যশেষতঃ।
যস্তু কর্ম্মফলত্যাগী স ত্যাগীত্যভিধীয়তে ॥১১॥

হে সব্যসাচি—দেহধারী কর্ম্মের সহিত ক্রোধ করিলে তাহাকে অজ্ঞানী বলিয়া জানিবে। ঘট-মৃত্তিকার সহিত ক্রোধ করিলে কি হইবে? পট তন্তুকে কিরূপে ত্যাগ করিবে? অগ্নি স্বয়ং উষ্ণ, উষ্ণতার সহিত তাহার ক্রোধ পোষায় না। প্রদীপ আপন দীপ্তির সহিত দ্বেষ করিতে পারে না। হিং আপন গন্ধের প্রতি ক্রুদ্ধ হইলে উহা হইতে অধিক সুগন্ধ সে আর কোথায় পাইবে? জল তরলতা ছাড়িয়া কোথায় যাইবে? মানুষ যতদিন দেহ ধারণ করিয়া বর্ত্তমান, ততদিন কর্ম্মত্যাগের পাগলামি বৃথা। ললাটে তিলক লাগাইয়া আবার উহা মুছিয়াও ফেলিতে পারি, তাহা বলিয়া নিজের মস্তক লইয়াও কি ঐরূপ করা চলে? বিহিত কর্ম্ম আমরা আরম্ভ করি উহার ত্যাগও সম্ভব। তবে যে কর্ম্ম দেহ স্বরূপ হইয়া গিয়াছে, উহা কিরূপে

পরিত্যাগ করা সম্ভব ? শ্বাস প্রশ্বাস নিদ্রাতেও চলিতে থাকে, আর কিছু না করিলেও সেই কর্ম্মতো চলিতেই থাকে। এই শরীর ব্যপদেশে কর্ম্মই মানুষের পশ্চাতে লাগিয়া আছে— জীবিত থাকিতে অথবা মৃত্যুর পর কোন অবস্থাতেই সে দেহীর অনুগমন না করিয়া থাকে না। কর্ম্মানুষ্ঠানকালে ফলাশার অধীন না হওয়াই উহা ছাড়াইবার একমাত্র পন্থা। কর্ম্মফল ঈশ্বরে সমর্পিত হইলে তাঁহার কৃপায় জ্ঞান প্রকাশ হয়। রজ্জুর স্বরূপ পরিচয়ে তাহাতে সর্পভ্রমের নিবৃত্তির ন্যায় আত্মজ্ঞানে অবিদ্যার সহিত কর্ম্মের বিনাশ হয়। হে পার্থ, ইহাই যথার্থ ত্যাগ। সংসারে এই প্রকার কর্ম্মত্যাগীই মহাত্যাগী। মূর্চ্ছিত রোগীকে দেখিলে তাহার আরাম বোধ হয় না। রাজস ও তামস ত্যাগেও ত্যাগ হয় না। লাঠির আঘাত না খাইয়া মুষ্ট্যাঘাত খাইবার নিমিত্ত প্রবৃত্ত হওয়ার ন্যায় এককর্ম্মে দুঃখী হইয়া শান্তির আশায় অপর কর্ম্মে প্রবৃত্তি। যে ফলত্যাগ দ্বারা কর্ম্মকে নিষ্কর্ম্মতার ভূমিতে লইয়া গিয়াছে, সে-ই যথার্থ ত্যাগী ॥১১॥

অনিষ্টমিষ্টং মিশ্রঞ্চ ত্রিবিধং কর্ম্মণঃ ফলম্।
ভবত্যত্যাগিনাং প্রেত্য ন তু সন্ন্যাসিনাং ক্বচিৎ ॥১২॥

হে ধনঞ্জয়, যে আশা ত্যাগ করে, সে-ই ত্রিবিধ কর্ম্মফল ভোগ করে। পিতা কন্যাকে "আমার নয়" বলিয়া অপরের হস্তে সম্প্রদান করে। দান গ্রহণকারী কন্যার সম্বন্ধ স্বীকার

করিয়া লয়। দোকানে পাত্রপূর্ণ বিষ বিক্রয় হয়, উহাতে বিক্রেতা জীবন ধারণ করে। যে মূল্য দিয়া উহা ক্রয় করিয়া গলাধঃকরণ করে সে-ই মৃত্যুমুখে পতিত হয়। নিষ্কাম কর্ত্তা বা অকর্ত্তা কাহাকেও কর্ম্ম বশ করিতে পারে না। পথিস্থিত বৃক্ষের ফল পরিপক্ক হইলে উহা যথেচ্ছ যে কেহ গ্রহণ করিতে পারে। তদ্রূপ কর্ম্মফল সাধারণের সম্পত্তি হইলেও কর্ম্মানুষ্ঠান করিয়াও যে ফলের আশা রাখে না, তাহাকে সংসার বিষয়ক কামনাও আবদ্ধ করিতে সমর্থ হয় না। ত্রিবিধ সংসার কর্ম্মেরই ফল। দেবতা, মনুষ্য ও স্থাবরযোনি ইহারাই সংসার। কর্ম্মফলেরই প্রকার ভেদ এই জন্ম। কর্ম্মফল ইষ্ট—ভাল, অনিষ্ট—মন্দ ও ইষ্টানিষ্ট—ভালমন্দের মিশ্রণ ভেদে ত্রিবিধ। বিষয়কে প্রিয়জ্ঞানে বিধিত্যাগপূর্ব্বক নিষিদ্ধ ও নিন্দিত কর্ম্মে প্রবৃত্ত হইলে কৃমি, কীট ও জড়ের নিকৃষ্ট শরীর প্রাপ্তি। উহাকে অনিষ্ট কর্ম্মফল বলে। স্বধর্ম্মের আদরপূর্ব্বক আপন অধিকারের দিকে দৃষ্টি রাখিয়া বেদের আজ্ঞানুসারে সৎকর্ম্ম অনুষ্ঠানে ইন্দ্রাদি দেবতার শরীর লাভ। সেই কর্ম্মফল ইষ্ট। হে সব্যসাচি, অম্ল ও মধুর মিশ্রণে সেই দুইয়ের অতিরিক্ত তৃতীয় রসাস্বাদন, উহাতে দুইটী রস হইতে পৃথক্ ও সুস্বাদু রসান্তর আস্বাদিত হয়। যোগ প্রক্রিয়ায় রেচকই কুম্ভকের হেতু হয়। সত্য ও অসত্য একতা প্রাপ্ত হইলে উভয়েরই যথাযথ জয়লাভ হয়। সেই প্রকার শুভ ও অশুভ কর্ম্ম সমভাবে মিশ্রিত হওয়ার ফলে যে মনুষ্যদেহ, উহা ইষ্টানিষ্ট

কর্ম্মের মিশ্র ফল। তিন শ্রেণীতে বিভক্ত হইলেও আশার বশ জীব ফলানুরূপ দেহ প্রাপ্তি কালে সেই দেহের ভোগ দ্বারাই কর্ম্মফল নিঃশেষ করিতে পারে না। রসনার লালসার বৃদ্ধির সঙ্গে সঙ্গে যথেচ্ছ ভোগ করা ভালবোধ হইলেও পরিণামে মৃত্যু হয়। সাধু ও চোরের বন্ধুতা উপবনের সমীপবর্ত্তী না হওয়া পর্য্যন্তই ভালভাবে থাকে। বেশ্যা ততক্ষণই ভাল যতক্ষণ সে দেহস্পর্শ না করে। যতদিন দেহ ততদিন কর্ম্মের মহত্ত্ব, মৃত্যুর পর কিন্তু সেই কর্ম্মফল ভুগিতে হয়। বলবান্ মহাজন অধমর্ণের মত যথা সময়ে ঋণের টাকা আদায় করিতে আসিলে তাহাকে কিছুতেই ফিরাইয়া দেওয়া যায় না। প্রাণিগণের কর্ম্মফলও তদ্রূপ ভোগ না করিয়া উপায় নাই। শীতের দিনের ভুট্টার বীজ বপন করিলে শীতকালেরই ভুট্টা জন্মিবে, পুনরায় সেই বীজ বপন করিলে সেই শস্যই পুনরায় জন্মে। এক কর্ম্মফল অন্য কর্ম্মফলও উৎপন্ন করে। এক পায়ের পরে আরো এক পা ফেলিয়াই লোক চলে। খেয়া নৌকা যে ধারেই থাকুক না তাহাকে অপর পারে যাইতে হইবেই। মূলকথা—ফলভোগ সাধ্য; উহা সাধনাদ্বারা সংসারে প্রবেশ করিয়াছে। যে ফলেচ্ছা ত্যাগের সঙ্কেত জানে না, সে পূর্ব্বোক্ত প্রকারে ভোগের সহিত বাঁধা পড়িয়াছে। জাতিকুসুম প্রস্ফুটিত হওয়ার সঙ্গে সঙ্গেই শুষ্ক হইতে থাকে। তদ্রূপ কর্ম্মানুষ্ঠান ব্যপদেশে সে কর্ম্মত্যাগ করিবে। যাহার ভৃত্য বপনের নিমিত্ত প্রদত্ত বীজ খাইয়া ফেলে সে খুব বড়

চাষী হইলেও কিছুমাত্র শস্য পায় না। যাহার ফলত্যাগের সহিত কর্ম্মের নাশ হয়, সত্ত্বশুদ্ধির সহায়তায় চতুর্দ্দিকে গুরু-কৃপামৃত তুষার পতনে দ্বৈত দারিদ্র্যের অপনোদন হয়, তাহার জগদাভাসরূপ ত্রিবিধ কর্ম্মফল নষ্ট হইয়া যায়। হে বীরেশ, সেই জ্ঞানপ্রধান সন্ন্যাসী ফলভোগ দুঃখ হইতে মুক্ত। সন্ন্যাস দ্বারা আত্মস্বরূপে দৃষ্টি প্রবেশ করিলে কর্ম্ম আর স্বতন্ত্র থাকে না। গৃহের দেওয়াল ভাঙ্গিয়া পড়িলে উহাতে চিত্রিত দৃশ্য মৃত্তিকার স্তূপেই পরিণত হয়। প্রাতঃকালের আগমনে রাত্রির অন্ধকারের লেশমাত্রও থাকে না। মূর্ত্তি না থাকিলে ছায়া কিসের থাকিবে? দর্পণ ভিন্ন মুখের প্রতিবিম্ব কোথায় দৃষ্ট হইবে? নিদ্রা কাহাকে বলে উহাই যে জানে না তাহার সমীপে স্বপ্ন আবার কোন্ পদার্থ? সন্ন্যাসে অবিদ্যা থাকে না—তাহার দেনা পাওনার কার্য্য আর কে করে? সন্ন্যাসী কর্ম্মের বার্ত্তাও জানে না। শরীরে যতদিন অবিদ্যার অবস্থান —যতদিন কর্ত্তৃত্বের অভিমানে জীব শুভ বা অশুভ কর্ম্মে প্রবৃত্ত হয়। যতদিন দৃষ্টি ভেদরাজ্যের সীমা অতিক্রম করিতে সমর্থ হয় না,—হে সুবর্ম্মা, ততদিন জীব ও কর্ম্ম পশ্চিম ও পূর্ব্বদিকের ন্যায় বিপরীত ভাবে অবস্থান করে। আকাশ ও অভ্রপটল সূর্য্য ও মৃগতৃষ্ণিকার জল, পৃথ্বী ও বায়ু ভিন্ন। নদীর তট নদীর জলের আচ্ছাদনে নদীতে ডুবিয়া থাকে, তবু নদী ও তট উভয়ে পৃথক্, দীপ-কলিকা ও প্রদীপ একত্র অবস্থান করিয়াও পৃথক্, চন্দ্রেই কলঙ্ক তথাপি চন্দ্র ও কলঙ্ক এক বস্তু

নয়, দৃষ্টিশক্তি ও নেত্র, পথিক ও পথ, প্রবাহে পতিত ও প্রবাহ, দর্পণে প্রতিচ্ছবি দর্শক ও দর্পণে যতখানি প্রভেদ, হে পার্থ, আত্মা ও কর্ম্মে ততখানিই প্রভেদ। অজ্ঞানের নিমিত্তই উহারা এক বলিয়া প্রতীতি হয়। সরোবর শোভা প্রকাশি কমলিনীর প্রফুল্লতার সঙ্গে সঙ্গে সূর্য্যের উদয়, ভ্রমরের আগমন ও মধুপান সিদ্ধ হয়; আত্মক্রিয়াও অপর হেতু হইতে উদ্ভূত হয়— তাহাদের পঞ্চবিধ কারণের কথা বলিতেছি ॥১২॥

পঞ্চেমানি মহাবাহো কারণানি নিবোধ মে।
সাংখ্যে কৃতান্তে প্রোক্তানি সিদ্ধয়ে সর্ব্বকর্ম্মণাম্ ॥ ১৩ ॥

এই কারণপঞ্চক তুমিও হয়তো জান। শাস্ত্র হাত তুলিয়া উহার মহিমা ঘোষণা করিয়াছেন। বেদ নৃপতির রাজধানীতে, সাংখ্য বেদান্ত মন্দিরে উহার সিদ্ধান্ত-ডঙ্কা বাজিয়াছে। কর্ম্মমাত্রের সিদ্ধির নিমিত্ত উহাই মূল। নিশ্চয় জানিও পরমাত্মা কর্ম্মসিদ্ধির কারণ নয়। কথার জোরে তাহার প্রসিদ্ধি হইয়াছে। উহার বিষয় শ্রবণ কর। আমার ন্যায় জ্ঞানরত্ন তোমার করতলগত থাকা সত্ত্বেও তুমি কি দ্বিতীয় ব্যক্তির সমীপে উহা শুনিবে? সম্মুখে দর্পণ থাকিতে অপরের চক্ষু দ্বারা নিজের মুখ দেখিতে হইবে? অপরকে জিজ্ঞাসা করিতে হইবে? বল আমাকে কেমন দেখায়? ভক্ত যেখানে আমাকে যে ভাবে দেখে, আমি সেই রূপ ধারণ করি। বর্ত্তমানে

আমি তোমার হাতের খেল্‌না হইয়া আছি। প্রীতির আবেগে শ্রীকৃষ্ণ এইরূপ বলিলে অর্জ্জুন আনন্দে ডুবিয়া রহিল। চন্দ্রালোক অধিক প্রকাশ পাইলে চন্দ্রকান্তমণির পর্ব্বত বিগলিত হইয়া সরোবরের আকার ধারণ করে। সুখ ও অনুভূতি এই ভাবের ভিত্তি গলিয়া তখন অর্জ্জুনের মূর্ত্তিরূপে প্রকাশ পাইল। শ্রীকৃষ্ণ সমর্থ অতএব তাঁহার বিস্মৃতি হয় নাই। তিনি অর্জ্জুনকে আনন্দ বন্যা হইতে তুলিয়া লইলেন। জ্ঞানী হইলেও অর্জ্জুন আনন্দ বন্যায় বিচার বুদ্ধি সহিত ডুবিয়া গিয়াছিলেন। শ্রীকৃষ্ণ তাহাকে আকর্ষণ করিয়া বলিলেন—পার্থ, অবহিত হও। অর্জ্জুন সাবধান হইয়া অবনত মস্তকে বলিলেন - হে গুরো, আমি আপনার পৃথক্ সান্নিধ্য ভুলিয়া গিয়া অদ্বৈত ভাবযুক্ত হইতেছিলাম। তবে পুনরায় জীবভাবের প্রতিবন্ধক রাখিলেন কেন? অদ্বৈতানুভবানন্দ যে আপনারই দান।

শ্রীকৃষ্ণ বলিলেন—যথার্থ বলিয়াছ। আরে পাগল, তুমি কি জান না, চন্দ্র ও জ্যোৎস্নার মিলনের প্রয়োজন থাকে না। আর একটি ভাবও প্রকাশ করিতে ভয় পাইতেছি; তুমি কি জান না বিরহেই প্রেম বৃদ্ধি প্রাপ্ত হয়? বিয়োগদশাতেও পরস্পর সঙ্কেত দ্বারা বিয়োগ জনিত দুঃখ দূর হয়। এই বিষয় অধিক বলার প্রয়োজন নাই। হে পাণ্ডুসুত, আত্মা ও কর্ম্ম কিরূপ ভিন্ন উহাই আমি বলিতেছিলাম। অর্জ্জুন বলিলেন—আমিও উহা চাহিতেছিলাম। আমার প্রার্থনানুসারেই আপনি কথা আরম্ভ করিয়াছিলেন। সকলকর্ম্মবীজ, কারণপঞ্চক এবং

সর্ব্বসম্বন্ধ রহিত আত্মার বিষয় বলিবেন, এইরূপ আপনার প্রতিজ্ঞা। বর্ণনায় সেই ঋণ পরিশোধ করুন। শ্রীকৃষ্ণ ইহাতে অত্যন্ত সন্তুষ্ট হইয়া বলিলেন, কোন বিষয় শ্রবণের নিমিত্ত স্থিরচিত্ত শ্রোতাই বা কোথায় পাওয়া যায়? হে অর্জ্জুন, উহা বলিয়া এখন তোমার ঋণমুক্ত হইব। অর্জ্জুন বলিলেন—প্রভু, পূর্ব্বের কথা কি ভুলিয়া গেলেন? ঋণমুক্ত হইব বলিলে যে "তুমি ও আমি" এই দ্বৈত রহিয়া গেল! শ্রীকৃষ্ণ বলিলেন—বেশ বলিয়াছ, এখন যাহা বলা হইবে মনোযোগ পূর্ব্বক শ্রবণ কর। পাঁচটি উপকরণেই যে সকল কর্ম্ম সিদ্ধ হয় এই কথা খুব সত্য। এই পঞ্চোপকরণের মূলও আবার পাঁচটি। আত্মা ইহাদের বিষয়ে উদাসীন। সে কর্ম্মের হেতু বা উপাদান নয়, কর্ম্মসিদ্ধির সহকারীও নয়। আকাশে দিবা ও রাত্রির প্রকাশের ন্যায় নির্লিপ্ত আত্মার আশ্রয়ে শুভ বা অশুভ কর্ম্ম। অগ্নি—জল—ধূম্র—বায়ু মিলনে অভ্রপটল। আকাশ উহা হইতে সম্পূর্ণ পৃথক্। কাষ্ঠের নৌকা—বায়ুর সহায়তায় চলে—মাঝি চালায়, জল শুধু সাক্ষী-স্বরূপ। চক্রে স্থাপন পূর্ব্বক মৃৎপিণ্ড হইতে কুম্ভকার মৃদ্‌ভাণ্ডের নির্মাণ করে—কুম্ভকারেরই কর্ত্তৃত্ব। পৃথিবী আশ্রয় দান ভিন্ন অপর কোন কিছু ব্যয় করে কি? মানুষ সূর্য্যালোকে কত ব্যাপার করে, তাহাতে সূর্য্যের লাভ ক্ষতি কিছু আছে কি? হেতু পঞ্চক হইতে উৎপন্ন কারণপঞ্চকদ্বারা কর্ম্মলতার বিস্তার হয়। বস্তুতঃ আত্মা উহা হইতে সম্পূর্ণ স্বতন্ত্র। পৃথক্ পৃথক্ এই পাঁচটির বর্ণনা করিব,

উহাতে ভাল করিয়া মুক্তা পরীক্ষার ন্যায় উহাদিগকে চিনিয়া লইতে পারিবে। ॥ ১৩ ॥

অধিষ্ঠানং তথা কর্ত্তা করণঞ্চ পৃথগ্‌বিধম্ ।
বিবিধাশ্চ পৃথক্ চেষ্টা দৈবঞ্চৈবাত্র পঞ্চমম্ ॥ ১৪ ॥

কারণ পঞ্চকের প্রথম দেহ। উহার নামই অধিষ্ঠান। ভোক্তা ভোগের সহিত দেহেই অবস্থান করে। ইন্দ্রিয়রূপ দশহাতে রাত্রি দিন কষ্ট করিয়া প্রকৃতিদ্বারে পুরুষ সুখ দুঃখ প্রাপ্ত হয়—ভোগের নিমিত্ত তাহার দ্বিতীয় স্থান নাই, এই হেতু দেহকে অধিষ্ঠান বলে। চতুর্বিংশতি কুটুম্বের বাড়ী এই দেহ। ইহাই বন্ধ ও মোক্ষের হেতু। হে ধনঞ্জয়, জাগ্রৎ, স্বপ্ন ও সুষুপ্তির ইহাই অধিষ্ঠান।

কর্ম্মের দ্বিতীয় কারণ যাহার নাম কর্ত্তা উহা চৈতন্যের প্রতিবিম্ব। আকাশ হইতে জল বর্ষণের ফলে গর্ত্ত পূর্ণ হয়, উহাতেই আকাশ প্রতিবিম্বিত হইয়া তদাকার লাভ করে। নিদ্রার ঘোরে রাজ্য ভুলিয়া রাজা স্বপ্নে দরিদ্র হয়। চৈতন্যও আত্ম বিস্মৃতির ফলে দেহাকারে প্রতিভাসিত হইয়া দেহ রূপে প্রকাশিত হয়। বিবেকী যাহাকে জীব বলে—যে দেহস্থ পদার্থ সমূহকে প্রাপ্ত করায়—প্রকৃতি কর্ম্ম করিলেও যে ভ্রমে পতিত হইয়া বলে, আমি করিতেছি, সেই জীবকে এখানে কর্ত্তা বলা হইয়াছে।

দৃষ্টি এক হইলেও নিমেষ আচ্ছাদনের নিমিত্ত এক বস্তু বহু

দেখাইতে পারে, গৃহস্থিত এক প্রদীপ উজ্জ্বল পদার্থের সান্নিধ্য হেতু বহু বলিয়া প্রতিভাত হইতে পারে। একই ব্যক্তি নব রসের আস্বাদনের আস্বাদনে বিভিন্ন বলিয়া মনে হয়। বুদ্ধিরও একই জ্ঞান শ্রবণাদি ইন্দ্রিয়দ্বারে ভিন্নভাবে প্রকাশিত হয়। ইন্দ্রিয়ের এই পৃথক্ পৃথক্ অবস্থা কর্ম্মের তৃতীয় কারণ।

পূর্ব্ব বা পশ্চিম বাহিনী সকল নালাই নদীতে প্রবেশ করিলে জল একই হইয়া যায়। প্রাণবায়ুতেও যে অবিনাশী ক্রিয়াশক্তি আছে উহা ভিন্ন স্থানে প্রকাশহেতু ভিন্ন মনে হয়। বাক্যে উহার প্রকাশকে বাণী বলা যায়—হস্তে প্রকাশিত হইলে আদান প্রদান হয়। চরণে সেই ক্রিয়াশক্তি গতি নাম ধরে। মলমূত্রাদি ত্যাগেও উহারই ক্রিয়া। নাভি হইতে হৃদয় পর্য্যন্ত যে ওঁকারের অভিব্যক্তি উহাই প্রাণ। হৃদয়ের উপরে যে শ্বাসোচ্ছ্বাস উহা উদান। গুহ্যদ্বারে বহির্গত হইলে উহা অপান। সর্ব্বশরীরে ব্যাপক দশায় উহাই ব্যান। ভুক্ত সামগ্রীর রস সর্ব্বদেহে সমান ভাবে ভাগ করিয়া দেয় এবং শরীর ত্যাগ না করিয়া সর্ব্বস্থানে প্রবেশ করিয়া থাকে বলিয়া হে কিরীটি, উহার নাম সমান বা নাভিস্থ বায়ু। হাই তোলা, হাঁচি দেওয়া, উদ্গারাদি ব্যাপারে নাগ, কূর্ম্ম কৃকর প্রভৃতি উপপ্রাণ আছে। এই সকলেই একটি বায়ুরই কার্য্য। পৃথক্ কার্য্যের নিমিত্ত বায়ুর এই ভিন্নতা বলা হয়। এই বৃত্তির হেতু বায়ুশক্তি কর্ম্মের চতুর্থ কারণ।

ঋতুমধ্যে শরৎঋতুই সর্ব্বোত্তম। উহাতে শুক্লপক্ষ তাহাতেও

পূর্ণিমার রজনী অতীব মনোরম। বসন্ত ঋতুতে উদ্যানের শোভা—উদ্যান বাটিকায় প্রিয়ার সহবাস—তাহাতেও পুষ্পমাল্য গন্ধদ্রব্যাদি সহিত অবস্থান সুখকারক। হে পাণ্ডব, কমল বিকাশ স্বভাবতঃ সুন্দর—উহাতে পরাগের সৃষ্টি আরও সুন্দর। বাণীর শোভা কবিত্বে—কবিত্বের উৎকর্ষ রসিকতায়, রসিকতার রসালতা ব্রহ্মনিরূপণে। সেইরূপ সমগ্র বৃত্তি বৈভব যুক্ত বুদ্ধি সর্ব্বোৎকৃষ্ট হইলেও উহার নূতন ইন্দ্রিয় রস প্রাপ্তিতে আরও উৎকর্ষ। হে নিষ্পাপ, উহাদের অধিষ্ঠাতা দেবতাগণের আনুকূল্য হইলেই ইন্দ্রিয়গণ অধিকার শোভা প্রাপ্ত হয়। সূর্য্যাদি দেবতাগণ চক্ষুরাদি দশেন্দ্রিয়ের অধিষ্ঠাতা। হে অর্জ্জুন, এই দেবতাগণ কর্ম্মের পঞ্চম কারণ। তুমি যাহাতে বুঝিতে পার এরূপ সরলভাবে আমি কর্ম্মের পঞ্চবিধ কারণ নির্দ্দেশ করিলাম। অধুনা এই কারণগুলির বৃদ্ধি হইতে হইতে যে হেতু অবলম্বনে কর্ম্মসৃষ্টির রচনা হয়, সেই "হেতু পঞ্চকের" বর্ণনা করিতেছি ॥ ১৪ ॥

শরীরবাঙ্‌মনোভির্যৎ কর্ম্ম প্রারভতে নরঃ।
ন্যায্যং বা বিপরীতং বা পঞ্চৈতে তস্য হেতবঃ ॥ ১৫ ॥

হঠাৎ বসন্ত ঋতুর সমাগমে উহাই নবপল্লবের উৎপত্তির হেতু হয়। পল্লবে পুষ্প, পুষ্প হইতে ফল হয়। বর্ষাকাল মেঘ উৎপত্তির হেতু—মেঘে বৃষ্টিতে শস্যসমৃদ্ধি। পূর্ব্বদিকে অরুণোদয়—অরুণোদয়ে সূর্য্যোদয়, তাহাদ্বারা দিনের প্রকাশ। হে পাণ্ডব,

সেইরূপ কর্ম্ম-সঙ্কল্পের হেতু মন। সঙ্কল্পদ্বারা বাণীর প্রদীপ জ্বলে এবং উহাই সমগ্র কর্ম্মময় পথ আলোকিত করিয়া দেয়। ফলে কর্ত্তা কর্ত্তৃত্বের ব্যাপারে প্রবৃত্ত হয়। শরীর প্রভৃতি সমূদয়ের হেতু শরীরই। লৌহ ছেদনের নিমিত্ত লৌহেরই প্রয়োজন। সূত্রই তানা, সূত্রই পোরেন হইয়া কাপড় তৈরী হয়। হে জ্ঞানি, বাক্য, মন ও দেহের কর্ম্মের হেতু উহারাই—রত্নসমূহের হেতু রত্নই। যদি কেহ প্রশ্ন করে যে, শরীরাদি কর্ম্মের কারণ, উহা দিগকে হেতু বলিবার উদ্দেশ্য কি? তদুত্তর শ্রবণ কর। সূর্য্যের প্রকাশ হেতু এবং কারণ উভয়ই সূর্য্য। ইক্ষুদণ্ডের বৃদ্ধিহেতু ও কারণ উহারই গ্রন্থি। বাগ্‌দেবীর স্তুতি করিতে বাণীরই পরিশ্রম করিতে হয়। বেদের মহিমা শুধু বেদের দ্বারাই ব্যাখ্যা করা যায়। সেইরূপ শরীরাদি কর্ম্মের কারণতো আছেই তাহা ছাড়া উহারাই কর্ম্মের হেতু। দেহাদি কারণ মিলিত ভাবে যে কর্ম্ম সম্পাদন করে, উহা শাস্ত্র সম্মত হইলে ন্যায় বলা হয়। বর্ষার জল ধান্য ক্ষেত্রে শুষ্ক হইলে উহাতে লাভই হয়। ক্রোধ করিয়া গৃহত্যাগ পূর্ব্বক দ্বারকার পথে চলিলে অতি দুঃখীরও সেই পথ চলা নিষ্ফল হয়না। হেতু ও কারণ মিলিতভাবে অন্যায় কর্ম্ম উৎপন্ন করিয়াও শাস্ত্র দৃষ্টিপূত হইলে উহা ন্যায্য কর্ম্ম আখ্যা পায়। পাত্রে দুগ্ধ তাপযোগে উদ্বেলিত হইয়া উঠিলে যদি কিছু এদিক সেদিক পড়িয়াও যায়, উহাকে ক্ষতি বলিয়া ধরা হয় না। শাস্ত্রের সহায়তা বিনা কৃতকর্ম্ম যদিও বৃথা নয়, তথাপি উহাকে প্রশংসা করা যায় না। দ্রব্য লুণ্ঠিত হওয়া এবং দান করা, সমান

নয়। হে পাণ্ডুনন্দন, এমন কোন্ মন্ত্র আছে, যাহা বর্ণমালার দ্বিপঞ্চাশৎ বর্ণের অন্তর্গত নয়? এমন কোন্ জীব আছে যাহার নাম এই বর্ণমালার অক্ষর দ্বারা উচ্চারিত না হয়। হে কোদণ্ডপাণি! যতক্ষণ পর্য্যন্ত মন্ত্রের রীতি না মিলিতেছে ততক্ষণ মন্ত্র উচ্চারণের ফললাভ হইবে না। সেইরূপ কারণ ও হেতুর সম্মিলনে যে অনিয়মিত কর্ম্ম উৎপন্ন হয়, শাস্ত্রের আনুকূল্য ভিন্ন কর্ম্ম অনুষ্ঠিত হইলেও উহা যথার্থ অনুষ্ঠান নয়, উহা অন্যায়॥ ১৫॥

তত্রৈবং সতি কর্ত্তারমাত্মানং কেবলন্তু যঃ।
পশ্যত্যকৃত বুদ্ধিত্বান্ন স পশ্যতি দুর্ম্মতিঃ॥ ১৬॥

হে মহীয়ান্! কর্ম্মে পাঁচটি কারণের ও পাঁচটি হেতুর কথা বলিলাম। ইহাদের মধ্যে আত্মা কোথায়? মূল কথা, সূর্য্য যেরূপ বিষয়রূপ না হইয়াও দৃশ্য বিষয়কে প্রকাশিত করে, আত্মাও সেইরূপ কর্ম্মরূপ না হইয়া কর্ম্মকে প্রকাশ করে। হে বীরেশ! দ্রষ্টা প্রতিবিম্ব বা দর্পণ হয় না, কিন্তু দুইটিকেই প্রকাশ করে। হে পাণ্ডব! সূর্য্য দিনও নয়, রাত্রিও নয়, দিন রাত্রি প্রকাশ করে। আত্মা কর্ম্মও নয়, কর্ত্তাও নয়, অথচ দুটিকেই প্রকাশ করে। যাঁহার বুদ্ধির এইরূপ বিস্মৃতি আসিয়াছে যে, মনে করে আমিই দেহ, তাহার সমীপে আত্মার বিষয় মধ্য রাত্রির ঘোর অন্ধকার সমাচ্ছন্ন। চৈতন্যরূপী ঈশ্বর বা ব্রহ্মের সীমা যে দেহেই নিবদ্ধ করে, সে-ই আত্মাকে কর্ত্তা বলিয়া বিশ্বাস করে।

আত্মাই কর্ম্ম ও কর্ত্তা এই সিদ্ধান্তে সে লাগিয়া থাকিতে পারে না। সে মনে করে, দেহাভিমানী আমিই কর্ম্ম করি; কিন্তু কর্ম্মের অন্তরালে সাক্ষীস্বরূপে যে আমি আছি, সেই অপরিমিত আত্মা আমাকে দেহদ্বারাই পরিমাপ করিতে চায়। পেচক কি দিনকেই রাত্রি করিয়া লয় না? আকাশে যে সূর্য্য না দেখিয়াছে সে ডোবায় প্রতিবিম্বিত সূর্য্যকেই সত্য বলিয়া মনে করে। প্রতিবিম্বিত সূর্য্যের কারণ ডোবার উৎপত্তি, উহার নাশে সেই সূর্য্যেরও নাশ, আর উহার জল কম্পিত হইলে সূর্য্যেরও কম্পন। নিদ্রিত ব্যক্তির স্বপ্ন সত্যই। রজ্জুগত ভ্রম দূর না হওয়া পর্য্যন্ত উহাতে সর্পভয় থাকিবেই। পাণ্ডুরোগাক্রান্ত দৃষ্টিতে চন্দ্র পীত বর্ণ দেখাইবে। মৃগও মৃগতৃষ্ণিকায় জলের ভ্রমে পতিত হয়। শাস্ত্র ও গুরুসেবা দূরের কথা, যে তাঁহাদের বাতাসও গায় লাগিতে না দিয়া মূর্খের ন্যায় জীবন ধারণ করে, শৃগাল যেরূপ মেঘের নিমিত্ত চন্দ্রের উপরই দোষ আরোপ করে, সে-ও সেইরূপ দেহাত্মবুদ্ধির নিমিত্ত আত্মার উপরেই দেহ আরোপ করে। এই ভুলের নিমিত্ত সে দেহ কারাগারে কর্ম্মের দৃঢ় গ্রন্থি-বন্ধন প্রাপ্ত হয়। বন্ধনের ভাবনা করিয়া ফাঁদের উপর মুক্ত তোতা বসিয়াও কি বদ্ধ হয় না? নির্ম্মল আত্মায় প্রকৃতির কর্ম্মের আরোপণের ফলে কোটি কল্প সে কর্ম্মের বন্ধনে জড়াইয়া থাকে। সমুদ্রজল বাড়বানলকে স্পর্শ করে না। যে কর্ম্মে ব্যাপৃত থাকিয়াও কর্ম্মাস্পৃষ্ট থাকে তাহাকে কে চিনিবে? হারাণো বস্তু প্রদীপ লইয়া খুঁজিলে পাওয়া যায়। মুক্তস্বরূপের বিচার করিতে

করিতেও মুক্তি লাভ হয়। দর্পণ পরিস্কার করিলে উহাতে নিজের মুখই দেখা যায়। নুন জলে পড়িলে জলই হইয়া যায়। প্রতিবিম্ব হইতে ফিরিয়া বিম্বের খোঁজ করিলে বিম্বই হইয়া যায়। বিস্মৃত আত্মার লাভ হইলে সাধুগণের স্থিতি নির্দ্ধারিত হয়। অতএব সর্ব্বদা সাধুগণের স্তুতি এবং বর্ণনা করা কর্ত্তব্য। কর্ম্মে থাকিয়াও যে সুখ দুঃখের বশীভূত নয়, চর্ম্মাচ্ছাদন হইলেও উহা দৃষ্টিকে আচ্ছাদন করে না, সেইরূপ যে মুক্ত, তাহার স্বরূপ যুক্তির সহিত বলিতেছি ॥ ১৬ ॥

যস্য নাহঙ্কৃতো ভাবো বুদ্ধির্যস্য ন লিপ্যতে।
হত্বাপি স ইমাঁল্লোঁকান্ন হন্তি ন নিবধ্যতে ॥ ১৭ ॥

হে জ্ঞানি! অনাদি অবিদ্যায় নিদ্রিত বিশ্বব্যাপারের উপভোগ-কারীর প্রতি মহাবাক্য উপদেষ্টা, গুরুর কৃপা বর্ষিত হইলে—গুরু মস্তকে হস্ত স্থাপন করিলে—উহাকে জাগ্রত করিলেই বিশ্বের স্বপ্নময় মায়ানিদ্রা ছাড়িয়া সে অদ্বয়ানন্দ লাভ করে। চন্দ্রের উদয়ে মৃগ তৃষ্ণিকার জল শুকাইয়া যায়। বাল্যাবস্থা অতীত হইলে ভূতের কথা মিথ্যা বলিয়া জ্ঞান হয়, ইন্ধন জ্বলিয়া গেলে রন্ধন চলিতে পারে না, ঘুম ভাঙ্গিলে স্বপ্ন দেখায় না। হে কিরীটি! পূর্ব্বোক্ত ব্যক্তিরও অহংতা মমতা থাকে না। অন্ধকার খুঁজিতে সূর্য্য যে গুহাতেই প্রবেশ করুক না, তাহার ভাগ্যে অন্ধকারের দর্শন মিলে না। পূর্ব্বোক্ত ব্যক্তিও অনাত্মস্বরূপকে খুঁজিয়া পায় না। সকল দৃশ্যই তাহার সমীপে দ্রষ্টাসহিত

আত্মারূপে প্রতিভাত হয়। অগ্নি সংযোগে পদার্থ অগ্নিরূপ হয়। কে জ্বালাইল, কে জ্বলিল, উহার পার্থক্য থাকে না। কর্ম্মকে ভিন্ন জানিয়া আত্মাকে কর্ত্তৃত্বের জালে ফেলিবার ভ্রম দূর হইয়া গেলে আত্মস্থ ব্যক্তি দেহকে পৃথক্ বলিয়া মনে করে না। প্রলয়ের জল পৃথক্ প্রবাহের অস্তিত্ব মানে না। পূর্ব্বোক্ত ব্যক্তির পূর্ণ অহংতা দেহমাত্রেই পরিচ্ছিন্ন থাকিতে পারে কি? প্রতিবিম্ব ধরিলে সূর্য্যকে পাওয়া যায় কি? ঘোল মন্থন করিলে কি মাখন পাওয়া যায়? মাখন তুলিয়া লইলে কি আর উহা ঘোলের সঙ্গে মিশ্রিত হয়? অগ্নিকে কাষ্ঠ হইতে পৃথক্ করিলেও কি উহা কাঠের সিন্ধুকে বন্ধ করা যায়? রাত্রির গর্ভভেদ করিয়া সূর্য্য উদিত হইলে কি আর রাত্রি কাছে আসিতে পারে? জ্ঞেয় ও জ্ঞাতা যিনি এক করিয়াছেন তাহার অহঙ্কার দেহাশ্রয়ে থাকিতে পারে না? আকাশ স্থানান্তরে গমন করে না, উহা সর্ব্বত্র ব্যাপ্ত, পূর্ব্বোক্ত ব্যক্তিও যাহাই করুক না কেন, সকলই আত্মময় হইয়া যায়। তখন কর্ত্তৃত্বাভিমানে কর্ম্মবদ্ধ হইতে কে থাকিবে? আকাশভিন্ন স্থান নাই। সমুদ্রে প্রবাহ হয় না। ধ্রুব নক্ষত্রের গতি নাই। সেইরূপ পূর্ব্বোক্ত ব্যক্তিও চিরকাল একভাবে অবস্থিত। জ্ঞানে তাহার অহঙ্কার দূর হইলেও দেহান্ত পর্য্যন্ত কর্ম্ম থাকে। চলিতে চলিতে বাতাস বন্ধ হইলেও বৃক্ষ শাখার কম্পন কিছু থাকে। কর্পূর বাহির করিয়া লইলেও পেটারিকায় সুগন্ধ থাকিয়া যায়। সঙ্গীত শেষ হইলেও রসমগ্ন ব্যক্তির চিত্ত-প্রসন্নতা রহিয়া যায়। জল বহিয়া গেলেও ভূমির শীতলতা

অবশিষ্ট থাকে। সূর্য্য অস্ত গেলেও সন্ধ্যায় উহার জ্যোতিঃ দীপ্তি কিছু দেখা যায়। লক্ষ্যস্থলে বাণ পোঁছিলেও উহার যতটুকু বল থাকে ততটুকু দূরে যায়। মৃম্ভাণ্ড নির্ম্মাণ হইয়া গেলেও কুম্ভকারের ঘূর্ণায়মান চক্র ঘুরিতে থাকে। হে ধনঞ্জয়! দেহাভিমান চলিয়া গেলেও দেহ উৎপত্তির কারণ প্রকৃতির বশে উহাকে কর্ম্মে নিযুক্ত রাখে।

স্বপ্ন দেখিবার নিমিত্ত কাহারও কল্পনা করিতে হয় না। দাবানল কাহাকেও জ্বালাইতে হয় না। আকাশে পরিদৃশ্যমান গন্ধর্ব্বনগর কেহ রচনা করে না। আত্মার চেষ্টা ভিন্নও দেহাদির কারণপঞ্চক নিজেরাই কর্ম্ম উৎপন্ন করে। কারণ পঞ্চক ও হেতু পূর্ব্বজন্মের সংস্কার অনুসারেই বিবিধ কর্ম্ম করায়। উহাতে জগতের ধ্বংস হউক অথবা নূতন সৃষ্টি হউক, তাহাতে আত্মার কিছু ক্ষতি বৃদ্ধি নাই। কুমুদিনী কিরূপে মলিন হইয়া যায়, কমলিনী কিরূপে বিকশিত হয়, সূর্য তাহার খবর রাখে না। বজ্রপাতে পৃথিবীর বুক ভাঙ্গিয়া যায়, অথবা বর্ষা হইয়া নবাঙ্কুর উদ্গত হয়, আকাশ তাহার খোঁজ রাখে না। দেহে থাকিয়াও যে দেহাতীত, জাগ্রত ব্যক্তি যেরূপ স্বপ্ন দেখে না, সে-ও কর্ম্মদ্বারা উৎপত্তি ও লয় কিছুই দেখে না। চর্ম্মচক্ষু দ্বারা দর্শন করে বলিয়া তাহাকে কর্ম্ম করিতেছে বলিয়া মনে হয়। তৃণময় মনুষ্য ক্ষেত্রে দণ্ডায়মান থাকিলে শৃগাল উহাকে সত্য সত্যই ক্ষেত্রের পালক বলিয়া মনে করে। উন্মত্ত ব্যক্তি বস্ত্র পরিধান করিল কিনা অপর লোকেই তাহা বলিতে পারে। যুদ্ধে নিহত

সৈনিকের আঘাতের চিহ্ন দর্শকেই গণনা করে। মহাসতীর প্রসাধন অলঙ্করণাদি ভোগ অপরে দেখে। সহমরণে সে অগ্নি, দেহ বা অপরের দিকে দৃষ্টিপাত করে না, সে একান্তভাবে পতিপ্রেমেই নিমগ্ন থাকে। সেইরূপ দ্রষ্টা আত্মস্বরূপ লাভপূর্ব্বক দৃশ্য বস্তুর সহিত লীন হইয়া গেলে ইন্দ্রিয় ব্যাপারে তাহার অভিনিবেশ থাকে না। বৃহৎ তরঙ্গে ক্ষুদ্র তরঙ্গ মিলিত হইয়া যায়, তীরস্থ লোকে তাহা দেখে, ক্ষুদ্র তরঙ্গের জল গ্রাস করিবার মত জল ছাড়া ওখানে আর কিছু নাই। পূর্ণতা লাভ করিবার পর বিনাশ করিবার নিমিত্ত দ্বিতীয় কোন বস্তু অবশিষ্ট থাকে না।

হিরণ্ময় দেবীপ্রতিমার হাতের শূলও স্বর্ণের আর স্বর্ণের মহিষাসুরকেই তিনি বধ করেন। মন্দিরের পূজারীর সমীপে প্রতিমা, শূল ও অসুরসংহার সকলই যথার্থ। বস্তুতঃ দেবী, শূল ও মহিষ স্বর্ণময়ই থাকে। চিত্রে অঙ্কিত জল ও অগ্নি দৃষ্টির ভ্রম মাত্র। সত্যকার অগ্নি ও জল চিত্রে থাকিতে পারে না। মুক্ত পুরুষের দেহ ও পূর্ব্ব সংস্কারবশে কর্ম্ম করে বলিয়া ভ্রমযুক্ত জীব তাহাকেই কর্ত্তা মনে করে। তাহার কর্ম্মদ্বারা ত্রিলোকের ধ্বংস হইলেও তিনি উহা করিলেন, এরূপ মনে করিও না। অন্ধকারে আলোক প্রবেশ করা মাত্র অন্ধকার ধ্বংস হইয়া যায়, তখন কোন কথা বলিবারও অবসর থাকে না। জ্ঞানীর দ্বৈতভাব মাত্র থাকে না, সে কাহাকে বিনাশ করিবে? তাহার বুদ্ধি পাপ ও পুণ্যের কথা জানে না। গঙ্গার সহিত মিলিত হইলে কোনও নদীর অশুদ্ধতা থাকে না। অগ্নি অগ্নির

সহিত মিলিত হইয়া উহাকে প্রজ্বলিত করিতে পারে কি? শস্ত্র কি নিজহস্তে ক্ষত করিতে পারে? যে কর্ম্মকে পৃথক্ জানে না, সে কিসের সহিত লিপ্ত হইবে? কার্য্য, কর্ত্তা ও ক্রিয়াকে এইভাবে অপৃথক্ জানিলে দেহাদি কর্ম্মবন্ধন থাকে না। কর্ত্তৃত্বাভিমানী জীব পঞ্চমহাভূতের খনি খনন পূর্ব্বক অতি নৈপুণ্যের সহিত দশ ইন্দ্রিয়ের যন্ত্রপাতি লইয়া কর্ম্মময় গৃহ রচনা করিয়াছে। উহাতে পুণ্য ও পাপের দুই রূপ এবং কর্ম্মময় মন্দির। তবে নিশ্চয় জানিও এতবড় কাজেও আত্মা সহায়ক হয় না। যদি বল আরম্ভের সময় আত্মার সহায়তা স্বীকার করিতে হয়—তদুত্তরে বলিব আত্মা সাক্ষী, জ্ঞানস্বরূপ, কর্ম্ম-প্রবৃত্তি ও সঙ্কল্পের নিমিত্ত সে কিরূপে আজ্ঞা দিতে পারে? কর্ম্ম প্রবৃত্তি ব্যাপারে তাহার কোন শ্রম নাই। জীবই প্রবৃত্তির বেগার খাটে। যে ব্যক্তি কেবল আত্মস্বরূপ হইয়া অবস্থান করে, সে এই কর্ম্মের কারাগারে আবদ্ধ হয় না। অজ্ঞানের পটে বিপরীত জ্ঞানের যে চিত্র প্রতিবিম্বিত হয়, উহা অঙ্কনের নিমিত্ত ত্রিপুটীই প্রসিদ্ধ॥ ১৭॥

জ্ঞানং জ্ঞেয়ং পরিজ্ঞাতা ত্রিবিধা কর্ম্মচোদনা।
করণং কর্ম্ম কর্ত্তেতি ত্রিবিধঃ কর্ম্মসংগ্রহঃ॥ ১৮॥

জ্ঞান, জ্ঞাতা ও জ্ঞেয় সংসারের বীজভূত। এই ত্রিপুটী কর্ম্মের প্রবৃত্তি জন্মায়। পৃথক্ ভাবে উহাদের বর্ণনা করিতেছি। জীব-সূর্য্য-বিম্বের কিরণে শ্রোত্রাদি পঞ্চ জ্ঞানেন্দ্রিয় হেতু বিষয়

কমল-কোরক বিকশিত হইলে অথবা জীব-নৃপতির মুক্তপ্রগ্রহ ইন্দ্রিয় অশ্বসমূহ বিষয়ের পথে ছুটিয়া গেলে, ইন্দ্রিয় মধ্যে থাকিয়া যে সুখ দুঃখ প্রদান করে, অথচ ইন্দ্রিয় ব্যাপার, সুখ দুঃখাদি লয়ের অবস্থায় সুষুপ্তির সময়ও যে থাকে, সেই জীব জ্ঞাতা। হে পাণ্ডব, প্রথমতঃ জ্ঞানের কথা বলিয়াছি, কারণ সে অবিদ্যার গর্ত্ত হইতে উঠিয়া নিজেই ত্রিবিধমূর্ত্তি ধারণ করে। সম্মুখে জ্ঞেয় পতাকা উত্তোলন করিয়া পশ্চাতে জ্ঞাতা হইয়া দাঁড়ায়। সে জ্ঞাতা ও জ্ঞেয় এই দুইএর মধ্যে অবস্থান পূর্ব্বক সম্বন্ধ স্থাপন করে। জ্ঞেয় সীমা লঙ্ঘন করিয়াই তাহার দৌড় থামিয়া যায়। পদার্থ সমূহের নামও সাধারণ জ্ঞান। শব্দ, স্পর্শ, রূপ, রস ও গন্ধ এই পাঁচটি জ্ঞেয়ের লক্ষণ। পৃথক্ ইন্দ্রিয় দ্বারে একই আম্রের রস, বর্ণ ও সুগন্ধ পৃথক্ অনুভূত হয়। জ্ঞেয় বস্তু এক হইলেও পঞ্চ জ্ঞানেন্দ্রিয়দ্বারে পঞ্চপ্রকার অভিব্যক্তি।

প্রবাহ সমুদ্রে যাইয়া শেষ হইয়া যায়। সীমায় পৌঁছিলে দৌড় সমাপ্ত হয়। ধান হইলে গাছ আর বড় হয় না। ইন্দ্রিয়ের পথে ছুটিয়া জ্ঞানের সীমা লাভ হইলে উহাকে জ্ঞেয় বলে। এই তিনের কর্ম্মপ্রবৃত্তি এবং শব্দাদি বিষয় প্রিয় বা অপ্রিয় হয়। হে ধনঞ্জয়, জ্ঞান অতি অল্প, জ্ঞেয় উপস্থিত করা মাত্র জ্ঞাতা উহা স্বীকার বা ত্যাগে প্রবৃত্ত হয়। মীনের প্রতি বক, দ্রব্যের নিমিত্ত দরিদ্র, স্ত্রীর সমীপে কামুক যে ভাবে ছুটে, জ্ঞেয়ের প্রতি জ্ঞাতার ভাবও তদনুরূপ। যেভাবে জল উচ্চ স্থান হইতে বেগে নামিয়া আসে—কুসুমগন্ধ ভ্রমরকে আকর্ষণ করে,—সন্ধ্যাকালে

বন্ধন মুক্ত বৎস গাভীর নিমিত্ত ছুটিয়া যায়—স্বর্বেশ্যা উর্বশীর কথা শুনিয়া মানুষ স্বর্গের নিমিত্ত যজ্ঞের সিঁড়ি নির্ম্মাণ করে—কপোত বহুদূর আকাশে উঠিয়াও কপোতীর লোভে পতিত হয়—মেঘের গর্জ্জন শুনিয়া ময়ূর আকাশের দিকে ছুটিয়া যায়, সেইভাবে জ্ঞেয়ের দিকে জ্ঞাতা ধাবিত হয়! নিখিল কর্ম্ম প্রবৃত্তির মূল জ্ঞান, জ্ঞেয় ও জ্ঞাতা। ভাগ্যবশে জ্ঞেয় জ্ঞাতার প্রিয় হইলে ভোগের নিমিত্ত ক্ষণকালেরও অপেক্ষা সহ্য হয় না, প্রতিকূল হইলে ত্যাগ করিয়াও ক্ষণকালকে যুগের ন্যায় মনে হয়। সর্প বা রত্নহার দেখা মাত্রই ভয় বা আনন্দ উদিত হয়। প্রিয় বা অপ্রিয় জ্ঞেয় সম্বন্ধে জ্ঞাতার সেই ভাব। প্রিয়কে গ্রহণ ও অপ্রিয়কে ত্যাগ করিতে সততই তাহার চেষ্টা। সমবল প্রতিযোদ্ধা দর্শনে মল্লবীর যুদ্ধ করিবার নিমিত্ত রথ ত্যাগ পূর্ব্বক ভূমিতে অবতরণ করে। সেইরূপ জ্ঞাতাই কর্ম্ম ও কর্ত্তা হয়। স্বয়ং ভোজনকারীও অনেক সময় রন্ধনে নিযুক্ত হয়। ভ্রমরই যদি উদ্যান রচনা করে, নিকষ পাথর নিজেই স্বর্ণ রেখাপাত করে, দেবতা মন্দির নির্ম্মাণ করে, তবেই জ্ঞেয়ের অভিলাষ অনুসারে ইন্দ্রিয়দ্বারে জ্ঞাতার কর্ম্মপ্রবৃত্তির তুলনা হয়। হে পাণ্ডব, এই অবস্থায় জ্ঞাতা কর্ত্তা হয়। স্বয়ং কর্ত্তা হইয়া সে জ্ঞানকে কারণ এবং জ্ঞেয়কে কার্য্যরূপে পরিণত করে। হে সুমতি, এইভাবে জ্ঞানের নিজের গতি পরিবর্ত্তিত হয় এবং রাত্রিকালে নেত্রশোভা পরিবর্ত্তনের ন্যায় অথবা প্রারব্ধ প্রতিকূলে ভাগ্যবিপর্য্যয়ের ন্যায় এবং পূর্ণিমার পর চন্দ্রালোকের পরিবর্ত্তনের ন্যায় ইন্দ্রিয় ব্যাপারে জ্ঞাতা

কর্ত্তৃত্বের জালে আবদ্ধ হয়। কিভাবে এই অবস্থা ঘটে তাহা বলিতেছি।

বুদ্ধি, চিত্ত, মন ও অহঙ্কার ইহারা অন্তরেন্দ্রিয়। চক্ষু, কর্ণ, নাসিকা, জিহ্বা ও ত্বক্ ইহারা বহিরিন্দ্রিয়। অন্তরেন্দ্রিয় দ্বারা কর্ত্তা কর্ত্তব্যের নির্দ্ধারণে উহা সুখের বোধ হইলে বাহ্য ইন্দ্রিয় চক্ষুরাদিকে জাগ্রত করিয়া ব্যাপারে প্রবৃত্ত করে। কর্ত্তব্য সম্পন্ন না হওয়া পর্য্যন্ত ইন্দ্রিয় বিষয়ব্যাপারে লাগিয়া থাকে। ফল দুঃখময় বোধ হইলে ইন্দ্রিয় গুলিকে সেই বিষয় ত্যাগে উদ্বুদ্ধ করে। দুঃখ নির্মূল না হওয়া পর্য্যন্ত দিনরাত্রি কর্ম্ম শেষ হয় না। বাতাস যেদিকে প্রবাহিত হয় তূষ সেইদিকেই উড়িয়া যায়। জ্ঞাতার ত্যাগ বা স্বীকারের অনুসারে ইন্দ্রিয়ের প্রবৃত্তি হইলে জ্ঞাতাকে কর্ত্তা বলে। ইন্দ্রিয় এইভাবে সকল কর্ম্মে কর্ত্তাকে ক্ষেত্রে নিযুক্ত কৃষকের ন্যায় সর্ব্বদা নিযুক্ত রাখে। এই নিমিত্ত ইন্দ্রিয়কে করণ বলে। এই করণ দ্বারা কর্ত্তা যে ক্রিয়া করে উহার ব্যাপ্য কর্ম্ম। স্বর্ণকারের বুদ্ধি দ্বারা অলঙ্কার ব্যাপ্ত। চন্দ্রের কিরণে চন্দ্রিকা ব্যাপ্ত। সৌন্দর্য্য দ্বারা শ্রীফল ব্যাপ্ত। প্রভাদ্বারা প্রকাশ ব্যাপ্ত। হে পাণ্ডব, কর্ত্তার ক্রিয়া দ্বারা যে ব্যাপ্ত উহাই কর্ম্ম।

হে জ্ঞানিশ্রেষ্ঠ, কর্ত্তা, কর্ম্ম ও করণ তিনটিরই লক্ষণ বলিয়াছি। জ্ঞাতা, জ্ঞান ও জ্ঞেয় এই তিনে কর্ম্ম-প্রবৃত্তি। কর্ত্তা, করণ ও কার্য্যের সাহিত্যে কর্ম্ম। ধূম অগ্নিতে প্রবেশ করিয়া থাকে, বীজে বৃক্ষ লুকাইয়া থাকে, মনে সঙ্কল্প বিকল্প লুকাইয়া জমিয়া

থাকে। সেইরূপ কর্ত্তা, ক্রিয়া, করণই কর্ম্মের জীবন। উহাদের মধ্যেই কর্ম্ম লুকাইয়া থাকে। খনিই স্বর্ণের জন্ম স্থান। হে পাণ্ডব, এইটি কর্ত্তব্য, আর আমি কর্ত্তা, এরূপ প্রবৃত্তির উদয় স্থল ক্রিয়ার ভূমি হইতে আত্মা দূরে অবস্থান করে। হে সুমতি, বারংবার বলিয়াছি যে, আত্মা কর্ম্ম হইতে সম্পূর্ণ স্বতন্ত্র ॥ ১৮ ॥

জ্ঞানং কর্ম্ম চ কর্ত্তা চ ত্রিধৈব গুণভেদতঃ।
প্রোচ্যতে গুণসংখ্যানে যথাবচ্ছৃণু তান্যপি ॥১৯॥

জ্ঞান, কর্ম্ম ও কর্ত্তা গুণভেদে ত্রিবিধ। হে ধনঞ্জয়, ইহাদের বিশ্বাস করিও না; যেহেতু দুই গুণ বন্ধনকারক, মাত্র সত্ত্ব মুক্তির সহায়ক। সাংখ্য শাস্ত্রানুসারে উহাদের বলিতেছি। সাংখ্যশাস্ত্র বিচারের ক্ষীরসমুদ্র, আত্মজ্ঞানের কুমুদিনীবিকাশে কৌমুদী, জ্ঞান-নেত্র, শাস্ত্র সম্রাট্, প্রকৃতি পুরুষ মিশ্রিত রাত্রি দিন প্রকাশক সূর্য্য। চতুর্বিংশতি তত্ত্বের মাপকাঠিতে অপরিমিত মোহের পরিমাপক ও পরতত্ত্বসুখ প্রকাশক। হে অর্জ্জুন, যে গুণের কথা বলিতেছি, উহারা নিজবলে ত্রিবিধ চিহ্নাঙ্কিত করিয়া সমস্ত দৃশ্য বস্তু অঙ্কন করিয়াছে। ইহাদের মহিমা এত যে, সৃষ্টির আদি ব্রহ্মা হইতে সর্ব্বশেষ কীটে পর্য্যন্ত ইহারা আছে। যাহা হইতে পৃথক্ হইয়া সৃষ্ট জগৎ গুণভেদ ক্ষেত্রে পড়িয়াছে, সেই শুদ্ধ জ্ঞানের কথা এখন বলিব। দৃষ্টি স্বচ্ছ হইলে সকলবস্তুই পরিষ্কার দেখা যায়।

র্ব্বসম্বন্ধ রহিত আত্মার বিষয় বলিবেন, এইরূপ আপনার প্রতিজ্ঞা। বর্ণনায় সেই ঋণ পরিশোধ করুন। শ্রীকৃষ্ণ ইহাতে অত্যন্ত সন্তুষ্ট হইয়া বলিলেন, কোন বিষয় শ্রবণের নিমিত্ত স্থিরচিত্ত শ্রোতাই বা কোথায় পাওয়া যায়? হে অর্জ্জুন, উহা বলিয়া এখন তোমার ঋণমুক্ত হইব। অর্জ্জুন বলিলেন—প্রভু, পূর্ব্বের কথা কি ভুলিয়া গেলেন? ঋণমুক্ত হইব বলিলে যে "তুমি ও আমি" এই দ্বৈত রহিয়া গেল! শ্রীকৃষ্ণ বলিলেন—বেশ বলিয়াছ, এখন যাহা বলা হইবে মনোযোগ পূর্ব্বক শ্রবণ কর। পাঁচটি উপকরণেই যে সকল কর্ম্ম সিদ্ধ হয় এই কথা খুব সত্য। এই পঞ্চোপকরণের মূলও আবার পাঁচটি। আত্মা ইহাদের বিষয়ে উদাসীন। সে কর্ম্মের হেতু বা উপাদান নয়, কর্ম্মসিদ্ধির সহকারীও নয়। আকাশে দিবা ও রাত্রির প্রকাশের ন্যায় নির্লিপ্ত আত্মার আশ্রয়ে শুভ বা অশুভ কর্ম্ম। অগ্নি—জল—ধূম্র—বায়ু মিলনে অভ্রপটল। আকাশ উহা হইতে সম্পূর্ণ পৃথক্। কাষ্ঠের নৌকা—বায়ুর সহায়তায় চলে—মাঝি চালায়, জল শুধু সাক্ষী-স্বরূপ। চক্রে স্থাপন পূর্ব্বক মৃৎপিণ্ড হইতে কুম্ভকার মৃদ্‌ভাণ্ডের নির্মাণ করে—কুম্ভকারেরই কর্ত্তৃত্ব। পৃথিবী আশ্রয় দান ভিন্ন অপর কোন কিছু ব্যয় করে কি? মানুষ সূর্য্যালোকে কত ব্যাপার করে, তাহাতে সূর্য্যের লাভ ক্ষতি কিছু আছে কি? হেতু পঞ্চক হইতে উৎপন্ন কারণপঞ্চকদ্বারা কর্ম্মলতার বিস্তার হয়। বস্তুতঃ আত্মা উহা হইতে সম্পূর্ণ স্বতন্ত্র। পৃথক্ পৃথক্ এই পাঁচটির বর্ণনা করিব,

উহাতে ভাল করিয়া মুক্তা পরীক্ষার ন্যায় উহাদিগকে চিনিয়া লইতে পারিবে। ॥ ১৩ ॥

অধিষ্ঠানং তথা কর্ত্তা করণঞ্চ পৃথগ্ বিধম্ ।
বিবিধাশ্চ পৃথক্ চেষ্টা দৈবঞ্চৈবাত্র পঞ্চমম্ ॥ ১৪ ॥

কারণ পঞ্চকের প্রথম দেহ। উহার নামই অধিষ্ঠান। ভোক্তা ভোগের সহিত দেহেই অবস্থান করে। ইন্দ্রিয়রূপ দশহাতে রাত্রি দিন কষ্ট করিয়া প্রকৃতিদ্বারে পুরুষ সুখ দুঃখ প্রাপ্ত হয়—ভোগের নিমিত্ত তাহার দ্বিতীয় স্থান নাই, এই হেতু দেহকে অধিষ্ঠান বলে। চতুর্বিংশতি কুটুম্বের বাড়ী এই দেহ। ইহাই বন্ধ ও মোক্ষের হেতু। হে ধনঞ্জয়, জাগ্রৎ, স্বপ্ন ও সুষুপ্তির ইহাই অধিষ্ঠান।

কর্ম্মের দ্বিতীয় কারণ যাহার নাম কর্ত্তা উহা চৈতন্যের প্রতিবিম্ব। আকাশ হইতে জল বর্ষণের ফলে গর্ত্ত পূর্ণ হয়, উহাতেই আকাশ প্রতিবিম্বিত হইয়া তদাকার লাভ করে। নিদ্রার ঘোরে রাজ্য ভুলিয়া রাজা স্বপ্নে দরিদ্র হয়। চৈতন্যও আত্ম বিস্মৃতির ফলে দেহাকারে প্রতিভাসিত হইয়া দেহ রূপে প্রকাশিত হয়। বিবেকী যাহাকে জীব বলে—যে দেহস্থ পদার্থ সমূহকে প্রাপ্ত করায়—প্রকৃতি কর্ম্ম করিলেও যে ভ্রমে পতিত হইয়া বলে, আমি করিতেছি, সেই জীবকে এখানে কর্ত্তা বলা হইয়াছে।

দৃষ্টি এক হইলেও নিমেষ আচ্ছাদনের নিমিত্ত এক বস্তু বহু

দেখাইতে পারে, গৃহস্থিত এক প্রদীপ উজ্জ্বল পদার্থের সান্নিধ্য হেতু বহু বলিয়া প্রতিভাত হইতে পারে। একই ব্যক্তি নব রসের আস্বাদনের আস্বাদনে বিভিন্ন বলিয়া মনে হয়। বুদ্ধিরও একই জ্ঞান শ্রবণাদি ইন্দ্রিয়দ্বারে ভিন্নভাবে প্রকাশিত হয়। ইন্দ্রিয়ের এই পৃথক্ পৃথক্ অবস্থা কর্ম্মের তৃতীয় কারণ।

পূর্ব্ব বা পশ্চিম বাহিনী সকল নালাই নদীতে প্রবেশ করিলে জল একই হইয়া যায়। প্রাণবায়ুতেও যে অবিনাশী ক্রিয়াশক্তি আছে উহা ভিন্ন স্থানে প্রকাশহেতু ভিন্ন মনে হয়। বাক্যে উহার প্রকাশকে বাণী বলা যায়—হস্তে প্রকাশিত হইলে আদান প্রদান হয়। চরণে সেই ক্রিয়াশক্তি গতি নাম ধরে। মলমূত্রাদি ত্যাগেও উহারই ক্রিয়া। নাভি হইতে হৃদয় পর্য্যন্ত যে ওঁকারের অভিব্যক্তি উহাই প্রাণ। হৃদয়ের উপরে যে শ্বাসোচ্ছ্বাস উহা উদান। গুহ্যদ্বারে বহির্গত হইলে উহা অপান। সর্ব্বশরীরে ব্যাপক দশায় উহাই ব্যান। ভুক্ত সামগ্রীর রস সর্ব্বদেহে সমান ভাবে ভাগ করিয়া দেয় এবং শরীর ত্যাগ না করিয়া সর্ব্বস্থানে প্রবেশ করিয়া থাকে বলিয়া হে কিরীটি, উহার নাম সমান বা নাভিস্থ বায়ু। হাই তোলা, হাঁচি দেওয়া, উদ্‌গারাদি ব্যাপারে নাগ, কূর্ম্ম কৃকর প্রভৃতি উপপ্রাণ আছে। এই সকলেই একটি বায়ুরই কার্য্য। পৃথক্ কার্য্যের নিমিত্ত বায়ুর এই ভিন্নতা বলা হয়। এই বৃত্তির হেতু বায়ুশক্তি কর্ম্মের চতুর্থ কারণ।

ঋতুমধ্যে শরৎঋতুই সর্ব্বোত্তম। উহাতে শুক্লপক্ষ তাহাতেও

পূর্ণিমার রজনী অতীব মনোরম। বসন্ত ঋতুতে উদ্যানের শোভা—উদ্যান বাটিকায় প্রিয়ার সহবাস—তাহাতেও পুষ্পমাল্য গন্ধদ্রব্যাদি সহিত অবস্থান সুখকারক। হে পাণ্ডব, কমল বিকাশ স্বভাবতঃ সুন্দর—উহাতে পরাগের সৃষ্টি আরও সুন্দর। বাণীর শোভা কবিত্বে—কবিত্বের উৎকর্ষ রসিকতায়, রসিকতার রসালতা ব্রহ্মনিরূপণে। সেইরূপ সমগ্র বৃত্তি বৈভব যুক্ত বুদ্ধি সর্ব্বোৎকৃষ্ট হইলেও উহার নূতন ইন্দ্রিয় রস প্রাপ্তিতে আরও উৎকর্ষ। হে নিষ্পাপ, উহাদের অধিষ্ঠাতা দেবতাগণের আনুকূল্য হইলেই ইন্দ্রিয়গণ অধিকার শোভা প্রাপ্ত হয়। সূর্য্যাদি দেবতাগণ চক্ষুরাদি দশেন্দ্রিয়ের অধিষ্ঠাতা। হে অর্জ্জুন, এই দেবতাগণ কর্ম্মের পঞ্চম কারণ। তুমি যাহাতে বুঝিতে পার এরূপ সরলভাবে আমি কর্ম্মের পঞ্চবিধ কারণ নির্দ্দেশ করিলাম। অধুনা এই কারণগুলির বৃদ্ধি হইতে হইতে যে হেতু অবলম্বনে কর্ম্মসৃষ্টির রচনা হয়, সেই "হেতু পঞ্চকের" বর্ণনা করিতেছি॥ ১৪ ॥

শরীরবাঙ্‌ মনোভির্যৎ কর্ম্ম প্রারভতে নরঃ।
ন্যায্যং বা বিপরীতং বা পঞ্চৈতে তস্য হেতবঃ॥ ১৫ ॥

হঠাৎ বসন্ত ঋতুর সমাগমে উহাই নবপল্লবের উৎপত্তির হেতু হয়। পল্লবে পুষ্প, পুষ্প হইতে ফল হয়। বর্ষাকাল মেঘ উৎপত্তির হেতু—মেঘে বৃষ্টিতে শস্যসমৃদ্ধি। পূর্ব্বদিকে অরুণোদয়—অরুণোদয়ে সূর্য্যোদয়, তাহাদ্বারা দিনের প্রকাশ। হে পাণ্ডব,

সেইরূপ কর্ম্ম-সঙ্কল্পের হেতু মন। সঙ্কল্পদ্বারা বাণীর প্রদীপ জ্বলে এবং উহাই সমগ্র কর্ম্মময় পথ আলোকিত করিয়া দেয়। ফলে কর্ত্তা কর্ত্তৃত্বের ব্যাপারে প্রবৃত্ত হয়। শরীর প্রভৃতি সমুদয়ের হেতু শরীরই। লৌহ ছেদনের নিমিত্ত লৌহেরই প্রয়োজন। সূত্রই তানা, সূত্রই পোরেন হইয়া কাপড় তৈরী হয়। হে জ্ঞানি, বাক্য, মন ও দেহের কর্ম্মের হেতু উহারাই—রত্নসমূহের হেতু রত্নই। যদি কেহ প্রশ্ন করে যে, শরীরাদি কর্ম্মের কারণ, উহা দিগকে হেতু বলিবার উদ্দেশ্য কি? তদুত্তর শ্রবণ কর। সূর্য্যের প্রকাশ হেতু এবং কারণ উভয়ই সূর্য্য। ইক্ষুদণ্ডের বৃদ্ধিহেতু ও কারণ উহারই গ্রন্থি। বাগ্‌দেবীর স্তুতি করিতে বাণীরই পরিশ্রম করিতে হয়। বেদের মহিমা শুধু বেদের দ্বারাই ব্যাখ্যা করা যায়। সেইরূপ শরীরাদি কর্ম্মের কারণতো আছেই তাহা ছাড়া উহারাই কর্ম্মের হেতু। দেহাদি কারণ মিলিত ভাবে যে কর্ম্ম সম্পাদন করে, উহা শাস্ত্র সম্মত হইলে ন্যায় বলা হয়। বর্ষার জল ধান্য ক্ষেত্রে শুষ্ক হইলে উহাতে লাভই হয়। ক্রোধ করিয়া গৃহত্যাগ পূর্ব্বক দ্বারকার পথে চলিলে অতি দুঃখীরও সেই পথ চলা নিষ্ফল হয়না। হেতু ও কারণ মিলিতভাবে অন্যায় কর্ম্ম উৎপন্ন করিয়াও শাস্ত্র দৃষ্টিপূত হইলে উহা ন্যায্য কর্ম্ম আখ্যা পায়। পাত্রে দুগ্ধ তাপযোগে উদ্বেলিত হইয়া উঠিলে যদি কিছু এদিক সেদিক পড়িয়াও যায়, উহাকে ক্ষতি বলিয়া ধরা হয় না। শাস্ত্রের সহায়তা বিনা কৃতকর্ম্ম যদিও বৃথা নয়, তথাপি উহাকে প্রশংসা করা যায় না। দ্রব্য লুণ্ঠিত হওয়া এবং দান করা, সমান

নয়। হে পাণ্ডুনন্দন, এমন কোন্ মন্ত্র আছে, যাহা বর্ণমালার দ্বিপঞ্চাশৎ বর্ণের অন্তর্গত নয়? এমন কোন্ জীব আছে যাহার নাম এই বর্ণমালার অক্ষর দ্বারা উচ্চারিত না হয়। হে কোদণ্ডপাণি! যতক্ষণ পর্য্যন্ত মন্ত্রের রীতি না মিলিতেছে ততক্ষণ মন্ত্র উচ্চারণের ফললাভ হইবে না। সেইরূপ কারণ ও হেতুর সম্মিলনে যে অনিয়মিত কর্ম্ম উৎপন্ন হয়, শাস্ত্রের আনুকূল্য ভিন্ন কর্ম্ম অনুষ্ঠিত হইলেও উহা যথার্থ অনুষ্ঠান নয়, উহা অন্যায় ॥ ১৫ ॥

তত্রৈবং সতি কর্ত্তারমাত্মানং কেবলন্তু যঃ।
পশ্যত্যকৃত বুদ্ধিত্বান্ন স পশ্যতি দুর্ম্মতিঃ ॥ ১৬ ॥

হে মহীয়ান্! কর্ম্মে পাঁচটি কারণের ও পাঁচটি হেতুর কথা বলিলাম। ইহাদের মধ্যে আত্মা কোথায়? মূল কথা, সূর্য্য যেরূপ বিষয়রূপ না হইয়াও দৃশ্য বিষয়কে প্রকাশিত করে, আত্মাও সেইরূপ কর্ম্মরূপ না হইয়া কর্ম্মকে প্রকাশ করে। হে বীরেশ! দ্রষ্টা প্রতিবিম্ব বা দর্পণ হয় না, কিন্তু দুইটিকেই প্রকাশ করে। হে পাণ্ডব! সূর্য্য দিনও নয়, রাত্রিও নয়, দিন রাত্রি প্রকাশ করে। আত্মা কর্ম্মও নয়, কর্ত্তাও নয়, অথচ দুটিকেই প্রকাশ করে। যাঁহার বুদ্ধির এইরূপ বিস্মৃতি আসিয়াছে যে, মনে করে আমিই দেহ, তাহার সমীপে আত্মার বিষয় মধ্য রাত্রির ঘোর অন্ধকার সমাচ্ছন্ন। চৈতন্যরূপী ঈশ্বর বা ব্রহ্মের সীমা যে দেহেই নিবদ্ধ করে, সে-ই আত্মাকে কর্ত্তা বলিয়া বিশ্বাস করে।

আত্মাই কর্ম্ম ও কর্ত্তা এই সিদ্ধান্তে সে লাগিয়া থাকিতে পারে না। সে মনে করে, দেহাভিমানী আমিই কর্ম্ম করি; কিন্তু কর্ম্মের অন্তরালে সাক্ষীস্বরূপে যে আমি আছি, সেই অপরিমিত আত্মা আমাকে দেহদ্বারাই পরিমাপ করিতে চায়। পেচক কি দিনকেই রাত্রি করিয়া লয় না? আকাশে যে সূর্য্য না দেখিয়াছে সে ডোবায় প্রতিবিম্বিত সূর্য্যকেই সত্য বলিয়া মনে করে। প্রতিবিম্বিত সূর্য্যের কারণ ডোবার উৎপত্তি, উহার নাশে সেই সূর্য্যেরও নাশ, আর উহার জল কম্পিত হইলে সূর্য্যেরও কম্পন। নিদ্রিত ব্যক্তির স্বপ্ন সত্যই। রজ্জুগত ভ্রম দূর না হওয়া পর্য্যন্ত উহাতে সর্পভয় থাকিবেই। পাণ্ডুরোগাক্রান্ত দৃষ্টিতে চন্দ্র পীত বর্ণ দেখাইবে। মৃগও মৃগতৃষ্ণিকায় জলের ভ্রমে পতিত হয়। শাস্ত্র ও গুরুসেবা দূরের কথা, যে তাঁহাদের বাতাসও গায় লাগিতে না দিয়া মূর্খের ন্যায় জীবন ধারণ করে, শৃগাল যেরূপ মেঘের নিমিত্ত চন্দ্রের উপরই দোষ আরোপ করে, সে-ও সেইরূপ দেহাত্মবুদ্ধির নিমিত্ত আত্মার উপরেই দেহ আরোপ করে। এই ভুলের নিমিত্ত সে দেহ কারাগারে কর্ম্মের দৃঢ় গ্রন্থি-বন্ধন প্রাপ্ত হয়। বন্ধনের ভাবনা করিয়া ফাঁদের উপর মুক্ত তোতা বসিয়াও কি বদ্ধ হয় না? নির্ম্মল আত্মায় প্রকৃতির কর্ম্মের আরোপণের ফলে কোটি কল্প সে কর্ম্মের বন্ধনে জড়াইয়া থাকে। সমুদ্রজল বাড়বানলকে স্পর্শ করে না। যে কর্ম্মে ব্যাপৃত থাকিয়াও কর্ম্মাস্পৃষ্ট থাকে তাহাকে কে চিনিবে? হারাণো বস্তু প্রদীপ লইয়া খুঁজিলে পাওয়া যায়। মুক্তস্বরূপের বিচার করিতে

করিতেও মুক্তি লাভ হয়। দর্পণ পরিস্কার করিলে উহাতে নিজের মুখই দেখা যায়। নুন জলে পড়িলে জলই হইয়া যায়। প্রতিবিম্ব হইতে ফিরিয়া বিম্বের খোঁজ করিলে বিম্বই হইয়া যায়। বিস্মৃত আত্মার লাভ হইলে সাধুগণের স্থিতি নির্দ্ধারিত হয়। অতএব সর্ব্বদা সাধুগণের স্তুতি এবং বর্ণনা করা কর্ত্তব্য। কর্ম্মে থাকিয়াও যে সুখ দুঃখের বশীভূত নয়, চর্ম্মাচ্ছাদন হইলেও উহা দৃষ্টিকে আচ্ছাদন করে না, সেইরূপ যে মুক্ত, তাহার স্বরূপ যুক্তির সহিত বলিতেছি ॥ ১৬ ॥

যস্য নাহঙ্কৃতো ভাবো বুদ্ধির্যস্য ন লিপ্যতে।
হত্বাপি স ইমাঁ ল্লোকান্ন হন্তি ন নিবধ্যতে ॥ ১৭ ॥

হে জ্ঞানি! অনাদি অবিদ্যায় নিদ্রিত বিশ্বব্যাপারের উপভোগকারীর প্রতি মহাবাক্য উপদেষ্টা, গুরুর কৃপা বর্ষিত হইলে—গুরু মস্তকে হস্ত স্থাপন করিলে—উহাকে জাগ্রত করিলেই বিশ্বের স্বপ্নময় মায়ানিদ্রা ছাড়িয়া সে অদ্বয়ানন্দ লাভ করে। চন্দ্রের উদয়ে মৃগ তৃষ্ণিকার জল শুকাইয়া যায়। বাল্যাবস্থা অতীত হইলে ভূতের কথা মিথ্যা বলিয়া জ্ঞান হয়, ইন্ধন জ্বলিয়া গেলে রন্ধন চলিতে পারে না, ঘুম ভাঙ্গিলে স্বপ্ন দেখায় না। হে কিরীটি! পূর্ব্বোক্ত ব্যক্তিরও অহংতা মমতা থাকে না। অন্ধকার খুঁজিতে সূর্য্য যে গুহাতেই প্রবেশ করুক না, তাহার ভাগ্যে অন্ধকারের দর্শন মিলে না; পূর্ব্বোক্ত ব্যক্তিও অনাত্মস্বরূপকে খুঁজিয়া পায় না। সকল দৃশ্যই তাহার সমীপে দ্রষ্টাসহিত

আত্মারূপে প্রতিভাত হয়। অগ্নি সংযোগে পদার্থ অগ্নিরূপ হয়। কে জ্বালাইল, কে জ্বলিল, উহার পার্থক্য থাকে না। কর্ম্মকে ভিন্ন জানিয়া আত্মাকে কর্ত্তৃত্বের জালে ফেলিবার ভ্রম দূর হইয়া গেলে আত্মস্থ ব্যক্তি দেহকে পৃথক্ বলিয়া মনে করে না। প্রলয়ের জল পৃথক্ প্রবাহের অস্তিত্ব মানে না। পূর্ব্বোক্ত ব্যক্তির পূর্ণ অহংতা দেহমাত্রেই পরিচ্ছিন্ন থাকিতে পারে কি? প্রতিবিম্ব ধরিলে সূর্য্যকে পাওয়া যায় কি? ঘোল মন্থন করিলে কি মাখন পাওয়া যায়? মাখন তুলিয়া লইলে কি আর উহা ঘোলের সঙ্গে মিশ্রিত হয়? অগ্নিকে কাষ্ঠ হইতে পৃথক্ করিলেও কি উহা কাঠের সিন্ধুকে বন্ধ করা যায়? রাত্রির গর্ভভেদ করিয়া সূর্য্য উদিত হইলে কি আর রাত্রি কাছে আসিতে পারে? জ্ঞেয় ও জ্ঞাতা যিনি এক করিয়াছেন তাহার অহঙ্কার দেহাশ্রয়ে থাকিতে পারে না? আকাশ স্থানান্তরে গমন করে না, উহা সর্ব্বত্র ব্যাপ্ত, পূর্ব্বোক্ত ব্যক্তিও যাহাই করুক না কেন, সকলই আত্মাময় হইয়া যায়। তখন কর্ত্তৃত্বাভিমানে কর্ম্মবদ্ধ হইতে কে থাকিবে? আকাশভিন্ন স্থান নাই। সমুদ্রে প্রবাহ হয় না। ধ্রুব নক্ষত্রের গতি নাই। সেইরূপ পূর্ব্বোক্ত ব্যক্তিও চিরকাল একভাবে অবস্থিত। জ্ঞানে তাহার অহঙ্কার দূর হইলেও দেহান্ত পর্য্যন্ত কর্ম্ম থাকে। চলিতে চলিতে বাতাস বন্ধ হইলেও বৃক্ষ শাখার কম্পন কিছু থাকে। কর্পূর বাহির করিয়া লইলেও পেটারিকায় সুগন্ধ থাকিয়া যায়। সঙ্গীত শেষ হইলেও রসমগ্ন ব্যক্তির চিত্ত-প্রসন্নতা রহিয়া যায়। জল বহিয়া গেলেও ভূমির শীতলতা

অবশিষ্ট থাকে। সূর্য্য অস্ত গেলেও সন্ধ্যায় উহার জ্যোতিঃ দীপ্তি কিছু দেখা যায়। লক্ষ্যস্থলে বাণ পৌঁছিলেও উহার যতটুকু বল থাকে ততটুকু দূরে যায়। মৃদ্ভাণ্ড নির্ম্মাণ হইয়া গেলেও কুম্ভকারের ঘূর্ণায়মান চক্র ঘুরিতে থাকে। হে ধনঞ্জয়! দেহাভিমান চলিয়া গেলেও দেহ উৎপত্তির কারণ প্রকৃতির বশে উহাকে কর্ম্মে নিযুক্ত রাখে।

স্বপ্ন দেখিবার নিমিত্ত কাহারও কল্পনা করিতে হয় না। দাবানল কাহাকেও জ্বালাইতে হয় না। আকাশে পরিদৃশ্যমান গন্ধর্ব্বনগর কেহ রচনা করে না। আত্মার চেষ্টা ভিন্নও দেহাদির কারণপঞ্চক নিজেরাই কর্ম্ম উৎপন্ন করে। কারণ পঞ্চক ও হেতু পূর্ব্বজন্মের সংস্কার অনুসারেই বিবিধ কর্ম্ম করায়। উহাতে জগতের ধ্বংস হউক অথবা নূতন সৃষ্টি হউক, তাহাতে আত্মার কিছু ক্ষতি বৃদ্ধি নাই। কুমুদিনী কিরূপে মলিন হইয়া যায়, কমলিনী কিরূপে বিকশিত হয়, সূর্য তাহার খবর রাখে না। বজ্রপাতে পৃথিবীর বুক ভাঙ্গিয়া যায়, অথবা বর্ষা হইয়া নবাঙ্কুর উদ্গত হয়, আকাশ তাহার খোঁজ রাখে না। দেহে থাকিয়াও যে দেহাতীত, জাগ্রত ব্যক্তি যেরূপ স্বপ্ন দেখে না, সে-ও কর্ম্মদ্বারা উৎপত্তি ও লয় কিছুই দেখে না। চর্ম্মচক্ষু দ্বারা দর্শন করে বলিয়া তাহাকে কর্ম্ম করিতেছে বলিয়া মনে হয়। তৃণময় মনুষ্য ক্ষেত্রে দণ্ডায়মান থাকিলে শৃগাল উহাকে সত্য সত্যই ক্ষেত্রের পালক বলিয়া মনে করে। উন্মত্ত ব্যক্তি বস্ত্র পরিধান করিল কিনা অপর লোকেই তাহা বলিতে পারে। যুদ্ধে নিহত

সৈনিকের আঘাতের চিহ্ন দর্শকেই গণনা করে। মহাসতীর প্রসাধন অলঙ্করণাদি ভোগ অপরে দেখে। সহমরণে সে অগ্নি, দেহ বা অপরের দিকে দৃষ্টিপাত করে না, সে একান্তভাবে পতিপ্রেমেই নিমগ্ন থাকে। সেইরূপ দ্রষ্টা আত্মস্বরূপ লাভপূর্ব্বক দৃশ্য বস্তুর সহিত লীন হইয়া গেলে ইন্দ্রিয় ব্যাপারে তাহার অভিনিবেশ থাকে না। বৃহৎ তরঙ্গে ক্ষুদ্র তরঙ্গ মিলিত হইয়া যায়, তীরস্থ লোকে তাহা দেখে, ক্ষুদ্র তরঙ্গের জল গ্রাস করিবার মত জল ছাড়া ওখানে আর কিছু নাই। পূর্ণতা লাভ করিবার পর বিনাশ করিবার নিমিত্ত দ্বিতীয় কোন বস্তু অবশিষ্ট থাকে না।

হিরণ্ময় দেবীপ্রতিমার হাতের শূলও স্বর্ণের আর স্বর্ণের মহিষাসুরকেই তিনি বধ করেন। মন্দিরের পূজারীর সমীপে প্রতিমা, শূল ও অসুরসংহার সকলই যথার্থ। বস্তুতঃ দেবী, শূল ও মহিষ স্বর্ণময়ই থাকে। চিত্রে অঙ্কিত জল ও অগ্নি দৃষ্টির ভ্রম মাত্র। সত্যকার অগ্নি ও জল চিত্রে থাকিতে পারে না। মুক্ত পুরুষের দেহ ও পূর্ব্ব সংস্কারবশে কর্ম্ম করে বলিয়া ভ্রমযুক্ত জীব তাহাকেই কর্ত্তা মনে করে। তাহার কর্ম্ম দ্বারা ত্রিলোকের ধ্বংস হইলেও তিনি উহা করিলেন, এরূপ মনে করিও না। অন্ধকারে আলোক প্রবেশ করা মাত্র অন্ধকার ধ্বংস হইয়া যায়, তখন কোন কথা বলিবারও অবসর থাকে না। জ্ঞানীর দ্বৈতভাব মাত্র থাকে না, সে কাহাকে বিনাশ করিবে? তাহার বুদ্ধি পাপ ও পুণ্যের কথা জানে না। গঙ্গার সহিত মিলিত হইলে কোনও নদীর অশুদ্ধতা থাকে না। অগ্নি অগ্নির

সহিত মিলিত হইয়া উহাকে প্রজ্বলিত করিতে পারে কি? শস্ত্র কি নিজহস্তে ক্ষত করিতে পারে? যে কর্ম্মকে পৃথক্ জানে না, সে কিসের সহিত লিপ্ত হইবে? কার্য্য, কর্ত্তা ও ক্রিয়াকে এইভাবে অপৃথক্ জানিলে দেহাদি কর্ম্মবন্ধন থাকে না। কর্ত্তৃত্বাভিমানী জীব পঞ্চমহাভূতের খনি খনন পূর্ব্বক অতি নৈপুণ্যের সহিত দশ ইন্দ্রিয়ের যন্ত্রপাতি লইয়া কর্ম্মময় গৃহ রচনা করিয়াছে। উহাতে পুণ্য ও পাপের দুই রূপ এবং কর্ম্মময় মন্দির। তবে নিশ্চয় জানিও এতবড় কাজেও আত্মা সহায়ক হয় না। যদি বল আরম্ভের সময় আত্মার সহায়তা স্বীকার করিতে হয়—তদুত্তরে বলিব আত্মা সাক্ষী, জ্ঞানস্বরূপ, কর্ম্ম-প্রবৃত্তি ও সঙ্কল্পের নিমিত্ত সে কিরূপে আজ্ঞা দিতে পারে? কর্ম্ম প্রবৃত্তি ব্যাপারে তাহার কোন শ্রম নাই। জীবই প্রবৃত্তির বেগার খাটে। যে ব্যক্তি কেবল আত্মস্বরূপ হইয়া অবস্থান করে, সে এই কর্ম্মের কারাগারে আবদ্ধ হয় না। অজ্ঞানের পটে বিপরীত জ্ঞানের যে চিত্র প্রতিবিম্বিত হয়, উহা অঙ্কনের নিমিত্ত ত্রিপুটীই প্রসিদ্ধ ॥ ১৭ ॥

জ্ঞানং জ্ঞেয়ং পরিজ্ঞাতা ত্রিবিধা কর্ম্মচোদনা।
করণং কর্ম্ম কর্ত্তেতি ত্রিবিধঃ কর্ম্মসংগ্রহঃ ॥ ১৮ ॥

জ্ঞান, জ্ঞাতা ও জ্ঞেয় সংসারের বীজভূত। এই ত্রিপুটী কর্ম্মের প্রবৃত্তি জন্মায়। পৃথক্ ভাবে উহাদের বর্ণনা করিতেছি। জীব-সূর্য্য-বিম্বের কিরণে শ্রোত্রাদি পঞ্চ জ্ঞানেন্দ্রিয় হেতু বিষয়

কমল-কোরক বিকশিত হইলে অথবা জীব-নৃপতির মুক্তপ্রগ্রহ ইন্দ্রিয় অশ্বসমূহ বিষয়ের পথে ছুটিয়া গেলে, ইন্দ্রিয় মধ্যে থাকিয়া যে সুখ দুঃখ প্রদান করে, অথচ ইন্দ্রিয় ব্যাপার, সুখ দুঃখাদি লয়ের অবস্থায় সুষুপ্তির সময়ও যে থাকে, সেই জীব জ্ঞাতা। হে পাণ্ডব, প্রথমতঃ জ্ঞানের কথা বলিয়াছি, কারণ সে অবিদ্যার গর্ত্ত হইতে উঠিয়া নিজেই ত্রিবিধমূর্ত্তি ধারণ করে। সম্মুখে জ্ঞেয় পতাকা উত্তোলন করিয়া পশ্চাতে জ্ঞাতা হইয়া দাঁড়ায়। সে জ্ঞাতা ও জ্ঞেয় এই দুইএর মধ্যে অবস্থান পূর্ব্বক সম্বন্ধ স্থাপন করে। জ্ঞেয় সীমা লঙ্ঘন করিয়াই তাহার দৌড় থামিয়া যায়। পদার্থ সমূহের নামও সাধারণ জ্ঞান। শব্দ, স্পর্শ, রূপ, রস ও গন্ধ এই পাঁচটি জ্ঞেয়ের লক্ষণ। পৃথক্ ইন্দ্রিয় দ্বারে একই আম্রের রস, বর্ণ ও সুগন্ধ পৃথক্ অনুভূত হয়। জ্ঞেয় বস্তু এক হইলেও পঞ্চ জ্ঞানেন্দ্রিয়দ্বারে পঞ্চপ্রকার অভিব্যক্তি।

প্রবাহ সমুদ্রে যাইয়া শেষ হইয়া যায়। সীমায় পৌঁছিলে দৌড় সমাপ্ত হয়। ধান হইলে গাছ আর বড় হয় না। ইন্দ্রিয়ের পথে ছুটিয়া জ্ঞানের সীমা লাভ হইলে উহাকে জ্ঞেয় বলে। এই তিনের কর্ম্মপ্রবৃত্তি এবং শব্দাদি বিষয় প্রিয় বা অপ্রিয় হয়। হে ধনঞ্জয়, জ্ঞান অতি অল্প, জ্ঞেয় উপস্থিত করা মাত্র জ্ঞাতা উহা স্বীকার বা ত্যাগে প্রবৃত্ত হয়। মীনের প্রতি বক, দ্রব্যের নিমিত্ত দরিদ্র, স্ত্রীর সমীপে কামুক যে ভাবে ছুটে, জ্ঞেয়ের প্রতি জ্ঞাতার ভাবও তদনুরূপ। যেভাবে জল উচ্চ স্থান হইতে বেগে নামিয়া আসে—কুসুমগন্ধ ভ্রমরকে আকর্ষণ করে,—সন্ধ্যাকালে

বন্ধন মুক্ত বৎস গাভীর নিমিত্ত ছুটিয়া যায়—স্বর্বেশ্যা উর্বশীর কথা শুনিয়া মানুষ স্বর্গের নিমিত্ত যজ্ঞের সিঁড়ি নির্ম্মাণ করে—কপোত বহুদূর আকাশে উঠিয়াও কপোতীর লোভে পতিত হয়—মেঘের গর্জ্জন শুনিয়া ময়ূর আকাশের দিকে ছুটিয়া যায়, সেইভাবে জ্ঞেয়ের দিকে জ্ঞাতা ধাবিত হয় ! নিখিল কর্ম্ম প্রবৃত্তির মূল জ্ঞান, জ্ঞেয় ও জ্ঞাতা। ভাগ্যবশে জ্ঞেয় জ্ঞাতার প্রিয় হইলে ভোগের নিমিত্ত ক্ষণকালেরও অপেক্ষা সহ্য হয় না, প্রতিকূল হইলে ত্যাগ করিয়াও ক্ষণকালকে যুগের ন্যায় মনে হয়। সর্প বা রত্নহার দেখা মাত্রই ভয় বা আনন্দ উদিত হয়। প্রিয় বা অপ্রিয় জ্ঞেয় সম্বন্ধে জ্ঞাতার সেই ভাব। প্রিয়কে গ্রহণ ও অপ্রিয়কে ত্যাগ করিতে সততই তাহার চেষ্টা। সমবল প্রতিযোদ্ধা দর্শনে মল্লবীর যুদ্ধ করিবার নিমিত্ত রথ ত্যাগ পূর্ব্বক ভূমিতে অবতরণ করে। সেইরূপ জ্ঞাতাই কর্ম্ম ও কর্ত্তা হয়। স্বয়ং ভোজনকারীও অনেক সময় রন্ধনে নিযুক্ত হয়। ভ্রমরই যদি উদ্যান রচনা করে, নিকষ পাথর নিজেই স্বর্ণ রেখাপাত করে, দেবতা মন্দির নির্ম্মাণ করে, তবেই জ্ঞেয়ের অভিলাষ অনুসারে ইন্দ্রিয়দ্বারে জ্ঞাতার কর্ম্মপ্রবৃত্তির তুলনা হয়। হে পাণ্ডব, এই অবস্থায় জ্ঞাতা কর্ত্তা হয়। স্বয়ং কর্ত্তা হইয়া সে জ্ঞানকে কারণ এবং জ্ঞেয়কে কার্য্যরূপে পরিণত করে। হে সুমতি, এইভাবে জ্ঞানের নিজের গতি পরিবর্ত্তিত হয় এবং রাত্রিকালে নেত্রশোভা পরিবর্ত্তনের ন্যায় অথবা প্রারব্ধ প্রতিকূলে ভাগ্যবিপর্য্যয়ের ন্যায় এবং পূর্ণিমার পর চন্দ্রালোকের পরিবর্ত্তনের ন্যায় ইন্দ্রিয় ব্যাপারে জ্ঞাতা

কর্ত্তৃত্বের জালে আবদ্ধ হয়। কিভাবে এই অবস্থা ঘটে তাহা বলিতেছি।

বুদ্ধি, চিত্ত, মন ও অহঙ্কার ইহারা অন্তরেন্দ্রিয়। চক্ষু, কর্ণ, নাসিকা, জিহ্বা ও ত্বক্ ইহারা বহিরিন্দ্রিয়। অন্তরেন্দ্রিয় দ্বারা কর্ত্তা কর্ত্তব্যের নির্দ্ধারণে উহা সুখের বোধ হইলে বাহ্য ইন্দ্রিয় চক্ষুরাদিকে জাগ্রত করিয়া ব্যাপারে প্রবৃত্ত করে। কর্ত্তব্য সম্পন্ন না হওয়া পর্য্যন্ত ইন্দ্রিয় বিষয়ব্যাপারে লাগিয়া থাকে। ফল দুঃখময় বোধ হইলে ইন্দ্রিয় গুলিকে সেই বিষয় ত্যাগে উদ্বুদ্ধ করে। দুঃখ নির্মূল না হওয়া পর্য্যন্ত দিনরাত্রি কর্ম্ম শেষ হয় না। বাতাস যেদিকে প্রবাহিত হয় তূষ সেইদিকেই উড়িয়া যায়। জ্ঞাতার ত্যাগ বা স্বীকারের অনুসারে ইন্দ্রিয়ের প্রবৃত্তি হইলে জ্ঞাতাকে কর্ত্তা বলে। ইন্দ্রিয় এইভাবে সকল কর্ম্মে কর্ত্তাকে ক্ষেত্রে নিযুক্ত কৃষকের ন্যায় সর্ব্বদা নিযুক্ত রাখে। এই নিমিত্ত ইন্দ্রিয়কে করণ বলে। এই করণ দ্বারা কর্ত্তা যে ক্রিয়া করে উহার ব্যাপ্য কর্ম্ম। স্বর্ণকারের বুদ্ধি দ্বারা অলঙ্কার ব্যাপ্ত। চন্দ্রের কিরণে চন্দ্রিকা ব্যাপ্ত। সৌন্দর্য্য দ্বারা শ্রীফল ব্যাপ্ত। প্রভাদ্বারা প্রকাশ ব্যাপ্ত। হে পাণ্ডব, কর্ত্তার ক্রিয়া দ্বারা যে ব্যাপ্ত উহাই কর্ম্ম।

হে জ্ঞানিশ্রেষ্ঠ, কর্ত্তা, কর্ম্ম ও করণ তিনটিরই লক্ষণ বলিয়াছি। জ্ঞাতা, জ্ঞান ও জ্ঞেয় এই তিনে কর্ম্ম-প্রবৃত্তি। কর্ত্তা, করণ ও কার্য্যের সাহিত্যে কর্ম্ম। ধূম অগ্নিতে প্রবেশ করিয়া থাকে, বীজে বৃক্ষ লুকাইয়া থাকে, মনে সঙ্কল্প বিকল্প লুকাইয়া জমিয়া

থাকে। সেইরূপ কর্ত্তা, ক্রিয়া, করণই কর্ম্মের জীবন। উহাদের মধ্যেই কর্ম্ম লুকাইয়া থাকে। খনিই স্বর্ণের জন্ম স্থান। হে পাণ্ডব, এইটি কর্ত্তব্য, আর আমি কর্ত্তা, এরূপ প্রবৃত্তির উদয় স্থল ক্রিয়ার ভূমি হইতে আত্মা দূরে অবস্থান করে। হে সুমতি, বারংবার বলিয়াছি যে, আত্মা কর্ম্ম হইতে সম্পূর্ণ স্বতন্ত্র ॥ ১৮ ॥

জ্ঞানং কর্ম্ম চ কর্ত্তা চ ত্রিধৈব গুণভেদতঃ।
প্রোচ্যতে গুণসংখ্যানে যথাবচ্ছৃণু তান্যপি ॥১৯॥

জ্ঞান, কর্ম্ম ও কর্ত্তা গুণভেদে ত্রিবিধ। হে ধনঞ্জয়, ইহাদের বিশ্বাস করিও না; যেহেতু দুই গুণ বন্ধনকারক, মাত্র সত্ত্ব মুক্তির সহায়ক। সাংখ্য শাস্ত্রানুসারে উহাদের বলিতেছি। সাংখ্যশাস্ত্র বিচারের ক্ষীরসমুদ্র, আত্মজ্ঞানের কুমুদিনীবিকাশে কৌমুদী, জ্ঞান-নেত্র, শাস্ত্র সম্রাট্, প্রকৃতি পুরুষ মিশ্রিত রাত্রি দিন প্রকাশক সূর্য্য। চতুর্বিংশতি তত্ত্বের মাপকাঠিতে অপরিমিত মোহের পরিমাপক ও পরতত্ত্বসুখ প্রকাশক। হে অর্জ্জুন, যে গুণের কথা বলিতেছি, উহারা নিজবলে ত্রিবিধ চিহ্নাঙ্কিত করিয়া সমস্ত দৃশ্য বস্তু অঙ্কন করিয়াছে। ইহাদের মহিমা এত যে, সৃষ্টির আদি ব্রহ্মা হইতে সর্ব্বশেষ কীটে পর্য্যন্ত ইহারা আছে। যাহা হইতে পৃথক্ হইয়া সৃষ্ট জগৎ গুণভেদ ক্ষেত্রে পড়িয়াছে, সেই শুদ্ধ জ্ঞানের কথা এখন বলিব। দৃষ্টি স্বচ্ছ হইলে সকলবস্তুই পরিষ্কার দেখা যায়।

শুদ্ধজ্ঞানেও সকলই শুদ্ধ বলিয়া বোধ হয়! কৈবল্য গুণনিধান শ্রীকৃষ্ণ বলিলেন, সাত্ত্বিক জ্ঞানের কথা শ্রবণ কর ॥১৯॥

সর্ব্বভূতেষু যেনৈকং ভাবমব্যয়মীক্ষতে।
অবিভক্তং বিভক্তেষু তজ্‌জ্ঞানং বিদ্ধি সাত্ত্বিকম্ ॥২০॥

হে অর্জ্জুন, শুদ্ধ জ্ঞানের উদয়ে জ্ঞাতা ও জ্ঞেয় লয় পায়। সূর্য্যোদয়ে অন্ধকার থাকে না। নদী সমুদ্র কি প্রকার তাহা জানে না। নিজের প্রতিবিম্বকে আলিঙ্গন করা যায় না। শুদ্ধ জ্ঞানেও শঙ্কর হইতে চরাচর বিশ্ব পর্য্যন্ত ভিন্ন দেখা যায় না। সদ্য চিত্রাঙ্কনের উপর হাত দিয়া মুছিয়া ফেলিলে, লবণকে জল দিয়া ধুইলে, স্বপ্ন দেখিতে দেখিতে জাগ্রত হইলে উহা থাকে না। শুদ্ধ জ্ঞানেও জ্ঞাতা, জ্ঞেয় ও জ্ঞান বিলীন হয়। অলঙ্কার গলাইয়াও উহা হইতে স্বর্ণ পৃথক্ করা যায় না, জল ছানিয়াও তরঙ্গ পৃথক্ করা অসম্ভব, বস্তু হইতেও শুদ্ধ জ্ঞান পৃথক্ করা যায় না। উহাই সাত্ত্বিক জ্ঞান। কৌতুক করিয়াও দর্পণের সম্মুখে দাঁড়াইলে দ্রষ্টা নিজের প্রতিবিম্বকেই সম্মুখে দেখে। জ্ঞান দ্বারাও জ্ঞাতা, জ্ঞেয়, বিপরীত ভাবে জ্ঞানের বিষয় হয়। সাত্ত্বিক জ্ঞান মোক্ষশ্রীর মন্দির। এখন রাজস জ্ঞানের কথা শ্রবণ কর ॥২০॥

পৃথক্ত্বেন চ যজ্‌জ্ঞানং নানাভাবান্ পৃথগ্‌বিধান্।
বেত্তিসর্বেষু ভূতেষু তজ্‌জ্ঞানং বিদ্ধি রাজসম্ ॥২১॥

ভেদাশ্রয়ে যে জ্ঞানের প্রবৃত্তি উহাই রাজস জ্ঞান। ভূত-

মাত্রে ভিন্নত্বরূপে ব্যাপ্ত হইয়া তাহাদের বিচিত্রতা প্রদর্শন পূর্ব্বক জ্ঞাতাকে সে ভ্রমে ফেলিয়া দেয়। সত্যস্বরূপের উপর বিস্মৃতির আবরণ টানিয়া জীবকে নিদ্রা স্বপ্নের কষ্ট অনুভব করায়। এই রাজস জ্ঞানও আত্মজ্ঞান মন্দিরের বাহিরে মিথ্যা মোহের চক্রে ফেলিয়া জাগ্রৎ, স্বপ্ন ও সুষুপ্তির ক্রীড়া প্রদর্শন করে। অলঙ্কারের উপাধি আবৃত স্বর্ণ বালকের জ্ঞান হয় না, সেইরূপ যে জ্ঞানে নাম ও রূপের জ্ঞান হয়, অথচ অদ্বৈত জ্ঞান দূরে থাকে, উহাই রাজস জ্ঞান। অজ্ঞ-ব্যক্তি ঘট-কলশীরূপে মৃত্তিকাকে দেখিতে পায় না। প্রদীপের রূপে অগ্নি অপরিচিত হইয়া পড়ে। বস্ত্রে তন্তুর অবস্থান অজ্ঞের কাছে ধরা পড়ে না। চিত্র দেখিয়া উহার আশ্রয় পট ভুল হইয়া যায়। এই রাজস জ্ঞানেও ভিন্ন ভিন্ন রূপ দেখিয়া একতা জ্ঞান লোপ পায়। কাষ্ঠ ভিন্ন হইলে অগ্নির পার্থক্য ধরা পড়ে, পুষ্প ভিন্ন ভিন্ন হইলে গন্ধ পৃথক্ বুঝা যায়, পৃথক্ জলাশয়ে পূর্ণচন্দ্রও পৃথক্ দেখায়। ক্ষুদ্র বৃহৎ বহু পদার্থে সর্ব্বত্র সেই সেই মূর্ত্তি ধরিয়া রাজস জ্ঞান রহিয়াছে। এখন তামস জ্ঞানের কথা শ্রবণ কর। উহাও ভালরূপে বুঝিয়া লও। নৃশংস হইতে আত্মরক্ষা করিতে হইলে তাহার গৃহও চিনিয়া লইতে হয় ॥২১॥

যত্তু কৃৎস্নবদেকস্মিন্ কার্য্যে সক্তমহৈতুকম্।
অতত্ত্বার্থবদল্পঞ্চ তৎ তামসমুদাহৃতম্ ॥ ২২ ॥

হে কিরীটি, বিধিবিধানের বস্ত্র বিহীন হইয়া বিচরণ করে

বলিয়া শ্রুতি যে জ্ঞানে পরাঙ্মুখ, আবার শাস্ত্রও বহিরঙ্গ বলিয়া যাহাকে অপবিত্র মনে করে এবং ম্লেচ্ছ ধর্ম্ম পর্ব্বতের দিকে তাড়াইয়া দেয়—তমোগুণ নক্র গ্রাস পূর্ব্বক ভ্রামিত করে—যে জ্ঞান বিধি নিষেধ মানে না, উহাই তামস জ্ঞান। খাদ্যাভাবে গ্রাম্য কুকুর যাহা গিলিতে পারে না, আর যাহা জ্বালাকর, উহা ভিন্ন সকলই খায়। স্বর্ণালঙ্কার চুরি করিতে গিয়া ইতর ভাল মন্দ বিচার করে না। মাংসাশী কাল বা সাদা পশুর মাংস উহা বিচার করিতে পারে না। দাবানল কোন্ বৃক্ষটি কত মূল্যের তাহা বিচার করে না। মৃত বা জীবিত বিচার করিয়া মাছি কাহারও গায়ে বসে না। সিদ্ধ হইতেছে, পরিবেশন করিয়াছে, পচা অথবা টাট্‌কা ভাতের বিচার কাক করে না। সেইরূপ যে জ্ঞান বিষয়ে লিপ্ত থাকিয়া নিষিদ্ধ ও বিহিত কর্ম্মের বিচারহীন, উপনীত যে কোন বিষয়ের সেবাপরায়ণ, স্ত্রীবিষয় শিশ্নকে এবং দ্রব্য বিষয় উদরকেই প্রধানভাবে দেয়, উহাই তামস। তামস জ্ঞানে তৃষ্ণাতুর হইলে যে কোন জল পান করায়, পবিত্র বা অপবিত্র বিচার থাকে না, খাদ্যাখাদ্য নিন্দ্য-অনিন্দ্য বিচার করিতে দেয় না। রসনায় তৃপ্তিকর যে কোন বস্তু গ্রহণ করে। স্পর্শেন্দ্রিয় সঙ্গলালসায় ডুবিয়া থাকে এবং স্ত্রীসঙ্গের নিমিত্ত ইচ্ছা প্রবল হয়। স্বার্থসিদ্ধি হইলেই মিত্রতা ও দেহ সম্বন্ধই প্রকৃত সম্বন্ধ বলিয়া বুঝায়। মৃত্যুর খাদ্য সমগ্রজগৎ, অগ্নির ইন্ধন নিখিল বস্তুসমূহ; তামস জ্ঞানেও সমস্ত জগতের সম্পত্তি নিজের ভোগের নিমিত্ত জ্ঞান করায়। দেহ

পোষণই তাহার সর্ব্বশ্রেষ্ঠ কর্ত্তব্য। আকাশের জলের একমাত্র আশ্রয় সমুদ্র। তামস জ্ঞানে এক উদর ভরণেই সকল কর্ম্মের তাৎপর্য্য। উহাতে স্বর্গ, নরক, প্রবৃত্তি ও নিবৃত্তির জ্ঞান থাকে না। দেহকে আত্মা জানিয়া প্রস্তর মূর্ত্তির অতিরিক্ত ঈশ্বরের জ্ঞানেও বুদ্ধির গতি থাকে না! সে মনে করে, দেহ পাতেই কর্ম্ম সহিত আত্মার বিনাশ, দেহাতিরিক্ত ভোক্তা কেহ থাকে না। যদি বল ঈশ্বরই সর্ব্বদ্রষ্টা এবং কর্ম্মফল ভোগদাতা, তবে মূর্ত্তির কোন্ প্রয়োজন, অতএব দেবমূর্ত্তিগুলি বিক্রয় করিয়া উদর সংস্থান হউক। আর যদি বল, মন্দিরের দেবতা কর্ম্মফল দাতা, তবে দূরস্থিত পর্ব্বতও অধিকতর কর্ম্মফল দাতা হইতে পারে; তাহাকেই পূজা কর না। তামস জ্ঞানী দেবতাকে মানিলেও প্রস্তর মূর্ত্তি ভিন্ন তাহার চিন্ময় ভাগ গ্রহণ করিতে পারে না। সে দেহকেই আত্মা মনে করিয়া পাপ, পুণ্যকে মিথ্যা বলে। সর্ব্বভুক্ অগ্নির ন্যায় সে যথেচ্ছ উপভোগ করে। চক্ষুতে যাহা দেখা যায়—ইন্দ্রিয়ের সুখদায়ক হয়, উহাই তাহার বিচারে উৎকৃষ্ট। হে পার্থ, ধূম গোলক বৃথাই আকাশে উঠে—তাহার বৃদ্ধিও সেইরূপ বৃথা। ইক্ষুর ফল, নপুংসক লোক, সকল অবস্থায় অকর্ম্মণ্য, বৃহদাকার হইলেও অপদার্থ বৃক্ষ নিরর্থক। বালকের মন, চৌরের ধন, অজাগলস্তনের ন্যায় যে জ্ঞান বৃথা এবং নিন্দনীয়, উহাকে তামসিক জ্ঞান বলি। উহাকে জ্ঞান বলা জন্মান্ধকে পদ্মলোচন বলার ন্যায়। বধিরকে তীক্ষ্ণ শ্রুতিধর, অপেয়কে পানীয় বলার মতই তামস জ্ঞানকে জ্ঞান নামে বৃথা

অভিহিত করা হইয়াছে। উহা প্রত্যক্ষ অন্ধকার। হে শ্রোতৃশিরোমণি, গুণাতীত জ্ঞানের কথা—তোমাকে পূর্ব্বে বলিয়াছি। হে ধনুর্দ্ধর, তিন প্রকার কর্ত্তার ক্রিয়াও জ্ঞানের দ্বারা প্রকাশ পায়। প্রবাহিত জল পৃথক্ ধারা হওয়ার ন্যায় ক্রিয়াও ত্রিবিধ হয়। ত্রিবিধ কর্ম্মের মধ্যে সাত্ত্বিক কর্ম্মের লক্ষণ শ্রবণ কর ॥ ২২ ॥

নিয়তং সঙ্গরহিতমরাগদ্বেষতঃ কৃতম্।
অফলপ্রেপ্সুনা কর্ম্ম যৎতৎ সাত্ত্বিকমুচ্যতে ॥ ২৩ ॥

পতিব্রতা নিজের প্রিয় পতিকেই আলিঙ্গন করে। সাত্ত্বিক কর্ম্মও অধিকার অনুসারে কৃত হয় এবং সর্ব্বতঃ সমাদর লাভ করে। শ্যামল দেহে চন্দন ও স্ত্রীলোকের নেত্রে কজ্জলের ন্যায় সেই কর্ম্ম স্বাধিকারের শোভা বর্দ্ধন করে। নির্ম্মল নিত্য কর্ম্মের সহিত নৈমিত্তিক কর্ম্মের মিলনে মনে হয় স্বর্গের সুগন্ধ লাভ হইয়াছে। মাতা কায় মনে বালকের রক্ষা করে, কখনও বিরক্ত হয় না, সর্ব্বস্ব মনে করিয়া মাতার ন্যায় কর্ম্মফলের আশাহীন, কর্ম্ম ব্রহ্মে সমর্পিত হইলে উহাকে সাত্ত্বিক বলা যায়। প্রিয় পতি গৃহে ভোজনে বসিলে পরিবেশনকারিণী ব্যঞ্জনাদি নিজের জন্য থাকিবে কিনা সেইরূপ বিচার করে না। সৎপ্রসঙ্গে এইরূপ যে কর্ম্ম দুঃখ দেয় না, অনুষ্ঠিত হইলে আনন্দে উৎফুল্ল করে না, এই ভাবে যুক্তিযুক্ত কর্ম্ম সাত্ত্বিক বা সত্ত্বগুণ যুক্ত বলিয়া অভিহিত হয়। এখন রাজসিক কর্ম্মের লক্ষণ বলি ॥ ২৩ ॥

যত্তু কামেপ্সুনা কর্ম্ম সাহঙ্কারেণ বা পুনঃ।
ক্রিয়তে বহুলায়াসং তদ্রাজসমুদাহৃতম্ ॥ ২৪ ॥

মূর্খ স্বগৃহে পিতামাতাকে সম্ভাষণ করে না, বাহিরে সকলকেই খুব আদর করে। দূর হইতেও তুলসীর বৃক্ষে এক ফোঁটা জল দেয় না, দ্রাক্ষালতার মূলে দুগ্ধ সেচন করে। সেইরূপ নিত্যনৈমিত্তিক কর্ম্মের নামে উঠিয়া বসিতে কষ্ট বোধ করে, কাম্যকর্ম্মের নিমিত্ত দেহ ধন সকলই প্রচুর খরচ করিয়াও তৃপ্ত হয় না। দ্বিগুণ মূল্য পাইলে বিক্রয়ে সঙ্কোচ থাকে না—বীজবপন কালে কেহ ভয় করে না—স্পর্শমণি পাইলে লৌহ ক্রয়ে যথাসর্ব্বস্ব ব্যয় করা যায়; সেইরূপ ভবিষ্যতে ফলের আশায় কঠিন কাম্য কর্ম্মে ব্যয়ে কিছুমাত্র সঙ্কোচ থাকে না। ফলাকাঙ্ক্ষী ব্যক্তি যে কাম্যকর্ম্ম বিধি অনুসারে অনুষ্ঠান করে তাহাকে রাজস কর্ম্ম বলে। কর্ম্মানুষ্ঠান পূর্ব্বক যে উহা প্রচার করে এবং অভিমানে গর্ব্বিত হয়—ঔষধেও অপ্রশমিত কালাজ্বরের মত পিতা ও গুরুকে যে মানে না, সেই ফলাকাঙ্ক্ষী অহঙ্কারীর সমাদৃত কর্ম্মমাত্রই রাজস। রাজস কর্ম্মে তাহাকে কষ্টও ভোগ করিতে হয়। বাজীকর উদর পূরণের নিমিত্ত কষ্ট স্বীকার করে। মূষিক একটি ক্ষুদ্র কণা লাভের নিমিত্ত পর্ব্বত প্রমাণ ভূমি ছিদ্র করিয়া ফেলে। ভেক্ অল্প শৈবালের নিমিত্ত বহু জল কর্দ্দমাক্ত করে। সাপুড়ে ভিক্ষা ছাড়া কিছু না পাইলেও সর্প মাথায় করিয়া গৃহে গৃহে ফিরে। বল্মীক-কীট

পরমাণু লাভের নিমিত্ত পাতালে প্রবেশ করে। স্বর্গসুখপ্রাপ্তির একটুর নিমিত্তও শ্রম স্বীকারকে এবং সকাম কর্ম্মকে রাজস কর্ম্ম বলে। তামস কর্ম্মের লক্ষণ শ্রবণ কর ॥ ১৪ ॥

অনুবন্ধং ক্ষয়ং হিংসামনপেক্ষ্য চ পৌরুষম্
মোহাদারভ্যতে কর্ম্ম যৎ তৎ তামসমুচ্যতে ॥ ২৫ ॥

নিন্দাদ্বারা কলঙ্কিত পাপময় কর্ম্ম যাহা হইতে নিষেধের জন্ম সার্থক হইয়াছে, উহাকেই তামস কর্ম্ম বলে। জলের উপর রেখাপাত করিলে উহা দেখা যায় না। তামসিক কর্ম্মেও কোন ফল হয় না। পচা ভাতের জল মথন করিলে, ভস্মে ফুৎকার দিলে, ঘানিতে বালুকা দিলে, নিষ্ফল হয়। তুষারঘাত, আকাশে ছিদ্র, বায়ুকে বন্ধন, বৃথা। তামসিক কর্ম্মও বৃথা। উহাতে দৈহিক ক্ষয়, সাংসারিক সুখ নাশ। কমলের বনে কণ্টকময় জাল দিয়া কমল পাইবার চেষ্টায় শুধু ক্লেশভোগ এবং কমলের ধ্বংসই হয়। প্রদীপকে হিংসা করিয়া পতঙ্গই পুড়িয়া মরে, প্রদীপকে নিভাইয়া অপরের নিমিত্ত অন্ধকার করে। তামসিক কর্ম্মে বৃথা ধনব্যয়, শরীরের ক্লেশ, অপরের দুঃখ। মাছি গলায় ঢুকিলে মরিয়া, যাহার গলায় ঢোকে তাহাকে বমনের ক্লেশ দেয়। তামসিক কর্ম্মও ঐরূপ। অবিচারে কৃত কর্ম্ম সামর্থ্যকেও অতিক্রম করে। লাভ ক্ষতির দিকে দৃষ্টি করে না, শুধু অভিমানকে বৃদ্ধি করে। অগ্নি নিজের স্থানটিকে পুড়িয়া চারিদিকে ছড়াইয়া পড়ে, সমুদ্রে বান ডাকিলে সে

নিজের মর্য্যাদা লঙ্ঘন করে। তামসিক কর্ম্ম ও কর্ত্তব্যাকর্ত্তব্য স্বধর্ম্ম পরধর্ম্মের উৎকর্ষ বা অপকর্ষ বিচার রাখে না। হে অর্জ্জুন! গুণত্রয় অনুসারে কর্ম্মের বিচার করা হইল। কর্ম্মাভিমানী জীবও ত্রিবিধ। একই ব্যক্তি ব্রহ্মচর্য্য, গার্হস্থ্য, বানপ্রস্থ ও সন্ন্যাস আশ্রম ভেদে চারি প্রকারে পরিচিত হইতে পারে। কর্ম্মভেদে কর্ত্তাও সাত্ত্বিক, রাজসিক ও তামসিক। অধুনা সাত্ত্বিক কর্ত্তার পরিচয় মনোযোগ পূর্ব্বক শ্রবণ কর ॥ ২৫ ॥

মুক্তসঙ্গোঽনহংবাদী ধৃত্যুৎসাহসমন্বিতঃ।
সিদ্ধ্যসিদ্ধ্যোর্নির্ব্বিকারঃ কর্ত্তা সাত্ত্বিক উচ্যতে ॥২৬॥

মলয়াচলে চন্দনতরু শাখা ও ফলের আশা ত্যাগ করিয়া সরল ভাবে বৃদ্ধি প্রাপ্ত হয়। পানের ফল না হইলেও উহা প্রয়োজনীয়। নিত্য নৈমিত্তিক কর্ম্মের ফল না থাকিলেও উহারা বিফল নয়। হে পাণ্ডব! উহারাই ফল, উহারা আর কি ফল প্রসব করিবে? আদর পূর্ব্বক বহু ক্রিয়ারত হইয়াও বর্ষার মেঘের মত যে কর্ত্তৃত্বের অভিমান করে না পরমাত্মাকে সমর্পণের যোগ্য কর্ম্ম হউক—এই নিমিত্ত যে কালের বিধানকে লঙ্ঘন করে না, দেশশুদ্ধি ও শাস্ত্রানুসারে কর্ম্মের নির্ণয় পূর্ব্বক ইন্দ্রিয় ও মনোবৃত্তির ঐক্য দ্বারা চিত্তকে ফলপ্রাপ্তির আশা হইতে নিয়মের শৃঙ্খলে বাঁধিয়া দূরে রাখে এবং সর্ব্বদা প্রতিবন্ধ সহিবার মত ধৈর্য্য ধারণ করে—শুধু আত্ম দর্শনের ইচ্ছায় কর্ম্মানুষ্ঠানে

দেহসুখেরও অপেক্ষা করে না, সে-ই সাত্ত্বিক কর্ত্তা। ক্রমশঃ নিদ্রার হ্রাস, ক্ষুধার বিস্মরণ, দেহসুখের অনিচ্ছা হইতে বারম্বার অগ্নিদগ্ধ স্বর্ণ যেরূপ ওজনে কম হইলেও উৎকর্ষ লাভ করে, সেইরূপ সাত্ত্বিক কর্ত্তার উৎসাহ বৃদ্ধি হয়! যথার্থ প্রেমে জীবনও দুঃখময় মনে হয়। সতী পতির নিমিত্ত অগ্নিতে প্রবেশ করিতে কিছুমাত্র ভীত হয় না। হে ধনঞ্জয়! আত্মাকে প্রিয়জনের মত ভালবাসিলে কি আর দেহকষ্টের দিকে লক্ষ্য থাকে? বিষয়াভিনিবেশ ছুটিবার সঙ্গে সঙ্গে দেহবুদ্ধি দূর হইলে কর্ম্মানুষ্ঠানের আনন্দ দ্বিগুণিত হইয়া বৃদ্ধি পায়। শকট অথবা পর্ব্বত হইতে নিপতিত ব্যক্তিরই আঘাত লাগে, শকট বা পর্ব্বতের দুঃখ হয় না। কর্ম্মানুষ্ঠান সম্পূর্ণ না হইলেও, সাত্ত্বিক কর্ত্তার দুঃখ হয় না, আরব্ধ কর্ম্ম পূর্ণ হইলেও অভিমান করে না। হে ধনঞ্জয়! পূর্ব্বোক্ত লক্ষণাক্রান্ত ব্যক্তি সাত্ত্বিক কর্ত্তা। রাজসিক কর্ত্তা কিন্তু অন্যরূপ, সে সংসারের সকল আকাঙ্ক্ষার আশ্রয়স্থান ॥২৬॥

রাগী কর্ম্মফলপ্রেপ্সুর্লুব্ধো হিংসাত্মকোঽশুচিঃ।
হর্ষ শোকান্বিতঃ কর্ত্তা রাজসঃ পরিকীর্ত্তিতঃ ॥২৭॥

অলস অকর্ম্মণ্য লোক ঘৃণার পাত্র। শ্মশান অমঙ্গলের বাসভূমি। যে সংসারের সকল কামনার পদধৌত করিয়া দোষের আকর হইয়াছে, সহজ ফল প্রাপ্তির আশায় কর্ম্মে প্রবৃত্ত হইয়াছে, তাহাকেই রাজসিক কর্ত্তা জানিবে। যে প্রাপ্ত

সম্পত্তির এক কপর্দ্দকও ব্যয় করে না, প্রাণ হইতে উহাতে অধিক প্রীতি করে, সে রাজসিক কর্ত্তা। কৃপণ ধনের রক্ষায় মনটিকে রাখিয়া দেয়। বক মৎস্যেরই ধ্যান করে। সে-ও পরের সম্পত্তির নিমিত্ত লোভ করে। এক প্রকার গাছ আছে তাহার কাছে যাইলে মানুষকে আবদ্ধ করে, স্পর্শ করিলে দেহে বিদ্ধ হয়, উহার ফলও অন্তঃসার শূন্য। যে সেইরূপ কায়মনো-বাক্যে পরের দুঃখ উৎপন্ন করে, স্বার্থের নিমিত্ত কুশল অকুশল বিচার করে না, ক্ষমা কাহাকে বলে জানে না, হৃদয় মালিন্যে পরিপূর্ণ ; ধুতুরা ফলের উপরে কণ্টক, ভিতরে মাদকতার ন্যায় যাহার অন্তর্বাহ্য শৌচ রহিত, ফলপ্রাপ্তিতেই হর্ষ ও প্রশংসা, কর্ম্ম বৈফল্যে দুঃখ ও ধিক্কার দেয়, তাহাকেই রাজসিক কর্ত্তা বলিয়া জানিবে। কু-কর্ম্মের গৃহ স্বরূপ তামসিক কর্ত্তার কথা বলিতেছি ॥২৭॥

অযুক্তঃ প্রাকৃতস্তব্ধঃ শঠো নৈষ্কৃতিকোঽলসঃ।
বিষাদী দীর্ঘসূত্রী চ কর্ত্তা তামস উচ্যতে ॥২৮॥

অগ্নি সংযোগের জ্বালা অগ্নি জানে না, শস্ত্রের তীক্ষ্ণতা ও মৃত্যুর দুঃখ শস্ত্র অবগত নয়। বিষ তাহার প্রয়োগের ফল জানে না। হে ধনঞ্জয়! যে নিজেকে এবং অপরকে আঘাত করিয়া অসৎ কর্ম্ম করে, সেই সম্বন্ধে কিছুমাত্র বিচার করে না, ঘূর্ণবায়ুর মত কর্ম্মে প্রবৃত্ত হয়, বিধির অপেক্ষা রাখে না, উন্মত্তের ন্যায় ব্যবহার করে, বৃষের দেহস্থিত রক্তপায়ী কীটের ন্যায় ইন্দ্রিয়ের

তৃপ্তি সাধন করিয়া যে জীবন ধারণ করে। সময়ে অসময়ে ক্রন্দন পরায়ণ শিশুর ন্যায় যাহার উচ্ছৃঙ্খল ব্যবহার, তাহাকেই তামসিক কর্ত্তা বলা হয়। প্রকৃতির অধীন হইয়া যে কর্ত্তব্যা-কর্ত্তব্য বিচার করে না, অপবিত্র পদার্থেও তৃপ্ত হইয়া অভিমানে দেবতার সম্মুখে মস্তক অবনত করে না, পর্ব্বতের ন্যায় স্তব্ধ, মন কপটতা পূর্ণ, ব্যবহার অভিমানের, দৃষ্টি বেশ্যার, দেহ মূর্ত্তিমান কপটতা, যাহার জীবন দ্যূত ক্রীড়ার ন্যায়, তাহাকে তামস কর্ত্তা বলিয়া জানিবে। তাহার মনুষ্যজন্ম লুণ্ঠনকারীর গ্রাম সদৃশ, অতএব উহা হইতে দূরে থাকিবে। সে পরের ভাল জানে না। দুধের সহিত লবণ মিশ্রিত হইলে অপেয় হয়। অগ্নিতে শীতল পদার্থ ফেলিলে অগ্নি হঠাৎ দপ্ করিয়া জ্বলিয়া উঠে। উত্তম পদার্থও উদরস্থ হইলে মলরূপে পবিণত হয়। সেইরূপ অপরের কুশল বার্ত্তাও তাহার মনে প্রবেশ করিলে অকুশল হইয়া বহির্গত হয়। গুণও দোষরূপে পরিণত হয়। দুগ্ধ পান করিলেও সর্পের বিষ বৃদ্ধি পায়। তাহাকে ইহলোকে ও পরলোকে শান্তিদায়ক কর্ম্ম উপদেশ করিলে নিদ্রার আবেশ হয়। কুকর্ম্মানুষ্ঠানে সেই নিদ্রা অস্পৃশ্য বস্তুর মত দূর হইয়া যায়। দ্রাক্ষা অথবা আম্রের রস পূর্ণ হইলে কাকের ভাল লাগে না। দিনের আলোকে পেচকের চক্ষু জ্বালা করে। কল্যাণময় অনুষ্ঠানেও তামস কর্ত্তার আলস্য উপস্থিত হয়, কুকর্ম্মে কিন্তু উহা দূরে যায়। সমুদ্রে বাড়বানল জ্বলিতেই থাকে, সেইরূপ তাহারও অন্তঃকরণে সর্ব্বদাই বিষাদ পূর্ণ থাকে। ঘুটের আগুনে অবশ্যই ধূম

হইবে, অপান বায়ুতে অবশ্যই দুর্গন্ধ হইবে, তামসিক কর্ত্তারও আজীবন বিষাদ। হে বীর, সুদূর ভবিষ্যতে লাভের আশায় যে কর্ম্মে প্রবৃত্ত হয়, সংসারের পরেও সুখের আশা করে, অথচ কিছুমাত্র লাভ হয় না, যে মূর্ত্তিমান পাপ, সে-ই তামসিক কর্ত্তা। হে সুজনরঞ্জন, কর্ম্ম, কর্ত্তা ও জ্ঞানের ত্রিবিধ লক্ষণ তোমাকে বলিলাম ॥২৮॥

বুদ্ধের্ভেদং ধৃতেশ্চৈব গুণতস্ত্রিবিধং শৃণু।
প্রোচ্যমানমশেষেণ পৃথক্‌ত্বেন ধনঞ্জয় ॥২৯॥

অবিদ্যানগরে মোহের বস্ত্র ধারণ পূর্ব্বক সন্দেহালঙ্কারে সুশোভিত আত্মনিশ্চয়তার সৌন্দর্য্য যে বুদ্ধিতে মূর্ত্তিমান হইয়া প্রতিফলিত হয়, তাহার ত্রিবিধ ভেদ আছে। সত্ত্বাদি গুণত্রয়ে সংসারের সকল বস্তুই তিন শ্রেণীতে বিভক্ত হইয়াছে। সকল কাষ্ঠেই অগ্নি আছে। দৃশ্যবস্তু মাত্রই তিন শ্রেণীর। বুদ্ধিও ত্রিগুণযুক্ত অতএব ত্রিবিধ। বুদ্ধির ন্যায় ধৃতিও ত্রিবিধ। ভিন্ন বস্তুর পৃথক্‌ভাবেই আলোচনা করিতেছি। বুদ্ধি ও ধৃতির মধ্যে প্রথমতঃ বুদ্ধির বিভাগ শ্রবণ কর। হে সুযোদ্ধা, সংসারে জীবের আগমনের পথ উত্তম, মধ্যম ও কনিষ্ঠ। কর্ত্তব্যকর্ম্ম, কাম্যকর্ম্ম ও নিষিদ্ধকর্ম্ম ইহারাই সেই প্রসিদ্ধ পথ। উহাদের দ্বারাই জীবের সংসার ভয় ॥২৯॥

প্রবৃত্তিঞ্চ নিবৃত্তিঞ্চ কার্য্যাকার্য্যে ভয়াভয়ে।
বন্ধং মোক্ষঞ্চ যা বেত্তি বুদ্ধিঃ সা পার্থ সাত্ত্বিকী ॥৩০॥

সংসারে অধিকার অনুসারে বিধি-মার্গে-প্রাপ্ত নিত্যকর্ম্ম উত্তম পথ। তৃষিত ব্যক্তি যে ব্যাকুলতার সহিত জলপান করে, সেইরূপ ভাবে আত্মপ্রাপ্তির ফলের আশা সম্মুখে রাখিয়া কর্ম্মানুষ্ঠান করিবে। এই রীতিতে জন্মভয় ও দুঃখ দূর হয়; এবং মোক্ষলাভ সুগম হয়। এই ভাবে কর্ম্ম করিলে সজ্জন সংসার ভয়মুক্ত হইয়া মুমুক্ষুর পদপ্রাপ্ত হয়। বুদ্ধিকে দৃঢ়ভাবে রাখিলে মোক্ষপর্য্যন্ত প্রাপ্তি হয়—মনে হয়, মোক্ষও তাহার অপেক্ষা করিয়া থাকে। প্রবৃত্তির ভূমিকায় এইরূপ নিবৃত্তির রচনা করিলে সেই কর্ম্মে প্রবৃত্ত হওয়া উচিত নয় কি? জল পাইলে তৃষ্ণাতুরের প্রাণ বাঁচে। তীর পাইলে বন্যাপতিত ব্যক্তি জীবন পায়। অন্ধকূপে পতিত লোক সূর্য্যালোক পাইলে উঠিবার সুযোগ পায়। পথ্য ও ঔষধ পাইলে রোগীরও প্রাণ রক্ষা হয়। জল পাইলে মৎস্যের প্রাণের ভয় থাকে না। সেই নিত্য কর্ম্মানুষ্ঠানে অবশ্যই মোক্ষ লাভ হয়। এই নিত্য-কর্ম্মে শুদ্ধ বুদ্ধি প্রবৃত্ত হইলে উহাকে সাত্ত্বিক বলে। কাম্য বা সংসারভয়োৎপাদক—নিষিদ্ধতার চিহ্নাঙ্কিত অকরণীয়, জন্ম মৃত্যু ভয়দায়ক কর্ম্ম হইতে যে বুদ্ধি প্রবৃত্তিকে পশ্চাদ্‌বর্ত্তিনী করে উহাই সাত্ত্বিকী বুদ্ধি। অগ্নিতে প্রবেশ করা, অগাধ জলে যাওয়া, তীক্ষ্ণশূল হাতে ধরা, কৃষ্ণ সর্পের গর্জ্জন শুনিয়া হাত বাড়াইয়া দেওয়া, ব্যাঘ্রের গুহায় প্রবেশ, শঙ্কাজনক। নিষিদ্ধ কর্ম্মে যে বুদ্ধির শঙ্কা উৎপন্ন হয়, উহাই সাত্ত্বিকী। বিষ মিশ্রিত পক্কান্ন মৃত্যুর হেতু। নিষিদ্ধ কর্ম্মও জন্মমৃত্যু বন্ধনের হেতু।

এই বন্ধন-ভয়যুক্ত নিষিদ্ধকর্ম্ম আপতিত হইলে যে বুদ্ধি উহা ত্যাগের কৌশল জানে, কার্য্যাকার্য্যের বিচার করে, প্রবৃত্তি নিবৃত্তির পরিমাণ করে—জহুরীর রত্ন পরীক্ষার ন্যায় কর্ত্তব্যা-কর্ত্তব্য সম্বন্ধে উত্তম পরীক্ষা জানে, উহাই সাত্ত্বিকী বুদ্ধি ॥৩০॥

যয়া ধর্ম্মমধর্ম্মঞ্চ কার্য্যঞ্চাকার্য্যমেব চ
অযথাবৎ প্রজানাতি বুদ্ধিঃ সা পার্থ রাজসী ॥৩১॥

যে দেশে শুধু হংসের বাস সেখানে দুগ্ধ ও জল পৃথক্ দিবার প্রয়োজন নাই। দিন রাত্রির ভেদ অন্ধের নাই। ভ্রমর কুসুমের মকরন্দ পান করে, বৃক্ষে ছিদ্রও করে, তাহাতে ভ্রমরত্বের হানি হয় না। কার্য্যাকার্য্য, ধর্ম্মাধর্ম্ম অবিচারে যে বুদ্ধি আচরণ করে উহা রাজসিক বুদ্ধি। পরীক্ষা না করিয়া মুক্তা ক্রয় করিলে প্রায়শঃ ভাল জিনিষ পাওয়া যায় না—যে বুদ্ধি নিষিদ্ধ কর্ম্মকে কোন প্রকারে দূরে রাখিয়াই কৃতার্থ অথচ সদসৎ কর্ম্ম সমভাবেই আচরণ করে, যোগ্যাযোগ্য বিচারহীন আমন্ত্রণের ন্যায় বুদ্ধির গতি, তাহাকেই রাজসী বুদ্ধি বলে ॥৩১॥

অধর্ম্মং ধর্ম্মমিতি যা মন্যতে তমসাবৃতা।
সর্ব্বার্থান্ বিপরীতাংশ্চ বুদ্ধিঃ সা পার্থ তামসী ॥৩২॥

রাজা ও চোরের পৃথক্ পথ। রাজপথ দিয়া যাইতে চোর ভয় পায়, সে জঙ্গলের রাস্তাই ধরে। নিশাচরের কাছে রাত্রিই দিন। ভাগ্যহীনের গড়া বস্তুই ভস্মস্তূপে পরিণত হয়। মোহগ্রস্ত

থাকিয়াও নাই ভাবে। ধর্ম্মবিষয়কে যে পাপ মনে করে, সত্যকেই মিথ্যা ভাবে, সরল কথার বিপরীত অর্থ করে, সদ্‌গুণকে দোষ আখ্যা দেয়, বেদানুমোদিত বিষয়কে বিপরীত মনে করে, হে পাণ্ডব, তাহাকেই নিঃসন্দেহে তামসী বুদ্ধি বলিয়া জানিবে। রাত্রির সত্যতা নির্দ্ধারণে ধর্ম্মশাস্ত্রের বিধান খুঁজিতে হয় না। হে জ্ঞানাব্জবিকাশি সূর্য্য, বুদ্ধির ত্রিবিধ পার্থক্য বলিয়াছি। উহা দ্বারা কর্ম্মবিষয়ে সিদ্ধান্ত করিবার কালেই ধৃতির পরিচয় পাওয়া যায়। উহাও ত্রিবিধ। ধৃতির লক্ষণ শ্রবণ কর ॥৩২॥

ধৃত্যা যয়া ধারয়তে মনঃ প্রাণেন্দ্রিয়ক্রিয়াঃ।
যোগেনাব্যভিচারিণ্যা ধৃতিঃ সা পার্থ সাত্ত্বিকী ॥৩৩॥

সূর্য্যোদয়মাত্র চৌর্য্য ও অন্ধকার দূরে যায়। রাজাজ্ঞায় নিন্দ্যকর্ম্ম নিষিদ্ধ হয়। বায়ু বেগ তীব্র হইলে মেঘের গর্জ্জন এবং বর্ষণ হয়। অগস্ত্য দর্শনেই সমুদ্র নিস্তব্ধ হয়। সম্মুখে সিংহ উপস্থিত হইলে মদোন্মত্ত হস্তীও পশ্চাদ্‌গামী হয়। ধৃতির উদয়মাত্র মন প্রভৃতি অন্তঃরেন্দ্রিয়ও তৎক্ষণাৎ স্ব স্ব কর্ম্ম ত্যাগ করে। হে কিরীটি, ইন্দ্রিয় ও বিষয়ের সম্বন্ধ ছুটিয়া যায়। ইন্দ্রিয় দশটি মনোময় মাতৃগর্ভে প্রবেশ করে। ঊর্দ্ধ ও অধোবায়ুর পথ বন্ধ হইয়া প্রাণ নব বায়ুর গাঁঠরী বাঁধিয়া সুষুম্নায় মিলিত হয়। মন সঙ্কল্প বিকল্পের আররণ ছাড়িয়া বুদ্ধির পশ্চাতে নিস্তব্ধ হইয়া বসে। ধৈর্য্য নৃপতি মন, প্রাণ ও ইন্দ্রিয়কে

কর্ম্মারম্ভ হইতে ছাড়াইয়া লয়, উহাদিগকে একান্তে যোগযুক্তির বলে ধ্যানের নিমিত্ত হৃদয় কমলে ধারণ করে এবং প্রতিদানের অপেক্ষা না করিয়া উহাদিগকে পরমাত্মার হস্তে সমর্পণ পর্য্যন্ত ধারণ করে। শ্রীকান্ত বলিলেন—উহাই সাত্ত্বিক ধৈর্য্য ॥ ৩৩ ॥

যয়া তু ধর্ম্মকামার্থান্ ধৃত্যা ধারয়তে ঽর্জ্জুন।
প্রসঙ্গেন ফলাকাঙ্ক্ষী ধৃতিঃ সা পার্থ রাজসী ॥৩৪॥

দেহাভিমানে ধর্ম্ম, অর্থ ও কাম এই ত্রিবর্গের সেবা করিয়া স্বর্গ ও সংসার ভ্রমণশীল ব্যক্তি বাসনার সমুদ্রে ত্রিবর্গের জাহাজে যাহার বলে পার পাইতে চায়, এবং কৃতকর্ম্মের চতুর্গুণ লাভের আশা করে—উহাই রাজসী ধৃতি, তামসীর কথা শোন ॥৩৪॥

যয়া স্বপ্নং ভয়ং শোকং বিষাদং মদমেব চ।
ন বিমুঞ্চতি দুর্ম্মেধা ধৃতিঃ সা পার্থ তামসী ॥৩৫॥

কালো কয়লার ন্যায় অধম গুণের মূর্ত্তি তামসী ধৃতি। বলিতে পার, অধম বস্তুর সহিত গুণ কথার যোগ করিলাম কেন, তদুত্তরে বলিতে হয়, রাক্ষসের নামও পুণ্যজন আছে। গ্রহ মধ্যে অগ্নিমূর্ত্তি "মন্দ" মঙ্গল নামে অভিহিত। এই ভাবেই তমঃও গুণশব্দযুক্ত হইয়াছে। হে সুযোদ্ধা, সর্ব্বদোষাকর তমোগুণে লোক আলস্যে দিন যাপন করে। পাপের অনুষ্ঠানে দুঃখ দূর হয় না, সেইরূপ নিদ্রাও তাহাকে ছাড়ে না। প্রস্তর কাঠিন্য ত্যাগ করে না, তাহারও দেহ ও ধনের মায়া লোভ হেতু

ভয় যায় না। কৃতঘ্ন পাপ হইতে দূরে থাকিতে অসমর্থ। তামসিক লোকও পদার্থ মাত্রে প্রীতিহেতু শোকের আবাস তুল্য। রাত্রিদিন হৃদয়ে অসন্তোষ থাকে বলিয়া বিষাদ তাহার নিত্যসঙ্গী। যৌবন, ধন ও কামনায় প্রমত্ত হওয়াতে তাহাকেই আশ্রয় করে। উষ্ণতা অগ্নিকে ত্যাগ করে না, উচ্চ জাতির সর্প শত্রুতা ভুল করে না, ভয় সর্ব্ব জগৎ পাইয়া বসিয়াছে, কাল দেহকে ভুলিয়া যায় না, মদও তামসিক লোকের সঙ্গহারা হয় না। নিদ্রা, ভয়, শোক, বিষাদ ও মদ এই তামসী বৃত্তি পাঁচটি যে ধারণ করে, তাহার নাম তামসী ধৃতি। ত্রিবিধ বুদ্ধি নির্দ্ধারিত কর্ম্ম ত্রিবিধ ধৃতি দ্বারা সিদ্ধ হয়। সূর্য্য পথ ঘাট প্রকাশ করে, লোক পদদ্বারা পথে চলে। চলিবার ক্রিয়ার মূল ধৈর্য্য। সেইরূপ বুদ্ধি দেখাইয়া দেয়—উহা ইন্দ্রিয় দ্বারা অনুষ্ঠিত হয়, এই অনুষ্ঠানে ধৈর্য্যের আবশ্যক। ধৈর্য্য বা ধৃতিদ্বারা ত্রিবিধ কর্ম্ম নিষ্পন্ন হইলে যে ফলোৎপত্তি উহাই সুখ। সুখও কর্ম্মানুসারে ত্রিবিধ। উহা বর্ণনা করিতেছি। সুখের স্বরূপ এরূপ নির্ম্মল যে, উহাকে শব্দদ্বারা বর্ণনায় গ্রহণ করিলে কর্ম্মের ময়লা উহাতে লাগিবার সম্ভাবনা। এই নিমিত্ত অনুপরোধে প্রেমপূর্ণ অন্তরে শ্রবণ করা প্রয়োজন। শ্রীকৃষ্ণ এই বলিয়া ত্রিবিধ সুখের প্রস্তাবনা করিলেন; উহা আমি বর্ণনা করিতেছি ॥৩৫॥

সুখং ত্বিদানীং ত্রিবিধং শৃণু মে ভরতর্ষভ
অভ্যাসাদ্ রমতে যত্র দুঃখান্তঞ্চ নিগচ্ছতি ॥৩৬॥

শ্রীকৃষ্ণ বলিলেন—হে প্রাজ্ঞ, ত্রিবিধ সুখের লক্ষণ এখন বর্ণিত হইবে। হে কিরীটি, জীব আত্মার মিলনে যাহা লাভ করে, উহাই সুখ। দিব্য ঔষধ মাত্রা মাত্রা করিয়া গ্রহণ করিতে হয়। রাসায়নিক ক্রিয়ার পুটপাক দ্বারা রাঙ্গ ধাতুকে রৌপ্যে পরিণত করা যায়। লবণ জলে পরিণত করিতে উহা কয়েকবার জলদ্বারা ধৌত করিলেই চলে। সেইরূপ অল্প অল্প সুখের সন্ধান পাইলেও উহাই বারংবার অভ্যাস করিতে করিতে জীবদশার দুঃখ দূর হইলেই আত্মসুখ। উহাও ত্রিগুণাত্মক, উহাদের পৃথক্ ভাবে বলিতেছি ॥৩৬॥

যত্তদগ্রে বিষমিব পরিণামেঽমৃতোপমম্।
তৎ সুখং সাত্ত্বিকং প্রোক্তমাত্মবুদ্ধিপ্রসাদজম্ ॥৩৭॥

সর্পবেষ্টিত বলিয়া চন্দনমূল ভীতিজনক। ভূপ্রোথিত হাঁড়ির মুখে যক্ষ থাকে বলিয়া উহা ভয়ের হেতু। স্বর্গ মনোরম হইলেও যজ্ঞসঙ্কটসমাকুল। শিশু ক্রন্দন করে বলিয়া শৈশব অশান্তিজনক। প্রদীপ জ্বালাইতে ধূম সহ্য করিতেই হইবে, ঔষধ সাধারণতঃ কটু আস্বাদই হয়। হে পাণ্ডব, সুখের আরম্ভেও সেইরূপ দুঃখ সহ্য করিতে হয়। যম, নিয়ম, সাধনে প্রয়োজন হয়। বিষয় প্রীতিকে দূর করিয়া স্বর্গ ও সংসারের প্রতিবন্ধক ঘুচাইয়া বৈরাগ্য উদয় হইলে বিবেক পূর্ব্বক শ্রবণ এবং তীব্র ও কৃচ্ছ্র ব্রত আচরণ করিতে করিতে বুদ্ধির দোষ দূর হইয়া যায়। তখন সুখের উদয় হয়। সুষুম্নার

পথে প্রাণ ও অপান বায়ু প্রবেশ করে, তখন ক্লেশানুভব হয়। সারস পাখী প্রিয়ার বিরহে যে প্রকার ব্যাকুল হয়, নব প্রসূতা ধেনু বাছুরকে দূরে লইলে, ভিক্ষুকের থালা কাড়িয়া লইলে, মাতার সম্মুখে পুত্রের মৃত্যু হইলে, মীনকে জল ছাড়া করিলে, যে দুঃখ হয়, সেই প্রকার বিষয় ত্যাগের অসহনীয় দুঃখ বৈরাগ্যবান বীর অকাতরে সহ্য করেন। সুখের প্রারম্ভে এই প্রকার দুঃখ ও ক্ষোভ। ক্ষীর সমুদ্রে অমৃত লাভ হয়। বৈরাগ্য বিষ কণ্ঠে ধারণ করিবার নিমিত্ত ধৈর্য্যরূপ শঙ্কর অগ্রসর হইলে জ্ঞানামৃত লাভের আনন্দ পাওয়া যায়। অপক্ক দ্রাক্ষার অম্লরস তক্ষককেও পরাঙ্মুখ করে, উহাই পক্কদশায় মধুকেও পরাজিত করে। আত্ম-প্রকাশের বলে বৈরাগ্যাদির পরিপাক দশায় অবিদ্যা দূর হইলে সুখের উদয় হয়। সাগর সঙ্গমে গঙ্গার ন্যায় আত্মার মিলনে বুদ্ধির অদ্বয়ানন্দের উদয়। যে সুখের মূলে বৈরাগ্য, পরিণামে আত্মানুভব, উহাই সাত্ত্বিক ॥৩৭॥

বিষয়েন্দ্রিয় সংযোগাদ্‌যৎ তদগ্রেঽমৃতোপমম্।
পরিণামে বিষমিব তৎসুখং রাজসং স্মৃতম্ ॥৩৮॥

হে ধনঞ্জয়, বিষয় ও ইন্দ্রিয়ের যোগে উভয়তঃ যে সুখের বৃদ্ধি উহা রাজসিক। কোন অধিকারী পুরুষের নগরপ্রবেশ উৎসব ভালই লাগে। ঋণপূর্ব্বক বিবাহ প্রথমতঃ সুখদায়ক, রোগীর মুখে চিনি ও কলা ভালই লাগে, ঝগড়ার পূর্ব্বে মিষ্টি-

কথা ভালই শুনায়। সাধুবেশধারী চোরের বন্ধুতা প্রথম ভালই লাগে, বারবনিতার প্রীতি প্রথম সুখদায়ক। প্রথম প্রথম বহুরূপীর খেলায় আনন্দ হয়। সেই প্রকার বিষয় ও ইন্দ্রিয়ের সংযোগে জীবও প্রথম সুখ অনুভব করে, কিন্তু পরিণামে উহা দুঃখদায়ক হয়। আঙ্গিনার জলে নক্ষত্রের প্রতিবিম্ব দেখিয়া রত্নভ্রমে ছুটিয়া গেলে দুঃখই হয়, সুখের আশায় পূর্ব্ব-সম্পাদিত লাভের হানি হয়, জীবনের আশা মিটিয়া যায়, পুণ্য-ধনের গাঁঠরি খুলিয়া যায়, প্রাপ্ত ভোগ সুখও স্বপ্নের ন্যায় লয় পায়, শেষ পর্য্যন্ত দুঃখই থাকে। যে সুখের পরিণাম ইহলোকে দুঃখময়, পরলোকে বিষময় উহাই রাজসিক সুখ। ইন্দ্রিয়ের কামনা পূর্ণ করিয়া ধর্ম্মোদ্যান বিনাশপূর্ব্বক বিষয় উপভোগে পাপের বৃদ্ধি ও নরক যন্ত্রণা। মিঠাবিষের নামেই যেমন মিঠা পরিণামে মৃত্যুকারক সেইরূপ যে সুখের প্রথমতঃ মধুর অথচ পরিণামে দুঃখ। হে পার্থ, উহা রজোগুণসঞ্জাত, কখনও উহা স্পর্শ করিও না ॥৩৮॥

যদগ্রে চানুবন্ধে চ সুখং মোহনমাত্মনঃ।
নিদ্রালস্য প্রমাদোত্থং তৎ তামসমুদাহৃতম্ ॥৩৯॥

অপেয় বস্তুর পানে, অখাদ্য ভোজনে, যথেচ্ছ স্ত্রীসঙ্গে, অপরকে আঘাতে, পরস্ব অপহরণে, স্তাবকের মুখে স্বকীর্ত্তি শ্রবণে যে সুখ, আলস্যে পুষ্ট, নিদ্রায় সমুদিত, আদ্যন্তে আত্ম-দর্শনের পথভ্রান্তি, হে পার্থ, উহা তামসিক সুখ। উহা নিন্দনীয়,

বিশেষ বর্ণনা করিব না। মুখ্য ফল সুখের ও কর্ম্মভেদে ত্রিবিধ অভিব্যক্তি শাস্ত্রানুসারে বর্ণনা করিলাম। স্থূল ও সূক্ষ্ম সৃষ্টিতে কর্ত্তা, কর্ম্ম ও ক্রিয়াফল এই ত্রিপুটী ভিন্ন অতিরিক্ত কিছু নাই। পটে তন্তুর ন্যায় এই ত্রিপুটীতেও গুণত্রয় ॥৩৯॥

ন তদস্তি পৃথিব্যাং বা দিবি দেবেষু বা পুনঃ।
সত্ত্বং প্রকৃতিজৈর্ম্মুক্তং যদেভিঃ স্যাৎত্রিভির্গুণৈঃ ॥৪০॥

স্বর্গে বা মর্ত্ত্যে প্রকৃতির আভাস গুণত্রয় সম্বন্ধ ভিন্ন বস্তু নাই। রোম ভিন্ন কম্বলের অস্তিত্ব, মৃত্তিকা ভিন্ন মৃৎপিণ্ড, জল ভিন্ন তরঙ্গ, অসম্ভব। ত্রিগুণ ভিন্ন সৃষ্টি ব্যাপারও অসম্ভব। সৃষ্টি গুণময়। গুণত্রয়ই ব্রহ্মা, বিষ্ণু ও মহেশ্বরের ত্রিমূর্ত্তি করিয়াছে। স্বর্গ, মর্ত্ত্য, পাতাল, চারি বর্ণ আশ্রমাদি ইহাদেরই সৃষ্টি ॥৪০॥

ব্রাহ্মণক্ষত্রিয়বিশাং শূদ্রাণাঞ্চ পরন্তপ।
কর্ম্মাণি প্রবিভক্তানি স্বভাবপ্রভবৈর্গুণৈঃ ॥৪১॥

চারি বর্ণ মধ্যে ব্রাহ্মণ শ্রেষ্ঠ। ক্ষত্রিয়, বৈশ্যও বৈদিক ক্রিয়ার অধিকারী অতএব দ্বিজ। চতুর্থ বর্ণ শূদ্রের বেদে অধিকার না থাকিলেও ইহাদের উপজীবিকা অপর তিন বর্ণের অধীন। সেবা বৃত্তি দ্বারা শূদ্রও ব্রাহ্মণাদি ত্রিবর্ণের সহিত চতুর্থ বর্ণপর্য্যায়ভুক্ত। পুষ্পের আঘ্রাণ লইতে ভাগ্যবান ব্যক্তি পুষ্পবন্ধনী সূত্রেরও গন্ধ লয়। ব্রাহ্মণাদির সঙ্গহেতু বেদমাতা

শূদ্রকেও স্বীকার করেন। হে পার্থ, এই চতুর্বর্ণের অধিকার অনুসারে কর্ম্মের নির্দ্দেশ করিতেছি। যথারীতি এই কর্ম্মানুষ্ঠান-দ্বারা চারিবর্ণই জন্মমৃত্যুর ভয় এড়াইয়া ভগবৎ স্বরূপে প্রবেশ লাভে সমর্থ। সত্ত্বাদি গুণত্রয় কর্ম্মের চারিটি বিভাগ করিয়া চারিবর্ণের ব্যবস্থা করিয়াছেন। পৈত্রিক সম্পত্তি পুত্রগণের নিমিত্ত বণ্টন করা হয়, সূর্য্য পথিকের পূর্ব্বাদি পথ নির্দ্দিষ্ট করে, কর্ত্তা পরিচারকদের পৃথক্ পৃথক্ কার্য্য নির্দ্দেশ করেন, সেইরূপ প্রকৃতির গুণগণ চারি বর্ণের কর্ম্ম বিভাগ করিয়াছে। সত্ত্বগুণ সম ও বিষম ভাগে যথাক্রমে ব্রাহ্মণ ও ক্ষত্রিয় এই দুই বর্ণ উৎপন্ন করিয়াছে। সত্ত্বমিশ্রিত রজে বৈশ্যের উৎপত্তি, আর তম মিশ্রিত রজে শূদ্র। হে প্রবুদ্ধ, এক জীবকেই গুণগণ চারি বর্ণে ভিন্ন করিয়াছে। নিজের ধনও প্রদীপের সহায়ে দেখিয়া লইতে হয়, সেইরূপ শাস্ত্র সহায়ে গুণানুসারে পৃথক্ কর্ম্মের নির্দ্দেশ মানিতে হয়। বর্ণ বিহিত কর্ম্ম লক্ষণ বলিতেছি, শ্রবণ কর ॥৪১॥

শমো দমস্তপঃ শৌচং ক্ষান্তিরার্জ্জবমেব চ।
জ্ঞানং বিজ্ঞানমাস্তিক্যং ব্রহ্মকর্ম্ম স্বভাবজম্ ॥৪২॥

প্রিয়া প্রিয়ের সহিত নির্জ্জনে মিলিত হয়। ইন্দ্রিয় বৃত্তি বুদ্ধিতে প্রবেশ করিলে স্থিরা বুদ্ধি আত্মার সহিত মিলিত হয় বুদ্ধির এই প্রকার বিরামের নাম শম। বিধি শাসনে অধর্ম্মানুষ্ঠান হইতে বাহ্যেন্দ্রিয়কে বিমুখ কারক শমগুণের সহায়ক

দমগুণ। স্বধর্ম্মাচরণ দ্বারা জীবন ধারণ। জন্মদিন হইতে ষষ্ঠীর রাত্রি পর্য্যন্ত সূতিকাগৃহের অনির্ব্বাত প্রদীপের ন্যায় অন্তঃকরণে নিরন্তর পরমেশ্বরের চিন্তন তপস্যা। অন্তর বাহ্য পাপরহিত শুচিতা অর্থাৎ সদসৎ বিচার পূর্ণ নির্ম্মল মন এবং সৎকর্ম্ম দ্বারা অলঙ্কৃত দেহ, এই প্রকার জীবনের অন্তর বাহ্য উৎকর্ষ, শৌচ নামে অভিহিত। পৃথিবীর ন্যায় সর্ব্ব-প্রকার সহনশীলতা ক্ষমা। গুণগণ মধ্যে ক্ষমা পঞ্চম। স্বরের মধ্যে পঞ্চম স্বরের ন্যায় ইহারও মাধুর্য্য। প্রবাহ কুটিল হইলেও গঙ্গা সরল। ইক্ষুদণ্ড বাঁকা, ঝুঁকা হইলেও সমান মধুরতার হানি হয় না, সেইরূপ দুঃখদায়ক লোকের সহিতও সরল ভাবে থাকার নাম ঋজুতা। বৃক্ষের মূলে যত্নপূর্ব্বক জল সেচন করিয়া মালী অনবরত পরিশ্রম করে, সে জানে উহা বিফলে যাইবে না। সেইরূপ শাস্ত্রানুসারে অনুষ্ঠান করিলে ঈশ্বর প্রাপ্তি হয়, এই প্রকার নিশ্চয় ভাবই জ্ঞান। অষ্টম গুণরত্ন বিজ্ঞান। সত্ত্বশুদ্ধির সময় শাস্ত্রীয় বিচারদ্বারা অথবা ধ্যানবলে নিশ্চয়াত্মিকা বুদ্ধি পরমেশ্বরে মিলিত হইলে উহাকে বিজ্ঞান বলা হয়। রাজকীয় চাপরাস থাকিলেই প্রজা উহার সম্মান করিতে বাধ্য, সেইরূপ শাস্ত্র যে পথ নির্দ্দেশ করিয়াছেন, উহা আদরপূর্ব্বক মানিয়া লওয়াই নবম গুণ আস্তিক্য। শমাদি নয়টি গুণ যে কর্ম্মে নির্দ্দোষ ভাবে অবস্থান করে, উহাই ব্রাহ্মণের স্বাভাবিক কর্ম্ম। ব্রাহ্মণ এই সকল গুণরত্নের সমুদ্র। এই নবরত্ন হার তাহার কণ্ঠের

ভূষণ। কিরণ পৃথক্ না করিয়াও সূর্য্য উহা দ্বারা অলঙ্কৃত, চম্পকতরু চম্পক কুসুম দ্বারাই সুশোভিত, চন্দ্র জ্যোৎস্না দ্বারাই প্রকাশিত, চন্দন নিজের গন্ধ দ্বারাই চর্চ্চিত, সেইরূপ পূর্ব্বোক্ত নয়টি গুণে গাঁথা হার ব্রাহ্মণের নির্দ্দোষ অলঙ্কার, উহা কখনও তাহার দেহ হইতে পৃথক্ হয় না। হে ধনঞ্জয়, ক্ষত্রিয়ের কর্ত্তব্য এখন বর্ণনা করিব, এখন ইহা শ্রবণ কর ॥ ৪২ ॥

শৌর্য্যং তেজো ধৃতির্দাক্ষ্যং যুদ্ধে চাপ্যপলায়নম্।
দানমীশ্বরভাবশ্চ ক্ষাত্রংকর্ম্ম স্বভাবজম্ ॥ ৪৩ ॥

সূর্য্য আলোকের নিমিত্ত কাহারও অপেক্ষা করে না। সিংহ কোন সহকারী অন্বেষণ করে না। ক্ষত্রিয়ের প্রথম গুণ শৌর্য্য, নিজের বলে বলীয়ান হওয়া, কাহারও সহায়তা ভিন্ন বীরত্ব প্রদর্শন। সূর্য্যালোকে কোটি নক্ষত্র প্রভা লুপ্ত উহা ব্যতিরেকে কোটিনক্ষত্রসহ চন্দ্রালোকেও সূর্য্যের প্রভা লুপ্ত হয় না। ক্ষত্রিয় সূর্য্যের ন্যায় নিজের পরাক্রমে সংসারের সকলকে বিস্মিত করিয়া স্বয়ং অক্ষুব্ধ থাকে। এইটি তাহার প্রশংসনীয় দ্বিতীয় গুণ তেজ। মাথার উপর আকাশ ভাঙ্গিয়া পড়িলেও যাহার নেত্রের পলকও পড়ে না, এরূপ স্থিরতা ধৈর্য্য নামে অভিহিত। ধৃতি তাহার তৃতীয় গুণ। জলের গভীরতা যতই হউক না কমল তাহার বুকের উপরই প্রস্ফুটিত হয়। আকাশ উচ্চতায় সকল বস্তুকেই পরাজিত করিয়াছে। সেইরূপ হে পার্থ, বিবিধ বিরুদ্ধ অবস্থা উপস্থিত হইলেও প্রজ্ঞাদ্বারা সকল দুর্দ্দশাকে পরাভূত

করিয়া ফলপ্রাপ্তি ও শুদ্ধ দক্ষতাই ক্ষত্রিয়ের চতুর্থ গুণ। অসামান্য যুদ্ধ বিদ্যা তাহার পঞ্চম গুণ। সূর্য্যমুখী কমল সর্ব্বদা সূর্য্যের দিকেই ফিরিয়া থাকে, সে-ও সর্ব্বদা শত্রুর সম্মুখীন হইয়া থাকে। গর্ভবতী স্ত্রী নিপুণ ভাবে পতির সহিত ব্যবহার করে, যুদ্ধক্ষেত্রে শত্রুর সহিত ব্যবহারেও সেইরূপ নৈপুণ্য সহকারে বীর ক্ষত্রিয় কখনও পৃষ্ঠ প্রদর্শন করে না। চারি পুরুষার্থ হইতেও ভক্তি শ্রেষ্ঠ, সেইরূপ এই পঞ্চম গুণ যুদ্ধে পলায়ন না করা, অপর চারিটি হইতে শ্রেষ্ঠ। বৃক্ষশাখা ফল ফুল প্রদান করে, গন্ধ বিতরণে কমল-পূর্ণ সরোবর উদার, জ্যোৎস্না দানে চন্দ্রের কিছুমাত্র কুণ্ঠা নাই। ক্ষত্রিয়ের যষ্ঠগুণ দানেও প্রার্থীর ইচ্ছানুসারে বর্ষণ করায়। ক্ষত্রিয়ের দান অপরিমেয়। একনিষ্ঠভাবে বেদাজ্ঞা পালন করিয়া দেহ পোষণ করিলেই উহাদ্বারা উপযুক্ত কর্ম্ম করা যায়। সেইরূপ বেদাজ্ঞা পালনের লোভেই যথাযোগ্য বিষয় ভোগ ঈশ্বরভাব নামে অভিহিত। এই প্রকার ঈশ্বরভাব পোষণ ক্ষত্রিয়ের গুণগণের নৃপতি— উহাই সপ্তম গুণ! পূর্ব্বোক্ত শৌর্য্যাদি সপ্তগুণালঙ্কৃত ক্ষত্রিয়ের স্বাভাবিক কর্ম্ম সপ্তর্ষিমণ্ডলদ্বারা আকাশের শোভার ন্যায় শোভা ধারণ করে। এইরূপ পবিত্র কর্ম্মদ্বারা সে সত্ত্বগুণসুবর্ণময় মেরুতুল্য হইয়া পৃথিবীতে অবস্থান করে। সে এই সপ্তগুণ স্বর্গের আশ্রয়। ক্ষত্রিয় সপ্তগুণ সমুদ্রবেষ্টিত ধরণীর ন্যায়। এরূপ অনুষ্ঠানকারীর কর্ম্ম সপ্তগুণ নদী মধ্যে গঙ্গা তুল্য, সে নিজে মহাসাগরের তুল্য। তাহাতেই গঙ্গা মিলিত ভাবে

অবস্থান করে। পূর্ব্বোক্ত গুণযুক্তকর্ম্ম ক্ষত্রিয়ের স্বাভাবিক। হে মহামতি, এখন বৈশ্যজাতির বর্ণনা করিতেছি ॥ ৪৩ ॥

কৃষিগোরক্ষ্যবাণিজ্যং বৈশ্যকর্ম্ম স্বভাবজম্।
পরিচর্য্যাত্মকং কর্ম্ম শূদ্রস্যাপি স্বভাবজম্॥ ৪৪ ॥

ভূমি, বীজ, হলাদির আশ্রয়ে লাভবান্ হওয়া, ক্ষেত্রের উপরই জীবন যাপন, গো পালন, অল্প মূল্যে দ্রব্য ক্রয় ও অধিক মূল্যে বিক্রয় দ্বারা লাভ, বৈশ্যের ইহাই নির্দ্দিষ্ট কর্ম্ম। বৈশ্য, ক্ষত্রিয় ও ব্রাহ্মণ দ্বিজ। তাহাদের সামান্য জন্মের নাম শৌক্র, দ্বিতীয় উপনয়ন সংস্কারে সাবিত্রী, মন্ত্রোপদেশে স্বীকৃত জন্মকে সাবিত্র্য জন্ম বলে। এই দুই জন্ম হেতু তাহারা দ্বিজ নামে অভিহিত। ইহাদের সেবা শূদ্রের কর্ম্ম। দ্বিজের সেবা ভিন্ন শূদ্রের অপর কর্ত্তব্য নাই। চারি বর্ণের কর্ম্মই বর্ণনা করিলাম ॥ ৪৪ ॥

স্বে স্বে কর্ম্মণ্যভিরতঃ সংসিদ্ধিং লভতে নরঃ।
স্বকর্ম্মনিরতঃ সিদ্ধিং যথা বিন্দতি তচ্ছৃণু॥ ৪৫ ॥

হে জ্ঞানি, পৃথক্ বর্ণের নিমিত্ত পৃথক্ কর্ম্মের নির্দ্দেশ। ইন্দ্রিয়গণের গ্রহণযোগ্য শব্দাদিও পৃথক্। হে পাণ্ডুসুত, মেঘের নিমিত্ত নদী আর নদীর জলের নিমিত্ত সমুদ্র। বর্ণাশ্রমানুসারে কর্ত্তব্য গৌরবর্ণ মনুষ্যের বর্ণের ন্যায় স্বাভাবিক। শাস্ত্রাজ্ঞানুসারে আচরণের নিমিত্ত বুদ্ধির স্থিরতা রাখিও।

নিজের রত্নও জহুরীর হাতে দিয়া পরীক্ষা করিয়া লইতে হয়। স্বকর্ম্মও শাস্ত্রদ্বারা অবগত হওয়া প্রয়োজন। দৃষ্টিশক্তি নিজেরই কিন্তু প্রদীপ ভিন্ন উহার ব্যবহার চলে না। রাস্তা থাকিলেও পদহীনের কোন প্রয়োজন সিদ্ধ হয় না। অতএব বর্ণানুসারে কর্ত্তব্য যথাশাস্ত্র জানিয়া লওয়া প্রয়োজন। গৃহস্থিত দ্রব্য প্রদীপের সাহায্যে দেখিয়া লইতে অসুবিধা হয় না। ভাগ্যবশে প্রাপ্ত শাস্ত্রোপদিষ্ট বিহিত কর্ম্মানুষ্ঠানে আলস্য ও ফলাকাঙ্ক্ষা ত্যাগ পূর্ব্বক কায়মনে উহার আদর এবং প্রবাহের ন্যায় যথাবিহিত নিজ কর্ম্মে নিযুক্ত থাকিলে মোক্ষের সীমায় পেঁৗছা যায়। এরূপ ব্যক্তি অকর্ম্ম ও নিষিদ্ধ কর্ম্মের সম্বন্ধ মাত্র ত্যাগ করে বলিয়া মোক্ষের প্রতিবন্ধি সংসার দূর হইয়া যায়। হাতকড়া চন্দনের হইলেও উহা কেহ পরিতে চায় না। কাম্য কর্ম্মের দিকে সে কৌতুকের বশেও দৃষ্টিপাত করে না। ফলত্যাগদ্বারা নিত্যকর্ম্ম বন্ধন ছিন্ন করে বলিয়া সে মোক্ষের সীমাপ্রাপ্ত হয়। শুভাশুভ মিশ্র সংসারমুক্ত পুরুষ মোক্ষের বৈরাগ্যদ্বারে উপস্থিত হয়। সর্ব্ব সৌভাগ্য সীমা, নিশ্চিত মোক্ষ, কর্ম্ম মার্গের বিশ্রান্তি, মোক্ষফলের বন্ধকী মাল, সৎকর্ম্ম বৃক্ষের কুসুম সদৃশ বৈরাগ্যপদে সেই ব্যক্তি ভ্রমরের ন্যায় পদ বিক্ষেপ করে। আত্মজ্ঞান সূর্য্যোদয়ের সূচক বৈরাগ্য অরুণোদয় হয়। মনে হয়, সেই ব্যক্তি বৈরাগ্যনামক দিব্য অঞ্জন ব্যবহারে আত্মজ্ঞানময় ভূপ্রোথিত ধন প্রাপ্ত হইল। হে পাণ্ডব, বিহিত কর্ম্মানুষ্ঠানে সে মোক্ষলাভের যোগ্য হয়।

সর্ব্বাত্মা পরমেশ্বর। আমার শ্রেষ্ঠ সেবা বিহিত কর্ম্মের আচরণ। পতিব্রতা সর্ব্বপ্রকার উপভোগের দ্বারা পতি সঙ্গে ক্রীড়া করিলেও উহা তাহার তপস্যা। মাতা ভিন্ন বালকের জীবন দান কে করে? মাতৃসেবাই তাহার শ্রেষ্ঠ ধর্ম্ম। গঙ্গাতে জল আছে বলিয়া মৎস্য গঙ্গা ছাড়িয়া অন্যত্র যায় না, অথচ গঙ্গাশ্রয়েই তাহার সকল তীর্থ লাভ হয়। বিহিত কর্ম্ম ভিন্ন অপর আশ্রয় নাই, এই প্রকার বুদ্ধি লইয়া উহা অনুষ্ঠান করিলে পরমেশ্বরের প্রতি উহার ভার পড়ে। যথাবিহিত কর্ম্ম ভগবদিচ্ছানুমোদিত, উহার আচরণে নিঃসন্দেহে তাঁহার প্রাপ্তি। হৃদয়-নিকষপ্রস্তরের পরীক্ষায় যাহাকে ভাল বোধ হয়, সে দাসী থাকিলেও স্বামিনী হয়। দাসীর সেবাও বিবাহিতা পত্নীর সেবায় পরিণত হয়। প্রভুর ইচ্ছানুসারে সেবায় ভুল না করাই তাহার শ্রেষ্ঠ সেবা। হে পাণ্ডব, ইহার অতিরিক্ত সেবা বণিক্-বৃত্তি তুল্য ॥ ৪৫ ॥

যতঃ প্রবৃত্তির্ভূতানাং যেন সর্ব্বমিদং ততম্।
স্বকর্ম্মণা তমভ্যর্চ্চ্য সিদ্ধিং বিন্দতি মানবঃ ॥৪৬॥

বিহিত কর্ম্মানুষ্ঠান বন্ধনময় কর্ম্ম নয়, উহা পরমাত্মার মনোগত ইচ্ছার পালন। উহাতে প্রদীপের কিরণের ন্যায় নিখিল প্রাণীগণ উৎপন্ন এবং অহঙ্কারের সূত্রে সত্ত্ব, রজঃ ও তমোগুণের তিনটি তন্ত্রীর উপর জীব ক্রীড়াপুত্তলিকা নৃত্য করে। জগতের অন্তর্বাহ্যে ব্যাপ্ত সেই সর্ব্বাত্মক ঈশ্বরের তুষ্টির

হেতু স্বকর্ম্ম কুসুমে তাহাকে অর্চ্চনা কর্ত্তব্য। পরমাত্মা সেই পূজায় সন্তুষ্ট হইলে পূজককে বৈরাগ্যসিদ্ধি প্রসাদ দান করেন। বৈরাগ্যদশায় ঈশ্বর চিন্তায় মগ্ন হইলে বিষয় বান্তের ন্যায় ঘৃণিত বোধ হয়। প্রিয়তমের চিন্তায় বিরহিণীর ক্লেশজনক জীবন ধারণের ন্যায় সেই ব্যক্তির সমীপে সুখও দুঃখরূপে পরিণত হয়। সে এরূপ জ্ঞানের অধিকারী হয় যে, অনুভূতির পূর্ব্বেও সে চিন্তন দ্বারা তন্ময়তা লাভ করে। অতএব মুমুক্ষু ব্যক্তির শ্রদ্ধাপূর্ব্বক স্বধর্ম্ম আচরণ কর্ত্তব্য ॥ ৪৬ ॥

শ্রেয়ান্ স্বধর্ম্মো বিগুণঃ পরধর্ম্মাৎ স্বনুষ্ঠিতাৎ।
স্বভাবনিয়তং কর্ম্ম কুর্ব্বন্নাপ্নোতি কিল্বিষম্ ॥৪৭॥

নিজের ধর্ম্ম কঠিন হইলেও আচরণীয়। উহাই পরিণামে ফলদায়ক। সুস্থতার নিমিত্ত নিম পথ্য হইলে উহার তিক্ত আস্বাদে বিরক্ত হওয়া উচিত নয়। কদলীবৃক্ষ ফলিবার পূর্ব্বেই নিরাশভাবে ত্যাগ করিলে মধুর ফল লাভে বঞ্চিত হইতে হয়। স্বধর্ম্মও কঠিন বলিয়া পরিত্যক্ত হইলে মোক্ষ সুখ কি প্রকারে মিলিবে? মাতা কুব্জা হইলেও পুত্রস্নেহ বাঁকা নয়। অপর স্ত্রীলোক অপ্সরা রম্ভা হইতে সুন্দরী হইলেও তাঁহার প্রয়োজন সিদ্ধি হয় না। জল অপেক্ষা ঘৃতে বহুগুণ বর্ত্তমান। মৎস্য সেইজন্য জল ছাড়িয়া ঘৃতে থাকিতে পারে না। জগতে যাহা বিষ উহাই কোন কীটের অমৃত। সকলের কাছে যাহা মধুর উহাই তাহার মৃত্যুকারক। অতএব যাহার নিমিত্ত যে কর্ম্মের

বিধান, কঠিন হইলেও উহাই অনুষ্ঠান করিবে। পদদ্বারা না চলিয়া মস্তকদ্বারা চলিতে চেষ্টা করিলে যে অবস্থা, অপরের কর্ম্মানুষ্ঠানেও তদ্রূপ। বর্ণানুসারে কর্ম্ম কর, উহাতেই কর্ম্মবন্ধন ছিন্ন হইবে। পাণ্ডব, স্বধর্ম্মাচরণ ও পরধর্ম্মত্যাগের নিয়ম না করিলে ফল কি হইবে? আত্মার প্রতীতি ভিন্ন কর্ম্ম বন্ধ দূর হইতে পারে না। কর্ম্মানুষ্ঠানে কষ্টও স্বীকার করিতে হয় ॥ ৪৭ ॥

সহজং কর্ম্ম কৌন্তেয় সদোষমপি ন ত্যজেৎ।
সর্ব্বারম্ভা হি দোষেণ ধূমেনাগ্নিরিবাবৃতাঃ ॥৪৮॥

কর্ম্ম মাত্রেই যদি ক্লেশ স্বীকার করিতে হয়, তবে স্বধর্ম্ম কি দোষ করিল? সরল পথে গেলেও পায়ে হাটিয়া যাইবে আর বনের পথে কুটিল পথে দৌড়াইয়া গেলেও পায়ের ক্লেশ হইবে। প্রস্তরের গাঁঠরী বা খাদ্যসামগ্রীর গাঁঠরী ভারবহনক্লেশ উভয়তঃ স্বীকার করিতে হয়। তবে বিশ্রামের উপযোগী বস্তুই বহন করা কর্ত্তব্য। ধান্য অথবা তুষ অবঘাতের পরিশ্রম সমান। কুকুরের মাংস অথবা পবিত্র ঘৃত পাক করিবার শ্রম উভয়তঃ এক। হে জ্ঞানি, দধি অথবা জল মন্থন কর শ্রম, এক। ঘানিতে তিল অথবা বালুকা দাও, উহা চালাইবার ক্লেশ একই প্রকার। নিত্য হোম অথবা অন্য কার্য্যের নিমিত্ত অগ্নি জ্বালাইতে ধূম সহ্য করিতে হইবেই। ধর্ম্মপত্নী অথবা ব্যাভিচারিণী, দুইএর নিমিত্তই অর্থব্যয় হইবে। পৃষ্ঠে আঘাত লাগিলেও মৃত্যু নিশ্চিত,

সেই অবস্থায় শত্রুর সম্মুখে দাঁড়াইয়া আহত হওয়াই কীর্ত্তিকারক নয় কি? কুলস্ত্রী শাসনের ভয়ে অপরের গৃহে প্রবেশ করিয়া যদি লাঠির আঘাত খায়, তবে তাহার পতির গৃহত্যাগে কি প্রয়োজন? কর্ম্ম মাত্রেই যদি ক্লেশ, তবে বিহিত কর্ম্ম কঠিন বলিয়া ত্যাগ করার কি প্রয়োজন? হে পাণ্ডব, অবিনাশিতা লাভের উপযোগী অল্পমাত্র অমৃত লাভের নিমিত্ত যথাসর্ব্বস্ব ব্যয় হইলেও বরং ভাল। মৃত্যু ও আত্মহত্যাকারক বিষ ক্রয় করিয়া পান করা অনুচিত। ইন্দ্রিয়ের ক্লেশ উৎপন্ন করিয়া ও আয়ুব্যয় পূর্ব্বক পাপাচরণে দুঃখ ভিন্ন কি লাভ হয়? অতএব পরিশ্রম পরিহারকারক স্বধর্ম্ম অনুষ্ঠান করা কর্ত্তব্য। উহাতে মোক্ষ লাভ হয়। বিপদের সময় সিদ্ধমন্ত্র ভুল হওয়া উচিত নয়, স্বধর্ম্মও কখন পরিত্যাগ করিও না। সমুদ্রে নৌকা ত্যাগ অনুচিত। মহারোগে দিব্যৌষধির ন্যায় সংসারে স্বধর্ম্ম ত্যাগ অনুচিত। হে কপিধ্বজ, পরমেশ্বর স্বধর্ম্মানুষ্ঠানমহাপূজায় সন্তুষ্ট হইয়া রজঃ ও তমোভাব দূর করিয়া নিজের ইচ্ছাটিকে সত্ত্বগুণের পথে লইয়া সংসার ও স্বর্গকে কালকূট বিষের ন্যায় প্রতীতি করান। তখনই পূর্ব্ববর্ণিত বৈরাগ্য পদ লাভ হয়। এই ভূমিকায় লোক কি প্রকার থাকে এবং কি প্রাপ্ত হয়, তাহা বলিতেছি ॥৪৮॥

অসক্তবুদ্ধিঃ সর্ব্বত্র জিতাত্মা বিগতস্পৃহঃ।
নৈষ্কর্ম্ম্যসিদ্ধিং পরমাং সন্ন্যাসেনাধিগচ্ছতি ॥ ৪৯ ॥

বায়ুকে জালে ধরা অসম্ভব। দেহ জালে বৈরাগ্যবান্ পুরুষ

ধরা পড়ে না। পক্ক দশায় বোঁটা ফল ধরিয়া রাখিতে পারে না। সেই ব্যক্তির আসক্তিও দুর্ব্বল হয়, বিষয় ধরিয়া রাখিতে পারে না। পুত্র, ধন, কলত্র তাহার অধীন হইলেও বিষের পাত্রের স্বামীত্ব কেহ যেরূপ স্বীকার করিতে চায় না, তদ্রূপ সে উহাদের সম্বন্ধ স্বীকার করে না। হস্তে অগ্নিস্পর্শমাত্র উহা গুটাইয়া লওয়ার ন্যায় সেই ব্যক্তি বিষয় মাত্র হইতে বুদ্ধিকে গুটাইয়া একান্তে হৃদয়ে প্রবেশ করায়। কর্ত্তার ভয়ে দাসী আজ্ঞা লঙ্ঘন করে না। তাহার অন্তঃকরণও বাহ্য বিষয়ে অভিনিবেশ হীনতার আজ্ঞা লঙ্ঘন করে না।

অনাসক্ত ব্যক্তি ঐক্যবুদ্ধিতে চিত্তবৃত্তিকে মুষ্টিবদ্ধ করিয়া আত্মার আস্বাদনে লাগাইয়া রাখে। সেই সময় অগ্নিকে ভস্মদ্বারা আবৃত করিলে ধূম উদ্‌গীরণ যেমন বন্ধ হইয়া যায় সেইরূপ এই অনাসক্ত ব্যক্তির ইহলোক পরলোক সম্বন্ধে সর্ব্বপ্রকার ইচ্ছাও আপনি বন্ধ হইয়া যায়। মনের এইরূপ নিয়ন্ত্রণে বাসনা স্বভাবত নষ্ট হইয়া থাকে। অধিক বলা বাহুল্য এই অবস্থায় সেই ব্যক্তির বিপরীত জ্ঞান ধ্বংস হয়, অন্তঃকরণ শুদ্ধ জ্ঞানের আশ্রয় গ্রহণ করে। সঞ্চিত জল ব্যবহারে সমাপ্ত হওয়ার মত প্রারব্ধ ভোগ চলিতে থাকে। সেই অবস্থায় নতুন কর্ম আর কিছু ফল উৎপন্ন করিতে পারে না। কর্ম করিতে করিতে এরূপ সাম্য দশা উপস্থিত হইলে শ্রীগুরুদেব স্বয়ং আসিয়া মিলিত হন। রাত্রির চারিটি প্রহর অতীত হইলেই সূর্য্য দর্শন হয়। ফল প্রসব করিলেই কদলীবৃক্ষের বৃদ্ধি বন্ধ হইয়া যায়।

মুমুক্ষু ব্যক্তিরও গুরুর দর্শনে সেইরূপ হইয়া থাকে। পূর্ণিমার সঙ্গে মিলিত হইয়া চন্দ্র তাহার ন্যূনতা ত্যাগ করে, শ্রীগুরু কৃপায় সাধকেরও সেইরূপ সর্ব্ববিধ ন্যূনতা দূর হইয়া যায়। যে কিছু অজ্ঞান শ্রীগুরু কৃপায় দূর হয়। রাত্রির সঙ্গে অন্ধকারও নষ্ট হয়। অজ্ঞানের উদরে কর্ম, কর্ত্তা ও কার্য্যরূপ ত্রিপুটী, উহা গর্ভিণীর গর্ভস্থ সন্তানের ন্যায় অজ্ঞানের নাশে নষ্ট হইয়া যায়। সমস্ত কর্ম এইরূপে নষ্ট হয়। কর্মের মূল সহ কর্ম ত্যাগ করিলেই সন্ন্যাস সিদ্ধ হয়। এই মূল অজ্ঞান বিনষ্ট হইলে মানুষ যেদিকেই দৃষ্টিপাত করে শুধু স্বয়ং স্বরূপই দর্শন করে। স্বপ্নে যদি কেহ গর্ত্তে পড়িয়া যায়, জাগ্রত হইলে কি আবার সেই স্বপ্ন-দৃষ্ট গর্ত্ত হইতে উঠিবার প্রয়োজন থাকে। এই রীতিতেই মানুষের অজ্ঞান-প্রসূত ভাবনা, আমি অজ্ঞানী আমি শিক্ষানবীশ ইত্যাদি দুঃস্বপ্ন বন্ধ হইয়া জ্ঞাতা ও জ্ঞেয় চিদাকার হইয়া যায়। দর্পণে প্রতিবিম্বিত মুখমণ্ডল দর্পণ হইতে পৃথক্ দ্রষ্টা ভিন্নও দর্শনীয় হইয়া থাকে, সেইরূপ অজ্ঞান চলিয়া গেলে উহার অপেক্ষিত জ্ঞানও থাকিতে পারে না, তবে ক্রিয়া রহিত স্বতন্ত্র জ্ঞানস্বরূপই অবশিষ্ট থাকে। উহার স্বভাবতঃ কোনো ক্রিয়া নাই বলিয়া উহাকে নিষ্ক্রিয় বলা হয়। উহা স্বয়ং আত্মস্বরূপ তথাপি উহা মিথ্যার ন্যায় বিলীন হইয়া যায়। বায়ু প্রবাহ বন্ধ হইলে যেরূপ জলও নিস্তরঙ্গ হইয়া যায়, কেবল সমুদ্রই অবশিষ্ট থাকে, ইহাও সেইরূপ। এই প্রকারে যে নিষ্কর্মতা উৎপন্ন হয়, তাহাকেই নৈষ্কর্ম্য সিদ্ধি বলিয়া জানিও। সকল সিদ্ধির মধ্যে ইহাই শ্রেষ্ঠ সিদ্ধি?

মন্দিরের কাজের মধ্যে যেমন কলস স্থাপন শ্রেষ্ঠ, গঙ্গার জন্য যেমন সমুদ্র প্রবেশ শ্রেষ্ঠ, সুবর্ণ বিষয়ে যেমন ষোড়শ কষে শোধন শ্রেষ্ঠ, সেইরূপ জ্ঞানের দ্বারা অজ্ঞানকে দূর করা পরিশেষে জ্ঞানকেও বিলীন করা পরম সিদ্ধি। এই অবস্থার অতিরিক্ত আর কিছু নিষ্পন্ন হইতে পারে না বলিয়াই ইহাকে পরম সিদ্ধি বলা হইয়াছে ॥ ৪৯ ॥

তবে যে ভাগ্যবান পুরুষের শ্রীগুরু কৃপার সহিত এই আত্ম-সিদ্ধি প্রাপ্ত হয় তাহার সম্বন্ধে আর কি বলি—

সিদ্ধিং প্রাপ্তো যথা ব্রহ্ম তথাঽপ্নোতি নিবোধ মে।
সমাসেনৈব কৌন্তেয় নিষ্ঠা জ্ঞানস্য যা পরা ॥৫০॥

সূর্য্যের উদয়েই অন্ধকার আলোকময় হইয়া যায়। প্রদীপের সঙ্গে কর্পুর দীপের স্বরূপ প্রাপ্ত হয়। লবণকণা জলের সহিত মিলিত হইয়া জল হইয়া যায়। জাগ্রত করিলে নিদ্রিত মানুষের স্বপ্নও ধ্বংস হইয়া যায় এবং নিজের অবস্থা বুঝিতে পারে সেইরূপ যাহার ভাগ্যে গুরুবাক্য শ্রবণের সহিত দ্বৈত ভাব দূর হইয়া ভেদবৃত্তি স্বয়ং নিবৃত্ত হয়, তাহার আবার কর্ম অবশিষ্ট থাকিবে, ইহা কে বলিবে ? আকাশ কি আর কোথাও আসা যাওয়া করে ? উহার নিশ্চয় কোনো কর্ত্তব্য অবশিষ্ট থাকে না, তবে সকলেরই এরূপ ভাব হয় না যে, শ্রবণে বা উপদেশ বাক্য পাঠ করিয়াই স্বয়ং ব্রহ্মস্বরূপ হইয়া যাইবে। যে ব্যক্তি স্বকর্ম অগ্নিতে কাম্য ও নিষিদ্ধ কর্ম, ইন্ধনরূপে রজ ও তমঃ দুই ভাবও জ্বালাইয়া দেয়,

পুত্র বিত্ত এবং পরলোক এই তিনের ইচ্ছা যাহার গৃহসেবিকা দাসীর মত অনুগত হয়, বিষয় সুখে মগ্ন পাপচরিত্র ইন্দ্রিয়গুলিকে যে সংযমের তীর্থ জলে স্নান করাইয়াছে, যে স্বধর্ম আচরণ ফল পরমেশ্বরে সমর্পণ পূর্ব্বক অচল বৈরাগ্য পদ লাভ করিয়াছে, এইভাবে আত্ম-সাক্ষাৎকারে পরিণত হওয়ার মত জ্ঞানের উৎকৃষ্ট অবস্থা প্রাপ্ত করাইতে সামর্থ্যযুক্ত সামগ্রী যে লাভ করিয়াছে, এবং সেই অবস্থায় সদ্‌গুরুর দর্শন হইয়াছে, শ্রীগুরুদেব যাহাকে কোনো গুহ্য উপদেশ হইতে বঞ্চিত রাখেন নাই সে ধন্য। তবে ঔষধ ধারণ মাত্রই আরোগ্য প্রাপ্তি হয় না। দিবালোক প্রকাশের সঙ্গেই মধ্যাহ্ন কাল উপস্থিত হয় না। ক্ষেত্র যদি ভাল থাকে শিশিরসিক্ত থাকে উত্তম বীজ বপন করিয়া নিশ্চিত ফল লাভ হইবে, তবে উহার জন্যও কালের অপেক্ষা অনিবার্য্য। রাস্তা যদি ভাল হয়, আর সজ্জনেরও সঙ্গ পাওয়া যায়, অভীষ্ট স্থানে অবশ্যই পৌঁছানো যাইবে, তবে সময়তো লাগিবেই। যাহার বৈরাগ্য এবং সদ্‌গুরু লাভ হইয়াছে, সঙ্গে সঙ্গে অন্তরেও বিবেকের অঙ্কুর উদ্‌গম হইয়াছে, তাহার এই বাক্যে দৃঢ় বিশ্বাস অবশ্যই হইবে যে, এক ব্রহ্ম ব্যতিরিক্ত অন্য সকলই ভ্রম। তথাপি বস্তুতঃ যে পরব্রহ্ম সর্ব্বাত্মক ও সর্ব্বোত্তম যে তত্ত্বে মোক্ষের প্রয়োজন নাই, হে কিরীটি, যে জ্ঞান সংসারের অবস্থা ত্রয়ের বিলোপ ঘটায় এবং সেই জ্ঞানকেও আত্মসাৎ করে, যেখানে ঐক্যেরও একতা লয় করে, আনন্দের অংশও যেখানে বিলয় প্রাপ্ত, অপর বস্তুর অভাব বশতঃ যে বস্তু একমাত্র শেষ থাকে, সেই

না। সেইটুকুই সে হস্তপদ সঞ্চালন করে, যেটুকু শরীরের কার্য্যের নিমিত্ত প্রয়োজন। অধিক বলিব কি সেই ব্যক্তি অন্তর্বাহ্য সকল বিষয়ই নিজের অধীন করিয়া রাখে। হে বীর, নিজের বৃত্তিকে সে মনের দেউল অতিক্রম করিতে দেয় না, তাহার বাণীর ব্যবহারের আর অবসর কোথায়? এই প্রকারে শরীর, বাক্য ও মন বহিঃপ্রদেশ জয় করিয়া ধ্যান দ্বারা আকাশকেও সে ধারণ করে। গুরুর উপদেশে জাগ্রতমন সে এরূপ নিশ্চয় করিয়া লয়, যেন সে নিজেরই মুখ কোনো দর্পণে প্রতিফলিত দেখিয়া লইতেছে। নিজে ধ্যানী মনের বৃত্তিতে ধ্যান, আবার নিজেকেই ধ্যেয় করিয়া সে ধ্যান করে। তাহার ধ্যানের রীতি এই। ধ্যান ধ্যেয় ধ্যানী এই তিন এক না হওয়া পর্য্যন্ত সে ধ্যান করিতে থাকে। অতএব যোগ প্রক্রিয়ার সহায়ে এই মুমুক্ষু আত্মজ্ঞান বিষয়ে সমর্থ হয়। হে ধনঞ্জয়, গুহ্যদ্বার ও শিশ্নের মধ্যস্থানে গোড়ালীর চাপ দিয়া মূলবন্ধ সিদ্ধ হয়। অধোভাগ সঙ্কুচিত করিয়া মূলবন্ধ উড্ডিয়ান বন্ধ এবং জালন্ধর বন্ধ সিদ্ধ করিয়া শরীরস্থ বায়ুকে সমান করিতে হয়। কুণ্ডলিনীকে জাগ্রত করিয়া সুষুম্নাকে বিকশিত করিয়া আধার চক্র হইতে অগ্নিচক্র পর্য্যন্ত সকল চক্রভেদ করিতে হয়। আবার সহস্রদল কমল মেঘ হইতে যে অমৃত বর্ষণ হয়, উহার প্রবাহ মূলাধার চক্র পর্যন্ত প্রবাহিত করাইতে হয়। অগ্নিচক্রের পুণ্য পর্ব্বতের উপর নৃত্যশীল চৈতন্য ভৈরবের ভিক্ষাপাত্রটি মন ও বায়ু খিচুরী পূর্ণ করিয়া দিতে হয়। এই প্রকারে যোগ সাধনার

বলিষ্ঠ উপাদান অগ্রে লইয়া উহাদের আশ্রয়ে মুমুক্ষু ব্যক্তি ধ্যান স্থির করে। ধ্যান ও যোগ দুইই নির্বিঘ্নে আত্মতত্ত্ব জ্ঞানে প্রবিষ্ট হয়। এই জন্য প্রথম হইতেই সে বৈরাগ্য স্বরূপ বন্ধুকে আপনার করিয়া লয়। সে সকল প্রকার অবস্থায় মুমুক্ষুর সঙ্গের সঙ্গী হইয়া থাকে। যে বস্তুটি দেখিতে হইবে উহা দেখা পর্য্যন্ত যদি প্রদীপ দৃষ্টির সঙ্গ ত্যাগ না করে বস্তু দর্শনে কি আর বিলম্ব হয়? ঠিক সেই প্রকার যে ব্যক্তি মোক্ষের দিকে প্রবৃত্ত হইয়াছে তাহার বৃত্তি ব্রহ্মে লীন হওয়া পর্য্যন্ত যদি বৈরাগ্য তাহার সঙ্গে থাকে, তবে আর মোক্ষ প্রাপ্তির পথে বাধা কোথা হইতে আসিবে? অতএব ভাগ্যবান বৈরাগ্যসহিত জ্ঞানের অভ্যাস করিয়া আত্মজ্ঞানের যোগ্য হইয়া যায়। শরীরে বজ্র কবচ ধারণ পূর্ব্বক সে রাজযোগ-অশ্ব আরোহণ করিয়া আত্মজ্ঞানের পথে চলে। ছোট বড় বাধা দৃষ্টিপথে পড়িলে উহা সে বিবেক-কর ধৃত ধ্যান তরবারির সাহায্যে খণ্ডিত করিয়া চলে। অন্ধকারে প্রবেশ করিয়া সূর্য্য অন্ধকারকে বিনষ্ট করে, সেইরূপ সেই-ব্যক্তিও মোক্ষবিজয় স্ত্রীর বরণীয় বলিয়া অশঙ্কচিত্তে সংসার যুদ্ধে প্রবেশ করে ॥ ৫২ ॥

অহঙ্কারং বলং দর্পং কামং ক্রোধং পরিগ্রহম্।
বিমুচ্য নির্ম্মমঃ শান্তো ব্রহ্মভূয়ায় কল্পতে ॥ ৫৩ ॥

নিজের দোষস্বরূপ শত্রু পথ অবরোধ করিবার নিমিত্ত অগ্রসর হইলে উহাদিগকে মুমুক্ষুজন পরাভূত করে। দেহাভিমান

মৃত্যুতেও পিছন ছাড়ে না। জন্ম দিয়াও বাঁচিতে দেয় না। উহা সকলের ভিতরেই প্রবেশ করিয়া থাকে। মুমুক্ষু ব্যক্তি দেহ সম্বন্ধে অহঙ্কারের দুর্গস্বরূপ দেহকে ভাঙ্গিয়া ফেলে। দ্বিতীয় শত্রু বল। বিষয়ের নামে উহার চতুর্গুণ শক্তি, বিষয় বিষের গৃহ, সম্পূর্ণ দোষের রাজা। ধ্যান তরবারির আঘাত শারীর বল সহ্য করিতে পারে না। প্রিয় বিষয় প্রাপ্তির সুখকে আচ্ছাদন পূর্ব্বক দেহাশ্রয়ে প্রকাশিত সৎপথে ভ্রম উৎপাদক ও অধর্ম্ম-বন পথে প্রবর্ত্তক নরকাদি হিংস্র জন্তুর গ্রাসে নিক্ষেপ-কারী দর্প নামক তৃতীয় শত্রুকে মুমুক্ষু শ্রদ্ধার শস্ত্রাঘাতে ধ্বংস করে। তপস্বীরও ভয়জনক ক্রোধের ন্যায় মহাদোষ যাহার পরিণাম, অপরিমেয় যাহার ক্ষুধা, চতুর্থ শত্রু কামকেও সে এই প্রকারে দৃষ্টির বাহির করিয়া দেয়। ক্রোধেরও সেই অবস্থা। মূলচ্ছেদ হইলে শাখার ধ্বংস অবশ্যম্ভাবী। কামের নাশে ক্রোধের নাশ অনিবার্য। কামকে দূর করিলে ক্রোধের যাতায়াত বন্ধ হইয়া যায়। যাহার হাতে বেড়ী পরাইতে হইবে, রাজাজ্ঞায় উহা তাহারই মাথায় বহন করান হয়। পরিগ্রহ-ভোগ বলবান ব্যক্তিরও মাথায় চড়িয়া বসে, তাহাকে দোষযুক্ত করিয়া "ইহা আমার" এই প্রকার অভিমানের দণ্ড প্রদান করে। শিষ্য সম্প্রদায়ের দ্বারা মঠাদি প্রতিষ্ঠা বা যোগৈশ্বর্য্যের ব্যপদেশে নিঃসঙ্গেও যাহার ফাঁদে পড়ে, গৃহের আত্মীয় ত্যাগ করিলেও বনের বৃক্ষ লতায় যাহাতে মমতার উদয় হয়, দিগম্বরের দেহেও যে প্রবেশ করে, সেই দুর্জ্জয় পরিগ্রহকে পরাভূত করিয়া মুমুক্ষু

সংসার-বিজয়োৎসব আনন্দ উপভোগ করিতে পারে। সার্ব্বভৌম নৃপতির সম্মুখবর্ত্তী হওয়ার ন্যায় অমানিত্ব প্রভৃতি গুণ-রাজগণ যথার্থ-জ্ঞান উপহার লইয়া তাহার সমীপে আগমন পূর্ব্বক আত্মীয়ের ন্যায় অবস্থান করে। প্রবৃত্তির রাজপথে শোভাযাত্রা বাহির হইলে জাগ্রদাদি অবস্থা স্বরূপ স্ত্রীলোকেরা নিজেদের সুখ-দ্বারা তাহার নির্মঞ্ছন করে। বিবেক-সর্দ্দার জ্ঞানের ধনুক ধারণ পূর্ব্বক দৃশ্য জগতের লোকের ভীড় ঠেলিরা রাস্তা করিয়া দেয়। যোগভূমিকা স্ত্রী তাহার আরাত্রিকের নিমিত্ত দাঁড়াইয়া থাকে। তখন ঋদ্ধি, সিদ্ধি ও বহু লাভ হয়। পুষ্পবর্ষণে অভিষেক হয়। ব্রহ্মৈকতা কাছে আসিলে ত্রিলোক আনন্দে উচ্ছলিত বোধ হয়। হে ধনঞ্জয়, এই অবস্থায় শত্রু মিত্র তুলনার বুদ্ধিও থাকে না। আমার বলিয়া অভিমান করিবার বস্তুও পৃথক্ থাকে না। অদ্বিতীয় ভাবে সমগ্র সংসার জড়িত করিয়া মমতাকে সে চিরতরে বিদায় দেয়। নিখিল শত্রু পরাভূত করিয়া তাহার যোগাশ্ব শান্তভাবে দণ্ডায়মান হয়। তখন সেই ব্যক্তি বৈরাগ্য কবচও কিঞ্চিৎ শ্লথ করিয়া দেয়। ধ্যান খড়্গে আঘাত করিবার কেহ থাকে না বলিয়া উহা ধারণের বৃত্তিও সঙ্কুচিত করে। রোগ দূর করিয়া রসায়ন নিজেও থাকে না। তাহার অবস্থাও সেইরূপ। ধাবমান ব্যক্তি দাঁড়াইবার স্থান পাইলে অগ্রসর হয় না—ব্রহ্মের সামীপ্য প্রাপ্তিতেও অভ্যাসের বেগ বন্ধ হইয়া যায়। মহাসাগরে মিলিত গঙ্গার বেগ থাকে না—কামিনী পতির সমীপবর্ত্তিনী হইয়া শান্তভাব ধারণ করে। ফল হইলে কদলীবৃক্ষের বৃদ্ধি

বদ্ধ হয়। স্ব গ্রামে পৌঁছিলে পথ চলা শেষ হয়। মুমুক্ষু আত্ম-সাক্ষাৎকার লাভ করিলে সাধনশস্ত্র—রাখিয়া দেয়। ব্রহ্মের ঐক্য লাভ হইলে সাধন থাকে না। বৈরাগ্যের সন্ধ্যা, জ্ঞানাভ্যাসের বৃদ্ধাবস্থা ও যোগবলের পরিণাম দশায় সে ব্রহ্মৈক্যের যোগ্য হয়। চতুর্দ্দশীতে পূর্ণিমা হইতে চন্দ্রালোক কিছু কম থাকে। এক আনা মিশ্রিত স্বর্ণের উজ্জ্বলতা খাঁটি স্বর্ণের সমীপে অল্পতর। সমুদ্র ও গঙ্গা উভয়তঃ জল হইলেও গঙ্গা বেগবতী আর সমুদ্র নিশ্চল। ব্রহ্ম ও ব্রহ্মৈক্য যোগ্যতায় সেইরূপ প্রভেদ। শান্তির সহযোগে মুমুক্ষু এই অবস্থা লাভ করে। ব্রহ্ম না হইয়াও ব্রহ্মত্বের অনুভূতিই ব্রহ্মৈক্য যোগ্যতা ॥ ৫৩ ॥

ব্রহ্মভূতঃ প্রসন্নাত্মা ন শোচতি ন কাঙ্ক্ষতি।
সমঃ সর্ব্বেষু ভূতেষু মদ্ভক্তিং লভতে পরাম্ ॥ ৫৪ ॥

হে পাণ্ডব, এই যোগ্যতায় সে আত্মজ্ঞানের প্রসন্নতা পায়। রন্ধনের পর অগ্নি নির্ব্বাপিত হইলে তাপ উপশমে পক্ক দ্রব্যের আস্বাদন লাভ হয়। শরৎকালে জোয়ার ভাঁটা ছাড়িয়া গঙ্গা শান্ত হয়। সঙ্গীত থামিবার সহিত যন্ত্র, তব্‌লা, তানপূরা প্রভৃতিও থামিয়া শুধু 'বাহবা' থাকিয়া যায়। আত্মজ্ঞানের উত্তম জনিত শ্রম যে অবস্থায় থামিয়া যায়, উহারই নাম আত্মজ্ঞান প্রসন্নতা। হে মহামতি, উপযুক্ত ব্যক্তিই পূর্ব্বোক্ত দশার উপভোগ করে। তখন মমতা বুদ্ধিতে অপ্রাপ্ত বিনষ্ট বস্তুর জন্য শোক ও কোন বস্তু প্রাপ্তির ইচ্ছা দূর হইয়া যায়, ঐক্য ভাবই অবশিষ্ট

থাকে। সূর্য্যোদয় মাত্র নক্ষত্রের প্রভা নষ্ট হয়, আত্মানুভবে পঞ্চমহাভূতব্যক্ত বিষয় জগৎ দূর করিয়া সে কেবল শূন্যতার দর্শন করে। বিপরীত জ্ঞানের হেতু জাগ্রৎ ও স্বপ্ন সুষুপ্তির অজ্ঞানে লয় পায়। জ্ঞান বৃদ্ধির সহিত অব্যক্তও অল্পতর অনুভূত হইয়া পূর্ণজ্ঞানোদয়ে উহা সম্পূর্ণরূপে বিলীন হইয়া যায়। ভোজন কালে ক্ষুধা ধীরে ধীরে নিবৃত্ত হয়, তৃপ্তির সহিত উহা সম্পূর্ণরূপে শান্ত হয়। চলিতে চলিতে পথ অতিবাহিত হয়, গন্তব্যস্থানে পোঁছিলে উহা শেষ হয়। জাগ্রত হইবার সঙ্গে সঙ্গে তন্দ্রালস ছুটিয়া যায়; বৃদ্ধি সমাপ্তির সহিত চন্দ্র পূর্ণতাপ্রাপ্ত হয়, শুক্লপক্ষও শেষ হয়। জ্ঞেয় বিষয় গ্রাসপূর্ব্বক জ্ঞানের সহিত আমাতে মিলিত হইলে অজ্ঞান ধ্বংস হয়। কল্পান্তে নদী ও সমুদ্রের পার্থক্য থাকে না। ব্রহ্মলোক পর্য্যন্ত জলমগ্ন হইয়া যায়। ঘট পটাদির নাশে আকাশই সর্ব্বত্র থাকে। ইন্ধন জ্বলিয়া অগ্নিই অবশিষ্ট থাকে। অলঙ্কার অগ্নি তাপে গলাইলে নামরূপ লোপ পাইয়া শুধু স্বর্ণই থাকে। জাগরণে স্বপ্ন দূর হইয়া শুধু দ্রষ্টাই থাকে। সেইরূপ পূর্ব্বোক্ত পুরুষ আমাকে ভিন্ন আর কিছুর অস্তিত্ব দেখে না। এই প্রকারে সে আমার চতুর্থ প্রকারের ভক্তি লাভ করে। আর্ত্ত, অর্থার্থী ও জিজ্ঞাসু যে রীতিতে আমাকে ভক্তি করে উহাদের তুলনায় ইহাকে চতুর্থ ভক্তি বলিলাম। অন্যথা ইহাকে তৃতীয়; চতুর্থ বা অন্তিম কিছুই বলা যায় না। ব্রহ্মস্থিতিরই নাম ভক্তি। বিভিন্ন বিষয়ে যথাযোগ্য রুচি উৎপাদন পূর্ব্বক তত্তৎবস্তুর জ্ঞান সম্পাদক অখণ্ড

প্রকাশ আমাকে যে যেভাবে বা বস্তুরূপে দর্শন করিতে ইচ্ছা করে তাহাকে সেই ভাবে দেখাই। স্বপ্নের দেখা না দেখা দ্রষ্টার অস্তিত্বের উপর নির্ভর করে। তদ্রূপ যাহার প্রকাশে বিশ্বের উৎপত্তি ও লয় নির্ভর করে, আমার সেই স্বাভাবিক প্রকাশকে ভক্তি বলি। আর্ত্তের হৃদয়ে ভক্তি ইচ্ছারূপে যে বস্তুর অপেক্ষা করে উহাও আমি। জিজ্ঞাসুর ভক্তি ও জিজ্ঞাস্যরূপে আমাকেই প্রকাশ করে। হে অর্জ্জুন, অর্থ প্রাপ্তির ইচ্ছায় আমাকেই অর্থনামে অভিহিত করিয়া তাহার অনুসরণ করে। অজ্ঞানীর ভক্তি সর্ব্বসাক্ষী আমাকে দৃশ্যরূপে বর্ণনা করে। দর্পণে মুখ দেখায় সেখানে দ্বিতীয়ত্ব দর্পণের হেতু উহা মিথ্যা। চন্দ্রকে দুই দেখিবার হেতু চক্ষুরোগ। আমিই সর্ব্বত্র নিজে নিজেকে দেখিতেছি। মিথ্যা দৃশ্য পদার্থ অজ্ঞান প্রসূত। চতুর্থ ভক্তের সেই অজ্ঞান থাকে না। বিম্বে প্রতিবিম্বের ন্যায়—সাক্ষিরূপতা আমার স্বরূপে লীন হয়। স্বর্ণ মিশ্রিত হইলেও স্বর্ণ—মিশ্রণাংশ পৃথক্ করিলে উহা শুদ্ধ স্বর্ণ। পূর্ণিমার পূর্ব্বেও চন্দ্রের কলা থাকে। পূর্ণিমায় পূর্ণতা হয়। যথার্থতঃ আমাকে দেখিলেও দৃশ্যরূপে অজ্ঞানের নিমিত্ত পৃথক্ দর্শন হয়। দৃশ্যত্ব লয় পাইলে মৎস্বরূপ প্রাপ্তি। হে পার্থ, এই নিমিত্ত দৃশ্যপথের অন্তরালে স্থিত ভক্তিযোগকে আমি চতুর্থ বলিয়াছি ॥ ৫৪ ॥

ভক্ত্যা মামভিজানাতি যাবান্ যশ্চাস্মি তত্ত্বতঃ।
ততো মাং তত্ত্বতো জ্ঞাত্বা বিশতে তদনন্তরম্ ॥ ৫৫ ॥

জ্ঞান মিশ্রা ভক্তি দ্বারা ভক্ত আমার সহিত ঐক্য লাভ পূর্ব্বক মদ্রূপতা লাভ করে, ইহা শুনিয়াছ? হে কপিধ্বজ, সপ্তম অধ্যায়ে আমি বাহু তুলিয়া বলিয়াছি, জ্ঞানী আমার আত্মা। এই ভক্তিযোগ অতি উত্তম বলিয়া কল্পারম্ভে উহা আমি শ্রীমদ্‌ভাগবতের মধ্য দিয়া ব্রহ্মাকে উপদেশ করিয়াছি। জ্ঞানী ইহাকে আত্মজ্ঞান বলে। শিবোপাসক ইহাকে শক্তি বলে। আমি উহাকে স্ব-ভক্তি বলি। কর্ম্মযোগী মদ্রূপতা লাভ করিবার সময় এই ভক্তি ফল লাভ করিলে জগন্ময় আমাকেই দেখে। তখন বৈরাগ্য বিবেকের সহিত মায়া বন্ধন মোক্ষে লয় পায়। বৃত্তি নিবৃত্তির সহিত বিলীন হয়। ত্বং পদের সহিত তৎপদও লয় পায়। চারিটি মহাভূতকে গ্রাস করিয়া আকাশের ন্যায় সাধ্য সাধন বিলীন হইয়া আমাতে অবস্থান করে। তখন একমাত্র আমারই অনুভব হয়। সমুদ্রে মিলিত হইলেও গঙ্গা পৃথক্ শোভা পায়। তদ্রূপ ভক্ত আমাতে মিলিয়াও আমাকে উপভোগ করে। একটি দর্পণকে উজ্জ্বলতর অপর দর্পণ দেখাইবার ন্যায় তখন মদনুভব সুখ। দর্পণ পৃথক্ করিলে মূর্ত্তি দর্শন বন্ধ হইয়া শুধু দ্রষ্টা নিজে দৃশ্যত্ব অনুভব করে। স্বপ্ন-ভঙ্গে দ্বৈত-ভিন্নও স্বপ্ন দৃষ্টির সুখানুভব হয়। যদি বল একরূপ হইলে উপভোগ কিরূপে সম্ভব? তদুত্তরে বলি শব্দ দ্বারাই শব্দ উচ্চারিত হয়। তোমাদের গ্রামে সূর্য্য দর্শনের নিমিত্ত কি প্রদীপের সহায়তার প্রয়োজন হয়? আকাশ ধারণ করিবার নিমিত্ত মণ্ডপ নির্ম্মাণের প্রয়োজন হয় না। রাজত্ব প্রাপ্তি ভিন্ন

রাজসুখানুভব অসম্ভব! অন্ধকার সূর্য্যকে আলিঙ্গন করিতে পারে না। আকাশের ন্যায় ব্যাপক না হইলে আকাশের ব্যাপকতা কিরূপে জানিবে? গুঞ্জার অলঙ্কার রত্নালঙ্কারের শোভা প্রকাশ করিতে পারে? অতএব মদ্রূপতা লাভ না করিলে আমার জ্ঞানলাভই অসম্ভব মদ্‌ভক্তি ত আরও দূরের কথা। তরুণাঙ্গীর তারুণ্য উপভোগের ন্যায় কর্ম্মযোগী মদ্রূপতায় আমাকে উপভোগ করে। তরঙ্গ সর্ব্বতঃ জলকে চুম্বন করে। প্রভা বিশ্বের সর্ব্বাঙ্গ প্রকাশ করে। শূন্যতা আকাশে সর্ব্বব্যাপক। মৎস্বরূপতা লাভ করিলে কোন ক্রিয়া বিনাও সেই ব্যক্তি আমার ভজন করে। স্বর্ণের ঘনতা স্বর্ণকেই প্রাপ্ত হয়। চন্দনের সুবাস চন্দনকেই সেবা করে। চন্দ্রিকা চন্দ্রে অনুরক্ত। অদ্বৈত স্থিতিতে ক্রিয়া না থাকিলেও ভক্তি হইতে পারে। ইহা শুধু অনুভব যোগ্য। শব্দদ্বারা প্রকাশের অযোগ্য। প্রারব্ধ কর্ম্মানুসারে সেই ব্যক্তি যাহা বলে, উহাই আমার অহ্বান। আর তাহাতেই আমার উত্তর-দান। বক্তার নিজের সহিত দেখা হইলে বক্তব্য শেষ হইয়া যায়। সে যদি চুপ করিয়া থাকে, উহাই আমার উৎকৃষ্ট স্তুতি। কিছু বলিতেই আমার অনুভূতিতে সে মৌনী হয় আর উহাতেই আমার স্তব পুর্ণ হয়।

হে কিরীটি, বুদ্ধির দৃষ্টিতে কিছু দর্শনের চেষ্টা করিলে দর্শন ক্রিয়া দৃশ্য বস্তুর লোপ সাধন করে এবং দ্রষ্টার স্বরূপ পরিচয় করাইয়া দেয়। দর্শন ব্যাপারের পুর্ব্বে প্রতিবিম্বিত দ্রষ্টার দর্পণস্থিত রূপ দৃষ্টিমাত্র দেখা যায়। দৃশ্য

লোপ হইয়া দ্রষ্টায় প্রবেশ করিলে একতা মাত্র থাকে বলিয়া দ্রষ্টৃত্ব থাকে না। স্বপ্নদৃষ্ট প্রিয় আলিঙ্গনের সময় প্রিয় কেহ কাছে থাকে না। উহা জাগ্রত অবস্থায় বুঝা যায়। প্রজ্বলিত ইন্ধন ঘর্ষণে যে স্ফুলিঙ্গ বহির্গত হয়, উহাতে কাষ্ঠ ও অগ্নির দ্বৈত নাশ হইয়া শুধু অগ্নির অদ্বৈত সত্ত্বাই অনুভব হয়। প্রতিবিম্ব নাশে সূর্য্যের প্রতিবিম্ব অপেক্ষিত বিম্বত্ব লয় পায়। সূর্য্য অন্ধকারকে প্রকাশ করে, প্রকাশ্য বস্তু না থাকিলে তাহার প্রকাশকতা থাকে না। সেইরূপ দৃশ্য সম্বন্ধী দ্রষ্টৃত্ব মদ্রূপতা লাভের সঙ্গে সঙ্গে লোপ পায়। দেখা ও না দেখা, এইরূপ অবস্থাই আমার দর্শন। হে কিরীটি, ভক্ত এই দর্শনের অনুভূতি সর্ব্বত্র দ্রষ্টা ও দৃশ্যের অতীত দৃষ্টি দ্বারা সর্ব্বদাই প্রাপ্ত হয়। আকাশকে ঠেলিয়া দিলে স্থানচ্যুত হয় না। সেই ভক্তও আমাতে অবস্থান করে কখনও চ্যুত হয় না। কল্পান্তে জলেই জলের সীমা উহা দ্বারাই প্রবাহের রোধ। ভক্তও সর্ব্বতোভাবে মদ্‌ভাবে পূর্ণ থাকে। চরণ নিজেকে লঙ্ঘন করিতে পারে না। অগ্নি নিজেকে জ্বালাইতে পারে না। জল জলকে স্নান করাইতে পারে না। মৎ স্বরূপ প্রাপ্তিতে ভক্তের গমনাগমন বন্ধ হইয়া যায়। উহাই অদ্বৈত-যাত্রা। জলের তরঙ্গ খুব বেগে চলিলেও ত্যাগ বা গ্রহণ জলেরই আশ্রয়ে। ভূমিতে তাহার কোন ব্যাপার নাই। হে পাণ্ডব, যেখানেই যাউক সর্ব্বত্রই জল বলিয়া তরঙ্গের একাত্মতার হানি হয় না। মদনুভূতির একাত্মতায় ভক্ত সর্ব্বভাবে আমাতেই অবস্থান করে। দেহ

স্বভাবে যে কোন কর্ম্মও সদ্‌ভাবেই অঙ্গীকার করে। হে পাণ্ডব, সেই অবস্থায় কর্ম্ম বা কর্ত্তা কিছু থাকে না, আমিই আমাকে দেখি।

দর্পণ দর্পণকে দেখিলে উহাকে দর্শন, স্বর্ণদ্বারা স্বর্ণ মণ্ডিত হইলে উহাকে আবৃত ও প্রদীপ দ্বারা প্রদীপ প্রকাশিত হইলে প্রকাশ করা হইল বলা যায় না। সেইরূপ আমার কর্ম্মানুষ্ঠানকে কর্ম্ম বলা যায় না। কর্ম্ম করিলেও যদি "কর্ম্ম করে" এরূপ বলিবার সুযোগ না থাকে, তবে কর্ম্ম করা না করা সমান। সমস্ত ক্রিয়া মৎস্বরূপ হওয়ার ফলে যে অকর্ত্তৃত্ব ঘটে উহাই আমার সঙ্কেত পূজা। হে কপিধ্বজ, কর্ম্ম অনুষ্ঠিত হইলেও অকর্ম্মের ন্যায়, উহা দ্বারাই সে আমার মহাপূজা সম্পাদন করে। সে যাহা বলে উহাই আমার স্তুতি, যাহা দেখে উহাই আমার দর্শন, তাহার গমনই অদ্বিতীয় আমার বিজয় যাত্রা। তাহার কর্ম্ম আমার পূজা, কল্পনা আমার জপ, নিদ্রা আমার সমাধি। কঙ্কণ স্বর্ণ হইতে পৃথক্ নয়। সে ভক্তিযোগ বলে আমা হইতে পৃথক্ নয়। জলে তরঙ্গ, কর্পূরে সুগন্ধ, রত্নে প্রভা, তন্তুতে বস্ত্র ও মৃত্তিকায় ঘটের ন্যায় সে আমার সহিত এক হইয়া থাকে। এই অনন্যসিদ্ধা ভক্তিদ্বারা দৃশ্যমাত্রে আমারই দর্শন হয়। জাগ্রদাদি অবস্থাত্রয়ে, উপাধি ও উপাধিযুক্ত রূপে, ভাব ও অভাবে সর্ব্বত্র সে 'আমি দ্রষ্টা' এই জ্ঞানে আত্মানুভবানন্দে নৃত্য করিতে থাকে। সর্পে আভাস দূর হইলে রজ্জুর জ্ঞানে বুঝা যায়, উহা পূর্ব্বাপর রজ্জুই। অলঙ্কার গলাইলে বুঝা যায়, উহাতে অলঙ্কারত্ব এক

রতিও ছিল না। তরঙ্গ জল ভিন্ন অপর বস্তুর মিলনে সেই আকার ধারণ করে না। জাগ্রদ্দশায় স্বপ্নজ দৃশ্য লোপ পায়। সেই-প্রকার পূর্ব্বোক্ত ব্যক্তি এই সংসারে জ্ঞেয় বস্তুর অনুভূতি ভিন্ন আর কিছু দেখে না। সে জানে (আমি অজ, জরারহিত, অক্ষয়, অক্ষর, অপূর্ব্ব, অপার আনন্দময়, অচল, অচ্যুত, অনন্ত, অদ্বিতীয়, আদ্য, অব্যক্ত, ব্যক্ত, ঈশ্য, ঈশ্বর, অনাদি, অমৃত, অভয়, আধার, আধেয়, সর্ব্বেশ্বর, স্বভাব সিদ্ধ, সর্ব্ব, সর্ব্বগত, সর্ব্বাতীত, নূতন, পূরাণ, শূন্য, পূর্ণ, স্থূল, পরমাণু, ক্রিয়ারহিত, এক, অসঙ্গ, অশোক, ব্যাপ্য, ব্যাপক, পুরুষোত্তম, অশব্দ, শ্রবণরহিত, অরূপ, অগোত্র, সম, স্বতন্ত্র ও পরব্রহ্ম।) এই ভাবে অদ্বিতীয় আমাকে আত্মারূপে জানিয়া অদ্বৈতভক্তিযোগে মদ্‌বিষয়ে তত্ত্বজ্ঞান লাভ করে! নিদ্রাভঙ্গে স্বপ্নদৃষ্ট বস্তু সমূহের একত্ব অবশিষ্ট থাকে। সেই ব্যক্তিও এক আমাকেই জানে। সূর্য্যোদয়ে নিখিল বিশ্ব এক আলোকে উদ্ভাসিত হয়। সেই ব্যক্তিও অভেদ দর্শন করে। জ্ঞেয় বস্তুর লোপে জ্ঞান-কলাকেও মৎস্বরূপে জানিয়া সে কৃতার্থ হয়। দ্বৈত বা অদ্বৈতের পরে এক আমিই রহিলাম এই জ্ঞান লাভ করিয়া করিয়া উহাও আত্মানুভবে লীন হইয়া যায়। অলঙ্কার দেখামাত্র না গলাইলেও উহার মূল সুবর্ণের জ্ঞান হয়। জাগ্রদ্দশায়ও সেই ব্যক্তি আমার জ্ঞান লাভ করে। লবণজলে-মিশ্রিত দশায়ও জলের ক্ষারত্ব থাকে। জলরূপ ধ্বংসে লবণের জল হওয়া শেষ হইয়া যায়। পূর্ব্বোক্ত মদ্রূপতার ভাবে

আত্মানুভব আনন্দে মিলিত হইয়া সে আমাতে প্রবেশ করে। তদ্ভাব নষ্ট হইলে মদ্ভাবও থাকে না। তখন "যুস্মৎ অস্মৎ" প্রত্যয়ের অগোচর স্বরূপ অবস্থান করে। কর্পূর শেষ হইলে অগ্নি নির্ব্বাপিত হয়। তখন শুধু শূন্যই অবশিষ্ট থাকে। এক হইতে এক হরণ করিলে শূন্যই অবশিষ্ট থাকে। সেইরূপ ভাব ও অভাবের শেষ আমিই থাকি। ব্রহ্ম, আত্মা, ঈশ্বরাদি শব্দ ব্যবহারের ইচ্ছা তখন থাকে না। নাই বলিবারও অবকাশ থাকে না। নিঃশব্দতা—বিনা বাক্যে ভাব প্রকাশ, জ্ঞান ও অজ্ঞান ভিন্ন জ্ঞান এইরূপ দ্বন্দ্বাতীত অবস্থা হয়। জ্ঞানই তখন জ্ঞানকে জানে। আনন্দই আনন্দ গ্রহণ করে। সুখই সুখ ভোগ করে। লাভই লাভ করে। প্রকাশ আলোককে আলিঙ্গন করে। বিস্ময় আশ্চর্য্য সমুদ্রে মগ্ন হয়। তখন শম শান্ত হয়, বিশ্রান্তি বিশ্রাম লাভ করে, অনুভব অনুভূতিতে উন্নত হইয়া যায়। কর্ম্মযোগের অঙ্কুর সেবাদ্বারাও পূর্ব্বোক্ত পুরুষ আত্মময় ফল লাভ করে। হে কিরীটি, ভক্ত আমাকে আত্মসমর্পণ পূর্ব্বক কর্ম্মযোগ মুকুটমণি জ্ঞানস্বরূপ আমার স্বরূপতা লাভ করে অথবা কর্ম্মযোগ মন্দিরের মোক্ষ কলসীর উপর বিস্তীর্ণ আকাশের স্বরূপতা প্রাপ্ত হয়। সংসার কাননে কর্ম্মযোগ সরল পথ, উহাদ্বারা সে আমার ঐক্যতার গ্রামে পৌঁছিয়া থাকে। কর্ম্মযোগ প্রবাহে ভক্তিময়ী চিদ্‌গঙ্গা আত্মানন্দ সমুদ্রে মিলিত হয়। হে মর্ম্মজ্ঞ, কর্ম্ম যোগের মহিমা এত! এই নিমিত্ত বারংবার সেই উপদেশই করিতেছি। দেশ, কাল বা পদার্থাদির সাধনে আমাকে

পাওয়া যায় না। আমি সকলেরই যথা সর্ব্বস্ব। এই নিমিত্ত অধিক আয়াসেরও প্রয়োজন নাই। কর্ম্মযোগ দ্বারা আমাকে পাইতে পার। গুরু শিষ্যের যে পার্থক্য বর্ণনা, উহা শুধু আমাকে লাভ করিবার রীতি জানিবার নিমিত্ত। পৃথিবীর বুকে দ্রব্য আছে, কাষ্ঠে অগ্নি আছে, বাঁটে দুগ্ধ আছে, উহা পাইবার উপায় গ্রহণ করিতে হয়। সেইরূপ যদিও আমি সিদ্ধ পদার্থ চিরকাল আছি, তথাপি আমাকে পাইবার উপায় গ্রহণ প্রয়োজন। কেহ জিজ্ঞাসা করিতে পারে, ফল প্রাপ্তির বর্ণনার পর পুনরায় উপায়ের কথা উঠিল কেন? তাহার অভিপ্রায় এই যে, অন্য শাস্ত্রের উপায় অনুভবসিদ্ধ নয়। কিন্তু গীতার্থ বিচারেই যে মোক্ষ প্রাপ্তি ইহা অনুভব সিদ্ধ, বায়ুদ্বারা মেঘ দূর হইয়া যায়, কিন্তু সূর্য্যকে স্পর্শ করিতে পারে না। হাত দিয়া শৈবাল দূর করা যায়, জল তৈরী করা যায় না। শাস্ত্রদ্বারা আত্মানুভবের প্রতিবন্ধক অবিদ্যা নষ্ট করিলে নির্ম্মল আত্মা স্বয়ং প্রকাশিত হয়। নিখিল শাস্ত্র অবিদ্যা ধ্বংসের নিমিত্ত প্রয়োজনীয়; কিন্তু কেহ আত্মানুভব প্রদানে সমর্থ নয়। অধ্যাত্মশাস্ত্র যে সত্য নির্দ্ধারণ করে, তাহার আশ্রয় এই গীতা। পূর্ব্বদিকে প্রকাশিত সূর্য্যদ্বারাই সকলদিক্ প্রকাশিত হয়, সেইরূপ গীতা শাস্ত্রমহারাজ দ্বারাই সকল শাস্ত্র কৃতার্থ হইয়াছে। পূর্ব্ব পূর্ব্ব অধ্যায়ে আত্মানুভূতির উপায় বহু বিস্তার পূর্ব্বক বর্ণিত হইলেও শিষ্য একবার শ্রবণ মাত্র উহা হৃদয়ে ধারণ করিতে পারিবে কিনা এই ভাবিয়া শ্রীকৃষ্ণ কৃপা পূর্ব্বক উহাই

দ্বিতীয়বার সংক্ষেপে অর্জ্জুনের প্রতি উপদেশ করিতেছেন। গীতাশাস্ত্রও সমাপ্তির দিকে আসিতেছে, এইহেতু প্রসঙ্গতঃ আদ্যন্ত একার্থতারও প্রতি পাদন করিতেছেন। এই গ্রন্থের মধ্যভাগে বিভিন্ন অধিকারের বর্ণনা বিবিধ সিদ্ধান্ত· প্রকাশিত হইয়াছে। হয় ত কেহ উহাদের পূর্ব্বাপর তাৎপর্য্য বুঝিতে না পারিয়া মনে করিবে গীতা এই প্রকার পরস্পর বিরোধী সিদ্ধান্তই সংগ্রহ করিয়া রাখিয়াছে। এই ভাবিয়া শ্রীকৃষ্ণ এক মহাসিদ্ধান্তের অন্তর্গত করিয়া অন্যান্য সিদ্ধান্তসমূহকে শ্রেণীবদ্ধ ভাবে বর্ণনা পূর্ব্বক আরব্ধ গ্রন্থের উপসংহার করিতেছেন। অবিদ্যানাশই এই গ্রন্থের ভূমিকা। মোক্ষসম্পাদনই উহার ফল। আর এই দুইএর সাধন জ্ঞান। বিবিধ প্রকারে এই সিদ্ধান্তই এই গ্রন্থে বর্ণিত হইয়াছে, উহাই পুনরায় সংক্ষেপে বর্ণনার উদ্দেশ্যে সাধ্য বস্তু প্রাপ্তির পরও শ্রীকৃষ্ণ উপায়ের কথা বলিতেছেন ॥ ৫৫ ॥

সর্ব্বকর্ম্মাণ্যপি সদা কুর্ব্বাণোমদ্‌ব্যপাশ্রয়ঃ।
মৎপ্রসাদাদবাপ্নোতি শাশ্বতং পদমব্যয়ম্ ॥ ৫৬ ॥

শ্রীকৃষ্ণ বলিলেন—কর্ম্ম যোগীও নিষ্ঠাদ্বারা আমার সহিত মিলিত হয়। স্বকর্ম্ম নির্ম্মল-কুসুমে পূজা পূর্ব্বক আমার জ্ঞান নিষ্ঠা লাভ করে। জ্ঞাননিষ্ঠা প্রাপ্ত হইলে পরম ভক্তি উল্লসিত হয়, তখন আমার সহিত মিলিত হইয়া সাধক সুখী হয়। বিশ্ব-প্রকাশক আমাকে সর্ব্বরূপে ভজন করিলে কি অবস্থা হয় শ্রবণ

কর। লবণ নিজের প্রতিবন্ধক ছাড়িয়া জলের আশ্রয় লইলে, বায়ু সর্ব্বত্র ভ্রমণ পূর্ব্বক নিশ্চল হইয়া আকাশে অবস্থান করিলে, যে অবস্থা—সেইরূপ কায়, মন ও বাক্যে আমার আশ্রয় গ্রহণ করিলে সেই ব্যক্তি কখনও নিষিদ্ধ কর্ম্ম করিলেও দোষের হয় না। গঙ্গার মিলনে নালা ও মহানদী সম ভাবই ধারণ করে। আমার জ্ঞানে তাহারও শুভ বা অশুভ কর্ম্ম সমভাব ধারণ করে। মলয় পর্ব্বতের চন্দন ও সামান্য কাষ্ঠের বিচার যতক্ষণ উহারা অগ্নিতে দগ্ধ না হয়। স্পর্শ মণির সংযোগে সমভাব আনয়নের পূর্ব্ব পর্য্যন্তই স্বর্ণের নিকৃষ্টতা ও উৎকর্ষের বিচার। এক আমিই সর্ব্বত্র আছি ইহা দর্শনের পূর্ব্ব পর্য্যন্ত পাপ ও পুণ্য কর্ম্মের বিচার। সূর্য্যের দেশে যাওয়ার পূর্ব্বেই রাত্রি ও দিনের পার্থক্য। হে কিরীটি, আমার প্রাপ্তিতে কর্ম্মনাশ হইলে সে সাযুজ্য পদে আরূঢ় হয়। তখন আমার দেশ, কাল ও স্বভাবের অতীত অক্ষয় অবিনাশী পদ লাভ হয়। হে পাণ্ডব, তাহার প্রতি আমার প্রসন্নতা হওয়ার ফলে অলভ্য আর কিছুই থাকে না॥ ৫৬॥

চেতসা সর্ব্বকর্ম্মাণি ময়ি সন্ন্যস্য মৎপরঃ।
বুদ্ধিযোগমুপাশ্রিত্য মচ্চিত্তঃ সততং ভব॥ ৫৭॥

হে ধনঞ্জয়, আমাতেই সকল কর্ম্ম সন্ন্যাস করা উচিত। তবে বাহ্যতঃ করিলেই চলিবে না। আত্ম বিচারে চিত্ত স্থির হয়। সেই বিচার বলে তুমি স্বয়ং কর্ম্মমুক্ত এবং সকলকর্ম্ম আমার

নির্ম্মল স্বরূপে দেখিবে। কর্ম্মের জন্মভূমির প্রকৃতি বহু দূরে যাইবে। রূপ বিনা ছায়া থাকে না। আত্মা বিনা প্রকৃতি থাকে না। প্রকৃতির নাশ হইলে অনায়াসে কারণ সহিত কর্ম্ম-সন্ন্যাস হইবে। কর্ম্ম ধ্বংস হইলে কেবল আত্মা আমিই অবশিষ্ট থাকি। বুদ্ধির পবিত্রতা সতী স্ত্রীর ন্যায় আমার অনুগামিনী হওয়া চাই। অনন্যভাবে বুদ্ধি আমাতে প্রবিষ্ট হইলে চিত্ত অন্য বিষয় ত্যাগ পূর্ব্বক আমারই ভজন করে। সর্ব্বদা এই প্রকার যত্ন পূর্ব্বক বিষয় ত্যাগ ও আমাতে চিত্ত সংযোগ করা কর্ত্তব্য ॥ ৫৭ ॥

মচ্চিত্তঃ সর্ব্বদুর্গাণি মৎপ্রসাদাৎ তরিষ্যসি।
অথ চেৎ ত্বমহঙ্কারান্ন শ্রোষ্যসি বিনঙ্ক্ষ্যসি ॥ ৫৮ ॥

অনন্য সেবাদ্বারা চিত্ত মৎ স্বরূপের অনুসরণ করিলে বুঝিবে আমার পূর্ণ কৃপা হইয়াছে। উহাতে জন্মমৃত্যু সঙ্কুল দুঃখময় সংসারও সুখময় হইবে। সূর্য্যালোকে উদ্ভাসিত দৃষ্টিতে অন্ধকারের স্থান কোথায়? আমার কৃপায় জীবাংশ দূর হইলে সংসারের ভয় আর থাকে না। হে ধনঞ্জয়, তুমি আমার প্রসাদে সংসার পার হইবে। অহঙ্কারের বশে এই উপদেশ মনের কোণে ধারণ না করিলে তুমি নিত্যমুক্ত ও অব্যক্ত স্বরূপ হইলেও বৃথা দেহসম্বন্ধে আঘাত সহ্য করিবে। দেহ সম্বন্ধে আত্মঘাত হয়, কখনও ভোগের অন্ত হয় না। আমার উপদেশ শ্রবণ না করিলে মৃত্যুর পর মৃত্যু প্রাপ্ত হইবে ॥ ৫৮ ॥

যদহঙ্কারমাশ্রিত্য ন যোৎস্য ইতি মন্যসে।
মিথ্যৈষ ব্যবসায়স্তে প্রকৃতিস্ত্বাং নিযোক্ষ্যতি ॥ ৫৯ ॥

পথ্য যাহার ভাল লাগে না সেই রোগীর জ্বর বৃদ্ধি পায়। প্রদীপ যাহার ভাল লাগে না, সে অন্ধকারই বৃদ্ধি করে। বিবেকের দ্বেষ পূর্ব্বক অহঙ্কার বৃদ্ধি করিয়া স্বমতানুসারে তুমি দেহকে "অর্জ্জুন" শত্রুকে "স্বজন" ও এই সংগ্রামকে "পাপাচরণ" এই তিন নাম দিয়াছ। হে ধনঞ্জয়, হৃদয়ে যদিও দৃঢ় নিশ্চয় করিতেছ যুদ্ধ করিব না, উহা কিন্তু তোমার ক্ষাত্রধর্ম্মের সম্মুখে বৃথা। আমি অর্জ্জুন। ইহারা আমার আত্মীয়, ইঁহাদের বধ পাপাচরণ প্রভৃতি কথা মায়ার অতিরিক্ত সত্য নয়। স্বভাবতঃ তুমি যোদ্ধা, যুদ্ধের নিমিত্ত তোমার অস্ত্র তুলিয়া লওয়া কর্ত্তব্য, অথবা যুদ্ধ ত্যাগের প্রতিজ্ঞা করা উচিত? যুদ্ধ ত্যাগ সংকল্প বৃথা, লোকদৃষ্টিতেই উহাকে ব্যবহারসিদ্ধ মানিয়া লওয়া যায় না। মনে যুদ্ধ ত্যাগের ইচ্ছা থাকিলেও প্রকৃতি তোমার সঙ্কল্পের বিরুদ্ধ আচরণ করাইবে ॥ ৫৯ ॥

স্বভাবজেন কৌন্তেয় নিবদ্ধঃ স্বেন কর্ম্মণা।
কর্ত্তুং নেচ্ছসি যন্মোহাৎ করিষ্যস্যবশোঽপি তৎ ॥৬০॥

প্রবাহের বিপরীত দিকে উজান সাঁতার অনর্থক শ্রম। প্রবাহ সন্তরণকারীকে প্রবাহের দিকে টানিয়া লয়। ধান্য বীজে ধান্যাঙ্কুর হওয়াই স্বাভাবিক। হে প্রবুদ্ধ, প্রকৃতি তোমাকে ক্ষত্রিয় করিয়াছে, যুদ্ধ করিব না বলা বৃথা—অবশ্যই তোমাকে

যুদ্ধ করিতে হইবে। হে পাণ্ডব, শূরতা, তেজ, দক্ষতা প্রভৃতি স্বাভাবিক ক্ষত্রিয়গুণ তোমার জন্মগত। উহাদের অনুরূপ কর্ম্ম-ত্যাগ করিয়া তুমি নিষ্কর্ম্ম হইতে পার না। গুণত্রয়ে আবদ্ধ বলিয়া অবশ্যই ক্ষত্রিয় কর্ম্মে নিযুক্ত হইবে। জন্মমূল বিচার না করিয়া যুদ্ধ না করাই যদি তুমি স্থির করিয়া থাক, উহা. অসম্ভব। হস্তপদ আবদ্ধ ব্যক্তিও রথস্থ হইয়া দেশান্তরে গমন করে। তুমি নিজে কর্ম্মত্যাগ করিয়া স্থির থাকিলেও প্রকৃতি তোমাকে কর্ম্ম করাইবে। গোগ্রহণের সময় উত্তর পলায়নপর হইলে তুমি যুদ্ধে প্রবৃত্ত হইয়াছিলে কেন? ক্ষত্রিয়স্বভাবে অধুনাও তোমাকে যুদ্ধে প্রবৃত্ত করাইবে। একাদশ অক্ষৌহিণী সৈন্য পরাজিত করিয়াছিলে যে স্বভাবে, উহাতেই যুদ্ধ করাইবে। রোগী কি ভুগিতে চায়? দরিদ্র দারিদ্র্যের কামনা করে না। প্রারব্ধ-অনুসারে রোগ ও দরিদ্রতা। উহা ঈশ্বরের অধীন, অন্যথা হয় না। সেই ঈশ্বরও তোমার হৃদয়ে বসিয়া আছেন ॥ ৬০ ॥

ঈশ্বরঃ সর্ব্বভূতানাং হৃদ্দেশেঽর্জ্জুন তিষ্ঠতি।
ভ্রাময়ন্ সর্ব্বভূতানি যন্ত্রারূঢ়ানি মায়য়া ॥৬১॥

নিখিল জীবের হৃদয়াকাশে তিনি জ্ঞানের সহস্র কিরণ-সমুদ্ভাসিত করিয়া জাগ্রৎ, স্বপ্ন ও সুষুপ্তিতে বিপরীত জ্ঞান হইতে পথিককে রক্ষা করেন। জ্ঞেয় সরোবরে বিষয়ের কমল বিকাশ হইলে জীব ভ্রমরকে প্রলুব্ধ করিয়া সেই ঈশ্বর ভূতাহঙ্কার দ্বারা আবৃত হইলে সর্ব্বদা উল্লসিত নিজ মায়ার অন্তরালে দণ্ডায়মান

হইয়া একাকী সূত্র আকর্ষণপূর্ব্বক বাহিরে চতুরশীতি লক্ষ ছায়াচিত্র সজ্জিত করেন। আব্রহ্ম ক্ষুদ্রকীটের যোগ্যতা-অনুসারে দেহাকার প্রদর্শন করেন। যথাযোগ্য কোন দেহ প্রদর্শিত হইলে জীব উহাতেই আমি বলিয়া অভিমান করে। এই অহং বুদ্ধিতে জীব দেহে আরূঢ় হয়। সূত্র সূত্রাবদ্ধ, তৃণ তৃণবদ্ধ হওয়ার ন্যায়, স্বপ্রতিবিম্ব দর্শনে বিভ্রান্ত বালকের ন্যায় দেহে আত্মবুদ্ধি করে। দেহযন্ত্রে জীবকে উপবেশন করাইয়া ঈশ্বর পূর্ব্ব কর্ম্মসূত্র আকর্ষণ করেন। তখন স্ব স্ব কর্ম্মানুসারে স্বতন্ত্র গতি হয়। বায়ুভরে তৃণের ন্যায় ঈশ্বরের আকর্ষণে জীব স্বর্গ ও নরকে ভ্রমণ করে। চুম্বকের আকর্ষণে ভ্রামিত লৌহ-খণ্ডের ন্যায় ঈশ্বর সত্তায় জীবের কর্ম্ম। চন্দ্রোদয়ে সমুদ্রের উচ্ছ্বাস, চন্দ্রকান্ত মণির বিগলিত ভাব, কুমুদ বিকাশ ও চকোরের উল্লাসের ন্যায় মূল প্রকৃতির অধীন জীব বিবিধকর্ম্ম করে। উহার মূল হেতু হৃদয়স্থ ঈশ্বর। অর্জ্জুনত্ব ছাড়িয়াও তোমার যে অহংবৃত্তি উহা ঈশ্বরের তাত্ত্বিক রূপ। অতএব নিশ্চয় জানিও তিনি প্রকৃতিতে প্রবৃত্ত করাইয়া যুদ্ধে বিরত হইলেও তোমাকে যুদ্ধ করাইবে। ঈশ্বর প্রকৃতির নিয়ন্ত্রণ করেন। প্রকৃতি যথাযোগ্য কর্ম্মে নিযুক্ত করে। এখন করা বা না করা প্রকৃতিকে সমর্পণ কর। প্রকৃতি হৃদয়স্থ ঈশ্বরের অধীন॥ ৬১ ॥

তমেব শরণং গচ্ছ সর্ব্বভাবেন ভারত।
তৎপ্রসাদাৎ পরাং শান্তিং স্থানং প্রাপ্স্যসি
শাশ্বতম্ ॥৬২॥

তুমি অহংকার, কায়, মন, বাক্য, অর্পণ পূর্ব্বক সমুদ্রে গঙ্গার ন্যায় ঈশ্বরের শরণাগত হও। তাহার কৃপায় তুমি সর্ব্ববিষয়ের উপশান্তির পতি হইয়া আত্মানন্দে স্বরূপে অভিরমিত হইবে। উৎপত্তির মূল, বিশ্রান্তির আশ্রয়, অনুভূতির পরমানুভব লক্ষ্মীনাথ বলিলেন—পার্থ, সেই অক্ষয় স্বাত্মপদে স্বারাজ্য লাভ করিবে ॥ ৬২ ॥

ইতি তে জ্ঞানমাখ্যাতং গুহ্যাদ্ গুহ্যতরং ময়া।
বিমৃশ্যৈতদশেষেণ যথেচ্ছসি তথা কুরু ॥৬৩॥

গীতা বেদের সার। ইহাতে আত্মাকে করতলগত রত্নের ন্যায় দর্শন করা যায়। বেদান্ত জ্ঞান বলিয়া যাহার মহিমা কীর্ত্তন করে—সংসারে যাহার সুকীর্ত্তি প্রতিষ্ঠিত, বুদ্ধি প্রভৃতির উদ্ভাসক, যাহার উদয়মাত্র সর্ব্বদ্রষ্টার দর্শন হয়—সেই আত্মজ্ঞান আমার গুপ্ত সম্পদ্। তোমাকে পর ভাবিয়া ইহা গুপ্ত রাখি নাই। কৃপাপূর্ব্বক তোমাকে উহা দিয়াছি। উহা বালকের প্রতি স্নেহমুগ্ধ মাতার প্রেমময় স্তোক বাক্য মনে করিও না। আকাশকে বিগলিত করে, অমৃতের বল্কল তুলিয়া ফেলে এরূপ দিব্যভাব উৎপাদক দিব্য উপদেশ—যাহার তুলনায় ব্রহ্মাণ্ড পরমাণুর ন্যায় উহা বিচারপূর্ব্বক তোমাকে উপদেশ করিয়াছি। সেই জ্ঞানদ্বারা সূর্য্যও অঞ্জন ব্যবহার করিতে পারে। এখন কর্ত্তব্য বিচারপূর্ব্বক কর্ম্মে প্রবৃত্ত হও। শ্রীকৃষ্ণবাক্য শ্রবণে অর্জ্জুন মৌন ভাবে রহিলেন। দেখিয়া তিনি পুনরায় বলিলেন—তুমি বঞ্চক নও।

ক্ষুধার্ত্ত ব্যক্তি চাহিয়া খাইতে লজ্জিত হইয়া পরিবেশন কর্ত্তাকে প্রতি-নিবৃত্ত করিলে ক্ষুধার কষ্টের নিমিত্ত তাহাকে দোষ দেওয়া যায় না। ভোজনকারীরই দোষ। সর্ব্বজ্ঞ গুরু পাইয়াও শিষ্য লজ্জায় আত্মজ্ঞান সিদ্ধান্ত জিজ্ঞাসা না করিলে আত্ম-বঞ্চনা করা হয়। বঞ্চনার দোষভাগী হইয়া সে আত্মস্বরূপে বঞ্চিত হয়। হে ধনঞ্জয়, তোমার মৌনতায় বুঝিতেছি পুনরায় পূর্ব্বোক্ত জ্ঞানের সার উপদেশ শ্রবণের ইচ্ছা হইয়াছে। অর্জ্জুন বলিলেন—আপনি আমার অন্তর্য্যামী। হে গুরু, অধিক বলা বৃথা। আপনি ভিন্ন পরিজ্ঞাতা আর কে?—সকলই জ্ঞেয়, এক আপনি জ্ঞাতা। সূর্য্যকে সূর্য্য বলিয়া স্তুতির প্রয়োজন কি?—শ্রীকৃষ্ণ বলিলেন, তুমি যাহা বলিলে উহা কি অল্প স্তুতি হইল?—তবে শ্রবণ কর ॥ ৬৩ ॥

সর্ব্বগুহ্যতমং ভূয়ঃ শৃণু মে পরমং বচঃ।
ইষ্টোঽসি মে দৃঢ়মিতি ততো বক্ষ্যামি তে হিতম্ ॥৬৪॥

সাবধান হইয়া পুনরায় আমার নির্ম্মল বাক্য শ্রবণ কর। উহা বলিবার বিষয় নয়, বলাও সুকঠিন—শ্রবণের বিষয় নয়, শ্রবণও কঠিন। তোমার সৌভাগ্য উদয় হইয়াছে, কচ্ছপীর চিন্তা শক্তিই শাবকের পোষণ করে। চাতকের নিমিত্তই আকাশ মেঘপূর্ণ হয়। ব্যবহার ভিন্নও ভাগ্যোদয়ে ফল প্রাপ্তি, দৈবানুকূল হইলে সকলই সম্ভব। যে রহস্য বর্ণন করিতেছি, উহা কেবল দ্বৈতাতীত একতার ভূমিতেই লাভ করা যায়। হে প্রিয়তম,

নিষ্কাম প্রেমের বিষয় এক আত্মাই। দর্পণ পরিষ্কার করা দর্পণের নিমিত্ত নয়। উহা নিজের মুখ দেখাইবারই জন্য। সেইরূপ তোমাকে অবলম্বন করিয়া আমি নিজের সুখেই বলিতেছি। তোমাতে আমাতে দ্বৈত-ভাব নাই। জীবরূপ তোমাতে এইহেতু আত্মতত্ত্ব প্রকাশ করিতেছি। একনিষ্ঠ ভাব আমার ব্যসন। লবণ সম্পূর্ণভাবে আত্মবিস্মৃত হইয়া জলে মিশ্রিত হয়। তুমিও যখন কিছু গোপন না রাখিয়া আমাতে মিলিত হইয়াছ, আমিই বা কেন গোপন করিব?—অতএব আমার পরম গোপনীয় নির্ম্মল উপদেশ শ্রবণ কর ॥৬৪॥

মন্মনা ভব মদ্ভক্তোমদ্‌যাজী মাং নমস্কুরু।
মামেবৈষ্যসি সত্যং তে প্রতিজানে প্রিয়োঽসি মে ॥৬৫॥

হে বীর, তোমার অন্তর্বাহ্যে আমাকেই রাখ। আকাশে বায়ুর ন্যায় সর্ব্বকালে সর্ব্বকর্ম্মে আমাতে মিলিত হইয়া থাক। মনের নিমিত্ত আমাকে লও। শ্রবণের নিমিত্ত আমার গুণ শ্রবণ কর। কামুকের অভিলষিত স্ত্রীর প্রতি যে দৃষ্টি সেইরূপ প্রীতি লইয়া জ্ঞান-নির্ম্মল মৎস্বরূপভূত সাধুর প্রতি দৃষ্টিপাত কর। নিখিল বিশ্বের বিশ্রাম আমি। আমার শুদ্ধ নাম অন্তরে প্রবেশের নিমিত্ত বাক্য দ্বার খুলিয়া দাও। হাতের কার্য্য ও পায়ে চলাও আমার নিমিত্তই হয। এই ভাবে জীবন যাপন কর। নিজের ও পরের উপকার করিয়া শ্রেষ্ঠ যাজ্ঞিক হও। এক এক করিয়া কত শিক্ষা দিব? নিজে সেবক ভাব রাখিয়া

আর সকলেই মৎস্বরূপ, অতএব সেব্য, এই ভাবনা কর। প্রাণী হিংসা ত্যাগপূর্ব্বক সর্ব্বভূতে আমাকে নমস্কার কর। এই ভাবে তুমি আমার আত্যন্তিক আশ্রয় পাইবে। সংসারে তৃতীয় বস্তু থাকিবে না, শুধু তোমার আমার মিলন থাকিবে। তখন ইচ্ছা মত আমাকে উপভোগ করিতে পারিবে। স্বভাবতঃ আনন্দের বৃদ্ধি হইবে, প্রতিবন্ধক তৃতীয় বস্তুর নাশ অন্তে আমাকে প্রাপ্ত হইবে। জলস্থিত প্রতিবিম্ব জলনাশ হইলে বিম্বে মিলিত হয়—প্রতিবন্ধক থাকে না। আকাশে বায়ু ও সমুদ্রে তরঙ্গ মিলনে কাহার প্রতিবন্ধক। দেহধর্ম্মে দ্বৈত ভাব দেখায়—দেহ ধর্ম্ম বিনষ্ট হইলে তুমি মদ্রূপতা লাভ করিবে। তোমার শপথ করিয়া বলিতেছি ইহাতে সন্দেহ করিবার কিছু নাই। তোমার শপথ করা নিজেরই শপথ। প্রেমের স্বভাবেই আমাকে এরূপ নির্লজ্জ করিয়াছে। নতুবা যাহার নিমিত্ত প্রপঞ্চ সহিত বিশ্বাভাস সত্য প্রতীয়মান, যাহার আজ্ঞার প্রভাব কালকেও বশীভূত করে, সেই সত্যসঙ্কল্প ঈশ্বর, জগতের হিতকারী পিতা আমি কেন শপথ করিব ? তোমার প্রেমে হে অর্জ্জুন, আমি ঈশ্বর ভাব ত্যাগ করিয়াছি। তোমার পূর্ণতায় আমি অপূর্ণ হইয়াছি। রাজা নিজের কার্য্যে নিজে শপথ করে। আমার শপথ সেইরূপ। অর্জ্জুন বলিলেন—প্রভু, আর বলিবেন না, আমার সকল কার্য্যই আপনার নাম গ্রহণমাত্র সম্পন্ন হয়। ইহার উপরও আপনার উপদেশ ও শপথ। অদ্ভুত লীলা আপনার! সূর্য্যের একটি কিরণ পাতে কমল-বন বিকশিত হয়। তথাপি সূর্য্য সম্পূর্ণ

আলোক প্রদান করে। পৃথিবীকে শান্ত করিয়া সমুদ্রকেও যে পূর্ণ করে, সেই মেঘ মনে হয়, চাতকের তৃষ্ণা দূর করিতেই বর্ষণ করে। হে দাতা শিরোমণি, কৃপানিধি, আপনার উদারতা প্রকাশে আমি নিমিত্ত মাত্র। শ্রীকৃষ্ণ বলিলেন—স্থির হও, এরূপ বলিবার সময় নাই। সত্যই পূর্ব্বোক্ত উপায়ে তুমি আমাকে লাভ করিবে। সৈন্ধব সমুদ্রে পতিত হইলে তৎক্ষণাৎ বিগলিত হয়, কিছু বাকী থাকে না। সর্ব্বতোভাবে আমাকে ভক্তি করিলে, সর্ব্বত্র আমাকে দর্শন করিলে, সম্পূর্ণ অহঙ্কার নাশ হইয়া তত্ত্বতঃ তুমি আমার স্বরূপ লাভ করিবে। কর্ম্মারম্ভ হইতে আমার প্রাপ্তি পর্য্যন্ত উপায় স্পষ্টভাবে বর্ণিত হইয়াছে। নিখিল কর্ম্ম আমাতে সমর্পণ পূর্ব্বক আমার কৃপা লাভ করিলে সেই কৃপা বলে মৎসাযুজ্য প্রাপ্তির উপায় জ্ঞান লাভ হইবে। সাযুজ্য প্রাপ্তিতে সাধ্য সাধন বা অপর কিছু অবশিষ্ট থাকে না। সকল কর্ম্ম—আমাতে সমর্পিত বলিয়া তোমার প্রতি আমি প্রসন্ন হইয়াছি। এই প্রসন্নতার বলে মুক্ত হইয়া তুমি এই অপূর্ব্ব যুদ্ধের প্রতিবন্ধক থাকাসত্ত্বেও সকল ভুলিয়া গিয়াছ। আর আমিও অজ্ঞান নাশের উপায়, আমাকে সাক্ষাৎ দর্শনের সাধন, গীতাজ্ঞান যুক্তির সহিত তোমাকে উপদেশ করিলাম। ইহাতে তোমার পাপপুণ্যময় সমস্ত অজ্ঞান নষ্ট হইয়া গিয়াছে ॥৬৫॥

সর্ব্বধর্ম্মান্ পরিত্যজ্য মামেকং শরণং ব্রজ।
অহং ত্বাং সর্ব্বপাপেভ্যো মোক্ষয়িষ্যামি মা শুচঃ ॥৬৬॥

আশায় দুঃখ, নিন্দায় পাপ, দুর্ভাগ্যদোষে দরিদ্রতা হয়। স্বর্গ ও নরকের সূচক অজ্ঞান ধর্ম্মাদি উৎপন্ন করে। সেই অজ্ঞান জ্ঞানের দ্বারা ধ্বংস কর। রজ্জু হাতে লইয়া দেখিলে সর্পাভাস দূর হয়। নিদ্রাভঙ্গে স্বপ্ন লয় পায়। পাণ্ডু রোগ দূর হইলে চন্দ্রালোক পীত দেখায় না। নীরোগীর অরুচি থাকে না। দিন শেষ হইলে মৃগতৃষ্ণার জলও শুষ্ক হয়। কাষ্ঠত্যাগে তন্মধ্যস্থ অগ্নিরও ত্যাগ হয়। ধর্ম্মাধর্ম্ম কোলাহল উৎপাদক অজ্ঞান ত্যাগে সর্ব্ব ধর্ম্ম ত্যাগ হয়। অজ্ঞান দূর হইলে শুধু এক আমিই থাকি। নিদ্রাসহ স্বপ্ন ভাঙ্গিলে জাগ্রত মানুষটিই শেষ থাকে। সেইরূপ এক আমি ভিন্ন দ্বিতীয় থাকে না। এই ভাবে লোক জ্ঞানদ্বারা অনন্য হইয়া থাক। অভিন্নভাবে একতা জানাই আমার শরণাগতি। ঘট ধ্বংসে ঘটাকাশ মহাকাশে মিলিত হয়, সেইরূপ শরণাগত হইয়া আমার সহিত মিলিত হইবে। স্বর্ণের সহিত স্বর্ণের, জলের সহিত তরঙ্গের শরণাগতির ন্যায় আমার শরণ লও। বাড়বানল সমুদ্রের শরণাগত হইলেও পৃথক্‌ভাবে উহা জ্বলে সেরূপ হইও না। আমার শরণ লইয়া জীবাভিমান করাকে ধিক্। এরূপ বলিতে কি লজ্জা করে না? সাধারণ রাজার সম্বন্ধে তাহার দাসীও রাজার তুল্য ঐশ্বর্য্য ভোগ করে আর বিশ্বেশ্বর দর্শনে তোমার জীবভাব দূর হইবে না?—একথা শ্রবণও ভাল না। অতএব যাহাতে মদ্রূপতা লাভ করিয়া স্বাভাবিক ভাবে আমার সেবা করিতে পার সেই উপায় কর। জ্ঞানেই এই ভাব প্রাপ্ত হইবে। মন্থন করিয়া নবনীত

তুলিলে উহা আর ঘোলে মিশ্রিত হয় না। অদ্বৈত ভাবে আমার শরণ লইলেও ধর্ম্মাধর্ম্ম তোমাকে স্পর্শ করিবে না। সাধারণ লৌহ মলযুক্ত হয়, স্পর্শমণি সংযোগে স্বর্ণে পরিণত হইলে আর সেই সম্ভাবনা থাকে না। কাষ্ঠ ঘর্ষণে অগ্নি জ্বালাইলে আর কাষ্ঠচাপে উহা বন্ধ রাখা যায় না। সূর্য্য অন্ধকার দেখে না। জাগ্রত ব্যক্তি স্বপ্ন দেখে না। মৎস্বরূপ প্রাপ্ত হইলে দ্বিতীয় বস্তুর দর্শন হয় না। তুমি চিন্তিত হইও না এই অবস্থায় আমিই তোমার পাপ পুণ্য হইয়া থাকিব। আমার জ্ঞানে বন্ধন সহিত পাপের ভিন্ন সত্ত্বা মিথ্যা। জলে লবণ জলময়—অনন্য রীতিতে আমার শরণাপন্ন আমিময়। তুমি এই ভাবে মুক্তি পাইবে। আমাকে জানিলেই তুমি মুক্ত। মুক্তির নিমিত্ত বৃথা চিন্তা করিও না। অদ্বিতীয় আমার শরণ লও। নিখিল রূপের মূলরূপ, চক্ষুর চক্ষু, সর্ব্ব স্থানের পরম স্থান, শ্রীকৃষ্ণ এই কথা বলিয়া কঙ্কণ শোভিত শ্যামল দক্ষিণ বাহু প্রসারিত করিয়া শরণাগত ভক্তরাজ অর্জ্জুনকে হৃদয়ে ধারণ করিলেন। যাহাকে না পাইয়া বাণী বুদ্ধির সহিত ফিরিয়া আসে বাক্য ও বুদ্ধির অপ্রাপ্য সেই বস্তু প্রদানের নিমিত্ত শ্রীকৃষ্ণ অর্জ্জুনকে আলিঙ্গনের অভিনয় করিলেন। হৃদয়ে হৃদয় সংযুক্ত! হৃদয়ের পরম বস্তু হৃদয় ধারণ করিয়া পরিপূর্ণ! এই ভাবে দ্বৈতকে নাশ না করিয়াও শ্রীকৃষ্ণ অর্জ্জুনকে নিজের সমান করিয়া লইলেন! সেই আলিঙ্গন প্রদীপের সহিত প্রদীপ শিখার মিলনের ন্যায় হইল। তখন অর্জ্জুনের আনন্দ বন্যায়

শ্রীকৃষ্ণও ডুবিয়া রহিলেন। সমুদ্রের সহিত সমুদ্র মিলিত হইলে মিলন ত দূরের কথা উহা দ্বিগুণিত হয়, উপরে আকাশও তাহাদের বিশালতা বৃদ্ধির সহায়তা করে। শ্রীকৃষ্ণ ও অর্জ্জুনের মিলনেও যে বিশাল আনন্দ উহা পরিমাপ করে কাহার সাধ্য ? সম্পূর্ণ বিশ্ব তখন শ্রীকৃষ্ণময় হইয়া গেল !

এই গীতাশাস্ত্র বেদের মূলসূত্র। ইহাতে সকলেরই অধিকার। শ্রীকৃষ্ণই ইহাকে প্রকাশ করেন। গীতাকে বেদের মূল বলিবার হেতু বলিতেছি ! আমি প্রসিদ্ধ যুক্তি উল্লেখ করিব। ভগবানের শ্বাসোচ্ছ্বাসে সামাদি বেদের উদ্‌ভব। সত্য সঙ্কল্প সেই ভগবান্ প্রতিজ্ঞা পূর্ব্বক স্বমুখে গীতা বলিয়াছেন। অতএব গীতা বেদের মূল। আরও একটি কথা আছে। যে নিজের স্বরূপটি নষ্ট হইতে না দিয়া অপর বস্তুর বিস্তার নিজের স্বরূপে লীন করিয়া রাখে, উহাই বীজ নামে অভিহিত। বীজে বৃক্ষের অবস্থানের ন্যায় গীতাশাস্ত্রে কর্ম্ম, উপাসনা ও জ্ঞান কাণ্ডাত্মক বেদ রহিয়াছে। গীতাকে আমি এই হেতু বেদ-বীজরূপে দর্শন করি এবং বিশ্বাস করি। রত্নালঙ্কারে দেহ শোভা সম্পাদনের ন্যায় গীতা বেদের কাণ্ডত্রয় পরিশোভিত। উহারা কি ভাবে গীতায় অবস্থান করিতেছে তাহা দেখাইতেছি। গীতার প্রথম অধ্যায় শাস্ত্র-নিরূপণ প্রস্তাবনা। দ্বিতীয়-অধ্যায় সাংখ্য শাস্ত্র তাৎপর্য্য। এই জ্ঞান প্রধান শাস্ত্র স্বতন্ত্র ভাবে মোক্ষদায়ক। এই সিদ্ধান্ত সেই স্থলেই প্রতিপাদিত হইয়াছে। তৃতীয় অধ্যায়ে অজ্ঞানবদ্ধ জীবের মোক্ষপদ প্রাপ্তির সাধনের উদ্দেশ করা হইয়াছে।

দেহাভিমান বন্ধন ও নিষিদ্ধ কর্ম্ম ত্যাগপূর্ব্বক বিহিত কর্ম্মানুষ্ঠান —সদ্ভাবপূর্ণ কর্ম্মানুষ্ঠান সিদ্ধান্তকে শ্রীকৃষ্ণ উপদিষ্ট কর্ম্মকাণ্ড বলিয়া জানিবে। নৈমিত্তিক অজ্ঞানাত্মক হইলেও উহাই কিরূপে মোক্ষের হেতু হয়, উহা জানিতে ইচ্ছা হউক ; অর্থাৎ বদ্ধ জীব মুমুক্ষু দশা লাভ করুক। এই নিমিত্ত শ্রীকৃষ্ণ ব্রহ্মার্পণপূর্ব্বক কর্ম্মের উপদেশ দিয়াছেন। কায়মনোবাক্যে বিহিত কর্ম্মানুষ্ঠান মাত্র ঈশ্বরের উদ্দেশ্যে করা কর্ত্তব্য। কর্ম্মযোগ পূর্ব্বক ঈশ্বর ভজনের প্রসঙ্গ চতুর্থ অধ্যায়ের অন্ত্যভাগে আরম্ভ হইয়াছে একাদশ অধ্যায়ে বিশ্বরূপ দর্শনাধ্যায় পর্য্যন্ত কর্ম্মদ্বারা ভগবদ্ভ জনেরই সিদ্ধান্ত বর্ণিত হইয়াছে। অষ্টম অধ্যায়ে অসঙ্কোচে আড়াল না রাখিয়া দেবতা-কাণ্ড বর্ণিত হইয়াছে। ভগবৎ কৃপায় শ্রীগুরুসম্প্রদায় লভ্য নির্ম্মল যথার্থজ্ঞান উৎপন্ন হয়। ঐ দ্বাদশ অধ্যায়ে "অদ্বেষ্টা সর্ব্বভূতানাং" ইত্যাদি শ্লোকে অথবা ত্রয়োদশ অধ্যায়ে "অমানিত্বমদম্ভিত্বং" ইত্যাদি শ্লোকে বিস্তৃতরূপে বর্ণিত হইয়াছে বলিয়া দ্বাদশ অধ্যায়কেও আমি জ্ঞানকাণ্ডের অন্তর্ভূক্ত মনে করি। দ্বাদশ হইতে পঞ্চদশ পর্য্যন্ত জ্ঞানফলের পরিপাক দশা বর্ণিত। "ঊর্দ্ধমূল মধঃশাখং" ইত্যাদি শ্লোকাত্মক পঞ্চদশ অধ্যায় পর্য্যন্ত জ্ঞানকাণ্ডেরই বিস্তার জানিবে। এই ভাবে কাণ্ড ত্রয়রূপিণী ক্ষুদ্রাকারা শ্রুতি গীতা পদ্য রত্নালঙ্কারে শোভিত হইয়াছে। কাণ্ডত্রয়াত্মক শ্রুতি গর্জন পূর্ব্বক বলে— মোক্ষই পাইতে হইবে। উহার সাধন জ্ঞানের চিরশত্রু অজ্ঞান বর্গের ষোড়শ অধ্যায়ে রহিয়াছে। শাস্ত্র সহায়ে সেই শত্রু

পরাজয় করিতে হইবে এই সিদ্ধান্ত সপ্তদশ অধ্যায়ে স্থাপন পূর্ব্বক প্রথম হইতে শ্রীকৃষ্ণ এই পর্য্যন্ত বেদের তাৎপর্য্যই প্রকাশ করিলেন। অষ্টাদশ অধ্যায় বা কলশাধ্যায়ে পূর্ব্বোক্ত সিদ্ধান্ত সমূহের বিচার। পূর্ণ জ্ঞান সাগর শ্রীকৃষ্ণ অত্যন্ত উদার গীতাগ্রন্থরূপে মূর্ত্তিমান বেদ প্রকাশ করিয়াছেন।

বেদ সর্ব্বগুণ সম্পন্ন হইলেও তাহার ন্যায় কৃপণ আর দ্বিতীয় নাই ব্রাহ্মণাদি তিন বর্ণেরই উহাতে অধিকার। স্ত্রী শূদ্রাদি সংসার দুঃখে পতিত হইয়াও বেদের লাভে অনধিকারী। আমার মনে হয়, পূর্ব্বব্যবস্থা সংশোধনের নিমিত্ত শ্রীকৃষ্ণ বেদকে গীতারূপে সর্ব্বসাধারণের সেবার যোগ্য করিয়া রচনা করিয়াছেন। মনে অর্থ চিন্তা, কর্ণে শ্রবণ, জপের ব্যপদেশে মুখে মুখে উচ্চারণ, পাঠকের নিমিত্ত গীতা লিখন ও সঙ্গে করিয়া ভ্রমণাদির দ্বারা সংসারের চতুষ্পথে বেদ মাতা যেন সদাব্রত খুলিয়া বসিয়াছেন। আকাশে বিচরণ, ধরণীতে উপবেশন ও সূর্য্যালোক ব্যবহারে কাহারও বাধা নাই। গীতা সেবায়ও কেহ জিজ্ঞাসা করিবে না, তুমি উত্তম না অধম। গীতা সকলকে সমভাবে মোক্ষ প্রদানে সুখী করে। ইহাতেই বোঝা যায়, বেদ নিন্দার ভয়ে গীতা গর্ভে আসিয়া উত্তম কীর্ত্তির পাত্র হইয়াছে। সর্ব্ব সাধারণের সেবার যোগ্য বেদের মূর্ত্তি ভগবদ্‌গীতা। বাছুরীর প্রেমে গাভীর দুগ্ধ প্রচুর পাওয়া যায়। পাণ্ডবের প্রেমে শ্রীকৃষ্ণ সমস্ত জগদুদ্ধার করিয়াছেন। মেঘ চাতকের প্রতি দয়া করিয়া জল লইয়া ছুটিয়া আসে উহার বর্ষণে চরাচর বিশ্বের শান্তি। একনিষ্ঠ

প্রীতিময় কমলের নিমিত্ত সূর্য্য সমুদিত হইলেও সূর্য্যালোকে ত্রিভুবনের নেত্র সুখ। অর্জ্জুনকে উপদেশ ছলে শ্রীকৃষ্ণ জগতের প্রপঞ্চ বোঝা দূর করিয়া দিয়াছেন। ত্রিলোকে সকল শাস্ত্র-তাৎপর্য্যরত্নপ্রকাশক সূর্য্য শ্রীকৃষ্ণ! সেই কুল ধন্য যে কুলে অর্জ্জুনের জন্ম! সংসারে তিনি গীতারূপে এক স্বতন্ত্র মন্দির রচনা করিলেন।

অর্জ্জুন শ্রীকৃষ্ণের ভাবে তন্ময় হইয়াছিলেন। শ্রীকৃষ্ণ তাহাকে পুনরায় দ্বৈতভাবে আনয়ন পূর্ব্বক বলিলেন—পাণ্ডব, এই শাস্ত্র সম্বন্ধে তোমার যথার্থ জ্ঞান লাভ হইল কি? অর্জ্জুন বলিলেন প্রভু, আপনার কৃপায় কৃতার্থ হইলাম। পুনরায় শ্রীকৃষ্ণ বলিলেন—দেখ ধন উপার্জ্জন ভাগ্যগুণে হয়, উহার উপভোগ কিন্তু—অতীব দুর্লভ। ক্ষীর সাগরের ন্যায় জমাট দুগ্ধের পাত্র পাইলেও দেবাসুর উহার মন্থনে কত বেগ পাইয়া তবে অমৃত লাভ করিল। সম্মুখে অমরত্ব থাকিলেও রাহুর নিমিত্ত উহা মৃত্যুর কারণ হইল। ভাগ্যে উপভোগ না থাকিলে সম্পত্তির এই অবস্থা। নহুষ স্বর্গের রাজা হইয়াও উপভোগের রীতি না জানিয়া সর্প যোনিতে পতিত হইল। ধনঞ্জয়, তুমি বহু পুণ্যবলে গীতার অধিকার পাইলে। তোমার নিমিত্ত ইহার প্রকাশ হইল। এখন সম্প্রদায়ানুগত হইয়া অনুষ্ঠানে প্রবৃত্ত হও। সম্প্রদায়ানুগত না হইয়া অনুষ্ঠানের চেষ্টায় অমৃত মন্থনের অবস্থা হইবে। দোহন-রীতি অভিজ্ঞ লোক না পাওয়া গেলে দুগ্ধবতী গাভী হইলেও যথাযোগ্য দুগ্ধ পাওয়া যায় না। বিদ্যা

প্রাপ্ত হইলেও শ্রীগুরুর সন্তোষ বিধান পূর্ব্বক সম্প্রদায়ানুসারে উপাসনা করিলেই যথার্থ ফল লাভ হয়। শাস্ত্রে সম্প্রদায়ের কথা আছে উহা শ্রদ্ধা সহকারে শ্রবণ কর ॥৬৬॥

ইদং তে নাতপস্কায় নাভক্তায় কদাচন।
ন চাশুশ্রূষবে বাচ্যং ন চ মাং যোঽভ্যসূয়তি ॥৬৭॥

হে পার্থ, শ্রদ্ধাদ্বারা এই গীতা লাভ করিয়াছ। তপস্যাহীন লোকের কাছে ইহা বলিও না। গুরুভক্তি বিহীন তপস্বীকে অপবিত্রের ন্যায় ত্যাগ করিবে। যজ্ঞশেষ পুরোডাশ কাককে দেওয়া উচিত নয়। এই গীতা শাস্ত্রও গুরুভক্তিহীনকে দিবে না। গুরু ও দেবতায় ভক্তিমান এবং তপস্বী হইলেও যদি শ্রবণেচ্ছা না থাকে তাহার সমীপে বলিবে না। সে গীতা শ্রবণে অযোগ্য। মুক্তা হইলে কি হয়? উহার মধ্যে ছিদ্র না থাকিলে সূত্র দ্বারা ধারণের অনুপযোগী। সমুদ্র গম্ভীর হউক, উহাতে বর্ষণ বৃথা। ক্ষুধা হীনের সমীপে মিষ্টান্ন দেওয়া অপেক্ষা ক্ষুধিতকে দেওয়াই কর্ত্তব্য। যতই যোগ্য হউক না শ্রবণেচ্ছা না থাকিলে কৌতুকবশেও গীতা শ্রবণ করাইও না। নেত্র রূপই দর্শন করে। সুগন্ধের ঘ্রাণ লইতে পারে না। যথা যোগ্য ব্যবহার করিবে। তপস্যা, ভক্তি, শ্রবণেচ্ছা, থাকিয়াও গীতার রচয়িতা ও সর্ব্বজগৎ শাসনকর্ত্তা আমার সম্বন্ধে যে নিন্দা করে বা আমার ভক্তের বিষয়ে নিন্দা সূচক বাক্য উচ্চারণ করে, তাহাকে গীতোপদেশের অযোগ্য বলিয়া জানিও। তাহার অন্য সকলই রাত্রিতে

প্রজ্বলিত প্রদীপ বিনা শুধু দীপদানের ন্যায় ব্যর্থ। সুন্দর তরুণ অলঙ্কৃত হইলেও প্রাণহীনের শোভা নাই। গৃহ স্বর্ণ নির্ম্মিত কিন্তু দ্বারে নাগিনী বসিয়া আছে। সুন্দর মিষ্টান্ন রন্ধন হইয়াছে কিন্তু কালকূট মিশ্রিত। মিত্রতা আছে—অন্তরে কপটতা। সেইরূপ আমার ভক্তের নিন্দুক তপস্যা ভক্তি সদ্‌বুদ্ধি যুক্ত হইলেও সকলই বৃথা। তাহাকে এই শাস্ত্র স্পর্শ করিতে দিও না। নিন্দুক ব্রহ্মার ন্যায় হইলেও গীতার অযোগ্য। তপস্যার ভিত্তিতে যে গুরুভক্তির মন্দির রচনা করিয়াছে—শ্রবণেচ্ছা সম্মুখদ্বার নিরন্তর মুক্ত রাখিয়াছে, এবং যাহার শিরোদেশে অনিন্দার কলশী স্থাপন করিয়াছে সেই নির্ম্মল ভক্ত মন্দিরে এই গীতা—রত্নেশ্বর প্রতিষ্ঠিত কর ॥ ৬৭ ॥

য ইদং পরমং গুহ্যং মদ্ভক্তেষ্বভিধাস্যতি।
ভক্তিং ময়ি পরাং কৃত্বা মামেবৈষ্যত্যসংশয়ঃ ॥৬৮॥

এই ভাবে তুমি আমার সাম্য লাভ করিবে। অকার, উকার ও মকার একাক্ষর প্রণব ওঁকারের গর্ভে আবদ্ধ ছিল। সেই বেদবীজ গীতাঙ্কুরে ক্রমশঃ বিস্তৃতি লাভ করিয়াছে। গীতার শ্লোক গায়ত্রী কুসুম ও ফল স্বরূপ। এই রহস্যমন্ত্র গীতা আমার ভক্তকে যে দান করে, অসহায় শিশুর মাতার ন্যায় গীতার সহিত মিলন ঘটায়, সে দেহান্তে আমাকে প্রাপ্ত হয় ॥ ৬৮ ॥

ন চ তস্মান্মনুষ্যেষু কশ্চিন্মে প্রিয়কৃত্তমঃ।
ভবিতা ন চ মে তস্মাদন্যঃ প্রিয়তরো ভুবি ॥৬৯॥

দেহরূপ অলঙ্কার ধারণে ভিন্ন থাকিলেও সে আমার প্রাণ হইতেও প্রিয়। জ্ঞানী, কর্ম্মঠ ও তপস্বীর মধ্যে সেই ভক্তের ন্যায় আমার প্রিয় আর দ্বিতীয় নাই। যে ভক্ত জনসংঘে গীতা সিদ্ধান্ত প্রকাশ করে—পরমেশ্বর স্বরূপ আমাকে প্রেমপূর্ব্বক স্থিরচিত্তে গীতার্থ বর্ণন করে, সে সাধু সমাজের ভূষণ। বৃক্ষে নবপল্লব উদ্‌গমের ন্যায় যে শ্রোতৃবৃন্দের রোমাঞ্চ উদ্‌গত করিয়া —মন্দ পবনে আন্দোলিতের ন্যায় তাহাদিগকে কম্পিত করে — কুসুম-মধু বর্ষণের ন্যায় আনন্দাশ্রু বর্ষণ করায়—কোকিলের মধুর স্বরের মত গদ্‌গদ বাক্য উচ্চারণ করায়, সে আমার অতীব প্রিয়। আমার ভক্তোদ্যানে সে বসন্তরূপে প্রবেশ করে। আকাশে চন্দ্রের উদয়ে চকোর জীবন সফল মনে করে। ময়ূরের 'কে কা' শ্রবণে প্রতিধ্বনি করিতেই যেন মেঘের আগমন। মৎস্বরূপে দৃষ্টি রাখিয়া যে সজ্জন সমাজে সেই ভাবে গীতাপদ্য রত্নের অনবরত বর্ষণ করে, তাহার ন্যায় প্রিয় পূর্ব্বেও কেহ ছিল না, পরেও হইবে না। গীতার্থ দ্বারা যে সাধুগণের আতিথ্য সৎকার করে, তাহাকে আমি হৃদয়ে ধারণ করি ॥ ৬৯ ॥

অধ্যেষ্যতে চ য ইমং ধর্ম্ম্যং সংবাদমাবয়োঃ।
জ্ঞানযজ্ঞেন তেনাহমিষ্টঃ স্যামিতি মে মতিঃ ॥৭০॥

আমাদের এই সংবাদে মোক্ষ ধর্ম্মও পরাজিত। এই সার্থক সংবাদের তাৎপর্য্য না বুঝিয়া কেবল পাঠ করিলেও প্রজ্বলিত জ্ঞানাগ্নিতে মূল অবিদ্যা আহুতি প্রদানে পরমাত্মা

স্বরূপ আমার সন্তোষ হইবে। জ্ঞানী অন্বেষণ পূর্ব্বক যে গীতার্থ প্রাপ্ত হয়, গীতা পাঠমাত্র পাঠক উহা লাভ করে। সে-ও অর্থজ্ঞের সমান ফল লাভ করে। এই বালক জ্ঞানী অথবা অজ্ঞানী গীতা মাতা এরূপ বিচার করেন না ॥৭০॥

শ্রদ্ধাবাননসূয়শ্চ শৃণুয়াদপি যো নরঃ।
সোঽপি মুক্তঃ শুভান্ লোকান্
প্রাপ্নুয়াৎ পুণ্যকর্ম্মণাম্ ॥৭১॥

সর্ব্বতোভাবে নিন্দা ত্যাগ পূর্ব্বক শ্রদ্ধার সহিত গীতা শ্রবণ তৎক্ষণাৎ হৃদয়ের পাপ দূর করে। দাবানল জ্বলিয়া উঠিলে বনের পশুপাখী পলায়ন করে। সূর্য্যোদয়ে অন্ধকারের ন্যায় শ্রবণেন্দ্রিয় দ্বারে প্রবেশ মাত্র গীতা অনাদি পাপ দূর করে। এরূপ ব্যক্তির বংশও পবিত্র হইয়া যায়, পুণ্য আশ্রয় করে। প্রত্যেক অক্ষর শ্রবণে অশ্বমেধের ন্যায় ফললাভ হয়। পাপনাশ, ধর্ম্মোন্নতি ও অন্তে স্বর্গলাভও হইয়া থাকে। গীতাশ্রবণকারী মৎসমীপে আগমনের পূর্ব্বে প্রথমতঃ স্বর্গে বাস করে। অনন্তর আমার উপভোগ করে, আমার সহিত মিলিত হয়। পাঠ ও শ্রবণকারীর এইরূপ আনন্দময় ফল। এখন যে নিমিত্ত আমি এই শাস্ত্র বিস্তার করিলাম, সে সম্বন্ধে তোমাকে কিছু জিজ্ঞাসা করি ॥৭১॥

কচ্চিদেতৎ শ্রুতং পার্থ ত্বয়ৈকাগ্রেণ চেতসা।
কচ্চিদজ্ঞান সম্মোহঃ প্রনষ্টস্তে ধনঞ্জয় ॥৭২॥

বল দেখি পাণ্ডব, সমগ্র গীতা সিদ্ধান্ত নিঃসন্দেহ রূপে বুঝিয়াছ কি না? তোমাকে শ্রবণ করাইবার সঙ্গে সঙ্গে উহা হৃদয়ে প্রবেশ করিয়াছে, না মধ্যে কোনও বাধা আছে? —কোন বিষয় উপেক্ষা করিয়াছ কি?—যদি ঠিক হৃদয়ঙ্গম হইয়া থাকে, আমার প্রশ্নের উত্তর দাও। বল দেখি, এখন তোমার কোন কর্ম্ম পাপপুণ্য করা উচিত কি না? শ্রীকৃষ্ণ এই প্রশ্নের ছলে আত্মানন্দ সমরসে নিমগ্ন হইয়া যাইতেও পারে এরূপ ভাবিয়া অর্জ্জুনকে ভেদবুদ্ধি ভূমিকায় লইয়া আসিলেন। অর্জ্জুন পূর্ণব্রহ্ম হইয়া গেলে পরবর্ত্তী কার্য্যসিদ্ধি হয় না। অতএব শ্রীকৃষ্ণ তাহাকে ভেদ দশা লঙ্ঘন করিতে দিলেন না। সর্ব্বজ্ঞ কি নিজের কর্ত্তব্য জানেন না? তিনি ইচ্ছা পূর্ব্বক ধ্বংসপ্রাপ্ত অর্জ্জুনত্ব ফিরাইয়া আনিয়া নিজের পূর্ণতা বর্ণনা করাইলেন। ক্ষীর সমুদ্র হইতে পৃথক্ না হইলেও চন্দ্র তেজোমণ্ডলরূপে আকাশে শোভা পায়। অর্জ্জুনও সেইরূপ অহংব্রহ্মতা ভুলিয়া সর্ব্বজগন্ময় ব্রহ্ম দর্শন করিতেছিলেন। তারপর সেই ভাব লয় পাইলে "আমি অর্জ্জুন" এই প্রতীতির সহিত দেহস্মৃতি উপস্থিত হইল। কম্পিত হস্তে রোমাঞ্চ সংবরণ ও নেত্রজল দূর করিয়া অর্জ্জুন ক্ষুব্ধ হৃদয়কে শান্ত করিলেন। চিত্ত ভ্রান্ত, নেত্রে আনন্দাশ্রুবন্যা, ঔৎসুক্যহেতু কণ্ঠে গদ্‌গদ বাণী, অনিয়মিত শ্বাসোচ্ছ্বাস প্রভৃতির আবেগ ধারণ পূর্ব্বক অর্জ্জুন বলিলেন ॥৭২॥

অর্জ্জুন উবাচ—

নষ্টো মোহঃ স্মৃতির্লব্ধা ত্বৎপ্রসাদান্ময়াচ্যুত ।
স্থিতোঽস্মি গতসন্দেহঃ করিষ্যে বচনং তব ॥৭৩॥

প্রভু, এখনও আমার মোহ আছে কিনা, এই কথা জিজ্ঞাসা করিতেছেন ? সে তাহার ঘর বাড়ী ভাঙ্গিয়া চলিয়া গিয়াছে। সূর্য্য আসিয়া কাহাকেও যদি জিজ্ঞাসা করে, অন্ধকার আছে কিনা উহা কেমন প্রশ্ন ? হে কৃষ্ণ, আপনি চক্ষুর সম্মুখে উপস্থিত থাকিতে মোহের সম্ভাবনা কোথায় ? আপনি মাতা হইতেও অধিকতর স্নেহ বিস্তারপূর্ব্বক যে জ্ঞানের উপদেশ করিয়াছেন, উহা অন্য কোন উপায়ে লাভ করা অসম্ভব। এখন আর মোহ আছে কি নাই এ প্রশ্ন কেন ? আমি কৃতার্থ হইয়াছি। আমি আপনার মধ্যে ডুবিয়া গিয়াছি। এখন প্রশ্ন ও উত্তর দান দুই-ই শেষ হইয়া গিয়াছে। আত্মজ্ঞানোপদেশে মূলসহিত মোহ ধ্বংস হইয়াছে। কর্ম্ম করা বা না করা, এই সকলের মধ্যে আপনাকে ভিন্ন কিছু দেখি না। আমার কোন সন্দেহ নাই। আমার স্বরূপে কর্ম্মের অস্তিত্ব নাই। স্বরূপ প্রাপ্তিতে আমি বুঝিতেছি কর্ম্ম ধ্বংস হইয়াছে। আপনার আজ্ঞা ভিন্ন কোন কর্ত্তব্য আমার নাই ! আপনার দর্শনে অপর দৃশ্য লোপ পায়। আপনার দ্বৈত জ্ঞানে অপর দ্বৈত ভাব দূর হয়। আপনি সর্ব্বত্র বাস করেন। আপনার সম্বন্ধে অন্য সম্বন্ধ থাকেনা। আপনার আশায় আশান্তর ধ্বংস হয়। আপনার মিলনে সর্ব্বত্র আত্মদর্শন হয়।

আপনার গুরুমূর্ত্তি আমার সহায়ক। আপনার নিমিত্ত অদ্বৈত জ্ঞানেরও পরপারে যাইতে হয়। প্রথমতঃ স্বয়ং ব্রহ্মরূপতা লাভ করিলে কর্ত্তব্যাকর্ত্তব্য দূর হইয়া যায়, অনন্তর আপনার অনন্ত সেবার অবসর পাওয়া যায়। গঙ্গা সমুদ্র-মিলনে সমুদ্রের অসীমতা লাভ করে সেইরূপ ভক্তকেও আপনার স্বকীয় স্বরূপের পরমোৎকৃষ্ট প্রাপ্য দান করেন। হে কৃষ্ণ, আপনার সেই নিরুপাধিক সদ্‌গুরুমূর্ত্তিই আমার সেবনীয়। ব্রহ্মত্ব প্রাপ্তির উপকারিতা আমি এইটুকু স্বীকার করি যে, উহাতে আমাতে ও আপনার মধ্যে যে ভেদের প্রতিবন্ধক ছিল, উহা দূর করিয়া আপনার সেবা সুখ পূর্ব্বাপেক্ষা অধিকতর মধুময় করিয়া দেয়। হে নিখিল দেবাধিরাজ, এখন আপনার যেরূপ আজ্ঞা হইবে আমি তাহাই করিব। ইচ্ছানুসারে আজ্ঞা করুন। এই বাক্য শ্রবণে শ্রীকৃষ্ণ আনন্দে মুগ্ধ হইয়া নৃত্য করিতে লাগিলেন! তিনি বলিলেন, বিশ্বে অর্জ্জুন রূপে নূতন ফল লাভ করিলাম। নিজের পুত্র চন্দ্রকে সর্ব্ব কলাপূর্ণ দর্শন করিয়া ক্ষীর সাগরও কি উচ্ছ্বসিত হইয়া সীমা লঙ্ঘন করে না!

সৎ সিদ্ধান্ত প্রকাশের বিবাহ-বাসরে ভক্ত ও ভগবানের অন্তঃকরণের বিবাহ দর্শনে সঞ্জয়ও আনন্দে ডুবিয়া গেলেন। সঞ্জয় বলিলেন—শ্রীকৃষ্ণ বড় কৃপানিধি, তাই অর্জ্জুনকে প্রাণের কথা উপদেশ করিলেন। মহারাজ, শ্রীব্যাসদেব আমাদের দুইজনকেও কৃতার্থ করিলেন। আপনার চর্ম্মচক্ষুও নাই তথাপি জ্ঞানদৃষ্টি লাভ করিলেন; আর কেবল অশ্বের পরীক্ষার নিমিত্ত

রথের সারথি আমাকে এই বিষয়ে জ্ঞান দান করিলেন। কঠিন যুদ্ধক্ষেত্রে কাহার পরাজয় নিশ্চয় নাই। শ্রীকৃষ্ণ ভাবিতেছেন, পরাজয় যাহারই হউক সমান ফল। এরূপ সঙ্কট দশায়ও প্রত্যক্ষ ব্রহ্মানন্দ অনুভব দান তাঁহার অসীম অনুগ্রহ। চন্দ্র-কিরণ প্রস্তরকে বিগলিত করে না। সঞ্জয়ের কথাগুলিও সেইরূপ ধৃতরাষ্ট্রের হৃদয় নরম করিতে পারিল না। রাজা চুপ করিয়া রহিলেন। এই অবস্থা দর্শনে সঞ্জয় পূর্ব্ব প্রসঙ্গ পরিত্যাগ করিলেও আনন্দে উন্মত্তের ন্যায় পুনরায় ধৃতরাষ্ট্র যে কথা শ্রবণের অযোগ্য উহা বলিলেন ॥৭৩॥

সঞ্জয় উবাচ—

ইত্যহং বাসুদেবস্য পার্থস্য চ মহাত্মনঃ।
সংবাদমিমমশ্রৌষমদ্ভুতং রোমহর্ষণম্ ॥৭৪॥

হে কুরুরাজ, অর্জ্জুনের বাক্যে শ্রীকৃষ্ণের পরমানন্দ হইল। পূর্ব্ব ও পশ্চিম সমুদ্র বলিয়া ভেদ করিলেও সমুদ্র ও জল একই। শ্রীকৃষ্ণ ও অর্জ্জুন দেহ ভেদ হইলেও অভিন্ন। দর্পণ হইতেও চাকচিক্যময় দুই পদার্থ সম্মুখীন হইলে পরস্পর পরস্পরের প্রতিচ্ছবি দর্শন করে। সেইরূপ কৃষ্ণে অর্জ্জুন—অর্জ্জুনে কৃষ্ণ পরস্পর দর্শন করিতে লাগিলেন। শ্রীকৃষ্ণ নিজের যে অংশে অর্জ্জুনকে দেখেন অর্জ্জুনও সেই অংশে শ্রীকৃষ্ণকে দেখেন। দ্বৈত মাত্র রহিল না—দুই একরূপ হইয়া রহিলেন। ভেদ একেবারে চলিয়া গেলে প্রশ্নোত্তর আর থাকে কিরূপে? ভেদ থাকিলে

সিদ্ধান্তই বা লাভ হইবে কি? অতএব দ্বৈতভাবে অবস্থান পূর্ব্বক যদিও অর্জ্জুন প্রশ্ন করিতেছিলেন সিদ্ধান্ত-অনুভবে দ্বৈত ভাব আর ছিল না।

দুই জনের সম্ভাষণ এইভাবেই আমি শ্রবণ করি।

মার্জ্জিত দর্পণের সম্মুখে অপর দর্পণ রাখিলে কে কাহাকে দেখে? প্রদীপের সম্মুখে প্রদীপ—কে কাহাকে প্রকাশ করে? সূর্য্যের সম অপর সূর্য্যোদয়ে কে কাহার প্রকাশক? উহা নিশ্চয় করা যায় না। দুইজনে সেইরূপ কথা বলিতে বলিতে সমতুল হইয়াছেন। দুই দিক হইতে জল প্রবাহিত হইলে মধ্যস্থলে যদি বাধা দিবার জন্য লবণ রাখা হয় ক্ষণকালের মধ্যে উহা জলে মিশ্রিত হইয়া যায়। শ্রীকৃষ্ণার্জ্জুন সংবাদও আমার সমীপে তদনুরূপ বোধ হইতেছে। এই কথা বলিতে না বলিতে সঞ্জয়ের অষ্টসাত্ত্বিক ভাব বিকারে আত্মস্মৃতি লোপ পাইল। রোমাঞ্চের সহিত দেহ সঙ্কুচিত হইল। স্তব্ধতা ও স্বেদকে পরাভূত করিয়া কম্প দেখা দিল। অদ্বয়ানন্দ স্পর্শে দৃষ্টি রসভারাক্রান্ত হইল। নেত্রে হৃদয়ের দ্রবীভূত ভাব অশ্রুধারায় বিগলিত হইল। আনন্দ হৃদয়ে স্থান না পাইয়া কণ্ঠরোধ করিল। শ্বাসোচ্ছ্বাসে কণ্ঠের গদ্‌গদ বাণী প্রকাশ পাইল। অধিক বলিব কি, অষ্টসাত্ত্বিকে সঞ্জয় পরাভূত হইল। তিনি শ্রীকৃষ্ণার্জ্জুন সংবাদের চতুষ্পথ হইলেন। সেই সুখের রীতি এই, উহা আপনিই শান্ত ভাব ধারণ করে। পুনরায় সঞ্জয় দেহ-স্মৃতি পাইয়া আনন্দবন্যা পার হইয়া বলিলেন ॥৭৪॥

ব্যাস প্রসাদাচ্ছ্রুতবানিমং গুহ্যমহং পরম্।
যোগং যোগেশ্বরাৎ কৃষ্ণাৎ সাক্ষাৎ কথয়তঃ স্বয়ম্ ॥৭৫॥

মহারাজ শ্রীব্যাসের কৃপায় উপনিষদেরও অগোচর রহস্য কথা আমি শুনিয়াছি। এই সংবাদ শ্রবণমাত্র আমার ব্রহ্ম দর্শন হইয়াছে, যুস্মদ্ অস্মদ্ প্রত্যয় সহিত বিষয়-দৃষ্টি লোপ পাইয়াছে। যোগপথ যে স্থানে লইয়া যায়, সেই কৃষ্ণবাক্য ব্যাসদেব আমার সুলভ করিয়াছেন। শ্রীকৃষ্ণ নিজেই অর্জ্জুনরূপে আর একটি মূর্ত্তি প্রকাশ করিয়া নিজেকেই নিজে উপদেশ দিয়াছেন। শ্রীগুরুর সামর্থ্য স্বতন্ত্র। সেই রহস্য কথাও আমার শ্রুতি গোচর করিয়াছেন—আমি উহা কি বর্ণনা করিব ॥৭৫॥

রাজন্ সংস্মৃত্য সংস্মৃত্য সংবাদমিমমদ্ভুতম্।
কেশবার্জ্জুনয়োঃ পুণ্যং হৃষ্যামি চ মুহুর্মুহুঃ ॥৭৬॥

রত্নের প্রভা কখনও ঝিক্ মিক্ করে কখনও রত্নে লীন হইয়া যায়। সঞ্জয় কথা বলিতে বলিতে সেইভাবে ডুবিয়া যাইতেছিলেন। হিমালয়ের সরোবর চন্দ্রোদয়ে স্ফটিকের ন্যায় স্বচ্ছ ও কঠিন হয়, সূর্য্যোদয়ে জলরূপ ধারণ করে। সঞ্জয়ও মাঝে মাঝে দেহ বিস্মৃত হইয়া কৃষ্ণার্জ্জুন সংবাদ স্মরণ রসে নিমগ্ন হইয়াছিলেন ॥ ৭৬ ॥

তচ্চ সংস্মৃত্য সংস্মৃত্য রূপমত্যদ্ভুতং হরেঃ।
বিস্ময়ো মে মহান্ রাজন্ হৃষ্যামি চ পুনঃ পুনঃ ॥৭৭॥

সঞ্জয় বলিলেন—রাজন্, শ্রীভগবানের বিশ্বরূপ দর্শন করিয়া

আপনি কিভাবে চুপ করিয়া থাকেন ? ইচ্ছাপূর্ব্বক না দেখিলেও পরিদৃশ্যমান—অভাব রূপেও বর্ত্তমান—বিস্মৃত হইলেও অবিস্মৃত বস্তুকে কিভাবে পরিহার করিবেন উহার দর্শনে বিস্মৃত হইয়া থাকিবারও উপায় নাই। কেন না আনন্দ আসিয়া সকলই ভাসাইয়া লইয়া যায়। সঞ্জয় কৃষ্ণার্জ্জুন মিলন-প্রয়াগে স্নান পূর্ব্বক অহংতা ত্যাগ করিলেন। আনন্দরসে নিমগ্ন হইয়া রুদ্ধ-কণ্ঠে বারংবার "কৃষ্ণ কৃষ্ণ" নাম উচ্চারণ করিতে লাগিলেন। ধৃতরাষ্ট্র তাঁহার অবস্থা বুঝিলেন না। রাজা কত কি কল্পনা করিতেছিলেন। ইত্যবসরে সঞ্জয় স্থির হইয়া সাত্ত্বিক অহংকার পরিত্যাগ করিলেন। যথোপযুক্ত বিষয়ে প্রশ্ন না করিয়া রাজা বলিলেন—সঞ্জয়, তুমি এ কি বলিলে ? শ্রীব্যাস দেব তোমাকে যুদ্ধের কথা জানাইবার জন্য নিযুক্ত করিয়াছিলেন। তুমি মাঝখানে অপ্রাসঙ্গিক কি কথা বলিলে ? বন্য জীবকে রাজ অট্টালিকায় স্থান দিলে সে চারিদিক শূন্য মনে করে। নিশাচর দিনান্তেই দিন মনে করে। বিষয়ের মহত্ত্ব অনভিজ্ঞতায় ভয়ের বলিয়া মনে হয়। ধৃতরাষ্ট্র নৃপতি সমীপেও শ্রীকৃষ্ণার্জ্জুন সংবাদ অপ্রাসঙ্গিক। রাজা পুনরায় বলিলেন—বল দেখি, এই কুরুক্ষেত্র যুদ্ধে পরিশেষে জয় হইবে কোন্ পক্ষের ? আমার মনে হয় দুর্য্যোধনই অধিক প্রতাপশালী। পাণ্ডব সেনা হইতে তাহার সৈন্য বলও অধিকতর, তাহারই জয় হইবে না কি ? আমারও এই মনে হয়। এখন তুমি ভবিষ্যৎ কি দেখিতেছ—তাহা যথাযথ বর্ণনা কর ॥৭৭॥

যত্র যোগেশ্বরঃ কৃষ্ণো যত্র পার্থো ধনুর্দ্ধরঃ।
তত্র শ্রীর্বিজয়ো ভূতিধ্রুবা নীতির্মতির্মম ॥ ৭৮ ॥

সঞ্জয় বলিলেন—কাহার জয় হইবে কিরূপে বলিব?—জীবনান্তেও জীবনারম্ভ। চন্দ্রেই চন্দ্রালোক, শঙ্করের সমীপেই পার্ব্বতী ও সাধুর সমাজেই বিবেকের স্থান। রাজার সান্নিধ্যে সেনা, সৌজন্যে মিত্রতা এবং অগ্নিতে দাহিকা শক্তি থাকিবেই। দয়াগুণে ধর্ম্ম, ধর্ম্মে সুখ, সুখেই পুরুষোত্তমের আবাস। বসন্তেই বনশোভা, বনশোভায় কুসুমবিকাশ, প্রস্ফুটিত কুসুমেই ভ্রমর গুঞ্জন। যেখানে গুরু সেখানেই জ্ঞান। জ্ঞানেই আত্মদর্শন। আত্মানুভব ভিন্ন সমাধান অসম্ভব। সৌভাগ্যোদয়ে সুখভোগ। সুখেই আনন্দ এবং সূর্য্যেই প্রকাশ অবস্থান করে। হে রাজন্, পুরুষার্থ চূড়ামণি শ্রীকৃষ্ণের সমীপেই শ্রীলক্ষ্মীও অবস্থান করেন। জগন্মাতা শ্রীলক্ষ্মীর সেবার নিমিত্ত অণিমাদি সিদ্ধিগণও দাসীত্ব অঙ্গীকার পূর্ব্বক সেখানেই বাস করেন। শ্রীকৃষ্ণ স্বয়ং বিজয়-স্বরূপ। তিনি যে দিকে আছেন সেই পক্ষেরই জয় সুনিশ্চিত। অর্জ্জুনও বিজয় নামে প্রসিদ্ধ আর শ্রীকৃষ্ণ বিজয় লক্ষ্মীর সহিত আছেন, অতএব বিজয়ও তাহাদেরই সমীপে বর্ত্তমান! যাহাদের পিতামাতা এইরূপ প্রভাবসম্পন্ন সেই দেশের সাধারণ বৃক্ষ কল্প-বৃক্ষকেও পরাজিত করে। সেখানকার প্রস্তর চিন্তামণি, ভূমি স্বর্ণময়, নদীতে অমৃতপ্রবাহ ইহাতে আর আশ্চর্য্য কি? মহারাজ, বিচার করিয়া দেখুন, যাহার মুখে উচ্চারিত শব্দমাত্র বেদ তিনি

মূৰ্ত্তিমান সচ্চিদানন্দ নয় কি? অর্থাৎ শ্রীকৃষ্ণ ও শ্রীলক্ষ্মী যাহার পিতামাতা মোক্ষ ও স্বর্গ তাহার অধীন। শ্রীকৃষ্ণ যে পক্ষাবলম্বন করিয়াছেন সেই দিকেই সিদ্ধিগণ স্বতঃ আশ্রয় গ্রহণ করে। অধিক আর জানিনা। সমুদ্রে জন্ম হইলেও মেঘই অধিকতর উপযোগী। শ্রীকৃষ্ণ ও অর্জ্জুন সম্বন্ধেও সেই কথা। লোহকে স্বর্ণে পরিণত করিতে গুরু স্পর্শমণি—তবে লৌকিক ব্যবহারে স্বর্ণেরই বিশেষ প্রয়োজন। ইহা হইতে মনে করিও না গুরুত্ব অপ্রয়োজনীয়। দীপরূপে অগ্নি নিজেকেই প্রকাশিত করে। শ্রীকৃষ্ণ শক্তিতেই অর্জ্জুন, শ্রীকৃষ্ণ হইতেও অধিকতর মহিমান্বিতরূপে অনুভূত হয়েন। অর্জ্জুনের প্রশংসায় শ্রীকৃষ্ণ মহিমাই বর্ণিত হয়। পুত্র সর্ব্বগুণসম্পন্ন ও আমাপেক্ষা অধিকতর বড় হউক, পিতা এইরূপ ইচ্ছা করেন। শ্রীকৃষ্ণের এই ইচ্ছা সফল হইয়াছে। হে নৃপ, শ্রীকৃষ্ণ কৃপায় অর্জ্জুন পরিপূর্ণ। অর্জ্জুন পক্ষেই জয় ইহাতে আর সন্দেহ কি? তাহার বিজয় না হইলে বিজয়ত্ব বৃথা। শ্রীলক্ষ্মীর সমীপেই সম্পত্তিমান, অর্জ্জুনের সমীপেই সম্পূর্ণ বিজয় এবং অভ্যুদয়। ব্যাসের বাক্য সত্য মানিলে এই কথা নিশ্চয় জানিবেন। শ্রীপতি শ্রীকৃষ্ণান্তিকেই ভক্তসমূহ, সুখ ও কল্যাণ। ব্যাসশিষ্যবাক্য অন্যথা হইতে পারে না! সঞ্জয় বাহু তুলিয়া এই ভাবে বলিলেন এবং মহাভারতের সার একটি শ্লোকে সম্পূটিত করিয়া ধৃতরাষ্ট্রকে দিলেন। অগ্নি যতই থাকুক না সূর্য্যের অনুপস্থিতি পূর্ণ করিতে উহা প্রদীপের অগ্রভাগকে আশ্রয় করে। অনন্ত বেদ সপাদলক্ষ শ্লোকাত্মক মহাভারতে

প্রকাশিত হইয়াছে, আর মহাভারতের যথাসর্ব্বস্ব এই সপ্তশত শ্লোকাত্মক গীতায় স্থান পাইয়াছে। সেই সপ্তশত শ্লোকের অভিপ্রায় এই অন্তিম শ্লোকে প্রতিষ্ঠিত। ব্যাসশিষ্য সঞ্জয়ের পূর্ণোদ্গার এই শ্লোক। এই একটি শ্লোক তাৎপর্য্য সম্পন্ন হইলে অবিদ্যা পরাভূত হইবে। সপ্তশত শ্লোক যেন এই শ্লোক-রাজের পদ অথবা ইহা গীতা গগনের পরমামৃত বর্ষণ।। পরমাত্মার সভা—গীতামণ্ডপের স্তম্ভ এই শ্লোক। মনে হয়, মোহ মহিষাসুর, আর গীতা দেবী মহিষাসুর মর্দ্দিনী। সপ্তশত শ্লোক পূজার মন্ত্র। এই শ্লোক মোহাসুর বধের পর দেবীর আনন্দপ্রকাশক ধ্বনি। কায়মনোবাক্যে ইহার সেবায় স্বানন্দ-রাজ্য লাভ হয়। শ্রীকৃষ্ণ অন্ধকার বিনাশক সূর্য্যের পরাজয়কারী অবিদ্যাহরণকারী গীতা শ্লোক সূর্য্যের প্রকাশ করিয়াছেন। সংসার পথে পথিকের বিশ্রান্তির হেতু গীতা শ্লোকাক্ষর দ্রাক্ষা-লতার মণ্ডপ। শ্রীকৃষ্ণ সরোবরে গীতাশ্লোক কমল বিকাশে মধুকরস্বরূপ ভাগ্যবান্ সাধুগণ সর্ব্বদা উহার সেবা করেন। এই অন্ত্যশ্লোক ভাটের ন্যায় গীতা মহিমা বর্ণনা করেন। নিখিল শাস্ত্র গীতা-নগরে এই শ্লোকময় রমণীয় গৃহে বাস করিবার নিমিত্ত সমাগত হইয়াছেন। গীতা প্রাণপতি পরমাত্মাকে আলিঙ্গনের নিমিত্ত এই শ্লোক বাহু প্রসারিত করিয়াছেন। (এই শ্লোক গীতা কমলের ভৃঙ্গ, গীতা সমুদ্রের তরঙ্গ, গীতা রথের অশ্ব।) অর্জ্জুনরূপ অর্দ্ধোদয় যোগে শ্লোকাত্মক তীর্থসমূহ গীতা-গঙ্গায় মিলিত হইয়াছেন। (এই শ্লোক চিন্তারহিতের চিন্তামণি অথবা নির্বিকল্পের

কল্পবৃক্ষ।) সপ্তশত শ্লোকের একটির পর একটি অধিকতর মহিমাময়। কোন্‌টি রাখিয়া কোন্‌টির মহিমা বলি কামধেনুকে দুগ্ধবতী অথবা অন্যথা বলা যায় না। (প্রদীপের সম্মুখ পশ্চাৎ নাই। সূর্য্যের ছোট বড় নাই। অমৃত সমুদ্র গভীর কি অগভীর ইহার বিচার অনর্থক।) গীতা শ্লোকেও এইটি আদি ঐটি অন্ত বলার প্রয়োজন নাই। পারিজাত কুসুমের নতুন পুরাতন নাই। অমুক শ্লোক অতুলনীয় এরূপ বলিবার প্রয়োজন কি? এখানে বাচ্য ও বাচকের ভেদ নাই। সকলেই জানে এই শাস্ত্রে শ্রীকৃষ্ণই বাচ্য আর তিনিই বাচক। বাচ্য বাচকতার একতা সিদ্ধি এই শাস্ত্রেই প্রতিপাদিত হইয়াছে। অতএব আমার সমর্থনের বিষয় আর কিছুই বাকী নাই। (গীতা শ্রীকৃষ্ণের বাঙ্‌ময়ী মূর্ত্তি।) শাস্ত্র বাচ্যসম্বন্ধে তাৎপর্য্য প্রকাশে ফলবান হইলে শাস্ত্রত্ব আর থাকে না। গীতা সেরূপ শাস্ত্র নয়। ইনি সাক্ষাৎ পরব্রহ্মস্বরূপ। অর্জ্জুনের নিমিত্ত রচনা করিয়া শ্রীকৃষ্ণ এই মহানন্দ সমগ্র জগতের সুলভ করিয়াছেন। কলাবান চন্দ্র শুধু চকোরের নয় সন্তপ্ত ত্রিলোককেই শান্তি দান করে। শঙ্কর গৌতমের ব্যপদেশে কলিতাপদগ্ধ জীবের নিমিত্ত গঙ্গাকে প্রবাহিত করিয়াছেন। সেইরূপ শ্রীকৃষ্ণ-গাভী অর্জ্জুনকে বৎস-রূপে গীতা দুগ্ধ দান করিয়া উহা সর্ব্বজগতের নিমিত্ত রাখিয়াছেন। জীব ভাবে গীতামৃতে অবগাহনে তদ্রূপতা লাভ, আর পাঠের ছলায় রসনায় যোগমাত্র ব্রহ্মভাবের সৃষ্টি হইবে। স্পর্শমণি একাংশে যোগ হইলেই লৌহ স্বর্ণ হয়, রসনাতে গীতা সংযোগ

মাত্রও সর্ব্ব শরীর ব্রহ্মভাবে পূর্ণ হইবে। কর্ণে প্রবেশ মাত্র কুটিলেরও ফলোদয় হইবে। কেননা সম্পত্তিমান্ দাতা কাহাকেও দিব না, এই কথা বলে না। শ্রবণ, পাঠ বা ব্যাখ্যা করিলে গীতা সকলকেই ফলদান করেন। গীতারই সেবা কর্ত্তব্য। অন্য শাস্ত্রে কি প্রয়োজন? শ্রীকৃষ্ণার্জ্জুন সংবাদ ব্যাসদেব সাধারণের গ্রহণযোগ্য করিয়াছেন। প্রীতিপূর্ব্বক মাতা বালককে নিজ হাতে খাওয়াইলে খুব ভাল হয় না কি? পক্ষ নির্ম্মাণ করিয়া চতুর লোক বায়ুকেও নিজের অধীন করিয়া লইয়াছে, সেইরূপ শব্দের অগম্য বেদকে শ্রীব্যাসদেব অনুষ্টুপ্ ছন্দে রচিত করিয়া স্ত্রীশূদ্রাদির বুদ্ধিগোচর করিয়াছেন। স্বাতী নক্ষত্রে মুক্তার সৃষ্টি না হইলে স্ত্রীলোকের অলঙ্কারের শোভা বৃদ্ধি করিত কে? নাদব্রহ্ম প্রকাশিত না হইলে কিরূপে আমি উহাকে বুঝিতাম? কুসুম বিকাশ না হইলে সুগন্ধ পাওয়া যায় না। পক্কান্ন মধুর না হইলে রসনার তৃপ্তি হয় না। দর্পণ না হইলে নেত্র নিজেকে দেখিতে পারে না। নিরাকার সাকার না হইলে, শ্রীগুরু রূপ অঙ্গীকার না করিলে, কিরূপে সেবা গ্রহণ সম্ভব হইত? অনন্ত বেদ সপ্তশত শ্লোকাত্মক না হইলে উহার তাৎপর্য্য কি ভাবে সংসারে গৃহীত হইত? মেঘ সমুদ্রের জল সংগ্রহ করিলে লোক উহারই দিকে চাহিয়া থাকে, নতুবা অপরিমিত সমুদ্রকে কি ভাবে নিজের কাজে পাইবে? মনোরম শ্লোক না হইলে বাক্যের অগোচর বস্তুতে আমার শ্রবণ সুখ উৎপাদন করা অসম্ভব। শ্রীকৃষ্ণ বাক্যকে গ্রন্থাকার প্রদানে ব্যাসের কৃপাই প্রকাশিত

হইয়াছে। শ্রীব্যাসের পদাবলম্বনে আমি উহা মারাঠী ভাষায় শ্রবণযোগ্য করিলাম। ব্যাসের বুদ্ধিও শঙ্কিত ভাবে বিচরণ করে এরূপ গভীর বিষয়ে দীন আমিও কিছু বলিলাম। ভরসা এই যে, গীতাময় ঈশ্বর বড়ই ভোলা। ব্যাসোক্তি কুসুমমালিকা ধারণ করিয়াও তিনি আমার দুর্ব্বাঙ্কুর গ্রহণে কুণ্ঠিত হইবেন না। ক্ষীরসমুদ্র তীরে বৃহৎকায় গজরাজ জলপানের নিমিত্ত সমাগত হয় বলিয়া ক্ষুদ্রাতিক্ষুদ্র মীনকে নিষেধ নাই। যে আকাশে গরুড় বিচরণ করে নবোদগত পক্ষ—ক্ষুদ্র পক্ষী উড়িতে না পারিলেও সেই আকাশই তাহার আশ্রয়। রাজহংসের গতি অতীব প্রশংসনীয় তাহা বলিয়া অপরে কি চলিবে না? কলসীতে প্রচুর জল ধরে অঞ্জলিতে তাহার অনুপাতেই অল্প জল ধরে। মশাল খুব বেশী আলোক দিলেও ক্ষুদ্র দীপ তাহার নিজের অনুরূপ আলোক দেয়। আকাশ সমুদ্রে সমুদ্রের ন্যায় বিস্তৃত ভাবে প্রতিবিম্বিত হয়—ডাবরে ক্ষুদ্র রূপেই প্রতিচ্ছবি পড়ে। অতএব ব্যাসাদি মহাজ্ঞানী এই গ্রন্থ বিচার করিয়াছেন বলিয়া ক্ষুদ্রাতিক্ষুদ্র আমি উহা হইতে বিরত হইব একথা যুক্তিযুক্ত নয়। সমুদ্রে মন্দরাচলের ন্যায় বৃহৎকায় জলজন্তু বাস করে আবার ক্ষুদ্র মৎস্যও বাস করে। সূর্য্যের সমীপে অরুণ, সে সূর্য্যকে দেখে বলিয়া পৃথিবীস্থিত ক্ষুদ্র পিপীলিকা তাহাকে দেখে না কি? অনুচিত কথায় কাজ নাই, আমি সাধারণ লোকের নিমিত্ত ভাষায় গীতার্থ প্রকাশ করিয়াছি। পিতার পদানুসরণ করিলে পুত্র কেন চলিতে অক্ষম হইবে? ব্যাসের

অনুসরণে শ্রীশঙ্করাচার্য্যের পথ জিজ্ঞাসা করিতে করিতে অযোগ্য হইলেও অভীষ্ট স্থলে যাইতে সমর্থ হইব। কাহার ক্ষমাগুণে স্থাবর জঙ্গমাত্মক পদার্থ নিচয় ধারণ করিয়া পৃথিবী অবিচলিত? কাহার অঙ্গজ্যোতিতে সূর্য্য অন্ধকার দূর করে? সমুদ্রে জল, জলে মধুর আস্বাদ, মধুর মধুরতা, পবনের বল, আকাশের বিস্তার, জ্ঞানের প্রকাশ ও শ্রেষ্ঠত্ব, বেদের বাক্‌শক্তি, সুখের উল্লাস, জগতের সৃষ্টি কাহার শক্তিতে? সকলের পরমোপকারী বান্ধব সদ্‌গুরু সমর্থপ্রভু শ্রীনিবৃত্তিনাথ আমার হৃদয়ে প্রবেশ করিয়া সমস্ত কর্ম্ম করাইয়াছেন। ইহাতেই মারাঠী ভাষায় গীতা বলিতে আমি প্রবৃত্ত হইয়াছি।

শ্রীগুরু নাম স্মরণপূর্ব্বক পর্ব্বতের উপর বালক একলব্য মৃণ্ময় মূর্ত্তি নির্ম্মাণ করিয়া ত্রিলোকে কীর্ত্তি স্থাপন করিয়াছেন। চন্দন স্পর্শে সাধারণ বৃক্ষও চন্দনের যোগ্যতা লাভ করে। বশিষ্ঠের আশ্রয়ে তাহার তেজঃ সূর্য্য হইতেও অধিক। আমিত সচেতন, শ্রীগুরুও দৃষ্টিমাত্র কৃতার্থ করেন। দৃষ্টি নির্দ্দোষ আর তাহার উপর সূর্য্যালোক থাকিলে কোন্ বস্তু অদৃশ্য থাকে? তাঁহার কৃপায় আমার শ্বাসোচ্ছ্বাসও নব প্রবন্ধরূপে পরিণত হইতে পারে। জ্ঞানদেব বলেন—শ্রীগুরুকৃপায় সকলই সম্ভব। মৎকৃত ভাষায় বিরচিত গীতার্থ প্রেমের সহিত সঙ্গীতরূপে গান করা যায়, তবে গায়কের অপেক্ষা করে বলিয়া উহাকে অপূর্ণ মনে করিবেন না—শুধু পড়িয়া গেলেও গীতার মাধুর্য্যে মগ্ন হইবেন। সুন্দর অঙ্গ অলংকার ভিন্নই শোভা পায়, অলঙ্কৃত

করিলে অধিকতর শোভা ত সুনিশ্চিত। মুক্তামণি স্বর্ণকে শোভিত করে স্বতন্ত্রও উহা পরম সুন্দর। বসন্ত সমাগমে গুম্ফিত হউক আর নাই হউক কুসুমের সুগন্ধ কিছু ন্যূন হয় না। ওবী ছন্দে রচিত এই গীতা ব্যাখ্যাও সঙ্গীতে অথবা শুধু পাঠে আনন্দ দান করিবে। ইহাতে ছোট বড় সকলের উপযোগী করিয়া ব্রহ্মরসে সুস্বাদু অক্ষর ওবীছন্দে গ্রথিত করা হইয়াছে। চন্দনের কুসুমোদ্গম অপেক্ষা বৃক্ষই সুগন্ধ। শ্রবণেই এই প্রবন্ধ সমাধি সুখ দেয়, ব্যাখ্যা ত দূরের কথা। ইহার পাঠে যে আনন্দ তাহার সমীপে অমৃতও তুচ্ছ। কবিত্বের বিশ্রান্তি ইহার শ্রবণ, মনন ও নিদিধ্যাসনকে পরাজিত করিয়াছে। সকলেই ইহাদ্বারা আনন্দ পাইবে, শ্রবণমাত্র ইন্দ্রিয় পরিতৃপ্ত হইবে। চন্দ্রালোক উপভোগে চকোরের প্রসিদ্ধি হইলেও সকলেই উহা ভোগ করে। সেইরূপ অধিকারী ব্যক্তি এই অধ্যাত্মশাস্ত্রদ্বারা আন্তরিক সুখলাভ করিলেও বাক্‌চাতুর্য্যে সাধারণ লোকও সুখে বঞ্চিত হইবে না।

শ্রীনিবৃত্তিনাথের মহিমাই এইরূপ। এই গ্রন্থ তাহারই কৃপা বৈভব। ক্ষীর সমুদ্র তীরে শ্রীশঙ্কর পার্ব্বতীর কর্ণে কোন্ দিন উপদেশে দিয়াছিলেন, উহা ক্ষীরসমুদ্রে মীনের গর্ভস্থ মৎস্যেন্দ্রনাথ শ্রবণ করিয়াছিলেন। সপ্তশৃঙ্গ পর্ব্বতের উপর পঙ্গু চৌরঙ্গীনাথের সহিত সেই মৎস্যেন্দ্রনাথের দেখা হইলে চৌরঙ্গীনাথ তাহার উপদেশে পূর্ণাঙ্গ হইলেন। তদনন্তর অচল সমাধি লাভের ইচ্ছা হইলে মৎস্যেন্দ্রনাথ গোরক্ষনাথকে সেই উপদেশ দান করেন। যোগ কমলের সরোবর—বিষয়াবেশ

বিধ্বংসকারী সর্ব্বেশ্বর শঙ্কর তৎপর গুরুপদে অভিষিক্ত হন। শ্রীশঙ্কর হইতে প্রাপ্ত অদ্বৈতানন্দ শ্রীগৈনীনাথ সম্পূর্ণরূপে প্রকাশ করেন। কলিহত জীবের দুর্দ্দশা দেখিয়া তিনি ছুটিয়া আসিয়া শ্রীনিবৃত্তিনাথকে আদেশ করিলেন—আদি গুরু শঙ্কর হইতে শিষ্য-পরম্পরায় আমি যে জ্ঞাননিধি লাভ করিয়াছি, তুমি উহা লইয়া ছুটিয়া যাও এবং কলির গ্রাস হইতে জীবগণকে রক্ষা কর। প্রথম হইতে শ্রীনিবৃত্তিনাথ কৃপালু তদুপরি শ্রীগুরু আজ্ঞায় তিনি বর্ষার মেঘের ন্যায় হইলেন। দুঃখীজনের প্রেমে গীতার্থবর্ণন ব্যপদেশে তিনি যে শান্তরস বর্ষণ করিয়াছেন, উহাই এই গ্রন্থ। চাতকের ন্যায় বসিয়াছিলাম, উহাতেই আমি কীর্ত্তিলাভ করিয়াছি। আমার প্রভু গুরু পরম্পরা প্রাপ্ত সমাধি সম্পদ্ এই গ্রন্থের মধ্য দিয়া আমাকে উপদেশ করিয়াছেন। আমিত কোথাও শিক্ষা করি নাই বা পড়াশুনাও করি নাই, গুরুসেবাও জানি না; এমতাবস্থায় গ্রন্থ রচনা কিরূপে সম্ভব? তবে ইহা সত্য যে, শ্রীগুরুদেব আমাকে উপলক্ষ্য করিয়া এই গ্রন্থদ্বারে সংসারের রক্ষা করিয়াছেন। পুরোহিতের ন্যায় আমি আপনাদের সম্মুখে অল্পবিস্তর যাহা বলিয়াছি সেই ধৃষ্টতার জন্য মাতৃসদৃশ সাধুগণের সমীপে ক্ষমা প্রার্থনা করি।

বাক্য-বিন্যাস, সিদ্ধান্ত স্থাপন ও অলঙ্কার রহস্য, কিছুই আমি জানি না। গুরু সূত্রধারণ করিয়া কাঠের পুতুল আমাকে নৃত্য করাইয়াছেন। তিনিই এই গ্রন্থের আদ্যন্ত বলাইয়াছেন, এই নিমিত্ত আমি গ্রন্থের দোষ-গুণ সম্বন্ধে অধিক ক্ষমা চাহিব

না। সাধুগণের সভায় সকলেই সমাদর লাভ করে। এই গ্রন্থে অপূর্ণতা থাকিলে আপনাদের গুণে নিশ্চয় পূর্ণতা লাভ করিবে। তাহা যদি না হয়, আমি আপনাদের প্রতি সপ্রেম ক্রোধ করিব। স্পর্শমণি সংযোগে লৌহত্ব না ছুটিলে দোষ কাহার ?—গঙ্গায় মিলিয়া গঙ্গাত্ব লাভ না করিলে নালাকে দোষ দেওয়া যায় না। বহুভাগ্যে সাধুগণের পদপ্রান্তে মিলিত হইয়াছি, আমার কাছে দুর্লভ কি ? আমার প্রভুর কৃপায় আপনাদের সহিত মিলন। ইহাতে আমি কৃতার্থ হইয়াছি। সর্ব্বসাধন সিদ্ধ স্থান আপনাদের কৃপায় গ্রন্থরচনার প্রবল আকাঙ্ক্ষা পূর্ণ হইয়াছে। ধরণীকে স্বর্ণমণ্ডিত করা, চিন্তামণির পর্ব্বত সৃষ্টি, সমুদ্র অমৃত পূর্ণ করা, নক্ষত্রকে চন্দ্রে পরিণত করা, কল্পবৃক্ষের উদ্যান রচনা, কিছু কঠিন নয়, কিন্তু গীতার্থ প্রকাশ অতীব দুরূহ। সর্ব্বপ্রকারে পঙ্গু হইলেও সাধারণের বোধগম্য ভাষায় আমি এই গ্রন্থসাগর বর্ণনায় সমর্থ হইয়া সুকীর্ত্তির বিজয় পতাকা ধারণ করিয়াছি। প্রাকার কলসযুক্ত গীতার্থ মন্দিরে শ্রীগুরুমূর্ত্তির অর্চ্চনা করিয়াছি গীতামাতাকে। ভুলিয়া যে শিশু বৃথা নিদ্রিত ছিল তাহার নিদ্রাভঙ্গে মাতার দর্শন লাভ হইয়াছে। এ সকলই আপনাদের কৃপায়। শুধু সাধু-কৃপার প্রতি দৃষ্টি রাখিয়া আমি বর্ণনা করিয়াছি। আপনাদের অপরিসীম দয়া। এই গ্রন্থসিদ্ধির আনন্দ দানে আপনারা আমার জন্ম সাফল্য মণ্ডিত করিয়াছেন। আশানুরূপ ফলে আমাকে অত্যন্ত সুখী করিয়াছেন। হে গুরো ! আমার নিমিত্ত দ্বিতীয় সৃষ্টি এই গ্রন্থ প্রকাশ করিয়া বিশ্বামিত্রের

সৃষ্টিকেও পরাজিত করিয়াছেন। বিশ্বামিত্রের সৃষ্টি বিনাশশীল, উহা এক ত্রিশঙ্কুর নিমিত্ত রচিত এবং ব্রহ্মার ন্যূনতা খ্যাপনের নিমিত্ত। এই গ্রন্থ সেরূপ নয়। উপমন্যুর প্রতি কৃপা করিয়া শঙ্কর ক্ষীর সমুদ্র রচনা করেন, উহাও তুলনার অযোগ্য ; যেহেতু উহার গর্ভে বিষ থাকে। অন্ধকার দূর করিয়া সূর্য্য ইহার তুলনার যোগ্য হইত, কিন্তু তাহারও উষ্ণতা দোষ। জ্যোৎস্না বিতরণে জগতে শান্তি দান করিলেও চন্দ্রের কলঙ্ক আছে। অতএব সাধুগণের কৃপায় প্রকাশিত এই গ্রন্থ নিরুপম। এই গ্রন্থ সাধুরই মহিমা, আমি আপনাদের সেবক মাত্র। এখন বিশ্বরূপ শ্রীগুরুদেব এই বাগ্‌যজ্ঞে সন্তুষ্ট হইয়া আমাকে প্রসাদ দান করুন। দুষ্ট লোকের কুটিলতা দূর হউক এবং সৎকর্ম্মে প্রীতি হউক। প্রাণিগণের পরস্পর আন্তরিক মিত্রতা স্থাপিত হউক। পাপ অন্ধকার দূর হইয়া সংসারে স্বধর্ম্মাচরণ সূর্য্যোদয় হউক। প্রাণিমাত্রের বাসনা পূর্ণ হউক। সদামঙ্গলবর্ষী ভগবদ্ভক্ত জনগণের সমাগম হউক। ইঁহারা সচল কল্পবৃক্ষ, জীবন্ত চিন্তামণির ধাম, অমৃত-সুখের সমুদ্র, অকলঙ্ক চন্দ্র ও তাপরহিত সূর্য্যসম সাধুগণের সহিত অচ্ছেদ্য সম্বন্ধ থাকুক। ত্রিলোকে নিখিল জীব সর্ব্বপ্রকার সুখে পূর্ণতা লাভ করিয়া পরম পুরুষের অখণ্ড ভজন করুক। এই গ্রন্থ যাহাদের জীবন সর্ব্বস্ব তাহারা ইহলোক পরলোকে সুখ প্রাপ্ত হউন।

ইহা শ্রবণে শ্রীগুরু বলিলেন—"তোমার অভিলাষ পূর্ণ

হইবে, পূর্ব্বোক্ত প্রসাদ দান করা হইবে।" জ্ঞানদেব তখন অত্যন্ত সুখী হইলেন।

কলিযুগে মহারাষ্ট্র দেশে গোদাবরীর দক্ষিণ তীরে পরম পবিত্র পঞ্চক্রোশ ক্ষেত্র আছে। সেইস্থানে জগৎজীবনস্বরূপ শ্রীমোহিনীরাজ বিরাজিত। যাদবকুলভূষণ, নিখিল কলা-নিপুণ, ন্যায়াবতার শ্রীরামচন্দ্র নামে নরপতি। সেইস্থানে শ্রীশঙ্কর পরম্পরায় উৎপন্ন শ্রীনিবৃত্তিনাথের শিষ্য জ্ঞানদেব শ্রীগীতাকে মারাঠী ভাষার অলঙ্কার ধারণ করাইয়াছে। নিবৃত্তিদাস জ্ঞানদাস বলেন—মহাভারত নগরে প্রসিদ্ধ ভীষ্ম পর্ব্বে বর্ণিত শ্রীকৃষ্ণার্জ্জুন সংবাদ উপনিষদের সার—সর্ব্বশাস্ত্রের আকর—পরমহংসগণের সেবোপযোগী সরোবর। পরবর্ত্তীকালে প্রাণিগণ এই গ্রন্থের পুণ্যসম্পদে সর্ব্বপ্রকারে সুখী হউক। এই ব্যাখ্যা ১২৭২ শকাব্দায় জ্ঞানেশ্বর রচনা করে এবং সচ্চিদানন্দ উহা লিপিবদ্ধ করে ॥৭৮॥

ইতি শ্রীজ্ঞানদেব কৃত ভাবার্থ দীপিকায়াং

অষ্টাদশোঽধ্যায়ঃ ॥

একনাথ কৃত জ্ঞানেশ্বরীর সংশোধন স্মৃতি

১৫০৬ শকাব্দায় তারণ নাম বৎসরে জনার্দ্দন মহারাজের শিষ্য একনাথ জ্ঞানেশ্বরীর সংশোধন করে। গ্রন্থ প্রথম হইতে শুদ্ধ ছিল, তবে পাঠভেদে ক্রমশঃ উহা অবোধ্য হইয়া উঠে। একনাথ উহারই সংশোধন করে। জ্ঞানেশ্বরকে নমস্কার। তাঁহার গ্রন্থ পাঠে অতিভাবুক ব্যক্তিও জ্ঞানলাভ করে। এই

ভাদ্র মাস কপিলা ষষ্ঠীর উত্তম পর্ব্বদিনে গোদাবরী তীরস্থ পৈঠান গ্রামে এই লিখন কার্য্য সমাপ্ত হইল। ভাষায় ওবীছন্দে কবিতা রচনা করিয়া জ্ঞানেশ্বরীর পাঠ মিলাইতে চেষ্টা করিলে উহা অমৃতের থালায় তুচ্ছ খাদ্য দেওয়া হইবে।

অথ শ্রীমদ্ভগবদ্গীতাপাঠক্রমঃ

ওঁ অস্য শ্রীমদ্ভগবদ্গীতা-মালামন্ত্রস্য শ্রীভগবান্ বেদব্যাসঋষিরনুষ্টুপ্ ছন্দঃ শ্রীকৃষ্ণঃ পরমাত্মা দেবতা "অশোচ্যানন্বশোচস্ত্বং প্রজ্ঞাবাদাংশ্চ ভাষসে" ইতি বীজম্। "সর্ব্বধর্ম্মান্ পরিত্যজ্য মামেকং শরণং ব্রজ" ইতি শক্তিঃ। "অহং ত্বাং সর্ব্বপাপেভ্যো মোক্ষয়িষ্যামি মা শুচঃ" ইতি কীলকম্। শ্রীকৃষ্ণপ্রীত্যর্থপাঠে বিনিয়োগঃ।

"নৈনং ছিন্দন্তি শস্ত্রাণি নৈনং দহতি পাবকঃ" ইতি হৃদয়ায় নমঃ। "ন চৈনং ক্লেদয়ন্ত্যাপো ন শোষয়তি মারুতঃ" ইতি শিরসে স্বাহা। "অচ্ছেদ্যোঽয়মদাহ্যোঽয়মক্লেদ্যোঽশোষ্য এব চ" ইতি শিখায়ৈ বষট্। "নিত্যঃ সর্ব্বগতঃ স্থাণুরচলোঽয়ং সনাতনঃ" ইতি কবচায় হুং। "পশ্য মে পার্থ রূপাণি শতশোঽথ সহস্রশঃ ইতি নেত্রত্রয়ায় বৌষট্।" "নানাবিধানি দিব্যানি নানাবর্ণাকৃতীনি চ" ইতি করতলপৃষ্ঠাভ্যামস্ত্রায় ফট্। ইতি অঙ্গন্যাসঃ।

"নৈনং ছিন্দন্তি শস্ত্রাণি নৈনং দহতি পাবকঃ" ইত্যঙ্গুষ্ঠাভ্যাং নমঃ। "ন চৈনং ক্লেদয়ন্ত্যাপো ন শোষয়তি মারুতঃ" ইতি তর্জ্জনীভ্যাং স্বাহা। "অচ্ছেদ্যোঽয়মদাহ্যোঽয়মক্লেদ্যোঽশোষ্য এব চ" ইতি মধ্যমাভ্যাং বষট্। "নিত্যঃ সর্ব্বগতঃ স্থাণুরচলোঽয়ং সনাতনঃ" ইত্যনামিকাভ্যাং হুং। "পশ্য মে পার্থ রূপাণি শতশোঽথ সহস্রশঃ" ইতি কনিষ্ঠাভ্যাং বৌষট্। "নানাবিধানি দিব্যানি নানাবর্ণাকৃতীনি চ" ইতি করতলপৃষ্ঠাভ্যাং অস্ত্রায় ফট্ ইতি করন্যাসঃ।

মঙ্গলাচরণম্

ওঁ পার্থায় প্রতিবোধিতাং ভগবতা নারায়ণেন স্বয়ং,
ব্যাসেন গ্রথিতাং পুরাণমুনিনা মধ্যে মহাভারতে।
অদ্বৈতামৃতবর্ষিণীং ভগবতীমষ্টাদশাধ্যায়িনী-
মম্ব! ত্বামনুসন্দধামি ভগবদ্গীতে ভবদ্বেষিণীম্॥ ১
বাগীশাদ্যাঃ সুমনসঃ সর্ব্বার্থানামুপক্রমে।
যং নত্বা কৃতকৃত্যাঃ স্যুস্তং নমামি গজাননম্॥ ২
নমোঽস্তু তে ব্যাস বিশালবুদ্ধে ফুল্লারবিন্দায়তপদ্মনেত্র।
যেন ত্বয়া ভারততৈলপূর্ণঃ, প্রজ্বালিতো জ্ঞানময়ঃ প্রদীপঃ॥
প্রপন্নপারিজাতায় তোত্রবেত্রৈকপাণয়ে,
জ্ঞানমুদ্রায় কৃষ্ণায় গীতামৃতদুহে নমঃ॥ ৪
সর্ব্বোপনিষদো গাবো দোগ্ধা গোপালনন্দনঃ।
পার্থো বৎসঃ সুধীর্ভোক্তা দুগ্ধং গীতামৃতং মহৎ॥ ৫
বসুদেবসুতং দেবং কংসচাণূর মর্দ্দনম্।
দেবকীপরমানন্দং কৃষ্ণং বন্দে জগদ্গুরুম্॥ ৬
ভীষ্মদ্রোণতটা জয়দ্রথজলা গান্ধারনীলোৎপলা,
শল্যগ্রাহবতী কৃপেণ বহনী কর্ণেন বেলাকুলা।
অশ্বত্থামবিকর্ণ-ঘোরমকরা দুর্য্যোধনাবর্ত্তিনী,
সোত্তীর্ণা খলু পাণ্ডবৈ রণনদী কৈবর্ত্তকঃ কেশবঃ॥ ৭
পারাশর্য্যবচঃ সরোজমমলং গীতার্থগন্ধোৎকটং,
নানাখ্যানককেশরং হরিকথাসম্বোধনাবোধিতম্।
লোকে সজ্জনষট্পদৈরহরহঃ পেপীয়মানং মুদা,
ভূয়াদ্ভারতপঙ্কজং কলিমলপ্রধ্বংসি নঃ শ্রেয়সে॥ ৮

মূকং করোতি বাচালং পঙ্গুং লঙ্ঘয়তে গিরিম্ ।
যৎকৃপা তমহং বন্দে পরমানন্দমাধবম্ ॥ ৯
যং ব্রহ্মা বরুণেন্দ্ররুদ্রমরুতস্তুন্বন্তি দিব্যৈঃ স্তবৈ-
র্বেদৈঃ সাঙ্গপদক্রমোপনিষদৈর্গায়ন্তি যং সামগাঃ ।
ধ্যানাবস্থিততদ্গতেন মনসা পশ্যন্তি যং যোগিনো,
যস্যান্তং ন বিদুঃ সুরাসুরগণা দেবায় তস্মৈ নমঃ ॥ ১০
নমো ধর্ম্মায় মহতে নমঃ কৃষ্ণায় বেধসে ।
ব্রাহ্মণেভ্যো নমস্কৃত্য ধর্ম্মান্ বক্ষ্যে সনাতনম্ ॥ ১১
নারায়ণং নমস্কৃত্য নরঞ্চৈব নরোত্তমম্ ।
দেবীং সরস্বতীঞ্চৈব ততো জয়মুদীরয়েৎ ॥ ১২

শ্রীশ্রীগীতা মাহাত্ম্য

ওঁ নমো ভগবতে বাসুদেবায়

ধরোবাচ

ভগবন্ পরমেশান ভক্তিরব্যভিচারিণী ।
প্রারব্ধং ভুজ্যমানস্য কথং ভবতি হে প্রভো ॥ ১

শ্রীবিষ্ণুরুবাচ

প্রারব্ধং ভুজ্যমানো হি গীতাভ্যাসরতঃ সদা ।
স মুক্তঃ স সুখী লোকে কর্মণা নোপলিপ্যতে ॥ ২
মহাপাপাতিপাপানি গীতাধ্যানং করোতি চেৎ ।
ক্বচিৎ স্পর্শং ন কুর্বন্তি নলিনীদলমম্বুবৎ ॥ ৩
গীতায়াঃ পুস্তকং যত্র যত্র পাঠঃ প্রবর্ত্ততে ।
তত্র সর্বাণি তীর্থাণি প্রয়াগাদীনি তত্র বৈ ॥ ৪

গীতা মাহাত্ম্য

সর্বে দেবাশ্চ ঋষয়ো যোগিনঃ পন্নগাশ্চ যে ।
গোপালা গোপিকা বাপি নারদোদ্ধব পার্ষদৈঃ ॥
সহায়ো জায়তে শীঘ্রং যত্র গীতা প্রবর্ত্ততে ॥ ৫
যত্র গীতাবিচারশ্চ পঠনং পাঠনং শ্রুতম্ ।
তত্রাহং নিশ্চিতং পৃথ্বি নিবসামি সদৈব হি ॥ ৬
গীতাশ্রয়েঽহং তিষ্ঠামি গীতা মে চোত্তমং গৃহম্ ।
গীতাজ্ঞানমুপাশ্রিত্য ত্রীন্ লোকান্ পালয়াম্যহম্ ॥ ৭
গীতা মে পরমাবিদ্যা ব্রহ্মপরা ন সংশয়ঃ ।
অর্ধমাত্রাক্ষরা নিত্যা সাঽনির্বাচ্যপদাত্মিকা ॥ ৮
চিদানন্দেন কৃষ্ণেন প্রোক্তা স্বমুখতোঽর্জুনম্ ।
বেদত্রয়ী পরানন্দা তত্ত্বার্থজ্ঞানসংযুতা ॥ ৯
যোঽষ্টাদশ জপেন্নিত্যং নরো নিশ্চলমানসঃ ।
জ্ঞানসিদ্ধিং স লভতে ততো যাতি পরং পদম্ ॥ ১০
পাঠেঽসমর্থঃ সম্পূর্ণে ততোঽর্ধং পাঠমাচরেৎ ।
তদাগোদানজং পুণ্যং লভতে নাত্র সংশয়ঃ ॥ ১১
ত্রিভাগং পঠমানস্তু গঙ্গাস্নানফলং লভেৎ ।
ষড়ংশং জপমানস্তু সোমযাগফলং লভেৎ ॥ ১২
একাধ্যায়স্তু যো নিত্যং পঠতে ভক্তিসংযুতঃ ।
রুদ্রলোকমবাপ্নোতি গণো ভূত্বা বসেচ্চিরম্ ॥ ১৩
অধ্যায়মেকপাদং বা নিত্যং যঃ পঠতে নরঃ ।
স যাতি নরতাং যাবন্মন্বন্তরং বসুন্ধরে ॥ ১৪
গীতায়াঃ শ্লোকদশকং সপ্তপঞ্চ চতুষ্টয়ম্ ।
দ্বৌ ত্রীনেকং তদর্ধং বা শ্লোকানাং যঃ পঠেন্নর ॥ ১৫

চন্দ্রলোকমবাপ্নোতি বর্ষাণামযুতং ধ্রুবম্ ।
গীতাপাঠসমাযুক্তো মৃতো মানুষতাং ব্রজেৎ ॥ ১৬
গীতাভ্যাসং পুনঃ কৃত্বা লভতে মুক্তিমুত্তমাম্ ।
গীতেত্যুচ্চারসংযুক্তো ম্রিয়মাণো গতিং লভেৎ ॥ ১৭
গীতার্থশ্রবণাসক্তো মহাপাপযুতোঽপি বা ।
বৈকুণ্ঠং সমবাপ্নোতি বিষ্ণুনা সহ মোদতে ॥ ১৮
গীতার্থং ধ্যায়তে নিত্যং কৃত্বা কর্মাণি ভূরিশঃ ।
জীবন্মুক্তঃ স বিজ্ঞেয়ো দেহান্তে পরমং পদমং ॥ ১৯
গীতামাশ্রিত্য বহবো ভূভুজো জনকাদয়ঃ ।
নির্ধুতকল্মষা লোকে গীতা যাতাঃ পরং পদম্ ॥ ২০
গীতায়াঃ পঠনং কৃত্বা মাহাত্ম্যং নৈব যঃ পঠেৎ ।
বৃথা পাঠো ভবেৎ তস্য শ্রম এব হ্যুদাহৃতঃ ॥ ২১
এতন্মাহাত্ম্যসংযুক্তং গীতাভ্যাসং করোতি যঃ ।
স তৎ ফলমবাপ্নোতি দুর্লভাং গতিমাপ্নুয়াৎ ॥ ২২

সূতউবাচ

মাহাত্ম্যমেতদ্ গীতায়া ময়া প্রোক্তং সনাতনম্ ।
গীতান্তে চ পঠেদ্ যস্তু তদুক্তং তৎ ফলং লভেৎ ॥ ২৩

ইতি বরাহপুরাণোক্ত শ্রীমদ্ভগবদ্গীতামাহাত্ম্যং

সম্পূর্ণম্ ।